কোর্স লিডার হচ্ছেন কোর্সের প্রধান ব্যক্তি (Key person)। কোর্সের ভালো মন্দ এবং স্বার্থকতা-ব্যর্থতার সমুদয় দায়িত্ব কোর্স লিডারের। কোর্সের আবাসন ব্যবস্থা, খাদ্য ব্যবস্থা, পরিকল্পনা, প্রশিক্ষকদের ভূমিকা, কাউন্সিলরদের কার্যাবলী, সময় ব্যবস্থাপনাসহ সমুদয়বিষয়ের উপর কোর্স লিডারের নজর রাখতে হয়। প্রশিক্ষণ কোর্স সুষ্ঠু ও সুন্দরভাবে আয়োজন করা, অংশগ্রহণকারীদেরকে স্কাউটিং সম্পর্কে আগ্রাহান্বিত করা তথা কোর্সের সফল বাস্তবায়নে কোর্স লিডারের ভূমিকাই মুখ্য। তাঁর সকল করণীয় লিপিবদ্ধ করা সম্ভব নয়, তবুও নিচে কোর্স লিডারের একটি কর্ম তালিকা দেয়া হল। কোর্স লিডার নিজের মেধা ও প্রজ্ঞা দিয়ে কোর্স স্বার্থক করে তোলার লক্ষ্যে তাঁর করণীয় নির্ধারণ করে নেবেন।

## ২. দায়িত্ব

কোর্স লিডার তাঁর কাজের জন্য জাতীয় কমিশনার (প্রশিক্ষণ) অথবা সংশ্লিষ্ট আঞ্চলিক উপ - কমিশনার (প্রশিক্ষণ) এর নিকট দায়ী। প্রশিক্ষণ কোর্সের স্টাফ এবং অংশগ্রহণকারীরা কোর্স লিডারের নির্দেশ/পরামর্শ মোতাবেক কাজ করবেন।

## ৩. সম্পর্ক

প্রশিক্ষণ কোর্সের অভ্যন্তরে কাউন্সিলর, প্রশিক্ষক, কোয়ার্টার মাস্টার ও অন্যান্য স্টাফ এর সাথে তাঁকে সু- সম্পর্ক বজায় রাখতে হয় এবং তাদেরকে দিয়ে প্রত্যাশিত কাজ করিয়ে নিতে হয়। স্থানীয় প্রশাসন, এলাকাস্থ যুব সংগঠন এবং অন্যান্য প্রতিষ্ঠান যারা প্রশিক্ষণ কোর্সের সরঞ্জাম, অর্থ, আবাসিক ব্যবস্থা, প্রচার, খাদ্য ও পরামর্শ প্রদান করে থাকেন তাদের সাথে প্রয়োজনীয় ও ঘনিষ্ট সম্পর্ক বজায় রাখা উচিত।

## ৪. কাজের সার সংক্ষেপ

বাংলাদেশ স্কাউটসের আদর্শ ও লক্ষ্য এবং প্রশিক্ষণ নীতিমালার সাথে সংগতিপূর্ণ প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন, সংগঠন ও বাস্তবায়ন।

### ৪.১. প্রধান করণীয় কাজ:

#### ৪.১.১ কোর্সের পূর্বে:

- ❖ প্রশিক্ষণ চাহিদা নিরূপণ।
- ❖ প্রয়োজনবোধে প্রশিক্ষণের স্থান, তারিখ, সময় ও ব্যয় নির্ধারণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান বা মতামত প্রদান।
- ❖ যথাযথ সময়ে প্রশিক্ষণ কোর্সের তারিখ, সময়, স্থান, কোর্স-ফি, যাতায়াত ব্যবস্থা, ব্যক্তিগত জিনিসপত্র ও সরঞ্জামাদির তালিকা ইত্যাদি প্রয়োজনীয় তথ্য সম্বলিত বিজ্ঞপ্তি বা সার্কুলার অংশগ্রহণকারীর কাছে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট পাঠানো হয়েছে কিনা তার খোঁজ নেয়া।
- ❖ কাউন্সিলর, প্রশিক্ষক, কোয়ার্টার মাস্টার ও সাপোর্ট স্টাফ মনোনয়নে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনবোধে পরামর্শ প্রদান ও এ বিষয়ে খোঁজ নেয়া।
- ❖ কোর্সের স্টাফদের একদিন পূর্বে একত্রিত করা, কোর্সের উদ্দেশ্য ও লক্ষ্য অবহিত করা, কর্ম পরিকল্পনা ও সেশন পরিকল্পনা তৈরি এবং দায়িত্ব বন্টন।
- ❖ সিলেবাস বহির্ভূত কোন বিষয় সন্নিবেশ করতে চাইলে জাতীয় কমিশনার (প্রশিক্ষণ) বা অঞ্চলিক উপ– কমিশনার (প্রশিক্ষণ) এর অনুমোদন গ্রহণ।
- ❖ ভিজুয়্যাল এইড এবং হ্যান্ড আউট তৈরিতে কোর্স স্টাফদের সহায়তা করা।
- ❖ নিজস্ব সেশন তৈরি এবং কোর্স লিডারের পক্ষ থেকে অংশগ্রহণকারী ও কোর্স স্টাফদের জন্য নির্দেশাবলী তৈরি।
- ❖ বাসস্থান, পানি, পয়ঃনিস্কাশন, খাদ্য ও প্রশিক্ষণ সরঞ্জামের ব্যবস্থা।
- ❖ বিশেষ বক্তাকে আমন্ত্রণ জানানো।

- প্রশিক্ষণ এলাকা উপযোগী করা।
- আয়োজনকারী কর্তৃপক্ষ ও কোর্স স্টাফদের সমন্বয়ে সভা করা।
- প্রশিক্ষক এবং কাউন্সিলরগণকে প্রশিক্ষণার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও স্কাউট অভিজ্ঞতাসহ বিস্তারিত তথ্য প্রদান।

**৪.১.২ কোর্স চলাকালীন**

- অংশগ্রহণকারীদের অভ্যর্থনা জ্ঞাপন এবং উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা।
- প্রশিক্ষণ কোর্সের উদ্দেশ্য ও লক্ষ্য নিরূপণ করা।
- প্রশিক্ষণ কোর্সের নেতৃত্ব প্রদান, জ্ঞান এবং দক্ষতার আদান প্রদানের পরিবেশ গড়ে তোলা।
- সকালের পিটি থেকে আরম্ভ করে সকল কর্মকাণ্ডে সকল কোর্স স্টাফ ও অংশগ্রহণকারীদের উপস্থিতি নিশ্চিত করা।
- নিয়মিত স্টাফ মিটিংয়ের মাধ্যমে কোর্স স্টাফের নেতৃত্ব প্রদান ও সমন্বয় সাধনসহ কাজের মূল্যায়ন।
- নিজস্ব সেশনসমূহ পরিচালনা।
- কোর্সে স্টাফদের ও প্রয়োজনবোধে অংশগ্রহণকারীদের সহযোগিতা ও পরামর্শ প্রদান।
- নতুন প্রশিক্ষণ চাহিদা নিরূপণ ও প্রয়োজনবোধে কোর্সে প্রোগ্রাম পরিবর্তন করা।
- প্রয়োজনীয় সরঞ্জামের সরবরাহ নিশ্চত করা।
- প্রয়োজনে সকল সমস্যা সমাধানকারীর ভূমিকা পালন।
- অতিথি ও বিশেষ বক্তাদের অভ্যর্থনা ও আপ্যায়ন করা এবং বিদায় অভিনন্দন জানানো।
- বিভিন্ন ধর্মাবলম্বী তাদের নিজ নিজ ধর্মীয় কাজ যাতে সম্পাদন করতে পারেন তার ব্যবস্থা করা।
- কোর্সের বিভিন্ন তত্ত্ব ও তথ্যের সার- সংক্ষেপ তৈরি করা।
- কোর্স এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা।
- কোর্সের ব্যয় তদারকির জন্য কোয়ার্টার মাস্টারসহ তিনজন স্টাফকে দায়িত্ব প্রদান এবং প্রতিদিন স্টাফ মিটিং-এ ব্যয় সংক্রান্ত তথ্য পর্যালোচনা।
- বেসিক কোর্স শেষে ইন-সার্ভিস চলাকালে ৪ (চার) টি এসাইনমেন্ট সম্পর্কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।
- অংশগ্রণকারীদের সার্টিফিকেট, ছাড়পত্র এবং গৃহীত অর্থের রসিদ প্রদান।

**৪.১.৩ কোর্স শেষে**

- কোর্স স্টাফের সাথে মূল্যায়ন সভা করা।
- অংশগ্রহণকারীদের মূল্যায়ন প্রতিবেদন একত্রিত করে ফেরত প্রদান।
- বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠান থেকে গৃহীত সরঞ্জামাদি ফেরত প্রদান।
- প্রশিক্ষণের ব্যয় চূড়ান্ত করা ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ব্যয়ের হিসাব প্রদান।
- পরবর্তী কোর্সের জন্য কোন সুপারিশ থাকলে তা জাতীয় কমিশনার (প্রশিক্ষণ) অথবা অঞ্চলিক উপ - কমিশনার (প্রশিক্ষণ) এর নিকট প্রেরণ।
- কোর্স স্টাফ, অতিথি, আয়োজনকারী কর্তৃপক্ষ, অংশগ্রহণকারীগণের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে ধন্যবাদ সূচক পত্র প্রদান।
- সংশ্লিষ্ট উপজেলা/ জেলা স্কাউটস কমিশনারকে শিক্ষার্থীর কার্যক্রম সম্পর্কে অবহিত করা।

## ৫.০ কোর্স পরিচালনা

**৫.১.** কোর্স পরিচালনার সার্বিক দায়িত্ব কোর্স লিডারের। উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা নিয়োগপ্রাপ্ত কোর্স লিডার কোর্স শুরু হওয়ার অন্ততঃ একদিন পূর্বে কোর্স ভেন্যুতে উপস্থিত হবেন এবং শেষ মুহূর্তের ব্যবস্থাপনা ও প্রয়োজনীয় উপকরণসমূহ পরীক্ষা করে সন্তুষ্ট হওয়ার পর কোর্স শুরু করবেন। তিনি কোর্সের সকল স্টাফ, কোয়ার্টার মাস্টার ও সংশ্লিষ্ট সাপোর্ট স্টাফ নিয়ে ক্যাম্প বৈঠক করে সবকিছুর প্রস্তুতি সম্পন্ন করাবেন। সাধারণ নিয়মে কোর্স লিডার কোর্স শুরুর কমপক্ষ একমাস পূর্বে সকল স্টাফের নিকট কোর্স মেটেরিয়াল ও নির্দেশিকা পাঠাবেন। তিনি কোর্স পূর্ব স্টাফ মিটিং করে সকলের মতামত জানবেন ও অন্যান্য প্রয়োজনীয় ব্যাখ্যা দেবেন। কোর্স পরিচালনায় কোর্স লিডারের সিদ্ধান্তই চূড়ান্ত।

**৫.২.** যতদূর সম্ভব উন্মুক্ত প্রাকৃতিক পরিবেশে তাঁবুবাসের মাধ্যমে সকল প্রকার ইউনিট লিডার প্রশিক্ষণ কোর্স বা অনুরূপ কোর্সসমূহ পরিচালিত হবে। তাঁবু সংগ্রহ না করা গেলে শিক্ষার্থীগণ ঘরে থাকতে পারেন। তবে উম্মুক্ত প্রাকৃতিক পরিবেশ বজায় রাখতে হবে যাতে মুক্তাঙ্গণের কাজের সুবিধা অবশ্যই থাকে। শিক্ষার্থীদের সংখ্যা ও প্রয়োজন মত উপদলে বিভক্ত করে স্কাউট পদ্ধতিতে প্রশিক্ষণ দিতে হবে। সাধারণ নিয়ম শিক্ষার্থীগণ উপদল ভিত্তিতে রান্না করে খাবেন।

**৫.৩** প্রশিক্ষণ চলাকালীন সঠিক পোশাক পরিধানের উপর গুরুত্ব দিতে হবে। খেয়াল রাখতে হবে যাতে কোর্স চলাকালে শিক্ষার্থীদের মধ্য শৃঙ্খলা, নিয়মানুবর্তিতা ও কর্মতৎপরতা ক্রমান্বয়ে উন্নতি লাভ করে। যথাযথ যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষক দল থাকলে এবং থাকা খাওয়া ও প্রশিক্ষকদের পৃথক স্থানের ব্যবস্থা থাকলে একসময়ে একই স্থানে দুটি কোর্স করা যাবে। বেসিক কোর্সের সাথে আয়োজিত অনাবাসিক রিফ্রেশার্স কোর্সের জন্য অতিরিক্ত দু'জন প্রশিক্ষক নিয়োগ করতে হবে। কমিশনার, সম্পাদক ও গ্রুপ সভাপতিদের জন্য আয়োজিত প্রশিক্ষণ কোর্সে ঘরে থাকা এবং রান্না করা খাবার সরবরাহের ব্যবস্থা করা যাবে।

## ৬.০ কোর্স রিপোর্ট

প্রশিক্ষণ সমাপ্ত হবার পরপরই কোর্স এলাকায় কোর্স লিডার সংশ্লিষ্ট সকলকে নিয়ে মূল্যায়ন সভা করবেন। উক্ত সভায় কোর্সের মান, প্রশিক্ষকদের কার্যক্রম, কোর্স ব্যবস্থাপনা, প্রশিক্ষণার্থীদের কার্যক্রম, কোর্সের ব্যয় ইত্যাদি বিষয়ে আলোচনা হবে। প্রশিক্ষণ কোর্স সমাপ্তির এক সপ্তাহের মধ্যে নির্ধারিত ফরমে কোর্স লিডার বিস্তারিত বিবরণ, ফলাফল ও মূল্যায়ন প্রতিবেদনসহ অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট রিপোর্ট দাখিল করবেন। আঞ্চলিক স্কাউটস যদি অনুমোদনকারী কর্তৃপক্ষ হয় তবে কোর্স লিডারের নিকট থেকে প্রাপ্ত প্রতিবেদন আঞ্চলিক স্কাউটস সত্বর জাতীয় কার্যালয়ে পাঠাবে। কোর্স লিডার কোর্স স্টাফদের গোপনীয় প্রতিবেদন সরাসরি জাতীয় কার্যালয়ে প্রেরণ করবেন। আঞ্চলিক স্কাউটস অনুমোদনকারী কর্তৃপক্ষ হলে গোপনীয় প্রতিবেদনের এক কপি আঞ্চলিক উপ - কমিশনার (প্রশিক্ষণ) বরাবরে প্রেরণ করতে হবে।

## ৭.০ সার্টিফিকেট ও রেজিস্ট্রেশন

প্রশিক্ষণার্থীদের কোর্স শেষে সার্টিফিকেট প্রদান করা হয়। সার্টিফিকেট প্রদান ও সংরক্ষণ পদ্ধতি নিম্নে দেয়া হলোঃ

ক. সকল শাখার বেসিক কোর্সের সার্টিফিকেট কোর্স লিডার ও আঞ্চলিক উপ- কমিশনার প্রশিক্ষণ) এর যৌথ স্বাক্ষরে দেয়া হবে। আঞ্চলিক কার্যালয় ঐসব কোর্সের নথি ও রেজিস্টার সংরক্ষণ করবে।

খ. সকল শাখার অ্যাডভান্সড কোর্সের সার্টিফিকেট কোর্স লিডার ও জাতীয় কমিশনার (প্রশিক্ষণ) অথবা তার মনোনীত কোন কর্মকর্তার যৌথ স্বাক্ষরে দেয়া হবে। জাতীয় কার্যালয় ও আঞ্চলিক কার্যালয় সব কোর্সের নথিও রেজিস্টার সংরক্ষণ করবে।

গ. কমিশনার, সম্পাাদক, জেলা/ উপজেলা স্কাউট লিডার, জেলা/ উপজেলা কাব লিডার, গ্রুপ স্কাউট লিডার, গ্রুপ সভাপতি ও অন্যান্য স্কাউটারদের কোর্সের সার্টিফিকেট জাতীয় কার্যালয়ের পক্ষ থেকে কোর্স লিডার প্রদান করবেন। জাতীয় ও আঞ্চলিক কার্যালয়ের এসব কোর্সের রেজিস্টার ও নথি সংরক্ষণ করবে।

ঘ. উডব্যাজ পার্চমেন্ট এবং ট্রেনারদের সম্মানীয় দায়িত্বপত্রে জাতীয় কমিশনার (প্রশিক্ষণ) ও প্রধান জাতীয় কমিশনার স্বাক্ষর করবেন ও জাতীয় কার্যালয়ের রেজিস্টার সংরক্ষণ করবে। আঞ্চলিক কার্যালয়ও এর রেজিস্টার রাখতে হবে।

## ৮.০. মূল্যায়ন

কোন কোর্সে প্রশিক্ষকগণ কি প্রশিক্ষণ দিচ্ছেন এবং তা প্রশিক্ষণার্থীদের জন্য যথাযথ হয়েছে কিনা তা যাচাই হওয়া প্রয়োজন। প্রশিক্ষণার্থী কোন বিষয় যদি অনুধাবন করতে বা কোন দক্ষতা অর্জনে সক্ষম না হন তবে তিনি সুষ্ঠভাবে দল পরিচালনা করতে পারেন না। যদিও এ বিষয়ে কাউন্সিলর পরিপূরক ভূমিকা পালন করেন তবুও হয়ত প্রশিক্ষণ পদ্ধতি বা বিষয় উপস্থাপনায় দুর্বলতার জন্য অনেক বিষয়ে প্রশিক্ষণার্থী স্পষ্ট ধারণা পান না। প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষক উভয়ের কল্যাণে উক্ত ত্রুটি সত্বর সনাক্ত হওয়া প্রয়োজন। সেজন্য শুধূমাত্র কোর্সের শেষে মূল্যায়ন করলে তেমন সুফল পাওয়া যায় না তাই দু'ভাবে কোর্সের মূল্যায়ন করা হবে: (১) প্রতিদিন (২) কোর্স শেষে।

### ৮.১। প্রতিদিন

নির্ধারিত ছকে প্রশিক্ষণার্থীগণ বিষয়বস্তু, সময়, প্রশিক্ষক, পদ্ধতি ইত্যাদির উপর প্রতিদিন মূল্যায়ন করবেন। কোর্স লিডার প্রতিদিনের মূল্যায়নের বিষয় স্টাফ মিটিংয়ে আলোচনা করবেন। প্রয়োজনবোধে ব্যক্তি বিশেষের সমস্যা সমাধানের জন্য বিষয়টি কাউন্সেলরের দৃষ্টিতে আনবেন যাতে তারা কাউন্সেলিংয়ের সময় বিষয়টি আলোচনা করতে পারেন।

মূল্যায়নের আলোকে প্রয়োজনবোধে কোর্স লিডার পরবর্তী দিনের কোর্স রুটিন বা বিষয়বস্তু পরিবর্তন করবেন। প্রতিদিনের মূল্যায়নের আলোকে সংশ্লিষ্ট প্রশিক্ষক প্রয়োজনবোধে সেশন প্লানে পরিবর্তন আনবেন। সর্বোপরি প্রতিদিনের মূল্যায়ন প্রতিবেদন একটি কোর্সকে সফল করে তুলতে সহায়ক ভূমিকা পালন করে। প্রতিদিনের মূল্যায়ন ছকের ভিত্তিতে কোর্স লিডার প্রশিক্ষকদের গোপনীয় প্রতিবেদন তৈরি করবেন। কাউন্সিলরগণ সংশ্লিষ্ট উপদলের সদস্যদের সম্পর্কে প্রতিদিন একটি প্রতিবেদন দাখিল করবেন।

প্রতিদিন বিকেলে বা রাতে একটা সময় বের করে বিভিন্ন গ্রুপে তত্ত্বীয় ব্যবহারিক বিষয়সমূহের অনুশীলন করা যেতে পারে। সংশ্লিষ্ট বিষয়ে যার জ্ঞান ও দক্ষতা কম অর্জিত হয়েছে তাকে সহায়তা করার জন্য আলাদাভাবে একজনকে দায়িত্ব দেয়া যেতে পারে। এ বিষয়ে এ সময়ের বাইরেও কাউন্সিলরগণ সহায়তা করতে পারেন।

### ৮.২ কোর্স শেষে

কোর্স শেষে অংশগ্রহণকারীগণ নির্ধারিত মূল্যায়ন ছক পূরণ করে কোর্সের ব্যবস্থাপনা, আবাসিক ব্যবস্থা, খাদ্য, পানি সরবরাহ, আলো, স্বাস্থ্যরক্ষা, প্রশিক্ষক ও কাউন্সিলরদের আচার আচরণ, তাঁদের ভালো লাগা মন্দ লাগার বিষয়ে এবং কোন পরামর্শ থাকলে মতামত দেবেন। কোর্স লিডার উক্ত মূল্যায়ন ফরম একত্রিত করে একটি প্রতিবেদন কোর্স রিপোর্টের সাথে পাঠাবেন।

**৮.৩** কোর্স সমাপ্তির পূর্বে অংশগ্রহণকারীদের জ্ঞানের পরিধি বেড়েছে কিনা এবং প্রশিক্ষণ কোর্সে তারা বিভিন্ন বিষয় কতটা অনুধাবন ও রপ্ত করতে পেরেছেন তার লিখিত বা মৌখিক মূল্যায়ন করা হয়। কাউন্সিলরগণ সংশ্লিষ্ট উপদলের সদস্যদের দৈনন্দিন কাজকর্ম, আচার আচরণ এবং সাফল্য ও ব্যর্থতার প্রতিদিনের রেকর্ড রাখেন। সমাপ্তি দিবসে উভয় মূল্যায়নের ভিত্তিতে স্টাফ মিটিংয়ে খোলামেলা আলোচনার মাধ্যমে প্রশিক্ষণার্থীদের চূড়ান্ত মূল্যায়ন করা হয়। এই একত্রিকৃত ফলাফল কোর্স রিপোর্টের সাথে পাঠাতে হয়।

**৮.৪** একটি কোর্সের সফলতা ও ব্যর্থতা, প্রশিক্ষকদের উদ্বুদ্ধকরণ সবকিছুই নির্ভর করে কোর্স লিডারের কোর্স পরিচালনার উপর। একজন কোর্স লিডার কেবলমাত্র প্রশিক্ষণার্থীদের মানোন্নয়নের জন্য কাজ করেন না। তিনি কাউন্সিলরদের স্কিল বৃদ্ধি করে তাঁদেরকে ভবিষ্যতে কোর্স লিডার উপযোগী করে গড়ে তোলার ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। একজন কোর্স লিডারের দায়- দায়িত্ব, কর্তব্য, তাঁর কর্মপরিধি সবকিছুই তাঁর মেধা, আগ্রহ ও ইতিবাচক মনোভাব থেকেই উৎসারিত হয়। এখানে একজন কোর্স লিডারের কোর্সের প্রথম দিন থেকে শেষ দিন পর্যন্ত ধারাবাহিক কার্যাবলী বর্ণনা করা হলো। একজন কোর্স লিডার অবশ্যই এর চেয়ে উন্নত পদ্ধতিতে কর্ম পরিকল্পনা বাস্তবায়ন করবেন। নীচের নমুনাটি তার জন্য বিশেষ সহায়ক হতে পারে।

### ৮.৫ প্রথম দিন

উদ্বোধনী অনুষ্ঠানে যোগদানের আগেই অনুষ্ঠানের উপস্থাপনা, পরিচালনা পদ্ধতি সম্পর্কে সম্যক ধারণা গ্রহণ করবেন। উদ্বোধনী অনুষ্ঠান যাতে ভাবগম্ভীর অথচ সংক্ষিপ্ত হয় সে বিষয়ে আগেই পরামর্শ দেবেন। উদ্বোধনী ভাষণে কোর্স লিডার হিসাবে সে এলাকায় কোর্স আয়োজনের প্রয়োজনীয়তা এবং পটভূমি ব্যাখ্যা করবেন কোর্স অনুমোদনকারী কর্তৃপক্ষ, বাংলাদেশ স্কাউটস এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাবেন। শিক্ষার্থীদের সাথে কোর্স স্টাফদের পরিচয় করিয়ে দিবেন এবং কোর্স পরিচালনা পদ্ধতি ও অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় সংক্ষিপ্তভাবে আলোকপাত করবেন। উদ্বোধনী অনুষ্ঠান শেষে বিরতির সময় ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সঙ্গে কথা বলবেন। সন্ধ্যার অধিবেশনে সকল স্টাফ নিয়ে যোগ দেবেন। সেশন শেষে বসবেন স্টাফ মিটিংয়ে। প্রথম দিনের স্টাফ মিটিং অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রথম দিনের স্টাফ মিটিংয়ে কোর্স পরিচালনা পদ্ধতি, স্টাফগণ কিভাবে সহযোগিতা করবেন, বা তিনি কোর্স পরিচালনা বিষয়ে স্টাফদের নিকট কি বিষয়ে কি ধরনের সহযোগিতা আশা করেন তা সেখানে আলোচনা করবেন। কোর্স শুরুর পূর্বে খাদ্য তালিকা অনুমোদন করা সম্ভব না হলে প্রথম দিনেই কোয়ার্টার মাস্টার কর্তৃক প্রণীত খাদ্য তালিকা প্রণয়ন করে দিবেন। কোর্সের আয় ব্যয়ের স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে কোয়ার্টার মাস্টারের হিসেবের কাজে সহযোগিতা এবং হিসাব পরীক্ষার জন্য দুই জন কোর্স স্টাফকে অডিটের দায়িত্ব দেবেন। কাউন্সিলর নিয়োগ চূড়ান্ত করবেন। আগামীদিনের জন্য সেশন ভাগ করবেন। প্রয়োজনীয় হ্যান্ড আউট পরীক্ষা করবেন। অতঃপর সকলের সহযোগিতা কামনা করে ধন্যবাদ জানিয়ে স্টাফ মিটিং শেষ করবেন। পুরো কোর্সের সেশন প্রথমদিনে স্টাফদের মধ্যে বন্টন করে দিতে পারলে ভালো হয়।

### ৮.৬ দ্বিতীয় দিন

প্রত্যুষে উঠে রুটিন মোতাবেক সকল কোর্স স্টাফ নিয়ে শরীরচর্চায় অংশগ্রহণ করবেন। কোর্স লিডার হিসেবে পতাকা উত্তোলন অনুষ্ঠানে তিনি বক্তব্য রাখতে পারেন- বিসমিল্লাহির রহমানির রহিম, আস্‌সালামু আলাইকুম। আল্লাহ্‌র অশেষ অনুগ্রহে আমরা

কোর্সের ২য় দিনের কার্যক্রম শুরু করতে যাচ্ছি। আমরা সবাই ভালো আছি, সে জন্য আল্লাহ্ পাকের দরবারে লাখো শুকরিয়া জানাই ইত্যাদি। এসব কথা বলার পর কোর্স লিডার ক্লাসরুমে/সেশনে অংশগ্রহণের ডিসিপ্লিন, উপদল চেতনা সম্পর্কে সংক্ষিপ্ত বক্তব্য রেখে কাউন্সেলরের নাম ঘোষণা করবেন এবং তাদের আবারও পরিচয় করিয়ে দেবেন। শেষে সকলের সহযোগিতা ও সু-স্বাস্থ্য কামনা করে বক্তব্য শেষ করবেন।

সেশন কক্ষে বা সেশনের জায়গায় সকল কোর্স স্টাফের উপস্থিতি নিশ্চিত করবেন। কাউন্সিলরগণ যাতে কোনক্রমেই অনুপস্থিত না থাকেন সেদিকে বিশেষ নজর রাখবেন। দিনের জন্য নির্ধারিত সেশন গ্রহণ করবেন। সেশন চলাকালীন সময়ে অন্যান্য স্টাফরা তখন দর্শক / শ্রোতার ভূমিকা পালন করবেন; সাধারণত কোনরকম হস্তক্ষেপ করবেন না। প্রয়োজনে নোট করে রাখবেন। রাতে স্টাফ মিটিংয়ে বসে সারাদিনের কার্যক্রম মূল্যায়ন করবেন। কাউন্সিলরদের মূল্যায়ন শিট প্রদান করবেন কোন পরামর্শ থাকলে প্রদান করবেন। সেশন মূল্যায়নে প্রয়োজনে মন্তব্য করবেন এবং উন্নয়নের জন্য পরামর্শ দেবেন। প্রতিদিন স্টাফ মিটিংয়ে কোয়ার্টার মাস্টার কর্তৃক ব্যয়কৃত এবং দু'জন কোর্স স্টাফ (অডিটর) কর্তৃক পরীক্ষিত হিসাব স্টাফ মিটিং এ পেশ করবেন। আগামীদিনের সেশন বন্টন করে স্টাফ মিটিং শেষ করবেন।

### ৮.৭ তৃতীয় দিন

আজকের পতাকা উত্তোলন অনুষ্ঠানে কোর্স লিডার প্রারম্ভিক বক্তব্যের সাথে গতদিনের কোর্স অবজারভেশন থাকলে তা করবেন। কোন উপদল সকালের পরিদর্শনে স্ট্যান্ডার্ড মান এ পৌঁছালো তাদের উৎসাহ দেবেন এবং অন্যদেরকে উৎসাহিত করবেন আগামীদিন যাতে তারা স্ট্যান্ডার্ড মার্ক-এ পৌঁছাতে পারেন। আজকের অনুষ্ঠানে গৌরব পতাকা দেয়ার সময় (যদি কেউ পায়) নিম্নোক্ত কথাগুলো বলতে পারেন। "আজকের পরিদর্শন রিপোর্ট অনুযায়ী প্রথমস্থান অধিকার করার জন্য আমার মাধ্যমে আপনার উপদলের সকল সদস্যকে আন্তরিক অভিনন্দন জানাই। এ গৌরব অক্ষুন্ন রাখার জন্য আপনারা চেষ্টা করবেন এই আশা ব্যক্ত করে আপনাকে গৌরব পতাকা অর্পণ করলাম"। সাবাস ইয়েল প্রদান ও ধন্যবাদ জ্ঞাপন করতে হবে।

### ৮.৮ এভাবে চতুর্থ ও পঞ্চম দিনের কার্যক্রম পরিচালিত হবে

পঞ্চমদিন রাতে অনুষ্ঠিত হবে মহাতাঁবু জলসা। মহাতাঁবু জলসায় কোর্স লিডার হিসেবে তিনি বক্তব্য রাখবেন। কোর্সের সাফল্য উল্লেখ করতে হবে যে, প্রশিক্ষণার্থীরা ফিরে গিয়ে দল খুলতে এবং পরিচালনা করতে সক্ষম হবেন। পরবর্তীতে তাঁরা কোথায় সহায়তা পাবেন এসব বিষয়ে প্রশাসনিক কর্মকর্তা এবং উপজেলা ও জেলা স্কাউট কর্মকর্তাগণ কি ভূমিকা রাখতে পারেন, সে বিষয়ে আলোকপাত করবেন এবং অঙ্গীকার (commitment) গ্রহণ করবেন। অনুষ্ঠান শেষে স্টাফ মিটিং-এ যাবতীয় কার্যক্রম মূল্যায়ন করবেন, ফলাফল তৈরি করবেন।

### ৮.৯ পঞ্চম দিনে সমাপনী অনুষ্ঠান কোর্স লিডার বলতে পারেন

প্রিয় স্কাউট লিডার বন্ধুগণ, আজ আমরা কোর্সের শেষ দিনে উপস্থিত হয়েছি। আশাকরি আপনারা যে প্রেরণা ও উৎসাহ নিয়ে কাজ করেছেন এবং ট্রেনিং এর মাধ্যমে যে অভিজ্ঞতা লাভ করেছেন ও কোর্স উপভোগ করেছেন, স্বীয় কর্মস্থলে ফিরে গিয়ে আপনাদের অনুসারী স্কাউটদের মধ্যে সেরূপ প্রেরণা ও উৎসাহ সঞ্চার করে তাদের ট্রেনিং দিতে সক্ষম হবেন। দেশ গড়তে চায় আদর্শ নাগরিক। আজ যারা শিশু কিশোর তারা আগামীদিনের নাগরিক। বাংলাদেশে শিশুদের জীবন আনন্দময় করা আমাদের দায়িত্ব। আমাদের মাধ্যমে শিশু কিশোরদের প্রতিভা বিকাশের সুযোগ করে দিতে হবে। স্কাউট কর্মসূচি বিশেষ সহায়ক ভূমিকা পালন করতে পারে। স্কাউটিং এর মাধ্যমে আমরা সহজেই শিশু কিশোরদের আদর্শ নাগরিক হিসাবে গড়ে তুলতে পারব। শিশু কিশোরদের আদর্শ নাগরিক তৈরি করার আন্দোলনে আপনারা এগিয়ে এসেছেন সেজন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। আসুন আমরা আমাদের প্রিয় মাতৃভূমিকে সোনার বাংলা হিসেবে গড়ে তুলতে সমস্ত শক্তি নিয়োগ করি।

## কাউন্সিলর-এর দায়িত্ব

ইউনিট লিডার বেসিক ও অ্যাডভান্সড্ কোর্সে প্রতিটি ষষ্ঠক/উপদলের জন্য একজন করে অভিজ্ঞ স্কাউটারকে কাউন্সিলর হিসেবে নিয়োগ করা হয়। তিনি সেশনের ফাঁকে ফাঁকে সংশ্লিষ্ট ষষ্ঠক/উপদলের সদস্যদের সাথে প্রশিক্ষণের বিভিন্ন বিষয়বস্তু এবং স্কাউটিং সংক্রান্ত অন্যান্য বিষয়াবলী আলোচনা করেন। এই অভিজ্ঞ স্কাউটারকে কাউন্সিলর এবং তার কার্যক্রমকে এক কথায় কাউন্সেলিং বলা হয়। কাউন্সিলর প্রশিক্ষণ কোর্স চলাকালীন একটি ষষ্ঠক/উপদলের সমুদয় কাজকর্মের সাথে জড়িত থাকেন এবং সংশ্লিষ্ট ষষ্ঠক/ উপদলের প্রতিটি সদস্যের সমস্যা ও চাহিদার সাথে আলাদা আলাদাভাবে নিজেকে সম্পৃক্ত করেন। সেজন্য প্রশিক্ষণ কোর্সে কাউন্সিলর অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যক্তি। সুষ্ঠু প্রশিক্ষণের স্বার্থে একজন কাউন্সিলরকে কোর্সের শুরু থেকে শেষ পর্যন্ত একই ষষ্ঠক/উপদলের দায়িত্ব দেয়া প্রয়োজন।

## কোয়াটার মাস্টার-এর দায়িত্ব

প্রশিক্ষণ কোর্সের খাওয়া দাওয়ার ব্যবস্থা, প্রশিক্ষণ উপকরণ সংগ্রহ ও বিতরণ এবং অর্থ গ্রহণ ও ব্যয়ের দায়িত্ব পালন করেন কোয়াটার মাস্টার। মনে রাখতে হবে যে কোয়াটার মাস্টারের দক্ষতা ও সময়ানুবর্তিতার ওপর প্রশিক্ষণ কোর্সের সাফল্য অনেকাংশে নির্ভর করে। কোয়াটার মাস্টারের দায়িত্ব নিম্নরূপঃ

১. প্রশিক্ষণ কোর্সের মূল বাজেটের আলোকে খাদ্য ও স্টেশনারিজসহ সকল খাতের তালিকা (বিস্তারিত বাজেট) তৈরি করে কোর্স লিডারের অনুমোদন গ্রহণ।

২. তিনি বাসস্থান, পানি, আলো, সেনিটেশন, স্বাস্থ্য বিধি এবং প্রশিক্ষণার্থীদের মধ্যে রান্নার সরঞ্জাম, দৈনন্দিন রেশন ও প্রশিক্ষণ সরঞ্জাম সরবরাহ করবেন- ক্যাম্প ফায়ারসহ অন্যান্য অনুষ্ঠানাদির আয়োজনে প্রয়োজনীয় সহায়তা করবেন।

৩. কোর্স লিডারকর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব সম্পাদন।

## কোর্স সেক্রেটারি-এর দায়িত্ব

কোর্সের শুরুতে কোর্স লিডার কোর্স স্টাফদের মধ্য থেকে একজনকে কোর্স সেক্রেটারির দায়িত্ব প্রদান করবেন। কোর্স সেক্রেটারিকে নিম্নলিখিত দায়িত্ব পালন করতে হয়:

১. অংশগ্রহণকারীদের রেজিস্ট্রেশন, রেজিস্টার সংরক্ষণ, সার্টিফিকেট, রিলিজ অর্ডার ও কোর্স রিপোর্ট তৈরি, হ্যান্ড আউট বা চার্ট তৈরিতে সহায়তা করা ও এতদসংক্রান্ত অন্যান্য সকল দায়িত্ব পালন করবেন।

২. কোর্সের জন্য প্রয়োজনীয় স্টেশনারি দ্রব্যাদি সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণ।

৩. কোর্স লিডার কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব সম্পাদন।

বি. দ্র. যিনি দক্ষ কোর্স সেক্রেটারি হবেন তিনিই একদিন দক্ষ কোর্স লিডার হতে পারবেন।

# আইস ব্রেকার্স
# (Ice Breakers)
## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : আইস ব্রেকার্স | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন-

১. আইস ব্রেকার্স কী তা ব্যাখ্যা করতে পারবেন।
২. আইস ব্রেকার্স -এর উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবেন।
৩. আইস ব্রেকার্স কখন কীভাবে ব্যবহার করতে হয় তা বলতে পারবেন।
৪. আইস ব্রেকার্স -এর প্রকারভেদ ব্যাখ্যা করতে পারবেন।
৫. বিভিন্ন ধরনের গেইম, কুইজ, কৌতুক বা অভিনয়ের মাধ্যমে আইস ব্রেকার্স -এর কার্যক্রম পরিচালনা করতে পারবেন।

**সূচিপত্র** (সারসংক্ষেপ)

১. আইস ব্রেকার্স কী
২. আইস ব্রেকার্স উদ্দেশ্য ও প্রয়োজনীতা
৩. আইস ব্রেকার্স -এর ব্যবহার
৪. আইস ব্রেকার্স -এর প্রকারভেদ

**বিষয়সূচির বিবরণ:** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

১. ভূমিকা
২. আইস ব্রেকার্স কী
৩. আইস ব্রেকার্স -এর উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা
৪. আইস ব্রেকার্স কখন এবং কীভাবে ব্যবহার করতে হয়
৫. আইস ব্রেকার্স -এর ব্যবহারিক
৬. সামিং আপ
৭. প্রশ্নোত্তর
৮. সমাপ্তি

**প্রশিক্ষণ পদ্ধতি:** ক. লেকচার; খ. ব্যবহারিক।

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ**

ল্যাপটপ, মাল্টিমিডিয়া, স্ক্রীন, লেজার পেন, পেনড্রাইভ, ব্লাক/ হোয়াইট বোর্ড, ম্যাগনেট, চক, ডাস্টার, পয়েন্টার, পোস্টার পেপার, মার্কার পেন, স্কেল, গেইম উপযোগী।

**ফলোআপ/অনুসরণ প্রক্রিয়া:** (সেশন পরবর্তী)

আইস ব্রেকার্স -এ অংশগ্রহণ।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# আইস ব্রেকার্স

প্রশিক্ষণ মানবসম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনার অন্যতম কাজ। যে প্রক্রিয়ার মাধ্যমে একটি প্রতিষ্ঠান পরিকল্পিত, সমন্বিত ও ধারাবাহিকভাবে মানবসম্পদের পেশাগত জ্ঞান, দক্ষতা এবং মনোভাবের উন্নয়ন ও পরিবর্তনের মাধ্যমে সফল মানব সম্পদে পরিণত করে তাকে প্রশিক্ষণ বলে। প্রশিক্ষণ কর্মসূচিতে শুরুতেই আইস ব্রেকিং বিষয়টি অন্তর্ভুক্ত থাকে। একটি প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের জানাশোনা এবং পরিচয় থাকে না। তাই প্রশিক্ষণ কার্যক্রমের শুরুতে তাদের মধ্যে কিছুটা জড়তা, অন্তর্মুখীতা দেখা দেয় এবং তাদেরকে চিন্তিত থাকতে দেখা যায়। অংশগ্রহণকারীদের স্বতঃস্ফূর্ত, সাবলীল এবং প্রাণবন্ত অংশগ্রহণ ছাড়া কোন প্রশিক্ষণ কার্যাবলী সফল হয় না এবং প্রশিক্ষণের উদ্দেশ্য অর্জিত হয় না। তাই শুরুতে এ অবস্থার উত্তরণে বিশেষ কৌশল অবলম্বন করা হয়, যাকে আইস ব্রেকিং নামে অভিহিত করা হয়। যখন কোন প্রশিক্ষণ কার্যক্রমের শুরুতে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের সহজ, সাবলীল ও প্রাণবন্ত করে তুলতে এবং উদ্বেগ ও উত্তেজনা হ্রাসের লক্ষ্যে কোন সরস কৌতুক, খেলা বা অভিনয়ের ব্যবস্থা করা হয় তখন তাকে আইস ব্রেকিং বলা হয়। এর মাধ্যমে তাদের মধ্যে পারস্পরিক জানাশোনা ও পরিচয় ঘটে এবং তাদের উদ্বেগ ও দুশ্চিন্তা হ্রাস পায়। তাই আইস ব্রেকিং একটি প্রশিক্ষণ কার্যক্রমের উদ্দেশ্য অর্জনের অন্যতম হাতিয়ার হিসেবে বিবেচিত হয়।

## উদ্দেশ্য

- প্রশিক্ষণার্থীগণকে একে অপরের সাথে পরিচিত করা।
- প্রশিক্ষণার্থীগণের জড়তা দূর করে প্রশিক্ষণ গ্রহণে অধিক উৎসাহিত করা।
- প্রশিক্ষণের শিখন পরিবেশের উন্নয়ণ ও আবহ সৃষ্টি করা।

একটি আইস ব্রেকার্স কর্মকান্ডের উদাহরণ

## ১. বেলুন খেলা

কোন একটি ইউনিট লিডার বেসিক কোর্সে বিভিন্ন স্থান থেকে ৪০ জন অংশগ্রহণকারী এসেছেন। তাঁদের অনেকেই অনেককে চেনেন না। স্কাউটিং সম্পর্কে কারো কোন ধারণাও নেই। এক্ষেত্রে প্রশিক্ষক আইস ব্রেকার্স সেশন নিতে যেয়ে স্বাভাবিক পরিচিতির পর নিম্নবর্ণিত উপায় অবলম্বন করতে পারেন:

১. প্রত্যেক অংশগ্রহণকারীকে একটি বেলুন দেবেন এবং মাঝারি মোটা কলম দেবেন।
২. প্রত্যেক অংশগ্রহণকারীকে বেলুন সহনীয় পর্যায়ে ফুলাতে বলবেন এবং বেলুনের মুখ বাঁধতে বলবেন।
৩. ফুলানো বেলুনের উপর নিজের ডাক নামটি লিখতে বলবেন এবং মাটিতে (হলের মধ্যে হলে ভাল হয়) ছুড়ে ফেলতে বলবেন।
৪. প্রত্যেক অংশগ্রহণকারী মাটিতে ছড়ানো বেলুনের একটি তুলে নেবেন।
৫. অংশগ্রহণকারী তার হাতের বেলুনে লেখা নামের মানুষটি খুঁজে বের করবেন এবং তাঁর পরিচয় জানার জন্য নানান প্রশ্ন করবেন। এভাবে প্রত্যেকেই এক একজনের পরিচয় জানবেন। সময়ের উপর নির্ভর করে যথাসম্ভব বেশী জনের পরিচয় জানলে সেশনের পরিবেশটি আনন্দমুখর হবে এবং অংশগ্রহণকারীগণের মাঝে সম্প্রীতি বাড়বে ও তাদের জড়তা কেটে যাবে।

## ২. টেনিস বলের খেলা

অংশগ্রহণকারীবৃন্দ বৃত্তাকারে দাঁড়াবেন। সেশন লিডার যে কোন একজনের নিকট বল দেবেন। তিনি বল পেয়ে নিজের পরিচয় দেবেন এবং সংক্ষেপে তাঁর জীবনের স্মরণীয় ঘটনা বলবেন। (নাম, জেলা, অঞ্চলসহ)। পরে তিনি অপর যে কোন একজনকে বল ছুঁড়ে দেবেন। বলটি যিনি পাবেন তিনি অনুরূপভাবে নিজের পরিচয় দিয়ে বল অপরের নিকট ছুঁড়ে দেবেন। এভাবে সবার পরিচয় হয়ে যেতে পারে। উল্লেখ্য এতে প্রতি প্রশিক্ষণার্থীর জন্য এক মিনিট সময় প্রয়োজন হতে পারে। এরপর ইচ্ছে করলে যদি কোন সদস্য ভাল গান গাইতে পারে তাঁকে একটি আকর্ষণীয় গান পরিবেশনের সুযোগ দেয়া হলে সেশন উপভোগ্য হবে।

## ৩. বন্ধু সংগ্রহ: (বন্ধন)

অংশগ্রহণকারীবৃন্দকে বৃত্তাকারে দাঁড়াতে বলতে হবে। সেশন লিডার যে কোন একটি সংখ্যার ঘোষণা দিলে অংশগ্রহণকারীবৃন্দ সে সংখ্যায় বন্ধু সংগ্রহ করে জুটি তৈরি করবেন। তারপর দুই মিনিট সময় বরাদ্দ দেবেন সংগ্রহকৃত বন্ধুরা এ সময়ে একে অপরের সাথে পরিচিত হবে। পরে সেশন লিডার যে কোন ২/৩টি জুটি বা সকল জুটির সদস্যদের ডাকবেন তার বন্ধুকে সকলের নিকট পরিচয় করিয়ে দেয়ার জন্য। অংশগ্রহণকারীবৃন্দ এভাবে একে অপরের বিস্তারিত পরিচয় পেতে পারে। এছাড়া প্রতিটি জুটিকে লটারীর মাধ্যমে নাচ, গান, অভিনয়, চুটকী ইত্যাদি যে কোন একটি কার্যক্রম বাস্তবায়নের জন্য দেয়া হলে সেশনটি অত্যন্ত আনন্দদায়ক ও উপভোগ্য হবে।

## ৪. নতুন গেইম

আইস ব্রেকার্স, ওয়ার্ম আপ, টিম বিল্ডিং ইত্যাদি বিষয়ে বহুরকম গেইম, ধাঁধা, কুইজ রয়েছে। একজন দক্ষ প্রশিক্ষক এ বিষয়ে তার উদ্ভাবনী ক্ষমতা এবং নৈপুণ্যতা ব্যবহার করবেন।

# কোর্সের উদ্দেশ্য ও প্রত্যাশা নিরূপন

## সেশন প্লান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **সেশনের নাম** | : | কোর্সের উদ্দেশ্য ও প্রত্যাশা নিরূপন | **কোর্স** | : | ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | | **তারিখ** | : | |
| **আরম্ভের সময়** | : | | **শেষ করার সময়** | : | |
| **মোট সময়** | : | | **শিক্ষাদানের তারিখ** | : | |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন-

১. অংশগ্রহণকারীদের ব্যক্তিগত প্রত্যাশা চিহ্নিত করতে পারবে এবং তা প্যাট্রোল/টীমের প্রত্যাশার সাথে সামঞ্জস্য বিধান করতে পারবেন।
২. পাট্রোল/টীমের প্রত্যাশার সাথে কোর্সের উদ্দেশ্য তুলনা করতে পারবেন।
৩. কোর্সের নিয়মাবলী ও আবশ্যক বিষয়সমূহ ব্যাখ্যা করতে পারবেন।
৪. প্রশিক্ষণ কোর্স হতে কিভাবে সুবিধা নিতে পারবেন তা বর্ণনা করতে পারবেন।
৫. কোর্সের সময়সূচি জেনে তা অনুসরণ করতে পারবে।
৬. আচরণ বিধি ব্যাখ্যা করতে পারবেন।
৭. হস্ত সংকেত ও বাঁশির ডাক সম্পর্কে জানবেন এবং সংকেত ও ডাকে সাড়া দিতে পারবেন।

### সূচিপত্র (সারসংক্ষেপ)

১. আপনারা এখানে কেন?
২. অংশগ্রহণকারীদের প্রত্যাশা
৩. কোর্সের উদ্দেশ্য
৪. কোর্সের নিয়মাবলী
৫. দৈনিক সময়সূচি
৬. আচরণ বিধি
৭. সেবক উপদলের দায়িত্ব ও কর্তব্য
৮. হস্ত সংকেত ও বাঁশির ডাক

### বিষয়সূচির বিবরণ: (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

১. দেশাত্ববোধক গান।
২. আপনারা এখানে কেন এসেছেন- প্রত্যাশা কী?
৩. কোর্সের উদ্দেশ্য
৪. কোর্সের নিয়মাবলী
৫. দৈনিক সময়সূচি
৬. আচরণ বিধি- যা করবো - যা করবো না
৭. সেবক উপদলের দায়িত্ব ও কর্তব্য
৮. হস্ত সংকেত ও বাঁশির ডাক

**প্রশিক্ষণ পদ্ধতি:** ক. লেকচার; খ. গ্রুপ ওয়ার্ক; গ. প্রশ্ন উত্তর।

### সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ

ল্যাপটপ, মাল্টিমিডিয়া, স্ক্রীন, লেজার পেন, পেনড্রাইভ, ব্লাক/ হোয়াইট বোর্ড, ম্যাগনেট, চক, ডাস্টার, পয়েন্টার, পোস্টার পেপার, মার্কার পেন, স্কেল, হ্যান্ড আউট।

### ফলোআপ/অনুসরণ প্রক্রিয়া: (সেশন পরবর্তী):

কোর্স চলাকালীন প্রত্যাশার একটি পোস্টার তৈরি করে কাউন্সিলরকে দেখাবে।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| স্বাক্ষর | : | | স্বাক্ষর | : | |
| কোর্স লিডার | : | | সেশন পরিচালক | : | |

# ইউনিট লিডার
# বেসিক কোর্সের উদ্দেশ্য

**শিক্ষার্থীগণ কোর্স শেষে নিম্নলিখিত উদ্দেশ্য অর্জনে সক্ষম হবেন–**

- বাংলাদেশ স্কাউটসের আদর্শ, উদ্দেশ্য ও লক্ষ্য ব্যাখ্যা করতে পারবেন।
- স্কাউটিং এর তাত্ত্বিক বিষয়ে জ্ঞানার্জন করে তা বর্ণনা করতে পারবেন।
- স্কাউটিং এর ব্যবহারিক বিষয় বর্ননা করতে পারবেন এবং তা প্রদর্শন করতে সক্ষম হবেন।
- দল গঠন ও পরিচালনার কৌশল সম্পর্কে ব্যাখ্যা দিতে পারবেন এবং কোর্স শেষে দল গঠন করার যোগ্যতা অর্জন করবেন ও ফিরে গিয়ে দল পরিচালনা করতে সক্ষম হবেন।
- স্কাউটিং এর সংশ্লিষ্ট শাখার ক্রমোন্নতিশীল প্রশিক্ষণ সম্পর্কে বলতে পারবেন এবং ইউনিটে বাস্তবায়নের কৌশল ব্যাখ্যা করতে সক্ষম হবেন।
- ইউনিট লিডারের যোগ্যতা ও দায়িত্ব সম্পর্কে আলোচনা করতে পারবেন ও নিজে অনুশীলনে উদ্বুদ্ধ হবেন।

# কোর্সের নিয়মাবলী (Norms of the Course)

প্রতিটি প্রশিক্ষণ কোর্সের জন্য কিছু নিয়ম মেনে চলা প্রয়োজন। প্রশিক্ষণ কোর্সের প্রয়োজনীয় নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো। পারিপার্শ্বিক অবস্থার প্রেক্ষিতে কোর্স লিডার নিয়মাবলী সংশোধন বা সংযোজন করতে পারবেন।

১. স্কাউট আইনই কোর্সের আইন।

২. প্রত্যেকটি বাঁশীর ডাকে দ্রুত এবং তৎপরতার সাথে সাড়া দিতে হবে।

৩. কোর্সের দৈনন্দিন সময়সূচি যথাযথভাবে মেনে চলতে হবে এবং সকল কাজ নির্দিষ্ট সময়ের মধ্যেই সম্পন্ন করতে হবে।

৪. প্রশিক্ষণ চলাকালীন সময়ে সঠিক পোশাক পরিধান করতে হবে।

৫. কোর্স এলাকার বাইরে যেতে হলে ষষ্ঠক / উপদল নেতা ও কাউন্সেলরের মাধ্যমে কোর্স লিডারের অনুমতি নিয়ে বাইরে যেতে হবে।

৬. ষষ্ঠক / উপদল নেতার দায়িত্ব প্রতিদিন সূর্যাস্ত থেকে পরবর্তী দিন সূর্যাস্ত পর্যন্ত পর্যায়ক্রমিকভাবে চলবে।

৭. বাতি নেভানোর সময় থেকে সকালে ঘুম থেকে ওঠা পর্যন্ত তাঁবু এলাকায় পূর্ণ নিরবতা পালন করতে হবে।

৮. প্রতিদিন নিয়মিত নোটিশ বোর্ড দেখতে হবে।

৯. কোর্স এলাকায় পরিস্কার পরিচ্ছন্নতা ও স্বাস্থ্য রক্ষার প্রতি সকলকে যত্নবান থাকতে হবে। খাবারে যাতে মাছি / পোকামাকড় না পড়ে সেজন্য সবসময়েই সাবধানতা অবলম্বন করতে হবে।

১০. সকালে ঘুম থেকে ওঠার পর বিছানাপত্র এবং ব্যবহার্য পোশাক-পরিচ্ছদ যার যার স্থানে সাজিয়ে রাখতে হবে; কোন জিনিস মাটিতে রাখা যাবে না।

১১. প্রশিক্ষণ এলাকায় কোন সম্পদের ক্ষতি সাধন থেকে নিজেকে বিরত রাখতে হবে।

১২. আবাসিক কোর্স হিসেবে সকল প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের বাধ্যতামূলকভাবে কোর্স এলাকায় অবস্থান করতে হবে।

বি.দ্র. শৃংখলা চর্চায় অংশগ্রহণকারীগণ কোর্স লিডার/ সকল স্টাফকে সালাম প্রদান করতে হবে।

# ট্রেনিং কোর্স থেকে সুবিধা গ্রহণ (Benefit from the Training Course)

একজন প্রশিক্ষণার্থীর জীবনে ট্রেনিং কোর্সের গুরুত্বপূর্ণ অপরিসীম। জ্ঞান বৃদ্ধি, দক্ষতার উন্নয়ন এবং দৃষ্টিভঙ্গীর পরিবর্তনের মাধ্যমে সফলতার পরিধি সম্প্রসারণে প্রশিক্ষণের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। প্রশিক্ষণ কোর্স থেকে সর্বাধিক পরিমাণ সুবিধা গ্রহণে প্রশিক্ষণার্থীদের বিশেষভাবে আগ্রহী হতে হবে। প্রশিক্ষণার্থীগণ তাদের প্রচ্ছন্ন কর্মশক্তিকে সর্বাধিক ব্যবহার করবে এবং শিক্ষণের সুযোগ সুবিধা গ্রহণ করবেন। ট্রেনিং কোর্স থেকে সুবিধা গ্রহণে তিনটি বিষয় অত্যন্ত গুরুত্বপূর্ণ।

**সময় দেয়া (Total Time)** - কোর্স থেকে সুবিধা গ্রহণে সময় দেয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। সম্পূর্ণ উপস্থিতি বিশেষভাবে শারিরীক, মানসিক, বুদ্ধিবৃত্তিক, আবেগিক এবং আধ্যাত্মিকভাবে উপস্থিতি একান্তভাবে কাম্য।

**সম্পূর্ণ মনোযোগ (Give your undivided attention)**- অখন্ডিত মনোযোগ কোর্স থেকে সুবিধা গ্রহণের অন্যতম শর্ত। কোর্সে আলোচিত সকল বিষয় অনুসরণ ও রেকর্ড করা অত্যাবশ্যক। সম্পূর্ণ হৃদয়মন দিয়ে সকল আলোচনা ও কর্মকাণ্ডে অংশগ্রহণ করতে হবে। যেসব কাজের দায়িত্ব অর্পিত হবে তা সামর্থ অনুযায়ী সম্পাদন করতে হবে।

**যথার্থ অনুকূল দৃষ্টিভঙ্গী (Have a positive mental attitude)**- কোর্স থেকে সুবিধাগ্রহণে মুক্তমনের অধিকারী হতে হবে। একথা মনে রাখতে হবে যে, কোর্সে যা কিছু করা হয় তা সংশ্লিষ্ট সকল পক্ষের জন্য দরকারী এবং উপকারী। অবশ্যই নম্র ও বিনয়ী হতে হবে। কোর্সের রুটিন, আদর্শ, নীতি প্রভৃতির যথাযথ অনুসরণ ও মেনে চলা অত্যাবশ্যক।

# অফিসার অব দ্য ডে-এর দায়িত্ব ও কর্তব্য

- সার্ভিস টীম/প্যাট্রোল এর দায়িত্ব ও কর্তব্য পালনে দিক নির্দেশনা দেবেন এবং গাইডের ভূমিকা পালন করবেন।
- প্রতিটি সেশনে প্রশিক্ষককে উপস্থাপন করবেন এবং তাঁর পরিচয় দেবেন।
- চমৎকার বন্ধুত্বপূর্ণ শিক্ষণ পরিবেশ তৈরিতে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের সাহায্য করবেন।
- থিম অব দি ডে- রিফ্লেকশন, জাতীয় সংগীত, প্রতিজ্ঞা, প্রার্থনা সংগীত পরিচালনা এবং প্রস্তুত সহায়তা করবেন।
- সেশনে রিসোর্স পার্সন এবং অতিথিদের সাদরে গ্রহণ করবেন ও পরিচয় করিয়ে দেবেন।
- উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান, ক্যাম্প ফায়ার, সোশ্যাল নাইট এবং বিশেষ ইভেন্টস এ সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন করবেন।
- মূল্যায়ন প্রশ্নপত্র প্রণয়ন এবং মূল্যায়ন সেশন পরিচালনা করবেন।
- অংশগ্রহণকারীগণের পরামর্শ বাস্তবায়ন ও লিখিত প্রশ্নের জবাব প্রদানে ভূমিকা পালন করবেন।
- দিনের সকল কার্যক্রম সুন্দর ও সফলভাবে বাস্তবায়নের ভূমিকা রাখবেন।
- নির্দিষ্ট সময়ে প্রতিটি সেশন শুরু ও সমাপ্তিতে বিশেষভাবে নজর দেবেন।

# দৈনিক সময়সূচি

| | | |
|---|---|---|
| **ভোর** | **০৫-০০ মি.** | ঘুম থেকে জাগরণ, প্রাতঃকালীন কাজকর্ম, নামাজ / প্রার্থনা |
| **ভোর** | **০৫-৩০ মি.** | **শরীর চর্চা:** বিপি পিটি, কমান্ড, মার্চপাস্ট, ইত্যাদি অনুশীলন |
| **সকাল** | **০৬-৩০ মি.** | **প্রাতঃরাশ** |
| **সকাল** | **০৭-০০ মি.** | **পরিদর্শন** |
| **সকাল** | **০৭-৩০ মি.** | **পতাকা উত্তোলন অনুষ্ঠান** |
| **সকাল** | **০৭-৫৫ মি.** | **জাতীয় সংগীত, প্রতিজ্ঞা পাঠ** |
| **সকাল** | **০৮-০০ মি.** | **প্রশিক্ষণ কার্যক্রম/অধিবেশন** |
| **সকাল** | **১০-০০ মি.** | **চা বিরতি ও রেশন সংগ্রহের জন্য পাত্র জমাদান।** |
| **সকাল** | **১০-৩০ মি.** | **প্রশিক্ষণ কার্যক্রম/অধিবেশন** |
| **দুপুর** | **১২-৩০ মি.** | **রেশন সংগ্রহ, রান্না, মধ্যাহ্নভোজ, নামাজ/ প্রার্থনা, বিশ্রাম, অবসর সময়ের কাজ** |
| **বিকেল** | **০২-৩০ মি.** | **প্রশিক্ষণ কার্যক্রম/অধিবেশন** |
| **বিকেল** | **০৪-৩০ মি.** | **চা বিরতি, নামাজ / প্রার্থনা ও রেশন সংগ্রহের জন্য পাত্র জমাদান।** |
| **বিকেল** | **০৫-০০ মি.** | **খেলাধূলা** |
| **সন্ধ্যা** | **০৬-০০ মি.** | **পতাকা নামানো, নামাজ / প্রার্থনা** |
| **সন্ধ্যা** | **০৭-০০ মি.** | **প্রশিক্ষণ কার্যক্রম/অধিবেশন** |
| **রাত** | **০৯-০০ মি.** | **সেশন ও প্রশিক্ষণ মূল্যায়ন** |
| **রাত** | **০৯-৩০ মি.** | **রাতের খাবার, নামাজ / প্রার্থনা** |
| **রাত** | **১০-০০ মি.** | **কাউন্সেলিং/অবসর সময়ের কাজ** |
| **রাত** | **১০-৩০ মি.** | **বাতি নেভানো, নিরবতা পালন** |

(সূর্যোদয় ও সূর্যাস্তের সময়ের সাথে মিল রেখে সময়সূচি পরিবর্তনযোগ্য)

**কোর্স লিডার**

# সেবক ষষ্ঠক/ সেবক উপদলের দায়িত্ব ও কর্তব্য

সেবক ষষ্ঠক: তাঁবুবাসে সেবা করার সুযোগ লাভ একটি বিশেষ অধিকার। যে উপদল যে দিনের জন্য এ সুযোগ লাভ করে তাদের বলা হয় সেবক উপদল। নেতৃত্ব দানের মাধ্যমে সেবা করে তারা নিজেকে সুখী করার চেতনা নিয়ে তাঁদের দায়িত্ব পালন করবে। তাদের দায়িত্ব হবে নিম্নরূপ:

ক. সেবক ষষ্ঠক/ উপদলের কার্যকাল সূর্যাস্ত থেকে পরবর্তী সূর্যাস্ত পর্যন্ত।

খ. সেবক ষষ্ঠক/ উপদলে নির্দিষ্ট সময় তাঁবুবাসীদের ঘুম থেকে জাগাবে এবং নির্দিষ্ট সময় সব তাঁবুতে বাতি নেভানো হয়েছে কিনা তার তদারকি করবে।

গ. সকালে পতাকা উত্তোলনের জন্য দন্ডের সাথে পতাকা বেঁধে প্রস্তুত রাখবে এবং সূর্যাস্তকালে অনুষ্ঠানিকভাবে পতাকা নামাবে।

ঘ. সেবক ষষ্ঠক/ উপদল কোর্স লিডারের পরামর্শ মোতাবেক নোটিশ বোর্ডের তদারকি করবে।

ঙ. তাঁবু এলাকার সকল জায়গা পরিষ্কার- পরিচ্ছন্ন রাখার প্রতি যত্নবান থাকবে।

চ. সেবক ষষ্ঠক/ উপদল কোর্স লিডার ও প্রশিক্ষকদের সাথে সংযোগ রক্ষা করে তাদের পরামর্শ মোতাবেক সহযোগিতা দেবে। প্রশিক্ষণ উপকরণাদি যথাসময় যথাস্থানে সরবরাহ করবে এবং কাজ শেষে সেগুলো রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করবে।

ছ. কোর্স লিডার/ প্রশিক্ষকের পরামর্শ মত তাঁবুজলসার বিষয় সংগ্রহ, কার্যসূচি প্রণয়ন, তাঁবুজলসার সার্কেল তৈরি, আগুন জ্বালাবার ব্যবস্থা (যদি প্রয়োজন হয়), বসার ব্যবস্থা ইত্যাদি কাজে সাহায্য করা। তাঁবুজলসা শেষে আগুন নেভানো ও ছাই পরিষ্কার করার ব্যবস্থা করবে।

জ. সেবক ষষ্ঠক/ উপদল নেতা পতাকা নামানোর পর পরই পরবর্তী দিনের দায়িত্বপ্রাপ্ত সেবক উপদল নেতার নিকট পতাকা হস্তান্তর করবে।

ঝ. প্রতিটি সেশনের আবশ্যকীয় সরঞ্জাম সংরক্ষণ ও যথা সময়ে সরবরাহ করতে হবে।

অভিজ্ঞতায় দেখা গেছে একটি ষষ্ঠক/ উপদলকে সবগুলো কাজ করতে হলে; তাদের উপর চাপ বেশী পড়ে। তারা ঐদিন সেশনে মনোযোগ দিতে পারে না। অন্যদিকে বাকি উপদলের সদস্যরা সেবা করার সুযোগ থেকে বঞ্চিত হয়। সেজন্য প্রতিদিন প্রতিটি উপদলকে কিছু দায়িত্ব দিলে ভালো হয়। কোর্সে যে কয়টি উপদল থাকে সে কয়টি প্রধান কাজে চিহ্নিত করা যেতে পারে। যেমন- পতাকা উত্তোলন, পরিস্কার- পরিচ্ছন্নতা, নিরাপত্তা, সেশন ব্যবস্থাপনা, অনুষ্ঠানাদি ইত্যাদি। কোর্সের শুরুতে একটি ডিউটি রোষ্টার বানিয়ে সকলকে প্রতিদিন কাজ করার সুযোগ দেয়া যেতে পারে। নিম্নে একটি ডিউটি চার্টের নমুনা দেয়া হলো। যে রোস্টারের ষষ্ঠক/ উপদল পতাকা উত্তোলন অনুষ্ঠানের দায়িত্ব পাবে সেই উপদলকে সেবক উপদল হিসেবে বিবেচনা করে নির্ধারিত কাজের বাইরে অন্যান্য দায়িত্ব উক্ত ষষ্ঠক/ উপদলকে দেয়া যেতে পারে।

## ডিউটি রোস্টার

| দিন | পতাকা উত্তোলন অনুষ্ঠান | পরিস্কার পরিচ্ছন্নতা | নিরাপত্তা | সেশন ব্যবস্থাপনা | অনুষ্ঠানাদি |
|---|---|---|---|---|---|
| ১ম দিন | লাল ষষ্ঠক/কাক উপদল | লাল ষষ্ঠক/কোকিল উপদল | লাল ষষ্ঠক/দোয়েল উপদল | লাল ষষ্ঠক/ ঘুঘু উপদল | লাল ষষ্ঠক/ কবুতর উপদল |
| ২য় দিন | নীল ষষ্ঠক/কোকিল উপদল | নীল ষষ্ঠক/দোয়েল উপদল | নীল ষষ্ঠক/ ঘুঘু উপদল | নীল ষষ্ঠক/ কবুতর উপদল | নীল ষষ্ঠক/ কাক উপদল |
| ৩য় দিন | সবুজ ষষ্ঠক/দোয়েল উপদল | সবুজ ষষ্ঠক/ ঘুঘু উপদল | সবুজ ষষ্ঠক/ কবুতর উপদল | সবুজ ষষ্ঠক/ কাক উপদল | সবুজ ষষ্ঠক/কোকিল উপদল |
| ৪র্থ দিন | হলুদ ষষ্ঠক/ঘুঘু উপদল | হলুদ ষষ্ঠক/ কবুতর উপদল | হলুদ ষষ্ঠক/ কাক উপদল | হলুদ ষষ্ঠক/কোকিল উপদল | হলুদ ষষ্ঠক/দোয়েল উপদল |
| ৫ম দিন | বেগুণী ষষ্ঠক/ কবুতর উপদল | বেগুণী ষষ্ঠক/ কাক উপদল | বেগুণী ষষ্ঠক/কোকিল উপদল | বেগুণী ষষ্ঠক/দোয়েল উপদল | বেগুণী ষষ্ঠক/ ঘুঘু উপদল |

* কাব স্কাউট ইউনিট লিডার কোর্সের বেলায় ষষ্ঠকের নামকরণ বিভিন্ন রং এর নামে হবে। স্কাউট ইউনিট লিডার বেসিক কোর্সে উপদলের নাম পশু/পাখির নামে রাখা হয়। একইভাবে রোভার স্কাউট ইউনিট লিডার কোর্সের উপদলের নাম গুণাবলি বা আইন অনুসারে রাখা হয়।

# প্রশিক্ষণের সময় ষষ্ঠক নেতা/ উপদল নেতার দায়িত্ব

১. ষষ্ঠক/ উপদল সঠিক নেতৃত্ব দান ষষ্ঠক / উপদল নেতার প্রধান দায়িত্ব।

২. ষষ্ঠক/ উপদল নেতা ষষ্ঠক / উপদলের সকল সদস্যকে নিয়ে দায়িত্ব বন্টনের মাধ্যমে সকল কাজ সুষ্ঠুভাবে সম্পদান করবেন। তাঁবুর যত্ন, গ্যাজেট, রান্নাবান্না, পরিষ্কার পরিচ্ছন্নতা, বিছানাপত্র গোছানো ইত্যাদি দায়িত্ব সদস্যগণের মধ্যে ভাগ করে দিতে হবে।

৩. সময়মত সকলকে নিয়ে পরিপাটি পোশাকে সেশন ও অন্যান্য কাজে অংশগ্রহণ করা।

৪. ষষ্ঠক পরিষদ/ উপদল পরিষদের সভা আহ্বান করে সকল সমস্যার সমাধান করা।

৫. কোর্স লিডার, প্রশিক্ষক ও সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ ও সমন্বয় রক্ষা করা। প্রকৃতপক্ষে তিনি সেতুবন্ধনের দায়িত্ব পালন করবেন।

# খাতা লেখার নিয়মাবলী

**রানিং খাতা:**

১। খাতার প্রথম কভার পৃষ্ঠার উপরের অংশে কোর্সের নাম, স্থান ও তারিখ নীচের অংশে ষষ্ঠক/উপদলের চিহ্ন, ষষ্ঠক/উপদলের নাম, নিজের নাম ও ক্রমিক নম্বর লিখতে হবে।

২। প্রথম পৃষ্ঠার উপরের অংশে কোর্সের নাম, স্থান ও তারিখ নিচে ষষ্ঠক/উপদলের চিহ্নসহ নিজের নাম ও ক্রমিক নম্বর এবং তার নিচে বর্তমান ঠিকানা লিখতে হবে।

৩। দ্বিতীয় ও তৃতীয় পৃষ্ঠায় নিজ ষষ্ঠক/উপদলের সদস্যদের নাম ও ঠিকানা লিখতে হবে।

৪। চতুর্থ ও পঞ্চম পৃষ্ঠায় কোর্স স্টাফদের নাম ও ঠিকানা লিখতে হবে।

৫। ষষ্ঠ পৃষ্ঠায় দৈনিক সময়সূচি লিখতে হবে।

৬। সপ্তম ও অষ্টম পৃষ্ঠায় কোর্স/তাঁবু বাসের নিয়মাবলী লিখতে হবে।

৭। নবম ও দশম পৃষ্ঠায় সেবক ষষ্ঠক / উপদলের দায়িত্ব ও কর্তব্য লিখতে হবে।

৮। একাদশ ও দ্বাদশ পৃষ্ঠায় খাতা লেখার নিয়মাবলী লিখতে হবে।

৯। ত্রয়োদশ ও চতুর্দশ পৃষ্ঠায় সূচিপত্র লিখতে হবে।

১০। পঞ্চদশ পৃষ্ঠায় অন্তত একটি প্রার্থনা সংগীত লিখতে হবে।

১১। ষষ্ঠদশ পৃষ্ঠা হতে রানিং নোট লেখা শুরু করতে হবে। রানিং নোটে পৃষ্ঠার উপর মধ্যখানে বিষয়, বাম পার্শ্বের কোণে তারিখ ও সময় এবং ডান পার্শ্বের কোনে প্রশিক্ষকের নাম উল্লেখ করতে হবে।

১২। কোন কোন প্রশিক্ষক সেশন নেয়ার পর ঐ বিষয়ের উপর কিছু কিছু কাজ করার জন্য বলতে পারেন। প্রশিক্ষক কর্তৃক দেয়া ঐসব কাজ সেশনের বাইরে অবসর সময়ে করতে হবে। এই কাজগুলোকে অবসর সময়ের কাজ / স্পেয়ার টাইম এক্টিভিটিজ (এসটিএ) বলে। এই অবসর সময়ের কাজগুলোর মধ্যে কিছু কিছু হতে পারে হাতে কলমে তৈরি কাজ এবং কিছু কিছু থাকতে পারে খাতায় ছবি আঁকার কাজ। অবসর সময়ের যে কাজগুলো খাতায় করতে হবে সেগুলো খাতার শেষ পৃষ্ঠা থেকে শুরু করে ক্রমান্বয়ে খাতার প্রথম দিকে এগিয়ে আসতে হবে।

১৩। প্রশিক্ষকগণ কর্তৃক দেয়া এসব অবসর সময়ের কাজের জন্য খাতার তৃতীয় কভার পৃষ্ঠার নিম্নে দেয়া নমুনা অনুযায়ী একটি ছক এঁকে নিতে হবে-

| ক্রমিক নং | কাজ দেয়ার তারিখ | যিনি কাজ দিয়েছেন তার নাম | কাজের বিষয় | প্রশিক্ষক/কাউন্সেলরের স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| ১ | | | | |
| ২ | | | | |
| ৩ | | | | |

**কোর্স লিডার**

# পরিদর্শন

পরিদর্শন তাঁবুবাসের একটি গুরুত্বপূর্ণ বিষয়। পরিদর্শনের মাধ্যমে সহজেই স্কাউটদের মাঝে শৃংখলাবোধের উন্মেষসহ নেতৃত্ব ও সৃজনশীলতার বিকাশ ঘটানো সম্ভব হয়ে থাকে। পরিদর্শনকারীকে অবশ্যই নিরপেক্ষ এবং মান যাচাইয়ের দক্ষ হতে হবে।

**দায়িত্ব:** স্টাফ মিটিং-এ কমপক্ষে দুটো টিমকে পরিদর্শনের দায়িত্ব দিতে হবে।

পরিদর্শনকালে প্রধানতঃ নিম্নোক্ত বিষয়াদি পরিদর্শনের জন্য প্রস্তুত আছে কিনা তা বিষদভাবে লক্ষ্য রাখতে হবে।

১। **নেতৃত্ব :** পরিদর্শনের সময় সকলের উপস্থিতি, পরিদর্শককে স্বাগত জানানো, ষষ্ঠক / উপদল নেতার নির্দেশ ঠিকমত হচ্ছে কিনা এবং তা সঠিকভাবে অন্যান্য সদস্যরা পালন করছে কিনা, এসব দেখতে হবে।

২। **ব্যক্তিগত স্বাস্থ্য :** চুল, দাঁত, নখ, পোশাক ইত্যাদি পরিষ্কার আছে কিনা।

৩। **পোশাক :** সঠিক এবং পরিপাটি পোশাক, জুতা, প্যান্ট, বেল্ট এবং শার্টে ঠিকমত ব্যাজ লাগানো আছে কিনা।

৪। **বিছানাপত্র :** বিছানাপত্র পৃথক পৃথকভাবে ভাঁজ করে একই ধরণের জিনিস একই স্থানে সুন্দরভাবে যথাযথ স্থানে আছে কিনা।

৫। **হাঁড়িপাতিল :** হাড়ি পাতিল, থালা, গ্লাস ইত্যাদি পরিষ্কার করে সঠিক স্থানে গ্যাজেট করে রাখা আছে কিনা। রান্না করার পর হাড়ি ধুয়ে পিছনের অংশ কাঁদা দিয়ে প্রলেপ দিয়ে রাখতে হবে। হারিকেনের চিমনি পরিষ্কার করতে হবে।

৬। **তাঁবুর যত্ন :** তাঁবুর পর্দা শুকানোর জন্য তাঁবু উপরে মেলে রাখতে হবে। সকালে তাঁবুর রশিগুলো শক্ত করে টেনে বাঁধা আছে কিনা পর্যাপ্ত আলো বাতাস চলাচল উপযোগী আছে কিনা লক্ষ্য রাখতে হবে এবং বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য তাঁবুর চার পাশে ড্রেন খুঁড়ে রাখতে হবে।

৭। **পরিচ্ছন্নতা :** তাঁবু এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন আছে কিনা তা দেখতে হবে। রান্নার পর চুলার ছাই তুলে ফেলে কাদা দিয়ে লেপে রাখতে হবে। প্রয়োজনীয় ব্যবহার্য দা, কোদাল, ছুরি, বটি, শাবল যথাযথ পরিষ্কার করে যথাস্থানে সংরক্ষণ করা হয়েছে কিনা তা নিশ্চিত করতে হবে।

৮। **গ্যাজেট :** সকল জিনিসপত্র গ্যাজেটে সঠিকভাবে রাখা আছে কিনা তা দেখতে হবে। বিনা প্রয়োজনে কোন ব্যবহার্য বস্তু মাটিতে রাখা যাবে না।

৯। **ডিউটি রোষ্টার :** ষষ্ঠক/উপদল নোটিশ বোর্ড এবং সদস্যদের দায়িত্ব বন্টন তালিকা তাঁবু এলাকায় টানানো আছে কিনা। গ্যাজেট তৈরিতে গেরো ল্যাশিং যথাযথ প্রয়োগ হয়েছে কিনা দেখতে হবে।

## পরিদর্শনকালে ষষ্ঠকনেতা / উপদল নেতার ভূমিকা

তাঁবুর সামনে উপদল নেতার পেছনে দু'লাইনে উপদলের সদস্যরা আরামে দাঁড়াবে। কাব স্কাউটের ক্ষেত্রে বৃত্তে দাঁড়াবে। পরিদর্শক ১০ কদম দূরে থাকতে ষষ্ঠক / উপদল নেতা দলকে সোজা করবেন এবং এরপর এক কদম এগিয়ে গিয়ে পরিদর্শককে সালাম করবেন। পরিদর্শক কাছে এসে দাঁড়ালে তিনি বলবেন "স্যার আমার 'ক' ষষ্ঠক / উপদল আপনার পরিদর্শনের জন্য প্রস্তুত। "ক" কাবের গ্র্যান্ড ইয়েল দিয়ে ষষ্ঠক পরিদর্শনে জন্য প্রস্তুত বলে জানাবে। পরিদর্শক সাহেব ধন্যবাদ জানালে তিনি সবাইকে আরামে দাঁড় করাবেন। এরপরে তিনি কেবল পরিদর্শকের নির্দেশ পালন করবেন। নিম্নে পরিদর্শনের একটি নমুনা ফরম দেয়া হল।

## পরিদর্শন রিপোর্ট/ফ্লাগ অব অনার প্রদান

পতাকা উত্তোলন অনুষ্ঠানে পরিদর্শন রিপোর্ট উপস্থাপন ও গৌরব পতাকা প্রদান করতে হবে।

# পরিদর্শন রিপোর্ট ফরম

পূর্ণমান : ১০০

স্ট্যান্ডার্ড মান: উন্নীতমান:

| ক্রমিক নং | উপদলের নাম | টার্নআপ এন্ড স্মার্টনেস ২০ | ব্যক্তিগত স্বাস্থ্য ও পোশাক ২০ | বিছানাপত্র ও হাঁড়িপাতিল ২০ | তাঁবুর যত্ন ও পরিচ্ছন্নতা ২০ | গ্যাজেট তৈরি ও ডিউটি রোস্টার ২০ | মোট ১০০ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | | |
| ২ | | | | | | | | |
| ৩ | | | | | | | | |
| ৪ | | | | | | | | |
| ৫ | | | | | | | | |
| ৬ | | | | | | | | |
| ৭ | | | | | | | | |

**স্ট্যান্ডার্ড মান:** কোর্সের দ্বিতীয় দিন থেকে ৫ম দিন পর্যন্ত পরিদর্শন চলে। সর্বমোট ১০০ নম্বরের মধ্যে কোন একটি নম্বরকে স্ট্যান্ডার্ড নাম্বার হিসেবে কোর্স লিডার ঠিক করতে পারেন। যে সকল বিষয় পরিদর্শনের সময় বিবেচনা করা হয় সেগুলোর মান পর্যায়ক্রমে বাড়তে থাকে। সে কারণে স্ট্যান্ডার্ড নাম্বারও দিনে দিনে বাড়তে পারে। দ্বিতীয় দিনে পঞ্চাশ নাম্বারকে স্ট্যান্ডার্ড ধরে এটাকে পর্যায়ক্রমে বাড়িয়ে শেষ দিনে ৮০/৮৫ করা যেতে পারে। যে ষষ্ঠক/উপদল স্ট্যান্ডার্ড মান অর্জন করবে তাদেরকে পতাকা উত্তোলন অনুষ্ঠানে “ফ্লাগ অব অনার” (গৌরব পতাকা) প্রদান করা হয়। এই পতাকাটি উক্ত ষষ্ঠক/উপদল তাদের তাঁবুর সামনে টানিয়ে রাখবে এবং দিন শেষে ফেরত দেবে।

**নির্দেশনা:** পতাকা উত্তোলন অনুষ্ঠানে পরিদর্শন রিপোর্ট উপস্থাপন ও গৌরব পতাকা প্রদান করতে হবে।

# বাঁশীর ডাক ও হস্ত সংকেত

## বাঁশীর ডাক

| | |
|---|---|
| ১। ———————— | একটি দীর্ঘধ্বনি : সাবধান/ সোজা হও/ পরবর্তী নির্দেশের জন্য প্রস্তুত হও। |
| ২। - - - - - - - - - - | অনেকগুলো ক্ষুদ্র ক্ষুদ্র ধ্বনি : সকলে একত্রিত হও / কাছে এসো। |
| ৩। - - - ——— | তিনটি ক্ষুদ্র ও একটি দীর্ঘধ্বনি : উপদল নেতাকে ডাকা হচ্ছে/ উপদল নেতা কাছে এসো। |
| ৪। - - ——— | দুটি ক্ষুদ্র ও একটি দীর্ঘধ্বনি : সিনিয়র উপদল নেতাকে ডাকা হচ্ছে/ উপদল নেতাকে ডাকা হচ্ছে/ সেবক উপদল নেতা কাছে এসো। |
| ৫। - —— - —— - —— | একটি ক্ষুদ্র ও একটি দীর্ঘ এভাবে কয়েক বার : বিপদ সংকেত |
| ৬। - - - - - - - - - - | কয়েকবার ক্ষুদ্র ক্ষুদ্র ধ্বনি হলে- আমি/আমরা বিপদগ্রস্থ, সাহায্যের জন্য এগিয়ে এসো। |
| ৭। —— —— —— —— | পরপর কয়েকটি দীর্ঘ ধ্বনি হলে- তোমরা বিপদগ্রস্থ/পালাও/আত্মগোপন কর। |

## হস্ত সংকেত:

**ক. লাইনে দাঁড়ানো:** সোজা হয়ে দাঁড়িয়ে দুই হাত দুই পাশে প্রশস্ত অবস্থায় দেখানো, হাত যে দিকে নিচু করা থাকবে ক্রমানুসারে ছোট থেকে বড়রা দাঁড়াবে। ষষ্ঠক/উপদল নেতার পিছনে পাশাপাশি লাইন দিয়ে দাঁড়াবে (চিত্র-১)। এই অবস্থায় থেকে দুই হাত মুষ্টিবদ্ধ করলে পিছনের সারির সদস্যরা সামনের ষষ্ঠক/উপদল নেতার বাম পাশে অথবা ষষ্ঠক/উপদল নেতা স্ব স্ব সারির ডান পাশে দাঁড়াবে(চিত্র-২)।

**খ. ফাইলে দাঁড়ানো:** সোজা হয়ে দাঁড়িয়ে হাত সামনের দিকে প্রশস্ত অবস্থায় রাখা হাত উচু বা নিচু করে উচ্চতানুসারে দাঁড় করানো। এক হাত উচু করলে ছোট থেকে বড় আকারে দাঁড়ানো বুঝাবে (চিত্র-৩)।

**গ. অশ্ব খুরাকৃতিতে দাঁড়ানো:** সোজা হয়ে দাঁড়িয়ে কোমর পর্যন্ত হাত উচু করে ডান হাত বাম হাতের উপর দিয়ে পরস্পর ডানে বায়ে ঘুরালে (চিত্র-৪)।

**ঘ. অর্ধবৃত্তাকারে দাঁড়ানো:** সোজা হয়ে দাঁড়িয়ে ডান হাতের আংগুলো নিচের দিকে মাথার তালু স্পর্শ করলে (চিত্র-৫)।

**ঙ. রক সার্কেল/শিলাবৃত্ত:** কোমরে দু'হাত রেখে দাঁড়ানো (চিত্র-৬)।

**চ. নেতার পিছনে পরপর দাঁড়ানো:** দুইহাত সামনে প্রসারিত (তালু মাটির দিকে) করলে।

**ছ. ষষ্ঠক/উপদলের মুক্ত লাইন:** উভয় হাত সামনের দিকে ভাঁজ করে ওপরের দিকে রাখলে (চিত্র-৭)।

**জ. বৃত্তাকারে দাঁড়ানো:** দুই হাতের আংগুলো নিচের দিকে মাথার তালু স্পর্শ করলে (চিত্র-৮)।


**ঝ. ষষ্ঠক/উপদলের পৃথক লাইন:** উভয় হাত সামনের দিকে ভাঁজ করে ওপরের দিকে মুষ্টিবদ্ধ রাখলে (চিত্র-৯)।

**ঞ. ছুটি/সমাপ্তি:** দুই হাত সামনে রেখে এক হাত অন্য হাতের উপর দিয়ে দোলানো (চিত্র-১০)।


### নির্দেশ (কমান্ড) সমূহ

১। দল সোজা হও (২) দল আরামে দাড়াও (৩) দল উল্টা দিকে ঘুর (৪) দল পায়ে তাল রাখ (৫) দল সামনে চল (৬) দল এবার থাম (৭) দল পতাকাকে সালাম কর (৮) দল হাত নামাও (৯) প্রার্থনা সংগীত (১০) প্রার্থনার জন্য প্রস্তুত (১১) দল যেমন ছিলে (১২) পরিদর্শন (১৩) দল ছু----------টি।

## হস্ত সংকেত



লাইনে দাঁড়ানো




কাছাকাছি এক লাইনে দাঁড়ানো



ফাইলে দাঁড়ানো



অশ্ব খুরাকৃতি



অর্ধবৃত্তাকার



শিলাবৃত্ত




উপদলের মুক্ত লাইনে দাঁড়ানো



দলগত বৃত্তাকারে দাঁড়ানো



উপদলের কাছাকাছি লাইনে দাঁড়ানো



ছুটি

# জাতীয় সংগীত

আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি।
চিরদিন তোমার আকাশ,
চিরদিন তোমার আকাশ, তোমার বাতাস,
আমার প্রাণে
ও মা, আমার প্রাণে বাজায় বাঁশি,
সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি ॥
ও মা, ফাগুনে তোর আমের বনে ঘ্রাণে পাগল করে,
মরি হায়, হায় রে-
ও মা, ফাগুনে তোর আমের বনে ঘ্রাণে পাগল করে,
ও মা, অঘ্রানে তোর ভরা ক্ষেতে কী দেখেছি
আমি কী দেখেছি মধুর হাসি।
সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি ॥
কী শোভা, কী ছায়া গো, কী স্নেহ, কী মায়া গো-
কী আঁচল বিছায়েছ বটের মূলে, নদীর কূলে কূলে।
মা, তোর মুখের বাণী আমর কানে লাগে সুধার মতো,
মরি হায়, হায় রে-
মা, তোর মুখের বাণী আমার কানে লাগে সুধার মতো,
মা, তোর বদনখানি মলিন হলে, আমি নয়ন
ও মা, আমি নয়নজলে ভাসি ॥
সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি ॥

# প্রার্থনা সংগীত

স্কাউটদের আধ্যাত্মিক উন্নয়নে প্রার্থনা সংগীত বিশেষ ভূমিকা পালন করে। সাধারণত স্কাউটের -এর উদ্বোধনী অনুষ্ঠান ও পতাকা উত্তোলন অনুষ্ঠানে প্রার্থনা সংগীত হয়ে থাকে।

**(১)**

বাদশাহ তুমি দিন ও দুনিয়ার, হে পরওয়ার দেগার
সেজদা লহ হাজার বার আমার, হে পরওয়ার দেগার
চাঁদ, সুরুজ আর গ্রহ, তারা, জ্বীন ইনসান আর ফেরেস্তারা
দিন রজনী গাহিছে তারা, মহিমা তোমার, হে পরওয়ার দেগার
তোমার নূরের রৌশনী পরশী, উজ্জ্বল হয় যে রবি ও শশী,
রঙ্গিন হয়ে উঠে বিকশি, ফুল সে বাগিচার, হে পরওয়ার দেগার
বিশ্ব ভুবনে যাহা কিছু আছে, তোমারি কাছে করুণা যাঁচে
তোমারি মাঝে মরে ও বাঁচে জীবন সবার, হে পরওয়ার দেগার।

**(২)**

অনন্ত অসীম  প্রেমময় তুমি, বিচার দিনের স্বামী,
যত গুণগান হে চির মহান, তোমারই অন্তর যামী।
দ্যুলোকে ভূলোকে সবারে ছাড়িয়া, তোমারি চরণে পড়ি লুটাইয়া
তোমারি সকাশে যাচি হে শকতি, তোমারি করুণাকামী
অনন্ত অসীম...।
সরল সঠিক পন্থা, মোদের দাওগো বলি,
চালাও সে পথে যে পথে তোমার, প্রিয়জন গেছে চলি,
যে পথে তোমার চির অভিশাপ, যে পথে ভ্রান্তি চির পরিতাপ,
হে মহাচালক, মোদের কখনো করোনা সে পথগামী।।

**(৩)**

হে খোদা দয়াময়, রহমান রহিম
হে বিরাট হে মহান হে অনন্ত অসীম।।
নিখিল ধরণীর তুমি অধিপতি,
তুমি নিত্য ও সত্য পবিত্র অতি,

চির অন্ধকারে তুমি ধ্রুব জ্যোতি
তুমি সুন্দর মঙ্গল মহামহিম।।

তুমি মুক্ত স্বাধীন বাধা বন্ধনহীন
তুমি এক তুমি অদ্বিতীয় চিরদিন
তুমি সৃজন পালন ধ্বংসকারী
তুমি অব্যয় অক্ষয় অনন্ত আদিম ॥

আমি গুনাহগার পথ অন্ধকার
জ্বালো নূরের আলো নয়নে আমার
আমি চাইনা বিচার রোজ হাশরের দিন।
চাই করুণা তোমারি ওগো হাকিম ॥

# কোর্স -এ পতাকা উত্তোলন অনুষ্ঠান, পতাকা নামানো ও দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠান

## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : পতাকা উত্তোলন অনুষ্ঠান, পতাকা নামানো ও দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠান | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন-

১. বেসিক কোর্স সহ যে কোন প্রশিক্ষণ কোর্সে পতাকা উত্তোলন অনুষ্ঠান পরিচালনা পদ্ধতি নিয়মাবলী বর্ণনা করতে পারবেন;

২. পতাকা উত্তোলন অনুষ্ঠানের নমুনা কর্মসূচি তৈরি করতে পারবেন;

৩. পতাকা উত্তোলন অনুষ্ঠানের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবেন।

৪. প্রশিক্ষণ কোর্সে পতাকা নামানো ও দায়িত্ব হস্তান্তর পদ্ধতি আলোচনা করতে পারবেন;

**সূচিপত্র** (সারসংক্ষেপ)

১. পতাকা উত্তোলন অনুষ্ঠান কী এবং কেন?

২. পতাকা উত্তোলন অনুষ্ঠানে অবস্থান

৩. পতাকা উত্তোলন অনুষ্ঠান পরিচালনা পদ্ধতি

৪. পতাকা নামানো ও দায়িত্ব হস্তান্তর পদ্ধতি

**বিষয়সূচির বিবরণ:** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

১. ভূমিকা

২. পতাকা উত্তোলন অনুষ্ঠান কী এবং কেন?

৩. অবস্থান ও পরিচালনা পদ্ধতি

৪. পতাকা নামানো ও দায়িত্ব হস্তান্তর পদ্ধতি

৫. ব্যবহারিক ও প্রদর্শন

৬. সামিং আপ

৭ সমাপ্তি

**প্রশিক্ষণ পদ্ধতি** ক. লেকচার; খ. ডেমোনেস্ট্রেশন।

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:** পতাকা, পতাকা দন্ড, রশি, বাঁশি।

**ফলোআপ/অনুসরণ প্রক্রিয়া:** (সেশন পরবর্তী)
কোর্স চলাকালীন পতাকা উত্তোলন অনুষ্ঠান ও পতাকা হস্তান্তর অনুষ্ঠান পরিচালনা।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# ইউনিট লিডার কোর্সের পতাকা নামানো ও দায়িত্ব হস্তান্তরের নিয়মাবলী

## সময়

সূর্যাস্তের ১০ মিঃ পূর্বে পতাকা নামাতে হবে।

## অবস্থান

১. সার্ভিস লিডারসহ সকল উপদলের উপদল নেতা ও সহকারী উপদল নেতা এবং পরবর্তী দায়িত্ব গ্রহণকারী সদস্যগণ পতাকা দন্ডের সামনে নির্ধারিত সময় উপস্থিত হবে।

২. বিদায়ী সার্ভিস লিডার ও পরবর্তী দায়িত্বপ্রাপ্ত সার্ভিস লিডার পাশাপাশি দাঁড়াবে।

৩. প্রত্যেক উপদলের বিদায়ী নেতা ও পরবর্তী দায়িত্ব গ্রহণকারী উপদল নেতা উপদল ভিত্তিক পতাকা দন্ডের সামনে সারিবদ্ধভাবে দাঁড়াবে।

৪. দায়িত্ব হস্তান্তরের সময় উপদলের সকল সদস্য উপস্থিত থাকতে পারে। যদি উপস্থিত থাকে সে ক্ষেত্রে উপদল ভিত্তিক অশ্বখুরাকৃতিতে সকলে দাঁড়াবে/ষষ্ঠক ভিত্তিক বৃত্তে দাঁড়াবে।

## ক্রমধারা

১. বিদায়ী সার্ভিস লিডার কর্তৃক হুইসেল বাজানো;
২. সোজা হওয়া ও পতাকাকে সালাম জানানো;
৩. পতাকা নামানো ও পরবর্তী দায়িত্ব প্রাপ্ত সার্ভিস লিডারের নিকট হস্তান্তর;
৪. র‌্যাংক ব্যাজ হস্তান্তর ও শুভ কামনা;
৫. নতুন দায়িত্ব প্রাপ্ত সার্ভিস লিডার ও অন্যান্য প্যাট্রোল লিডার সকলের সাথে অনানুষ্ঠানিক পরিচিতি;
৬. নতুন সার্ভিস লিডার কর্তৃক ছুটি ঘোষণা।

## পদ্ধতি

বিদায়ী সার্ভিস লিডার হুইসেল বাজানোর সাথে সাথে যে যেখানে যে অবস্থায় আছে শব্দ শোনার সাথে সাথে সোজা হয়ে দাঁড়াবে। সার্ভিস লিডার সোজা হওয়ার ঘোষণা দিলে সকলে সোজা হয়ে দাঁড়াবে এবং পতাকাকে সালাম প্রদর্শন করবে। তৎপর পতাকা নামিয়ে পরবর্তী দায়িত্বপ্রাপ্ত সার্ভিস লিডারের নিকট তা হস্তান্তর করবে। সেইসাথে সার্ভিস লিডারের র‌্যাংক ব্যাজ হস্তান্তর করে শুভ কামনা করে বিদায় নেবে। এই সময় একইসাথে প্রত্যেক উপদলের বিদায়ী উপদলের নেতা পরবর্তী দায়িত্বপ্রাপ্ত উপদল নেতাকে র‌্যাংক ব্যাজ হস্তান্তর করে শুভ কামনা করে বিদায় নেবে এবং বিদায়ী সহকারী উপদল র‌্যাংক ব্যাজ হস্তান্তর করে শুভ কামনা করে বিদায় নেবে।


নতুন দায়িত্ব গ্রহণকারী নেতাগণ সকলের সাথে অনানুষ্ঠানিকভাবে পরিচিত হবে এবং সকলের সহয়তা কামনা করবে। এই পর্যায়ে নতুন দায়িত্ব গ্রহণকারী সার্ভিস লিডার ছুটি ঘোষণা দিলে সকলে সোজা হয়ে যথানিয়মে স্থান ত্যাগ করবে।

# কাব স্কাউট ইউনিট লিডার কোর্সে পতাকা উত্তোলন অনুষ্ঠান পরিচালনা করার নিয়মাবলী

১. কাব ইউনিট লিডার কোর্সে (বেসিক এবং অ্যাডভান্স) প্রতিদিন স্কাউট পতাকা উত্তোলন করতে হবে।

২. কোর্স লিডার, কোর্স স্টাফ এবং শিক্ষার্থীগণ পতাকা দন্ডকে নিয়ে মহাবৃত্তে দাঁড়াবেন। সিনিয়র ষষ্ঠক নেতা পতাকা দন্ডের বিপরীতে দাঁড়াবে।

৩. কোর্স লিডারের দাঁড়াবার নির্দিষ্ট স্থান পতাকা দন্ডের ডান দিকে (পতাকা দণ্ড থাকবে কোর্স লিডারের বাম দিকে এবং অনুষ্ঠান পরিচালক দাঁড়াবেন কোর্স লিডারের বাম দিকে পতাকা দন্ডকে তাঁর ডান দিকে রেখে। অন্যান্য স্টাফ দাঁড়াবেন কোর্স লিডার এবং অনুষ্ঠান পরিচালকের ডান এবং বাম দিকে। প্রথমে সকলে আরামে দাঁড়াবেন। কোর্স লিডার সবশেষে আসবেন।




নমুনা কাব বৃত্ত

৪. কোর্স লিডার পতাকা দন্ড থেকে আনুমানিক ১০ কদম দূরে থাকতে অনুষ্ঠান পরিচালক প্রথমে নিজে সোজা হয়ে দাঁড়িয়ে সকলকে সোজা হয়ে দাঁড়াবার জন্য সংকেত প্রদান করবেন। (এই সংকেত প্রদান করতে হবে, ডান হাতের তালু দিয়ে ডান উরুতে একবার জোরে আঘাত করে জোরে শব্দ করে)। সংকেত পাওয়ার পর সকলে সোজা হয়ে দাঁড়ালে অনুষ্ঠান পরিচালক কোর্স লিডারের দিকে ঘুরে দাঁড়াবেন। তিনি কোর্স লিডারকে সালাম দেবেন এবং কোর্স লিডার তাঁর সালামের প্রতি উত্তরে তাকে সালাম দেবেন। সালাম বিনিময়ের পর কোর্স লিডার তাঁর জন্য নির্দিষ্ট স্থানে গিয়ে সোজা হয়ে দাঁড়াবেন। অনুষ্ঠান পরিচালক নিজের অবস্থায় ফিরে যাবেন।

৫. এরপর অনুষ্ঠান পরিচালক সকলকে সংকেত দিয়ে আরামে দাঁড় করাবেন (এই সংকেত দিতে হবে, ডান হাতকে শরীরের ডান দিকে ৪৫ ডিগ্রী বরাবর সম্প্রসারিত করে)।

৬. এরপর গ্রান্ড ইয়েল। যিনি গ্রান্ড ইয়েল পরিচালনা করবেন তিনি সোজা হয়ে দাঁড়িয়ে বৃত্তের এক কদম সামনে এগিয়ে এসে যথানিয়মে সমবেত শিক্ষার্থীদের নিয়ে গ্র্যান্ড ইয়েল দেবেন। গ্র্যান্ড ইয়েল শেষ হলে তিনি সমবেত সকলকে আরামে দাঁড়াবার সংকেত দেবেন। সকলে আরামে দাঁড়ালে তিনি তাঁর নিজের জায়গায় ফিরে যাবেন।

৭. এরপর অনুষ্ঠান পরিচালক ঘোষণা করবেন "পতাকা উত্তোলন"। সাথে সাথে কোর্স লিডার সোজা হয়ে পতাকার দিকে ঘুরে দাঁড়াবেন এবং ঘোষণাকারী সকলকে সংকেত দিয়ে সোজা করবে।

৮. সকলে (যাদের ঘোরা প্রয়োজন) পতাকা দন্ডের দিকে ঘুরে দাঁড়াবার পর কোর্স লিডার ধীরে ধীরে পতাকাকে উপরে তুলতে শুরু করবেন।

৯. পতাকা, দন্ডের শীর্ষ স্পর্শ করলে অনুষ্ঠান পরিচালক ঘোষণা দেবেন "পতাকাকে সালাম কর" সঙ্গে সঙ্গে সকলে পতাকাকে সালাম করবেন। কোর্স লিডার যত তাড়াতাড়ি সম্ভব পতাকা দন্ডের সাথে পতাকার দড়ি বেঁধে এক কদম পিছনে গিয়ে পতাকাকে সালাম করবেন। এরপর অনুষ্ঠান পরিচালক ঘোষণা দেবেন "হাত নামাও" তারপর সকলে একই সাথে হাত নামাবেন এবং ঘুড়ে দাঁড়াবেন অর্থাৎ পূর্বের অবস্থায় ফিরে যাবেন।

১০. অনুষ্ঠান পরিচালক সকলকে আরামে দাঁড়ানোর সংকেত দেবেন। সকলে আরামে দাঁড়াবেন।

১১. এরপরে ঘোষণা "প্রার্থনা সংগীত"। এ ঘোষণা শোনার পর প্রার্থনা সংগীত পরিবেশনকারী নিজে জায়গায় সোজা হয়ে দাঁড়াবেন এবং বৃত্ত থেকে এক কদম এগিয়ে এসে কোর্স লিডারকে সালাম করবেন। কোর্স লিডার সালাম দেবেন। সালাম বিনিময়ের পরে তিনি "আরাম" অবস্থায় দাঁড়াবেন।

১২. এরপর অনুষ্ঠান পরিচালক সকলকে "প্রার্থনার জন্য প্রস্তুত" এই নির্দেশ দেবেন। সকলে প্রার্থনার জন্য প্রস্তুত হবার পর প্রার্থনা সংগীত পরিবেশনকারী প্রার্থনা সংগীত শুরু করবেন। তাকে অনুসরণ করে সমবেতভাবে সকলে প্রার্থনা সংগীত গাইবেন। এভাবে প্রার্থনা সংগীত শেষ করতে হবে।

১৩. প্রার্থনা সংগীত গাওয়া শেষ হলে পরিবেশনকারী নিজের জায়গায় সোজা হয়ে দাঁড়িয়ে কোর্স লিডারকে সালাম দেবেন। কোর্স লিডার যথারীতি সালাম নেবেন। এরপর প্রার্থনা সংগীত পরিবেশনকারী এক কদম পিছনে গিয়ে নিজের জায়গায় প্রার্থনার জন্য প্রস্তুত অবস্থায় দাঁড়াবেন।

১৪. এরপর অনুষ্ঠান পরিচালক সকলকে পূর্বের অবস্থায় ফিরে যাওয়ার ঘোষণা দেবেন "যেমন ছিলে"।

১৫. এরপর ঘোষণাকারী ঘোষণা দেবেন "পরিদর্শন রিপোর্ট"। সাথে সাথে পরিদর্শন রিপোর্ট প্রদানকারী নিজের জায়গায় সোজা হয়ে দাঁড়িয়ে বৃত্ত থেকে এক কদম সামনে এসে কোর্স লিডারের দিকে ঘুরে কোর্স লিডারকে সালাম করবেন। কোর্স লিডার যথারীতি তার দিকে ঘুরে সালাম নেবেন। সালাম বিনিময় শেষে কোর্স লিডার এবং পরিদর্শন রিপোর্ট প্রদানকারী উভয়েই ঘুরে বৃত্তের কেন্দ্রের দিকে মুখ করে দাঁড়াবেন। এরপর পরিদর্শন রিপোর্ট প্রদানকারী তার পরিদর্শন রিপোর্ট পেশ করবেন। এরপর তিনি আরাম অবস্থায় দাঁড়াবেন। রিপোর্ট প্রদান শেষে রিপোর্ট প্রদানকারী নিজের জায়গায় সোজা দাঁড়িয়ে পরবর্তীতে কোর্স লিডারের দিকে ঘুরে কোর্স লিডারকে সালাম দেবেন। কোর্স লিডার যথারীতি সালাম নেবেন। সালাম বিনিময় শেষে উভয়েই আবার বৃত্তের কেন্দ্রের দিকে মুখ করে ঘুরে দাঁড়াবেন। এরপর পরিদর্শন রিপোর্ট প্রদানকারী এক কদম পিছনে গিয়ে বৃত্তের মধ্যে নিজের স্থানে ফিরে "আরামে" দাড়াবেন।

১৬. এরপর অনুষ্ঠান পরিচালক পরিদর্শন রিপোর্ট অনুযায়ী মান অর্জনকারী ষষ্ঠক নেতাদের কোর্স লিডারের কাছ থেকে গৌরব পতাকা গ্রহণ করার জন্য আহ্বান জানাবেন। যদি একাধিক ষষ্ঠক একই নম্বর পেয়ে থাকে সে ক্ষেত্রে তাঁদের সকলকে একই সাথে আসার জন্য আহ্বান জানাবেন। আহ্বান পাওয়ার পর ষষ্ঠক নেতা প্রথমে নিজ জায়গায় সোজা হয়ে দাঁড়িয়ে প্রয়োজনবোধে টার্ন নিয়ে সেখান থেকে সরাসরি দৌড়ে কোর্স লিডারের সামনে চলে আসবেন। কোর্স লিডার থেকে দু'কদম দূরে থাকতে তিনি সোজা হয়ে দাঁড়িয়ে কোর্স লিডারকে সালাম করবেন। কোর্স লিডার যথারীতি সালাম নেবেন। সালাম বিনিময়ের পর তিনি কোর্স লিডারের দিকে এক কদম সামনে এগিয়ে আসবেন। কোর্স লিডার ষষ্ঠককে তাঁদের কৃতিত্বের জন্য ধন্যবাদ জানিয়ে ষষ্ঠক নেতার হাতে গৌরব পতাকা দেবেন।

১৭. গৌরব পতাকা পাওয়ার পর ষষ্ঠক নেতা এক কদম পিছনে গিয়ে কোর্স লিডারকে স্কাউট সালাম করবেন। কোর্স লিডার যথারীতি সালাম নেবেন। এরপর ষষ্ঠক নেতা আর এক কদম পিছনে গিয়ে প্রয়োজনবোধে টার্ন নিয়ে দৌড়ে নিজের জায়গায় ফিরে গিয়ে "আরামে" দাঁড়াবেন।

১৮. এভাবে মান অর্জনকারী প্রত্যেক ষষ্ঠক নেতা উল্লেখিত আনুষ্ঠানিকতা সম্পন্ন করে কোর্স লিডারের কাছ থেকে গৌরব পতাকা গ্রহণ করে নিজ নিজ জায়গায় ফিরে যাবেন।


১৯. গৌরব পতাকা প্রদান শেষ হলে অনুষ্ঠান পরিচালক প্রথম স্থান অধিকারী ষষ্ঠককে উৎসাহ প্রদান করার জন্য ইয়েল দেবেন। অনুষ্ঠান পরিচালক বলবেন যেমন "ক " ষষ্ঠক"। অন্য সবাই বলবে "সাবাস, সাবাস, ভাই বোনেরা"। এ সময় ঐ ষষ্ঠকের সদস্যরা নিরব থাকবেন। সাথে সাথে প্রতি উত্তরে ষষ্ঠক বলবে-ধন্যবাদ, ধন্যবাদ, ধন্যবাদ

২০. পরিচালক থিম অব দি ডে- ঘোষণা দেয়ার সাথে পূর্বেই দায়িত্ব প্রাপ্ত শিক্ষার্থী নিজ জায়গায় সোজা হয়ে এক কদম সামনে এসে কোর্স লিডারকে ছালাম বিনিময়ের পর থীম অব দি ডে পাঠ করবেন সবাই তার সাথে পাঠ করবেন এবং তিনবার পাঠ শেষে কোর্স লিডারকে পুন:ছালাম করে নিজ জায়গায় গিয়ে আরামে দাড়াবেন।

২১. পরে অনুষ্ঠান পরিচালক ঘোষণা দেবেন– "কোর্স লিডারের বক্তব্য"/ঘোষণা– কোর্স লিডারে বক্তব্য শেষে পূর্বের মত গ্র্যান্ড ইয়েল হবে। গ্র্যান্ড ইয়েল শেষ হলে পরিচালক দলকে সোজা হওয়ার সংকেত দিলে দল সোজা হবে। পরিচালক বলবেন "পরবর্তী কার্যক্রমের জন্য ছুটি– দলের সদস্যগণ ডানদিকে ঘুরে "ধন্যবাদ" বলে ষষ্ঠক ভিত্তিক স্থান ত্যাগ করে সেশন হলে যাবেন।

# স্কাউট/রোভার স্কাউট ইউনিট লিডার কোর্সে পতাকা উত্তোলন অনুষ্ঠান পরিচালনা করার নিয়মাবলী

স্কাউট/রোভার স্কাউট ইউনিট লিডার কোর্সে প্রতিদিন স্কাউট পতাকা উত্তোলন করতে হবে। এ অনুষ্ঠান সঠিক নিয়মে হওয়া বাঞ্ছনীয়।




স্কাউট / রোভার স্কাউট শাখার নমুনা পতাকা উত্তোলন অনুষ্ঠান

## অবস্থান

১. কোর্স লিডার পতাকা দন্ডের ঠিক এক কদম পেছনে দাঁড়াবেন;

২. অনুষ্ঠান পরিচালক কোর্স লিডারের তিন কদম বামে এক কদম পিছনে দাঁড়াবেন। (কোর্সের যে কোন অভিজ্ঞ স্টাফ);

৩. প্রার্থনা সংগীত যিনি গাইবেন তিনি কোর্স লিডারের তিন কদম ডান দিকে এক কদম পিছনে এসে দাঁড়াবেন;

৪. সহকর্মীবৃন্দ এক সারিতে কোর্স লিডারের দুই কদম পেছনে দাঁড়াবেন;

৫. শিক্ষার্থীবৃন্দ পতাকাদন্ডকে সামনে রেখে অশ্বখুরাকৃতি অবস্থায় দাঁড়াবেন;

৬. কোর্স লিডার আসার পূর্বে সবাই যথাযথভাবে যথাযথ স্থান গ্রহণ করে আরামে দাঁড়িয়ে থাকবেন।

## পতাকা উত্তোলন অনুষ্ঠানের ক্রমধারা

১. কোর্স লিডারের অভ্যর্থনা - অনুষ্ঠান পরিচালক যথাযথ নিয়মে কোর্স লিডারকে সালাম সহকারে অভ্যর্থনা জানাবেন;

২. পতাকা উত্তোলন ও পতাকাকে সালাম - অনুষ্ঠান পরিচালক পতাকা উত্তোলন ও পতাকাকে সালামের কমান্ড দেবেন;

৩. প্রার্থনা সংগীত - এ পর্যায়ে প্রার্থনা সংগীতের কমান্ড হবে এবং সংগীত পরিবেশিত হবে;

৪. পরিদর্শন রিপোর্ট - অতঃপর পরিদর্শক টীমের পক্ষ হতে একজন পরিদর্শন রিপোর্ট পেশ করবেন;

৫. গৌরব পতাকা ও সাবাস ইয়েল: পরিদর্শনের ফলাফলের ভিত্তিতে গৌরব পতাকা প্রদান সাবাস ইয়েল প্রদান করা হবে;

৬. থিম অব দি ডে ঘোষণা: এ পর্যায়ে সার্ভিস টীমের যে কোন এক যথানিয়মে থিম অব দি ডে' ঘোষণা করবেন;

৭. কোর্স লিডারের বক্তব্য: থিম অব দি ডে ঘোষণার পর মাননীয় কোর্স লিডার সংক্ষিপ্ত দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করবেন;

৮. পরবর্তী কার্যক্রমের জন্য ছুটি: পরিচালক পরবর্তী কার্যক্রমের জন্য ছুটি ঘোষণার মাধ্যমে পতাকা উত্তোলন অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করবেন।

## পদ্ধতি

কোর্স লিডার পতাকা দন্ড থেকে ১০ কদম দূরে থাকতে অনুষ্ঠান পরিচালক দলকে "সোজা হও" কমান্ড দেবেন। সবাই সোজা হওয়ার পরপরই ঘোষণাকারী কোর্স লিডারের দিকে ঘুরে তাঁকে সালাম করবেন। কোর্স লিডার সালাম গ্রহণ করার পর পতাকা দন্ডের পিছনে এসে নিজ অবস্থানে দাঁড়ালে অনুষ্ঠান পরিচালকও পূর্বের অবস্থায় ফিরে দলকে পুনরায় 'আরামে দাঁড়াও' এই কমান্ড দেবেন। এই কমান্ডের সঙ্গে সঙ্গে কোর্স লিডারসহ সবাই আরামে দাঁড়াবেন। এরপর অনুষ্ঠান পরিচালক "পতাকা উত্তোলন" কমান্ড দেয়ার সঙ্গে সঙ্গে কোর্স লিডার সোজা হয়ে পতাকার দড়ি খুলবেন। অনুষ্ঠান পরিচালক এরপর কমান্ড দেবেন "সোজা হও"। সবাই সোজা হওয়ার সঙ্গে সঙ্গেই কোর্স লিডার পতাকা উপরে উঠাতে থাকবেন। পতাকা যখন দন্ডের শীর্ষে উঠবে তখন অনুষ্ঠান পরিচালক কমান্ড দেবেন "পতাকাকে সালাম কর"। সকলে হাত তুলে সালাম করে দাঁড়িয়ে থাকবেন। কোর্স লিডার যত তাড়াতাড়ি সম্ভব পতাকার দড়ি পতাকা দন্ডে বেঁধে এক কদম পেছনে এসে পতাকাকে সালাম করবেন। কোর্স লিডার সালাম করার পরই অনুষ্ঠান পরিচালক কমান্ড দেবেন "হাত নামাও"। তখন সবাই এক সঙ্গে হাত নামাবেন। এর পর অনুষ্ঠান পরিচালক সকলকে আরামে দাঁড় করিয়ে কমান্ড দেবেন " প্রার্থনা সংগীত"। সঙ্গে সঙ্গে যিনি প্রার্থনা সংগীতে নেতৃত্ব দেবেন তিনি নিজ জায়গায় সোজা হয়ে দাঁড়াবেন এবং তার জায়গা হতে পতাকা দন্ডের দিকে এমনভাবে ঘুরে দাঁড়াবেন যেন তিনি সরাসরি পতাকা দন্ডের কাছে আসতে পারেন। পতাকা দন্ড হতে তিন কদম দুরে দাঁড়িয়ে কোর্স লিডারকে সালাম করবেন ও কোর্স লিডারের তিন কদম ডান দিকে এক কদম পেছনে গিয়ে আরামে দাঁড়াবেন। তার দাঁড়ান শেষ হলে কমান্ড হবে "প্রার্থনার জন্য প্রস্তুত"। সকলে দুই হাত সামনে বেঁধে প্রার্থনার জন্য দাঁড়াবে। এরপর প্রার্থনা সংগীতে নেতৃত্বদানকারী প্রার্থনা সংগীত শুরু করবেন। তার সাথে সাথে সকলে প্রার্থনা সংগীত গাইবেন। প্রার্থনা সংগীত শেষ হওয়ার পর (যিনি প্রার্থনা সংগীতে নেতৃত্ব দেবেন) তিনি পুণরায় কোর্স লিডারের সম্মুখে গিয়ে তাকে সালাম দিয়ে এক কদম পেছনে যাবেন। তারপর নিজের জায়গায় ফিরে যাবেন এবং প্রার্থনা অবস্থায় দাঁড়াবেন।

এরপর কমান্ড হবে “যেমন ছিলে”। সবাই আরামে দাঁড়াবে। এবারে কমান্ড হবে “পরিদর্শন রিপোর্ট ”। যিনি পরিদর্শন রিপোর্ট দেবেন তিনি কোর্স স্টাফদের সারি থেকে তিন কদম সামনে এগিয়ে কোর্স লিডারের দিকে ঘুরে কোর্স লিডারকে সালাম দেবেন। তারপর দুই কদম পিছিয়ে ঘোষণাকারীর লাইনে এসে রিপোর্ট পেশ করবেন। রিপোর্ট শেষে দুই কদম সামনে যেয়ে কোর্স লিডারকে সালাম দিয়ে তিন কদম পিছিয়ে নিজ স্থানে ফিরে যাবেন। পরিদর্শন রিপোর্টে যে উপদল উত্তীর্ণ মানে পৌঁছে সে উপদলকে ‘গৌরব পতাকা’ প্রদান ও স্কাউট পদ্ধতিতে সাবাসী ইয়েল দিতে হবে। (যেমন- অনুষ্ঠান পরিচালক বললেন “ক” উপদল “ক” উপদল ছাড়া অন্যান্য উপদলের সদস্যবৃন্দ বলবেন সাবাস, সাবাস সাবাস ভাই বোনেরা। সাথে সাথে প্রতিউত্তরে ‘ক’ উপদল বলবেন ধন্যবাদ, ধন্যবাদ, ধন্যবাদ। সাবাসী ইয়েলের পর অনুষ্ঠান পরিচালক ঘোষণা দেবেন থীম অব দি ডে: তখন যিনি থীম অব দি ডে পাঠ করবেন তিনি এক কদম সামনে এসে কোর্স লিডারকে সালাম দিয়ে “থীম অবদি ডে” পড়ে শোনাবেন এবং পরে কোর্স লিডারকে সালাম দিয়ে নিজ জায়গায় ফিরে যাবেন। কোর্স লিডারের বক্তব্য, এ ঘোষণার পর কোর্স লিডার তার বক্তব্য পেশ করবেন। কোর্স লিডারের বক্তব্যের পর অনুষ্ঠান পরিচালক কমান্ড দেবেন “সোজা হও”। সবাই সোজা হবে। এরপর কমান্ড হবে “পরবর্তী কার্যক্রমের জন্য ছুটি”। সবাই ডান দিকে ঘুরে সালাম করার পর ‘ধন্যবাদ‘ শব্দ উচ্চারণ করে উপদল ভিত্তিক স্থান ছেড়ে পরবর্তী কার্যক্রমে যোগ দেবেন।

# শরীর চর্চা ও স্বাস্থ্য

## সেশন প্লান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **সেশনের নাম** | : | শরীর চর্চা ও স্বাস্থ্য | **কোর্স** | : | ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | | **তারিখ** | : | |
| **আরম্ভের সময়** | : | | **শেষ করার সময়** | : | |
| **মোট সময়** | : | | **শিক্ষাদানের তারিখ** | : | |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন-

১. স্বাস্থ্য রক্ষায় শরীর চর্চার গুরুত্ব ব্যাখ্যা করতে পারবেন।
২. বি পি পিটি কী, কেন এবং কীভাবে তা বর্ণনা করতে পারবেন।
৩. বিপি পিটিতে শ্বাস গ্রহণ ও প্রশ্বাসের নিয়ম ব্যাখ্যা করতে পারবেন।
৪. বিপি পিটিতে প্রার্থনার বিষয় বলতে পারবেন।
৫. ওয়ার্ম আপ, টার্ন আপ, কমান্ড ও মার্চ পাস্ট ব্যাখ্যা করতে পারবেন

**সূচিপত্র** (সারসংক্ষেপ)

১. স্বাস্থ সচেতনতা ও শরীর চর্চার গুরুত্ব
২. বি-পি পি,টি কী, কেন এবং কিভাবে
৩. শ্বাস প্রশ্বাস ও প্রার্থনা
৪. ওয়ার্ম আপ
৫. কমান্ড
৬. মার্চ পাস্ট

**বিষয়সূচির বিবরণঃ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ):

১. ভূমিকা
২. শরীর চর্চার গুরুত্ব
৩. ওয়ার্ম আপ ও কমান্ড
৪. মার্চ পাস্ট ও গৌরব পতাকা গ্রহণের অনুশীলন
৫. বি-পি পিটি কী এবং কেন ?
৬. পি-পিম পিটি অনুশীলন
৭. প্রশ্ন উত্তর
৮. সমাপ্তি

**প্রশিক্ষণ পদ্ধতিঃ** ক. লেকচার; খ. ডেমোনেস্ট্রেশন; গ. ড্রিল।

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণঃ** কোর্স চলাকালীন ওয়ার্ম আপ, কমান্ড, মার্চপাস্ট ও বি-পি, পিটি অনুশীলনের মাধ্যমে।

**ফলোআপ/অনুসরণ প্রক্রিয়াঃ** (সেশন পরবর্তী)
প্রতিদিন ভোরে বি-পি পি.টি -তে অংশগ্রহণ।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| স্বাক্ষর | : | | স্বাক্ষর | : | |
| কোর্স লিডার | : | | সেশন পরিচালক | : | |

## স্বাস্থ্য সচেতনতা ও শরীর চর্চা

যুবকদের শারীরিক উন্নয়ন স্কাউট আন্দোলনের লক্ষ্য উদ্দেশ্যের মধ্যে অন্যতম উদ্দেশ্য।

শারীরিক উন্নয়নে স্কাউট প্রোগ্রাম বিভিন্ন ধরণের কর্মসূচি অন্তর্ভুক্ত করা হয়েছে। বি-পি এক্ষেত্রে বিশেষ ভাবে ছয়টি পি-টির শিক্ষা দিয়েছেন। স্বাস্থ্য সচেতনতা ও শরীর চর্চা স্কাউটিং কার্যক্রমের অন্যতম বিষয়। এক্ষেত্রে প্রতিটি কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউট প্রয়োজনীয়তা সম্পর্কে বাস্তব জ্ঞান অর্জন করতে হবে। এ শিক্ষা দেহ ও মনের সামঞ্জস্যপূর্ণ উন্নয়ন সাধন করে। যে সব গুণ থাকলে প্রতিটি মানুষ সুস্থ্য সবল ও দায়িত্বজ্ঞান সম্পন্ন হয়ে উঠে এবং নিজের আবেগ নিয়ন্ত্রণে সক্ষম হয়। শারীরিক শিক্ষা সেই গুণাবলি অর্জনে বিশেষ ভূমিকা রাখে।

মানবদেহ কতকগুলো অঙ্গের সমষ্টি। আবার প্রত্যেকটি অঙ্গ নানা প্রকার মাংসপেশি, হাড়, শিরা, ধমনি ইত্যাদি নিয়ে গঠিত। দেহকে ঠিক রাখার জন্য সব সময়ই দেহের মধ্যে কতকগুলো প্রক্রিয়া কাজ করে। এই প্রক্রিয়াগুলো সুষ্ঠভাবে চলার জন্য প্রয়োজন শারীরিক সুস্থতা। সুষম খাদ্য, অঙ্গ সঞ্চালন, বিশ্রাম ও ঘুম এ গুলোর অভাবে শরীর সঠিকভাবে বৃদ্ধি পায়না ও সুস্থ থাকে না। শারীরিক শিক্ষা, স্বাস্থ্য সচেতনতা এবং শরীর চর্চার অন্যতম উদ্দেশ্য হলো যুবক/যুবতীর শারীরিক সুস্থতা অর্জন, মানসিক বিকাশ সাধন, চারিত্রিক গুণাবলি অর্জন ও সামাজিক গুণাবলি অর্জন। এর মাধ্যমে যুবদের শারীরিক, সামাজিক ও অন্যান্য দিকের সুষম উন্নতি ঘটিয়ে ব্যক্তিসত্তার সর্বাঙ্গিন বিকাশ সাধনের চেষ্টা করা। এ বিকাশ সাধনের উপায় হলো স্বাস্থ্যবিধি মেনে চলা ও নিয়মনীতি অনুসারে পরিচালিত খেলাধূলা, ছন্দোময় ব্যায়াম এবং জিমন্যাস্টিকস ইত্যাদি ক্রিয়া কর্মে অংশগ্রহণ। শরীর চর্চার মাধ্যমে অংশগ্রহণকারীর দৈহিক গঠন সুন্দর ও মজবুত হয়, রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি পায়। দৈহিক গঠন সুন্দর ও মজবুত হয় এবং গতিশীল কাজের জৈবিক প্রয়োজন পূরণ হয়।

শারীরিক সক্ষমতায় শরীর চর্চা ও ব্যায়ামের প্রভাব অপরিসীম। ক্লান্ত না হয়ে শক্তি ও সচেতনতার সাথে দৈনন্দিন জীবনের প্রয়োজনীয় কাজকর্ম সম্পন্ন করা। আনন্দ ও উৎসাহের সাথে অবসর সময় কাটানো এবং সংকট মোকাবেলার সামর্থ হলো শারীরিক সক্ষমতা। শারীরিক সক্ষমতা অর্জন করলে একজন যুবক/যুবতি দৈনন্দিন জীবনের সব প্রতিকূলতা অতিক্রম করে সুস্থ জীবনযাপনে অভ্যস্থ হবে।

## শরীর চর্চা ও ব্যয়ামের প্রভাবে শরীরের ভিতর যে পরিবর্তন হয় তা হলো

১. হৃৎপিন্ডের পেশী শক্তিশালী হয়;

২. হৃৎপিন্ডে রক্ত সঞ্চালন করার ক্ষমতা বাড়ে;

৩. পালস রেট (Puls rate) বৃদ্ধি পায়;

৪. রক্ত চলাচল বাড়ে;

৫. ব্যায়াম করলে রক্তের লোহিত কণিকা ও শ্বেত কণিকার সংখ্যা বেড়ে যায় ও বেশীদিন বাঁচে;

৬. শরীর চর্চা ও ব্যায়াম করার সময় ঘন ঘন শ্বাস প্রশ্বাস গ্রহণ করতে হয়। ফলে পর্যাপ্ত পরিমাণ অক্সিজেন গ্রহণ ও প্রশ্বাসের সাথে কার্বনডাই অক্সাইড বের হয়ে যায়;

৭. শরীরে বিভিন্ন ধরণের মাংসপেশি থাকে। শরীর চর্চা, ব্যায়াম ও খেলাধূলার ফলে মাংসপেশী আকৃতিতে বড় হয়। টিস্যুগুলো মোটা ও শক্তিশালী হয়। ফলে শারীরিক সক্ষমতা বৃদ্ধি পায়।

# প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা

(টিকা দিয়ে প্রতিরোধযোগ্য ৬টি রোগ)

## রোগব্যাধি

বাংলাদেশ একটি ঘন বসতিপূর্ণ উন্নয়নশীল দেশ। এখানে স্বাস্থ্য সমস্যার কারণে মা ও শিশু মৃত্যুর হার অধিক, তন্মধ্যে ছয়টি রোগ টীকা দান কর্মসূচির (ইপিআই) মাধ্যমে প্রতিরোধ করা সম্ভব। বর্তমানে এই টীকা দানের কারণে মা ও শিশুর অকাল মৃত্যু বহুলাংশে কমে এসেছে।

এ সকল রোগের কারণ, লক্ষণ ও প্রতিরোধ ব্যবস্থা নিম্নে আলোচনা করা হলঃ

## ১. ধনুষ্টংকার (TT)

**কারণ :** পশুর মলের মাধ্যমে নির্গত জীবানু মাটির সাথে মিশে থাকে। এই রোগের জীবানু কাটা বা ক্ষত স্থান দিয়ে মানব দেহে প্রবেশ করে। বিশেষ করে শিশুর জন্মের পর অপরিস্কার (জীবানু মুক্ত নয়) ছুড়ি, কাচি, বা ব্লেড দিয়ে নাড়ি কাটলে অথবা কাঁচা নাড়িতে, গোবর, ময়লাযুক্ত কাপড় ব্যাবহার করলে নবজাতক শিশুর ধনুষ্টংকার হতে পারে।

**লক্ষণ :** জন্মের ৩-৭ দিনের মধ্যে শিশুর হাত পা শরীর শক্ত হয়ে যায়, দুধ খায়না, কাঁদতেও পারে না। ৪-১০ দিন পর শিশুর হাত পা ও শরীর অধিক শক্ত হয়ে যায় এবং শরীর পিছনের দিকে বাঁকা হয়ে খিচুনী হয় ও শিশু মারা যায়।

**প্রতিরোধ :** *নিরাপদ প্রসব নিশ্চিত করা, নাড়ি কাটার জন্য জীবানু মুক্ত ব্লেড আধা ঘন্টা ফুটন্ত পানিতে ফুটিয়ে নিয়ে ব্যবহার করা।

* গর্ভবর্তী মাকে টিকা দিয়ে এই মৃত্যু রোধ করা যায়।
* ১৫-৪৫ বছর বয়সী সকল মহিলাকে পাঁচ ডোজ টিটি টিকা নিম্নলিখিত সময়ের ব্যবধানে দিতে হবে;
  - ১ম ডোজ যত তাড়াতাড়ি সম্ভব
  - ২য় ডোজ ১ম ডোজের ১ মাস পর
  - ৩য় ডোজ ২য় ডোজের ৬ মাস পর
  - ৪র্থ ডোজ ৩য় ডোজের ১ বছর পর
  - ৫ম ডোজ ৪র্থ ডোজের ১ বছর পর
* সাধারণভাবে সকল পুরুষ/মহিলাকে টিটি টিকা নিতে হবে।

কোন মহিলা পূর্বে টিটি টিকা না নিলে গর্ভাবস্থায় ৪র্থ ও ৮ম মাসের মধ্যে ২টি এবং সন্তান প্রসবের পরে নুন্যতম সময় ঠিক রেখে আরও তিনটি টিকা দিতে হবে।

## ২. ডিপথেরিয়া

**কারণ :** ডিপথেরিয়া জীবানু রোগাক্রান্ত শিশুর হাঁচি, কাশির মাধ্যমে বাতাসে ছড়িয়ে পড়ে। ঐ জীবানু সুস্থ্য শিশুর শরীরে প্রবেশ করে। আক্রান্ত শিশুর সংস্পর্শে আসলেও রোগ ছড়ায়।

**লক্ষণ:** ১-৩ দিনের শিশু খুব সহজেই ক্লান্ত হয়ে পড়ে। ঠিকমত খায়না, খেলাধূলা, ছোটাছুটি করে না, জ্বর ও কাশি হয়। গলা ফুলে যায়, গলদেশের ভিতরে সরের মত সাদা আস্তরণ পড়ে।

**প্রতিরোধ :** শিশুর জন্মের ১ বছরের মধ্যে ১ মাস পরপর ৩ ডোজ ডিপিটি টিকা দিলে শিশুকে মৃত্যুর হাত থেকে রক্ষা করা যায়। শিশুর জন্মের পর ৬ সপ্তাহ হলেই ১ম ডোজ টিকা আরম্ভ করতে হবে এবং নির্দিষ্ট ব্যবধানে সব কয়টি ডোজ সম্পন্ন হবে।

## ৩. হুপিং কাশি

**কারণ :** হুপিং কাশিতে আক্রান্ত শিশুর হাঁচি কাশির মাধ্যমে ও আক্রান্ত শিশুর সংস্পর্শে এলেও এ রোগ ছড়ায়।

**লক্ষণ :** ১ম সপ্তাহে শিশুর জ্বর হয়, নাক দিয়ে পানি পড়ে, চোখ মুখ লাল হয়ে যায় ও কাশি দেখা দেয়। ২ সপ্তাহে কাশি মারত্মক আকার ধারণ করে। হুপ শব্দ করে শ্বাস নেয়, যদি কাশি তিন সপ্তাহের বেশী হয় তা হলে হুপিং কাশি হিসেবে ধরে নেয়া যায়।

**প্রতিরোধ :** শিশুর ১ বছর বয়সের মধ্যে এক মাস অন্তর অন্তর ৩ ডোজ ডিপিটি টিকা দিলে শিশুকে হুপিং কাশি থেকে রক্ষা করা যায়। ১ম ডোজ শিশুর ৬ সপ্তাহ বয়স থেকে শুরু করতে হবে।

## ৪. পোলিও :

**কারণ :** আক্রান্ত ব্যক্তির মল দ্বারা দুষিত খাদ্য ও পানির মাধ্যমে এই রোগ ছড়ায়। আক্রান্ত ব্যক্তির সরাসরি সংস্পর্শে এলেও রোগ ছড়াতে পারে।

**লক্ষণ :** ১-৩ দিনে শিশুর স্বর্দি কাশি ও জ্বর হয়। ৩-৫ দিন মাথা ব্যাথা, শিশুর হাত পায়ে ব্যাথা হওয়ার কারণে শিশু দাড়াতে চায়না। অবশেষে শিশুর একাধিক হাত, পা পঙ্গু হয়ে যায়।

**প্রতিরোধ :** শিশু জন্মের ৬ সপ্তাহ পর থেকে এক মাস পর পর তিন ডোজ পোলিও টিকা (ওপিভি) খাওয়ালে এই রোগ প্রতিরোধ করা যায়। যদি কোন শিশু হাসপাতালে জন্মগ্রহণ করে তা হলে জন্মের পর পরই তাকে এক ডোজ টিকা খাওয়াতে হবে। যা অতিরিক্ত ডোজ বলে গণ্য হবে। পড়ে ৬ সপ্তাহ বয়স হলে তিন ডোজের কোর্স শুরু হবে।

## ৫. হাম :

**কারণ :** আক্রান্ত শিশুর হাচি কাশি থেকে হামের জীবানু বাতাসের মাধ্যমে সুস্থ শিশুর শরীরে প্রবেশ করে বা হমে আক্রান্ত শিশুর সংস্পর্শে এলেও এ রোগ ছড়াতে পারে।

**লক্ষণ :** ১-৩ দিন বেশ জ্বর, সর্দি ও কাশি হয়ে চোখ লাল ও চোখে পানি ছলছল করে। ৩-৪ দিন কানের পিছনে এবং কপালে লালচে হয়ে দানা দেখা দেয়, পরে তা মুখে ও শরীরের সর্বত্র দেখা দেয এ সময় জ্বর কমে যায়। ৬ষ্ঠ দিন দানা কালচে হয়ে একসময় খুসকির মত ঝড়ে যায়। হামের ফলে শিশুর নিউমোনিয়, ডায়ারিয়া, পুষ্টিহীনতা, চোখ উঠা ও কান পাকাসহ জটিল রোগ দেখা দিতে পারে এবং মস্তিস্কের ক্ষতিও হতে পারে।

**প্রতিরোধ :** শিশুর বয়স নয় মাস পূর্ণ হলে ১ ডোজ হামের টীকা দিয়ে এ রোগ প্রতিরোধ করা যায়। পুষ্টিহীন শিশুরা হামের ফলে পরবর্তী বিভিন্ন ধরণের রোগের সম্মুক্ষিণ হয়।৪-৬ মাসের শিশুকে পুষ্টিকর খাবার খাওয়ালে রোগ পরবর্তী জটিলতা থেকে রক্ষা করা যায়।

## ৬. যক্ষ্মা

**কারণ :** আক্রান্ত ব্যক্তির ঘনিষ্ঠ সংস্পর্শে, হাঁচি, কাশি ও থুথু'র মাধ্যমে এ রোগ ছড়ায়।

**লক্ষণ :** প্রথম অবস্থায় অল্প অল্প জ্বর ও কাশি হয়, ক্ষুধা কমে যায়, ওজন কমতে থাকে, ফুসফুস ছাড়াও ঘাড়ের গ্রন্থি (Gland) সহ যে কোন অঙ্গ আক্রান্ত হতে পারে। গ্রন্থি-বগল বা ঘারের গ্রন্থি ফুলে পেকে ক্ষতের সৃষ্টি করে। হাড়- যে কোন হাড়ের জোড়া ফুলে যায়। মেরুদন্ড বাঁকা হয়ে যায়, ব্যাথা হয়। মস্তিস্ক - (টিবি মেনিনজাইটিস) এর ফলে মারাত্মক মাথা ব্যাথা, অচেতনতা, ঘাড় শক্ত হওয়া ও খিচুনি হতে পারে।

**প্রতিরোধ :** * জন্মের পরপরই যদি তাড়াতাড়ি সম্ভব এক ডোজ বিসিজি টিকা দিয়ে শিশুর দেহে যক্ষ্মার বিরুদ্ধে প্রতিরোধ ক্ষমতা গড়ে তোলা যায়;

* জন্মের পরপরই বিসিজি টিকা দেয়া না হলে শিশুর এক বছর বয়সের মধ্যেই এই টিকা দিতে হবে।

### টিকার ছক

| রোগের নাম | টিকার নাম | ডোজের সংখ্যা | সময় | বিরতি | টিকার প্রয়োগ পথ |
|---|---|---|---|---|---|
| যক্ষ্মা | বিসিজি | ১টা | জন্মের পরপরই | | চামড়ার মধ্যে ইনজেকশন |
| ডিপথেরিয়া, হুপিং কাশি, ধনুষ্টংকার | ডিপিটি | ৩টা | জন্মের ৬ সপ্তাহ পূর্ণ হবার পর | ৪ সপ্তাহ | মাংসের মধ্যে |
| পোলিও | পোলিও | ৩ ফোটা | জন্মের ৬ সপ্তাহ পূর্ণ হবার পর | ৪ সপ্তাহ | মুখে খাওয়াতে হবে |
| হাম | হামের টিকা | ১টা | জন্মের ৯ সাম পূর্ণ হবার পর | | চামড়ার নিচে ইনজেকশন |

# স্বাস্থ্য রক্ষায় বি-পির ছয়টি পি.টি

স্কাউট আন্দোলনের প্রতিষ্ঠাতা ব্যাডেন পাওয়েল (বিপি) স্বাস্থ্য রক্ষায় খুব সহজ ছয়টি পি-টি চালু করেন। সকল বয়সের মানুষের জন্য এটা উপযোগী। এমনকি দুর্বল ও ছোট ছেলে-মেয়ে ও স্বাস্থ্য রক্ষার বি-পি, পি-টি করতে পারে। প্রতিদিন বি-পি পি-টি অনুশীলনের মাধ্যমে সে নিজেকে শক্তিশালী ও স্বাস্থ্যবান মানুষ হিসেবে গড়ে তুলতে পারে। পি-টি গুলো করতে মাত্র ১০ মিনিট সময় নেয় এবং কোন প্রকার যন্ত্রপাতির আবশ্যক হয় না। এ পি-টি গুলো অনুশীলনের সময় শ্বাস গ্রহণ ও ত্যাগ করা এবং প্রার্থনার বিষয়টি সঠিকভাবে সম্পাদন করতে হবে।

প্রত্যহ সকালে ঘুম থেকে উঠেই এবং প্রত্যহ রাতে বিছানায় যাওয়ার আগে পি-টিগুলো অভ্যাস করা উচিত। স্বল্প পরিচ্ছদ অথবা খালিগায়ে এবং মুক্ত বাতাস অথবা খোলা জানালার কাছে পি-টি গুলো অনুশীলন করা উত্তম। পি-টি করার সময় নাকের সাহায্যে নিশ্বাস গ্রহণ ও মুখের সাহায্যে ত্যাগ করার বিষয় যত্নবান হওয়া প্রয়োজন। এই পি-টিগুলো নগ্ন পদে অনুশীলন করলে পায়ের পাতা ও আঙ্গুলগুলো অধিকতর সবল হবে।


## বি-পি পি.টি

### ১ নম্বর পি-টি: মাথা ও ঘাড়ের জন্য

প্রথমে দুই হাতের তালু ও আঙ্গুল দিয়ে কয়েকবার মাথা, মুখমন্ডল এবং ঘাড় ঘসে নিতে হবে। তারপর আঙ্গুলগুলো দিয়ে ঘাড় এবং গলার মাংশপেশী টিপে নিতে হবে। ঘুম ভাঙ্গার পর বিছানায় বা ঘরেও এই পি-টি করা যেতে পারে। তার পরে চিরুনি দিয়ে চুল আঁচড়ে, দাঁত ব্রাস করে (মেজে) নাক মুখ ধুয়ে এক গ্লাস ঠান্ডা পানি পান করে পরবর্তী পি-টি গুলো করতে হবে। (যদিও এই পি-টিটি ১ নং পি-টি হিসেবে গণ্য করা হয়েছে কিন্তু সাধারণ পি-টি অর্থে যা বোঝায় এটা তা না হলেও বি-পির পি-টি গুলোর মধ্যে এটি প্রাথমিক এবং প্রস্তুতিমূলক কাজ। ঘুম থেকে উঠে এই কাজগুলো করে নিয়ে পরবর্তী পি-টি গুলো করতে হবে) পি-টি করার সময় সকল অঙ্গ সঞ্চালন যতখানি সম্ভব ধীরে করতে হবে।

### ২ নম্বর পি-টি: বক্ষদেশের জন্য

সোজা অবস্থা থেকে সামনের দিকে ঝুঁকে বাহু স্থির অবস্থায় সামনে নীচের দিকে এমনভাবে ঝুলিয়ে দিতে হবে যেন অগ্রবাহুর পেছন দিকটা পাশাপাশি অবস্থায় হাঁটুর সামনের দিকে থাকে। নিশ্বাস গ্রহণ করে ধীরে ধীরে হাত উপর দিকে উঠাতে হবে। এসময় নাক দিয়ে গভীরভাবে যতটুকু সম্ভব নিশ্বাস গ্রহণ করতে হবে। এরপর হাত দুটো ক্রমান্বয়ে পিছন দিকে নিতে হবে এবং শব্দ করে দম ছাড়তে হবে এবং Thanks বলে আবার সম্মুখে হাত চিত্র অনুযায়ী আনতে হবে। স্রষ্টার এই মুক্ত বাতাস ফুসফুসে প্রবেশ করে রক্ত সঞ্চালনে সহায়ক হবে। মুখে উচ্চারণ করতে হবে Thanks (স্রষ্টার উদ্দেশ্যে)। এরপর আবার সামনের দিকে পূর্বের ন্যায় ঝুঁকে পরে নিশ্বাস এমনভাবে ত্যাগ করতে হবে যেন সবটুকু বাতাস মুখ দিয়েই বের হয়ে যায়। এসময় যতবার এরূপ করা হলো সে সংখ্যা (বাংলা) উচ্চারণ করতে হবে। এই পি-টি প্রত্যেক পিটি-র বেলায় বয়সের তারতম্য অনুসারে ১২ বার করতে হবে।




স্মরণ রাখতে হবে, এই পি-টির মুল উদ্দেশ্য কাঁধ, বক্ষ, হৃৎপিন্ড এবং শ্বাসযন্ত্রসহ অভ্যান্তরীণ অন্যান্য গুরুত্বপূর্ণ অংশের উন্নয়ন সাধন করা।

গভীরভাবে নিশ্বাস ত্যাগ ও গ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। অধিক মুক্ত বায়ু গ্রহণ ফুসফুসের জন্য এবং রক্ত সঞ্চালনের জন্য খুবই প্রয়োজন, বক্ষের আকার বৃদ্ধিতেও এর প্রয়োজন রয়েছে। কিন্তু এই পি-টি করতে হবে অত্যন্ত সতর্কতার সাথে এবং কখনও এক নাগাড়ে অনেকবার করা যাবে না। যতখানি সম্ভব বুক বিশেষ করে বুকের হাড় ও পেছন দিকটা পর্যন্ত ফুলে না ওঠা পর্যন্ত নাকের সাহায্যে বাতাস গ্রহণ করতে হবে। এভাবে এক বার শেষ করার পর পুনরায় পূর্বের ন্যায় নাক দিয়ে বাতাস গ্রহণ করতে হবে এবং পুনরায় ধীরে ধীরে মুখ দিয়ে বাতাস ছাড়তে হবে এবং এভাবেই যথার্থ নিশ্বাস গ্রহণ ও ত্যাগের মাধ্যমে বক্ষ, হৃৎপিন্ড, ফুসফুস ও কণ্ঠনালীর সমভাবে উন্নয়ন সাধন হয়।

## ৩ নম্বর পি-টি : পেটের জন্য


এ পি-টির সময় সোজা হয়ে দাঁড়িয়ে আঙ্গুলগুলো মুক্ত রেখে দুই হাত সামনে প্রসারিত করতে হবে। তারপর কোমরের উপরিভাগ ধীরে ধীরে ডান দিকে ঘোরাতে হবে যেন পা অর্থাৎ কোমরের নিম্নভাগ না নড়ে। এভাবে যতটুকু পারা যায় ডান দিকে ঘোরাতে হবে। এ সময় ডান হাত যতটুকু পেছনে নেয়া যায় ততটুকু নিতে হবে ও দুই বাহু এক বরাবর রাখার চেষ্টা করতে হবে যেন তা কাঁধের বরাবর থাকে। একই রকম করে আবার ডান দিক থেকে ধীরে ধীরে বাম দিকে ঘুরতে হবে। এভাবে ডান থেকে বামে ও বাম থেকে ডানে ১২ বার করা আবশ্যক।



এই পি-টি করার সময় সতর্কতার সাথে শ্বাস গ্রহণ ও ত্যাগ করতে হবে। নাকের সাহায্যে বাতাস গ্রহণ করতে হবে (মুখের সাহায্যে নয়)। ডান প্রান্তে হাত নেয়ার সময় নাক দিয়ে নিঃশ্বাস নিতে হবে। ডান প্রাপ্ত থেকে হাত দুটো একই পদ্ধতিতে ক্রমান্বয়ে মুখের সাহায্যে নিঃশ্বাস ছাড়তে ছাড়তে বাম দিকে নিতে হবে। বাম প্রান্তে এসে নিঃশ্বাস ছাড়া শেষ করতে হবে। বাম দিকের শেষ প্রান্তে পৌঁছার পর কতবার হলো সেই সংখ্যা গুণতে হবে। সংখ্যা না গুণে সৃষ্টিকর্তার প্রশংসা সূচক কোন শব্দও উচ্চারণ করা যায়। এভাবে ছয় বার ডান দিকে যাওয়ার সময় নিঃশ্বাস গ্রহণ করে বাম দিকে যাওয়ার সময় নিশ্বাস ত্যাগ করতে হবে। পরের ছয়বার বাম দিকে যাওয়ার সময় নিঃশ্বাস গ্রহণ এবং ডান দিকে যাওয়ার সময় নিঃশ্বাস ত্যাগ করতে হবে।

## ৪ নম্বর পি-টি : মধ্য শরীরের জন্য

সোজা হয়ে দাঁড়িয়ে মাথার উপর দিকে দুই হাত যতটুকু সম্ভব তুলে ধরে উভয় হাতের আঙ্গুলগুলো সংযুক্ত করে ধরে পেছন দিকে ঝুঁকে দাঁড়াতে হবে। তারপর খুব ধীরে ধীরে বাহুসহ দেহের উপরিভাগ এমনভাবে ঘুরিয়ে আনতে হবে যেন দেহের চারদিক একটি প্রশস্ত বৃত্তাকারে ঘুরে আসে। কোমর থেকে দেহের উপরিভাগ একদিক থেকে সামনের দিকে ঝুঁকে পড়ে তারপর আবার অপর দিক দিয়ে পেছনে পূর্বের অবস্থানে যেতে হবে। এই পি-টি কোমর এবং পাকস্থলীর পেশীর জনা অত্যন্ত কার্যকর।




একদিক দিয়ে ৬ বার আবার অন্যদিক দিয়ে ৬ বার এই ব্যায়াম করতে হবে। এরূপ করার সময় চোখের দৃষ্টি যতদূর যায় তা দেখার চেষ্টা করতে হবে।

এই পি-টি করার সময় মনে এমন একটি অনুভূতি আনতে হবে দুই হাত যেভাবে আঁকড়ে ধরা আছে তাতে মনে হবে যেন- বন্ধুদের অর্থাৎ অন্য স্কাউটদের সাথে করমর্দন বা আলিঙ্গনে আবদ্ধ রয়েছে। প্রতিবার নুইয়ে ঘোরার সময় ডান দিকে বাম দিকে সামনে এবং পেছনে প্রত্যেক দিকে বন্ধুদের সাথে মিশে রয়েছি। সবাই আমাকে ভালোবাসে, সবার সাথে আমার বন্ধুত্ব রয়েছে। আমাকে এই বন্ধুত্ব স্রষ্টাই সৃষ্টি করে দিয়েছেন। উপর দিয়ে ঘোরার সময় উপর দিকে তাকিয়ে স্বর্গীয় বায়ু গ্রহণ করলে বেশ ভাল এবং চাঙ্গা বোধ হবে। আর বৃত্তাকারে ঘুরে আসার সময় ভেতরের বাতাসগুলো চারপাশে ছড়িয়ে দিতে হবে। নিচের দিকে নামার সময় নিঃশ্বাস ত্যাগ করতে হবে এবং উপরের দিকে ওঠার সময় নিঃশ্বাস গ্রহণ করতে হবে।

## ৫ নম্বর পি-টি : দেহের নিম্নভাগ এবং পায়ের পেছনের অংশের জন্য


অন্য পি-টিগুলোর মত এই পিটির সাহায্যেও শ্বাস প্রশ্বাসের কারণে হৃদপিন্ড, ফুসফুসের উন্নয়ন ঘটে এবং রক্ত সঞ্চালন প্রক্রিয়া সুন্দর রাখে।



এই পি-টির জন্য সোজা হয়ে নিজেকে সর্বাধিক উঁচুতে তুলে ধরার চেষ্টা করতে হবে। দুই পা পরস্পর থেকে কিছুটা ফাঁকা করে দাঁড়িয়ে এবং চিত্রের মত করে দুই হাতের কনুই ভাজ করে আঙ্গুলগুলো দিয়ে মাথার পেছনে দিকে স্পর্শ করে উপর দিকে তাকাতে হবে। আকাশের দিকে তাকানোর সময় স্রষ্টার উদ্দেশ্যে শুকরিয়া বলে এ সময় নাক দিয়ে প্রাণভরে বাতাস গ্রহণ করতে হবে (মুখে বাতাস গ্রহণ করা যাবে না) তারপর পুনরায় হাত উপরের দিকে দিয়ে হাঁটু সোজা রেখে মুখ দিয়ে নিঃশ্বাস ছাড়তে ছাড়তে সামনের দিকে বাঁকা হতে হবে। এসময় হাতের আঙ্গুলগুলো দিয়ে পায়ের আঙ্গুল স্পর্শ করার চেষ্টা করতে হবে। তবে এজন্য শরীর ঝাঁকানোর প্রয়োজন নেই বা কোন বল প্রয়োগ করা যাবে না, এক্ষেত্রে যতটুকু পারা যায় ততটুকুই যথেষ্ট। এরপর ক্রমেই দেহ উপরে উঠাতে হবে এবং পূর্বের স্থানে নিয়ে যেতে হবে। এ সময় নাক দিয়ে নিঃশ্বাস গ্রহণ করতে হবে। এভাবে এই পিটি ১২ বার করতে হবে। এই পিটিতে পায়ের আঙ্গুল স্পর্শ করা মুখ্য উদ্দেশ্য নয় এর উদ্দেশ্য হলো পেটের পেশীগুলোকে নিয়ন্ত্রণে রাখা । হাতদ্বয় মাথার পিছন দিয়ে দুই হাতের উপর মাথা রেখে উপর দিকে তাঁকিয়ে শ্বাস জোরে বলতে হবে “শুকরিয়া”।

## ৬ নম্বর পি-টি : পা, পায়ের পাতা এবং পায়ের অগ্রভাগের জন্য

খালি পায়ে সোজা হয়ে দাঁড়িয়ে দুই হাত কোমরে রাখতে হবে। পায়ের অগ্রভাগের উপর ভর দিয়ে দাঁড়িয়ে ধীরে ধীরে হাঁটু বাইরের দিকে ভাঁজ করে গোটা দেহ সোজা রেখে নীচের দিকে নামতে হবে। এই সময় পায়ের গোড়ালী মাটি থেকে উপরে থাকবে। এই পি-টির সময় পায়ের গোড়ালী পশ্চাৎ দেশে সামান্য স্পর্শ করবে। আবার ধীরে ধীরে নীচে থেকে উপরে উঠে পূর্বের ন্যায় দাঁড়াতে হবে। একে একে ১২ বার করতে হবে।



নিচের দিকে নামার সময় মুখের সাহায্যে সংখ্যা গননা করতে করতে বাতাস ত্যাগ করতে হবে এবং উপরের দিকে ওঠার সময় নাক দিয়ে বাতাস নিতে হবে। দেহের সমস্ত স্তর সকল সময় পায়ের অগ্রভাগে পড়বে। হাঁটু বাইরের দিকে ভাঁজ করে বসলে সহজে ভারসাম্য রক্ষা করা যাবে।

এই পি-টি অভ্যাস করার সময় মনে রাখতে হবে এর মূল উদ্দেশ্য উরু, পায়ের পাতার পেশী মজবুত করা এবং একই সাথে এটা পাকস্থলীর ব্যায়াম। সুতরাং এই পি-টি দিনে একাধিকবার বা যে কোন সময় করা যেতেপারে।

বিপি পি-টিগুলো শুধুমাত্র সময় কাটানোর জন্য নয়। বরং এই পি-টিগুলো শরীর গঠনে খুবই সহায়ক।

# স্কাউট আন্দোলনের ইতিহাস

## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : স্কাউট আন্দোলনের ইতিহাস | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন-

১। বি-পি'র বর্ণাঢ্য জীবন সম্পর্কে বর্ণনা করতে পারবেন।
২। বি-পি'র জীবনের অভিজ্ঞতা ও স্কাউট আন্দোলনের প্রতিষ্ঠা সম্পর্কে আলোচনা করতে পারবেন।
৩। ভারত ও বাংলাদেশে স্কাউটিং সম্প্রসারণের বর্ণনা করতে পারবেন।
৪। জাতীয়, অঞ্চল ও আন্তর্জাতিক অংগনের স্কাউট আন্দোলনের ঘটনাবলী ব্যাখ্যা করতে পারবেন।

**সূচিপত্র** (সার সংক্ষেপ)

১। ভূমিকা ২। বি-পি'র বংশ পরিচয়, ৩। বি-পি'র সৈনিক জীবন ও স্কাউটিং প্রবর্তন, ৪। বি-পি'র বিবাহিত জীবন ৫। বি-পি'র শেষ জীবন, ৬। পাক-ভারত ও বাংলাদেশে স্কাউটিং।

**বিষয়সূচির বিবরণ :** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ):

| | | |
|---|---|---|
| ১। | ভূমিকা- | ০৩ মি. |
| ২। | বংশ পরিচয় | ০৫ মি. |
| ৩। | বাল্যকাল | ০৬ মি. |
| ৪। | সৈনিক জীবন | ১৫ মি. |
| ৫। | বিবাহিত জীবন | ০৫ মি. |
| ৬। | শেষ জীবন | ০৫ মি. |
| ৭। | পাক-ভারত ও বাংলাদেশ স্কাউটিং | ১০ মি. |
| ৮। | সামিং আপ | ০৩ মি. |
| ৯। | প্রশ্ন উত্তর পর্ব | ০৫ মি. |
| ১০। | গান | ০৩ মি. |
| | **মোট =** | **৬০ মিনিট** |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার পদ্ধতি।

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:** ল্যাপটপ, মাল্টিমিডিয়া, স্ক্রীন, লেজার পেন, পেনড্রাইভ, ব্লাক/ হোয়াইট বোর্ড, ম্যাগনেট, চক, ডাস্টার, পয়েন্টার, পোস্টার পেপার, মার্কার পেন, স্কেল, হ্যান্ড আউট।

**ফলোআপ/ অনুসরণ প্রক্রিয়া :** (সেশন পরবর্তী)-

১। কাউন্সিলর কর্তৃক আনুষ্ঠানিক আলোচনার মাধ্যমে।
২। বি-পি-র স্কাউট আন্দোলোনের ইতিহাসের ঘটনাবহুল তথ্য সনভিত্তিক একটি চার্ট তৈরি করে কাউন্সিলরকে দেখাবেন।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# স্কাউট আন্দোলনের জনক ও স্কাউটিংয়ের পটভূমি

## বি-পি র বংশ পরিচয়

স্কাউট আন্দোলনের প্রতিষ্ঠাতা রবার্ট স্টিফেনশন স্মিথ লর্ড ব্যাডেন পাওয়েল অব গিলওয়েল। তাঁর পারিবারিক নাম রবার্ট/স্টী/স্টেপি। কোমলমতি বালকেরা তার নামের আদ্যাক্ষর নিয়ে ডাকতো বি-পি বলে, সে থেকে তিনি সারা বিশ্বে স্কাউটদের কাছে বি-পি নামে পরিচিত। তার জন্ম হয়েছিল ১৮৫৭ সালের ২২ শে ফেব্রুয়ারি পেডিংটন, লন্ডনে। তাঁর পিতা প্রফেসর রেভারেন্ট এইচ, জি, ব্যাডেন পাওয়েল- অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের গণিতের অধ্যাপক ও বৈজ্ঞানিক ছিলেন। বি-পি'র মাতা ছিলেন ব্রিটিশ এডমিরাল ডব্লিউ, টি স্মিথের কন্যা হেনরিয়েটা গ্রেসা। বি-পি সাত ভাই বোনের মধ্যে পঞ্চম ছিলেন। মাত্র তিন বছর বয়সে ১৮৬০ সালে তার পিতা মারা যান।

## বি-পি র বাল্যকাল

বি-পি লন্ডন নগরীর টাংব্রিজ ওয়ারিংটন এ অবস্থিত রোজ হিল প্রিপারেটরী স্কুলে ভর্তি হন। এর অল্প কিছুদিন পরই লন্ডন নগরীর প্রসিদ্ধ চার্টার হাউস স্কুলে ১৮৭০ সালে ভর্তি হন। এ স্কুলে শুধুমাত্র বনেদী পরিবারের ছেলেমেয়েরা পড়ার সুযোগ পেত। ছাত্র হিসেবে তিনি মোটামুটি মেধাবী ছিলেন। উল্লেখ্য যে ১৮৭২ সালে চার্টার হাউস স্কুলটি "গোল্ডালমিং" নামক স্থানে স্থানান্তর হয়। এখানে তিনি স্কুলের পেছনে ঘন ও সবুজ বনানীতে তার কৌতূহল মিটানোর জন্য প্রায়ই সকলের অগোচরে প্রবেশ করতেন এবং প্রকৃতির সাথে তার এক নিবিড় সর্ম্পক গড়ে ওঠে।

## বি-পি র সৈনিক জীবন

বি-পি'র ভাইয়েরা অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করতেন। তাকে ও অক্সফোর্ড পাঠানোর চেষ্টা করা হয়, কিন্তু তার বড় ভাইয়ের পরামর্শে ১৮৭৬ সালে সামরিক বাহিনীতে পরীক্ষা দেন এবং উত্তীর্ণ হয়ে সেনাবাহিনীতে ভর্তি হন। তিনি ১৩তম হুসার্স সেনাদলে কমিশন পদে "সাব-লেফটেনেন্ট হিসেবে সরাসরি যোগদান করেন এবং ১৮৭৬ সালে প্রথম ভারতের মাটিতে পা রাখেন। তার তীক্ষ্ণ বুদ্ধি ও সামরিক দক্ষতার স্বীকৃতি হিসেবে মাত্র ২৬ বছর বয়সে তিনি ক্যাপ্টেন পদে ও পরবর্তীতে পর্যায়ক্রমে বিভিন্ন পর্যায় পেরিয়ে মাত্র ৪৩ বছর বয়সে বি,পি হলেন ব্রিটিশ সামরিক বাহিনীর সর্বকনিষ্ঠ মেজর জেনারেল। বি-পি সৈনিক জীবনে বিভিন্ন সময়ে একাধিকবার দক্ষিন আফ্রিকায় বুয়রদের সাথে ব্রিটিশদের যুদ্ধে নেতৃত্ব দেন ও সফলতা লাভ করেন। তিনি ১৯০০ সালে ম্যাফেকিং এর যুদ্ধে ২১৭ দিন অবরুদ্ধ থাকার পর জয়লাভ করেন।

১৯০৭ সালে বি-পি ইন্সপেক্টর জেনারেল পদে (অশ্বারোহী সৈন্য পদে সর্বোচ্চ পদ) থেকে চাকরি জীবনের সমাপ্তি টানেন। এ সময় থেকে তিনি বয় স্কাউটের গোড়াপত্তনের কাজে বিশেষ মনোযোগী হন। সে লক্ষ্যে উনিশশো সাত সালে পোল হারবারে অবস্থিত ব্রাউন্সি দ্বীপে পরীক্ষামূলকভাবে স্কাউটের প্রথম ক্যাম্পের আয়োজন করেন। এ ক্যাম্পই বিশ্বের প্রথম স্কাউট ক্যাম্প বলে চিহ্নিত হয়। ১৯০৮ সালে বালকদের চাহিদার কথা মনে রেখে তিনি "স্কাউটিং ফর বয়েজ" নামে তাদের উপযোগী ছয়টি পাক্ষিক খন্ডে বই প্রকাশ করেন।

## বি-পি'র বিবাহিত জীবন

বি-পি'র স্ত্রীর নাম ওলাভ সোয়েমস। ২৯ অক্টোবর ১৯১৩ সালে তারা পরিণয় সূত্রে আবদ্ধ হন। তার এক ছেলে ও দুই মেয়ে তাদের নাম পিটার, হিদার ও বেটী।

## বি-পি'র শেষ জীবন

শেষ জীবনে তিনি কেনিয়ার নাইরোবির নিয়েরী নামক স্থানে প্যাক্সটু এ বাস করতেন। এখানে নিজ বাড়িতে ১৯৪১ সালের ৮ জানুয়ারি তিনি শেষ নিঃশ্বাষ ত্যাগ করেন।

## পাক ভারত ও বাংলাদেশে স্কাউটিং

ভারতে বসবাসরত ইংরেজ বালকদের জন্য ১৯১০ সালে প্রথমে কলকাতা, মাদ্রাজ ও জব্বলপুরে স্কাউটিং প্রবর্তিত হয়। ভারতবাসীদের জন্য স্কাউটিং ছিল নিষিদ্ধ। ভারতবাসীদের উদ্যোগ এবং বারংবার অনুরোধের প্রেক্ষিতে বৃটিশ সরকার ১৯১৯ এর দিকে ভারতবাসীদের স্কাউটিং করার সুযোগ দেন। ১৯৪৭ সালে ভারতবর্ষ ভারত ও পাকিস্তান নামে দুইটি পৃথক রাষ্ট্র হিসেবে গঠিত হয়। বর্তমান বাংলাদেশ

পাকিস্তানের "পূর্ব পাকিস্তান" প্রদেশ ছিল। ১৯৪৭ সালের ১ ডিসেম্বর পাকিস্তান বয় স্কাউট এসোসিয়েশন গঠিত হয়। ১৯৪৮ সালের ২২ মে, ঢাকায় ইস্ট বেঙ্গল স্কাউট এসোসিয়েশন গঠিত হয়।

স্বাধীনতা উত্তর ১৯৭২ সালের ৮ এবং ৯ এপ্রিল ঢাকায় অনুষ্ঠিত দেশের সমগ্র স্কাউট নেতৃত্ববৃন্দ এক কাউন্সিল সভায় মিলিত হয়ে বাংলাদেশ স্কাউট সমিতি গঠন করে। সে বছর সেপ্টেম্বরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির ১১১ নং অর্ডিনেন্স বলে "বাংলাদেশ বয় স্কাউট সমিতি "সরকারী স্বীকৃতি লাভ করে। ১৯৭৪ সালের ১লা জুন, বিশ্ব স্কাউট সংস্থা বাংলাদেশ স্কাউটস ১০৫ নং সদস্য হিসেবে স্বীকৃতি প্রদান করে। ১৯৭৮ সালে এর নাম পরিবর্তন করে রাখা হয় "বাংলাদেশ স্কাউটস"। মরহুম তাজউদ্দিন আহমেদ বাংলাদেশ স্কাউটস এর প্রতিষ্ঠাতা সভাপতি ছিলেন।

# স্কাউট আন্দোলনের মাইল স্টোন (ইতিহাস)

## প্রতিষ্ঠাতা : রবার্ট স্টিফেনশন স্মিথ লর্ড ব্যাডেন পাওয়েল অব গিলওয়েল (বি-পি)

| | |
|---|---|
| ১৮৫৭ সাল | ২২ ফেব্রুয়ারি বি-পি পেডিংটন, লন্ডনে জন্মগ্রহণ করেন। |
| ১৮৬০ | বি-পির পিতা (রেভারেন্ড এইচ, জি ব্যাডেন পাওয়েল) মারা যান। |
| ১৮৭৬ | সৈন্য বিভাগে ভর্তি হয়ে ভারতের বোম্বেতে অবতরণ করেন। |
| ১৮৯৯ | ১৮৯৯-১৯০০ খৃঃ পর্যন্ত ম্যাফেকিং এর যুদ্ধে ২১৭ দিন অবরুদ্ধ থাকেন। |
| ১৯০৭ | ব্রাউন সী দ্বীপের পোল হারবারে প্রথম স্কাউট ক্যাম্প অনুষ্ঠিত হয় (স্কাউট আন্দোলনের সূত্রপাত) |
| ১৯০৮ | **"স্কাউটিং ফর বয়েজ"** বই ৬টি পাক্ষিক খন্ডে প্রকাশিত হয়। |
| ১৯১০ | মেয়েদের জন্য গার্ল গাইড প্রবর্তিত হয়। |
| ১৯১২ | বৃটিশ সরকার স্কাউট আন্দোলনকে স্বীকৃতি দেয়। |
| ১৯১৩ | বি-পি বিয়ে করেন। |
| ১৯১৪ | উলফ কাব প্রবর্তিত হয়। |
| ১৯১৬ | কাবদের জন্য লেখা **"উফল কাব হ্যান্ড বুক"** প্রকাশিত হয় এবং আলাদা একটি শাখা হিসেবে স্বীকৃতি লাভ করেন। |
| ১৯১৮ | রোভার স্কাউটিং প্রবর্তিত হয়। |
| ১৯১৯ | ডব্লিউ ডি বয়েজ গিলওয়েল পার্ক স্কাউট প্রশিক্ষণের জন্য দান করেন। |
| ১৯২০ | ইংল্যান্ডের অলিম্পিয়াতে প্রথম বিশ্ব স্কাউট জাম্বুরী অনুষ্ঠত হয়। |
| ১৯২০ | বিশ্ব স্কাউট সংস্থা গঠিত হয়। এর নাম ছিল (International Bureau of Scouts) |
| ১৯২১ | বি-পি বিশ্বের প্রধান স্কাউট হিসেবে ভারতে আসেন। |
| ১৯২২ | রোভার স্কাউটদের জন্য বি-পি-র লেখা **"রোভারিং টু সাকসেস"** প্রকাশিত হয়। |
| ১৯২৪ | ডেনমার্ক এর কোপেন হেগেনে ২য় বিশ্ব স্কাউট জাম্বুরী অনুষ্ঠিত হয়। |
| ১৯২৬ | প্রতিবন্ধীদের জন্য স্কাউটিং শুরু হয়। |
| ১৯২৮ | স্কাউট গ্রুপ প্রবর্তিত হয়। |
| ১৯২৯ | ইংল্যান্ডের বার্কেন হেড এ্যারো পার্কে ৩য় বিশ্ব জাম্বুরী অনুষ্ঠিত হয়। |
| ১৯৩১ | সুইজারল্যান্ডের ক্যান্ডার স্টেটে "প্রথম বিশ্ব রোভার মুট" অনুষ্ঠিত হয়। |
| ১৯৩৩ | হাংগেরীতে ৪র্থ বিশ্ব জাম্বুরী অনুষ্ঠিত হয়। |
| ১৯৩৫ | সুইডেনে ২য় বিশ্ব রোভার মুট অনুষ্ঠিত হয়। |
| ১৯৩৭ | নয়া দিল্লীতে সর্ব ভারতীয় স্কাউট জাম্বুরী অনুষ্ঠিত হয়। |
| ১৯৩৯ | স্কটল্যান্ডে ৩য় বিশ্ব রোভার মুট অনুষ্ঠিত হয়। |
| ১৯৪১ | বি-পি ৮ জানুয়ারি ৮৪ বৎসর বয়সে কেনিয়ায় মারা যান। |
| ১৯৪৬ | সিনিয়র স্কাউট প্রবর্তিত হয়। |
| ১৯৪৭ | ১ ডিসেম্বর পাকিস্তান বয় স্কাউট সমিতি গঠিত হয়। সদর দফতর করাচী। |
| ১৯৪৮ | ২২ মে পূর্ব পাকিস্তান বয় স্কাউট সমিতি গঠিত হয়। সদর দপ্তর ৬৭/ক পুরানা পল্টন, ঢাকা। |
| ১৯৫১ | অষ্ট্রিয়ার বেভইচেলে সপ্তম বিশ্ব স্কাউট জাম্বুরী বাংলাদেশ থেকে দু'জন স্কাউট যোগদান করে। |
| ১৯৫৫ | ফিলিপাইনের ম্যানিলায় অনুষ্ঠিত ১০ইই মে বিশ্ব জাম্বুরীতে আমাদের দেশের স্কাউটরা যোগদান করে। |
| ১৯৬৩ | গ্রীসের ম্যারাথনে একাদশ বিশ্ব স্কাউট জাম্বুরীতে আমাদের দেশের ২০জন বাঙালী স্কাউট যোগদান করেন। |
| ১৯৭১ | জাপানের পৈকিস্তিতে দ্বাদশ বিশ্ব জাম্বুরী অনুষ্ঠিত হয়। |
| ১৯৭২ | ৯ এপ্রিল বাংলাদেশ বয়স্কাউট সমিতি গঠিত হয়। |
| ১৯৭৪ | ২৮ ফেব্রুয়ারি থেকে যশোরের পুলের হাটে প্রথম বাংলাদেশ স্কাউট সমাবেশ অনুষ্ঠিত হয়। |
| ১৯৭৪ | ১ জুন বিশ্ব স্কাউট সংস্থা বাংলাদেশ স্কাউট এসোসিয়েশনকে ১০৫ তম জাতীয় সদস্য সংস্থা হিসেবে স্বীকৃতি প্রদান করে। |
| ১৯৭৭ | ৩-৭ ফেব্রুয়ারি রংপুর জিলা স্কুল ময়দানে দ্বিতীয় জাতীয় স্কাউট সমাবেশ অনুষ্ঠিত হয়। |

| | |
|---|---|
| ১৯৭৭ | ২৭-৩০ ডিসেম্বর, ১ম কাব ক্যাম্পুরি, খিলগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে, ঢাকা অনুষ্ঠিত হয়। |
| ১৯৭৮ | জানুয়ারি ২১-২৯, ১ম বাংলাদেশ জাতীয় স্কাউট জাম্বুরী, মৌচাকে অনুষ্ঠিত হয়। |
| ১৯৭৮ | ১৪-১৮ জানুয়ারি ১ম বাংলাদেশ জাতীয় রোভার মুট এবং ১ম বাংলাদেশ জাতীয় কাব ক্যাম্পুরী। |
| ১৯৭৮ | ২২-২৭ অক্টোবর, বাহাদুরপুরে ২য় জাতীয় রোভার মুট অনুষ্ঠিত হয়। |
| ১৯৮০-৮১ | ৩০ ডিসেম্বর -৬ জানুয়ারি, দ্বিতীয় বাংলাদেশ জাতীয় স্কাউট জাম্বুরী, মৌচাক। |
| ১৯৮০ | ১৩-১৮ এপ্রিল ৩য় জাতীয় রোভার মুট খুলনা। |
| ১৯৮৫-৮৬ | ২৮ ডিসেম্বর - ৪ জানুয়ারি তৃতীয় বাংলাদেশ জাতীয় স্কাউট জাম্বুরী, মৌচাক। |
| ১৯৮৫ | ২২-২৩ জানুয়ারি ৪র্থ জাতীয় রোভার মুট, বাহাদুরপুর। |
| ১৯৮৮ | ২য় জাতীয় কাব ক্যাম্পুরী, মৌচাক। |
| ১৯৮৯-৯০ | ২৭ ডিসেম্বর - ২ জানুয়ারি চতুর্থ বাংলাদেশ জাতীয় স্কাউট জাম্বুরী, মৌচাক। |
| ১৯৯২ | ৩-৫ জানুয়ারি ৩য় জাতীয় কাব ক্যাম্পুরী (অঞ্চল ভিত্তিক) অনুষ্ঠিত হয়। |
| ১৯৯৩ | ১-৭ জানুয়ারি ৬ষ্ঠ জাতীয় রোভার মুট বন্দর নগরী, চট্টগ্রাম অনুষ্ঠিত হয় । |
| ১৯৯৪ | ৫-১২ জানুয়ারি পঞ্চম বাংলাদেশ জাতীয় স্কাউট জাম্বুরী, মৌচাক। |
| ১৯৯৪ | বাংলাদেশ গার্ল-ইন-স্কাউটিং প্রবর্তিত হয়। |
| ১৯৯৪ | প্রথম বাংলাদেশে কমডেকা, বাহাদুরপুর। |
| ১৯৯৫ | দ্বিতীয় জাতীয়/এ, পিআরকমডেকা, তামাতু, বরগুনা। |
| ১৯৯৫-৯৬ | ৩০ ডিসেম্বর -১ জানুয়ারি ৪র্থ জাতীয় কাব ক্যাম্পুরী (অঞ্চল ভিত্তিক) |
| ১৯৯৭ | ২৪-৩০ অক্টোবর নবম এশিয়া প্যাসিফিক ও ৭ম বাংলাদেশ জাতীয় রোভার মুট, সিলেট অনুষ্ঠিত হয়। |
| ১৯৯৯ | ৫-১১ ফেব্রুয়ারি ৬ষ্ঠ জাতীয় জাম্বুরী, মৌচাক অনুষ্ঠিত হয়। |
| ২০০০ | ১২-১৭ ফেব্রুয়ারি ৫ম বাংলাদেশ জাতীয় কাব ক্যাম্পুরী। |
| ২০০১ | ২৪-২৯ জানুয়ারি ৩য় জাতীয় স্কাউট এ্যাগোনরী, মৌচাক, গাজীপুর। |
| ২০০১-২০০২ | ২৮ ডিসম্বর - ৪ জানুয়ারি ৩য় জাতীয় কমডেকা ও ৮ম জাতীয় রোভার মুট, সিরাজগঞ্জ। |
| ২০০৪ | ২৫-৩০ ডিসেম্বর ৬ষ্ঠ জাতীয় কাব ক্যাম্পুরী মৌচাক, গাজীপুর। |
| ২০০৪ | ৬-১০ অক্টোবর ১ম জাতীয় সৃজণী ক্যাম্প, মৌচাক, গাজীপুর। |
| ২০০৪ | ৫-১২ জানুয়ারি ৭ম বাংলাদেশ ও ৪র্থ সার্ক জাম্বুরী, মৌচাক, গাজীপুর। |
| ২০০৫ | ২১-২৫ মে ২য় জাতীয় সৃজনী ক্যাম্প, মৌচাক। |
| ২০০৭ | ৩-৭ মার্চ ৪র্থ জাতীয় কমডেকা, কক্সবাজার। |
| ২০০৭ | ৭-১৪ ডিসেম্বর ইন্টারন্যাশনাল সেন্টেনারী কমডেকা, কক্সবাজার। |
| ২০০৭ | ২৮ জুন- ২ জুলাই স্কাউটের শতবর্ষ ১ম জ্যাম্বুরী অন দ্য ট্রেন (চট্টগ্রাম থেকে দিনাজপুর)। |
| ২০০৭ | ২৮ জুলাই থেকে ২ আগস্ট শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে জাতীয় সমাবেশ, মৌচাক। |
| ২০০৮ | ১২-১৮ অক্টোবর ৬ষ্ঠ সার্ক ফ্রেন্ডশীপ ক্যাম্প, মৌচাক। |
| ২০০৯ | ৬-১৪ জানুয়ারি ৯ম জাতীয় রোভার মুট, বাহাদুরপুর, গাজীপুর। |
| ২০১০ | ১২-২২ জানুয়ারি ৮ম জাতীয়  স্কাউট জাম্বুরী, মৌচাক, গাজীপুর। |
| ২০১১ | ৮- ১৪ ফেব্রুয়ারি ৭ম জাতীয় কাব ক্যাম্পুরী, মৌচাক, গাজীপুর। |
| ২০১২ | ২৪-২৯ নভেম্বর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশে **প্রথম এপি রিজিয়নের কনফারেন্স** অনুষ্ঠিত হয় |
| ২০১৩ | ২৯ জানুয়ারি থেকে ৪ ফেব্রুয়ারি পর্যন্ত পঞ্চগড় জেলাধীন দেবীগঞ্জ উপজেলার 'ময়নামতির চরে' **"দশম জাতীয় রোভার মুট ও পঞ্চম জাতীয় কমডেকা"** অনুষ্ঠিত হয় |
| ২০১৪ | ৯ম বাংলাদেশ ও ১ম সানসো স্কাউট জাম্বুরী, জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে অনুষ্ঠিত হয়। |
| ২০১৫ | ৯ম জাতীয় কাব ক্যাম্পুরী, জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে অনুষ্ঠিত হয়। |
| ২০১৭ | ১১'শ  জাতীয় রোভার মুট, টুঙ্গীপাড়া ও গোপালগঞ্জে অনুষ্ঠিত হয়। |
| ২০১৮ | ষষ্ঠ জাতীয় কমডেকা হাইমচর, চাঁদপুর। |

# স্কাউট আন্দোলনের লক্ষ্য, উদ্দেশ্য, নীতি ও পদ্ধতি

## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : স্কাউট আন্দোলনের লক্ষ্য, উদ্দেশ্য, নীতি ও পদ্ধতি | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য:** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন-

১. স্কাউট আন্দোলনের, সংজ্ঞা, লক্ষ্য ও উদ্দেশ্য, মূলনীতি, মিশন এবং স্কাউট পদ্ধতির বিশদ ব্যাখ্যা করতে পারবেন।
২. স্কাউটিংয়ের নীতিসমূহের ব্যাখ্যা করতে পারবেন।
৩. স্কাউট পদ্ধতির বাস্তবায়ন প্রক্রিয়া বর্ণনা করতে পারবেন।
৪. স্কাউটিংয়ে প্রতিজ্ঞা ও আইনের অবস্থান সম্পর্কে ব্যাখ্যা করতে পারবেন।
৫. বিশ্ব ভ্রাতৃত্বের গুরুত্ব সম্পর্কে আলোচনা করতে পারবেন।

**সূচিপত্র** (সার সংক্ষেপ)

১. ভূমিকা; ২. স্কাউট আন্দোলনের উদ্দ্যেশ্য; ৩. বয়স ভিত্তিক স্তর বিন্যাস; ৪. স্কাউট আন্দোলনের মূলনীতি
৫. স্কাউট পদ্ধতি; ৬. স্কাউট আন্দোলনের বৈশিষ্ট্য; ৭. উপসংহার

**বিষয়সূচির বিবরণ :** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | | |
|---|---|---|---|
| ১. | ভূমিকা- মডারেটর | | ০৩মি. |
| ২. | স্কাউট আন্দোলনের উদ্দেশ্য- | ক. প্রথম প্যানেলিস্ট | ১০মি. |
| | | খ. মডারেটর | ০৩মি. |
| ৩. | বয়স ভিত্তিক স্তর বিন্যাস- | ক. দ্বিতীয় প্যানেলিস্ট | ০৭মি. |
| | | খ. মডারেটর | ০২মি. |
| ৪. | মূলনীতি - | ক. প্যানেলিস্ট | ০৬মি. |
| | | খ. মডারেটর | ০২মি. |
| ৫. | পদ্ধতি - | ক. প্যানেলিস্ট | ০৬মি. |
| | | খ. মডারেটর | ০২মি. |
| ৬. | বৈশিষ্ট্য - | ক. প্যানেলিস্ট | ০২মি. |
| | | খ. মডারেটর | ০৫মি. |
| ৭. | সামিং আপ | | ০৩মি. |
| ৮. | প্রশ্ন উত্তর পর্ব | | ০৬মি. |
| ৯. | গান/খেলা | | ০৩মি. |
| | | **মোট=** | **৬০ মিনিট** |

**প্রশিক্ষণ পদ্ধতি:** বক্তৃতা ও প্যানেল প্রেজেন্টেশন

**সেশনের জণ্য প্রয়োজনীয় উপকরণ**

ল্যাপটপ, মাল্টিমিডিয়া, স্ক্রীন, লেজার পেন, পেনড্রাইভ, ব্লাক/ হোয়াইট বোর্ড, ম্যাগনেট, চক, ডাস্টার, পয়েন্টার, পোস্টার পেপার, মার্কার পেন, স্কেল, হ্যান্ড আউট ইত্যাদি।

**ফলোআপ/ অনুসরণ প্রক্রিয়া :** (সেশন পরবর্তী) মূলনীতি ও পদ্ধতির দুটি চার্ট তৈরি করে কাউন্সিলরকে দেখাবেন

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# স্কাউট আন্দোলনের মৌলিক বিষয়সমূহ (Fundamentals of Scouting)

## পটভূমি

স্কাউটিংয়ের জনক রবার্ট স্টিফেনসন স্মিথ লর্ড বেডেন পাওয়েল অব গিলওয়েল, যিনি বি-পি নামে খ্যাত (Robert Stifension Smythe Lord Beden Powell of Gilwell) এর বিষয় ১৯০৭ সালে ব্রাউন্সী দ্বীপে ২০ জন বালক নিয়ে পরীক্ষামূলক ক্যাম্পিং-এর মাধ্যমে ১১-১৬+ বছর বয়সী বালকদের নিয়ে স্কাউটিং শুরু করেন। তিনি এ পরীক্ষামূলক ক্যাম্পিং করে নিশ্চিত হন যে, মুক্তাংগণে বৈচিত্রময় কর্মসূচির মাধ্যমে প্রশিক্ষণ দিয়ে অতি সহজে বালকদের সুপ্ত প্রতিভার বিকাশ সাধন করা যায়- যা তাদের দৈহিক (Physical), মানসিক/আবেগিক (Emotional), আধ্যাত্মিক (Spiritual), সামাজিক (Social) ও বুদ্ধিবৃত্তিক (Intellectual) উন্নয়ন ঘটিয়ে চরিত্রবান, দক্ষ ও আত্মনির্ভরশীল আদর্শ নাগরিকরূপে গড়ে তোলার বিশেষ কৌশল হিসেবে বিবেচিত হয়। পরবর্তী পর্যায়ে ১৯১৬ সালে ৬-১০+ বৎসরের কিশোরদের নিয়ে কাবিং এবং ১৯১৮ সালে ১৭-২৫ বৎসরের যুবকদের প্রয়োজন মেটানোর উদ্দেশ্যে রোভারিং শুরু করেন। ১৯১০ সালে সী স্কাউট এবং গার্ল-গাইডস প্রবর্তন করেন। স্কাউট আন্দোলনের মৌলিক বিষয়সমূহ কি তা বলতে স্কাউটিংয়ের প্রতিষ্ঠাতা রবার্ট ষ্টিফেনসন স্মীথ লর্ড ব্যাডেন পাওয়েল অব গিলওয়েলের মূল ধ্যান-ধারণাকে বুঝানো হয়ে থাকে। বি-পি Scouting for Boys বইতে বলেছেন-১। By term Scouting is meant the work and attributes of backwoodsmen, explorers and frontiermen” অর্থাৎ স্কাউটিং বলতে আদি বনবাসী মানুষ, অন্বেষণকারী ও সীমান্তবাসীদের কাজ ও গুণাবলীকে বুঝায়।

বি-পি স্কাউটিংয়ের আদর্শ, চেতনা, ধারণার ক্রমাগত ব্যাখ্যা ও অনুশীলনের প্রয়োজনীয়তা উপলব্ধি করেন। তাঁর চিন্তাধারার যুগোপযোগী ব্যাখ্যা ক্রমাগতভাবে চলে আসছে যার ফলে বি-পির শিক্ষা আজও অম্লান ও গতিশীল। স্কাউটিংয়ে ব্যবহৃত “ফান্ডামেন্টালস” শব্দটি স্কাউটিং যেসব মৌলিক উপাদানের উপর নির্ভর করে আছে যেমন, স্কাউটিংয়ে উদ্দেশ্য- স্কাউটিংয়ের নীতিমালা এবং পদ্ধতি সে সবের দিক নির্দেশনা প্রদান করে থাকে। এভাবে প্রত্যেক সমাজের চাহিদার নিরিখে স্কাউটিং বিভিন্ন দেশে বিভিন্ন ধাঁচে পরিচালিত হলেও “ ফান্ডামেন্টাল” হচ্ছে একটি সাধারণ মাত্রা যা সারা বিশ্বে স্কাউটিংকে একই সূত্রে গ্রথিত করেছে। স্কাউট আন্দোলনের মৌলিক বিষয়সমূহ হলো - **(ক) স্কাউটিংয়ের সংজ্ঞা** (Defination) **(খ) স্কাউটিংয়ের লক্ষ্য ও উদ্দেশ্য** (Purpose) **(গ) স্কাউটিংয়ের নীতিমালা** (Principles) **এবং (ঘ) স্কাউট পদ্ধতি** (Method)।

স্কাউট আন্দোলনের মৌলিক বিষয়সমূহ স্কাউটদের চারিত্রিক বৈশিষ্ট্যের ওপর ভিত্তি করে স্থির করা হয়েছে। মৌলিক বিষয়সমূহ অন্যান্য সংগঠন/আন্দোলনের সাথে এর পার্থক্য নির্ধারণ করেছে। বিশ্ব স্কাউট সংস্থার গঠনতন্ত্রের এক নম্বর অধ্যায়ে মৌলিক বিষয়সমূহ সম্পর্কে বলা হয়েছে। এটি স্কাউট আন্দোলনের বিশ্ব স্কাউট সংস্থার সদস্য সংগঠনের বৈশিষ্ট্য। বিশ্বব্যাপী বর্তমানে চালু মৌলিক বিষয়সমূহের বিষয়গুলো ১৯৭৭ সালে মন্ট্রিলে অনুষ্ঠিত ওয়ার্ল্ড স্কাউট কনফারেন্সের ২৬তম সভায় গৃহীত হয়। এটি বিশ্ব স্কাউট সংস্থার ১৬৯টিরও বেশী সদস্য দেশ কর্তৃক স্বীকৃত কর্তৃত্বব্যঞ্জক বিবৃতি হিসেবে প্রতিনিধিত্ব করছে। স্কাউট আন্দোলনের মৌলিক বিষয়সমূহ নিম্নে আলোচনা করা হল:

## সংজ্ঞা (Definition)

স্কাউট আন্দোলনকে এভাবে সংজ্ঞায়িত করা হয়েছে - ‘স্কাউটিং যুব সম্প্রদায়ের জন্য একটি স্বেচ্ছামূলক, অরাজনৈতিক, শিক্ষামূলক আন্দোলন, যা প্রবর্তক কর্তৃক ধারণকৃত উদ্দেশ্য, নীতিমালা এবং পদ্ধতির সাথে সংগতি রেখে উৎপত্তি, জাতি-কুল অথবা ধর্মমত নির্বিশেষে সকলের জন্য উন্মুক্ত।’ বিশ্ব স্কাউট সংস্থা এ আন্দোলনের সংজ্ঞা নির্ধারণ করেছে এভাবে “Scout Movement is defined as a voluntary non-political educational movement for and of young people, open to all without distinction of gender, origin, race or creed, in accordance with the purpose, principles and method conceived by the Founder, Robert Baden Powell.

## সংজ্ঞায় ব্যবহৃত বিশেষ শব্দসমূহের সংক্ষিপ্ত ব্যাখ্যা নিম্নে দেয়া হ'ল-

**আন্দোলন:** স্কাউটিং একটি আন্দোলন। এটি একটি গতিশীল, নমনীয়, কাঠামোবদ্ধ, অভিযোজনীয় বিশ্ব আন্দোলন। নমনীয়তা ও পরিবর্তন যোগ্যতা এ আন্দোলনকে বিশ্বের বৃহত্তম অনুপম, অদ্বিতীয়, স্বেচ্ছাসেবী ও শিক্ষামূলক যুব আন্দোলনে পরিণত করেছে। **‘আন্দোলন’** বলতে কোন লক্ষ্য অর্জন করার জন্য সুসংগঠিত ধারাবাহিক বহমান প্রচেষ্টাকে বুঝানো হয়ে থাকে এবং শিক্ষামূলক **‘যুব আন্দোলন’** বলতে যুবদের চরিত্র গঠনে ধারাবাহিক স্কাউট প্রশিক্ষণ কার্যক্রমকে (প্রোগ্রাম) বুঝানো হয়েছে - অর্থাৎ, কাবস্কাউট থেকে রোভার স্কাউট পর্যন্ত (৬ - ২৫ বছর পর্যন্ত) বয়সীদের ক্ষুদ্র ক্ষুদ্র দলে (ষষ্ঠক/উপদল) বিভক্ত করে ক্রমোন্নতিশীল প্রশিক্ষণ দানের মাধ্যমে চরিত্রবান, দক্ষ ও আত্মনির্ভরশীল আদর্শ নাগরিকরূপে গড়ে তোলার একটি ধারাবাহিক প্রক্রিয়া।

**শিক্ষামূলক:** স্কাউটিং একটি শিক্ষামূলক আন্দোলন। **'শিক্ষা'** হল- বৃহত্তর জ্ঞান ইন্দ্রিয়ের ধারণা অনুযায়ী কোন ব্যক্তি দক্ষতার পরিপূর্ণ উন্নয়নের লক্ষ্যে কার্যরত একটি ধারাবাহিক প্রক্রিয়া। প্রবর্তকের নিজের ভাষায় " এখানেই স্কাউট প্রশিক্ষণের অত্যন্ত গুরুত্বপূর্ণ উদ্দেশ্য নিহিত আছে- শিক্ষিত করে তোলা কেবলমাত্র নির্দেশ প্রদান নয়- স্মরণ রাখতে হবে, শিক্ষিত করে তোলা-যুবকদের নিজেদের চাহিদা অনুযায়ী নিজেদের জন্য শিখতে উদ্বুদ্ধ করা, যা তাদের চরিত্র গঠনে সহায়তা করবে" এবং গড়ে তুলতে পারবে তাদের নিশ্চিত ভবিষ্যৎ। আর শিক্ষা শব্দটি সাধারণত স্কুল শিক্ষার সাথে সম্পৃক্ত - যা শিক্ষার কেবলমাত্র একটি ধারা। ইউনেস্কোর মতে শিক্ষার তিনটি ধারা বিদ্যমান। ১) আনুষ্ঠানিক শিক্ষা (Formal Education) ২) অনানুষ্ঠানিক শিক্ষা (Informal Education) ৩) উপানুষ্ঠানিক শিক্ষা (Nonformal Education)। স্কাউটিং হল উপানুষ্ঠানিক শিক্ষা (Nonformal Education) - স্বাভাবিক নিয়মের বাইরে সংগঠিত শিক্ষামূলক কার্যাবলী যা সুনির্দিষ্টভাবে শিক্ষার লক্ষ্য অর্জনে ও শিখতে আগ্রহী ব্যক্তিবর্গকে সহায়তা করে। একজনকে সুনাগরিক হতে হলে উল্লেখিত সকল শিক্ষাই গ্রহণ করতে হয়। এখানে স্মরণ রাখা দরকার যে, আনুষ্ঠানিক শিক্ষার অন্তর্ভূক্ত কোন বিষয় যেন প্রোগ্রামের অন্তর্ভূক্ত না হয়।

**স্বেচ্ছামূলক:** স্কাউটিং একটি স্বেচ্ছামূলক আন্দোলন। এখানে স্বেচ্ছামূলক বলতে কোন বাধ্যবাধকতা ছাড়া ইচ্ছাকৃতভাবে সম্পূর্ণ স্বাধীন পছন্দ অনুযায়ী কার্য-সম্পাদন, দায়িত্বপালন ও অংগীকার সম্পন্ন করা বুঝায়। যে কেউ স্বাধীনভাবে স্কাউট আন্দোলনে যোগদান ও সদস্য পদ গ্রহণ করতে পারে। এ আন্দোলনে যোগ দেয়া ও আন্দোলন পরিত্যাগ করা সম্পূর্ণভাবে যুবদের ইচ্ছার উপর নির্ভরশীল। এখানে বয়স্ক নেতারাও স্বাধীন ও স্বেচ্ছায় নিজের যোগ্যতা ও দক্ষতা অনুযায়ী সেবাদান করে এবং সেবার বিনিময় গ্রহণ করেন না। এখানে প্রত্যক সদস্য স্কাউট নীতি, পদ্ধতি ও উদ্দেশ্যের প্রতি স্বাধীনভাবে অংগীকারবদ্ধ হয়।

**অরাজনৈতিক:** স্কাউটিং একটি অরাজনৈতিক আন্দোলন। স্কাউটিং এ অর্থে অরাজনৈতিক যে, এ আন্দোলন ক্ষমতার জন্য সংগ্রম করেনা, যা রাজনীতির মূল বিষয়বস্তু। স্কাউট আন্দোলন এবং এ সংগঠন কোন রাজনৈতিক মত বিশ্বাস এর প্রতিনিধিত্ব করেনা। তবে তাই বলে এ আন্দোলন সমাজ-রাজনৈতিক বাস্তবতাকে অস্বীকার করে না। যে কোন রাজনৈতিক বিশ্বাসের লোক স্কাউট আন্দোলনের সদস্য হতে পারে।

**সবার জন্য উন্মুক্ত:** স্কাউট আন্দোলন সবার জন্য উম্মুক্ত। এ আন্দোলন উৎপত্তি, জাতি-কুল অথবা ধর্মমত নির্বিশেষে সবার জন্য উন্মুক্ত। স্কাউটিং এর দ্বারা যে কোন সমাজ-সংস্কৃতি, ধর্ম বিশ্বাস ও লিংগ ভেদে সকল যুব সম্প্রদায়ের জন্য অবারিত থাকে। এখানে উন্মুক্ত বলতে যারা এর উদ্দেশ্য মূলনীতি ও পদ্ধতির প্রতি অনুগত থাকতে ইচ্ছা পোষণ করে সে সব যুব সম্প্রদায়কে বুঝায়। এটি কোন বিশেষ শ্রেণীর আন্দোলন নয়। কোন অবস্থায় এটি কোন শ্রেণী বা গোষ্ঠীর প্রতিনিধিত্ব করে না। এ আন্দোলনে সকল যুব সম্প্রদায়কে আবশ্যিকভাবে যোগদান করতে হবে এমন কোন বাধ্যবাধকতা নেই।

## স্কাউট আন্দোলনের লক্ষ্য ও উদ্দেশ্য (Purpose of Scouting)

**লক্ষ্য:** সুদীর্ঘ জীবনের অভিজ্ঞতার আলোকে বি-পি, স্কাউটিংয়ের লক্ষ্য নিম্নরূপ নির্ধারণ করেছেন ঃ ১) হাতে কলমে প্রশিক্ষণ দানের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করা। ২) স্কাউটদের শারীরিক, মানসিক, আধ্যাত্মিক, সামাজিক এবং নৈতিক উন্নয়নের ওপর সমান জোর দিয়ে উন্নত চরিত্রের অধিকারী করে উচ্চ আদর্শ, আত্মনির্ভরশীলতা, কর্তব্যপরায়ণতা, ধৈর্য ও মনোবল, আত্মসম্মান ও অপরের প্রতি শ্রদ্ধাবোধের শিক্ষা দেয়া। ৩) ইতিবাচক গুণাবলীর বিকাশ সাধন করা। উল্লেখিত গুণগুলো অর্জন করতে স্ব স্ব শাখার সিলেবাস (প্রোগ্রাম) যথাযথভাবে সম্পন্ন করে সর্বোচ্চ অ্যাওয়ার্ড অর্জন করা।

**উদ্দেশ্য (Purpose):** কোন সংগঠনের অস্তিত্বের মধ্যে নিহীত আছে তার উদ্দেশ্য। এটি তার উদ্দেশ্যকে প্রতিনিধিত্ব করছে। স্কাউট আন্দোলনের উদ্দেশ্য হল, যুববয়সীদের পরিপূর্ণ শারীরিক, মানসিক,আধ্যাত্মিক,বুদ্ধিমত্তা এবং সামাজিক সম্ভাব্য গুণাবলী অর্জনে স্থানীয়,জাতীয় ও আন্তর্জাতিক সমাজে একজন দায়িত্বশীল নাগরিক হিসাবে গড়ে উঠতে সহায়তা করে। এককথায় স্কাউটিংয়ের মাধ্যমে চরিত্র গঠন ও আত্মোন্নয়ন ঘটিয়ে আদর্শ নাগরিক তৈরি করা। এ উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যেই স্কাউট প্রোগ্রাম প্রণীত হয়।

## মূলনীতিসমূহ (Principles)

**স্কাউটিংয়ের মূলনীতি তিনটি-** ১। সৃষ্টিকর্তার প্রতি কর্তব্য ২। নিজের প্রতি কর্তব্য/আত্মোন্নয়ন ৩। অপরের প্রতি কর্তব্য পালন/ পরোপকার। এ মূলনীতিগুলো স্কাউট প্রতিজ্ঞা ও আইনের মধ্যে নিহিত রয়েছে।

১. **সৃষ্টিকর্তার প্রতি কর্তব্য (Duty to Allah):** আল্লাহর প্রতি কর্তব্য একজন স্কাউটের প্রাথমিক কৃতজ্ঞতা। নিজ ধর্মের প্রতি অবিচল আস্থা ও বিশ্বাস থাকে, স্কাউটদের স্ব-স্ব ধর্মের অনুশাসন মেনে চলতে অবশ্যই উৎসাহিত করতে হবে। সৃষ্টি কর্তার প্রতি বিশ্বাস না থাকলে স্কাউট আন্দোলনের সদস্যপদ লাভ করা যায় না অর্থাৎ নাস্তিকরা স্কাউট আন্দোলনের সদস্যপদ লাভ করতে পারে না।

২. **নিজের প্রতি কর্তব্য পালন (Duty to Self):** স্কাউটরা হাতে কলমে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা ও চরিত্র গঠন করে আত্ম নির্ভরশীল হয়ে উঠে। বৈচিত্রময়, উত্তেজনাপূর্ণ ও প্রতিযোগিতামূলক (চ্যালেঞ্জিং) কর্মসূচির মাধ্যমে চরিত্র গঠনসহ নানাবিধ কৌশল রপ্ত করে থাকে। এইভাবে সুপ্ত প্রতিভার বিকাশ ঘটে। সাথে সাথে সৃজনশীলতা বৃদ্ধি পায়, জ্ঞানের প্রসার এবং নেতৃত্বের বহিঃপ্রকাশ ঘটে।

৩. **অপরের প্রতি কর্তব্য পালন (Duty to Other):** চরিত্রবান, স্বাস্থ্যবান এবং স্কাউট কলায় দক্ষতা অর্জন ছাড়াও বিপি'র পরিকল্পনা অনুসারে স্কাউট কর্মসূচি ও প্রশিক্ষণ স্কাউটদের পরোপকার ব্রত শিক্ষা দেয়। দৈনিক কমপক্ষে একটি সৎকাজ (Good turn) অর্জনের মধ্য দিয়ে এবং ব্যক্তিগত ও দলগতভাবে দক্ষতা অর্জনের মাধ্যমে স্কাউট মূলমন্ত্র (মটো) সদা প্রস্তুত থাকার প্রচেষ্টার ভিতর দিয়ে স্কাউটরা অপরের সেবা (Service to Others): করার দৃষ্টিভঙ্গি অর্জন করে। অর্থাৎ স্কাউটদের মূলমন্ত্রের (সেবার জন্য সদা প্রস্তুত থাকতে যথাসাধ্য চেষ্টা করা) প্রতিফলন ঘটানোর চেষ্টা করা। এটি যে কোন সমাজে সুনাগরিকত্ব শিক্ষার একটি পাঠ।

## স্কাউট পদ্ধতি (Scout Method)

স্কাউট আন্দোলনের মূল লক্ষ্যে পৌঁছানোর জন্য লর্ড ব্যাডেন পাওয়েল **প্রোগ্রাম** বাস্তবায়নের কৌশল হিসেবে একটি বিশেষ প্রশিক্ষণ কৌশল অবলম্বন করেন। অর্থাৎ মুক্তাঙ্গণে বৈচিত্রময় কর্মসূচিকেই স্কাউট পদ্ধতি বলা হয়। অন্যকথায় স্কাউট পদ্ধতিকে ক্রমোন্নতিশীল আত্ম-শিক্ষা ব্যবস্থা হিসেবে সংজ্ঞায়িত করা হয়ে থাকে। স্কাউট পদ্ধতির ৮ টি উপাদান (Elements) রয়েছে, প্রোগ্রাম বাস্তবায়নে এর সবগুলো উপাদান বিদ্যমান থাকবে - ১। প্রতিজ্ঞা ও আইন (Scout promise and Law) ২। হাতে কলমে শিক্ষণ (Learning by doing) ৩। টীম সিসটেম (Small group) ৪। ব্যক্তিগত ক্রমবৃদ্ধি (Personal progression) ৫। প্রতিকী কাঠামো (Symbolic Framwork) ৬। বয়স্ক নেতার সমর্থন (Adult support) ৭। প্রকৃতি (Nature) ৮। কমিউনিটি ইনভলমেন্ট (Community Involment) । স্কাউট পদ্ধতি স্কাউট আন্দোলনের মৌলিক বিষয়সমূহের অন্যতম এবং যা অন্যান্য আন্দোলনের সাথে স্কাউটিংয়ের পার্থক্য নির্ধারণ করেছে। স্কাউট আন্দোলন যেহেতু নিজস্ব নীতিমালার উপর প্রতিষ্ঠিত সুতরাং ঐ সকল নীতির উপর ভিত্তি করে স্কাউট পদ্ধতি প্রয়োগ করা বাঞ্চনীয়। এ পদ্ধতি প্রয়োগ নৈপুন্যতার ওপর **প্রোগ্রাম** বাস্তবায়নের সফলতা নির্ভর করে। এক কথায় স্কাউটিংয়ে **প্রোগ্রাম হল,** স্কাউটদের সামগ্রীক উন্নয়নকল্পে প্রণীত সমগ্র কার্যক্রম।

## ১. প্রতিজ্ঞা ও আইন (Scout Promise and Law)

স্কাউট আন্দোলনে ভিত্তি হিসেবে **'স্কাউট প্রতিজ্ঞা ও আইন'** প্রতিষ্ঠিত। এর মাধ্যমে স্কাউটদের চরিত্র গঠন তথা দৃষ্টিভংগির (Attitude) উন্নয়ন এবং দেশাত্মবোধের উন্মেষ ঘটানো হয়ে থাকে। প্রতিজ্ঞা ও আইন মুখস্থ ও ব্যাখ্যা করে প্রতিজ্ঞা ও আইনের উপর ভিত্তি করে অভিনয় করিয়ে, গুডর্টান নট অভ্যাস করিয়ে, স্কাউটস ওণের মাধ্যমে, জাতীয় সংগীত মুখস্থ ও সুন্দর করে গাওয়া অভ্যাস করিয়ে, জাতীয় পতাকা অংকণ ইত্যাদির মাধ্যমে এই পদ্ধতি বাস্তবায়ন করা হয়।

## কাব স্কাউট প্রতিজ্ঞা

**আমি প্রতিজ্ঞা করছি যে,**

- আল্লাহ্ ও আমার দেশের প্রতি কর্তব্য পালন করতে
- প্রতিদিন কারো না কারো উপকার করতে
- কাব স্কাউট আইন মেনে চলতে

আমি আমার যথাসাধ্য চেষ্টা করব।

[কাব স্কাউট প্রতিজ্ঞা পাঠের সময় স্কাউট সালাম দিতে হয়]

## Cub Scout Promise

**I promise that, I will do my best**

- To do my duty to Allah and my country
- to do good to others everyday and
- to obey the cub sout law.

## কাব স্কাউট আইন

- বড়দের কথা মেনে চলা
- নিজেদের খেয়ালে কিছু না করা।

## Cub Scout Law

- Obey the elders;
- Don’t do anything whimsically.

## স্কাউট প্রতিজ্ঞা

**আমি আমার আত্মমর্যাদার উপর নির্ভর করে প্রতিজ্ঞা করছি যে,**

- আল্লাহ্ ও আমার দেশের প্রতি কর্তব্য পালন করতে
- সর্বদা অপরকে সাহায্য করতে
- স্কাউট আইন মেনে চলতে

আমি আমার যথাসাধ্য চেষ্টা করব।

## Scout Promise

**On my honour I promise that, I will do my best**

- to do my duty to Allah and my country
- to help other people at all times
- to obey the scout law.

(অন্য ধর্মাবলম্বীরা ‘নিজ নিজ ধর্মীয় বিশ্বাসমতে সৃষ্টিকর্তার নাম উচ্চারণ করবে) স্কাউট প্রতিজ্ঞা পাঠের সময় অবশ্যই **স্কাউট চিহ্ন** প্রদর্শন করতে হয়। স্কাউটরা তাদের পরিচয় দানের জন্য ও **স্কাউট চিহ্ন** ব্যবহার করে থাকে।

## স্কাউট আইন

- স্কাউট আত্মমর্যাদায় বিশ্বাসী
- স্কাউট সকলের বন্ধু
- স্কাউট বিনয়ী ও অনুগত
- স্কাউট জীবের প্রতি সদয়
- স্কাউট সদা প্রফুল্ল
- স্কাউট মিতব্যয়ী
- স্কাউট চিন্তা, কথা ও কাজে নির্মল।

## Scout Law

- A scout honour is to be trusted
- A scout is friend to all
- A scout is courteous and obedient
- A scout is kind to animals
- A scout is cheerful at all time
- A scout is thrifty
- A scout is clean in thought, word and deed.

কাব স্কাউটদের জন্য রয়েছে কাব স্কাউট প্রতিজ্ঞা ও আইন এবং স্কাউট, রোভার এবং বয়স্কদের জন্য রয়েছে স্কাউট প্রতিজ্ঞা ও আইন। প্রতিজ্ঞা পাঠের মাধ্যমে স্কাউট আন্দোলনে যোগদান করতে হয়।

## মটো (মূলমন্ত্র)

- **কাব স্কাউট** : যথাসাধ্য চেষ্টা করা
- **স্কাউট** : সদা প্রস্তুত
- **রোভার স্কাউট** : সেবা

## Motto

- **Cub Scout** : Do your best
- **Scout** : Be prepared
- **Rover Scout** : Service.

[উল্লেখিত মটোগুলো একত্র করে বলা যায়, “**সেবার জন্য সদা প্রস্তুত থাকতে যথাসাধ্য চেষ্টা করা**”]

স্কাউটদের মধ্যে সুষ্ঠুভাবে এ মটো প্রতিফলনের জন্য কাব, স্কাউট ও রোভারদের মধ্যে পৃথকভাবে ভাগ করা হয়েছে। এসব মূলমন্ত্রে উদ্বুদ্ধ হয়ে স্কাউটরা নিজের জীবনকে গড়ে তোলায় ব্রতী হয়।

## ২. হাতে কলমে শিক্ষণ (Learning by Doing)

স্কাউট পদ্ধতির আরেকটি মৌলিক উপাদান হচ্ছে হাতে কলমে শিক্ষণ। এটি কার্যকরী শিক্ষার মৌল ধারণার উপর প্রতিষ্ঠিত এবং আধুনিক শিক্ষার 'কর্ণার স্টোন' হিসেবে স্বীকৃত। বি-পি তাঁর সকল লিখনিতে এ বিষয়টিকে বিশেষ গুরুত্ব প্রদান করেছেন। তাঁর ভাষায় ' একজন বালক কোন বিষয়কে সম্পূর্ণ হৃদয়ংগম করার চেয়ে সম্পাদন করতে সদা প্রস্তুত থাকে। (‘A boy is always ready to do rather than digest’) স্কাউটিংয়ে শিক্ষণ অবশ্যই পর্যবেক্ষণ, পরীক্ষা-নিরীক্ষা এবং ব্যক্তিগত কর্মকান্ডের মাধ্যমেই হতে হবে। তাত্বিক নির্দেশনার বিপরীতে এর মাধ্যমে সরাসরি অভিজ্ঞতা অর্জনের মাধ্যমে যুবদের উন্নয়ন ঘটানো হয়। এটি স্কাউটিংয়ে শিক্ষার ব্যবহারিক দিক প্রতিফলিত করে। এ উপায়ে সক্রিয়ভাবে একজন স্কাউট তার জ্ঞান, দক্ষতা এবং দৃষ্টিভংগির উন্নয়ন ঘটিয়ে থাকে। স্কাউটিংয়ে যে কোন প্রোগ্রাম এ ধারণার ভিত্তিতে সম্পাদিত হতে হবে। হাতে কলমে সম্পাদিত না হলে তা রোভার প্রোগ্রাম বলে বিবেচিত হবে না। স্কাউট প্রোগ্রাম বাস্তবায়নের অন্যতম কৌশল হল হাতে কলমে শিক্ষণ। হাতে কলমে শিক্ষণ বা মুক্তাংগণ কর্মসূচিতে অন্যান্য সকল পদ্ধতি একত্রে বাস্তবায়ন করা হয়। মুক্তাংগণ কর্মসূচিকে শাখা ভেদে প্যাক মিটিং, ট্রুপ মিটিং ও ক্রু মিটিং বলা হয়।

## ৩. ক্ষুদ্র ক্ষুদ্র দলে বিভক্ত / টিম সিস্টেম (Membership of small groups /Team System)

স্কাউট পদ্ধতির অন্যতম বৈশিষ্ট্যমন্ডিত উপাদান হচ্ছে টিম সিস্টেম বা উপদল পদ্ধতি/ষষ্ঠক পদ্ধতি। ষষ্ঠক / উপদল পদ্ধতি স্থানীয় ইউনিটের মৌলিক সাংগঠনিক কাঠামো হিসেবে বিবেচিত হয়। এটি স্কাউট আন্দোলনের সাংগঠনিক কাঠামোর সর্বনিম্ন ধাপ। এটি স্কাউট সদস্যদের ক্ষুদ্র ক্ষুদ্র দল এবং বয়স্ক নেতৃত্বের সমন্বয়ে গড়ে উঠে। সাধারণত: ৬-৮ জন সদস্য নিয়ে একটি উপদল গঠিত হয়। প্রত্যেক উপদলে একজন সদস্য উপদল নেতা হিসেব নেতৃত্ব প্রদান করে। টিম সিস্টেম নেতৃত্বের বিকাশ সাধণ, দক্ষতা বৃদ্ধি, দায়িত্ব সচেতনতা, একাত্নবোধ ও শৃংখলাবোধের উন্মেষ, কার্যমূল্যায়ন ক্ষমতা ও সাংগঠনিক যোগ্যতা সৃষ্টির বিশেষ কৌশল হিসেবে বিবেচিত হয়। এটি যুবদের ব্যক্তিগত ও সামষ্ঠিক কর্মক্ষমতার বিকাশসাধন এবং নিজেদের পারস্পরিক ও বয়স্কদের সাথে গঠনমূলক সম্পর্কোন্নয়নের অন্যতম হাতিয়ার। এর মাধ্যমে টিমস্প্রীট এবং গণতান্ত্রিক চেতনা জাগ্রত হয়। **বি-পি বলেছেন যে, স্কাউট প্রশিক্ষণের প্রয়োজনীয় পদ্ধতি হচ্ছে উপদল পদ্ধতি এবং অন্যান্য যুব সংগঠনের সাথে এটি স্কাউটিংয়ের একটি মৌলিক পার্থক্য।**

## ৪. ব্যক্তিগত ক্রমবৃদ্ধি (Personal progression)

ব্যক্তিগত ক্রমবৃদ্ধি স্কাউট পদ্ধতির অন্যতম উপাদান। এ উপাদান প্রত্যেক তরুণ তরুণীর ব্যক্তিগত উন্নয়নে তাদেরকে সচেতনভাবে ও সক্রিয়তার সাথে নিয়োজিত করতে সহায়তার করার সাথে সম্পর্কযুক্ত। এর মাধ্যমে তরুণ/তরুণীকে তার নিজস্ব পথে অগ্রগতিতে সমর্থ করে তোলা হয়। এতে ব্যক্তিগত উন্নয়নের উদ্দেশ্য নির্ধারণ করে ঐ উদ্দেশ্য কিভাবে অর্জন করা যায় তার পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে ব্যক্তিগত ক্রমবৃদ্ধি ঘটাতে হয়। অবশেষে সংগঠিত অগ্রগতির মূল্যায়ন, স্বীকৃতি এবং তা স্মরণীয় করে রাখার ব্যবস্থা করা হয়। ক্রমোন্নতিশীল ব্যাজ পদ্ধতি এবং ইয়ুথ প্রোগ্রাম এ উপাদান বাস্তবায়নের অন্যতম হাতিয়ার হিসেবে ব্যবহৃত হয়।

এ পদ্ধতির মাধ্যমে স্কাউটদের ধারাবাহিক ক্রমোন্নতিশীল প্রশিক্ষণ দিয়ে দক্ষতা বৃদ্ধির ধারাকে অব্যাহত রাখার জন্য বয়সভেদে চাহিদা অনুসারে বৈচিত্রময় প্রোগ্রামের মাধ্যমে বিভিন্ন বিষয়ে দক্ষতা অর্জনের স্বীকৃতি স্বরূপ আকর্ষণীয় ব্যাজ এবং অ্যাওয়ার্ড প্রদান করা হয়। যে যত দক্ষতা অর্জন করবে, তার ততবেশী জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি এবং দৃষ্টিভংগির পরিবর্তন হবে। উপদল পদ্ধতি নির্দেশ পালনের পিরামিড আকৃতির কাঠামো নয় বরং এটি হচ্ছে একটি গণতান্ত্রিক অংশীদারিত্ব। এখানে নেতৃত্ব দেয়া এবং মানার অনুশীলন করা হয়।

## ৫. প্রতিকী কাঠামো (Symbolic Framwork)

প্রতিকী কাঠামো স্কাউট পদ্ধতির একটি অন্যতম উপাদান। এ উপাদানের মাধ্যমে স্কাউটরা স্কাউটিংয়ের প্রতি আকৃষ্ট ও আগ্রহী হয়ে ওঠে। স্কাউট আন্দোলন এমন কিছু বৈশিষ্ট্য মন্ডিত যা অন্যান্য সংগঠন বা প্রতিষ্ঠান থেকে প্রতিকী কাঠামোর মাধ্যমে সহজেই পৃথক করা যায়। সিম্বল **(Symbol)** হল, একটি নির্দিষ্ট বিষয়ের অংকিত নকশা বা ভাবমূর্তি নির্দেশক। সিম্বল **(Symbol)** এর মাধ্যমে ঐ বিষয়ের উদ্দেশ্য, অবস্থা, ধারণা বা পদ্ধতি জানা যায়। স্কাউট মনোগ্রাম, রীফ নট, স্কাউট সালাম এবং 'স্কাউট শব্দ', লোগো, পোশাক, ইত্যাদি সিম্বল হিসেবে বিবেচিত। স্কাউটিংয়ে **Symbolic Framwork** হল, সমজাতীয় যেকোন বিষয়সমূহের ওপর পুঙ্খানুপুঙ্খ পরীক্ষা নিরিক্ষা করা। সিম্বোলিক ফ্রেমওয়ার্ক স্কাউটদের উদ্বুদ্ধ ও সাড়া জাগিয়ে থাকে,সমাজে স্কাউটিংয়ের গ্রহণযোগ্যতা বৃদ্ধি করে, মূল্যবোধ তৈরিতে ইউনিট লিডারদের অনুপ্রাণীত করে থাকে, স্কাউটদের আগ্রহকে সক্রিয় রাখে ও ব্যক্তিগত উদ্দেশ্য সাধনে এবং গ্রহণযোগ্যতা বৃদ্ধিতে ব্যাপক ভূমিকা রাখে, এর মাধ্যমে স্কাউটদের কল্পনার সামর্থতা, সৃজনশীলতা, সংহতি, পর্যবেক্ষণ, এডভেঞ্চার এবং উদ্ভাবন ক্ষমতার উন্নয়ন ঘটিয়ে সঠিক দিক নির্দেশনা প্রদান করে থাকে। স্কাউট আন্দোলন এর 'স্কাউটিং' নামটিই প্রতিকী কাঠামোর অন্যতম উপাদান। বি-পি স্কাউটিং ফর বয়েজ গ্রন্থে স্কাউটিং শব্দটিকে ব্যাক উডসম্যান, আবিস্কারক, শিকারী, সী-ম্যান (নাবিক) বৈমানিক, পাইওনিয়ার এবং ফ্রন্টিয়রস'ম্যানদের কার্যক্রম ও প্রচেষ্টার প্রতীক হিসেবে উল্লেখ করেছেন। তা ছাড়া **'রীফনট'** আন্দোলনের একতার **(Unity)** প্রতীক এবং 'স্কাউট সালাম', আইন প্রতিজ্ঞাকে প্রতিফলিত করে।

## ৬. বয়স্কদের সমর্থন (Adult Support)

বয়স্ক নেতৃত্ব, স্কাউট আন্দোলনের গোড়া থেকেই অন্যতম মূলনীতি ও অতি আবশ্যকীয় উপাদান হিসাবে স্বীকৃত ও গৃহীত। আনুষ্ঠানিক স্কাউট দল গঠন ও পরিচালনা বয়স্ক নেতাদের দায়িত্ব। প্রোগ্রাম বাস্তবায়ন প্রক্রিয়া চালু রাখা, তদারকি করা, পরামর্শ দেয়া এবং পরিচালনা করা ইউনিট লিডারের কাজ এবং নেতা, বন্ধু, শুভানুধ্যায়ী ও শিক্ষক হিসেবে

ইউনিট লিডার দায়িত্ব পালন করে থাকেন। আর এ দায়িত্ব পালন করতে ইউনিট লিডারকে বিষয়গুলো জানতে হবে, শিক্ষা দেয়ার ও দল পরিচালনা করার কৌশল আয়ত্ত করতে হবে এবং দক্ষতা অর্জন করতে হবে। এর জন্য দরকার উপযুক্ত ও প্রয়োজনীয় প্রশিক্ষণের।

## ৭. প্রকৃতি (Nature)

স্কাউট আন্দোলনের গোড়া থেকেই প্রকৃতি এবং মুক্তাঙ্গণের জীবন স্কাউট কার্যাবলীর জন্য একটি আদর্শ উপাদান হিসেবে বিবেচিত হয়ে আসছে। আন্দোলনের প্রতিষ্ঠাতা লর্ড ব্যাডেন পাওয়েল স্বয়ং প্রকৃতির ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেছেন। ‘‘স্কাউটিং ফর বয়েজ’’ বইতে তিনি স্কাউটিংকে বনকলার মাধ্যমে সুনাগরিকত্ব শিক্ষার প্রশিক্ষণ বলে অভিহিত করেছেন এবং বনকলাকে তিনি প্রাণী ও প্রকৃতি সম্পর্কিত জ্ঞান বলে সংজ্ঞায়িত করেছেন। এ অর্থে পৃথিবীকে ধরা হয় জ্ঞানের ভাণ্ডার এবং প্রকৃতি হল জ্ঞানের উপাদান। এ মুক্তাঙ্গণের কর্মসূচির মধ্যে রয়েছে প্যাক মিটিং, ট্রুপ মিটিং,ক্রু মিটিং, তাঁবুবাস, হাইকিং, সমাবেশ, জাম্বুরী ক্যাম্পুরী, মুট ইত্যাদি। এ মুক্তাঙ্গণের কর্মসূচির মাধ্যমে স্কাউটদের ক) প্রকৃতি পর্যবেক্ষণের দ্বারা আধ্যাত্মিক উন্নতি এবং কৌতুহলীর ফলে সৃজনশীলতা বৃদ্ধি পায়। খ) ভৌগলিক জ্ঞান বৃদ্ধির ফলে ধৈর্যশীলতা ও উদারতা বৃদ্ধি পায়। গ) আর্থ-সামাজিক অবস্থা জরিপের মাধ্যমে পর্যবেক্ষণ ক্ষমতা বৃদ্ধি পায়। বালকদেরকে দেশের উত্তম নাগরিক হিসাবে গড়ে তোলার উদ্দেশ্যে স্কাউটিং প্রশিক্ষণ এর প্রয়োজন আছে এবং প্রকৃতির পাঠশালাই এর উপযুক্ত স্থান। প্রকৃতির বিরাট পাঠশালার জ্ঞানানুশীলনের চেষ্টা চালিয়ে আমরা অনেক কিছুই জানতে পারি, শিখতে পারি। এ জানার শেষ নেই। প্রকৃতির অফুরন্ত ভান্ডারে মানুষের জানবার, শিখবার, তথ্য ও সম্পদের অভাব নেই। সে জন্যেই হয়ত বিখ্যাত ইংরেজ কবি উইলিয়াম ওয়ার্ডসওয়ার্থ বলেছেন “Fields are my books and nature is my study.” তাই স্কাউটিং এর সকল প্রোগ্রামই মুক্তাংগণে বাস্তবায়ন হওয়া আবশ্যক।

## ৮. কমিউনিটি ইনভলমেন্ট (Community Involvement)

এটি স্কাউট পদ্ধতির নতুন অর্ন্তভূক্ত উপাদান। আযারবাইজানে ২০১৭ সালে অনুষ্ঠিত ৪১তম ওয়ার্ল্ড স্কাউট কনফারেন্স এটি অনুমোদিত হয়।

কমিউনিটি বলতে একটি সামাজিক ইউনিটকে বুঝায় যেখানে তার সদস্যদের কিছু বিষয় সাধারণত একই (Common) হয়ে থাকে। একটি স্কাউট কমিউনিটিতে তার নিজের ইউনিট, উপজেলা, জেলা ও অঞ্চল অন্তর্ভূক্ত হয় অথবা স্কাউটিং-এর বাইরে যেমন পরিবার, স্কুল, কলেজ ও দেশ অন্তর্ভূক্ত থাকে। এটি স্থানীয় বা আন্তর্জাতিক প্রকৃতিরও হতে পারে। কমিউনিটি ইনভলমেন্ট বলতে “Active exploration and commitment to communities and the wider world, fostering greater appreciation and understanding between people”.

কমিউনিটিতে সম্পৃক্ততার মাধ্যমে স্কাউটসরা বিভিন্ন শ্রেণির জাতি গোষ্ঠীর সাথে কাজ করে অভিজ্ঞতা সঞ্চয় করে। এভাবে সমাজে, বা সমাজের সাথে কাজ করে আন্তঃসাংস্কৃতিক বোধগম্যতা বৃদ্ধি পায় এবং সমাজের সাথে তাদের অধিকতর সম্পৃক্ততা সৃষ্টি হয়। একজন সক্রিয় ও দায়িত্বশীল নাগরিক হিসেবে সমাজের প্রতি তার ভূমিকা কী হবে তা সে বুঝতে পারে।

## স্কাউটিংয়ের মিশন (Mission of Scouting)

স্কাউটিং-এর মিশন হলো, স্কাউট প্রতিজ্ঞা ও আইনের ভিত্তির ওপর প্রতিষ্ঠিত মূল্যবোধ জাগ্রত করার প্রক্রিয়ায় যুবদের শিক্ষার ক্ষেত্রে অবদান রাখা, যে প্রক্রিয়ায় একটি উন্নত বিশ্ব গড়ার কাজে সাহায্য করা; যেখানে প্রতিটি মানুষ তার নিজস্ব মানবিক গুণাবলীর পরিপূর্ণ বিকাশ সাধনে সমর্থ হবে এবং সমাজে গঠনমূলক ভূমিকা রাখতে সক্ষম হবে (The mission of Scouting is to contribute to the education of young people, through a value based system on the Scout promise and Law to help build a better world where people are self-fulfilled as individuals and play a constructive role in the society)।

## ইয়ুথ প্রোগ্রামের সংজ্ঞা

স্কাউটিংয়ে ইয়ুথ প্রোগ্রাম বলতে যুবকদের শিক্ষার সুযোগের সামগ্রিকতাকে বোঝায়, যেখান থেকে স্কাউটিংয়ের উদ্দেশ্য পূরণে যা এবং যে কারণে কোন নতুন কিছু তৈরি করে এবং স্কাউটিং পদ্ধতির মাধ্যমে দক্ষ/অভিজ্ঞ হয়।

(The Youth Programme in Scouting is the totality of the learning opportunities from which young people can benefit "*WHAT*", created to achieve the purpose of Scouting "*WHY*" and experienced through the Scout method "*HOW*".)

অথবা

স্কাউটিংয়ে ইয়ুথ প্রোগ্রাম বলতে বুঝায়, স্কাউটিংয়ের উদ্দেশ্য পূরণে (যা বা যে কারণে) কিছু নতুন সৃষ্টি করে বা তৈরি এবং তা স্কাউটিং পদ্ধতির মাধ্যমে অভিজ্ঞ হওয়া ও শিক্ষার সুযোগের সম্পূর্ণতা দেওয়াকে বা সামগ্রিকতাকে বোঝায়।

এই নীতি যুবকদের স্কাউটিং জীবনে অভিজ্ঞতার সামগ্রিকতাকে বোঝায় যা ইয়ুথ প্রোগ্রামর ধারণা সংযুক্ত করে এক ব্যাপক সংজ্ঞা যা অন্তর্ভুক্ত করেঃ

**যা (What):** সুগঠিত/সুসংগঠিত ও স্বত:স্ফুর্ততা উভয়ের অভিজ্ঞতা ও অবস্থাসমূহ যেখান থেকে যুবকরা কোন কিছু শিখতে পারে। উদাহরণস্বরূপ/ শিক্ষার সুযোগ/সুবিধাসমূহ। ক্যাম্পিং, বহিরাংগণ কার্যাবলী, খেলাধূলা, অনুষ্ঠানাদি, প্যাট্রোল ও ট্রুপ মিটিং, উপার্জন সপ্তাহ পালন ইত্যাদি স্কাউটিং কার্যাবলীর অন্তর্ভুক্ত। তবে খেয়াল রাখতে হয় যাতে প্রোগ্রামগুলো সংশ্লিষ্ট তরুণ বা যুবদের জন্য রোমাঞ্চকর ও আকর্ষণীয় হয়। শিক্ষামূলক যেসব কাজকর্ম স্কাউটদের জন্য ব্যবস্থা করা হয় সেগুলো 'যা' এর আওতায় পড়ে।

**যেভাবে (How):** যে পদ্ধতিতে এটা করা হয়। যেমন-স্কাউট পদ্ধতি। যেভাবে এটা করা হয় তাই স্কাউট পদ্ধতি। স্কাউট প্রোগ্রাম বাস্তবায়িত হয় স্কাউট পদ্ধতিতে। নিম্নলিখিত বিষয়গুলো স্কাউট পদ্ধতির আওতায় পড়ে, ক) আইন ও প্রতিজ্ঞা খ) হাতে কলমে শেখা গ) বয়স্ক লিডারের তত্ত্বাবধানে ছোট গ্রুপে (উপদল) বিভক্ত করে ক্রমোন্নতিশীল প্রশিক্ষণ প্রদান। এতে উৎকর্ষতা, দায়িত্ব গ্রহণ, স্বাভাবিক গতিতে চারিত্রিক উন্নয়ন, নির্ভরশীল সহযোগিতা গ্রহণ ও নেতৃত্ব প্রদানের গুণাবলী বিকশিত হয়। ঘ) আন্দোলনে অংশগ্রহণকারীদের আগ্রহের ভিত্তিতে খেলাধুলা, বিভিন্ন প্রয়োজনীয় বিষয়ের দক্ষতা, সমাজ সেবা ও সমাজ উন্নয়ন, প্রকৃতি পর্যবেক্ষণ প্রভৃতি বিষয়ের ক্রমোন্নতিশীল ও উদ্দীপনাময় কর্মসূচি। মুক্তাংগণের কার্যাবলীকে স্কাউট প্রোগ্রামে প্রাধান্য দেয়া হয়।

**যে কারণে (Why):** আন্দোলনের উদ্দেশ্যসমূহ ও নীতিসমূহের সাথে সাথে শিক্ষামূলক উদ্দেশ্যসমূহ। স্কাউটিং এর উদ্দেশ্য হচ্ছে সৃষ্টিকর্তার প্রতি কর্তব্যপালন, অন্যের প্রতি, দেশের প্রতি, আন্দোলনের প্রতি এবং নিজের প্রতি কর্তব্য পালনে সক্ষম করে তোলা। সে উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যেই স্কাউট প্রোগ্রাম প্রণীত হয়। তরুণ ও যুবদের শারীরিক, মানসিক, সামাজিক, আবেগীয় এবং আধ্যাত্মিক উন্নয়ন প্রোগ্রাম বাস্তবায়নের লক্ষ্য।

**স্কাউট চেতনা (Scout Sprit):** স্কাউট প্রতিজ্ঞা ও আইন জীবনের প্রতিটা ক্ষেত্রে বাস্তবায়নের জন্য স্কাউটরা যথাসাধ্য চেষ্টা করে থাকে। স্কাউট প্রতিজ্ঞা ও আইনের প্রতি আস্থাকে স্কাউট চেতনা বলা হয়।

**বিশ্ব ভ্রাতৃত্ব (World Brotherhood):** স্কাউটিং প্রথম অবস্থায় বিশ্বের সকল বালকদের প্রশিক্ষণের পরিকল্পনা নিয়ে শুরু হয়নি। বি-পি'র চিন্তাভাবনা ও প্রশিক্ষণ পদ্ধতি অতি দ্রুততার সাথে বিভিন্ন দেশে প্রসারিত হয়। সকলে বুঝতে শুরু করল যে, বালকদের নিকট স্কাউটিং যে আবেদন সৃষ্টি করে অন্য কোন প্রশিক্ষণ পদ্ধতি তেমন পারে না। এভাবে স্কাউটিং বিশ্বের জনগণের মধ্যে আর একটি ঐক্যের সেতুবন্ধন সৃষ্টি করেছে। দীক্ষা গ্রহণের পর একজন স্কাউট সে ঐ ইউনিটের সদস্য হওয়ার সাথে সাথে সারা বিশ্বের একজন স্কাউট সদস্য হিসেবে বিবেচিত হবে।

**স্কাউট সালাম:** স্কাউটরা বিশেষ কায়দায় সালাম করে থাকে। ডান হাতের বৃদ্ধা আংগুল দ্বারা কনিষ্ঠা আংগুলের অগ্রভাগকে চেপে ধরে তিন আংগুলে সালাম করে থাকে। সালাম দিয়েই হাত নামিয়ে ফেলতে হয়। সালামের সময় তর্জুনী চোখের ভ্রুর কোণে সামান্য স্পর্শ করতে হয় এবং মধ্যমাকে উর্ধমুখী রাখতে হয়। একে অপরের সাথে দেখা হলেই সালাম দেয়া উচিৎ। যাঁকে সালাম দেয়া হয় তিনি হাত বাড়ালে করমর্দন করতে হয়। বিশ্বের অধিকাংশ স্কাউটরা একে অপরের সাথে বাম হাতে করমর্দন করে থাকে। বাংলাদেশসহ বেশ কিছু মুসলিম দেশের স্কাউটরা ডান হাতে একে অপরের সাথে করমর্দন করে থাকে। কুশলাদি বিনিময় করার পর এক কদম পিছনে গিয়ে পুনরায় সালাম করে প্রস্থান করতে হয়। স্কাউট প্রতিজ্ঞার তিনটি অংশ বিধায় স্কাউটরা তিন আংগুলে সালাম করে থাকে।

# ব্যক্তিগত জীবনে স্কাউট আন্দোলনের মৌলিক বিষয়সমূহ প্রতিফলন ঘটানোর কৌশল

## (স্কাউটদের জীবনে প্রতিজ্ঞা ও আইনের প্রতিফলন)

## ভূমিকা

স্কাউট আন্দোলনের মুল উদ্দেশ্য মূলতঃ স্কাউটিংয়ের মাধ্যমে যুববয়সীদের দৈহিক (Physical), আবেগিক (Emotional), আধ্যাত্মিক (Spiritual), সামাজিক (Social) ও বুদ্ধিমত্তার (Intellectual) উন্নয়ন সাধন। স্কাউটিং স্কাউটদের হাতে কলমে প্রশিক্ষণ দিয়ে আদর্শ নাগরিক রূপে গড়ে তোলার একটি বৈজ্ঞানিক উপায় হিসাবে বিশ্বখ্যাত। আদর্শ নাগরিক বা যোগ্য ব্যক্তির মূলতঃ তিনটি গুণ থাকা আবশ্যক যথা, জ্ঞানবোধ ও দক্ষতা এবং দৃষ্টিভঙ্গি (চরিত্র)। স্কাউটিং একটি শিক্ষামূলক আন্দোলন অন্যান্য আনন্দদায়ক খেলাধূলার মতই স্কাউটিংও একটি বৈচিত্রময় খেলা/ক্রীড়া (Scouting is a game for the boys and job for the leaders) যা অবসর সময় মুক্তাংগণে বাস্তবায়ন করা হয়। বৈচিত্রময় এবং প্রতিযোগিতামূলক (Challenging) প্রোগ্রামের মাধ্যমে অর্জিত দক্ষতা দিয়ে যেকোন কাজ দ্রুততার সাথে সম্পন্ন করতে সক্ষম হয় আর ব্যক্তিগত জীবনে প্রতিজ্ঞা ও আইন বাস্তবায়ন করে মূল্যবোধ জাগ্রত করার মাধ্যমে প্রতিটি স্কাউট তার নিজস্ব মানবিক গুণাবলীর পরিপূর্ণ বিকাশ সাধনে সামর্থ হয় এবং সমাজে গঠনমূলক ভূমিকা পালন ও নেতৃত্ব দানে সক্ষম হয়ে ওঠে।

স্কাউটিংয়ে লক্ষ্য ও উদ্দেশ্য বর্ণনাকালে বি-পি সর্বদা চরিত্রের উপর বিশেষ জোর দিতেন। বি, পি, এ সম্পর্কে বলেছেন ভবিষ্যৎ বংশধরদের উন্নতি এবং তাদের মনে প্রতিবেশীর প্রতি কর্তব্যবোধ জাগিয়ে তোলার মাধ্যমে চরিত্র গঠন ও আত্মোন্নয়ন ঘটিয়ে আদর্শ নাগরিক তৈরি করা যায়। আমরা জানি যে, প্রতিজ্ঞা ও আইনের ওপর ভিত্তি করে স্কাউটিং তার আপন মহিমায় বিকশিত, কারণ হাতে কলমে প্রশিক্ষণ দিয়ে প্রতিজ্ঞা ও আইনের বাস্তবায়ন নিশ্চিত করে চরিত্র গঠন করা হয়ে থাকে। এমনকি পৃথিবীতে অন্য কোন সংগঠন স্কাউটিংয়ের মত হাতে কলমে প্রশিক্ষণ দিয়ে অতি সহজে চরিত্র গঠন করতে পারে না। এজন্যই একজন ইউনিট লিডারকে প্রতিজ্ঞা আইনের বাস্তবায়ন প্রক্রিয়ার উপর গভীর জ্ঞান অর্জন করতে হবে ; সাথে সাথে দৃষ্টিভঙ্গি সম্পর্কে সম্যক জ্ঞান থাকা বাঞ্ছনীয়। দৃষ্টিভঙ্গি বলতে, বিভিন্ন পরিবেশ পরিস্থিতিতে একজন মানুষের দৈহিক এবং মানসিক প্রতিক্রিয়া বা চিন্তা চেতনা বা আচরণের প্রতিফলনকে তার স্বাভাবিক দৃষ্টিভঙ্গি বলে ধরে নেয়া হয়। মানুষের চিন্তা চেতনা (Thinking) থেকে বিশ্বাসের (Belief) জন্ম - আর বিশ্বাস থেকে প্রত্যয় বা আশার (Expectation) সঞ্চার এবং এই প্রত্যয় থেকেই দৃষ্টিভঙ্গির (Attitude) উৎপত্তি। দৃষ্টিভঙ্গির বহিঃপ্রকাশই হল, আচার-আচরণ বা স্বভাব (Behaviour) আর এই স্বভাব থেকে আসে কৃতিত্ব (Performance)। ধারাবাহিক কৌশল বা প্রশিক্ষণের দ্বারা দৃষ্টিভঙ্গি তৈরি বা এর উন্নয়ন বা পরিবর্তন করা বেশ সহজ কিন্তু দৃষ্টিভঙ্গির উন্নয়ন বা পরিবর্তন না করে স্বভাবের (Behaviour) পরিবর্তন ঘটানো খুবই কঠিন।

স্কাউটিংয়ের মাধ্যমে ধারাবাহিকভাবে চরিত্র গঠন প্রক্রিয়া শুরু হয়। স্কাউটিংয়ের নবাগত হিসেবে ভর্তি হয়ে সর্বপ্রথম তাকে প্রতিজ্ঞা ও আইন সঠিকভাবে মুখস্থ করে সুন্দরভাবে মুখস্থ বলা শিখতে হয় এবং নির্দিষ্ট সিলেবাস শেষ করে দীক্ষা অনুষ্ঠানে প্রতিজ্ঞা পাঠের মাধ্যমে স্কাউটিং জগতে প্রবেশ করতে হয়। এরপর শুরু হয় হাতে কলমে প্রশিক্ষণ দিয়ে চরিত্র গঠনসহ অন্যান্য দক্ষতা বৃদ্ধির কার্যক্রম। প্রতিজ্ঞা ও আইনের অর্থসহ ব্যাখ্যা স্কাউটদের চরিত্রের উপর স্থায়ীভাবে রেখাপাত করে থাকে।

**প্রতিজ্ঞা ও আইন** স্কাউট মূলনীতি সমূহের প্রধানতম অংশ এবং স্কাউট পদ্ধতির প্রথম ও গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে প্রতিষ্ঠিত। এই উপাদানের মাধ্যমে স্কাউটদের চরিত্র গঠন তথা দৃষ্টিভঙ্গির (এটিচিউড) উন্নয়ন এবং দেশাত্মবোধের উন্মেষ ঘটানো হয়ে থাকে। প্রতিজ্ঞা ও আইন মুখস্থ ও ব্যাখ্যা করে, প্রতিজ্ঞা ও আইনের উপর ভিত্তি করে অভিনয় করিয়ে, গুডটার্ন নট অভ্যাস করিয়ে, স্কাউট ওনের মাধ্যমে, জাতীয় সংগীত মুখস্থ ও সুন্দর করে গাওয়া অভ্যাস করিয়ে, জাতীয় পতাকা অংকণ/ উত্তোলন, বহন, ভাঁজ, প্রদর্শন ইত্যাদির মাধ্যমে প্রতিজ্ঞা ও আইন প্রতিফলিত করা হয়।

## স্কাউট প্রতিজ্ঞা ও আইনের ব্যাখ্যা

আত্মমর্যাদা : স্কাউটদের আত্মমর্যাদার ওপর নির্ভর করে প্রতিজ্ঞা পাঠ করতে হয় এবং প্রথম আইন হল, স্কাউট আত্মমর্যাদায় বিশ্বাসী। সুতরাং আত্মমর্যাদা একজন মানুষের সর্বাধিক মূল্যবান স্বত্ব যা মানুষের জীবনে সুনাম- সুখ্যাতি অর্জনের একমাত্র ধারক ও বাহক। সাধারণভাবে একজন মানুষের নিজের গৌরবময় দিককে তার আত্মমর্যাদা বুঝানো হয়ে থাকে।একজন ব্যক্তির সুন্দর নামটি, তার চারিত্রিক সরলতা ও চারিত্রিক অখণ্ডতা, মাধুরতা, শুদ্ধতা এবং সুনাম-সুখ্যাতি আত্মমর্যাদার অর্ন্তভুক্ত। প্রকৃত পক্ষে যখন কেউ স্কাউট প্রতিজ্ঞা পাঠের মাধ্যমে নিজের প্রতি অঙ্গীকারবদ্ধ হয় তখন ঐ ব্যক্তি তার জীবন পথ প্রতিজ্ঞার হীতোপদেশ অনুযায়ী চলার শপথ

গ্রহন করে স্কাউটিংয়ে আত্মমর্যাদার গুরুত্বকে সর্বাগ্রে প্রাধান্য দিয়ে ব্যাখ্যা করা হয়েছে যাতে কোমলমতি স্কাউটদের মনে সহজে দাগ কাটতে পারে। স্কাউটিংয়ে আত্মমর্যাদা শব্দের অর্থ হল, স্কাউটরা সর্বদা সৎ ও সত্যবাদী। প্রতিজ্ঞা গ্রহনের সময় দীক্ষা প্রর্থীকে প্রশ্ন করা হয়ে থাকে, "তুমি আত্মমর্যাদা বুঝ? এর অর্থ কী?"। যেহেতু যত খারাপের মূলে রয়েছে মিথ্যা সুতরাং স্কাউটিংয়ের শুরু থেকে মিথ্যার ক্ষতিকারক দিক আলোচনা করা হয়েছে। হিন্দু ধর্মে রয়েছে মিথ্যা বলা মহা পাপ। অন্যদিকে কোরআনে রয়েছে পৃথিবী পরিভ্রমন কর এবং দেখ যারা সত্যকে অস্বীকার করেছিল তাদের পরিণাম কি হয়েছিল আর আমাদের মহানবী (সঃ) বলেছেন, "মিথ্যা সকল পাপের মা"। অন্যদিকে আত্মমর্যাদা সম্পন্ন ব্যক্তিরা নিরাহংকারী হয়ে থাকে। তার কথা, কাজে ও ব্যবহারে কেহ ব্যথা অনুভব করবে না অর্থাৎ, আত্মমর্যাদাসম্পন্ন ব্যক্তিরা কখনোই অন্যকে ব্যঙ্গ, তুচ্ছ বা হেয় করতে চাইবেনা- সে যতই অযোগ্য বা সমালোচনার যোগ্যই হোক না কেন। হীনমন্য লোকেরা অন্যের ভিতর ত্রুটি ও অক্ষমতা খোঁজাতেই ব্যস্ত থাকে।

## আল্লাহর প্রতি কর্তব্য পালন

স্কাউটিং কেবলমাত্র আস্তিকের জন্য। যারা আল্লাহ্ বা সৃষ্টিকর্তাকে বিশ্বাস করে তারাই শুধু স্কাউট হতে পারে। আল্লাহ্ মানব জাতিকে সৃষ্টি করেছেন কেবলমাত্র তাঁর এবাদতের জন্য। স্কাউটরা স্রষ্টার প্রতি বিশ্বাস স্থাপন করে কর্তব্য পালনে সচেষ্ট থাকবে।

## দেশের প্রতি কর্তব্য পালন

পৃথিবীর সকল ধর্মেই নিজের দেশকে ভালবাসা, নিজের জাতির জন্য মঙ্গলকর কাজ করার তাগিদ রয়েছে। ইসলাম ধর্মে মাতৃভূমিকে ভালবাসার সুস্পষ্ট ইংগিত রয়েছে।

## প্রতিদিন কারো না কারো উপকার করা

কাব স্কাউটরা প্রতিদিন পিতা-মাতার বিভিন্ন কাজে সহায়তা করার পাশাপাশি গুডটার্ণ নট অভ্যাসের মাধ্যমে প্রতিদিন কারো না কারো উপকার করে থাকে।

## সর্বদা অপরকে সাহায্য করা

স্কাউট ও রোভার স্কাউটরা তাদের মেধা ও দক্ষতা দিয়ে মানুষের যে কোন সমস্যার মোকাবেলায় এগিয়ে আসে এবং সমস্যা সমাধানের যে কোন উপায় তারা বের করতে জানে বিধায় সর্বদা অপরকে সাহায্য করতে প্রস্তুত থাকে। কাব স্কাউটরা প্রতিদিন কারো না কারো **উপকার** করে এবং স্কাউট ও রোভার স্কাউটরা সর্বদা অপরকে **সাহায্যে** করে কারণ **উপকার** এবং **সাহায্যের** মধ্যে কিছুটা পার্থক্য বিদ্যমান আছে অর্থাৎ, অসুবিধার জন্য বিনা পারিশ্রমিকে যে কাজটি করা হয় তাকে উপকার এবং সমস্যা নিরসনের জন্য যে কাজটি দক্ষতা/বুদ্ধি খাটিয়ে করা হয় তাকে সাহায্য বলা যেতে পারে। উদাহরণ স্বরূপ বলা যায়, অন্ধ লোককে পথ দেখিয়ে দেয়াকে উপকার বলা যায় এবং কারোর বাসায় বিদ্যুৎ লাইনের ত্রুটি মেরামত করা/ কাট-আউটের তার লাগিয়ে দেয়াকে সাহায্য বলা যায়।

## যথাসাধ্য চেষ্টা করা

স্কাউট প্রতিজ্ঞায় যথাসাধ্য চেষ্টা করার কথা বলা হয়েছে। এর মাধ্যমে একজন স্কাউট যা কিছু করে তা সর্বোত্তমভাবে যথাসাধ্যভাবে সম্পাদন করে থাকে। যখন কোন কাজ নিজের যাবতীয় ক্ষমতাও কর্মশক্তি প্রয়োগ করে সম্পাদন করে- তখন সে কাজটি তার যথাসাধ্য চেষ্টার মাধ্যমে হয়েছে বলে ধরে নেয়া হয়। যথা সাধ্য চেষ্টা করা একটি ব্যক্তিগত চ্যালেঞ্জ। যখনই কোন কাজ করবে তখন তা প্রাণপনে চেষ্টা করে করবে।

## স্কাউট আত্মমর্যাদায় বিশ্বাসী

আত্মমর্যাদা বোধই একজন মানুষের আচার-আচরণ নিয়ন্ত্রণ করে যা পূর্বে ব্যাখ্যা করা হয়েছে।

## স্কাউট সকলের বন্ধু

এই আইনের অর্থ হল,স্কাউটরা সহমর্মি। স্কাউটরা একে অপরের প্রতি সহমর্মিতাবোধে আবদ্ধ সুতরাং বিপদে ও সমস্যায় তারা পাশে এসে দাঁড়ায়। মা যেমন সন্তানের বড় বন্ধু, সন্তানের ক্ষতি হোক মা তা কখনও চাইবে না, তেমনি স্কাউটরা কখনও কারো ক্ষতির কথা চিন্তা করে না বরং বন্ধু হয়ে বিপদে তার পাশে দাঁড়াতে অভ্যস্থ হয়।

## স্কাউট বিনয়ী ও অনুগত

এই আইনের অর্থ হল, উপদল নেতার আদেশ বিনা বাক্যে পালন করা। স্কাউট অ্যাটিচিউড বলতে প্রথম আইনের পরেই এই আইনের বাস্তবায়নকেই প্রাধান্য দেয়া হয়ে থাকে। নেতার সমালোচনা বা তার সঙ্গে তর্কে লিপ্ত না হয়ে নেতার ভাল দিকগুলো উপলব্ধি করে।

## স্কাউট জীবের প্রতি সদয়

এই আইনের অর্থ হল, স্কাউট সকল জীবের প্রতি সহানুভূতিশীল। স্কাউটরা সকল জীবের প্রতি এমনই সদয় থাকে যে, কোন জীবের প্রতি নির্দয় হতে গেলে নিজেকে ঐ পরিস্থিতিতে কল্পনা করলে কখনও সে নির্দয় হয়ে কোন কিছু করে না।

## স্কাউট সদা প্রফুল্ল

এই আইনের অর্থ হল, স্কাউট প্রতিটি ক্ষেত্রে দক্ষতা বা পারদর্শিতার প্রতিফলন ঘটিয়ে থাকে। স্কাউটদের আদেশ করার সাথে সাথে তারা সে কাজটি দক্ষতার সাথে সম্পন্ন করতে পারে বিধায় তাদের মুখে হাসি থাকে অর্থাৎ কোন কাজে তারা ভয় পায়না, তাদের মধ্যে নিরাপত্তাবোধের উন্মেষ ঘটে। তৃতীয় আইনের ন্যায় এই আইনটি বাস্তবায়ন করা হয়ে থাকে।

## স্কাউট মিতব্যয়ী

এই আইনের অর্থ হল, স্কাউটরা অপচয় করা থেকে যথারীতি বিরত থাকে। স্কাউটরা নিজের জিনিসের প্রতি যেমন যত্নবান হয় তেমনি, অপরের বা সরকারী সম্পত্তির প্রতি যত্নবান হয়। এই আইন বাস্তবায়নের ফলে স্কাউটরা যেমন মিতব্যয়ী হয়ে ওঠে তেমনি, দেশাত্ববোধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে ওঠে।

## স্কাউট চিন্তা, কথা ও কাজে নির্মল

এই আইনের অর্থ হল, স্কাউটরা ধৈর্যশীল ও সমস্যা সমাধানকারী। স্কাউটরা যেকোন সমস্যাকে দীপ্তমনে মোকবেলা করে কোন অবস্থাতেই বিচলিত হয়না। নির্ভিক চিত্তে সে স্থান, কাল, পাত্র ভেদে নিজেকে উপযোগী করে তুলতে পারে এবং সময়ের কাজ সময়ে করে ও কথা দিয়ে কথা রাখতে চেষ্টা করে। এখানে একটি বিষয় জেনে রাখা ভাল যে, যেকোন সমস্যাকে মোকাবেলা করতে হলে তিনটি বিষয়ের প্রতি লক্ষ্য রাখা যেতে পারে, "প্রকৃতি, সময় এবং ধৈর্য"। বিষয়টির ব্যাখ্যা এইভাবে করা যায়, সমস্যাকে স্বাভাবিকভাবে গ্রহণ করে ধৈর্য্য ধারণ পূর্বক ধীরে ধীরে (সময় নিয়ে) দক্ষতার সাথে সমাধানের পথ (পরিবেশ) তৈরি করতে হবে। তৃতীয় আইনের ন্যায় এই আইনটি বাস্তবায়ন করা হয়ে থাকে।

## মটো (মূলমন্ত্র)

স্কাউটদের মধ্যে সুষ্ঠভাবে এই মটো প্রতিফলনের জন্য কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউটদের মধ্যে পৃথকভাবে ভাগ করা হয়েছে। এইসব মূলমন্ত্রে উদ্বুদ্ধ হয়ে স্কাউটরা নিজের জীবনকে গড়ে তোলায় ব্রতী হয়।

## কাব স্কাউট মটো

যথাসাধ্য চেষ্টা করা (Do your best)। কাবেরা যেহেতু তাদের নেতৃত্ব দানের ক্ষমতা কম বিধায় তারা যেকোন কাজে আপ্রাণ চেষ্টা করে থাকে।

## স্কাউট মটো

সদা প্রস্তুত (Be Prepared)। স্কাউটরা যেহেতু তাদের নেতৃত্ব দানের ক্ষমতা বৃদ্ধি পেতে শুরু করেছে বিধায় তাদের দক্ষতার যথাযথ প্রয়োগের জন্য সদা প্রস্তুত থাকার চেষ্টা করে থাকে।

## রোভার স্কাউট মটো

সেবা (Service)। রোভার স্কাউটরা তাদের পরিপক্ক দক্ষতাকে সেবার মাধ্যমে বাস্তবায়ন করে জ্ঞান অর্জনসহ নেতৃত্বের বিকাশ সাধন করে থাকে।

উল্লেখিত মটোগুলো একত্র করে বলা যায়, "**সেবার জন্য সদা প্রস্তুত থাকতে যথাসাধ্য চেষ্টা করা**"।

# আগুন জ্বালানো ও রান্না

## সেশন প্লান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **সেশনের নাম** | : | আগুন জ্বালানো ও রান্না | **কোর্স** | : | ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | | **তারিখ** | : | |
| **আরম্ভের সময়** | : | | **শেষ করার সময়** | : | |
| **মোট সময়** | : | | **শিক্ষাদানের তারিখ** | : | |

**সেশনের উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্যা সাধনে সক্ষম হবেন-

১. স্কাউট কাজে কিভাবে আগুনের ব্যবহার করতে হয় সে সম্পর্কে বর্ণনা করতে পারবেন এবং তার কৌশল সম্পর্কে ব্যাখ্যা করতে পারবেন।
২. কিভাবে রান্না করতে হয় সে সম্পর্কে বলতে পারবেন।
৩. রান্নার জন্য কি কি উপকরণ দরকার তার তালিকা তৈরি করতে পারবেন।
৪. রান্না ক্ষেত্রে তেল ও মশলার ব্যবহারের পরিমাণ সম্পর্কে বলতে পারবেন।
৫. ব্যাক উডসম্যানদের অনুকরণে পাত্রছাড়া রান্নার কৌশল বর্ণনা করতে পারবেন।

**সূচিপত্র** (সার সংক্ষেপ)

১। স্কাউট ক্যাম্পে আগুনের ব্যবহার (ক) সাধারণ গর্ত চুলা, টেন্স চুলা, (খ) ধোঁয়া বিহীন চুলা ২। ভাত রান্নার পদ্ধতি ও নিয়ম ঃ (ক) বসা ভাত, (খ) মাড় ঝরা ভাত, (গ) সবজি/ভাজি রান্নার পদ্ধতি ও নিয়ম, ৪। খিচুড়ি রান্নার পদ্ধতি ও নিয়ম, ৫। মাছ রান্নার পদ্ধতি ও নিয়ম, ৬। গোশত রান্নার পদ্ধতি ও নিয়ম, ৭। ডাল রান্নার পদ্ধতি ও নিয়ম, ৮। চা তৈরীর পদ্ধতি ও নিয়ম, ৯। ব্যাক উডসম্যান কুকিং।

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১. | ভূমিকা | ০২ মি. |
| ২. | স্কাউট ক্যাম্পে আগুনের ব্যবহার | ০৬ মি. |
| ৩. | ভাত রান্নার পদ্ধতি ও নিয়মঃ (ক) বসা ভাত, (খ) মাড় ঝরা ভাত | ০৭ মি. |
| ৪. | সবজি/ভাজি রান্নার নিয়ম | ০৭ মি. |
| ৫. | খিচুড়ি রান্নার নিয়ম | ০৭ মি. |
| ৬. | মাছ রান্নার নিয়ম | ০৭ মি. |
| ৭. | গোশত রান্নার নিয়ম | ০৭ মি. |
| ৮. | ডাল রান্নার নিয়ম | ০৪ মি. |
| ৯. | চা তৈরির নিয়ম | ০৩ মি. |
| ১০. | ব্যাক উডসম্যান কুকিং | ০৫ মি. |
| ১১. | সামিং আপ | ০২ মি. |
| ১২. | প্রশ্ন উত্তর পর্ব | ০৩ মি. |
| | **মোট=** | **৬০ মি.** |

**প্রশিক্ষণ পদ্ধতি:** লেকচার ও ডেমোনেস্ট্রেশন

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:** ল্যাপটপ, মাল্টিমিডিয়া, স্ক্রীন, লেজার পেন, পেনড্রাইভ, ব্লাক/ হোয়াইট বোর্ড, ম্যাগনেট, চক, ডাস্টার, পয়েন্টার, পোস্টার পেপার, মার্কার পেন, স্কেল, ট্রে, রান্নার উপকরণসমূহ, চাকু তোয়ালে, জগ, রান্নার পাত্র গ্লাস, চামচ, হ্যান্ড আউট।

**ফলোআপ/অনুসরণ প্রক্রিয়া** (সেশন পরবর্তী)

কোর্স চলাকালিন শিক্ষার্থীগণ উপদলভিত্তিক স্কাউট পদ্ধতিতে আগুন জ্বালিয়ে রান্না করে খাবেন। হাইক কার্যক্রমে ব্যাক উডসম্যান পদ্ধতিতে রান্নার ব্যবহারিক সম্পন্ন করা।


| | | | | | |
|---|---|---|---|---|---|
| স্বাক্ষর | : | | স্বাক্ষর | : | |
| কোর্স লিডার | : | | সেশন পরিচালক | : | |

# স্কাউট ক্যাম্পে আগুনের ব্যবহার


স্কাউট ক্যাম্পে রান্নার কাজে এবং তাঁবু জলসায় আমরা আগুন ব্যবহার করি, ক্যাম্পে ব্যবহৃত আগুন অত্যধিক নিয়ন্ত্রণে রাখা হয়। স্কাউট ক্যাম্পে রান্নার সুবিধার জন্য নানা ধরনের চুলা ব্যবহার করা হয়। যেমন-

## ১) সাধারণ গর্ত চুলা:

কিছুটা গর্ত করে তিন পার্শ্বে তিনটি পাথর বা ইট দিয়ে ঐ গর্তে প্রথমে ছোট ছোট কাঠের টুকরা সাজিয়ে নিচে আগুন দিলে তা জ্বলে ওঠে। এ সময় অবশিষ্ট কাঠগুলো চুলার পাশে সাজিয়ে রাখলে আগুনের তাপে ঐ কাঠগুলো ভালোভাবে শুকায়। এ চুলায় জ্বালানি অপচয় হয় এবং রান্না করতে বেশ সময় লাগে।




## ২) ট্রেন্স চুলা:



দুটি পাতিল/সসপেন পাশাপাশি বসান যায় এমন মাপের একটি ট্রেন্স তৈরী করে সাধারণ চুলা মতই পাথর/ইট দিয়ে সসপেন/পাতিল স্থাপনের ব্যবস্থা করে নিতে হবে। তারপর ছোট ছোট কাঠের টুকরা ও শুকনা ডালের টুকরো দিয়ে তার উপর অপেক্ষাকৃত বড় কাঠ সাজিয়ে নিচে আগুন দিলে সহজেই ঐ চুলা জ্বলে ওঠে। এতে এই জ্বালানি দিয়ে এক সাথে দুই পাত্রে রান্না করা যায়। এতে জ্বালানি কম লাগে।

## ৩) ধোয়া বিহীন সাশ্রয়ী চুলা:

স্টিল ফ্রেমের অথবা মাটির তৈরি এ ধরণের চুলার নিচের অংশে তলা থেকে ৪/৬ ইঞ্চি ওপরে লোহার নেট বসান থাকে। একটি মুখ থাকে তা দিয়ে জ্বালানি সরবরাহ করা হয়। সরবরাহকৃত জ্বালানি আঠা পুড়ে ছাই হলে তা নেটের ফাঁক দিয়ে নিচে পড়ে যায়। এ চুলা ব্যবহার করলে পাতিলের নিচে অপেক্ষাকৃত অনেক কম কালি জমে। তাছাড়া তাপ বেশি হওয়ার কারণে জ্বালানি অনেক কম লাগে।



# সাধারণ রান্না

**ভূমিকা:** রান্না স্কাউটদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে স্থান পেয়ে আসছে। রান্নার মাধ্যমে স্কাউটরা দলীয় চেতনায় উদ্বুদ্ধ হয়। রান্নার কাজকর্মগুলো ভাগাভাগি করে সকলে মিলে মিশে করে বলে দলীয় চেতনা বিকাশ লাভ করে। রান্না স্কাউটদের জীবনে প্রতি ক্ষেত্রেই উপকারে আসে। রান্নার মাধ্যমেই ভ্রাতৃত্ববোধ, পরস্পরের প্রতি পরস্পরের সাহায্য ও সহযোগিতার মনোভাব গড়ে ওঠে এবং এর মাধ্যমে স্কাউটরা আত্মনির্ভরশীল হয়ে ওঠে। কাজেই তাদের রান্নার উপকরণ, দলীয় উপকরণ, খাদ্য তালিকা প্রস্তুত ও অন্যান্যও বিষয় সম্পর্কে জ্ঞান অর্জন প্রয়োজন। তাছাড়া ব্যাক উডসম্যানদের অনুকরণে পাত্র ছাড়া রান্নার বিভিন্ন কৌশল রপ্ত করে দক্ষ হয়ে ওঠে এবং ভালো প্রয়োজনে  প্রয়োগ করতে পারে।

**রান্নার পাত্র :** ভাত, তরকারি ও ডাল রান্নার পাত্র খাড়া সসপেন জাতীয় ফ্ল্যাট ঢাকনা হওয়া প্রয়োজন। আট জনের রান্নার জন্য নিম্নরূপ পাত্র দরকার।

| | | |
|---|---|---|
| (ক) ভাতের জন্য | - | ৭ " গভীর/ খাড়া এবং ১৪" ব্যাস |
| (খ) তরকারির জন্য | - | ৬" গভীর/ খাড়া এবং ১২" ব্যাস |
| (গ) ডালের জন্য | - | ৬" গভীর/ খাড়া এবং ১২" ব্যাস |

এতে পর পর একটি পাত্রের ভেতরে পর্যায়ক্রমে সবকয়টি পাত্র দিয়ে ঢাকনা দিলে জায়গা এবং ব্যবহার সব দিকেই সুবিধা হয়। ভাজি রান্নার জন্য ফ্রাইপেন এবং চায়ের জন্য কেতলি ব্যবহার সুবিধাজনক।

রান্না করতে দু'টি জিনিসের প্রতি গুরুত্ব আরোপ করতে হয় ১) রান্নার উপকরণ ও পরিমাণ, ২) রান্নার নিয়ম।

উপকরণের পরিমানের তারতাম্যের জন্য খাদ্যের স্বাদ ও গন্ধের যথেষ্ট তারতম্য হয়। অতএব বিষয়গুলোর প্রতি যথেষ্ট দৃষ্টি রেখে রান্না আরম্ভ করতে হবে। উপকরণ এবং সরঞ্জামাদি হাতের কাছে গুছিয়ে রান্না শুরু করতে হবে। নিম্নে এক প্যাট্রোল অর্থাৎ ৮ জনের জন্য রান্নার নিয়ম সংক্ষেপে বর্ণনা করা হল।

**ভাত:** দু'টি উপায়ে ভাত রান্না করা যায়- (১) বসা ভাত (২) মাড় ঝরা ভাত।

১. **বসা ভাত**

উপকরণ (ক) চাউল ১-২ কেজি (সিদ্ধ)/ যতটা প্রয়োজন (খ) পানি।

**রান্নার নিয়ম:** প্রথমে চাউল ঝেড়ে বেছে নিন যাতে চালে তুষ, কুড়া বা কাঁকর না থাকে। পরিস্কার পানি দিয়ে চাল ধুয়ে নিন। যে পাত্র দ্বারা চাল মাপা হবে সে পাত্র দ্বারা যতটা চাল নেবেন তার দ্বিগুন পানি পাত্রে দিয়ে চুলায় চাপিয়ে দিন। এবার পানি ফুটে উঠলে চাল দিয়ে দিন এবং চামচ দিয়ে নেড়ে দিন। প্রথম দিকে ঘন ঘন নেড়ে দিন। আচটা এমনভাবে রাখুন যাতে ভাতের পানিটা ফুটতে থাকে। পানি কমে আসলে আঁচে কমিয়ে দিন। পানি শুকিয়ে চটচটে আওয়াজ শুরু হলে নামিয়ে দিন। চাল এবং পানি একত্রে চুলায় চাপিয়ে ভাত রান্না করা যায়।

২. **মাড় ঝরা ভাত**

উপকরণ (ক) প্রয়োজন মত সিদ্ধ চাল (খ) পানি।

**রান্নার নিয়ম:** প্রথমে চাউল ঝেড়ে বেছে নিন যাতে চালে তুষ, কুড়া, বালি বা কাঁকর না থাকে। পরিস্কার পানি দিয়ে চাল ধুয়ে নিন। যে পাত্র দ্বারা চাল মাপা হবে সে পাত্র দ্বারা যতটা চাল নেবেন তার তিনগুন পানি (বেশি হলে অসুবিধা নেই) নিয়ে একটি পাত্রে চুলায় চাপিয়ে রেখে চাল ধুয়ে পাত্রে দিয়ে দিন। আঁচটা এমনভাবে রাখুন যাতে ভাতের পানিটা ফুটতে থাকে। ৩০ মিনিট পর ( কোন কোন চালে আরও বেশি সময় লাগতে পারে) দুই একটি ভাত টিপে দেখুন। ভাতের ভেতরটা শক্ত না থাকলে বুঝতে হবে চাল সিদ্ধ হয়ে গেছে। এবার মাড় ঝরিয়ে নিন। ভাতের পরিমান বেশি হলে ইট বা অন্য কিছু দ্বারা একটি উঁচু জায়গা তৈরি করে যেখানে সার ঝরবে এমন একটি বাঁশের ডালা বা সাজি রেখে তাতে মাড়সহ ভাত ঢেলে দিন। মাড় ঝরে গেলে সাজি ঝাকিয়ে ভাত উল্টে দিন। এতে ভাত ঝরঝরে থাকবে। এ পদ্ধতিতে ভাত রান্না করলে ভাতের মাড়ের সাথে অনেক ভিটামিন চলে যায়। কাজেই ভাতের পরিপূর্ণ ভিটামিন পাওয়ার লক্ষ্যে বসা ভাত রান্না করা উচিত।

# খিচুড়ি

| ক্রমিক | উপকরণ | পরিমাণ | ক্রমিক | উপকরণ | পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১ | পোলাও চাল | ১ কেজি | ৮ | মরিচ বাটা | ১০ গ্রাম/২ চা চামচ |
| ২ | মুগ/মুসরীর ডাল | ৫০০ গ্রাম | ৯ | ধনে বাটা | ১০ গ্রাম /২চা চামচ |
| ৩ | তেজপাতা | ৪টি | ১০ | জিরা ( গুরা ) | ১০ গ্রাম / ২চা চামচ |
| ৪ | পেঁয়াজ | ১০০ গ্রাম | ১১ | লবন | ৫০গ্রাম |
| ৫ | আদা বাটা | ৫০ গ্রাম/২চা চামচ | ১২ | কাচা মরিচ | ৫/৬টি |
| ৬ | রসুন বাটা | ২৫ গ্রাম/১চা চামচ | ১৩ | ঘি/ তেল | ২৫০ গ্রাম |
| ৭ | হলুদ বাটা | ১০ গ্রাম / ২চা চামচ | ১৪ | পানি | ৩ কেজি |

## রান্নার নিয়ম

১. চাল,ডাল,ধুয়ে বাটা মশলা,তেজপাতা হাড়িতে দিয়ে চুলায় চাপিয়ে দিন। ফুটে উঠার ৩০মিনিট পরে লবণ দিন। চাল,ডাল সিদ্ধ হলে এবং পানি শুকালে নাড়তে থাকুন।

২. কয়েকটি পিয়াজ মোটা করে ছিলে ছেচে দিন।

৩. খিচুড়ি ঘন হলে পেয়াজ, কাচা মরিচ ও জিরা দিয়ে ৩-৪ মিনিট পর চুলা থেকে নামান। হাড়ির মুখ খোল রাখুন।

৪. বাকি পেয়াজ কুচি কুচি করে কেটে বেরেস্তা করুন। ঘি সহ বেরেস্তা খিচুরিতে দিয়ে মেশান। হাড়ির মুখ সামান্য খোলা করে ঢাকুন।

(বি: দ্রঃ খিচুড়িতে নানা রকম সব্জি যেমন- ফুল কপি, মটরশুটি, আলু ইত্যাদি দেয়া যায়।

# সবজি

| ক্রমিক | উপকরণ | পরিমাণ | ক্রমিক | উপকরণ | পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১ | আলু | ৫০০ গ্রাম | ৯ | জিরা বাটা | ৫ গ্রাম বা ১ চা চামচ |
| ২ | পটল | ২৫০ গ্রাম | ১০ | পেঁয়াজ কুচি | ১০০ গ্রাম |
| ৩ | মিষ্টি কুমড়া | ১টা ছোট | ১১ | আদা বাটা | ৫০ গ্রাম/২চা চামচ |
| ৪ | বেগুন | ৫০০ গ্রাম | ১২ | রসুন বাটা | ৫০ গ্রাম/২চা চামচ |
| ৫ | পেপে | ১ কেজি | ১৩ | হলুদ বাটা | ১০ গ্রাম/২চা চামচ |
| ৬ | কাঁচকলা | ২টা | ১৪ | ধনে বাটা | ১০ গ্রাম/২চা চামচ |
| ৭ | পাঁচফেড়ন | ১ চা চামচ | ১৫ | মরিচ বাটা | ১০ গ্রাম/২চা চামচ |
| ৮ | তেল | ১০০ গ্রাম | ১৬ | লবন | ৫০গ্রাম |

## রান্নার নিয়ম

১. সব সবজি ধুয়ে খোসা ছাড়িয়ে টুকরা করে নিন;

২. মসল্লাসহ মিষ্টি কুমড়া ও বেগুন বাদ দিয়ে সব সব্জি আধা সিদ্ধ হলে বেগুন ও মিষ্টি কুমড়া পাত্রে ঢেলে দিন। সব্জি সিদ্ধ হলে লবন দেখে নামিয়ে ফেলুন;

৩. তেলে ফোড়ন দিয়ে ঘন্টো ছেড়ে দিয়ে নামিয়ে ফেলুন।

## মাছের তরকারি

| ক্রমিক | উপকরণ | পরিমাণ | ক্রমিক | উপকরণ | পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১ | মাছ (রুই, কাতলা বা কৈ) | ১ কেজি | ৫ | জিরা বাটা | ১০ গ্রাম/২ চা চামচ |
| ২ | মরিচ বাটা | ১০ গ্রাম/২ চা চামচ | ৬ | লবন | ৫০ গ্রাম /০.৫ চা চামচ |
| ৩ | পিঁয়াজ বাটা | ১০০ গ্রাম | ৭ | তেল | ১০০ গ্রাম |
| ৪ | হলুদ বাটা | ১০ গ্রাম | ৮ | সজি (পছন্দ অনুযায়ী আন্দাজমত) | ৫০০গ্রাম |

**রান্নার নিয়ম**

১. মাছ টুকরো করে ধুয়ে নিন। সবজি ধুয়ে টুকরা করুন;

২. উনুনে ডেকসি চাপিয়ে তেল দিন। তেল গরম হলে পিঁয়াজ কুচি ভেজে নামিয়ে অন্যান্য মশলা ও লবণ দিয়ে নাড়ুন এবং সামান্য পানি ছিটা দিয়ে মশলা ভেজে নিন;

৩. মশল্লায় মাছ ছেড়ে দিন। সাবধানে নাড়াচাড়া করে মাছ ভালভাবে কষিয়ে নিন;

৪. কষানো মাছ অন্য পাত্রে তুলে রাখুন। এবার সজিগুলো ঐ ডেকসিতে দিয়ে কষাতে হবে। সজি সিদ্ধ হলে অল্প পানি দিন। ফুটে উঠলে মাছগুলো সিদ্ধ হলে সিদ্ধ সবজি উপর বিছিয়ে দিন;

৫. ঢাকনা খুলে রেখে কয়েক মিনিট জ্বাল দিন। পানি কমে গেলে ধনে পাতা অথবা জিরে গুরো ছিটিয়ে দিয়ে নামিয়ে ফেলুন। মাছ না ভেজে অল্প ভেজে ও ঐ একই নিয়মে রান্না করা যায়। তবে মাছ ভেঙ্গে যাওয়ার সম্ভাবনা থাকে।

## গোশতের ঝাল তরকারি

| ক্রমিক | উপকরণ | পরিমাণ | ক্রমিক | উপকরণ | পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১ | খাশির গোশত | ১ কেজি | ৯ | লবণ | ৫০গ্রাম |
| ২ | আলু কিংবা পছন্দমত কেনো তরকারি | ৫০০গ্রাম | ১০ | পেঁয়াজ কুচি | ১০০গ্রাম |
| ৩ | তেল | ২০০ গ্রাম | ১১ | তেজ পাতা | ১০০গ্রাম |
| ৪ | আদা বাটা | ৫০ গ্রাম / ২চা চামচ | ১২ | এলাচ | ৪টা |
| ৫ | রসুন বাটা | ৫০ গ্রাম / ২চা চামচ | ১৩ | জিরা (গুরো) | ২চা চামচ |
| ৬ | হলুদ বাটা | ১০ গ্রাম / ২চা চামচ | ১৪ | দারচিনি | ৩/৪ খন্ড |
| ৭ | ধনে বাটা | ১০ গ্রাম / ৪চা চামচ | ১৫ | লবঙ্গ | ৩/৪ টি |
| ৮ | মরিচ বাটা | ১০ গ্রাম / ৪ চা চামচ | | | |

**রান্নার নিয়ম**

১. প্রথমে গোশত ধুয়ে ঝুড়িতে পানি ঝড়িয়ে রাখবেন;

২. আলু বা অন্য তরকারি টুকরো করে রাখবেন;

৩. লবণ এবং বাটা মশলা দিয়ে গোশত মেখে ১০/১৫ মিনিট রাখুন;

৪. চুলোতে ডেকসি চাপিয়ে তেল ঢেলে দিন। তেল গরম হলে কাটা পিঁয়াজ দিয়ে নাড়তে থাকুন। পিঁয়াজ বাদামি হলে মশলা মাখা গোশত ঢেলে দিন এবং তেজপাতা ও গরম মশলা দিয়ে ঢেকে রাখুন;

৫. কিছুক্ষণ পর পর ঢাকনা খুলে ঘন ঘন নাড়া দিন;

৬. গোশতের পানি শুকিয়ে আসলে ঢাকনা খুলে ঘন ঘন নাড়তে থাকুন;

৭. গোশত ভাজা হলে তাতে ফুটানো পানি ঢেলে দিন;

৮. ফুটে উঠলে আঁচ কমিয়ে দিন। ৪০ মিনিট পর গোশত যখন সিদ্ধ হয়ে আসবে তখন আলু দিয়ে নেড়ে ঢেকে দিতে হবে।

## ডাল

| ক্রমিক | উপকরণ | পরিমাণ | ক্রমিক | উপকরণ | পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১ | মুশুর ডাল | ২০০ গ্রাম | ৬ | আদা বাটা | ১ চা চামচ |
| ২ | রসুন কুচি | ২টা | ৭ | তেজ পাতা | ২টা |
| ৩ | পেঁয়াজ কুচি | ৪টা | ৮ | লবণ | ২চা চামচ |
| ৪ | কাঁচা মরিচ | ১০ গ্রাম / ২চা চামচ | ৯ | পানি | ২ কেজি |
| ৫ | হলুদ বাটা | ১০ গ্রাম / ২চা চামচ | ১০ | তেল | ৫০ গ্রাম |

### রান্নার নিয়ম

১. ডাল ঝেড়ে বেছে নিন। ডেকসিতে পরিমাণমত পানি চাপিয়ে দিন;

২. ডাল ধুয়ে পানিতে ধুয়ে দিন। ডাল ফুটে উঠলে অর্ধেক পেঁয়াজ কুচি ও তেল রেখে সব মশলা দিয়ে দিন। আচ এমনভাবে রাখুন যেন ডাল ফুটতে থাকে;

৩. ডাল ভারভাবে সিদ্ধ হলে ঘুটনি দিয়ে ঘুটে দিন;

৪. অন্য হাড়িতে তেল গরম করে পেঁয়াজ কুচি বেরেস্তা করে তেলসহ ঢেলে দিন। ডাল ফুটলে নামিয়ে নিন।

## চা

উপকরণ : (১) পানি, (২) চা পাতা, (৩) চিনি, (৪) দুধ ( ঘন করে নিতে হবে)

### রান্নার নিয়ম

১. যতকাপ চা তৈরি করা হবে তত কাপ পানি নিয়ে উনুনে চাপান;

২. পানি ফুটে উঠলে ১ মিনিট অপেক্ষা করুন;

৩. ১ মিনিট পর যতকাপ পানি তত চামচ চা পাতা দিন। নাড়া দিয়ে ঢেকে উনুন থেকে নামিয়ে ১ মিনিট অপেক্ষা করুন;

৪. এবার ছেকে পছন্দমত দুধ ও চিনি দিন;

৫. লিকার ঘন করলে পাতা একটু বেশি দিতে হবে। আবার লিকার পাতলা করলে পাতা একটু কম দিতে হবে। হালকা লিকারে লেবু দিয়ে অথবা আদা দিয়ে খেতে ভাল হয়।

কয়েকটি গুরুত্বপূর্ন তথ্য ঃ

* স্কাউটদের নিকট তাঁবু বাসের গুরুত্ব অপরিসীম। তাঁবু বাস সাধারণত বনে জংগলের পাদদেশে হয়ে থাকে কাজেই সেখানে স্কাউটদেরকে রান্না করে খেতে হয়। রান্না শিক্ষা করা স্কাউটদের জন্য অপরিহার্য। রান্না শিক্ষার শেষে তিন/পাঁচ দিন তাঁবু বাসের একটি পূর্ণাংগ খাদ্য তালিকা তৈরি করতে বলুন।

# ব্যাক উডসম্যান কুকিং
## ব্যাক উডসম্যানদের অনুকরণে পাত্র ছাড়া রান্নার কৌশল

### রুটি তৈরি করা

রুটি তরকারি ও মাংস রান্না তাঁবু জীবনের একটি গুরুত্বপূর্ণ অংশ। রুটি তৈরি করার প্রচলিত নিয়ম হলো- ময়দার সাথে প্রয়োজনমত লবন এবং বেকিং পাউডার মিশিয়ে নিতে হবে। এবার প্রয়োজন মত পানি দিয়ে মাখিয়ে নিলে একতাল খামিরা প্রস্তুত হবে। নতুন ময়দা কিছুটা হাতে লাগিয়ে নিলে তাতে খামির আটকে যাবে না। বারবার হাত চাপড়িয়ে এর দ্বারা একটি বড় রুটি বা অনেকগুলো ক্ষুদ্র ক্ষুদ্র রুটি তৈরী করা যায়। তারপর আগুনের কিছুটা অংশ থেকে অংগার/ছাই সরিয়ে রুটিগুলো গরম মাটিতে রাখতে হবে। এর চারিদিকে গরম ছাই জড়ো করে দিলেই রুটি সেঁকা হতে থাকবে। এ উপায়ে পাত্র ছাড়া রুটি তৈরি করা যায়।

### টুইস্ট বা মোচড়ানো রুটি:

একটি মোটা লাঠি কেটে তাহার সরু প্রান্ত চোখা করে নিন এবং বেছে তা আগুনে গরম করুন। লম্বা রশির আকারে প্রায় (দুই ইঞ্চি চওড়া এবং আধ ইঞ্চি পুরু) খামির তৈরি করুন। এটিকে লাঠিতে পেঁচিয়ে নিন। তারপর সেই লাঠি আগুনের সামনে ধরলেই খামিরা সেঁকা হয়ে যাবে। মাঝে মাঝে লাঠিটা ঘুরিয়ে তাহার সকল অংশে তাপ লাগাতে হবে। ঠিকভাবে সেঁকা হয়েছে কি তা একটি কাঠি ঢুকিয়ে পরীক্ষা করতে পারেন। যদি তাহাতে খামির না লেগে থাকে তবে সেঁকা ঠিক হয়েছে বুঝবেন।

### রুটি সেঁকা উনান:

সত্যিকার রুটি তৈরি করতে হলে এক প্রকার তন্দুরের দরকার। পুরাতন মাটির পাত্র বা টিনের বাক্স দিয়ে তা তৈরি করা যায়। তাকে চুল্লিতে বসিয়ে অংগার দিয়ে ঢাকা দিতে হবে। নচেৎ কাদামাটি দিয়েও তন্দুর তৈরি করা যায়। তার ভেতরে আগুন জ্বালিয়ে প্রথমে উত্তপ্ত করে নিতে হবে। যখন বেশ গরম হয়ে আসবে তখন অংগারগুলো টেনে বের করুন এবং রুটির খামির তন্দুরের ভেতরে রেখে দিন। এবার উনানের মুখ ভাল করে বন্ধ করুন। রুটি সেঁকা না হওয়া পর্যন্ত রেখে দিন।

### গোশত রান্না করা:

তীক্ষ্ণ শলাকায় গোশত গেঁথে তা আগুনের খুব কাছে ধরে রান্না করা যায়। পুরাতন বিস্কুটের টিনের ঢাকনাটি গোশত ভাজার কড়াই হিসেবে ব্যবহার করতে পারেন। তাহাতে খানিকটা তেল ঢেলে দিলে গোশত আর ঢাকনাতে লেগে যাবে না। কাবাব তৈরির গোশত অর্ধ ইঞ্চি ব এক তৃতীয়াশ ইঞ্চি পুরু টুকরা করে নিন। এগুলোকে আবার ছোট ছোট করে কেটে নিন। এর অনেকগুলো একত্রে চটকায়ে কোন শক্ত কাঠি বা লোহার শিকে গেঁথে যতক্ষণ না গোশত ভাজা হয় ততক্ষণ আগুনের সামনে পুতে রাখুন।

আরও এক উপায়ে গোশত রান্না করা যায়। কয়েকটা ভিজা কাগজে গোশত জড়িয়ে নিয়ে অথবা তাহাতে কাদামাটি আবরণ দিয়ে জলন্ত অংগারের মধ্যে ফেলে রাখলেও আপনা থেকেই গোশত রান্না হয়ে যাবে।

### মাছ, ডিম ও আলু রান্নার প্রণালী উল্লেখ করতে হবে

### আরো কিছু খাবার:

* আলু পুড়িয়ে মরিচ লবন ও তৈল দিয়ে ভর্তা তৈরি করে খাওয়া যায়;
* আগুনের ভিতরে স্টোন ঢুকিয়ে রান্না করা যায়;
* ময়দার সাথে বেকিং পাউডার, ঘি অথবা ডালডা দিয়ে খামিরা তৈরি করে আগুনে পুড়িয়ে রান্না করা যায়;
* মাছ, মাংস, আলু ইত্যাদি ভাল করে প্রয়োজনীয় সকল প্রকার মশলা দিয়ে ফয়েল পেপারে মুড়িয়ে আগুনে রান্না করা যায়;
* মাংসের/মাছের মধ্যে প্রয়োজনীয় সমস্ত মশলা দিয়ে মেখে তারে ঢুকিয়ে আগুনে সেঁকে রান্না করা যায়।

# স্কাউট আন্দোলনের সাংগাঠনিক কাঠামো
## সেশন প্লান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **সেশনের নাম** | : | স্কাউট আন্দোলনের সাংগঠনিক কাঠামো | **কোর্স** | : | ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | | **তারিখ** | : | |
| **আরম্ভের সময়** | : | | **শেষ করার সময়** | : | |
| **মোট সময়** | : | | **শিক্ষাদানের তারিখ** | : | |

**সেশনের উদ্দেশ্য:** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন-

১. স্কাউট আন্দোলনের সাংগঠনিক কাঠামো সম্পর্কে ধারণা লাভ করতে ও ব্যাখ্যা করতে সক্ষম হবেন।
২. গ্রুপ হতে জাতীয় পর্যায় সাংগঠনিক স্তর বিন্যাস ও তাঁর কার্যপরিধিসহ বিস্তারিত ধারণা লাভ ও ব্যাখ্যা করতে সক্ষম হবেন।

**সূচিপত্র** (সারসংক্ষেপ)

১. গ্রুপের সাংগঠনিক কাঠামো
২. উপজেলা স্কাউটসের সাংগঠনিক কাঠামো
৩. জেলা স্কাউটসের সাংগঠনিক কাঠামো
৪. আঞ্চলিক সাংগঠনিক কাঠামো
৫. বাংলাদেশ স্কাউটসের জাতীয় পর্যায়ের সাংগঠনিক কাঠামো
৬. আন্তর্জাতিক পর্যায়ের সাংগঠনিক কাঠামো

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

১. ভূমিকা
২. গ্রুপ স্কাউটস
৩. উপজেলা স্কাউটস
৪. জেলা স্কাউটস
৫. আঞ্চলিক স্কাউটস
৬. জাতীয় ও আর্ন্তজাতিক পর্যায়- রিজিওনাল ও WOSM
৭. প্রশ্ন উত্তর পর্ব
৮. সামিং আপ
৯. গান

**প্রশিক্ষণ পদ্ধতি :** টীম টক/ প্যানেল প্রেজেন্টেশন


**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:** ল্যাপটপ, মাল্টিমিডিয়া, স্ক্রীন, পেনড্রাইভ, ব্লাক/ হোয়াইট বোর্ড, ম্যাগনেট, চক, ডাস্টার, পয়েন্টার, পোস্টার পেপার, মার্কার পেন, স্কেল, হ্যান্ড আউট।


**ফলোআপ/অনুসরণ প্রক্রিয়া** (সেশন পরবর্তী)

প্রত্যেক অংশগ্রহণকারীকে গ্রুপ থেকে জাতীয় পর্যায় সাংগঠনিক কাঠামোর চার্ট তৈরি করে কাউন্সিলরকে দেখাবেন।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| স্বাক্ষর | : | | স্বাক্ষর | : | |
| কোর্স লিডার | : | | সেশন পরিচালক | : | |

# স্কাউট আন্দোলনের সাংগাঠনিক কাঠামো




জেলা স্কাউটস
জেলা স্কাউটস কাউন্সিল
জেলা স্কাউটস নির্বাহী কমিটি
জেলা স্কাউটস কার্যালয়
উপজেলা স্কাউটস
উপজেলা স্কাউটস কাউন্সিল
উপজেলা স্কাউটস নির্বাহী কমিটি
উপজেলা স্কাউটস কার্যালয়
স্কাউটস গ্রুপ
গ্রুপ কাউন্সিল
গ্রুপ কমিটি
গ্রুপ স্কাউটার্স কাউন্সিল
কাব স্কাউট ইউনিট
কাব স্কাউট লিডার ও সহকারী কাব স্কাউট লিডার
ষষ্ঠক নেতা পরিষদ
ষষ্ঠক
ষষ্ঠক পরিষদ
ষষ্ঠক নেতা
ষষ্ঠক নেতা পরিষদ
সহকারী ষষ্ঠক নেতা
চারজন কাব স্কাউট
স্কাউট ইউনিট
কাব স্কাউট লিডার ও সহকারী স্কাউট লিডার
উপদল নেতা পরিষদ
উপদল
উপদল পরিষদ
উপদল নেতা
উপদল নেতা পরিষদ
সহকারী উপদল নেতা
ছয়জন স্কাউট
রোভার স্কাউট ইউনিট
রোভার স্কাউট লিডার ও সহকারী রোভার স্কাউট লিডার
ইউনিট কাউন্সিল
উপদল
উপদল পরিষদ
রোভার মেট
উপদল নেতা পরিষদ
সহকারী রোভার মেট
চারজন রোভার স্কাউট

# স্কাউটিংয়ে খেলাধূলা ও গানের ব্যবহার
## সেশন প্লান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **সেশনের নাম** | : | স্কাউটিংয়ে খেলাধূলা ও গানের ব্যবহার | **কোর্স** | : | ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | | **তারিখ** | : | |
| **আরম্ভের সময়** | : | | **শেষ করার সময়** | : | |
| **মোট সময়** | : | | **শিক্ষাদানের তারিখ** | : | |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. স্কাউটিংয়ে গানের প্রয়োজনীয়তা, উপস্থাপনা ও সাবধানতা সম্পর্কে বর্ণনা দিতে পারবেন এবং তা বাস্তবায়নের কৌশল ব্যাখা করতে পারবেন।

২. স্কাউটিংয়ে খেলার প্রয়োজনীয়তা, প্রকারভেদ ইত্যাদি সম্পর্কে আলোচনা করতে পারবেন এবং তা বাস্তবায়নের কৌশল ব্যাখ্যা করতে পারবেন।

**সূচিপত্র** (সারসংক্ষেপ)

১. ভূমিকা
২. গান: (ক) গানের সংজ্ঞা (খ) প্রয়োজনীয়তা (গ) উপস্থাপন (ঘ) সাবধানতা
৩. খেলা: (ক) উপকারিতা (খ) বিভিন্ন প্রকারের খেলা

**বিষয়সূচির বিবরণ :** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১. | ভূমিকা | ০৫ মি. |
| ২. | গান :<br>সংজ্ঞা প্রয়োজনীয়তা<br>উপস্থাপন সাবধানতা | ২০ মি. |
| ৩. | গান- ডেমোনেস্ট্রেশন | ১২ মি. |
| ৪. | খেলা- প্রকারভেদ ও উপকারিতা | ১৫ মি. |
| ৫. | সামিং আপ | ০৩ মি. |
| ৬. | প্রশ্ন উত্তর পর্ব | ০৩ মি. |
| ৭. | সমাপ্তি | ০২ মি. |
| | | **মোট = ৬০ মিনিট** |

**প্রশিক্ষণ পদ্বতি :** লেকচার ও ডেমোনেস্টেশন পদ্ধতি

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:** ল্যাপটপ, মাল্টিমিডিয়া, স্ক্রীন, লেজার পেন, পেনড্রাইভ, ব্লাক/ হোয়াইট বোর্ড, ম্যাগনেট, চক, ডাস্টার, পয়েন্টার, পোস্টার পেপার, মার্কার পেন, স্কেল, হ্যান্ড আউট।

**ফলোআপ/অনুসরণ প্রক্রিয়া** (সেশন পরবর্তী)

কোর্স চলাকালীন বিভিন্ন সেশন শেষে, তাঁবু জলাসায় এবং খেলাধূলায় অংশগ্রহণের মাধ্যমে।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# স্কাউটিংয়ের খেলাধূলা ও গানের ব্যবহার

খেলা ও গান মানুষের মধ্যে এক ঘেয়েমি, মানসিক অবসন্নতা দূর করে মানসিক প্রশান্তি আনয়ন করে থাকে। কিন্তু স্কাউটিংয়ে গান ও খেলাকে বৈচিত্রময় প্রোগ্রামের আওতাধীন যোগ্যতা বৃদ্ধির অন্যতম সহায়ক কৌশল হিসেবে ব্যবহার করা হয়।

১. **খেলা :** খেলার মাধ্যমে নেতৃত্বের বিকাশ, সবল, কর্মঠ, নিয়ামানুবর্তিতা, ধৈর্যশীল, শৃংখলাবোধের উন্মেষ ও পর্যবেক্ষণ ক্ষমতা বৃদ্ধি করা হয়ে থাকে। বয়সভেদে চাহিদাঅনুসারে কাব স্কাউট, স্কাউট ও রোভার প্রোগ্রামে নিম্নোক্ত খেলাগুলো পরিচালনা করা হয়।

ক. **সাধারণ খেলা:** সমষ্টিগত বা দলগত প্রতিযোগিতার মাধ্যমে কাবদের মনোযোগ বৃদ্ধিতে ব্যবহৃত হয়। এটা ব্যক্তিগত প্রতিযোগিতা অর্থাৎ দলের/ষষ্ঠকের সবচেয়ে মনোযোগীকে নিরূপণ করা হয়।

খ. **দলীয় খেলা:** সমষ্টিগত বা দলগত প্রতিযোগিতার মাধ্যমে নেতৃত্ব, শৃংখলা এবং একাত্ববোধের উন্মেষ ঘটানো যায়। যেমন- জায়গা দখল, গোল্লাছুট ইত্যাদি।

গ. **আন্তঃষষ্ঠক খেলা:** ব্যক্তিগত দক্ষতা বৃদ্ধি ও দলীয় চেতনা বৃদ্ধি এই খেলার মূল উদ্দেশ্য: যেমন:- খোঁ খোঁ খেলা ইত্যাদি

ঘ. **পঞ্চ ইন্দ্রিয়ের খেলা:** পঞ্চ ইন্দ্রিয়ের উন্নয়ন সাধন সম্ভব। যেমন- কিমস গেম ইত্যাদি।

ঙ. **পরীক্ষার খেলা:** ব্যক্তিগত দক্ষতা বৃদ্ধি এই খেলার উদ্দেশ্য যেমন- মাছ শিকার ইত্যাদি।

চ. **নীরব খেলা:** ব্যক্তিগত মনোযোগ বৃদ্ধি ঘটে। যেমন- রুমাল চুরি, ফাইন্ড আউট দি লিডার।

ছ. **বিস্তৃত অংশগ্রহণের খেলা :** (দলীয় মর্যাদা ও চেতনা বৃদ্ধি, নেতৃত্বের বিকাশ, শৃংখলা, দক্ষতা এবং উদ্ভাবনী ক্ষমতা বৃদ্ধিই এই খেলার উদ্দেশ্য-যেমন- পতাকা ছিনতাই ইত্যাদি।

২. **গান :** রোমাঞ্চকর কার্যক্রমে অংশগ্রহণের সময় স্কাউটরা গান, একশান গান (কর্ম সংগীত) খুবই পছন্দ করে। এতে ক্লান্তি সহজে দূর হয়। এ গানের মাধ্যমে তাদের জড়তা দূর হয়, কর্মনৈপূন্যতা বৃদ্ধি হয়। কাবদের চাহিদা মাফিক গান পরিবেশন করে তাদের কর্ম-উদ্দীপনা এবং মানসিক ও আধ্যাত্মিক উন্নয়ন সম্ভব হয়। স্কাউট কার্যক্রমে প্রার্থনা সংগীত, কর্মসংগীত,পল্লীসংগীত, লোকগীতি, হাস্য, কৌতুক, আনন্দ উচ্ছ্বাস গানসহ বিভিন্ন কর্মনৃত্য, ব্রতচারী নৃত্য, লোকনৃত্যগীতি ইত্যাদি সংমিশ্রণ বাঞ্চনীয় কাব স্কাউটদের নিয়ামানুবর্তিতা আনুগত্য শৃংখলা ও নিয়ম সম্বন্ধীয় ট্রেনিং লাভসহ সবল, স্বাস্থ্যবান কর্মঠ, ধৈয্যশীল, উপায়জ্ঞ পর্যবেক্ষক, আত্মনির্ভরশীলতা, আত্মনিয়ন্ত্রণ ও ধী শক্তির উন্মেষ সাধিত হয়। দলীয় চেতনা বৃদ্ধি করে বিষয়বস্তু শেখাতে সহায়ক হয়। কর্মসূচিতে নতুনত্ব আনে। স্কাউটদের মনে আগ্রহ সৃষ্টি করে।

## স্কাউটিংয়ে গল্প, অভিনয় ও গানের ব্যবহার

### গল্প

**ক. প্রয়োজনিয়তা**

১. আগ্রহ বাড়ায়

২. হৃদয়ে গভীর রেখাপাত করে

৩. শ্রোতাকে একাত্ব করে

৪. প্রেরণা জাগায়

৫. উদ্ভাবনী শক্তি বৃদ্ধি করে

**খ. বিষয়বস্তু নির্বাচন**

* উদ্দেশ্যমূলক হতে হবে * বয়স উপযোগী হতে হবে
* পরিবেশের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

**গ. উপস্থাপনা :**

* সঠিক অংগভংগী; * সঠিক উচ্চারণ করতে হবে; * গল্পের ঘটনার সাথে উপস্থাপন অভিব্যক্তি সাধন করতে হবে।
* রস সঞ্চার করতে হবে; * রহস্যময় করে তুলতে হবে; * ধারাবাহিকতা রক্ষা করতে হবে; * সময় সংক্ষিপ্ত হতে হবে;

**ঘ. শব্দ/বাক্য চয়ন**

* সঠিক শব্দ নির্বাচন; * সহজ ও শ্রোতার বোধগম্য।

**ঙ. সাবধানতা**

* ভীতিকর গল্প বর্জনীয়; * অশ্লীল বাক্য ও ভাবভংগি বর্জনীয়; * পরিবেশের সাথে সামঞ্জস্য রক্ষা; * সহজ ও বোধগম্য
* বিভ্রান্তিকর গল্পবর্জনীয়; * ব্যক্তি ও সম্প্রদায়ের যেন কটাক্ষ না হয়।

## গান

**ক. প্রয়োজনীয়তা :**

* আনন্দের উৎস হিসেবে কাজ করে; * প্রেরণা ও উদ্যম যোগায়; * মনের গভীর রেখাপাত করে; * সৃজনশীল করে
* জড়তা দূর করে

**খ. উপস্থাপনা :** শ্রোতা/অংশগ্রহণকারীদের বয়স উপযোগী; *সঠিক অঙ্গভঙ্গী; * সঠিক কথা ও সুর

**গ. সাবধানতা :** * অশ্লীল কথা ও অঙ্গভঙ্গী বর্জনীয়; * বয়স উপযোগী গান নির্বাচন করতে হবে

## অভিনয়

**ক. প্রয়োজনীয়তা**

* মনে গভীরভাবে দাগ কাটে; * সহজ উপলব্ধিতে সহায়ক; * সহজ চরিত্র হতে হবে; * আনন্দ দেয়; * সৃজনশীল করে
* মনের জড়তা দূর করে

**খ. প্লট নির্বাচন**

* মার্জিত ও রুচিশীল হবে; *বয়স উপযোগী হতে হবে; * সহজ গ্রহণযোগ্য হতে হবে; * সহজ চরিত্র হতে হবে
* শিক্ষামূলক ও উদ্দেশ্য সাধনে সক্ষম হবে।

**গ. সংলাপ**

* শালীনতা পূর্ণ হতে হবে; * সহজ বোধগম্য হতে হবে; * মার্জিত হতে হবে
* বয়স উপযোগী গান নির্বাচন করতে হবে; * অভিনয়কারী কর্তৃক চরিত্র চিত্রায়নে যুতসই হতে হবে

**ঘ. সাবধানতা**

* কোন র্ধম গোষ্ঠি, সম্প্রদায় যেন কটাক্ষ না হয়; * আপত্তিকর সংলাপ বর্জনীয়
* স্বল্প সময়ে হতে হবে; * মাদক দ্রব্যের ব্যবহার বর্জনীয়

# কনভেনশনাল সাইন ও ট্রাকিং সাইন
## সেশন প্লান

| | | | | |
|---|---|---|---|---|
| **সেশনের নাম** | : কনভেনশনাল সাইন ও ট্রাকিং সাইন | **কোর্স** | : | ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : | |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : | |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : | |

**ব্যবহারিক উদ্দেশ্য:** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন-

১. কনভেনশনাল সাইন ও ট্রাকিং সাইন সম্পর্কে বলতে পারবেন এবং তা ব্যবহারের কৌশল সর্ম্পকে ব্যাখ্যা দিতে পারবেন।

২. কনভেনশনাল সাইন ও ট্রাকিং সাইন এর মাধ্যমে হাইকিং কার্যক্রম কিভাবে সম্পন্ন করতে হয় এবং মানচিত্রে এর ব্যবহার এবং কৌশল সম্পর্কে আলোচনা করতে পারবেন।

**সূচিপত্র** (সারসংক্ষেপ)

১. কনভেনশনাল সাইন ও ট্রাকিং সাইন এর সংজ্ঞা

২. হাইকিং এ ব্যবহার পদ্ধতি

৩. মানচিত্রে কনভেনশনাল সাইন ও ট্রাকিং সাইন এর ব্যবহার কৌশল

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | |
|---|---|
| ১। কনভেনশনাল সাইন এর সংজ্ঞা | ০৩ মি. |
| ২। চিহ্নের ব্যাখ্যা (ডেমোনেস্ট্রেশন) | ২৫ মি. |
| ৩। হাইকিং এর ব্যবহার পদ্ধতি | ১০ মি. |
| ৪। মানচিত্রে ব্যবহার কৌশল | ১০ মি. |
| ৫। সামিং আপ | ০৩মি. |
| ৬। প্রশ্ন উত্তর পর্ব | ০৫ মি. |
| ৭। ম্যাজিক গেম | ০৪ মি. |
| **মোট সময় =** | **৬০ মিনিট** |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার পদ্ধতি ও ডেমোনেস্ট্রেশন পদ্ধতি।

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:** ল্যাপটপ, মাল্টিমিডিয়া, স্ক্রীন, লেজার পেন, পেনড্রাইভ, ব্লাক/ হোয়াইট বোর্ড, ম্যাগনেট, চক, ডাস্টার, পয়েন্টার, পোস্টার পেপার, মার্কার পেন, স্কেল, হ্যান্ড আউট।

**ফলোআপ/অনুসরণ প্রক্রিয়াঃ** (সেশন পরবর্তী)

১. এস,টি,এ হিসেবে কনভেনশনাল সাইনগুলোর চার্ট তৈরি করা।





















২. হাইকিং এর মাধ্যমে অনুশীলন।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |







# কনভেনশনাল সাইন

“কনভেনশনাল” শব্দের আভিধানিক অর্থ হলো-প্রচলিত প্রথা বা রীতি এবং সাইন শব্দের অর্থ চিহ্ন। মানচিত্রে ব্যবহৃত চিহ্নসমূহের মধ্যে যে  সব চিহ্ন আন্তর্জাতিকভাবে স্বীকৃত তাকে কনভেনশনাল সাইন বলে। সুতরাং কনভেনশনাল সাইন বলতে প্রচলিত চিহ্ন বুঝায়। স্কাউটরা হাইকিং-এর সময় এবং মানচিত্র অংকনকালে এই সকল কনভেনশনাল সাইন ব্যবহার করে থাকে। নিম্নে বহুল প্রচলিত কতিপয় কনভেনশনাল সাইন তুলে ধরা হলো।

## কনভেনশনাল সাইন বা প্রচলিত চিহ্ন

| | | | |
|---|---|---|---|
|  | মসজিদ |  | ঘাস/তৃণভূমি |
|  | ব্রীজ/কালভার্ট |  | জলাভূমি |
|  | গীর্জা |  | স্কুল/শিক্ষা প্রতিষ্ঠান |
|  | মন্দির |  | পোষ্ট অফিস |
|  | নারিকেল গাছ |  | ফায়ার স্টেশন |
|  | খেয়াঘাট |  | হ্রদ |
|  | নদী পার হওয়ার উপায় নেই |  | চিকিৎসা সুবিধা |
|  | বিশুদ্ধ পানি |  | দূষিত পানি |
|  | বড় গাছ |  | ভূমির উচ্চতা নিরুপক রেখা |
|  | রেল লাইন (ন্যারো) |  | ব্রডগেজ সিংগেল লাইন |
|  | পায়ে চলার পথ |  | পাকা রাস্তা |
|  | কাঁচা রাস্তা |  | আমরা বাড়ি গেলাম |

## ট্র্যাকিং সাইন বা অনুসরণ চিহ্ন

| | | | |
|---|---|---|---|
|  | এ দিকে যাও |  | এ দিকে যেও না |
|  | এ দিকে বন্ধু আছে |  | এ দিকে শত্রু আছে |
|  | অপেক্ষা কর |  | উত্তর দিক |
|  | এ দিকে যাও |  | এ দিকে যেও না |
|  | এ দিকে যাও |  | এ দিকে যেও না |
|  | এ দিকে যাও |  | এ দিকে যেও না |
|  | এ দিকে যাও |  | এ দিকে যেও না |

# ক্যাম্প ফায়ার
## তাঁবু জলসা
## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : ক্যাম্প ফায়ার / তাঁবু জলসা | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য:** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. তাঁবু জলসার ব্যবহার, প্রকৃতি, উদ্দেশ্য, প্রয়োজনীয়তা এবং প্রকারভেদ জানবেন ও তা ব্যাখ্যা করতে পারবেন।

২. কার্যকর তাঁবু জলসার উপাদান ব্যাখ্যা করতে পারবেন।

৩. তাঁবু জলসা অনুষ্ঠান আয়োজন ও পরিচালনা করতে পারবেন।

**সূচিপত্র** (সারসংক্ষেপ)

১। ক্যাম্প ফায়ার / তাঁবু জলসা কী ও কেন? ২। ক্যাম্প ফায়ার লিডার ৩। ক্যাম্প ফায়ার লিডারের দায়িত্ব ৪। ক্যাম্প ফায়ার লিডারের অবস্থান ৫। ক্যাম্প ফায়ার গাউন ও জ্যাকেট ৬। ইয়েল ৭। তাঁবু জলসায় স্কাউটদের আশাবাদ।

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১. | ক্যাম্প ফায়ার / তাঁবু জলসা কী ও কেন? | ০৩মি. |
| ২. | ক্যাম্প ফায়ার লিডার, দায়িত্ব এবং অবস্থান | ১৪মি. |
| ৩. | ক্যাম্প ফায়ার গাউন ও জ্যাকেট | ১০মি. |
| ৪. | ইয়েল | ০৫মি. |
| ৫. | তাঁবু জলসায় স্কাউটদের আশাবাদ | ২০মি. |
| ৬. | সামিং আপ | ০৩মি. |
| ৭. | প্রশ্ন উত্তর পর্ব | ০৫মি. |
| | **মোট সময়=** | **৬০মিনিট** |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার পদ্ধতি ও ডেমোনেস্ট্রেশন পদ্ধতি।

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:** ল্যাপটপ, মাল্টিমিডিয়া, স্ক্রীন, লেজার পেন, পেনড্রাইভ, মার্কার পেন, পয়েন্টার, হোয়াইট বোর্ড, ওয়াটার সল্যুবল পেন, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট, চক, ডাস্টার দড়ি ইত্যাদি।

**ফলোআপ/অনুসরণ প্রক্রিয়া:** (সেশন পরবর্তী)

কোর্স চলাকালীন তাঁবু জলসা আয়োজনের মাধ্যমে।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# ক্যাম্প ফায়ার

## তাঁবু জলসা

স্কাউটিং এর শুরু থেকেই বি, পি ক্যাম্প ফায়ার বা তাঁবু জলসার প্রচলন করেন। আফ্রিকায় থাকাকালে বি,পি লক্ষ্যে করতেন জুলুরা দিন শেষে সন্ধ্যার পর স্তুপকৃত কাঠে আগুন জ্বালিয়ে আগুনের চারপাশে বসে নাচ-গান করে আনন্দ উপভোগ করতো। এরূপ আগুন জ্বালানোর ফলে চারপাশ আলোকিত হতো, এছাড়াও আগুন দেখে হিংস্র পশু আর ধারে কাছে আসতোনা। তারা এ আগুনেই মাংস পুড়িয়ে খেতো। এতে তারা ঠান্ডা থেকেও কিছু সময়ের জন্য উত্তাপ লাভ করতো।

জুলুদের আগুন জ্বালানোর এ ব্যবস্থাটি বি, পি'র খুবই ভাল লেগেছিল। তাই তিনি স্কাউটিং এ ক্যাম্প ফায়ারের প্রচলনের মাধ্যমে নির্মল আনন্দ লাভের বা চিত্ত বিনোদনের সাথে সাথে কতগুলো উদ্দেশ্য হাসিলের তাগিদ প্রদান করেন। ক্যাম্প ফায়ারের মাধ্যমে পিছিয়েপড়া সদস্যদের এগিয়ে দেয়া, স্কাউটদের লাজুকতা ও জড়তা দুর করা, সুপ্ত প্রতিভার বিকাশের সুযোগ সৃষ্টি, নেতৃত্ব ও শৃংঙ্খলাবোধের উন্মেষ ঘটানো যায়।

স্কাউট ক্যাম্পে স্কাউটরা আগুন জ্বালিয়ে তার চারপাশে বিভিন্ন প্রকার নাচ-গান, অভিনয় ও আনন্দ করে থাকে। আগুন জ্বালানোর পরিবর্তে প্রতীকি হিসেবে বিকল্প ব্যবস্থা করা যেতে পারে। এতে একদিকে সারা দিনের কর্মক্লান্তি দূর হয়, অন্যদিকে প্রতিভা বিকাশের সুযোগ সৃষ্টি হয়। চারদিক থেকে চারজন চারটি মশাল জ্বালিয়ে তাদের আশাবাদ ব্যক্ত করে এবং একত্রে ক্যাম্প ফায়ারের অগ্নি প্রজ্জ্বলন করে। আগুন জ্বালার সাথে সাথে অগ্নি প্রজ্জ্বলনের গান গাওয়া হয়। প্রতিটি গান, নাচ বা অভিনয়ের পর অংশগ্রহণকারীদের উৎসাহ দেয়ার জন্য আনন্দ ধ্বনি বা ইয়েল দেয়া হয়। ক্যাম্প ফায়ারে রুচিসম্মত ও শিক্ষামূলক বিষয় পরিবেশন করা শ্রেয়। ক্যাম্প ফায়ারের সামগ্রিক কাজ পরিচালনা করেন ক্যাম্প ফায়ার লিডার।

**ক্যাম্প ফায়ার লিডারঃ**

ক্যাম্প ফায়ার যিনি পরিচালনা করেন তিনি ক্যাম্প ফায়ার লিডার নামে অভিহিত হন। ক্যাম্প ফায়ার লিডারের দায়িত্ব সুষ্ঠুভাবে পরিচালনার জন্য তিনি প্রয়োজনীয় সংখ্যাক সহকারি লিডার মনোনীত করবেন ও দায়িত্ব ভাগ করে নেবেন। ক্যাম্প ফায়ার লিডারের নির্দেশিত সহকারি লিডারগণ সুষ্ঠভাবে ক্যাম্প ফায়ার সমাপন করেন।

## ইয়েল

"ইয়েল" শব্দের আভিধানিক অর্থ উচ্চস্বরে চিৎকার, আনন্দ বা তীব্র গর্জন; অর্থাৎ চিৎকার বা গর্জন করে মনের ভাব প্রকাশ। স্কাউট বয়সীরা চিৎকার করতে ভালবাসে। আর এ কারণে স্কাউটিংয়ের গোড়া থেকেই কোন আনন্দ প্রকাশের মাধ্যম হিসেবে সর্বসম্মতভাবে ইয়েলের প্রচলন রয়েছে।

ইয়েল শুধু যে চিৎকার করে হয় তা নয়, বিভিন্ন কৌশলে নানা অংগভংগীতে আনন্দদায়ক শিক্ষনীয় ইয়েল হতে পারে। এমন ইয়েল যুগ যুগ ধরে সকলের কাছে সর্বত্র খুবই সমাদৃত হয়েছে।

**সবাই একত্রেঃ** আমরা সবাই এক সাথে এই আগুন প্রজ্জ্বলিত করলাম। এ আগুনের শিখা যেমন উর্ধ্বগামী আমাদের আশা আকাংখাও তেমনি উর্ধ্বগামী হোক। এ আগুন যেমন চারদিকে আলোকিত করছে আমাদের সুপ্ত প্রতিভা তেমনি বিকশিত হউক, আগুন যেমন জ্বালানীকে ভস্মীভূত করছে তেমনি আমাদের কু-রিপুগুলো ভস্মীভূত হোক। আগুন প্রজ্জ্বলনের সাথে সাথে পরবর্তী পৃষ্ঠার গান গাওয়া হয়ে থাকে-

## তাঁবু জলসার গান (১)
## (ক্যাম্প ফায়ার গান-১)

ক্যাম্প ফায়ার, ক্যাম্প ফায়ার
এই হলো গো ক্যাম্প ফায়ার, ক্যাম্প ফায়ার।

দাও ইয়েল, দাও ইয়েল, দাবানল জ্বললো
লাল জিহ্বা তার আকাশে উড়লো।

ধরলো আগুন দ্বিগুণ তেজে
রূপ নিলো আজ এ কোন সাজে
দ্বিকবাহার, দ্বিকবাহার, দ্বিকবাহার।।
ক্যাম্প ফায়ার, ক্যাম্প ফায়ার
এই হলো গো ক্যাম্প ফায়ার, ক্যাম্প ফায়ার ।।

সারা মাঠ ভরলো আলোর বানে
উল্লাস উঠলো গানের তানে
হউক জয় এইবার, এইবার এইবার।।
ক্যাম্প ফায়ার, ক্যাম্প ফায়ার

গীতিকার-নিকোলাস ডি রোজারিও
স্কাউটার সেন্ট গ্রেগোরী স্কুল, ঢাকা
সুরকার-সমর দাস
সময়কাল-১৯৬৫-৬৬

## তাঁবু জলসার গান (২)
## (ক্যাম্প ফায়ার গান-২)

আগুন, আগুন জ্বলছে আগুন,
আজকের তাঁবু জলসায়।

এ জলসায় কত রঙের খেলা
দেখবি যদি ছুটে আয়
আয়রে সবে ছুটে আয় ।।।

সারাদিন কাজ করে হয়েছি ক্লান্ত,
আনন্দ করে কিছু হব মোরা শান্ত।
কিছুক্ষণ তনুমন খুশিতে হারায়
আয়রে সবে ছুটে আয় ।।।

এ আগুনে আলোকিত হয়ে গেছে চারিধার,
মনের কালিমা পুড়ে হয়ে যাক ছারখার।
খুশি মন নিয়ে যেন রাত কেটে যায়
আয়রে ছুটে আয় ।।।

গীতিকার ও সুরকারঃ
মোফাজ্জল আহমদ, এলটি
চট্টগ্রাম।

# ষষ্ঠক পদ্ধতি
## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : ষষ্ঠক পদ্ধতি | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য:** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. ষষ্ঠক পদ্ধতি ও তার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবেন;
২. ষষ্ঠক পরিষদ, ষষ্ঠক নেতা পরিষদ এবং তার কার্যাবলী সম্পর্কে বর্ণনা দিতে পারবেন;
৩. ষষ্ঠক চেতনার উন্নয়নে ষষ্ঠক পদ্ধতির ভূমিকা আলোচনা করতে পারবেন।

**সূচিপত্র** (সারসংক্ষেপ)

১। ষষ্ঠক পদ্ধতি
২। ষষ্ঠক চেতনা
৩। ষষ্ঠক পদ্ধতির উদ্দেশ্য
৪। ষষ্ঠক পদ্ধতির সুবিধা
৫। ষষ্ঠক পদ্ধতির কার্যকারিতা
৬। ষষ্ঠক পরিষদ
৭। ষষ্ঠক নেতা পরিষদ
৮। সিনিয়র ষষ্ঠক নেতা
৯। ষষ্ঠক পরিষদ ও ষষ্ঠক নেতা পরিষদের কার্যাবলী

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | |
|---|---|
| ১। ষষ্ঠক পদ্ধতির সংজ্ঞা | ০৫ মি. |
| ২। ষষ্ঠক গঠন পদ্ধতি (ডেমোনেস্ট্রেশন পদ্ধতি) | ১০ মি. |
| ৩। ষষ্ঠক চেতনা, উদ্দেশ্য ও সুবিধা | ১০ মি. |
| ৪। ষষ্ঠক পদ্ধতির কার্যকারিতা | ১০ মি. |
| ৫। ষষ্ঠক পরিষদ ও ষষ্ঠক নেতা পরিষদ | ১০ মি. |
| ৬। সিনিয়র ষষ্ঠক নেতা | ০৫ মি. |
| ৭। ষষ্ঠক পরিষদ ও ষষ্ঠক নেতা পরিষদের কার্যাবলী | ১০ মি. |
| ৮। ষষ্ঠক পরিষদ ও ষষ্ঠক নেতা পরিষদের সভার মহড়া (রোল প্লে) | ৩০ মি. |
| ৯। রোল প্লে এর পর্যালোচনা | ২০ মি. |
| ১০। সামিং আপ | ০৩ মি. |
| ১১। প্রশ্ন উত্তর পর্ব | ০৩ মি. |
| ১২। গান | ০২ মি. |
| **মোট সময়=** | **১২০ মিনিট** |

**প্রশিক্ষণ পদ্ধতি:** লেকচার, ডেমোনেস্ট্রেশনও রোলপ্লে।

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:** ল্যাপটপ, মাল্টিমিডিয়া, স্ক্রীন, পোস্টার পেপার, মার্কার পেন, পয়েন্টার, হোয়াইট বোর্ড, ম্যাগনেট, হ্যান্ড আউট ইত্যাদি।

**ফলোআপ/অনুসরণ প্রক্রিয়া:** (সেশন পরবর্তী)

১। ষষ্ঠক নেতা পরিষদ সভার মহড়া দেবেন।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# ষষ্ঠক পদ্ধতি

স্কাউটিংয়ে বালক-বালিকাদের নেতৃত্ব বিকাশের লক্ষ্যে একটি কাব স্কাউট প্যাক (ইউনিট) কে ছোট ছোট ভাগে ভাগ করে কাব স্কাউট প্রোগ্রামসহ যাবতীয় কাজ সম্পন্ন/বাস্তবায়নের পদ্ধতিকে ষষ্ঠক পদ্ধতি বলে। এক কথায় বলা যায়, কাব স্কাউটিং এর প্রচলিত ট্রেনিং পদ্ধতিই হচ্ছে ষষ্ঠক পদ্ধতি। স্কাউটিং এ ষষ্ঠক পদ্ধতি একটি কার্যকর এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ পদ্ধতি।

## গঠন

একটি কাব স্কাউট ইউনিটে সর্বনিম্ন ২টি ও সর্বোচ্চ ৪টি ষষ্ঠক থাকে। ৬ জন কাব স্কাউট বয়সী বালক-বালিকা নিয়ে একটি ষষ্ঠের গঠিত হয়। ষষ্ঠকে নেতৃত্ব দেয়ার জন্য প্রতিটি ষষ্ঠকে একজন নেতা থাকে। এই নেতাকে ষষ্ঠক নেতা বলে। ষষ্ঠক নেতার কাজে সহায়তা করার জন্য প্রত্যেক ষষ্ঠকে একজন সহকারি ষষ্ঠক নেতা থাকে। সকল ষষ্ঠকের মধ্যে উত্তম সমন্বয় সাধন ও ষষ্ঠকসমূহের কাজে নেতৃত্ব দেয়ার জন্য ষষ্ঠক নেতাদের মধ্যে থেকে যোগ্যতম একজনের উপর দায়িত্ব প্রদান করা হয়, তাকে সিনিয়র ষষ্ঠক নেতা বলে।

## উদ্দেশ্য

- বালক-বালিকাদের মধ্যে নেতৃত্বের দক্ষতা অর্জনের সুযোগ সৃষ্টি।
- দায়িত্ব গ্রহণ ও তা বাস্তবায়নের প্রক্রিয়া হাতে কলমে শেখার মাধমে প্রত্যেক সদস্যের আত্মোন্নয়নের সুযোগ সৃষ্টি।
- দলীয় চেতনা, ঐক্যবদ্ধভাবে উন্নয়ন এবং বাস্তব জীবনে তার প্রতিফলন ঘটানো।
- সুষ্ঠুভাবে প্রোগ্রাম বাস্তবায়ন।

## প্রয়োজনীয়তা

- বালক-বালিকাদের দায়িত্ব গ্রহণ ও তা পালনের সুযোগ সৃষ্টি করা;
- নেতৃত্বের বিকেন্দ্রীয়করণের ব্যবস্থা করা;
- একত্রে কাজ করার মানসিকতা গড়ে তোলা, সহমর্মীতা ও অন্যের মতামতকে গুরুত্ব প্রদানের সুযোগ সৃষ্টি করা;
- ইউনিট লিডারের কাজের চাপ কমান;
- সুষ্ঠু সুন্দর ও সুশৃঙ্খলভাবে ইউনিটের সার্বিক কার্যাবলী পরিচালনা করা;
- অল্প সময়ে অধিক কাজ সম্পন্ন করা;
- বালক-বালিকাদের মধ্যে দায়িত্ববোধ জাগ্রত করা ও তা কার্যকরভাবে প্রয়োগের সুযোগ সৃষ্টি করা;
- নেতার নেতৃত্বকে মানা ও সে মোতাবেক চলার মানসিকতা সৃষ্টি এবং মানসিকতার বাস্তব রূপায়নে হাতে কলমে অনুশীলনের সুযোগ প্রদান যা গণতন্ত্রের সফল অনুশীলন।

## ষষ্ঠক পদ্ধতির কার্যকারিতা

ষষ্ঠক পদ্ধতি শুধুমাত্র তখনই কার্যকর হবে যখন কাব স্কাউট লিডার-

- কাব স্কাউটদের কর্মশক্তির উপর আস্থা রাখবেন;
- কাব স্কাউট শাখার কার্যাবলী সম্পর্কে সঠিক জ্ঞানের অধিকারী হবেন;
- ষষ্ঠক নেতাদের সাথে ঘন ঘন বৈঠকে মিলিত হবেন;
- নিজের দায়িত্ব ও কর্তব্যের প্রতি আনুগত্য দেখাবেন;
- প্রয়োজন ও সময় মত নেতৃত্ব দানের জন্য প্রস্তুত থাকবেন ও নেতৃত্ব প্রদান করবেন।

## ষষ্ঠক চেতনা

ষষ্ঠকের প্রত্যেক সদস্যকে মনে প্রাণে বিশ্বাস করতে হবে যে, সে একটা পূণাংগ দলের এক বা স্বয়ংসম্পূর্ণ অবিচ্ছেদ্য অংশ। ষষ্ঠকের সুনাম বা দুর্নাম সকল সদস্যকে সমানভাবে ভাগ করে নিতে হবে। ষষ্ঠকের বিশেষ কোন সুনামের জন্য যেমন কোন সদস্য এককভাবে

কৃতিত্বের দাবিদার হতে পারবে না, ঠিক তেমনি কোন বিশেষ ব্যর্থতার জন্য কোন সদস্যকে এককভাবে দায়ী করা যাবে না। অংশীদারিত্বের ভিত্তিতে সকল কার্যক্রম সম্পাদন করাই ষষ্ঠক চেতনা।

## ষষ্ঠক নেতা

ষষ্ঠকের কার্যক্রম পরিচালনায় সুষ্ঠু নেতৃত্বদানের জন্য কাবস্কাউট লিডার প্রত্যেক ষষ্ঠক থেকে দক্ষ, অভিজ্ঞ ও চটপটে একজন কাব স্কাউটকে ষষ্ঠক নেতা নিয়োগ করবেন।

## সহকারি ষষ্ঠক নেতা

ষষ্ঠক নেতার কার্যাবলী পরিচালনায় সহায়তাদান এবং তার অনুপস্থিতিতে ষষ্ঠকের কার্যক্রম পরিচালনার জন্য তার সংগে আলোচনাক্রমে কাবস্কাউট লিডার ষষ্ঠকের অবশিষ্টদের মধ্যে থেকে দক্ষ, অভিজ্ঞ ও চটপটে একজন কাবস্কাউটকে সহকারি ষষ্ঠক নেতা নিয়োগ করবেন।

## সিনিয়র ষষ্ঠক নেতা

কাবস্কাউট লিডার ও সহকারি কাব স্কাউট লিডারদের প্রয়োজনীয় সহযোগিতা দান ও ষষ্ঠক নেতাদের সংগে স্কাউটদের যোগসূত্র রক্ষার জন্য ষষ্ঠক নেতা পরিষদের সাথে আলোচনাক্রমে কাব স্কাউট লিডার একজন সিনিয়র ষষ্ঠক নেতা নিয়োগ করবেন।

## ষষ্ঠক নেতা পরিষদ

সংশ্লিষ্ট ইউনিটের কাবস্কাউট লিডার, সহকারি কাবস্কাউট লিডার, ষষ্ঠক নেতা এবং প্রয়োজনবোধে সহকারি ষষ্ঠক নেতাদের নিয়ে ষষ্ঠক নেতা পরিষদ গঠিত হয়। অভ্যন্তরীন প্রশাসন এবং কাবস্কাউট কার্যক্রম পরিচালনায় নেতৃত্ব দানের প্রস্তুতি ও পরিকল্পনা প্রণয়ন ষষ্ঠক নেতা পরিষদের দায়িত্ব ও কর্তব্য। কাবস্কাউট লিডার এ পরিষদের সভাপতি সহকারি কাবস্কাউট লিডার এর সম্পাদক হবেন।

## উপদেষ্টা বৈঠক

সাধারণত ষষ্ঠক নেতা পরিষদের বৈঠকের পর পরই উপদেষ্টাদের বৈঠক অনুষ্ঠিত হয়। দুটি মিলে ৪৫ মিনিটের বেশি সময় নেয়া উচিত নয়। এই বৈঠকে পূর্ববর্তী কাজের আলোচনা, ভুল সংশোধন এবং নতুন কাজ করা হয়। কাব স্কাউটদের স্মৃতি শক্তি তত প্রখর নয়। তারা অনেক কিছুই ভুলে যায়। এ জন্যেই ষষ্ঠক নেতা ইউনিট লিডারের সাহায্যকারী হিসেবে দায়িত্ব পালন করে। উপদেষ্টা পরিষদের সভাও ইউনিট লিডারকে পরিচালনা করতে হবে। সহকারি কাবস্কাউট লিডারও এ বৈঠকে উপস্থিত থাকবেন এবং সাহায্য সহযোগিতা করবেন।

## পরিচালনা পদ্ধতি

একটি ষষ্ঠকের ক্ষেত্রে সহকারি কাবস্কাউট লিডারের সহায়তায় ষষ্ঠক নেতার নেতৃত্বে ষষ্ঠক পরিচালিত হবে। সহকারি ষষ্ঠক নেতা ষষ্ঠক পরিচালনায় ষষ্ঠক নেতাকে সহায়তা করবে। ষষ্ঠকের প্রত্যেকে সদস্য/সদস্যা ষষ্ঠকের কোন না কোন দায়িত্ব পালন করবে। ষষ্ঠক নেতা নিজ ষষ্ঠকের প্রোগ্রাম বাস্তবায়নে কাবস্কাউট লিডারদের সাথে যোগাযোগ রক্ষা করে তাঁর নির্দেশ ও পরামর্শ মোতাবেক কার্যাদি সম্পন্ন করবে। কাবস্কাউট লিডার ইউনিটের বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে ষষ্ঠক নেতাদের ডেকে আলোচনা করবেন ও প্রয়োজনীয় শিক্ষাদান বা পরামর্শ দিবেন এবং ষষ্ঠক নেতাগণ নিজ ষষ্ঠকে সহকারি কাবস্কাউট লিডারের সহায়তায় কার্যাদি সম্পন্ন করবে। ইউনিট পর্যায়ে কার্যক্রম পরিচালনায় ষষ্ঠকসমূহের মধ্যে সমন্বয় সাধন, ষষ্ঠক পর্যায়ের বিভিন্ন সমস্যা সমাধান, প্রশাসানিক ও বিচার সংক্রান্ত কার্যাদি ষষ্ঠক নেতা পরিষদের সিদ্ধান্তবলী অনুমোদনের জন্য গ্রুপ স্কাউটারস কাউন্সিলে প্রেরণ করবে। গ্রুপ স্কাউটারস কাউন্সিল এগুলো অনুমোদনের জন্য গ্রুপ কমিটির মাধ্যমে গ্রুপ কাউন্সিলে সুপারিশ করবেন ও অনুমোদন নিয়ে তা পরবর্তীতে বাস্তবায়নের ব্যবস্থা করবেন।

## ষষ্ঠক পদ্ধতির কার্যকারিতা

কাবস্কাউটিংয়ে এ সমবয়সীরা একত্রে কাজ করে। ফলে জীবনের প্রারম্ভেই তারা পরস্পরের খুব কাছাকাছি আসার সুযোগ পায়। এতে তাদের পরস্পরের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে ওঠে। ছোট ছোট দলে ভাগ হয়ে কাজ করার ফলে একে অপরকে ভালভাবে চেনার এবং জানার সুযোগ সৃষ্টি হয়, তাদের মধ্যে খুব সহজেই সম্প্রীতি গড়ে ওঠে, নিজের কাজ কর্মে স্বাধীনভাবে, সুন্দর চিন্তা, মনোবল ও

মতামত প্রকাশ করার সুযোগ ঘটে। স্বাভাবিকভাবে এ সবের মাধ্যমে তারা নিজেরাও সমাজ সম্পর্কে সচেতন হয়ে ওঠে। নিজ দলে কাজ করার ফলে তারা আত্মসচেতন হয়ে গড়ে ওঠার সুযোগ পায়। এ সকল সুযোগ সুবিধা তাদের মত কোমলমতি বালক/বালিকাদের এমন একটি আদর্শ পরিবেশের মধ্যে বেড়ে ওঠতে বিশেষভাবে সাহায্য করে। বালক-বালিকাদের বেড়ে ওঠার এই মুহূর্তে এরূপ অনুকূল পরিবেশ তাদের চরিত্র গঠনে খুবই সহায়ক হয় এবং তারা যোগ্য, আত্মসচেতন ও নির্ভরশীল হয়ে সহযোগিতা ও নেতৃত্ব প্রদানের গুণাবলী অর্জন করে।

## ষষ্ঠকের নাম ও ষষ্ঠক পরিচয়

প্রত্যেকটি ষষ্ঠকের নামকরণ করা হয় বিভিন্ন রং অনুসারে। ষষ্ঠকের রংয়ের ৩.৮১ সে.মি সমবাহু নির্দিষ্ট ত্রিণোনাকৃতি কাপড়ের তালি বাম কাঁধের নিচে হাতার ওপরের অংশে শীর্ষ কোণ ওপরের দিকে রেখে পরতে হয়।

## পদমর্যাদা ব্যাজ

ক. সহকারি ষষ্ঠক নেতা জামার বাম হাতার কনুই এর ৩.৮১ সে.মি উপরে ১.২৭ সে.মি চওড়া হলুদ রংয়ের একটি ফিতা সেলাই করে পরবে।

খ. **ষষ্ঠক নেতা ব্যাজ-** জামার বাম হাতার কনুই এর ৩.৮১ সে.মি উপরে ১.২৭ সে.মি চওড়া দুইটি হলুদ রংয়ের ফিতা সেলাই করে পরবে।

গ. **সিনিয়র ষষ্ঠক নেতা ব্যাজ-** জামার বাম হাতার কনুই এর ৩.৮১ সে.মি উপরে ১.২৭ সে.মি চওড়া তিনটি হলুদ রংয়ের ফিতা সেলাই করে পরবে।

# উপদল পদ্ধতি
## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : উপদল পদ্ধতি | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য:** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. উপদল পদ্ধতি ও তার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবেন।
২. উপদল পরিষদ, উপদল নেতা পরিষদ এবং তার কার্যাবলী সম্পর্কে বর্ণনা দিতে পারবেন।
৩. উপদল চেতনার উন্নয়নে ষষ্ঠক পদ্ধতির ভূমিকা আলোচনা করতে পারবেন।

**সূচিপত্র** (সারসংক্ষেপ)

১। উপদল পদ্ধতির সংজ্ঞা ও গঠন পদ্ধতি
২। উপদল চেতনা ৩। উপদল পদ্ধতির উদ্দেশ্য
৪। উপদল পদ্ধতির সুবিধা
৫। উপদল পদ্ধতির কার্যকারিতা
৬। উপদল পরিষদ
৭। উপদল নেতা পরিষদ
৮। সিনিয়র উপদল নেতা
৯। উপদল পরিষদ ও উপদল নেতা পরিষদের কার্যাবলী

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | |
|---|---|
| ১। উপদল পদ্ধতির সংজ্ঞা | ০৫ মি. |
| ২। উপদল গঠন পদ্ধতি (ডেমোনেস্ট্রেশন পদ্ধতি) | ১০ মি. |
| ৩। উপদল চেতনা, উদ্দেশ্য ও সুবিধা | ১০ মি. |
| ৪। উপদল পদ্ধতির কার্যকারিতা | ১০ মি. |
| ৫। উপদল পরিষদ ও উপদল নেতা পরিষদ | ১০ মি. |
| ৬। সিনিয়র উপদল নেতা | ০৫ মি. |
| ৭। উপদল পরিষদ ও উপদল নেতা পরিষদের কার্যাবলী | ১০ মি. |
| ৮। উপদল পরিষদ ও উপদল নেতা পরিষদের সভার মহড়া (রোল প্লে) | ৩০ মি. |
| ৯। রোল প্লে এর পর্যালোচনা | ২০ মি. |
| ১০। সামিং আপ | ০৩ মি. |
| ১১। প্রশ্ন উত্তর পর্ব | ০৩ মি. |
| ১২। গান | ০২ মি. |
| **মোট সময়=** | **১২০ মিনিট** |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার ও ডেমোনেস্ট্রেশন এবং রোল প্লে।

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:** ল্যাপটপ, মাল্টিমিডিয়া, স্ক্রীন, লেজার পেন, পেনড্রাইভ, পোস্টার পেপার, মার্কার পেন, পয়েন্টার, হোয়াইট বোর্ড, ম্যাগনেট, হ্যান্ড আউট ইত্যাদি।

**ফলোআপ/অনুসরণ প্রক্রিয়া:** (সেশন পরবর্তী)

১। নিজ উপদলে উপদল নেতা পরিষদ সভার মহড়া দেবেন।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# উপদল পদ্ধতি
## স্কাউট শাখা

স্কাউটিংয়ে প্রচলিত প্রশিক্ষণ পদ্ধতিই উপদল পদ্ধতি। উপদল পদ্ধতির মূল উদ্দেশ্য হচ্ছে স্কাউট বয়সী বালক-বালিকার মধ্যে নেতৃত্বের দক্ষতা ও গুণাবলী অর্জনের সুযোগ সৃষ্টি করা।

সাধারণত: ৮ জন স্কাউট নিয়ে একটা উপদল গঠিত হয়। উপদলের সকল কাজের নেতৃত্ব দেয়ার জন্য প্রতি উপদল একজনের উপর দায়িত্ব প্রদান করা হয়। দায়িত্ব প্রাপ্ত এই স্কাউটকে উপদল নেতা বলে।

উপদলের সদস্যদের মধ্যে থেকে উপদল সদস্যগণ কর্তৃক উপদল নেতা নির্বাচিত হয়। উপদল নেতাকে সকল কাজ সাহায্য করার জন্য এবং উপদল নেতার অনুপস্থিতিতে উপদলের নেতৃত্ব প্রদানের উপদলের সকল দায়িত্ব পালনের জন্য প্রতি উপদলে একজন সহকারী উপদল নেতা থাকে।

সাধারণত: ৪টি উপদল নিয়ে একটি স্কাউট গ্রুপ গঠিত হয়।

### উপদলের নাম

পশু বা পাখির নামে স্কাউট উপদলের নাম দেয়া হয়। সেই পশু পাখিগুলোর ভালো বৈশিষ্ট্যগুলো দলের সদস্যদের মধ্যে প্রতিফলিত হবে এমনটা মনে করা হয়। তাছাড়া স্কাউট বয়সী ছেলে মেয়েরা সেই পশু পাখির ডাক অনুকরণ করতে আনন্দবোধ করে। উপদলের পতাকায় সেই পশু/পাখির ছবি স্কাউটরা আঁকে। ব্যাডেন পাওয়েল "স্কাউটিং ফর বয়েজ" বইয়ে উপদলের নাম সন্নিবেশ করেছেন সেগুলো হচ্ছে- ঘোড়া, ক্যাংগারু, সিংহ, কাক, কোকিল ইত্যাদি। স্কাউটরা উপদলের পশু/পাখি ডাক দিয়ে উপদলের পরিচয় দেয় যা উপদলের ডাক বা Petrol call বলা হয়।

### উপদলের নাম ও সংকেত

প্রতিটি স্কাউট দলের নামকরণ করা হয় সেই দলের অবস্থানের ভিত্তিতে বা প্রতিষ্ঠানের নামানুসারে। মুক্ত গ্রুপের ক্ষেত্রে স্থানের নাম ছাড়াও বিশেষ থীম বা আশা আকাংখার প্রতিফলন ঘটার লক্ষ্যে ভিন্ন নামকরণও হয়ে থাকে। যেমন- প্রগতি মুক্তদল, সেবাব্রতী মুক্ত স্কাউট দল, সৃজনী মুক্ত স্কাউট গ্রুপ ইত্যাদি। আবার একটি ইউনিট দলের প্রতিটি উপদলের নামকরণ করা হয় ভিন্নভাবে। স্কাউট উপদলগুলোর নাম রাখা হয় কোন পশু বা পাখীর নাম অনুসারে। এক্ষেত্রে নিজেদের এলাকায় যে সকল পশু বা পাখী দেখা যায় সে অনুসারে নাম রাখা ভাল। যেমন- কাক, কোকিল, কবুতর, ঘুঘু ইত্যাদি অথবা বাঘ, সিংহ, হরিণ, শেয়াল ইত্যাদি। যে দলের উপদলের নাম পশুর নামে তার সব কয়টি উপদল পশু অথবা যে দলের উপদলের নাম পাখির নামে তার সব কয়টি উপদলের নাম পাখির নাম অনুসারে হওয়া উচিত।

### উপদল পতাকা ও মাপ

প্রত্যেক উপদল নেতার লাঠির মাথায় তার উপদল পতাকা বাঁধা থাকে। উপদল পতাকার উভয় পার্শ্বে তার উপদলের নির্ধারিত পশু পাখীর ছবি অংকিত থাকে। উপদল পতাকার মাপ হবে 15 x 30 ইঞ্চি।

### উপদল নীতিবাক্য

প্রত্যেক উপদলের নিজস্ব নীতিবাক্য থাকে। প্যাট্রোলের প্রাণীটির জীবন প্রণালীর বিশেষ জনের সাথে এই নীতি বাক্যের সম্পর্ক থাকে। যেমন- বাঘ উপদলের আদর্শ হতে পারে "সাহসী হও" বা শক্তিমান হও। তেমনি হরিণ উপদলের আদর্শ হতে পারে "নিরীহ ও ক্ষিপ্রগতি সম্পন্ন হও," ইত্যাদি।

### উপদল ডাক : (Patrol Call)

উপদলের প্রত্যেক সদস্যের উপদলের প্রতীক প্রাণীর ডাক জানা আবশ্যক। যেমন- বাঘ উপদলের সদস্যগণ বাঘের মত গর্জন করে এবং হরিন উপদলের সদস্যরা হরিণের সংকেত অথবা উপদলের সংকেত মাধ্যমে নিজ উপদলের সদস্যদের ডাকবে। এভাবেই তারা উপদল সদস্যদের মধ্যে যোগাযোগ রক্ষা করবে। নিজ উপদল ডাকার জন্য উপদলের ডাক দেয়া সংগত নয়।

**নিচে নির্ধারিত কয়েকটি উপদলের নাম ও ডাক উল্লেখ করা হলো:**

| Sl. | Animals Name | Call | Sl. | Birds Name | Call |
|---|---|---|---|---|---|
| 1 | Horse | C Hee-E-E | 1 | Dove | Coo-Oe-Oe |
| 2 | Jackal | Wah-Wah-Wah-Wah | 2 | Peacock | Boa-oik |
| 3 | Fox | Ha-Ha | 3 | Cuckoo | Cook-koo |
| 4 | Cat | Meeaow | 4 | Pigeon | Buck Bakum Kum |
| 5 | Tiger | Grrao | 5 | Crow | Ka-Ka-Ka |
| 6 | Lion | Eu-Ugb | 6 | Penguin | See See |
| 7 | Panther | Keeook | 7 | Kingfisher | Chip-Chip |

## উপদল চেতনা

উপদলের সকল কাজ উপদল সদস্যরা ভাগাভাগী করে সম্পাদন করে। এই প্রক্রিয়ায় সকল কাজে সকলের অংশগ্রহণ একযোগে কোন কাজে সফলতা বা বিফলতার অংশীদার হয় উপদলের সবাই। সুতরাং উপদলের সদস্যগণ তাদের সুনাম রক্ষায় সব সময়ে তৎপর থাকে। উপদল সদস্যদের এই মনোভাবই উপদল চেতনা। এই উপদল সমুন্নত রাখার জন্য ক্রু মিটিং হচ্ছে সর্বাধিক কার্যকর মাধ্যম।

## সুবিধা

- নেতৃত্ব ও দায়িত্ব বিকেন্দ্রীকরণের সুযোগ পাওয়া যায়;
- স্কাউট নেতার কাজের চাপ কমে;
- অল্প সময় বড় ধরনের কাজ সম্পাদন করা যায়;
- কোন কাজ সম্পাদন এককভাব কেউ সমালোচিত হয় না বরং পরস্পর আলোচনার মাধ্যমে ত্রুটি সংশোধনের সুযোগ পায়;
- গণতান্ত্রিক প্রক্রিয়ায় উন্মেষ ঘটে।

## স্কাউট/রোভার স্কাউট উপদলের নামকরণ

রোভার স্কাউট/স্কাউট ইউনিটের ক্রুর পেট্রোল বা উপদলের নাম করণ হয় কোন পাহাড়/পর্বতশৃংগ/বিশ্বখ্যাত বিজ্ঞানী/কবি/সাহিত্যিক/ অথবা কোন ভাল গুণের নামানুসারে। যেমন- কিউক্রেডাং, চিম্বুক, এভারেস্ট, এ্যামাজান ইত্যাদি।

আইনস্টাইন, নিউটন, প্লেটো, সক্রেটিস, এডিসন, টেনিসন, সেক্সপিয়ার, ওয়ার্ডওয়ার্থ, জগদীশ, ফেরদৌসী, ইবনেসিনা, অতীশ দীপঙ্কর ইত্যাদি।

সততা, একতা, বিশ্বাসী, বিনয়ী, বন্ধু, সদয়, মিতব্যয়ী, নির্মল ইত্যাদি।

নিজ নিজ উপদলের নামে নিজেদের পরিচিত করে উপদলের নামের সার্থকতার লক্ষ্যে নিজেদের তৈরি করতে হবে। নিজেদের তারা এবং যেভাবে গড়ে তুলতে চেষ্টা করে। তারা উপদলের নামের ব্যক্তি ও স্থানের পূর্ণ ইতিহাস এবং সে সম্পর্কে সম্যক ধারণা লাভ করে।

## উপদল পদ্ধতির উদ্দেশ্য

- পরস্পর সহযোগিতার মাধ্যমে কাজ করার মনোভাব গড়ে উঠে;
- দায়িত্ব সচেতন হয়;
- নিজের কর্মক্ষমতায় আস্থাশীল হয়;
- গণতান্ত্রিক মনোভাব গড়ে উঠে;
- নেতৃত্ব দানের সুযোগ লাভ করে;
- ঐক্যবদ্ধভাব কাজ করার মনোভাব গড়ে উঠে;

- নেতৃত্ব ও দায়িত্ব বিকেন্দ্রীকরণের সুযোগ পাওয়া যায়;
- স্কাউট নেতার কাজের চাপ কমে;
- অল্প সময়ে বড় ধরনের কাজ সম্পাদন করা যায়;
- কোন কাজ সম্পাদনে এককভাবে কেউ সমালোচিত হয় না বরং পরস্পর আলোচনার মাধ্যমে ত্রুটি সংশোধনের সুযোগ পায়।

## উপদল পদ্ধতির কার্যকারিতা

### উপদল পদ্ধতি কার্যকরী হবে যদি ইউনিট লিডার

- স্কাউটদের কর্মদক্ষতার উপর আস্থা রাখেন;
- স্কাউট কার্যাবলী সর্ম্পকে সম্যক ধারণার অধিকারী হন;
- নিয়মিত ট্রুপ বা ক্রু মিটিং অনুষ্ঠান নিশ্চিত করেন;
- নিজের দায়িত্ব কর্তব্যের প্রতি সচেতন হন;
- প্রয়োজন ও সময় নেতৃত্ব দান।

## উপদল নেতা

উপদল কার্যক্রম পরিচালনা, উপদল পতাকা বহন ও উপদল সদস্যদের বিভিন্ন স্কাউট কলায় ব্যবহারিক সাহায্য নেতৃত্বদানের জন্য স্কাউট লিডার প্রত্যেক উপদল থেকে দক্ষ, অভিজ্ঞ ও নেতৃত্বদানে সক্ষম স্কাউটকে নিয়ম মোতাবেক উপদল নেতা (প্যাট্রোল লিডার) নিয়োগ করবেন।

## সহকারী উপদল নেতা

উপদল নেতার কার্যাবলী পরিচালনার সহায়তাদান এবং তার অনুপস্থিতিতে উপদল কার্যক্রম পরিচালনার জন্য স্কাউট লিডারের অনুমোদনক্রমে উপদল নেতা তার সহকারী উপদল নেতা নির্বাচন করবে।

## উপদল পরিষদ

প্রত্যেক উপদল একটি উপদল পরিষদ থাকবে। উপদল পরিষদের সিদ্ধান্ত ও সুপারিশ অনুযায়ী উপদলের কার্যাবলী পরিচালিত হব। শুধুমাত্র সংশ্লিষ্ট উপদলের সদস্যদের নিয়ে সে উপদলের উপদল পরিষদ গঠিত হবে। উপদল নেতা নিজ উপদল পরিষদের সভাপতি হবে সহকারী উপদল নেতা সম্পাদকের দায়িত্ব পালন করবে। বাকী ৪-৬ জন সদস্য থাকবে।

## উপদল নেতা পরিষদ

ইউনিটের সকল উপদল নেতাদের নিয়ে প্রত্যেক স্কাউট ট্রুপ একটি উপদল নেতা পরিষদ থাকবে। স্কাউট ট্রুপের সকল কার্যাবলীএই উপদল নেতা পরিষদের সিদ্ধান্ত ও সুপারিশ অনুযায়ী পরিচালিত হব। সিনিয়র উপদল নেতা এই পরিষদের সভাপতি হবে এবং পরবর্তী সিনিয়র উপদল নেতা পরিষদের সম্পাদকের দায়িত্ব পালন করবে। বাকী ২ জন সদস্য থাকব। কোন বিশেষ সিদ্ধান্ত গ্রহণের জন্য সহকারী উপদল নেতাদেরকেও ডাকা যেতে পারে। স্কাউট লিডার এবং সহকারী স্কাউট লিডারগণ এই পরিষদের উপদেষ্টা ও পরামর্শ দাতা হিসেবে কাজ করবেন। তারা নিজেদের মতামত চাপিয়ে দেবেন না।

## সিনিয়র উপদল নেতা

স্কাউট ট্রুপের যাবতীয় কাজ স্কাউট লিডার ও সহকারী স্কাউট লিডারদের সাহায্য করা, অন্যান্য উপদল নেতাদের সাথে স্কাউট লিডার ও সহকারী স্কাউট লিডারদের যোগসূত্র বজায় রাখা, কোন কার্যক্রম সার্বিকভাব স্কাউট ট্রুপকে নেতৃত্ব দেয়া সিনিয়র উপদল নেতার কাজ। ইউনিট লিডার উপদল নেতাদের সাথে আলোচনা করে উপদল নেতাদের মধ্য হতে একজনকে সিনিয়র উপদল নেতা মনোনীত করেন।

## উপদল পরিষদ ও উপদল নেতা পরিষদের কার্যাবলী

উপদল পরিষদ ও উপদল নেতা পরিষদের কার্যাবলীর নিম্নলিখিত দুই ভাগ ভাগ করা যায়।

যথা: (১) প্রশাসনিক এবং (২) বিচার সম্পর্কিত।

উপদল নেতা পরিষদের সিদ্ধান্ত ও সুপারিশগুলো অনুমোদনের জন্য গ্রুপ স্কাউটারস কাউন্সিলে প্রেরণ করা হয়। গ্রুপ স্কাউটারস কাউন্সিল এগুলোর চূড়ান্ত অনুমাদনের জন্য নিজের সুপারিশসহ গ্রুপ কাউন্সিল কমিটিতে প্রেরণ করেন।

উপদল সদস্যদের দায়িত্ব সচেতন করে তোলা এবং তাদেরকে নেতৃত্ব প্রদানের সুযোগ সৃষ্টির জন্য উপদল সদস্যদের মধ্য বিভিন্ন কাজের দায়িত্ব ভাগ করে দেয়া উচিত। নিম্নে একটা নমুনা প্রদান করা হলো।

| | | |
|---|---|---|
| সদস্য নম্বর | ১ | উপদল নেতা / সভাপতি উপদল পরিষদ |
| সদস্য নম্বর | ২ | সহকারী উপদল নেতা / উপদল পরিষদ সম্পাদক |
| সদস্য নম্বর | ৩ | প্রশিক্ষণ উপকরণ সংগ্রহকারী |
| সদস্য নম্বর | ৪ | অর্থ রক্ষণাবেক্ষণকারী/ কোষাধ্যক্ষ |
| সদস্য নম্বর | ৫ | ডেন রক্ষাকারী ও সজ্জাকারী |
| সদস্য নম্বর | ৬ | বিভিন্ন উপকরণ সংগ্রাহক ও প্রাথমিক প্রতিধানকারী |
| সদস্য নম্বর | ৭ | প্রাথমিক প্রতিবিধান দ্রব্যাদি সংগ্রাহক ও প্রাথমিক প্রতিবিধানকারী |
| সদস্য নম্বর | ৮ | কোয়াটার মাস্টার / পরিবেশনকারী |

## উপদল নেতা ব্যাজ

উপদল নেতাদের পরিচিতির জন্য পদমর্যাদা অনুসারে স্কাউট পোশাকে নির্ধারিত চিহ্ন পরতে হয়। সহকারী উপদল নেতা স্কাউট পোশাকের বাম পকেটের ডান পার্শ্বে **১** সেন্টিমিটার চওড়া সাদা কাপড়ের স্ট্রাইপ বা পট্টি পরবে। উপদল নেতা বাম পকেটের দুই পাশে অনুরূপ স্ট্রাইপ পরবে। সিনিয়র উপদল নেতা বাম পকেটের উভয় পার্শ্বে এবং মাঝখানে মোট তিনটি স্ট্রাইপ পরবে।

# উপদল পদ্ধতি
## রোভার স্কাউট শাখা

উপদল পদ্ধতি প্রোগ্রাম পরিচালনায় অন্যতম একটি প্রশিক্ষণ পদ্ধতি হিসেবে প্রচলিত যার মাধ্যমে নেতৃত্বের বিকাশ সাধন, দক্ষতা বৃদ্ধি, দায়িত্ব সচেতনতা বৃদ্ধি, সম্পর্ক উন্নয়ন, একাত্ববোধ ও শৃংখলা বোধের উন্মেষসহ প্রতিযোগিতামূলক মনোভাবের উন্নয়ন সাধন ত্বরান্বিত করা সম্ভব, নেতৃত্ব প্রদানে সক্ষম একজন রোভার স্কাউটের তত্বাবধানে বিভক্ত ক্ষুদ্র দলকে উপদল বলা হয়ে থাকে। সঠিকভাবে ইউনিট পরিচালনার ক্ষেত্রে উপদল পদ্ধতির বিকল্প নেই। একটি ইউনিটে উপদল পদ্ধতির সঠিক বাস্তবায়ন নির্ভর করে উপদল পদ্ধতি সম্পর্কে ইউনিট লিডারের স্বচ্ছ ধারণা ও বাস্তবায়ন নিপুণতার উপর।

### উপদল

একটি ইউনিটে সর্বনিম্ন ২টি উপদল এবং সর্বাধিক ৪টি উপদল থাকতে পারে। ৪-৬ জন রোভার স্কাউট নিয়ে একটি উপদল গঠিত হয়। প্রত্যেক রোভার উপদলে একজন রোভার মেট, একজন সহকারী রোভার মেট থাকবে। উপদলের ১ নং সদস্য রোভার মেট এবং ২ নং সদস্য সহকারী রোভার মেট হিসেবে যথাক্রমে উপদলের প্রথমে এবং শেষে দাঁড়াবে বা বসবে। রোভার প্রোগ্রামের বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজন অনুসারে সাময়িক উপদল (এডহক প্যাট্রোল) ও গঠন করা যেতে পারে। রোভার ইউনিটে ভর্তি হওয়ার জন্য একজন তরুণ/তরুণীকে কলেজ বা বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রী কিংবা ১৭ বছর বা তার বেশী এবং ২৫ বছর বা তার কম বয়সী হতে হবে। তবে রেলওয়ে রোভার স্কাউটদের ক্ষেত্রে এই বয়সসীমা ৩০ বছর পর্যন্ত হতে পারে। দলে ভর্তি হওয়ার পর থেকে একজন তরুণ/তরুণী একটি উপদলে 'সহচর' নামে পরিচিত হয়ে ৬ মাস পর রোভার সদস্য হিসেবে দীক্ষা গ্রহণের প্রস্তুতি নিবে এবং কমপক্ষে ৬ মাস পর দীক্ষা নেবে। দীক্ষা গ্রহণের মাধ্যমে সে রোভার হিসেবে পরিচিত হবে। দীক্ষার পূর্বে 'আত্মশুদ্ধি' বা 'ভিজিল' পালন করবে।

### রোভার মেট

উপদল কার্যক্রম পরিচালনার জন্য উপদলের সদস্যদের মধ্য থেকে উপদল সদস্যদের দ্বারা মনোনীত একজন রোভার স্কাউটের উপর উপদলের নেতৃত্বের দায়িত্ব প্রদান করা হয়। এই নেতৃত্বদানকারী রোভারকে রোভার মেট বলে। রোভার ইউনিট কাউন্সিল ও রোভার স্কাউট লিডারের অনুমোদনক্রমে রোভার মেট নির্বাচিত হবে।

### সিনিয়র রোভার মেট

উপদলসমূহের নেতৃত্বদানকারী রোভার মেটদের মধ্য থেকে রোভার মেটদের দ্বারা নির্বাচিত একজনের উপর রোভার গ্রুপের সকল বিষয়ে সমন্বয়সাধন ও নেতৃত্ব প্রদানের দায়িত্ব দেয়া হয়। এরূপ নেতৃত্বদানকারীকে 'সিনিয়র রোভার মেট' বলে। রোভার স্কাউট লিডার ইউনিট কাউন্সিলের সাথে আলোচনাক্রমে সিনিয়র রোভার মেট নির্বাচন করবেন। সিনিয়র রোভার মেট নিজ উপদল থেকে বিচ্ছিন্ন না হয়ে নিজ উপদলের কাজ ছাড়াও সিনিয়র রোভার মেট এর অতিরিক্ত দায়িত্ব পালন করবে।

### সহকারী রোভার মেট

রোভার মেটদের ন্যায় সহকারী রোভার মেটও উপদলের সদস্যদের মধ্য থেকে উপদল সদস্যদের দ্বারা নির্বাচিত হবে। সহকারী রোভার মেট, রোভার মেটের অনুপস্থিতিতে উপদলের নেতৃত্ব প্রদান করবে এবং রোভার মেট বা উপদল কর্তৃক ন্যস্ত অন্যান্য দায়িত্ব পালন করবে। ইউনিট কাউন্সিল ও রোভার লিডারের অনুমোদনক্রমে রোভার মেট তার উপদল থেকে সহকারী রোভার মেট নির্বাচন করবে।

### উপদল পরিষদ

উপদলের প্রত্যেক সদস্যকে অন্তর্ভুক্ত করে সহকারী রোভার মেটকে সম্পাদক, রোভার মেটকে সভাপতি করে উপদল পরিষদ (প্যাট্রোল কাউন্সিল) গঠিত হয়।

রোভার প্রোগ্রামের যাবতীয় কার্যক্রম ও অভ্যন্তরীণ প্রশাসনিক কার্যক্রম উপদল পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী পরিচালিত হবে।

### উপদল সদস্যদের দায়িত্ব

উপদল সদস্যদের দায়িত্ব সচেতন করে তোলার জন্য এবং তাদেরকে নেতৃত্ব প্রদানের সুযোগ সৃষ্টি করার জন্য উপদলের সকল সদস্যকে উপদলের বিভিন্ন কাজের দায়িত্ব ভাগ করে দিতে হবে। উপদল পরিষদ উপদলের বিভিন্ন সদস্যদের মধ্যে নিম্নরূপ কাজের দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত নিতে পারে।

## উপদল পরিষদ (নমুনা)

| | | | |
|---|---|---|---|
| সদস্য নম্বর | ১ | রোভার মেট | উপদল পরিষদ সভাপতি |
| সদস্য নম্বর | ২ | সহঃ রোভার মেট | উপদল পরিষদ সম্পাদক |
| সদস্য নম্বর | ৩ | উপদল প্রশিক্ষণ উপকরণ সংগ্রাহক ও রক্ষণাবেক্ষণকারী | উপদল কোষাধ্যক্ষ |
| সদস্য নম্বর | ৪ | উপদল লাইব্রেরীয়ান | উপদল পরিষদ সদস্য |
| সদস্য নম্বর | ৫ | উপদল কর্নার সজ্জাকারী | উপদল পরিষদ সদস্য |
| সদস্য নম্বর | ৬ | উপদল কোয়াটার মাস্টার | উপদল পরিষদ সদস্য |

### রোভার ইউনিট কাউন্সিল

রোভার স্কাউট লিডার, সহকারী রোভার স্কাউট লিডার, রোভার মেট, সহকারী রোভার মেট এবং রোভারদের মধ্যে থেকে প্রয়োজনীয় সংখ্যক নির্বাচিত প্রতিনিধি নিয়ে রোভার ইউনিট কাউন্সিল গঠিত হয়। দুটি উপদল বিশিষ্ট রোভার ইউনিটের ক্ষেত্রে পুরোদলই এরূপ পরিষদের কার্যাবলী পরিচালনা করবে। সিনিয়র রোভার মেট ইউনিট কাউন্সিলের সভাপতি এবং সহকারী সিনিয়র রোভার মেট সম্পাদক হবে। রোভার স্কাউট লিডার এবং সহকারী রোভার স্কাউট লিডারগণ এই কাউন্সিলে উপদেষ্টা হিসেবে কাজ করবেন। রোভার স্কাউট লিডার রোভার ইউনিট কাউন্সিলের সংগে আলোচনাক্রমে রোভার মেটদের মধ্য থেকে নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন রোভার মেটকে সিনিয়র রোভার মেট নির্বাচন করবেন। ১) রোভার মেট হিসেবে অনুন্য ছয় মাসের অভিজ্ঞতা, ২) রোভার ইউনিট পরিচালনায় রোভার লিডারদের সম্ভাব্য সকল প্রকার সাহায্যদানে সক্ষম/সমর্থ, ৩) কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউট বইপত্র সম্পর্কিত বিশেষ জ্ঞান।

### রোভার ইউনিট কাউন্সিলের কার্যাবলী

রোভার ইউনিটকে সুষ্ঠুভাবে পরিচালনার জন্য রোভার ইউনিট কাউন্সিলের কার্যাবলীকে দুই ভাগে ভাগ করা যায়, ১) প্রশাসিক এবং ২) প্রোগ্রাম সম্পর্কীয়।

ইউনিটের অভ্যন্তরীণ শৃংখলা রক্ষা, বিচার কার্য সম্পাদন, তহবিল ও ব্যয় সম্পর্কিত বিষয়াদি, ভিজিল, ব্যাজ প্রদান ও দীক্ষাদান কর্মসূচি, আন্তঃউপদল পরিদর্শন, সঞ্চয় আদায় ইত্যাদি প্রশাসনিক কর্মকান্ডের অন্তর্ভুক্ত। উপদল প্রতিযোগিতা, তাঁবু কলা, ব্যাজের পরীক্ষা, পারদর্শিতা ব্যাজ প্রশিক্ষণ, তাঁবু বাস, হাইকিং ইত্যাদি প্রোগ্রাম কার্যাবলীর আওতাভুক্ত।

আন্তঃ উপদল প্রতিযোগিতা উপদল উদ্দীপনা বৃদ্ধি করে। সারা বছরব্যাপী প্রতিযোগিতার ব্যবস্থা রেখে ৩ মাস অথবা ৬ মাস ব্যাপী সময়কালের জন্য প্রতিযোগিতার পরিকল্পনা করা যেতে পারে। প্রতিযোগিতার বিষয়সমূহ নির্ধারণ এবং পয়েন্ট বন্টন সকল উপদলের সমান সুযোগ সুবিধাকে মাপকাঠি করে নেয়া উচিত। প্রতিযোগিতার বিষয় ও সময় নির্ধারণ করবে রোভার ইউনিট কাউন্সিল। প্রতিযোগিতার বিষয়াদির মধ্যে কয়েকটি যেমন (১) পতাকা উত্তোলন অনুষ্ঠানে উপস্থিতি (২) উপদলের কাজ (৩) পাইওনিয়ারিং প্রজেক্ট (৪) প্রাথমিক প্রতিবিধান (৫) অনুমান (৬) পর্যবেক্ষণ (৭) রোভার প্রোগ্রাম বই থেকে পরীক্ষা (৮) তাঁবু কলা (৯) গুড টার্ণ, সমাজ সেবা ও সমাজ উন্নয়ন কাজের রেকর্ড (১০) ডিসপ্লে (১১) প্রতিযোগিতা শেষে পুরস্কার স্বরূপ অনুমোদিত ব্যাজ/ বই ইত্যাদি প্রদান করা যেতে পারে।

### রোভার মেট পদমর্যাদা ব্যাজ

রোভার মেটদের পরিচিতির জন্য পদমর্যাদা অনুসারে স্কাউট পোশাকে নির্ধারিত চিহ্ন পরতে হয়। রোভার মেটের বাম পকেটের দুই পার্শ্বে দেড় ইঞ্চি চওড়া লাল কাপড়ের স্ট্রাইপ বা পট্টি থাকবে। সহকারী রোভার মেটের বাম পকেটের ডান পার্শ্বে কেবল একটি স্ট্রাইপ থাকবে এবং সিনিয়র রোভার মেটের বাম পকেটের উভয় পার্শ্বে ও মাঝখানে মোট তিনটি স্ট্রাইপ থাকবে।

# ক্রমোন্নতিশীল প্রশিক্ষণ (ব্যাজ পদ্ধতি)
## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : ক্রমোন্নতিশীল প্রশিক্ষণ | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষ শিক্ষার্থীগণ নিম্নের উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. ক্রমোন্নতিশীল প্রশিক্ষণ সর্ম্পকে বর্ণনা দিতে পারবেন।

২. ক্রমোন্নতিশীল প্রশিক্ষণ -এ ব্যাজ অর্জন পদ্ধতি, ব্যাজ বাছাই এবং এর যৌক্তিক ভিত্তি ব্যাখ্যা করতে পারবেন।

৩. নিজ দলে ফিরে গিয়ে ব্যাজ পদ্ধতি বাস্তবায়ন করতে পারবেন।

**সূচিপত্র** (সারসংক্ষেপ)

১। ক্রমোন্নতিশীল প্রশিক্ষণের সংজ্ঞা
২। ব্যাজের প্রকারভেদ (ক) দক্ষতা ব্যাজ (খ)পারদর্শিতা ব্যাজ
৩। ব্যাজ বাছাই ও ব্যাজ অর্জন পদ্ধতি
৪। ব্যাজ পদ্ধতি বাস্তবায়ন কৌশল

**বিষয় সূচির বিবরণ:** (প্রতি পদক্ষপের সময় নিঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১। | ক্রমোন্নতিশীল প্রশিক্ষণের সংজ্ঞা | ০৫ মি. |
| ২। | ব্যাজের প্রকারভেদ | ০৫ মি. |
| ৩। | দক্ষতা ব্যাজ | ২০ মি. |
| ৪। | পারদর্শিতা ব্যাজ | ৩০ মি. |
| ৫। | ব্যাজ বাছাই ও ব্যাজ অর্জন পদ্ধতি | ১৫ মি. |
| ৬। | ব্যাজ পদ্ধতি বাস্তবায়ন কৌশল | ০৫ মি. |
| ৭। | সামিং আপ | ০৩ মি. |
| ৮। | প্রশ্ন উত্তর পর্ব | ০৫ মি. |
| ৯। | গান | ০২ মি. |
| | মোট = | ৯০ মিনিট |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার ও ডেমোনেস্ট্রেশন।

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:** ল্যাপটপ, মাল্টিমিডিয়া, স্ক্রীন, পেনড্রাইভ, লেজার পেন, পোস্টার পেপার, মার্কার পেন, পয়েন্টার, হোয়াইট বোর্ড, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট, ব্যাজ চার্ট, হ্যান্ড আউট ইত্যাদি।

**ফলোআপ/অনুসরণ প্রক্রিয়া:** (সেশন পরবর্তী)

নিম্নলিখিত এস, টি, এ প্রদানের মাধ্যম

(ক) দক্ষতা ব্যাজসমূহ লেখা (খ) পারদর্শিতা ব্যাজ এর গ্রুপসমূহ লেখা (গ) ব্যাজ অর্জন মেয়াদের চার্ট তৈরি করা।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# ক্রমোন্নতিশীল প্রশিক্ষণ (ব্যাজ পদ্ধতি)
# (Progressive Training)
## (কাব স্কাউট শাখা)

## সূচনা

স্কাউট আন্দোলনের কাংখিত লক্ষ্য হল শিশু, কিশোর ও যুবদেরকে হাতে কলমে প্রশিক্ষণ দিয়ে তাঁদেরকে দক্ষতা বৃদ্ধির মাধ্যমে আত্মনির্ভরশীল ও যোগ্য মানব সম্পদ হিসেবে গড়ে তোলা। অবসর সময়কে কাজে লাগিয়ে বৈচিত্রময় কর্মসূচির মাধ্যমে একজন স্কাউটকে পর্যায়ক্রমিক প্রশিক্ষণ নিয়ে ক্রমান্বয়ে যোগ্যতর করে গড়ে তোলার ধারাবাহিক প্রক্রিয়াকে ক্রমোন্নতিশীল প্রশিক্ষণ বলে। ক্রমোন্নতিশীল প্রশিক্ষণ স্কাউট পদ্ধতির একটি অন্যতম প্রশিক্ষণ পদ্ধতি।

ধাপে ধাপে প্রশিক্ষণ দিয়ে দক্ষতা বৃদ্ধির ধারাকে অব্যাহত রাখার জন্য বয়স ভেদে চাহিদানুসারে আনন্দমুখর প্রোগ্রামের মাধ্যমে বিভিন্ন বিষয়ের উপর দক্ষতা অর্জনের স্বীকৃতি স্বরূপ অনুমোদিত ব্যাজ এবং অ্যাওয়ার্ড প্রদান করা হয়ে থাকে। এই জন্য ক্রমোন্নতিশীল প্রশিক্ষণকে ব্যাজ পদ্ধতিও বলা হয়।

## ব্যাজ পদ্ধতি প্রবর্তনের উদ্দেশ্য

১. দক্ষতা বৃদ্ধিতে আগ্রহী করা;
২. বিভিন্ন বিষয়ে জানার কৌতুহল সৃষ্টি করা;
৩. স্কাউটিংয়ের চূড়ান্ত লক্ষ্য অর্জনে সক্ষম হওয়া;
৪. নেতৃত্বের বিকাশ ঘটানো;
৫. আত্ম-উন্নয়নবোধে সচেতনতা সৃষ্টি করা।

সর্বোপরি ব্যাজ পদ্ধতির মাধ্যমে জ্ঞান, দক্ষতা এবং দৃষ্টি ভংগীর উন্নয়ন সাধন করে সৎ, চরিত্রবান, আদর্শ নাগরিক গড়ে তোলা সম্ভব।

## ব্যাজের প্রকারভেদ

ব্যাজ সাধারণত দুই প্রকার: ১) দক্ষতা বা এফিসিয়েন্সি ব্যাজ এবং ২) পারদর্শিতা বা প্রফিসিয়েন্সি ব্যাজ। প্রফিসিয়েন্সি ব্যাজের দুটি গ্রুপ ১) সূর্য গ্রুপ ২) রংধনু গ্রুপ।

### ১. দক্ষতা বা এফিসিয়েন্সি ব্যাজ

এই ব্যাজ অর্জনের মাধ্যমে কাব স্কাউটদের জ্ঞান, দক্ষতা এবং দৃষ্টিভংগির (attitude) উন্নয়ন সাধন করা সম্ভব। এই ব্যাজ চার প্রকার যথা- ১) সদস্য ব্যাজ ২) তারা ব্যাজ ৩) চাঁদ ব্যাজ ৪) চাঁদ তারা ব্যাজ

### ২. পারদর্শিতা বা প্রফিসিয়েন্সি ব্যাজ

এই ব্যাজের মাধ্যমে একজন কাব স্কাউটের আগ্রহ ও পছন্দ অনুসারে বিভিন্ন বিষয়ের উপর দক্ষতা বৃদ্ধি করা সম্ভব। কাবিংয়ে মোট ৩৮টি পারদর্শিতা ব্যাজ আছে।

নিম্নে এফিসিয়েন্সি ও প্রফিসিয়েন্সি ব্যাজ অর্জনের নিয়ম দেয়া হলো-

### ১. সদস্য ব্যাজ- প্রশিক্ষণকাল- ৩ মাস

নবাগত হিসেবে বালক/বালিকাকে সদস্য ব্যাজের বিষয়গুলো ও মান অনুশীলন করিয়ে মূল্যায়ন শেষে দীক্ষা গ্রহণের মাধ্যমে এ ব্যাজ ইউনিট লিডার বাম পকেটের মাঝখানে পরিয়ে দিবেন।

### ২. তারা ব্যাজ- প্রশিক্ষণকাল-৪-৬ মাস।

সদস্য ব্যাজ পাওয়ার অন্তত পক্ষে ৪-৬ মাসের পরে তারা ব্যাজের প্রোগ্রাম সমূহ নিম্নেবর্ণিত সূর্য গ্রুপের ৪টি ব্যাজ থেকে ১টি ব্যাজ ও রংধনু গ্রুপের ৭টি শাখা থেকে ১টি ব্যাজের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।

পরিধান পদ্ধতি: তারা ব্যাজ স্কাউট পোশাকের বাম হাতের কনুই ও কাঁধের মাঝামাঝি জায়গায় পরতে হবে

৩. **চাঁদ ব্যাজঃ প্রশিক্ষণকাল-৪-৬ মাস**

তারা ব্যাজ অর্জনের ৪-৬ মাসের মধ্যে চাঁদব্যাজের প্রোগ্রামসহ পারদর্শিতা ব্যাজ সূর্যগ্রুপ থেকে অন্য আর ১টি এবং রংধনু গ্রুপের ৭টি শাখা থেকে তারা ব্যাজে অর্জিত ব্যাজের শাখা বাদে অন্য ৬টি শাখা থেকে যেকোনো ২টি শাখা থেকে ২টি ব্যাজের প্রশিক্ষণ নিতে নিতে হবে।

পরিধান পদ্ধতিঃ তারা ব্যাজ উঠিয়ে তদস্থলে চাঁদ ব্যাজ পরতে হবে এবং পারদর্শিতা ব্যাজ পোশাকের ডান কনুই ও কাঁধের মাঝামাঝি জায়গায় পরতে হবে। পূর্বের প্রাপ্ত ব্যাজ যথাস্থানে থাকবে।

৪. **চাঁদ তারা ব্যাজঃ প্রশিক্ষণকাল-৪-৬ মাস**

চাঁদ ব্যাজ অর্জনের ৪-৬ মাসের মধ্যে চাঁদতার ব্যাজের প্রোগ্রাম সহ পারদর্শিতা ব্যাজ সূর্য গ্রুপ থেকে অন্য যার একটি ব্যাজ এবং রংধনু গ্রুপের তারা ব্যাজ ও চাঁদ ব্যাজের নেয় ব্যাজের শাখা বাদে অন্য ৪টি শাখার যেকোন ২টি শাখা থেকে ২টি পারদর্শিতা ব্যাজের প্রশিক্ষণ নিতে হবে।

পরিধান পদ্ধতি: চাঁদ ব্যাজ উঠিয়ে তদস্থলে চাঁদতারা ব্যাজ পরিধান এবং পারদর্শিতা ব্যাজ যথাস্থানে পরিধান করবে।




৫. **শাপলা কাব অ্যাওয়ার্ডঃ প্রশিক্ষণকাল-৩ মাস**

শাপলা কাব এ্যাওয়ার্ড কোন দক্ষতা ব্যাজ নয়। একজন কাবস্কাউটের জন্য সর্বোচ্চ ও চূড়ান্ত স্বীকৃতি। একজন কাবস্কাউট চাঁদতারা ব্যাজ অর্জনের ৩ মাসের মধ্যে শাপলা কাব এ্যাওয়ার্ড প্রোগ্রামসহ সূর্যগ্রুপ থেকে অবশিষ্ট ১টি এবং রংধনু গ্রুপের অবশিষ্ট শাখা থেকে যেকোন ২টি ব্যাজের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।

পরিধান পদ্ধতি: এই এ্যাওয়ার্ডটি পোশাকের বাম পকেটের উপরিভাগে পরতে হবে। অধিকন্তু স্কাউট ও রোভার শাখায় অংশগ্রহণকালীন সময়ে ও এই এ্যাওয়ার্ডটি পরিধান করতে পারবে। উল্লেখ্য, বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার ও বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর স্বাক্ষর সম্বলিত সনদপত্রসহ এই এ্যাওয়ার্ড আনুষ্ঠানিক প্রদান করা হয়।

## কাব স্কাউট-এর ব্যাজ

**১। দক্ষতা ব্যাজ ও অর্জনের সময়কাল**

| | | |
|---|---|---|
| সদস্য ব্যাজ |  | ৩ মাস |
| তাঁরা ব্যাজ |  | ৪-৬ মাস |
| চাঁদ ব্যাজ |  | ৪-৬ মাস |
| চাঁদ তাঁরা ব্যাজ |  | ৪-৬ মাস |
| শাপলা কাব অ্যাওয়ার্ড |  | ৩ মাস |


# এক নজরে কাব স্কাউট প্রোগ্রাম

| দক্ষতা ব্যাজ / বিষয় | সদস্য ব্যাজ | তারা ব্যাজ | চাঁদ ব্যাজ | চাঁদ তারা ব্যাজ | শাপলা কাব অ্যাওয়ার্ড |
|---|---|---|---|---|---|
| আপন শক্তি | ক. কাব স্কাউটিং কি? তা জানা<br>খ. কাব স্কাউট প্রতিজ্ঞা, আইন, মটো জানা<br>গ. কাব স্কাউট সালাম প্রদর্শন করতে পারা | ক. স্বাধীনতা দিবস<br>খ. জাতীয় সংগীত সঠিক ভাবে গাইতে পারা | ক. ইংরেজিতে আইন বলতে পারা<br>খ. বিজয় দিবস<br>গ. জাতীয় পতাকা অংকন ও রং করতে পারা | ক. ইংরেজিতে প্রতিজ্ঞা বলতে পারা<br>খ. বাংলাদেশের ইতিহাস জানা<br>গ. মানচিত্র অংকন<br>ঘ. ৭ জন বীরশ্রেষ্ঠদের নাম জানা<br>ঘ. পতাকা উত্তোলন অনুষ্ঠানের সাহায্য করা | ক. বাংলাদেশের ২টি ঐতিহ্যবাহী স্থান সম্পের্কে জানা এবং ১টি স্থানে বেড়াতে যাওয়া<br>খ. প্যাক মিটিং পরিচালনা করা |
| চেষ্টা করি | ঘ. গ্রান্ড ইয়েল দিতে পারা<br>ঙ. দড়ির কাজ<br>চ. কাব বৃত্ত গঠন<br>ছ. কাবের ডাক বা সংকেত বুঝতে পারা<br>জ. পথচারির পথ চলার নিয়ম জানা<br>ঝ. ঘড়ি দেখে সময় বলতে পারা | গ. দড়ির কাজ<br>ঘ. সঞ্চয় করতে পারা<br>ঙ. নিজ ষষ্ঠকের সদস্য ও কাব স্কাউট লিডারের নাম জানা<br>চ. ইংরেজিতে কুশল বিনিময় | ঘ. দড়ির কাজ<br>ঙ. বোতাম/ব্যাজ সেলাই করতে পারা<br>চ. প্রাথমিক প্রতিবিধান<br>ছ. কাব স্কাউট আইন নৃত্য পারা<br>জ. ফোন নং ও পরিচয় জানা | চ. দড়ির কাজ<br>ছ. হাতের ও বাঁশির সংকেত জানা<br>জ. তাঁবু সম্পর্কে জানা<br>ঝ. সঞ্চয় করতে পারা<br>ঞ. বাংলা বর্ষপঞ্জি সম্পর্কে | চ. দড়ির কাজ<br>ছ. হাতের ও বাঁশির সংকেত জানা<br>জ. তাঁবু সম্পর্কে জানা<br>ঝ. সঞ্চয় করতে পারা<br>ঞ. বাংলা বর্ষপঞ্জি সম্পর্কে |
| থাকব ভাল | ঞ. ধর্ম পালন<br>ট. নিজের যত্ন নিতে জানা ও পরিস্কার রাখা<br>ঠ. হাত ধোয়ার অভ্যাস করা<br>ড. বিপি পিটি (১নং) | ছ. ধর্ম পালন<br>জ. ব্যক্তিগত পরিস্কার পরিচ্ছন্নতা | ঝ. ধর্ম পালন<br>ঞ. সঞ্চয় করতে শেখা<br>ট. নিজের জামা-কাপড়, বই-খাতা, খেলনা ইত্যাদির যত্ন নেওয়া<br>ঠ. বৃক্ষ রোপণ করা | ঝ. ধর্ম পালন<br>ঞ. সঞ্চয় করতে শেখা<br>ট. নিজের জামা-কাপড়, বই-খাতা, খেলনা ইত্যাদির যত্ন নেওয়া<br>ঠ. বৃক্ষ রোপণ করা<br>ত. ঘরের কাজ করতে পারা | ঝ. শিশুদের ছয়টি মারাত্মক রোগের নাম জানা<br>ঞ. খাবার স্যালাইন তৈরি করা<br>ট. একটি গাছ লাগানো<br>ঠ. পানি নিরাপদ করণ সম্পর্কে জানা |
| জানব জগৎটাকে | ঢ. বাংলাদেশের ধাতব মুদ্রা ও নোট চিনতে পারা এবং সংখ্যা জানা<br>ণ. পরিবার সম্পর্কে জানা<br>ত. জাতীয় ফল, ফুল, মাছ, পাখি, পশুর নাম জানা | ঝ.আগুন্তককে পথের সন্ধান<br>ঞ. কম্পিউটার পরিচিতি<br>ট. পরিবেশ পরিচ্ছন্নতা | ড. সার্কভুক্ত দেশসমূহ সম্পর্কে জানা<br>ঢ. নিজ এলাকা সম্পর্কে প্রাথমিক ধারণা অর্জন<br>ণ. কম্পিউটার জ্ঞান<br>ত. শিশু অধিকার সনদ সম্পর্কে জানা | দ. এপি অঞ্চলের ২টি দেশ সম্পর্কে জানা<br>ধ. শরীরের সীমানা সম্পর্কে জানা<br>ন. কম্পিউটার জ্ঞান | ড. প্রাকৃতিক দূর্যোগে নিজেকে রক্ষার কৌশল জানা এবং অন্য দুইজন সহপাঠিকে তা জানানো<br>ঢ. কম্পিউটার জ্ঞান<br>ণ. শিশু শ্রম সম্পর্কে জানা |
| আনন্দ উল্লাস | থ. ১টি গান শেখা<br>দ. ২টি খেলা জানা<br>ধ. প্যাক মিটিং-এ অংশগ্রহণ | ঠ. আরো ১টি গান শেখা<br>ড. যেকোন ২টি ছড়া বলতে পারা ও ২টি খেলা জানা<br>ঢ. মুগলির গল্প বলতে পারা<br>ণ. প্যাক মিটিং-এ অংশগ্রহণ | থ. আরো ১টি গান শেখা<br>দ. কিমস গেমস<br>ঢ. গল্প বলা ও অভিনয় করতে পারা।<br>ন. প্যাক মিটিং-এ অংশগ্রহণ | প. আরো ১টি গান শেখা<br>ফ. পঞ্চ ইন্দ্রিয়ের খেলায় অংশগ্রহণ করা<br>ব জারী অথবা আঞ্চলিক গান শেখা<br>ভ. মৌখিক সংবাদ প্রেরণ<br>ম. প্যাক মিটিং-এ অংশগ্রহণ | ত. আরো ১টি গান শেখা<br>থ. নিজের পছন্দ অনুযায়ী গান শেখা<br>দ. ২টি খেলায় অংশগ্রহণ<br>ধ. ছবিতে ছবিতে তাঁবুকলা<br>ন. প্যাক মিটিং-এ অংশগ্রহণ |
| আমিও পারি | ন. পারদর্শিতা ব্যাজ অর্জন সম্পর্কে ধারণা লাভ করা | ত. ২টি ব্যাজ অর্জন সূর্য গ্রুপ থেকে ১টি রংধনু গ্রুপ থেকে ১টি | প. ৩টি পারদর্শিতা ব্যাজ অর্জন সূর্য গ্রুপ থেকে ১টি রংধনু গ্রুপ থেকে ২টি | য. ৩টি পারদর্শিতা ব্যাজ অর্জন সূর্য গ্রুপ থেকে ১টি রংধনু গ্রুপ থেকে ২টি | প. ৩টি পারদর্শিতা ব্যাজ অর্জন সূর্য গ্রুপ থেকে ১টি রংধনু গ্রুপ থেকে ২টি |
| ক্যাম্পিং | প. দীক্ষা গ্রহণ | * কাব স্কাউটিং এর পুরো সময় অন্তত : ১টি কাব কার্নিভাল, ১টি কাব অভিযান, ২টি কাব হলিডে, ১টি স্কাউটস ওন ও ১টি উপজেলা/জেলা/জাতীয় ক্যাম্পুরীতে অংশগ্রহণ। | | | |
| সময় সীমা | ৩ মাস | ৪-৬ মাস | ৪-৬ মাস | ৪-৬ মাস | ৩ মাস |
| প্যাক মিটিং (নূন্যতম) | ৫টি | ১০টি | ১০টি | ১০টি | ৮টি |

## পারদর্শিতা ব্যাজ





সূর্য গ্রুপ - ৪টি ব্যাজ



রংধনু গ্রুপ - ৩৭ টি ব্যাজ

**মোট = ৪১টি ব্যাজ**

### সূর্য গ্রুপ (আবশ্যিক)

| ১. জনস্বাস্থ্য | ২. সাঁতার | ৩. নিরাপত্তা | ৪. পরিবেশ সংরক্ষণ |
|---|---|---|---|
|  |  |  |  |

### রংধনু গ্রুপ

| বেগুনী (নাগরিকত্ব) | নীল (খেলাধূলা) | আকাশি (কারু শিল্প) | সবুজ (ব্যক্তিগত দক্ষতা) |
|---|---|---|---|
| ১. সমাজ সেবা<br>২. প্রাথমিক প্রতিবিধান<br>৩. স্বাক্ষরতা<br>৪. কৃষ্টি<br>৫. স্বাস্থ্য সচেতনতা<br>৬. শিশু অধিকার<br>৭. নিরাপদ খাবার | ১. চিত্ত বিনোদন<br>২. খেলাধূলা<br>৩. ক্রীড়ক<br>৪. ক্রীড়া কুশলি<br>৫. সংগ্রহ<br>৬. গৃহ পরিচর্যা | ১. খেলনা তৈরি<br>২. মডেল তৈরি<br>৩. নকশী তৈরি<br>৪. সেলাই করা<br>৫. চিত্রকলা<br>৬. হস্ত শিল্প | ১. দড়ির কাজ<br>২. কম্পিউটার<br>৩. সাইকেল চালনা<br>৪. বই বাঁধাই<br>৫. ব্যক্তিগত লাইব্রেরি<br>৬. রান্না |

| হলুদ (প্রাণীর যত্ন) | কমলা (গাছের যত্ন) | লাল (প্রকৃতি পর্যবেক্ষণ) |
|---|---|---|
| ১. কবুতর পোষা<br>২. মুরগী পালন<br>৩. হাঁস পালন<br>৪. কোয়েল পাখি পালন | ১. ফুল বাগান<br>২. সবজি চাষ<br>৩. বনকলা<br>৪. টবে চাষ | ১. প্রকৃতি ও পরিবেশ<br>২. পাখি পর্যবেক্ষণ<br>৩. আবহাওয়া<br>৪. ভুগোল |

### দক্ষতা ব্যাজ অনুযায়ী পারদর্শিতা ব্যাজের গ্রুপ বিন্যাস এবং ব্যাজ বাছাই

| দক্ষতা ব্যাজ | সূর্য গ্রুপ (আবশ্যিক) | রংধনু গ্রুপ |
|---|---|---|
| সদস্য ব্যাজ | | |
| তারা ব্যাজ | ১ | ১ |
| চাঁদ ব্যাজ | ১ | ২ |
| চাঁদ তারা ব্যাজ | ১ | ২ |
| শাপলা কাব অ্যাওয়ার্ড | ১ | ২ |

# ক্রমোন্নতিশীল প্রশিক্ষণ (ব্যাজ পদ্ধতি)

## (স্কাউট শাখা)

স্কাউট আন্দোলনের মূল উদ্দেশ্য হলো- শিশু কিশোর ও যুবকদের আনন্দদায়ক কার্যাবলীতে অংশগ্রহণের সুযোগ তৈরি। খেলার ছলে মুক্তাংগনে হাতে কলমে কাজের মাধ্যমে তাদের পছন্দমত কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করে পর্যায়ক্রমিকভাবে তাদের দক্ষতা উন্নয়ন ঘটানো হয়।

দক্ষতা বৃদ্ধির ধারাবাহিকতা অব্যাহত রাখা জন্য স্কাউটদের চাহিদা অনুসারে তাদের জন্য আনন্দদায়ক প্রোগ্রামের ব্যবস্থা রাখা হয়েছে। এই দক্ষতার স্বীকৃতি হিসাবে অনুমোদিত ব্যাজ ও অ্যাওয়ার্ড প্রদান পদ্ধতি করার পদ্ধতি রয়েছে। এই পর্যায় ক্রমিক প্রশিক্ষণ এবং কাজের স্বীকৃতি দেয়ার পদ্ধতিকেই ব্যাজ পদ্ধতি বলে।

### উদ্দেশ্য

১। দক্ষতা বৃদ্ধিতে আগ্রহী করা;

২। বিভিন্ন বিষয়ে জানার কৌতুহল সৃষ্টি করা;

৩। স্কাউটিংয়ে চূড়ান্ত লক্ষ্য অজর্নে সক্ষম হওয়া;

৪। নেতৃত্বের বিকাশ ঘটানো।

### ব্যাজ অর্জন পদ্ধতি

স্কাউটরা তাদের পছন্দ অনুসারে ব্যাজ নিবার্চন করবে এবং ঐ ব্যাজের জন্য নির্ধারিত বিষয় অনুশীলন ও দক্ষতা অর্জন করবে। যখন নিজে উপলব্ধি করব যে, তার নির্ধারিত বিষয় সকল কাজ সমাপ্ত হয়েছে এবং যথার্থ দক্ষতা অর্জন হয়েছে তখন সে তার ইউনিট লিডারকে অবহিত করবে।

ইউনিট লিডার তার ঐ ব্যাজের বিষয় নিজ অথবা ও যোগ্যতা সম্পন্ন ব্যক্তির সাহায্য গ্রহণের ব্যবস্থা করবেন। নির্ধারিত মূল্যায়নধারী পরীক্ষা গ্রহণের মাধ্যমে যদি যথার্থ যোগ্য মনে করেন তবেই তার "মাই প্রোগ্রেস" তে স্বাক্ষর প্রদান করবেন।

এরূপ যোগ্যতা অর্জনকারী স্কাউটকে ইউনিট লিডার আনুষ্ঠানিকভাবে সেই ব্যাজ প্রদান করবেন।

### ব্যাজের প্রকারভেদ

ব্যাজ মূলত: দুই প্রকার -

১। দক্ষতা বা এফিসিয়েন্সী ব্যাজ।

২। পারদর্শিতা বা প্রোফিসিয়েন্সি ব্যাজ।

### স্কাউট-এর ব্যাজ

**১। দক্ষতা ব্যাজ ও অর্জনের সময়কাল**

সদস্য ব্যাজ  ৩ মাস

স্ট্যান্ডার্ড ব্যাজ  ৬-৯ মাস

প্রোগেস ব্যাজ  ৬-৯ মাস

সার্ভিস ব্যাজ  ৬-৯ মাস

প্রেসিডেন্ট স্কাউট অ্যাওয়ার্ড  ৩ মাস

## পারদর্শিতা ব্যাজ

**(ক) চেতনা গ্রুপ**

১) নাগরিকত্ব ও জাতীয়তা ২) ফার্স্ট এইড ৩) পাইওনিয়ার ৪) ক্যাম্পিং

**(খ) ব্যক্তিগত দক্ষতা গ্রুপ**

১) বিশ্ব বন্ধুত্ব ২) চিত্ত বিনোদন ৩) দোভাষী ৪) সাংবাদিকতা ৫) বক্তৃতা ৬) সম্পাদকের কাজ ৭) দর্জির কাজ ৮) বই বাঁধাই ৯) সংগ্রহের কাজ ১০) আলোকচিত্রী ১১) যন্ত্রসংগীত শিল্পী ১২) সংগীত শিল্পী ১৩) লাইব্রেরিয়ান ১৪) নৃত্য শিল্পী ১৫) বিতার্কিক ১৬) ক্ষুদে বিজ্ঞানী ১৭) চিত্র শিল্পী ১৮) ক্বেরাত ১৯) অভিনয় শিল্পী।

**(গ) প্রকৃতি পর্যবেক্ষণ গ্রুপ**

১) পতঙ্গ পর্যবেক্ষণ ২) পাখি পর্যবেক্ষণ ৩) মাটি ও পানি সংরক্ষণ ৪) উদ্ভিদ পর্যবেক্ষণ ৫) পরিবেশ সংরক্ষণ ৬) বিশ্ব সংরক্ষণ।

**(ঘ) আনন্দ গ্রুপ**

১) শরীর চর্চা ২) খেলাধূলা ৩) সাইকেল চালনা ৪) অ্যাডভেঞ্চার ৫) রান্না
৬) এরোবিক্স।

**(ঙ) গৃহশিল্প গ্রুপ**

১) উলের কাজ ২) সুই সুতার কাজ ৩) গৃহসজ্জার কাজ ৪) খাদ্য সংরক্ষণ ৫) মডেল তৈরি ৬) বস্ত্র ছাপা ৭) ফুল তৈরি।

**(চ) গাছের যত্ন গ্রুপ**

১) কৃষি ২) নারকেল উৎপাদন ৩) বনায়ন ৪) সবজী বাগান ৫) ফুলের বাগান ৬) ফলের চাষ ৭) বৃক্ষ রোপন ৮) ফসলের পোকা ধ্বংস ৯) শস্য উৎপাদন ১০) বীজের পরিচিতি।

**(ছ) কারুশিল্প গ্রুপ**

১) বাঁশের কাজ ২) চীনা মাটির কাজ ৩) নারকেল শিল্প ৪) পাট শিল্প
৫) চামড়া শিল্প ৬) রাজমিস্ত্রি ৭) রং মিস্ত্রি ৮) মৃৎ শিল্প ৯) ভাস্কর্য ১০) ঝিনুক শিল্প ১১) তাঁত শিল্প ১২) কাঠ শিল্প।

**(জ) প্রাণীর যত্ন গ্রুপ**

১) মৌমাছি পালন ২) হাঁস পালন ৩) মুরগী পালন ৪) মাছের চাষ ৫) গবাদি পশু পালন ৬) কবুতর পালন ৭) রেশম চাষ ৮) এ্যাকোরিয়ামে মাছ পালন ৯) প্রাণী পোষা।

**(ঝ) স্বাস্থ্য ও জনসেবা গ্রুপ**

১) জনস্বাস্থ্য ২) ব্লাড ব্যাংক ৩) চক্ষু ব্যাংক ৪) চক্ষু ক্যাম্প ৫) স্বাস্থ্য সচেতনতা ৬) আগুন নেভানো ৭) উদ্ধার কাজ ৮) ঘরবাড়ী মেরামত ৯) দুর্যোগ ব্য বস্থাপনা ১০) সমাজসেবা

**(ঞ) প্রযুক্তি গ্রুপ**

১) সেচের পাওয়ার পাম্প ঠিক করা ২) পানির কল মেরামত ৩) বৈদ্যুতিক কাজ ৪) মোটর মেরামত ৫) পাইপ মিস্ত্রি ৬) রেডিও মেরামত ৭) সেলাই মেশিন মেরামত ৮) কম্পিউটার ব্যবহারকারী ৯) কম্পিউটার হার্ডওয়্যার ১০) কম্পিউটার নেটওয়ার্কিং ১১) মোবাইল ফোন মেরামতকারী।

**(ট) নৌ কুশলী গ্রুপ**

১) দাঁড়ের নৌকা চালনা ২) পালের নৌকা চালনা ৩) ভেলা তৈরি ৪) ককসান ডিউটি ৫) শিপস হাজবেন্ড্রী ৬) নৌ বাহিনী সংগঠন ৭) নাবিক ৮) বোট রেস ৯) সী গেমস ১০) স্কোয়াড ড্রিল ১১) নক্ষত্রবিদ ১২) আবহাওয়াবিদ ১৩) উপকূল রক্ষী ১৪) রিগিং।

**(ঠ) এয়ার কুশলী গ্রুপ**

১) বিমান শিক্ষানবীশ ২) বিমান লোগো ৩) বিমান পর্যবেক্ষক ৪) বিমান নকশাকারী ৫) বিমান ইতিহাসবিদ ৬) বিমান মেকানিক ৭) এয়ার নেভিগেটর ৮) বিমান আবহাওয়াবিদ ৯) বিমান নক্ষত্রবিদ ১০) বিমান সনাক্তকারী ১১) বিমান বাহিনী সংগঠন।

**(ড) রেলওয়ে কুশলী গ্রুপ**

১) রেলওয়ে সংগঠন ২) রেলওয়ে সংকেত ৩) রেলওয়ে বার্তা ৪) রেলওয়ে যাত্রী সেবা ৫) রেলওয়ে মেকানিক ৬) রেলওয়ে রক্ষণাবেক্ষণ ৭) রেলওয়ে পরিবহন সেবা।

**স্তর অতিক্রমের জন্য সময়সীমা এবং ব্যাজ অর্জনের আবশ্যিক বিষয় নিম্নরূপ-**

| দক্ষতা | সর্বনিম্ন সময় | পারদর্শিতা ব্যাজ | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | আবশ্যিক গ্রুপ | অন্যান্য গ্রুপ | মোট | |
| সদস্য ব্যাজ | ৩ মাস | | | | ব্যাজের জন্য নির্দিষ্ট প্রোগ্রাম |
| স্ট্যান্ডার্ড ব্যাজ | ৬-৯ মাস | চেতনা গ্রুপ-১টি | ৩টি গ্রুপ থেকে-৩টি | ৪টি | ঐ |
| প্রোগ্রেস ব্যাজ | ৬-৯ মাস | চেতনা গ্রুপ-১টি | ৩টি গ্রুপ থেকে-৩টি | ৪টি | ঐ |
| সার্ভিস ব্যাজ | ৬-৯ মাস | চেতনা গ্রুপ-১টি | ৩টি গ্রুপ থেকে-৩টি | ৪টি | ঐ |
| প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড | ৩ মাস | চেতনা গ্রুপ-১টি | ৩টি গ্রুপ থেকে-৩টি | ৪টি | ঐ |
| মোট | ২৩-৩৬ মাস | | | ১৬টি | |

**বি. দ্র.** পারদর্শিতা ব্যাজ বাছাই এ খেয়াল রাখতে হবে যাতে চেতনা গ্রুপ থেকে স্তর ভিত্তিক ১টি করে ব্যাজ আবশ্যিকভাবে অর্জনসহ অন্যান্য যে কোন ৩টি গ্রুপ থেকে ৩টি ব্যাজসহ মোট ৪টি ব্যাজ অর্জন করতে হবে।

২। স্মরণ রাখতে হবে, প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড অর্জনের লক্ষ্যে একজন স্কাউটকে বিভিন্ন গ্রুপ হতে এমন ভাবে ব্যাজ নির্বাচন করতে হবে যেন (নৌ, এয়ার ও রেলওয়ে কুশলী বাদে) কোন গ্রুপ হতে ব্যাজ নির্বাচনে বাদ না পড়ে এবং শুধুমাত্র চেতনা গ্রুপ ছাড়া অন্য কোন গ্রুপ হতে মোট ২টির বেশী ব্যাজ নির্বাচন করা না হয়।

# এক নজরে স্কাউট প্রোগ্রাম

| দক্ষতা ব্যাজ / বিষয় | সদস্য ব্যাজ | স্টান্ডার্ড ব্যাজ | প্রোগ্রেস ব্যাজ | সার্ভিস ব্যাজ | প্রেসিডেন্টস'স স্কাউটস অ্যাওয়ার্ড |
|---|---|---|---|---|---|
| স্কাউট আদর্শ | ১. স্কাউটিংয়ের মূলভিত্তি*<br>২. জাতীয় পতাকা<br>৩. জাতীয় সংগীত<br>৪. ধর্ম পালন* | ১. স্কাউট আন্দোলনের ইতিহাস<br>২. জাতীয় পতাকা<br>৩. সাংগঠনিক জ্ঞান<br>৪. ধর্ম পালন | ১. স্কাউট সাংগঠনিক জ্ঞান<br>২. পতাকা<br>৩. ধর্ম পালন | ১. সাংগঠনিক জ্ঞান<br>২. বাংলাদেশের জাতীয় প্রতীক<br>৩. ধর্ম পালন | ১. বিশ্ব স্কাউট সংস্থা সম্পর্কে জ্ঞান<br>২. ধর্ম পালন |
| স্কাউট দক্ষতা | ১. দড়ির কাজ*<br>২. উপদলীয় কাযাবলী*<br>৩. সংকেত* | ১. দড়ির কাজ<br>২. সংকেত<br>৩. অভিযান<br>৪. অনুসরক চিহ্ন<br>৫. অনুমান<br>৬. শরীর চর্চা | ১. দড়ির কাজ<br>২. অনুমান<br>৩. সংকেত<br>৪. উপস্থিত বক্তৃতা | ১. দড়ির কাজ<br>২. কোড ও সাইফার<br>৩. স্কাউট পতাকা<br>৪. অনুমান<br>৫. সংকেত<br>৪. উপস্থিত বক্তৃতা | ১. দড়ির কাজ<br>২. কোড ও সাইফার<br>৩. সংকেত |
| জীবন শিক্ষা ও সমাজ সেবা | ১. বাড়ীর কাজ*<br>২. তথ্যানুসন্ধান*<br>৩. প্রাথমিক প্রতিবিধান | ১. ব্যক্তিগত স্বাস্থ্য রক্ষা<br>২. পর্যবেক্ষণ<br>৩. স্কাউট সেবা<br>৪. প্রাথমিক প্রতিবিধান<br>৫. তথ্যনুসন্ধান<br>৬. সঞ্চয় | ১. শারীরিক পরিবর্তন<br>২.পর্যবেক্ষণ<br>৩. স্কাউট সেবা<br>৪. প্রাথমিক প্রতিবিধান<br>৫. সঞ্চয়<br>৬. তথ্যনুসন্ধান<br>৭. মাদকদ্রব্য প্রতিরোধ | ১. স্কাউট সেবা<br>২.মাদকদ্রব্য প্রতিরোধ ও সচেতনা<br>৩. সঞ্চয় | ১. পরিকল্পনা প্রস্তাব<br>২. মাদক প্রতিরোধ<br>৩. ব্যবহারিক জ্ঞান |
| স্বদেশ, সংস্কৃতি ও পরিবেশ | ১. ব্যবহারিক জ্ঞান<br>২. মুক্তিযুদ্ধের ইতিহাস | ১. ব্যবহারিক জ্ঞান<br>২. মুক্তিযুদ্ধের ইতিহাস<br>৩.পরিবেশ | ১. জ্ঞান অর্জন<br>২. সাংগঠনিক জ্ঞান<br>৩.পরিবেশ | ১. পরিবেশ<br>২. সরকারের গঠন ও কার্যাবলী<br>৩. শব্দ দূষণ | ১.সাংগঠনিক জ্ঞান<br>২. মুক্তিযুদ্ধের ইতিহাস |
| প্রযুক্তি শেখা | ১. টেলিফোনে কথা বলা* | ১. কম্পাস ও মানচিত্র<br>২. কম্পিউটার জ্ঞান | ১. কম্পাস ও মানচিত্র<br>২. কম্পিউটার জ্ঞান | ১. ধোঁয়াবিহীন উন্নত চুলা তৈরীর কৌশল<br>২. কম্পিউটার জ্ঞান | ১. বিকল্প জ্বালানী<br>২. তথ্য প্রযুক্তি |
| গান জানা | তিনটি গান জানা | চারটি গান জানা | তিনটি গান জানা | দুইটি গান জানা | দুইটি গান জানা |
| পারদর্শিতা ব্যাজ অর্জন | নাই | চেতনা গ্রুপের একটি সহ মোট ৪টি (কোন গ্রুপ থেকে ১টির বেশী নয়) | চেতনা গ্রুপের একটি সহ মোট ৪টি (কোন গ্রুপ থেকে ১টির বেশী নয়) | চেতনা গ্রুপের একটি সহ মোট ৪টি (কোন গ্রুপ থেকে ১টির বেশী নয়) | চেতনা গ্রুপের একটি সহ মোট ৪টি (কোন গ্রুপ থেকে ১টির বেশী নয়) |
| ক্যাম্প | স্কাউটিং এর পুরো সময়ে একটি ডে ক্যাম্প, একটি ৩ (তিন) দিনের ক্যাম্প, একটি উপজেলা, জেলা, আঞ্চলিক সমাবেশ, জাম্বুরী অথবা পিএলটিসিতে অংশগ্রহণ করতে হবে। | | | | |
| ট্রুপ মিটিং | কমপক্ষে ৮টি | কমপক্ষে ১২-১৫টি | কমপক্ষে ১২-১৫টি | কমপক্ষে ১২-১৫টি | কমপক্ষে ৮টি |
| সময়সীমা | ৩ মাস (* চিহ্নিতদের জন্য এক মাস) | ৬-৯ মাস | ৬-৯ মাস | ৬-৯ মাস | ৪-৬ মাস |

# ক্রমোন্নতিশীল প্রশিক্ষণ (ব্যাজ পদ্ধতি)
## (রোভার স্কাউট শাখা)

ব্যাজ পদ্ধতি স্কাউট আন্দোলনের একটি আকর্ষণীয় বৈশিষ্ট এবং স্কাউট ট্রেনিং এর একটি গুরুত্বপূর্ণ অংগ।

বি, পি বলছেন

> **"Patrol system means Training system, Training system means Badge system. If there is no badge system there is no scouting."**

ব্যাজ পদ্ধতির মাধ্যমে রোভার স্কাউটরা ধীর ও দৃঢ় পদক্ষেপে কার্যক্রমে নিজেদেরকে সুদক্ষ রোভার স্কাউট হিসাবে তৈরি করে। ব্যাজ প্রাপ্তি রোভার স্কাউটদের যোগ্যতা ও কৃতিত্বের স্বীকৃতি স্বরূপ। স্কাউট আন্দোলনের প্রবর্তক বি, পি তার "স্কাউটিং ফর বয়েজ" বইয়ে উল্লেখ করেছেন যুববয়সীদের নাগরিকত্বের গুণাবলী উন্নয়ন, চরিত্র উন্নয়ন শিশু-কিশোর ও যুবকদের বয়স অনুযায়ী তাদের কর্মদক্ষতা বাড়াতে ব্যাজ পদ্ধতি অত্যন্ত সহায়ক। বি পি তার মূল ট্রেনিং পদ্ধতিতে ব্যাজকে "ব্যাজ অব অনার" নামে অভিহিত করেছেন। ব্যাজ এর মাধ্যমে একজন রোভার স্কাউটের র‌্যাঙ্ক এবং পদমর্যাদা প্রতিফলিত হয়।

### ব্যাজ পদ্ধতির উদ্দেশ্য:

- রোভারিং কার্যাবলীতে আগ্রহ সহকারে অংশগ্রহণ করার সুযোগ সৃষ্টি করা;
- প্রয়োজনীয় দক্ষতা ও যোগ্যতা অর্জনের মাধ্যমে নেতৃত্ব প্রদানের সুযোগ প্রদান;
- রোভার স্কাউটদের মধ্যে আগ্রহ ও প্রনোদনা সৃষ্টি করা;
- রোভার স্কাউট কার্যাবলীতে অংশগ্রহণ করার সুযোগ সৃষ্টি করা ;
- রোভার স্কাউটিং এর চূড়ান্ত লক্ষ্যে প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জনে সহায়ক।

### স্কাউটিংয়ে দুই ধরণের ব্যাজ আছে-

| দক্ষতা ব্যাজ | পারদর্শিতা ব্যাজ |
|---|---|
| দক্ষতা ব্যাজ রোভারদের ব্যাজ অর্জনে স্কাউট কার্যাবলী, স্কাউট আদর্শ ও সেবামূলক হতে উদ্বুদ্ধ করে। সময়ের তারতম্যের জন্য পর্যায়ক্রমিকভাবে ট্রেনিং গ্রহণ করার সুযোগ এনে দেয়। | পারদর্শিতা ব্যাজ রোভারদেরকে নিজের বয়স, যোগ্যতা, সামর্থ এবং আগ্রহের তারতম্য অনুযায়ী বিভিন্ন বিশেষ বিশেষ বিষয়ে পারদর্শিতা ব্যাজ অর্জনের সুযোগ এনে দেয়। |

পারদর্শিতা ব্যাজ মূলত দক্ষতা ব্যাজের পরিপূরক। রোভার প্রোগ্রামে স্কাউটদের মত অধিক সংখ্যক পারদর্শিতা ব্যাজ এবং দক্ষতা ব্যাজের ব্যবস্থা নেই। বয়সের কারণে রোভার প্রোগ্রামে দক্ষতা ব্যাজ শুধু মাত্র তিনটি স্তরে ভাগ করা হয়েছে। সুতরাং সদস্য হিসাবে স্কাউট আন্দোলনে সেবাদানের পর একজন যুব বয়সী ট্রেনিং গ্রহণ করে এবং দীক্ষা গ্রহণের মাধ্যমে রোভারিং এ প্রবেশের সাথে সাথে তাকে সদস্য ব্যাজ এবং সোল্ডার এপুলেট প্রদান করা হয়। প্রত্যেক নবাগতকে একটি নির্দিষ্ট লক্ষ্য সামনে রেখে রোভার কার্যক্রমসমূহে অংশগ্রহণ করতে হয়। সেই লক্ষ্যটি হচ্ছে প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জন।

রোভারদের সহচর হিসাবে আস্থা অর্জনের পর সদস্য স্তর তারপর প্রশিক্ষণ স্তর তারপর সেবা স্তর। এই স্তরগুলো অতিক্রম কালে একজন রোভার প্রোগ্রাম অনুযায়ী নির্বাচিত সিলেবাস ছাড়াও কয়েকটি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হয়। একজন সফল রোভার স্কাউট নেতাই কেবল রোভার স্কাউটকে দিয়ে রোভার প্রোগ্রাম অনুযায়ী এই ব্যাজগুলো অর্জন করাতে পারেন। দীক্ষা দিয়ে সদস্য ব্যাজ প্রদানের মাধ্যমে একজন রোভার স্কাউটকে ক্রমান্বয়ে রোভার কুশলী ব্যাজ, পরিভ্রমণকারী ব্যাজ, রোভার ইনস্ট্রাক্টর ব্যাজ, শিক্ষকতা ব্যাজ, স্ব নির্ভর ব্যাজ ও স্কাউট কর্মী ব্যাজ অর্জন করিয়ে পি আর এস অ্যাওয়ার্ড পাওয়ার যোগ্য করে তোলার ক্ষেত্রে রোভার নেতার ভূমিকা অপরিসীম।

## এক নজরে নিম্নলিখিত চিত্রে রোভার স্কাউটদের স্তরভিত্তিক ব্যাজসমূহ দেখানো হলো

| দক্ষতা ব্যাজের নাম | সময়সীমা | পারদর্শিতা ব্যাজ | মন্তব্য |
|---|---|---|---|
| নবাগত/রোভার সহচর | ৩ - ৬ মাস/১ মাস | - | নির্ধারিত সিলেবাস |
| সদস্য স্তর | ৯-১২ মাস | রোভার কুশলী ব্যাজ, শিক্ষকতা ব্যাজ, স্ব নির্ভর ব্যাজ ও স্কাউট কর্মী ব্যাজ শুরু | ঐ |
| প্রশিক্ষণ স্তর | ৯-১২ মাস | স্কাউট ইনস্ট্রাক্টর ব্যাজ | ঐ |
| সেবা | ৬-৯ মাস | পরিভ্রমণকারী ব্যাজ, শিক্ষকতা ব্যাজ | ঐ |

## রোভার স্কাউট প্রোগ্রাম

| পর্যায়/স্তর — বিষয় | নবাগত/রোভার সহচর | সদস্য স্তর | প্রশিক্ষণ স্তর | সেবা স্তর |
|---|---|---|---|---|
| বিশেষ জ্ঞান | ০১. রোভার স্কাউট প্রোগ্রাম সম্পর্কে ধারণা অর্জন।*<br>০২. আমার স্কাউট রেকর্ড বই ও লগবই সম্পর্কে ধারনা অর্জন।*<br>০৩. স্কাউটিং সম্পর্কিত বই ও পত্র-পত্রিকা পাঠ।*<br>**০৪. নিম্নলিখিত বিষয়গুলো সম্পর্কে জ্ঞানার্জন ও চর্চা**<br>ক) প্রতিজ্ঞা, আইন ও মটো।*<br>খ) সালাম, চিহ্ন ও করমর্দন।<br>গ) স্কাউট পোশাক ও ব্যাজ।*<br>ঘ) জাতীয় সঙ্গীত ও প্রার্থনা সঙ্গীত।<br>ঙ) জাতীয় পতাকা ও স্কাউট পতাকা।<br>০৫. স্কাউট আন্দোলনের ইতিহাস।<br>০৬. রোভারস্কাউট গ্রুপ/ইউনিটে শৃংখলাবোধ সম্পর্কে ধারনা ও চর্চা।* | ০১. স্কাউটিং সম্পর্কিত বই ও পত্র-পত্রিকা পাঠ।<br>০২. বাংলাদেশ স্কাউটস এর রূপরেখা, সাংগঠনিক কাঠামো এবং গঠন ও নিয়ম সম্পর্কে জ্ঞানার্জন।<br>০৩. এশিয়া প্যাসিফিক অঞ্চল সম্পর্কে জ্ঞানার্জন।<br>০৪. বাংলাদেশের কৃষ্টি ও সাংস্কৃতিক রূপরেখা।<br>০৫. বাংলাদেশের ঐতিহাসিক স্থান ও স্থাপনা সম্পর্কে জ্ঞানার্জন।<br>০৬. ভাষা শিক্ষা ও যোগাযোগ পদ্ধতি সম্পর্কে জ্ঞানার্জন। | ০১. বিশ্ব স্কাউট সংস্থার প্রশাসনিক বিন্যাস, সাংগঠনিক কাঠামো ও কার্যাবলী সম্পর্কে জ্ঞানার্জন।<br>০২. বাংলাদেশের প্রচলিত আইন জানা।<br>০৩. বাংলাদেশের স্থানীয় সরকার সম্পর্কে জ্ঞানার্জন।<br>০৪. জাতিসংঘ সম্পর্কে জ্ঞানার্জন।<br>০৫. বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থা সম্পর্কে জ্ঞানার্জনঃ<br>ক) বাংলাদেশের মৌলিক, অর্থনৈতিক ও সামাজিক সমস্যা নির্ধারণ করা।<br>খ) বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নে ৫ টি সুপারিশ প্রণয়ন।<br>গ) জাতীয় বাজেট কি তা জানা। | ০১. সরকারের বিভিন্ন বিভাগ সম্পর্কে জ্ঞানার্জন।<br>০২. বাংলাদেশে জাতিসংঘ এবং এর শাখার কার্যাবলী সম্পর্কে জ্ঞানার্জন।<br>০৩. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কে জানা।<br>০৪. বাংলাদেশে কাজ করে এমন অন্ততঃ ১ টি আন্তর্জাতিক যুব সংস্থার কার্যাবলী সম্পর্কে জ্ঞানার্জন।<br>০৫. সার্কসহ অন্য যে কোন একটি আঞ্চলিক জোটের গঠন ও কার্যাবলী সম্পর্কে জ্ঞানার্জন।<br>০৬. এশিয়া প্যাসিফিক রিজিওন ছাড়া বিশ্ব স্কাউট সংস্থাভুক্ত ২ টি অঞ্চলের স্কাউটিং আছে এমন ২টি দেশের ইতিহাস, কৃষ্টি, ভাষা, যোগাযোগ, খাদ্য ইত্যাদি সম্পর্কে জ্ঞানার্জন। |
| ব্যবহারিক কাজ | **০৭. রেকর্ড সংরক্ষণ**<br>ক) আমার স্কাউট রেকর্ড বই সংরক্ষণ শুরু করা।*<br>খ) লগবই লিপিবদ্ধকরণ শুরু করা।*<br>**০৮.ব্যবহারিক দক্ষতা**<br>ক) দড়ির কাজ।<br>খ) অনুমান ও পর্যবেক্ষণ।<br>গ) সংকেত অনুসরন।<br>ঘ) পতাকা বহন পদ্ধতি জানা।<br>০৯. আগুন জ্বালানো ও রান্না।<br>১০. রোভার স্কাউটদের জন্য নির্বাচিত গান থেকে ৩ টি গান জানা ও সুন্দরভাবে গাইতে পারা। | **০৭. রেকর্ড সংরক্ষণ**<br>ক) আমার স্কাউট রেকর্ড বই সংরক্ষণ করা।<br>খ) লগবই লিপিবদ্ধ করা।<br>**০৮.ব্যবহারিক দক্ষতা**<br>ক) পাইওনিয়ারিং ও দড়ির কাজ।<br>খ) কম্পাস ও মানচিত্র পাঠ।<br>গ) গোপন বার্তা উদ্ধার।<br>ঘ) বিশ্ব বন্ধুত্বের কার্যক্রম শুরু করা।<br>০৯. কম্পিউটার সম্পর্কে প্রাথমিক জ্ঞানার্জন।<br>**১০. নিম্নলিখিত বিষয়ে দক্ষতা অর্জন (কমপক্ষে ১ টি)**<br>হাঁস পালন, মুরগী পালন, মৎস্য চাষ, অ্যাকুরিয়ামে মাছ চাষ, কৃষি কর্ম, মৌমাছি চাষ, মাশরুম চাষ, সয়েল টেস্ট, ক্ষেতের পাওয়ার পাম্প মেরামত, উন্নত চুলা তৈরি বায়োগ্যাস প্ল্যান্ট, বক্তৃতা, সম্পাদকের কাজ, দোভাষী, মোটরযান, অ্যামেচার রেডিও, অ্যারো পাইওনিয়ার, নৌ বাহিনী সংগঠন, রেলওয়ে ট্রাফিক কন্ট্রোল।<br>**১১. রোভার স্কাউটদের জন্য নির্বাচিত গান থেকে নতুন ৪ টি।** | **০৬.রেকর্ড সংরক্ষণ**<br>ক) আমার স্কাউট রেকর্ড বই সংরক্ষণ করা।<br>খ) লগবই লিপিবদ্ধ করা।<br>**০৭.ব্যবহারিক দক্ষতা ঃ**<br>ক) কমপক্ষে ২ টি পাইওনিয়ারিং প্রজেক্ট তৈরি করা।<br>খ) সাঁতার জানা।<br>গ) বিশ্ব বন্ধুত্ব কার্যক্রম।<br>০৮. MS Office (Word, Power Point), E-mail সম্পর্কে জানা।<br>**০৯. নিম্নলিখিত বিষয়ে দক্ষতা অর্জন (কমপক্ষে ১ টি)**<br>বৈদ্যুতিক কাজ, কম্পিউটার, আগুন নেভানো, উদ্ধার কর্মী, জনস্বাস্থ্য কর্মী, জনসংখ্যা নিয়ন্ত্রণ, মা ও শিশুর যত্ন, নার্সিং, সাংবাদিকতা, ক্রাইম প্রিভেনশন, বিমান শিক্ষানবীশ, শীপ নলেজ, রেলওয়ে পরিচালক।<br>১০. রোভার স্কাউটদের জন্য নির্বাচিত গান থেকে নতুন ৪ টি গান জানা ও সুন্দরভাবে গাইতে পারা। | **০৭. রেকর্ড সংরক্ষণ**<br>ক) আমার স্কাউট রেকর্ড বই সংরক্ষণ করা।<br>খ) লগবই লিপিবদ্ধ করা।<br>**০৮.ব্যবহারিক দক্ষতা ঃ**<br>ক) কমপক্ষে ২ টি পাইওনিয়ারিং প্রজেক্ট তৈরি করা (পূর্বের ২ টি ব্যতিত)।<br>খ) বিশ্ব বন্ধুত্ব কার্যক্রম।<br>গ) ১ টি এলাকা জরিপ করে রিপোর্ট প্রণয়ন করা।<br>**০৯. "পরিভ্রমণকারী ব্যাজ" অর্জন।**<br>১০. MS Office (Excel), Networking সম্পর্কে জানা।<br>**১১. যে কোন একটি বিষয়ে পরিমিত জ্ঞানার্জন**<br>ব্লাড ব্যাংক, চক্ষু ব্যাংক, চক্ষু শিবির, কুষ্ঠ নিয়ন্ত্রণ, বৈমানিক, সিম্যান্স, রেলওয়ে পাইলট।<br>১২. রোভার স্কাউটদের জন্য নির্বাচিত গান থেকে নতুন ৩ টি গান জানা ও সুন্দরভাবে গাইতে পারা। |

| পর্যায়/স্তর<br>বিষয় | নবাগত/রোভার সহচর | সদস্য স্তর | প্রশিক্ষণ স্তর | সেবা স্তর |
|---|---|---|---|---|
| ধর্মীয় কার্যাবলী | **১১. নিজ নিজ ধর্মে অবশ্য পালনীয় বিষয় সম্পর্কে জ্ঞানার্জন ও চর্চা।*** | **১২. ধর্মীয় কার্যাবলী**<br>ক) নিজ নিজ ধর্মে অবশ্য পালনীয় বিষয় সম্পর্কে জ্ঞানার্জন ও চর্চা।<br>খ) "স্কাউট ওন" সম্পর্কে জানা এবং এতে অংশগ্রহণ। | **১১. ধর্মীয় কার্যাবলী**<br>ক) নিজ নিজ ধর্মে অবশ্য পালনীয় বিষয় সম্পর্কে জ্ঞানার্জন ও চর্চা।<br>খ) ন্যূনতম ১ টি ধর্মীয় অনুষ্ঠান আয়োজন ও পরিচালনা কাজে অংশগ্রহণ | **১৩. স্কাউট প্রতিজ্ঞা ও আইনের প্রতি দৃষ্টি রেখে ধর্মীয় অনুশাসনসমূহ মেনে চলা ও অপরকে উদ্বুদ্ধ করা।** |
| আন্দোলনের সেবা | **১২. স্কাউটিং ও বহিঃ কার্যক্রম ঃ**<br>ক) স্কাউটিং ও বহিঃ কার্যক্রম সম্পর্কে জ্ঞানার্জন।<br>খ) নিজ ইউনিট/উপদলের সাথে অন্ততঃ ১টি হাইকিংয়ে অংশগ্রহণ।<br>গ) নিজ ইউনিট/উপদলের সাথে অন্ততঃ ১ রাতের তাঁবুবাসে অংশগ্রহণ। | **১৩. স্কাউটিং ও সেবা কার্যক্রম**<br>ক) তাঁবুবাস সম্পর্কে জ্ঞানার্জন।<br>খ) **"রোভার মেট"** কোর্সে সাফল্যের সাথে অংশগ্রহণ।<br>গ) **"রোভার কুশলী ব্যাজ"** অর্জন। | **১২. স্কাউটিং ও সেবা কার্যক্রম**<br>ক) কাব/স্কাউট ইউনিট লিডার বেসিক কোর্সে সাফল্যের সাথে অংশগ্রহণ।<br>খ) **"স্কাউট ইনস্ট্রাক্টর ব্যাজ"** অর্জন। | **১৪. স্কাউটিং ও সেবা কার্যক্রম**<br>ক) অন্য ১ টি রোভার স্কাউট গ্রুপ এবং ১ টি কাব স্কাউট ও ১ টি স্কাউট গ্রুপ পরিদর্শন করে রিপোর্ট প্রণয়ন।<br>খ) পি. আর. এস-দের নাম ও তথ্য জানা।<br>গ) শাপলা কাব/পিএস তৈরিতে সহযোগিতা প্রদান (অন্ততঃ ১ জন)।<br>ঘ) অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালন। |
| সমাজ সেবা/সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য | **১৩. সমাজ সেবা ও সমাজ উন্নয়ন**<br>ক) সমাজ সেবা ও সমাজ উন্নয়নের পার্থক্য বুঝতে পারা।<br>খ) নিজ গ্রুপ / ইউনিট / উপদলের সাথে অন্ততঃ ১ টি সমাজ সেবামূলক কাজে অংশগ্রহণ।<br>**১৪. পরিবেশ সম্পর্কে জ্ঞানার্জন।**<br>**১৫. স্বাস্থ্য পরিচর্যা**<br>ক) প্রাথমিক প্রতিবিধান সম্পর্কে জ্ঞানার্জন।<br>খ) মানব দেহের গঠন সম্পর্কে জানা।<br>গ) নিরাপদ রক্ত সঞ্চালন সম্পর্কে জানা।*<br>ঘ) নিজ রক্তের গ্রুপ জানা।*<br>ঙ) নিজ গ্রুপসহ ১০ জন ব্যক্তির রক্তের গ্রুপ ও নাম ঠিকানা সংগ্রহ করা।*<br>চ) জ্বর মাপতে পারা।*<br>১৬. বিপি-র পিটিগুলো জানা ও চর্চা করা। | **১৪. "শিক্ষকতা ব্যাজ" অর্জন।**<br>(এই ব্যাজটি ইচ্ছে করলে সেবা স্তরেও অর্জন করা যাবে)<br>**১৫. সমাজ সেবা ও সমাজ উন্নয়ন**<br>ক) অন্ততঃ ৩ টি সমাজ সেবা/সমাজ উন্নয়নমূলক কাজে নিয়োজিত থাকা (পূর্বেরটি ব্যতিত)।<br>খ) বিশ্ব সংরক্ষণ বিষয়ে প্রাথমিক জ্ঞানার্জন।<br>গ) ২ টি ফলজ বৃক্ষরোপণ ও পরিচর্যা।<br>**১৬. স্বাস্থ্য পরিচর্যা**<br>ক) প্রাথমিক প্রতিবিধান সম্পর্কে ব্যবহারিক জ্ঞানার্জন।<br>খ) শিশুর ৭টি মারাত্মক রোগ ও তার প্রতিরোধ ও প্রতিকার সম্পর্কে জ্ঞানার্জন।<br>গ) ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যা সম্পর্কে জ্ঞানার্জন।<br>ঘ) মাদকাসক্তি সম্পর্কে জ্ঞানার্জন। | **১৩. সমাজ সেবা ও সমাজ উন্নয়ন**<br>ক) অন্ততঃ ৩ টি সমাজ সেবা / সমাজ উন্নয়নমূলক কাজে নিয়োজিত থাকা (পূর্বেরগুলো ব্যতিত)।<br>খ) বিশ্ব সংরক্ষণ বিষয়ে উচ্চতর জ্ঞানার্জন।<br>গ) পূর্বের রোপণকৃত ২ টি গাছের যত্ন এবং নতুন ২ টি বনজ বৃক্ষরোপণ ও পরিচর্যা।<br>**১৪. স্বাস্থ্য পরিচর্যা**<br>ক) প্রাথমিক প্রতিবিধান সম্পর্কে উচ্চতর জ্ঞানার্জন।<br>খ) মাদকাসক্তি, হেপাটাইটিস-বি ও সি ভাইরাস এবং এইডস রোগের প্রতিরোধ ও প্রতিকার সম্পর্কে জ্ঞানার্জন।<br>গ) সম সাময়িক রোগ, স্বাস্থ্য সমস্যা ও তার প্রতিরোধের উপায় সম্পর্কে জানা। | **১৫. সমাজ সেবা ও সমাজ উন্নয়ন**<br>ক) পরিবেশ সংরক্ষণে জনসাধারণকে উদ্বুদ্ধকরণের জন্য দু'টি তথ্যবহুল চার্ট প্রস্তুত করে প্রদর্শন ও প্রচার করা।<br>খ) দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কে জ্ঞানার্জন।<br>গ) পূর্বের রোপণকৃত ৪টি বৃক্ষের পরিচর্যা ও প্রতিবেদন পেশ।<br>**১৬. স্বাস্থ্য পরিচর্যা**<br>ক) হেপাটাইটিস-বি ও সি ভাইরাস এবং এইডস রোগ সম্পর্কে উচ্চতর জ্ঞানার্জন।<br>খ) পরিবার পরিকল্পনা সম্পর্কে জ্ঞানার্জন।<br>গ) মাদক দ্রব্যের ক্ষতিকর দিক সম্পর্কে অন্যকে জানানো।<br>**"শিক্ষকতা ব্যাজ"** অর্জন। (সদস্য স্তরে অর্জিত না হলে এই স্তরে অবশ্যই অর্জন করতে হবে) |
| আত্ম উন্নয়ন | **১৭. আত্ম উন্নয়ন সম্পর্কে জ্ঞানার্জন।*** | **১৭. নিম্নের যে কোন একটি বিষয়ে "স্বনির্ভর ব্যাজ" অর্জন (অন্ততঃ এক বছর)**<br>কম্পিউটার, পোলট্রি ও মৎস্য চাষ, ডেইরি ফার্ম, সেলাই কাজ (সেলাই, ব্লক, বাটিক, এমব্রয়ডারী), বিউটিশিয়ান, পর্যটন কর্মী, আলোকচিত্র শিল্পী, সেটেলাইট ও টেলিকমিউনিকেশন, সাংবাদিকতা, নার্সারী, ইন্টেরিয়র ডিজাইন, শিল্পকলা (সঙ্গীত, যন্ত্র সঙ্গীত, নৃত্য), চিত্র ও কারুশিল্প, সেক্রেটারিয়েল সায়েন্স ইত্যাদি।<br>**১৮. নিম্নের যে কোন একটি বিষয়ে "স্কাউট কর্মী ব্যাজ" অর্জন**<br>প্রাথমিক প্রতিবিধান, পাইওনিয়ারিং, সিগনালিং, উদ্ধার কর্মী, হেলথ মোটিভেটর ইত্যাদি। | | |
| সময়সীমা | ৩ – ৬ মাস *<br>(বিশেষ ক্ষেত্রে ১ মাস) | ৯ – ১২ মাস | ৯ – ১২ মাস | ৬ – ৯ মাস |
| ক্রু মিটিং (নূন্যতম) | ৮টি | ৩০টি | ৩০টি | ২২টি |
| উত্তীর্ণ | **সদস্য স্তর** | **প্রশিক্ষণ স্তর** | **সেবা স্তর** | **প্রেসিডেন্ট'স রোভার স্কাউট** |

* (স্টার) চিহ্নিত বিষয়গুলো শুধুমাত্র স্কাউট শাখায় নূন্যতম প্রোগ্রেস ব্যাজ অর্জনকারী স্কাউটরা নবাগত/রোভার সহচর পর্যায়ে এক মাসে সম্পন্ন করে দীক্ষা গ্রহণ করতে পারবে। এক্ষেত্রে তাকে কমপক্ষে ৪ টি ক্রু মিটিংয়ে অংশগ্রহণ করতে হবে।

## রোভার স্কাউট ব্যাজসমূহ
## Rover Scout Badges

### দক্ষতা ব্যাজ / Efficiency Badges


সদস্য ব্যাজ



Membership Badges


### দক্ষতা এ্যাপুলেটসমূহ / Efficiency Epaulettes

সদস্য স্তর





Membership Badges

প্রশিক্ষণ স্তর




Training Stage


সেবা স্তর




Service Stage

### অ্যাওয়ার্ড এ্যাপুলেট / Award Epaulettes

প্রেসিডেন্ট'স
রোভার স্কাউট




President's
Rover Scout

## পারদর্শিতা ব্যাজসমূহ
## Proficiency Badges

রোভার কুশলী ব্যাজ



শিক্ষকতা ব্যাজ



স্কাউট ইনস্ট্রাক্টর ব্যাজ



পরভ্রমণকারী ব্যাজ




স্বনির্ভর ব্যাজ




স্কাউট কর্মী ব্যাজ



## সমাজ উন্নয়ন ব্যাজসমূহ
## Community Development Badges


টিকাদান কর্মী



শিশু স্বাস্থ্য কর্মী



পুষ্টি স্যালাইন



## সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড
## Community Development Awards



# মাই প্রোগ্রেস/ লগ বই/ প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড

**মাই প্রোগ্রেস :** একজন নবাগত হিসেবে ইউনিটে যোগদানের পর থেকে তার ব্যক্তিগত তথ্য সংরক্ষণ, ইউনিটে যোগদানের জন্য সংশ্লিষ্টদের অনুমতি ও অনুমোদন গ্রহণ এবং স্কাউট প্রোগ্রামের বর্ধিত কার্যক্রমের প্রশিক্ষণ গ্রহণ, পারদর্শিতা ব্যাজ অর্জন ও বিভিন্ন বিষয়ে জ্ঞান ও দক্ষতা অর্জনসহ বিভিন্ন স্তর অতিক্রমের রেকর্ডসমূহ সংরক্ষণের জন্য আমার স্কাউট রেকর্ড বই সংরক্ষণ করতে হয়। ইউনিটে ভর্তি ও একজন স্কাউট আমার স্কাউট রেকর্ড বই সংগ্রহ এবং তা যথাযথভাবে পূরণ করে নিজের কাছে সংরক্ষণ করবে। রোভার প্রোগ্রামের বিষয়সমূহের উপর প্রশিক্ষণ ও পরীক্ষায় পাশের পর ঐ বিষয়ের পরীক্ষক/বিশেষজ্ঞের নিকট থেকে নির্দিষ্ট স্থানে স্বাক্ষর গ্রহণ করবে। আমার স্কাউট রেকর্ড বই একজন স্কাউটের জীবনে অর্জিত জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি যাচাই করার মানদন্ড হিসেবে বিবেচিত হয়।

**লগ বইয়ের ধারণা :** লগ বই হ'ল স্কাউট জীবনের সংক্ষিপ্ত ডাইরী বা জীবন চিত্র। অন্য কথায় একজন স্কাউট সে তার স্কাউট জীবনে প্রবেশের পর থেকে বিভিন্ন স্কাউট অনুষ্ঠান যেমন- দীক্ষা অনুষ্ঠান, ব্যাজ প্রদান অনুষ্ঠান, তাঁবু বাস, সমাবেশ, হাইকিং, সমাজ সেবা, সমাজ উন্নয়ন ইত্যাদি বিষয়ক কার্যাবলীতে অংশগ্রহণের তারিখ ও স্থান উল্লেখ্যপূর্বক ধারাবাহিক বিবরণ সহ বইয়ে লিপিবদ্ধ করবে। এই বইয়ের প্রতি পৃষ্ঠায় কেবল একটি ঘটনার বর্ণনা থাকা ভাল। প্রতি পৃষ্ঠার শেষে স্কাউট তার নাম ও স্বাক্ষর দিবে এবং বাম পাশে ইউনিট লিডারের প্রতি স্বাক্ষর থাকবে। লগ বই সকলের জন্য প্রযোজ্য। যেমন- ইউনিট লিডারের, ইউনিট বা সকল ক্ষেত্রে লগ বই সংরক্ষণ খুবই প্রয়োজন। লগ বই সংরক্ষণ স্কাউটদেরও রক্ষণশীলতা বৃদ্ধি করে থাকে।

**লগ বই** : পি আর এস অ্যাওয়ার্ড অর্জনে একজন রোভারকে মাই প্রোগ্রেস বই এর আলোকে পি আর এস অ্যাওয়ার্ড লগ বই তৈরি সংরক্ষণ অত্যাবশক। বস্তুত লগ বই একজন রোভারের স্কাউট জীবনের একটি সংক্ষিপ্ত জীবন চিত্র। লগ বই একজন রোভারের রোভার স্কাউট প্রোগ্রাম ও ব্যাজ অর্জনসহ তার রোভার কার্যক্রমের সংক্ষিপ্ত চিত্র ধারাবাহিকভাবে তারিখ অনুযায়ী সুন্দরভাবে লিপিবদ্ধ করতে হবে। সঠিক নিয়মে লগ বই তৈরির রোভার স্কাউট প্রোগ্রাম সম্পন্নের অন্যতম শর্ত। পি আর এস অ্যাওয়ার্ড লগ বই লেখার নমুনা দেয়া হলো :

## লগ বই লেখার নমুনা

১। বড় করে কভার পৃষ্ঠায় "লগবুক" কথাটি লেখা।
২। একটি সুন্দর ও আকর্ষণীয় কভার পৃষ্ঠা থাকলে ভাল হয়।
৩। প্রথম পৃষ্ঠায় ব্যক্তিগত পরিচিতি থাকবে (স্কাউট পোশাক পরিহিত পাসপোর্ট সাইজ ফটোসহ)
৪। দ্বিতীয় পৃষ্ঠায় সূচিপত্র (বিষয় ও পৃষ্ঠা নম্বর উল্লেখসহ) দিতে হবে।
৫। তৃতীয় পৃষ্ঠা হতে ধারাবাহিকভাবে স্তর ভিত্তিক (রোভার সহচর, সদস্য স্তর, প্রশিক্ষণ স্তর ও সেবা স্তর) বিষয়ে সংক্ষিপ্ত বর্ণনা দিতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে ছবি অংকন করে দেওয়া যেতে পারে এবং প্রোগ্রামে অংশগ্রহণের ছবি সংযুক্ত করা যেতে পারে।
৬। প্রতিটি স্তরে রোভার স্কাউট লিডারের অনুমোদন (প্রযোজ্য ক্ষেত্রে সভাপতি, জেলার সম্পাদক ও কমিশনারের সীলসহ স্বাক্ষর) নিতে হবে।
৭। প্রতি স্তরের শেষে ও স্তরের আনুসাংগিক বিষয়ের অনুমোদনের কাগজপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।
৮। সংযোজন: (আলাদা ফাইলে তালিকা অনুযায়ী) সার্টিফিকেট ও রিপোর্ট জমা দিতে হবে।
৯। সর্বশেষে রোভার নেতা ও গ্রুপ কমিটির সভাপতির অনুমোদন এক পৃষ্ঠায়।
১০। জেলা রোভার লিডার, জেলা সম্পাদক এবং জেলা কমিশনারের অনুমোদন এক পৃষ্ঠায়।
১১। অঞ্চলের অনুমোদন এক পৃষ্ঠায় (খালি থাকবে)।
১২। জাতীয় সদর দফতরের অনুমোদন এক পৃষ্ঠায় (খালি থাকবে)।

বিশেষ দ্রষ্টব্য: জাতীয় সদর দফতরের নির্ধারিত প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড ফরমে আবেদন করতে হবে।

## স্ক্রাপ বুক

স্ক্রাপ বুক হ'ল স্কাউট জীবনের এ্যালবাম বা খন্ডচিত্রের সংগ্রহ। স্ক্রাপ বুকে স্কাউটরা বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ করে সেখান থেকে সংগ্রহকৃত আলোকচিত্র, বিরল/ঔষধি গাছের পাতা, ছাল (বাকল), পশু-পাখির পাখনা বা আকর্ষণীয় দ্রব্যের নমুনা সংগ্রহ করে সংরক্ষণ করে থাকে। স্ক্রাপ বুকে পেপার কাটিং, স্মারক ডাক টিকেট, নিজের আঁকা ছবি, অটোগ্রাফ, ইত্যাদি ও সংরক্ষণ করা হয়ে থাকে। সংগ্রহকৃত বিষয়ের বিবরণ, সংগ্রহ স্থল ও তারিখ অবশ্যই উল্লেখ থাকতে হবে।

# তাঁবু খাটানো, তাঁবুর যত্ন ও গ্যাজট
## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : তাঁবু খাটানো, তাঁবুর যত্ন ও গ্যাজেট | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন।

১. তাঁবু খাটানো ও তাঁবুর যত্ন নেয়ার পদ্ধতি ও কৌশল সম্পর্কে ব্যাখ্যা দিতে পারবেন এবং তাঁবু খাটাতে পারবেন।

২. বিভিন্ন রকমের গ্যাজেট করে বর্ননা দিতে পারবেন এবং গ্যাজেটের প্রয়োজনীয়তা ব্যাখ্যা দিতে পারবেন।

৩. দলে স্কাউটদের গ্যাজেট তৈরির ধারণা দিতে পারবেন এবং তৈরি করতে পারবেন।

**সূচিপত্র** (সারসংক্ষেপ)

১। তাঁবু খাটানো, ২। তাঁবুর যত্ন, ৩। গ্যাজেট

**বিষয়সূচির বিবরণঃ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | |
|---|---|
| ১। তাঁবু খাটানো | ১৫ মি. |
| ২। তাঁবুর যত্ন | ০৪ মি. |
| ৩। গ্যাজেট | ০৮ মি. |
| ৪। সামিং আপ | ০১ মি. |
| ৫। প্রশ্ন উত্তর পর্ব | ০২ মি. |
| মোট = | ৩০ মিনিট |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার, ডেমোনেস্ট্রেশন।

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণঃ** তাঁবু পোস্টার পেপার, মার্কার পেন, পয়েন্টার, ম্যাগনেট বোর্ড, হ্যান্ড আউট এবং গ্যাজেটের উপকরণ ইত্যাদি।

**ফলোআপ/অনুসরণ প্রক্রিয়াঃ** (সেশন পরবর্তী)


কোর্স চলাকালীন তাঁবু খাটানো বা গ্যাজেট তৈরি করবেন।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# স্কাউট দক্ষতা

## তাঁবু খাটানো, তাঁবুর যত্ন ও গ্যাজেট

## তাঁবু (The Tent)



# তাঁবু খাটানো
# (Tent Pitching)

## ক. একটি তাঁবু খাটাতে সাধারণত যে সব সরঞ্জামাদি প্রয়োজন হয়

| সরঞ্জামাদি | | পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ইনার সীট | ১ | উভয় প্রান্তে ডোর ফ্ল্যাপ এবং উভয় পার্শ্বে ওয়াল ফ্ল্যাপ সহ |
| ২ | আউটার সীট | ১ | |
| ৩ | গ্রাউন্ড সীট | ১ | |
| ৪ | হরাইজন্টাল পোল | ১ | এটি 'ক্রসবার' (Crossbar) নামেও পরিচিত |
| ৫ | ভার্টিকেল পোল | ২ | এটি আপরাইটস (Uprights) নামেও পরিচিত |
| ৬ | মেটেল পেগস (ধাতব পেরেক) | ১৪ | |
| ৭ | কাঠের ছোট হাতুড়ি | ১ | |
| ৮ | ১.৫ মি. পাকানো রশি | ১২ | কর্ণার এবং পার্শ গাইলাইনের জন্য |
| ৯ | ২.৫মি. পাকানো রশি | ২ | প্রধান গাইলাইনের জন্য |

## খ. তাঁবু খাটানোর প্রচলিত নিয়মকানুন

১. প্রথমে গুটানো তাঁবুর বাঁধন খুলে চার কোনে চার জন ধরে সমতল ভূমিতে সুন্দরভাবে বিছাতে হবে;

২. হরাইজন্টাল পোল/আনুভূমিক দন্ডের উভয় পার্শ্বের ছিদ্র বা গহবর এর ভিতর দিয়ে উলম্ব দন্ড/খুঁটির/ভার্টিকেল পোল এর পিন ঢুকিয়ে তাঁবুটিকে খাড়া করতে হবে। ভার্টিকেল পোল যেন ভূমির উপর লম্বাভাবে থাকে তা নিশ্চিত করতে হবে। এখন ইনার সীট বা অন্তঅস্তের কাঠামোর উপর দিয়ে গলিয়ে দিতে হবে;

৩. কর্ণার গাইলাইনস কে নিরাপদ করে শুরু করতে হবে। স্লিভ রিং এর সাথে ১.৫ মি. রশি দিয়ে এক প্রান্ত বোলাইন দিয়ে বাঁধতে হবে;

৪. ইনার সিটের এক প্রান্ত ধরে টানতে হবে যাতে ওয়াল ফ্ল্যাপ প্রায় লম্বভাবে ভূমি স্পর্শ করে অবস্থায় থাকে;

৫. পেরেকের/পেগ এর অবস্থান:

   ক. ইনার সীট - তাঁবু সীটের কর্ণার হতে পেগগুলো ভূমির উপর লম্বভাবে স্থাপন কর এবং ভূমির উপর যেন আকার দুরত্বে থাকে।

   খ. আউটার সীট।

৬. ইনার সীট টেনে নিতে হবে এবং ইনার সীটের কর্ণার পেগ যেন ইনার সীটের কর্ণার এর দিকে মুখ করে আছে কীনা তার সঠিকতা নিশ্চিত করতে হবে;

৭. পেগগুলোকে ৪৫ ডিগ্রীতে গেঁথে দিতে হবে;

৮. তাঁবুর গাইলুপ ব্যবহার করে রশির অন্য প্রান্ত বাঁধতে হবে;

৯. পেগ এর সাথে কর্ণার গাইলাইন টান টান করে বাঁধতে হবে এবং একই সাথে বিপরীত কর্ণারের গাইলাইনস কৌনিকভাবে টান টান অবস্থায় রাখতে হবে;

১০. ইনার সীটের পৃষ্ঠ/তল যেন টান টান হয় তা নিশ্চিত করতে হবে। ওয়াল ফ্ল্যাপ যেন উলম্বভাবে সোজা থাকে এবং এমনভাবে ঝুলে থাকবে যাতে প্রায় ভূমি স্পর্শ করে;

১১. প্রধান দু'টি গাইলাইনস ২ মি. লম্বা রশি দিয়ে পিন এর কাছে ক্লোভ হিচ দিয়ে উলম্ব খুঁটির সাথে বাঁধতে হবে। উলম্ব খুঁটির বেইস থেকে পেগ এর দুরত্ব উক্ত খুঁটির দৈর্ঘের সমান হবে। দু'টি প্রধান গাইলাইনস কর্ণার এবং ওয়াল গাইলাইনস এর অনূরূপ একই পদ্ধতি ব্যবহার করে বেঁধে পুতে দিতে হবে;

১২. ইনার সীটের উপর দিয়ে আউটার সীট আবৃত্ত/আচ্ছাদিত করতে হবে। চারটি কর্ণার গাইলাইনস এবং দু'টি ওয়াল গাইলাইনস একইভাবে ঝুঁকি রহিত করে নিরাপদ করতে হবে। আউটার সীটের কর্ণার পেগস অবশ্যই বিপরীত উলম্ব খুঁটির দিন এর দিকে মুখ করে থাকা;

১৩. তাঁবুর ভেতর গ্রাউন্ড সীট খুলে সমতলভাবে বিছিয়ে দিতে হবে। প্রয়োজনে গ্রাউন্ড সীটের পার্শ্ব ভাঁজ করে দিতে হবে;

১৪. প্রয়োজনে গাইলাইনস প্রসারণ বা টান টান করে সমন্বয় করতে হবে। একটি সঠিকভাবে খাটানো তাঁবুর ইনার সীট এবং আউটার সীটের মধ্যে ভেন্টিলেশন গ্যাপ থাকবে প্রায় ছয় ইঞ্চি।

## গ. তাঁবুর যত্ন:

প্রত্যহ সকালে পরিদর্শনের পূর্বেই তাঁবুর রশিগুলো টানটান করে বাঁধতে হবে এবং পতাকা নামানোর পর বিকেলে ঢিলা করে বাঁধতে হবে। কারণ রৌদ্রে কাপড় ও রশি সম্প্রসারিত হয় এবং রাত্রে ঠাণ্ডায় সংঙ্কুচিত হয়। প্রয়োজনে তাঁবু শুকানোর জন্য একদিকের সাইড সেড/ফ্ল্যাপ খুলে উল্টিয়ে দিতে হবে এবং পর্যায়ক্রমে অন্যদিকের সেড ও একইভাবে শুকাতে হবে। তাঁবুর ভিতর পর্যাপ্ত আলো বাতাসের জন্য সামনের ও পিছনের এবং সাইডের ফ্ল্যাপ গুটিয়ে রোল করে বেঁধে রাখতে হবে।


# গ্যাজেট

তাঁবুবাস স্কাউটিং এর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। তাঁবুতে বসবাসকালে বাড়িতে ব্যবহৃত নিত্য প্রয়োজনীয় আসবাবপত্র না থাকলেও স্কাউটরা তাঁবু বাসের জন্য নিজেদের হাতের কাছে যে সকল উপকরণ পায় তার সাহায্যে তারা প্রয়োজনীয় আসবাবপত্র তৈরি করে নেয়। এরূপ তৈরি বিকল্প আসবাবপত্রকে গ্যাজেট বলে।

তাঁবুবাসকালে স্কাউটরা তাদের বিছানাপত্র, নিত্য ব্যবহার্য কাপড় চোপড়, ব্যাগ, জুতা-সেন্ডেল, হাঁড়ি-পাতিল, থালা, মগ/গ্লাস, কোদাল ইত্যাদি প্রয়োজনীয় সকল জিনিস নির্ধারিত জায়গায় গুছিয়ে রাখে। এগুলো মাটিতে না রেখে তৈরি গ্যাজেটে রেখে পরিপাটি তাঁবু জীবন উপভোগ করে।

গ্যাজেট তৈরি করার সময় যেখানে যে ল্যাশিংটি প্রয়োজন সেখানে সে ল্যাশিংটি ব্যবহার করতে হয়। সাধারণত গ্যাজেট তৈরি করার সময় বাঁশ অথবা গাছের ডাল ব্যবহার করা হয়ে থাকে। গ্যাজেট তৈরির সময় বাঁশ বা ডালে সংযোগ স্থান যদি ৯০ ডিগ্রি হয় সে ক্ষেত্রে স্কয়ার ল্যাশিং ও ৪৫ ডিগ্রী হয় সেক্ষেত্রে ডায়গোনাল ল্যাশিং এবং পাশাপাশি হলে সেক্ষেত্রে শেয়ার ল্যাশিং ফিগার অব এইট ইত্যাদি ল্যাশিং ব্যবহার করা হয়। ল্যাশিং ব্যবহারের ক্ষেত্রে যত্নবান হতে হবে যাতে যথাযথভাবে নিয়মমাফিক ল্যাশিং ব্যবহার করা হয়।

## গ্যাজেট তৈরির কিছু নমুনা



# প্যাক মিটিং

## সেশন প্লান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **সেশনের নাম** | : প্যাক মিটিং | **কোর্স** | : | ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : | |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : | |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : | |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন-

১. প্যাক মিটিং এর প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবেন।
২. প্যাক মিটিং পরিচালনা পদ্ধতি বর্ণনা করতে পারবেন।
৩. প্যাক মিটিংয়ে একটি নমুনা কর্মসূচি প্রণয়ন করতে পারবেন।

**সূচিপত্র** (সারসংক্ষেপ)

১. প্যাক মিটিং কী
২. প্যাক মিটিংয়ের প্রয়োজনীয়তা
৩. প্যাক মিটিংয়ের বৈশিষ্ট্য
৪. বিশেষ প্যাক মিটিং
৫. প্যাক মিটিং পরিচালনা পদ্ধতি
৬. প্যাক মিটিংয়ের নমুনা কর্মসূচি

**বিষয়সূচির বিবরণ:** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১. | ভূমিকা | ০২ মি. |
| ২. | প্যাক মিটিং কি | ০২ মি. |
| ৩. | প্যাক মিটিংয়ের প্রয়োজনীয়তা | ০৫ মি. |
| ৪. | প্যাক মিটিংয়ের বৈশিষ্ট | ০৩ মি. |
| ৫. | বিশেষ প্যাক মিটিং | ০৫ মি. |
| ৬. | গান | ০২ মি. |
| ৭. | প্যাক মিটিং পরিচলনা পদ্ধতি | ০৫ মি. |
| ৮. | প্যাক মিটিংয়ের নমুনা কর্মসূচি | ০৫ মি. |
| ৯. | সামিং আপ | ০২ মি. |
| ১০. | প্রশ্ন উত্তর পর্ব | ০৪ মি. |
| ১১. | প্যাক মিটিং মহড়া | ২৫ মি. |
| | মোট সময় = | ৬০ মি. |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার পদ্ধতি ও ডেমোনেস্ট্রেশন পদ্ধতি।

### সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ

ল্যাপটপ, মাল্টিমিডিয়া, স্ক্রীন, লেজার পেন, পোষ্টার পেপার, মার্কার পেন, পয়েন্টার, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট, হ্যান্ডআউট ইত্যাদি।

### ফলোআপ/অনুসরণ প্রক্রিয়া (সেশন পরবর্তী)

কোর্স চলাকালীন প্যাক মিটিংয়ে অংশগ্রহণের মাধ্যমে একটি নমুনা প্যাকমিটিং কর্মসূচি তৈরি করে কাউন্সিলরকে দেখাবেন।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# প্যাক মিটিং

## প্যাক মিটিং কি?

প্যাক মিটিং হচ্ছে কাব প্রোগ্রাম বাস্তবায়নের জন্য ৬০-৯০ মিনিট ব্যাপী প্রশিক্ষণ দানের লক্ষ্যে নিয়মিত সাপ্তাহিক কাব কর্মসূচি। প্যাক মিটিংয়ে যে সকল বিষয় কাবদের শেখানো হয় সে বিষয়গুলো প্রশিক্ষকমন্ডলী, ইউনিট লিডার, সহকারী ইউনিট লিডার, ইনস্ট্রাক্টর, বিশেষজ্ঞগণ প্যাক মিটিং শুরু হওয়ার আগে ষষ্ঠক নেতাদের ভালভাবে শিখিয়ে দেন। পরবর্তীতে প্যাক মিটিং চলাকালিন সময়ে ষষ্ঠক নেতারা সহকারী কাব ইউনিট লিডার ও ইন্সস্ট্রাক্টরদের সহায়তায় নিজ নিজ ষষ্ঠক সদস্যদের সেই সব বিষয় হাতেকলমে শেখাবে। প্যাক মিটিংয়ে কেবলমাত্র ব্যবহারিক বিষয় শেখানো হয়, কোন তত্ত্বীয় বিষয় শেখানো হয় না। তবে কাব প্রতিজ্ঞা এবং আইন তত্ত্বীয় বিষয় হলেও একমাত্র ব্যতিক্রম হিসেবে এই তত্ত্বীয় বিষয়টি আবশ্যিকভাবে প্যাক মিটিংয়ে শেখানো হয়। কেবলমাত্র ইউনিট লিডার (কোন সহকারী ইউনিট লিডার নয়) নিজে সকল কাবদের একত্রে সমবেত করে এ বিষয়টি উপস্থাপন করবেন। প্যাক মিটিং চলাকালীন সময়ে ইউনিট লিডার ঘুরে ঘুরে ষষ্ঠক নেতাদের কার্যাবলী পর্যবেক্ষণ করবেন। প্যাক মিটিং শেষে ইউনিট লিডার প্রশিক্ষকগণের সাথে যখন প্যাক মিটিংয়ের মূল্যায়ন করতে বসেন তখন তারা ষষ্ঠক নেতাদের যে যে বিষয়ে ত্রুটি হয়েছিল সে সম্পর্কে তাদেরকে অবহিত করবেন এবং ত্রুটিগুলো সংশোধন করে দিয়ে সঠিক বিষয়টি ষষ্ঠক সদস্যদের জানিয়ে বা শিখিয়ে দিতে পরামর্শ দেবেন।

## প্যাক মিটিংয়ের প্রয়োজনীয়তা

ইউনিটে ক্রমোন্নতিশীল কাবিং চালু রাখার জন্য প্যাক মিটিং একান্ত অপরিহার্য্য। স্কাউটিং এর অন্যতম বৈশিষ্ট্যই হলো "হাতে কলমে কাজ করার মাধ্যমে শেখা" নিয়মিত প্যাক মিটিং না হলে কাবদের হাতে-কলমে কাজ করার সুযোগ কমে যায় এবং এর কার্যক্রম স্তিমিত হয়ে পড়ে। তারা ব্যবহারিক দক্ষতা অর্জন করতে পারে না। কেবল মাত্র প্যাক মিটিংয়ের মাধ্যমেই কোন নির্দিষ্ট বিষয় হাতে-কলমে শিখেয়ে দক্ষতা অর্জন করানো সম্ভব। ফলে কাবেরা বিষয়ভিত্তিক দক্ষতা লাভ করে নির্দিষ্ট যোগ্যতার ব্যাজ অর্জনে সক্ষম হয়। ধাপে ধাপে যোগ্যতা ব্যাজের উপর দক্ষতা অর্জন না করলে তারা যোগ্যতার ব্যাজ অর্জনে ব্যর্থ হয়। কাবদের ক্রমোন্নতিশীল ধারা বজায় রাখতে প্যাক মিটিং এর প্রয়োজনীয়তা অত্যধিক।

## সফল প্যাক মিটিংয়ের উপাদান

একটি প্যাক মিটিং তখনই সফল হয় যখন নিম্নলিখিত উপাদানগুলো কার্যকরভাবে পুরোমাত্রায় থাকে ১) প্রশিক্ষক দল ২) আকর্ষণীয়, বৈচিত্রময় ও রোমাঞ্চকর কর্মসূচি এবং ৩) প্যাক মিটিংয়ের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ উপকরণ।

### ১. প্রশিক্ষক দল

প্যাক মিটিংয়ে যে সকল বিষয় শেখানো হবে সেগুলো প্যাক মিটিং শুরুর পূর্বে প্রশিক্ষক দল ষষ্ঠক নেতাদের হাতে-কলমে শিক্ষা দেবেন। যদি প্রশিক্ষক দল না থাকে তা হলে ষষ্ঠক নেতাদের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ দেওয়া বেশ কষ্টকর হয়। ষষ্ঠক নেতারা যদি পূর্বাহ্নে বিষয়গুলো যথাযথভাবে শিখতে পারে তা হলে প্যাক মিটিং চলাকালিন সময়ে নিজ ষষ্ঠক সদস্যদের সুন্দরভাবে শেখাতে সক্ষম হয়। প্রশিক্ষক দল ষষ্ঠক নেতাদের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ দানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন। ইউনিট লিডার, সহকারী ইউনিট লিডার, ইনস্ট্রাক্টর ও বিশেষজ্ঞগণ দ্বারা প্রশিক্ষক দল গঠিত হয়। প্রশিক্ষক দল না থাকলে ইউনিট লিডার নিজে ষষ্ঠক নেতাদের প্রশিক্ষণ প্রদান করবেন এবং যত তাড়াতাড়ি সম্ভব প্রশিক্ষক দল গঠনের চেষ্টা করবেন।

### ২. আকর্ষণীয়, বৈচিত্রময় ও রোমাঞ্চকর কর্মসূচি

কাব বয়সী বালক/বালিকারা আকর্ষণীয়, বৈচিত্রময় ও রোমাঞ্চপূর্ণ কার্যক্রম পছন্দ করে এবং তা উপভোগ করার জন্য স্কাউট আন্দোলনে যোগদান করে। প্যাক মিটিংয়ের কর্মসূচি আকর্ষণীয়, বৈচিত্রময় এবং রোমাঞ্চকর না হলে তা কাবদের মনে কোন রকম আনন্দ সৃষ্টি করতে পারে না। ফলে কাবেরা একঘেঁয়েমিতে ভোগে এবং প্যাক মিটিংয়ের কার্যক্রমের প্রতি আকর্ষণ হারিয়ে ফেলে।

### ৩. প্রশিক্ষণ উপকরণ

স্কাউটিং পদ্ধতির অন্যতম এক গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হলো হাতে-কলমে কাজ করার মাধ্যমে শেখা। প্রশিক্ষণ উপকরণের অভাব থাকলে কাবেরা হাতেকলমে ব্যবহারিক কাজ করার সুযোগ পায় না। ফলে সেই বিষয়ে তাদের দক্ষতা বৃদ্ধি পায় না। সুতরাং একটি প্যাক মিটিংকে সফল করে তোলার জন্য যেমন প্রয়োজন একটি আকর্ষণীয়, বৈচিত্রময় ও রোমাঞ্চকর কর্মসূচি, তেমনি প্রয়োজন ব্যবহারিক দক্ষতা অর্জনের জন্য বিষয়ভিত্তিক প্রয়োজনীয় প্রশিক্ষণ উপকরণ। প্যাক মিটিংয়ে যে সব ব্যবহারিক বিষয়গুলো কাবদের শেখানো হবে সেই সব বিষয় শেখানোর জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ উপকরণ ইউনিটে পর্যাপ্ত পরিমাণে সংরক্ষণ করা আবশ্যক।

# একটি প্যাক মিটিংয়ের নমুনা

আরম্ভের সময় : শেষ হওয়ার সময় :

| **বিষয়** | **দায়িত্ব** | **সময়** |
|---|---|---|
| উপস্থিত | সকলেই | ১ মি. |
| গ্রান্ড ইয়েল | সিনিয়র ষষ্ঠক নেতা | ২ মি. |
| পতাকা উত্তোলন | কাব লিডার | ১ মি. |
| প্রার্থনা সংগীত | কাবগণ | ৩ মি. |
| পরিদর্শন, চাঁদা আদায় ও রিপোর্টিং | ষষ্ঠক নেতাগণ | ৫মি. |
| ঘোষণা | কাব লিডার | ৩ মি. |
| খেলা/গান/নাচ/গল্প/অভিনয় | সহকারী কাব লিডার | ৫ মি. |
| পুরাতন পাঠের অনুশীলন | ষষ্ঠক নেতাগণ | ৯ মি. |
| খেলা/গান/নাচ/গল্প/অভিনয় | সহকারী কাব লিডার | ৫ মি. |
| নতুন পাঠ | ষষ্ঠক নেতাগণ | ১৫ মি. |
| খেলা/গান/নাচ/গল্প/অভিনয় | সহকারী কাব লিডার | ৫ মি. |
| পতাকার কাছে সমবেত হওয়া | সকলেই | ১ মি. |
| ঘোষণা/প্রার্থনা | কাব লিডার | ২ মি. |
| গ্রান্ড ইয়েল | সিনিয়র ষষ্ঠক নেতা | ১ মি. |
| পতাকা নামানো | কাব লিডার | ১ মি. |
| ছুটি | কাব লিডার | ১ মি. |
| | **মোট সময় =** | **৬০ মি.** |

বি দ্র. প্যাক মিটিং এর নমুনা কর্মসূচি ৯০ মিনিটেরও হতে পারে।

## প্যাক মিটিং পরিচালনা পদ্ধতি

পতাকা দন্ডের সাথে পূর্বেই পতাকা বাঁধা থাকবে। কাবেরা ষষ্ঠক ভিত্তিক পতাকা দন্ডকে সাথে নিয়ে মহাবৃত্তে দাঁড়াবে। সিনিয়র ষষ্ঠক নেতা তার ষষ্ঠক সদস্যদের নিয়ে পতাকা দন্ডের সোজাসুজি সামনে মহাবৃত্তে দাঁড়াবে। সকলে আরামে দাঁড়িয়ে থাকবে। কাব লিডার আগমণের সাথে সাথে সিনিয়র ষষ্ঠক নেতা এক কদম এগিয়ে এসে প্রথমে সংকেতের মাধ্যমে দলকে সোজা করবে। তারপর সিনিয়র ষষ্ঠক নেতা গ্রান্ড ইয়েল দিবে। গ্রান্ড ইয়েল শেষে সিনিয়র ষষ্ঠক নেতা দলকে সংকেতের মাধ্যমে আরামে দাঁড় করিয়ে এক কদম পিছনে নিজ জায়গায় ফিরে গিয়ে আরামে দাঁড়াবে।

কাব লিডার দলকে সংকেতের মাধ্যমে সোজা করে পতাকা দন্ডের দিকে ঘুরে পতাকা দন্ডের কাছে গিয়ে পতাকার দড়ি খুলে ধীর গতিতে পতাকা উঠাতে থাকবেন। পতাকা শীর্ষে পৌছার পর কাব লিডার পতাকার দড়ি দন্ডের সাথে বেঁধে (যত তাড়াতাড়ি সম্ভব) এক কদম পিছনে গিয়ে দলকে “পতাকাকে সালাম” করার নির্দেশ দেবেন। সাথে সাথে তিনিও পতাকাকে সালাম করবেন। কাব লিডার আবার হাত নামাও বলার সাথে সাথে তিনিসহ সকলে হাত নামাবে। এর পর কাব লিডারসহ সকল কাব পূর্বে যে অবস্থায় ছিল সেই অবস্থায় দাঁড়াবে। এর পর কাব লিডার সংকেতের মাধ্যমে সকলকে আরামে দাড় করাবেন তারপর কাব লিডার প্রার্থনা সংগীত বলে প্রার্থনা

সংগীতের নির্দেশনা দেবেন। নির্দেশ পাবার সংগে সংগে প্রার্থনা সংগীত পরিবেশনকারী কাব এক কদম সামনে এসে কাব লিডারকে সালাম দিয়ে আরামে দাঁড়ানো অবস্থায় থেকে হাত দুখানি সামনের দিকে এনে প্রার্থনা সংগীত পরিবেশন অবস্থায় যাবে। পরে প্রার্থনা সংগীত পরিবেশনকারী প্রার্থনা সংগীত গাইতে থাকবে। অন্যান্যরা তাকে (প্রার্থনা সংগীত পরিবেশনকারী) অনুসরণ করবে। প্রার্থনা সংগীত পরিবেশন শেষে সে সোজা হয়ে দাঁড়িয়ে কাব লিডারকে সালাম করবে। কাব লিডার সালাম নেবেন।

সালাম আদান প্রদান শেষে প্রার্থনা সংগীত পরিবেশনকারী কাব এক কদম পিছনে নিজের জায়গায় ফিরে গিয়ে প্রার্থনা সংগীত পরিবেশন অবস্থায় দাঁড়াবে। তখন কাব লিডার ঘোষণা দিবে " যেমন ছিলে " যেমন ছিলে বলার সাথে সাথে সকলে আরামে দাঁড়াবে। এখন কাব লিডার ঘোষণা দিবেন ' পরিদর্শন ও চাঁদা আদায়। এই ঘোষণা দেওয়ার সাথে সাথে মহাবৃত্তে দাঁড়ানো প্রত্যেক ষষ্ঠকের ষষ্ঠক নেতাগণ এক কদম সামনে এসে তার ষষ্ঠকের সদস্যদের মুখোমুখি দাঁড়িয়ে সংকেতের মাধ্যমে তার ষষ্ঠক সদস্যদের সোজা করে দাঁড় করাবে। পরে প্রত্যেক সদস্যকে (স্বাস্থ্য, পোশাক ও পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ে) পরিদর্শন করবে এবং তাঁদের কাছ থেকে সাপ্তাহিক চাঁদা আদায় করবে (যা প্যাক মিটিং শেষে কাব লিডারের নিকট জমা দিবে) পরিদর্শন শেষে তার ষষ্ঠক সদস্যদেরকে সংকেতের মাধ্যমে আরামে দাঁড় করিয়ে দৌড়ে কাব লিডারের সামনে এসে কাব লিডারকে সালাম দিয়ে আরামে দাঁড়িয়ে থাকবে। সকল ষষ্ঠক নেতা এক লাইনে কাব লিডারের সামনে এসে দাঁড়াবে। কাব লিডার পরিদর্শন রিপোর্ট প্রদানের ঘোষণা দিবেন। ঘোষণা দেবার পর ষষ্ঠক নেতাগণ (ডান দিক থেকে) পরিদর্শন রিপোর্ট দিবে। এই ভাবে সকল ষষ্ঠক নেতার রিপোর্ট প্রদান শেষ হলে কাব লিডারকে আবার সালাম দিয়ে বিপরীত দিকে ঘুরে দৌড়ে নিজ জায়গায় ফিরে গিয়ে অন্যদের সাথে আরামে দাঁড়াবে। অতঃপর কাব লিডারের বক্তব্য শেষে ধারাবাহিকভাবে প্যাক মিটিংয়ের অন্যান্য প্রোগ্রাম কাব লিডার নিজে বাস্তবায়ন করতে থাকবেন। কাবদের প্রশিক্ষণ শেষে কাব লিডারের আহবান পাওয়ার সাথে সকল কাব ষষ্ঠক ভিত্তিক পূর্বের মত মহাবৃত্তে আরামে দাঁড়াবে। কাব লিডারের সংক্ষিপ্ত বক্তব্য শেষে (সৃষ্টিকর্তার কাছে প্রার্থনাসহ) সিনিয়র ষষ্ঠক নেতা পূর্বের মত আবার গ্রান্ড ইয়েল দিবে। গ্রান্ড ইয়েল প্রদান শেষে সিনিয়র ষষ্ঠক নেতা নিজ জায়গায় ফিরে যাবে কাব লিডার আবার সংকেতের মাধ্যমে দলকে সোজা করে দাঁড় করিয়ে পতাকা দন্ডের দিকে ঘুরে পতাকার দড়ি খুলে আস্তে আস্তে পতাকা নামাবেন এবং পতাকা দন্ডের সাথে বেঁধে রাখবেন। কাব লিডার মহাবৃত্তে স্বাভাবিক অবস্থায় ঘুরে আরামে দাঁড়াবেন এবং অন্যদেরকেও সংকেতের মাধ্যমে আরামে দাঁড় করাবেন। এরপর কাব লিডার সংকেতের মাধ্যমে দলকে সোজা করে ছু-টি এই ঘোষণা দেবার সাথে সাথে মহাবৃত্তে দাঁড়ানো সকল কাব ডান দিকে ঘুরে সোজা হয়ে দাঁড়িয়ে সালাম প্রদর্শন করে 'ধন্যবাদ' শব্দটি জোরে উচ্চারণ করে প্যাক মিটিং স্থান ত্যাগ করবে।

**করণীয়**

১. রোমাঞ্চকর পরিকল্পনা নিশ্চিত করা।
২. ষষ্ঠক নেতাদের পূর্বাহ্নে প্রশিক্ষণ দিয়ে রাখা।
৩. পর্যাপ্ত উপকরণ প্রস্তুত রাখা।
৪. নিরাপত্তার বিষয়ে সজাগ দৃষ্টি দেয়া।
৫. বাড়িতে ফেরার পূর্বে প্রত্যেকে যেন পরিষ্কার পরিচ্ছন্ন হয়ে নেয় সে দিক দৃষ্টি রাখা।
৬. মূল্যায়ণ সভার ব্যবস্থা করা।

# কাব স্কাউটদের আইন নৃত্য
## সেশন প্লান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **সেশনের নাম** | : | কাব স্কাউটদের আইন নৃত্য | **কোর্স** | : | ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | | **তারিখ** | : | |
| **আরম্ভের সময়** | : | | **শেষ করার সময়** | : | |
| **মোট সময়** | : | | **শিক্ষাদানের তারিখ** | : | |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. কাব স্কাউটদের আইন নৃত্য-এর প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবেন;
২. কাব স্কাউটদের আইন নৃত্য-এর পদ্ধতি/কৌশল বর্ণনা করতে পারবেন;
৩. কাব স্কাউটদের আইন নৃত্য ষষ্ঠক-এর সদস্যদের শিখাতে পারবেন।

**সূচিপত্র** (সারসংক্ষেপ)

১. কাব স্কাউটের আইন নৃত্য কী; ২. কাব স্কাউটের আইন নৃত্য প্রয়োজনীয়তা; ৩. কাব স্কাউটের আইন নৃত্য-এর কৌশল; ৪. কাব স্কাউটের আইন নৃত্য-এর অনুশীলন।

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১. | ভূমিকা | ০২ মি. |
| ২. | কাব স্কাউটদের আইন নৃত্য কী | ০২ মি. |
| ৩. | কাব স্কাউটদের আইন নৃত্য-এর প্রয়োজনীয়তা | ০৫ মি. |
| ৪. | কাব স্কাউটদের আইন নৃত্য-এর পদ্ধতি/কৌশল | ০৫ মি. |
| ৫. | কাব স্কাউটদের আইন নৃত্য-এর অনুশীলন | ১৫ মি. |
| ৬. | গান | ০৫ মি. |
| ৭. | কাব স্কাউটদের আইন নৃত্য-এর উপস্থাপন পদ্ধতি | ০৫ মি. |
| ৯. | সামিং আপ | ০২ মি. |
| ১০. | প্রশ্ন উত্তর পর্ব | ০৪ মি. |
| ১১. | কাব স্কাউটদের আইন নৃত্য-এর মহড়া | ১৫ মি. |
| | মোট সময় = | ৬০ মি. |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার ও ডেমোনেস্ট্রেশন।

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:** ল্যাপটপ, মাল্টিমিডিয়া, স্ক্রীন, লেজার পেন, পোস্টার পেপার, মার্কার পেন, পয়েন্টার, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট, হ্যান্ডআউট ইত্যাদি।


**ফলোআপ/অনুসরণ প্রক্রিয়া** (সেশন পরবর্তী)

কোর্স চলাকালীন সময়ে কাউন্সিলরের উপস্থিতিতে অবসর সময়ে আইন নৃত্যে অংশগ্রহণ করে দেখাবেন।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| স্বাক্ষর | : | | স্বাক্ষর | : | |
| কোর্স লিডার | : | | সেশন পরিচালক | : | |

# কাব স্কাউটের আইন নৃত্য

ষষ্ঠকের সকল কাবেরা একসাথে আইন নৃত্যে অংশগ্রহণ করলে সুন্দর আনন্দদায়ক ও উপভোগ্য হয় এবং দলীয় চেতনাবোধ থেকে বিষয়টি কাব স্কাউটদের পক্ষে সম্পন্ন করা সহজতর ও সাবলীল হয়ে উঠে।



**আইন নৃত্যের কৌশল:** আইন নৃত্যের জন্য চক বা দড়ি দিয়ে পূর্বেই বৃত্ত তৈরি করে নেয়া যেতে পারে। কাব স্কাউটরা বৃত্তাকারে দাঁড়াবে। সকলের মুখ বৃত্তের কেন্দ্রের দিকে থাকবে। ষষ্ঠক নেতা কমান্ড দিবে, "আইন নৃত্যের জন্য প্রস্তুত" ষষ্ঠক নেতাসহ সকল কাব স্কাউট লাফ দিয়ে অর্ধ ডান দিকে ঘুরে বাম পা বৃত্তের ভিতরে এবং ডান পা রেখার উপরে রেখে পা ফাক করে দুই হাত কোমড়ে রেখে দাঁড়াবে। এর পর সবাই "কা-বে-রা" বলতে বলতে ধীর লয়ে ডান হাত মাথার উপর দিয়ে অর্ধবৃত্তাকারে ঘুরিয়ে বাম পায়ের আংগুল স্পর্শ করে হাত আবার একইভাবে মাথার উপর দিয়ে ঘুরিয়ে এনে কোমরের পূর্বস্থানে রাখবে। আবার সবাই সমস্বরে "ব -ড়-দের" বলতে বলতে ধীর লয়ে ডান হাত মাথার উপর দিয়ে অর্ধবৃত্তাকারে ঘুরিয়ে আবার বাম পায়ের আংগুল স্পর্শ করে হাত পূর্বের মত আবার কোমড়ের পূর্বস্থানে রাখবে। এ অবস্থায় এবার বাম পা তুলে এক কদম সামনে দাগের উপর রেখে বলবে "ক-থা", পরক্ষণেই ডান পা এক কদম সামনে দাগের উপর রেখে বলবে "মে-নে"। "চ-লে" বলতে বলতে তাল মিলিয়ে বিশেষ ভংগীমায় বাম পা তুলে পায়ের পাতাকে দুলিয়ে এক কদম সামনে পূর্ববত দাগের ভিতর রাখতে হবে।

পরবর্তী পর্যায়ে কোমরে হাত রেখেই কাব স্কাউটরা আইনের বাকী অংশ "নি-জে-দে-র" বলতে বলতে আগের মত ডান হাত ঘুরিয়ে বাম পায়ের আংগুল স্পর্শ করবে।

আবার বাম পা ভূমির উপর থেকে তুলে এক কদম সামনে রেখে বলবে "কি-ছু", পরক্ষণেই ডান পা এক কদম সামনে রেখে বলবে "না-হি"। "ক-রে" বলতে বলতে তাল মিলিয়ে বিশেষ ভংগীমায় বাম পা তুলে পায়ের পাতাকে দুলিয়ে এক কদম সামনে দাগের ভিতর রাখতে হবে।

পরবর্তী পর্যায়ে কোমরে হাত রেখেই কাব স্কাউটরা আইনের বাকী অংশ "নি-জে-দের" বলতে বলতে আগের মত ডান হাত মাথার উপর দিয়ে ঘুরিয়ে বাম পায়ের আংগুল স্পর্শ করবে। "খে-য়া-লে" বলতে বলতে আগের মত ডান হাত ঘুরিয়ে বাম পায়ের আংগুল স্পর্শ করবে।

আবার বাম পা ভূমির উপর থেকে তুলে এক কদম সামনে রেখে বলবে "কি-ছু," পরক্ষনেই ডান পা এক কদম সামনে রেখে বলবে "না-হি"। "ক-রে" বলতে বলতে তাল মিলিয়ে বিশেষ ভংগীমায় ডান পা তুলে বাম পায়ের পাতার উপর ভর দিয়ে ডান দিক দিয়ে উল্টা ঘুরবে। এ অবস্থায় বাম পা বৃত্তের বাইরে এবং ডান পা দাগের উপর থাকবে। পরক্ষণেই ডানদিকে ঘুরে বৃত্তের কেন্দ্রের দিকে মুখ করে সোজা হয়ে দাড়াবে। এভাবে কাব স্কাউটরা বার বার অনুশীলন করলে আইন নৃত্যে পারদর্শী হবে এবং কাবের আইন মুখস্থ হবে।

# ট্রুপ মিটিং
## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : ট্রুপ মিটিং | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. ট্রুপ মিটিং এর প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবেন।
২. ট্রুপ মিটিং পরিচালনা পদ্ধতি বর্ণনা করতে পারবেন।
৩. ট্রুপ মিটিংয়ে একটি নমুনা কর্মসূচি প্রণয়নে সক্ষম হবেন।

**সূচিপত্র** (সারসংক্ষেপ)

১. ট্রুপ মিটিং কী; ২. ট্রুপ মিটিংয়ের প্রয়োজনীয়তা; ৩. ট্রুপ মিটিংয়ের বৈশিষ্ট্য
৪. বিশেষ প্যাক মিটিং ৫. ট্রুপ মিটিয়েংর পরিচালনা পদ্ধতি ৬. ট্রুপ মিটিংয়ের নমুনা কর্মসূচি।

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১. | ভূমিকা | ০২ মি. |
| ২. | ট্রুপ মিটিং কী | ০২ মি. |
| ৩. | ট্রুপ মিটিংয়ের প্রয়োজনীয়তা | ০৫ মি. |
| ৪. | ট্রুপ মিটিংয়ের বৈশিষ্ট্য | ০৩ মি. |
| ৫. | বিশেষ ট্রুপ মিটিং | ০৫ মি. |
| ৬. | গান | ০২ মি. |
| ৭. | ট্রুপ মিটিং পরিচালনা পদ্ধতি | ০৫ মি. |
| ৮. | ট্রুপ মিটিংয়ের নমুনা কর্মসূচি | ০৫ মি. |
| ৯. | সামিং আপ | ০২ মি. |
| ১০. | প্রশ্ন উত্তর পর্ব | ০৪ মি. |
| ১১. | ট্রুপ মিটিং এর মহড়া | ২৫ মি. |
| | মোট সময় = | ৬০ মি. |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার ও ডেমোনেস্ট্রেশন।

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:** ল্যাপটপ, মাল্টিমিডিয়া স্ক্রীন, পেনড্রাইভ, লেজার পেন, পোস্টার পেপার, মার্কার পেন, পয়েন্টার, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট, হ্যান্ডআউট ইত্যাদি।

**ফলোআপ** (সেশন পরবর্তী)

কোর্স চলাকালীন ট্রুপ মিটিংয়ে অংশগ্রহণের মাধ্যমে একটি ট্রুপ মিটিংয়ের নমুনা কর্মপদ্ধতি তৈরি করে স্কাউট লিডারকে দেখাবেন।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# ট্রুপ মিটিং

## ট্রুপ মিটিং কী?

স্কাউটিং-এ মিটিং অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়। সপ্তাহের একটি নির্দিষ্ট দিনে, নির্দিষ্ট স্থানে ও নির্দিষ্ট সময়ে ট্রুপের সকল স্কাউট একত্রিত হয়ে স্কাউট প্রোগ্রাম বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণ করে। এই কার্যক্রমকে ট্রুপ মিটিং বলে।

ট্রুপ মিটিং এর কার্যকাল ৬০ মিনিট থেকে ৯০ মিনিট। এ নির্ধারিত সময়ের মধ্যে স্কাউটরা আনন্দদায়ক গান ও খেলা ও বিভিন্ন প্রতিযোগিতার সাথে সাথে স্কাউটিং এর ব্যবহারিক বিষয়ে দক্ষতা অর্জনের সুযোগ পায়।

## প্রয়োজনীয়তা

১. ইউনিটকে সচল ও সতেজ রাখার গুরুত্বপূর্ণ মাধ্যম।
২. উপদল পদ্ধতি গতিশীল ও সক্রিয় রাখার উত্তম মাধ্যম।
৩. স্কাউটদের নেতৃত্ব বিকাশে সহায়ক।
৪. স্কাউট স্কিল বিষয়সমূহ হাতে কলমে শেখার সুযোগ ঘটে।
৫. উপদল চেতনা বাস্তবায়নের মাধ্যম হিসাবে কাজ করে।
৬. স্কাউটদের সম্পৃক্ততা বৃদ্ধি পায়।

## ট্রুপ মিটিং এর প্রকারভেদ

ট্রুপ মিটিং দু ধরণের - ১) নিয়মিত ট্রুপ মিটিং ২) বিশেষ ট্রুপ মিটিং।

### ১. ট্রুপ মিটিং এর বৈশিষ্ট্য

সাধারণ ট্রুপ মিটিংয়ে সময় নির্ধারিত রয়েছে। একটি সাধারণ ট্রুপ মিটিং এর সময়কাল থাকে ৬০ থেকে ৯০ মিনিট। এ ধরনের ট্রুপ মিটিং এ ট্রুপের সকল স্কাউট নির্ধারিত তারিখ, সময় ও স্থানে নির্ধারিত পদ্ধতিতে আনন্দঘন পরিবেশে ব্যবহারিক বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করে। সাধারণ ট্রুপ মিটিং এর বিশেষ দিক হলো, এ সময় উপদল নেতাগণ অত্যন্ত সক্রিয় থাকে। মূলতঃ এ ট্রুপ মিটিং এ সকল কার্যক্রম তারাই (উপদল নেতাগণ) পরিচালনা করে। ইউনিট লিডার/সহকারী ইউনিট লিডারগণ মূলতঃ আনুষ্ঠানিকতা, স্কাউট প্রোগ্রামের কিছু বিষয় হাতে কলমে শেখানো এবং পর্যবেক্ষকের দায়িত্ব পালন করেন। এ ট্রুপ মিটিং-এ স্কাউট প্রোগ্রামের বাস্তবায়ন হয়। উপদল নেতা ট্রুপ মিটিংয়ের নির্ধারিত বিষয়ে ইউনিট লিডার/সহকারী ইউনিট লিডারের নিকট থেকে হাতে কলমে শেখে যা তারা ট্রুপ মিটিংয়ের সময় উপদল নেতাগণ সদস্যদের শিখিয়ে থাকে।

### ২. বিশেষ ট্রুপ মিটিং

ট্রুপের কোন বিশেষ কর্মসূচি/স্কাউট স্কিল ও বিশেষ কিছু বিষয়ে পারদর্শিতা অর্জনের জন্য বিশেষ ট্রুপ মিটিং অনুষ্ঠিত হয়। ইউনিটের সকল স্কাউট একসাথে অংশগ্রহণ করে নির্ধারিত কর্মসূচী বাস্তবায়ন করে। বিশেষ ট্রুপ মিটিং এর কাজ সম্পাদনের জন্য উপদল নেতা ছাড়াও ইউনিট লিডার/সহকারী ইউনিট লিডার/বিশেষজ্ঞ বা ইন্সট্রাক্টর সক্রিয় থাকেন। এতে গ্রুপ কাউন্সিল, গ্রুপ কমিটির সদস্যবৃন্দ, অভিভাবক, অতিথিবৃন্দের আগমন বা উপস্থিতি ঘটতে পারে।

বিশেষ ট্রুপ মিটিং এর বিষয়সমূহ (১) প্রাথমিক প্রতিবিধান, উদ্ধার কাজ, পাইওনিয়ারিং, বনকলা, প্রকৃতি পর্যবেক্ষণ, অগ্নিনির্বাপক প্রশিক্ষণ ও বিভিন্ন পারদর্শিতা ব্যাজের বিষয়ে হাতে কলমে শিক্ষাদান, (২) স্কাউটস ওন (৩) জাতীয় দিবস উদযাপন (৪) বিপি দিবস পালন (৫) বিদ্যালয়ের প্রতিষ্ঠা বার্ষিকী পালন (৬) ট্রুপের বিভিন্ন অনুষ্ঠানাদি ইত্যাদি।

## সফল ট্রুপ মিটিংয়ের উপাদান

একটি ট্রুপ মিটিং তখনই সফল হয় যখন নিম্নলিখিত উপাদানগুলো কার্যকরভাবে পুরোমাত্রায় থাকে ১) প্রশিক্ষক দল ২) আকর্ষণীয়, বৈচিত্রময় ও রোমাঞ্চকর কর্মসূচি এবং ৩) ট্রুপ মিটিংয়ের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ উপকরণ।

## ১. প্রশিক্ষক দল

ট্রুপ মিটিংয়ে যে সকল বিষয় শেখানো হবে সেগুলো ট্রুপ মিটিং শুরুর পূর্বে প্রশিক্ষক দল উপদল নেতাদের হাতেকলমে শিক্ষা দেবেন। যদি প্রশিক্ষক দল না থাকে তা হলে উপদল নেতাদের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ দেওয়া বেশ কষ্টকর হয়। উপদল নেতারা যদি পূর্বাহ্নে বিষয়গুলো যথাযথভাবে শিখতে পারে তা হলে ট্রুপ মিটিং চলাকালিন সময়ে নিজ উপদল সদস্যদের সুন্দরভাবে শেখাতে সক্ষম হয়। প্রশিক্ষক দল উপদল নেতাদের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ দানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন। ইউনিট লিডার, সহকারী ইউনিট লিডার, ইনস্ট্রাক্টর ও বিশেষজ্ঞগণ দ্বারা প্রশিক্ষক দল গঠিত হয়। প্রশিক্ষক দল না থাকলে ইউনিট লিডার নিজে উপদল নেতাদের প্রশিক্ষণ প্রদান করবেন এবং যত তাড়াতাড়ি সম্ভব প্রশিক্ষক দল গঠনের চেষ্টা করবেন।

## ২. আকর্ষণীয়, বৈচিত্রময় ও রোমাঞ্চকর কর্মসূচি

স্কাউট বয়সী বালক/বালিকারা আকর্ষণীয়, বৈচিত্রময় ও রোমাঞ্চপূর্ণ কার্যক্রম পছন্দ করে এবং তা উপভোগ করার জন্য স্কাউট আন্দোলনে যোগদান করে। ট্রুপ মিটিংয়ের কর্মসূচি আকর্ষণীয়, বৈচিত্রময় এবং রোমাঞ্চকর না হলে তা স্কাউটদের মনে কোন রকম আনন্দ সৃষ্টি করতে পারে না। ফলে স্কাউটরা একঘেঁয়েমিতে ভোগে এবং ট্রুপ মিটিংয়ের কার্যক্রমের প্রতি আকর্ষণ হারিয়ে ফেলে।

## ৩. প্রশিক্ষণ উপকরণ

স্কাউটিং পদ্ধতির অন্যতম এক গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হলো হাতেকলমে কাজ করার মাধ্যমে শেখা। প্রশিক্ষণ উপকরণের অভাব থাকলে স্কাউটরা হাতেকলমে ব্যবহারিক কাজ করার সুযোগ পায় না। ফলে সেই বিষয়ে তাদের দক্ষতা বৃদ্ধি পায় না। সুতরাং একটি ট্রুপ মিটিংকে সফল করে তোলার জন্য যেমন প্রয়োজন একটি আকর্ষণীয়, বৈচিত্রময় ও রোমাঞ্চকর কর্মসূচি, তেমনি প্রয়োজন ব্যবহারিক দক্ষতা অর্জনের জন্য বিষয়ভিত্তিক প্রয়োজনীয় প্রশিক্ষণ উপকরণ। ট্রুপ মিটিংয়ে যে সব ব্যবহারিক বিষয়গুলো স্কাউটদের শেখানো হবে সেই সব বিষয় শেখানোর জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ উপকরণ ইউনিটে পর্যাপ্ত পরিমাণে সংরক্ষণ করা আবশ্যক।

## একটি ট্রুপ মিটিংয়ের নমুনা কর্মসূচি

আরম্ভের সময়: শেষ হওয়ার সময় :

| বিষয় | দায়িত্ব | সময় |
|---|---|---|
| উপস্থিত | সকলেই | ১মি. |
| পতাকা উত্তোলন | স্কাউট লিডার | ১মি. |
| প্রার্থনা সংগীত | স্কাউটগণ | ২মি. |
| পরিদর্শন, চাঁদা আদায় ও রির্পোটিং | উপদল নেতাগণ | ৪মি. |
| ঘোষণা | স্কাউট লিডার | ৩ মি. |
| খেলা/গান/নাচ/গল্প/অভিনয় | সহকারী স্কাউট লিডার | ৪ মি. |
| পুরাতন পাঠের অনুশীলন | উপদল নেতাগণ | ১০ মি. |
| খেলা/গান/নাচ/গল্প/অভিনয় | সহকারী স্কাউট লিডার | ৫ মি. |
| নতুন পাঠ | উপদল নেতাগণ | ২০মি. |
| খেলা/গান/নাচ/গল্প/অভিনয় | সহকারী স্কাউট লিডার | ৫ মি. |
| পতাকার কাছে সমবেত হওয়া | সকলেই | ১ মি. |
| ঘোষণা/প্রার্থনা | স্কাউট লিডার | ৩ মি. |
| পতাকা নামানো | স্কাউট লিডার | ১ মি. |
| ছুটি | স্কাউট লিডার | ১ মি. |
| | **মোট সময় =** | **৬০ মি.** |

বি. দ্র. ট্রুপ মিটিং এর নমুনা কর্মসূচি ৯০ মিনিটেরও হতে পারে।

## সাধারণ ট্রুপ মিটিং পরিচালনা পদ্ধতি

স্কাউটরা উপদল ভিত্তিক অশ্বখুরাকৃতিতে পতাকা দন্ডের সামনে দাঁড়িয়ে থাকবে। সিনিয়র প্যাট্রোল লিডার উপদলসহ পতাকাদন্ডের দিক থেকে পতাকা দন্ডের বাম পার্শ্বে দাঁড়াবে। পতাকাদন্ডের সাথে পূর্বেই প্রস্তুত থাকবে।

স্কাউট লিডার যখন আসবেন পতাকা দন্ড থেকে ১০ কদম দূরে থাকতেই সিনিয়র প্যাট্রোল লিডার এক কদম সামনে এসে দলকে কমান্ড দেব "সোজা হও" সকলে সোজা হবে। সিনিয়র প্যাট্রোল লিডার স্কাউট লিডারের দিকে ঘুরে তাঁকে সালাম দেবে। স্কাউট লিডার সালামের প্রতি উত্তর দেবে। সালাম বিনিময় শেষে স্কাউট লিডার পতাকা দন্ডের এক কদম পিছনে এসে দাঁড়াবেন। সিনিয়র প্যাট্রোল লিডার কমান্ড দেবে "আরামে দাঁড়াও"। সকলে আরামে দাঁড়াবে। সিনিয়র প্যাট্রোল লিডার কমান্ড দেবে "পতাকা উত্তোলন"। স্কাউট লিডার পতাকার রশি খোলার সাধে সাথে, সিনিয়র প্যাট্রোল লিডার কমান্ড দেবে "সোজা হও"। স্কাউট লিডার আস্তে আস্তে পতাকা ওটাবেন, পতাকা দন্ডের শীর্ষে ওঠার সাথে সাথে সিনিয়র প্যাট্রোল লিডার কমান্ড দেবে, "পতাকাকে সালাম কর"। সকলে সালাম করবে। স্কাউট লিডার পতাকা রশি বাধাঁর পরে পতাকাকে সালাম জানাবেন। স্কাউট লিডারের সালাম জানানোর পর সিনিয়র প্যাট্রোল লিডার কমান্ড দেবে "হাত নামাও"। সকলে হাত নামাবে। সিনিয়র প্যাট্রোল লিডার কমান্ড দেবে "আরামে দাঁড়াও"। তারপর সিনিয়র প্যাট্রোল লিডার সকলে তার উপদলে নিজ জায়গায় ফিরে যাবে।

পরবর্তী সকল প্রকার কমান্ড স্কাউট লিডার দেবেন। যেমন- "প্রাথনা সংগীত", "পরির্দশন ও চাঁদা আদায়", "রির্পোট-এ পেশ" ইত্যাদি।

## প্রার্থনা সংগীত

যে স্কাউট প্রার্থনা সংগীত গাইবে, সোজা হয়ে দাঁড়িয়ে এক কদম সামনে এসে সালাম জানাবে। এমন সময় "প্রার্থনার জন্য প্রস্তত" কমান্ড হবে। সংশ্লিষ্ট স্কাউট প্রার্থনার ন্যায় দাঁড়িয়ে প্রার্থনা সংগীত আরম্ভ করবে। প্রার্থনা সংগীত শেষে স্কাউট লিডারকে সালাম জানিয়ে তার নিজ জায়গায় ফিরে যাবে।

## পরিদর্শন ও চাঁদা আদায়

স্কাউট লিডার ঘোষণার মাধ্যমে উপদল নেতাগণ নিজ নিজ উপদল পরিদর্শন ও চাঁদা আদায় করবে। এ সময়ে উপদলের সদস্যগণের নখ, দাঁত চুল পোশাক ও স্বাস্থ্য এগুলো উপদল নেতা পর্যবেক্ষণ করবে।

## রিপোর্ট পেশ

পর্যায়ক্রমিকভাবে উপদল নেতাগণ লাইন থেকে এক কদম সামনে এসে স্কাউট লিডারকে সালাম জানিয়ে রিপোর্ট পেশ করবে এবং রিপোর্ট শেষে স্কাউট লিডারকে সালাম জানিয়ে এক কদম পিছিয়ে তার নিজ জায়গায় ফিরে যাবে। রিপোর্ট পেশ এর পরে স্কাউট লিডার পরবর্তী কার্যক্রমের জন্য "ছু-টি" ঘোষণা করবেন। উপদল নেতাগণ সদস্যদের নিয়ে সুবিধামত উপদল কর্ণারে প্রশিক্ষণ কার্যক্রমগুলো (ব্যবহারিক) বাস্তবায়ন করবে। বাকী আনুষ্ঠানিকতার জন্য স্কাউট লিডার সংকেত/বাঁশির মাধ্যমে উপদল নেতাগণকে তার সামনে উপস্থিত হওয়ার নির্দেশ করেন।

এরপর পর্যায়ক্রমে পরিকল্পনা মোতাবেক ট্রুপ মিটিং এর কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। সবশেষে স্কাউটরা হাত, মুখ, মাথা আঁচরিয়ে, পতাকা দন্ডের কাছে আসবে। স্কাউট লিডারের ঘোষণা ও নীরব প্রার্থনার পর স্কাউট লিডার পতাকা নামিয়ে ট্রুপ মিটিং এর সমাপ্তি টানবেন।

### করণীয়

১. রোমাঞ্চকর পরিকল্পনা নিশ্চিত করা।
২. উপদল নেতাদের পূর্বাহ্নে প্রশিক্ষণ দিয়ে রাখা।
৩. নিরাপত্তার উপকরণ প্রস্তত রাখা।
৪. নিরাপত্তায় বিষয়ে সজাগ দৃষ্টি দেয়া।
৫. বাড়িতে ফেরার পূর্বে প্রত্যেকে যেন পরিষ্কার পরিচ্ছন্ন হয়ে নেয় সে দিক দৃষ্টি রাখা।

# ক্রু মিটিং
## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : ক্রু মিটিং | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. ক্রু মিটিং এর প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবেন।
২. ক্রু মিটিং পরিচালনা পদ্ধতি বর্ণনা করতে পারবেন।
৩. ক্রু মিটিংয়ে একটি নমুনা কর্মসূচি প্রণয়নে সক্ষম হবেন।

**সূচিপত্র** (সারসংক্ষেপ)

১. ক্রু মিটিং কী; ২. ক্রু মিটিংয়ের প্রয়োজনীয়তা; ৩. ক্রু মিটিংয়ের বৈশিষ্ট্য
৪. বিশেষ ক্রু মিটিং ৫. ক্রু মিটিয়েংর পরিচালনা পদ্ধতি ৬. ক্রু মিটিংয়ের নমুনা কর্মসূচি।

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১. | ভূমিকা | ০২ মি. |
| ২. | ক্রু মিটিং কী | ০২ মি. |
| ৩. | ক্রু মিটিংয়ের প্রয়োজনীয়তা | ০৫ মি. |
| ৪. | ক্রু মিটিংয়ের বৈশিষ্ট্য | ০৩ মি. |
| ৫. | বিশেষ ক্রু মিটিং | ০৫ মি. |
| ৬. | গান | ০২ মি. |
| ৭. | ক্রু মিটিং পরিচালনা পদ্ধতি | ০৫ মি. |
| ৮. | ক্রু মিটিংয়ের নমুনা কর্মসূচি | ০৫ মি. |
| ৯. | সামিং আপ | ০২ মি. |
| ১০. | প্রশ্ন উত্তর পর্ব | ০৪ মি. |
| ১১. | ক্রু মিটিং এর মহড়া | ২৫ মি. |
| | মোট সময় = | ৬০ মি. |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার ও ডেমোনেস্ট্রেশন পদ্ধতি

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:** ল্যাপটপ, মাল্টিমিডিয়া স্ক্রীন, পেনড্রাইভ, লেজার পেন, পোস্টার পেপার, মার্কার পেন, পয়েন্টার, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট, হ্যান্ডআউট ইত্যাদি।

**ফলোআপ** (সেশন পরবর্তী)

কোর্স চলাকালীন ক্রু মিটিংয়ে অংশগ্রহণের মাধ্যমে একটি ক্রু মিটিংয়ের নমুনা কর্মপদ্ধতি তৈরি করে রোভার স্কাউট লিডারকে দেখাবেন।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# ক্রু মিটিং

## ক্রু মিটিং কি?

ক্রু মিটিং হচ্ছে রোভার প্রোগ্রাম বাস্তায়নের জন্য ৬০-৯০ মিনিট ব্যাপী প্রশিক্ষণ দানের লক্ষ্যে নিয়মিত সাপ্তাহিক রোভার স্কাউট কর্মসূচী। ক্রু মিটিংয়ের যে সকল বিষয় রোভারদের শেখানো হয় সে বিষয়গুলি ইউনিট লিডার, সহকারী ইউনিট লিডার, ইনষ্ট্রাক্টর, বিশেষজ্ঞগণ ক্রু মিটিং শুরু হওয়ার আগে রোভার মেটদের ভালভাবে শিখিয়ে দেন। পরবর্তীতে ক্রু মিটিং চলাকালীন সময়ে রোভার মেটরা সহকারী ইউনিট লিডার ও ইনস্ট্রাকটরদের সহায়তায় নিজ নিজ উপদল সদস্যদের সেই সব বিষয় হাতে কলমে শেখায়। ক্রু মিটিংয়ে কেবলমাত্র ব্যবহারিক বিষয় শেখানো হয়। ক্রু মিটিং চলাকালীন সময়ে ইউনিট লিডার ঘুরে ঘুরে উপদলের কার্যাবলী পর্যবেক্ষণ করবেন এবং পরবতীতে ক্রু মিটিং মূল্যায়নের সময় রোভার মেটদের ত্রুটিগুলো সংশোধন করে সঠিক বিষয়টি তাদের শিখিয়ে দেবেন।

## ক্রু মিটিংয়ের প্রয়োজনীয়তা

ইউনিটে ক্রমোন্নতিশীল স্কাউটিং চালু রাখার জন্য ক্রু মিটিং একান্ত অপরিহার্য। স্কাউটিং এর অন্যতম বৈশিষ্ট্য হলো " হাতে কলমে কাজ করার মাধ্যমে শেখা"। নিয়মিত ক্রু মিটিং না হলে রোভারদের হাতে কলমে কাজ করার সুযোগ কমে যায় এবং এর কার্যক্রম স্তিমিত হয়ে পড়ে। তারা ব্যবহারিক দক্ষতা অর্জন করতে পারেনা। কেবলমাত্র ক্রু মিটিংয়ের মাধ্যমেই কোন নির্দিষ্ট বিষয় হাতে কলমে শিখিয়ে দক্ষতা অর্জন করানো সম্ভব। ফলে রোভাররা বিষয় ভিত্তিক দক্ষতা লাভ করে নির্দিষ্ট ব্যাজ অর্জনে সক্ষম হয়।

ধাপে ধাপে ব্যাজের উপর দক্ষতা অর্জন না করলে তারা নির্দিষ্ট ব্যাজ অর্জনে ব্যর্থ হয়। ক্রমোন্নতিশীল ব্যাজের প্রশিক্ষণে ক্রু মিটিং এর প্রয়োজনীয়তা অত্যধিক।

## সফল ক্রু মিটিংয়ের উপাদন

১। প্রশিক্ষক দল, ২) আকর্ষণীয়, বৈচিত্রময় ও রোমাঞ্চকর কর্মসূচী এবং ৩) ক্রু মিটিংয়ের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ উপকরণ।

### ১. প্রশিক্ষক দল

ক্রু মিটিংয়ে যে সকল বিষয় শেখানো হবে সেগুলো ক্রু মিটিং শুরুর পূর্বে প্রশিক্ষক দল রোভার মেটদের হাতে কলমে শিক্ষা দেবেন। রোভার মেটরা পূর্বাহ্নে বিষয়গুলো যথাযথভাবে শিখে ক্রু মিটিং চলাকালীন সময়ে নিজ উপদল সদস্যদের সুন্দরভাবে শেখাবে। ইউনিট লিডার, সহকারী ইউনিট লিডার, ইনস্ট্রাক্টর ও বিশেষজ্ঞগণ দ্বারা প্রশিক্ষণ দল গঠিত হয়। প্রশিক্ষক দল না থাকলে ইউনিট লিডার নিজে রোভার মেটদের প্রশিক্ষণ প্রদান করবেন এবং যত তাড়াতাড়ি সম্ভব প্রশিক্ষক দল গঠনের চেষ্টা করবেন।

### ২. আকর্ষণীয়, বৈচিত্রময় ও রোমাঞ্চকর কর্মসূচি

রোভার বয়সী বালক-বালিকারা আকর্ষনীয়, বৈচিত্রময় ও রোমঞ্চপূর্ণ কার্যক্রম পছন্দ করে এবং তা উপভোগ করার জন্য স্কাউট আন্দোলনে যোগদান করে। ক্রু মিটিংয়ের কর্মসূচি আকর্ষনীয়, বৈচিত্রময়, এবং রোমাঞ্চকর না হলে তা রোভারদের মনে কোন রকম আনন্দ সৃষ্টি করতে পারে না। ফলে রোভাররা একঘেঁয়েমিতে ভোগে এবং ক্রু মিটিংয়ের কার্যক্রমের প্রতি আকর্ষণ হারিয়ে ফেলে।

### ৩. প্রশিক্ষণ উপকরণ

স্কাউটিং পদ্বতির অন্যতম এক গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হলো হাতে-কলমে কাজ করার মাধ্যমে শেখা। প্রশিক্ষণ উপকরণের অভাব থাকলে রোভাররা হাতে-কলমে ব্যবহারিক কাজ করার সুযোগ পায় ন। ফলে সে বিষয়ে তাদের দক্ষতা বৃদ্ধি পায় না। সুতরাং একটি ক্রু মিটিংকে সফল করে তোলার জন্য যেমন প্রয়োজন একটি আকর্ষনীয়, বৈচিত্রময় ও রোমাঞ্চকর কর্মসূচী, তেমনি যে সব ব্যবহারিক বিষয়গুলো রোভারদের শেখানো হবে সে সব বিষয় শেখানোর জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ উপকরণ ইউনিটে পর্যাপ্ত পরিমাণে সংরক্ষণ করা আবশ্যক।

রোভার বয়সী যুবক-যুবতী আকর্ষনীয়, বৈচিত্রময় ও রোমাঞ্চকর কার্যক্রম পছন্দ করে তা উপভোগ করার জন্য স্কাউট আন্দোলনে যোগদান করে। কোন স্কাউট আন্দোলনে যোগদান করে। কোন ক্রু মিটিংকে সফল করে তোলার জন্য এবং ক্রমোন্নতিশীল প্রশিক্ষণ বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ক্রু মিটিংয়ের কর্মসূচি এমনভাবে প্রণয়ন করতে হবে যার মধ্যে থাকবে রোভার বয়সী যুবক/যুবতীদের আগ্রহ বজায় রাখার মত আকর্ষণীয়, বৈচিত্রময় ও রোমাঞ্চকর কার্যক্রম। যার ফলশ্রুতিতে ক্রু মিটিংয়ের সফলতা ও যুবক-যুবতীদের চাহিদার পরিপূর্ণতা লাভ করে।

## ক্রু মিটিং পরিচালনা পদ্ধতি

**অবস্থান**

রোভার স্কাউট উপদল ভিত্তিক অশ্বখুরাকৃতিতে পতাকা দন্ডের সামনে দাঁড়িয়ে থাকবে। সিনিয়র রোভার মেট উপদলই পতাকাদন্ডের দিক থেকে পতাকা দন্ডের বাম পাশ্বে দাঁড়াবে। পতাকাদন্ডের সাথে পতাকা পূর্বেই প্রস্তুত থাকবে। রোভার স্কাউট লিডার যখন আসবেই পতাকা দন্ড থেকে ১০ কদম দূরে থাকতেই সিনিয়র রোভার মেট এক কদম এসে দলকে কমান্ড দেবে "সোজা হও" সকলে সোজা হবে। সিনিয়র রোভার মেট রোভার স্কাউট লিডার এর দিকে ঘুরে তাকে সালাম দেবে। রোভার স্কাউট লিডার সালামের প্রতি উত্তর দেবেন। সালাম বিনিময় শেষে রোভার স্কাউট লিডার পতাকা দন্ডের এক কদম পিছে এসে দাঁড়াবেন। সিনিয়র রোভার মেট কমান্ড দেবে "আরামে দাঁড়াও"। সকলে আরামে দাড়াবে। সিনিয়র রোভার মেট কমান্ড দেবে "সোজা হও"। রোভার স্কাউট লিডার আস্তে আস্তে পতাকা ওঠাবেন, পতাক দন্ডের শীর্ষে ওঠার সাথে সাথে, সিনিয়র রোভার মেট কমান্ড দেবে, "পতাকাকে সালাম কর"। সকলে সালাম করবে। রোভার স্কাউট লিডার পতাকার রশি বাঁধার পরে পতাকাকে সালাম জানাবেন। রোভার স্কাউট লিডারের সালাম জানানোর পর সিনিয়র রোভার মেট কমান্ড দেবে, "হাত নামাও"। সকলে হাত নামাবে। সিনিয়র রোভার মেট কমান্ড দেবে "আরামে দাঁড়াও"। তারপর সিনিয়র রোভার মেট তার উপদলে নিজ জায়গায় ফিরে যাবে।

পরবর্তী সকল প্রকার কমান্ড রোভার স্কাউট লিডার করবেন। যেমন - "প্রার্থনা সংগীত", "পরিদর্শন ও চাঁদা অদায়", "রিপোর্ট পেশ" ইত্যাদি।

## একটি ক্রু মিটিংয়ের নমুনা কর্মসূচি

আরম্ভের সময়: শেষ হওয়ার সময় :

| বিষয় | দায়িত্ব | সময় |
|---|---|---|
| উপস্থিত | সকলেই | ১মি. |
| পতাকা উত্তোলন | রোভার স্কাউট লিডার | ১মি. |
| প্রার্থনা সংগীত | রোভার স্কাউটগণ | ২মি. |
| পরিদর্শন, চাঁদা আদায় ও রিপোটিং | রোভার মেটগণ | ৪মি. |
| ঘোষণা | রোভার স্কাউট লিডার | ৩ মি. |
| খেলা/গান/নাচ/গল্প/অভিনয় | সহকারী রোভার স্কাউট লিডার | ৪ মি. |
| পুরাতন পাঠের অনুশীলন | রোভার মেটগণ | ১০মি. |
| খেলা/গান/নাচ/গল্প/অভিনয় | সহকারী রোভার স্কাউট লিডার | ৫ মি. |
| নতুন পাঠ | রোভার মেটগণ | ২০মি. |
| খেলা/গান/নাচ/গল্প/অভিনয় | সহকারী রোভার স্কাউট লিডার | ৫ মি. |
| পতাকার কাছে সমবেত হওয়া | সকলেই | ১ মি. |
| ঘোষণা/প্রার্থনা | রোভার স্কাউট লিডার | ২ মি. |
| পতাকা নামানো | রোভার স্কাউট লিডার | ১ মি. |
| ছুটি | রোভার স্কাউট লিডার | ১ মি. |
| | মোট সময় = | ৬০ মি. |

বি. দ্র. ক্রু মিটিং এর নমুনা কর্মসূচি ৯০ মিনিটেরও হতে পারে।

**করণীয়**

১. রোমাঞ্চকর পরিকল্পনা নিশ্চিত করা।
২. রোভার মেটদের পূর্বাহ্নে প্রশিক্ষণ দিয়ে রাখা।
৩. পর্যাপ্ত উপকরণ প্রস্তুত রাখা।
৪. নিরাপত্তার বিষয়ে সজাগ দৃষ্টি দেয়া।
৫. বাড়িতে ফেরার পূর্বে প্রত্যেকে যেন পরিস্কার পরিচ্ছন্ন হয়ে নেয় সে দিক দৃষ্টি রাখা।

# বৃত্ত গঠন, মহাগর্জন, সালাম, চিহ্ন ও করমর্দন
## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : বৃত্ত গঠন, মহাগর্জন, সালাম, চিহ্ন ও করমর্দন | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য:** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নলিখিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. বৃত্ত গঠন, মহাগর্জন সম্পর্কে বর্ণনা দিতে পারবেন এবং কিভাবে প্রয়োগ করবেন তার কৌশল ব্যাখ্যা করতে পারবেন।
২. সালাম, চিহ্ন এবং করমর্দন সম্পর্কে বর্ণনা দিতে পারবেন এবং প্রদর্শন/ব্যবহার করার কৌশল ব্যাখ্যা করতে পারবেন।

## সূচিপত্র

১। সভাশিলা ২। শিলাবৃত্ত ৩। মহাবৃত্ত ৪। কাবের ডাক ৫।গ্রান্ড ইয়েল (মহা গর্জন) ৬। স্কাউট সালাম ৭। স্কাউট চিহ্ন ৮।স্কাউট করমর্দন

## কর্মসূচি (সময় নির্ঘন্ট)

| | | |
|---|---|---|
| ১. | ভূমিকা | ০২ মি. |
| ২. | বৃত্ত কত প্রকার ও কী কী ব্যাখ্যা | ০৩ মি. |
| ৩. | অনুশীলন | ১৫ মি. |
| ৪. | গ্রান্ড ইয়েল (মহাগর্জন) কী ও কেন ব্যাখ্যা | ০৫ মি. |
| ৫. | অনুশীলন | ১৫ মি. |
| ৬. | সালাম, চিহ্ন ও করমর্দন কী কেন তার ব্যাখ্যা | ০৮ মি. |
| ৭. | অনুশীলন | ০৭ মি. |
| ৮. | সামিং আপ | ০২ মি. |
| ৯. | প্রশ্নোত্তর | ০৩ মি. |
| | মোট সময় = | ৬০ মি. |

**প্রশিক্ষণ পদ্ধতি:** লেকচার, ডেমোনেস্ট্রেশন ও বেইস মেথড

**প্রশিক্ষণ উপকরণ:** ল্যাপটপ, মাল্টিমিডিয়া স্ক্রীন, পেনড্রাইভ, লেজার পেন, চার্ট, চক, ডাস্টার, পয়েন্টার, চুম্বক, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট ইত্যাদি।

## ফলোআপ

সালাম চিহ্ন ও করমর্দন অনুশীলন করবে।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# কাবিংয়ে বৃত্ত গঠন

কাবিং-এ তিন ভাগে বৃত্ত গঠনের পদ্ধতি রয়েছে। কাবিং এর শুরু থেকে এই বৃত্তগুলোর প্রচলন। বি পি কর্তৃক প্রণীত "দি উলফ কাব হ্যান্ডবুক" বইয়ে বৃত্তসমূহের গঠন নিম্নরূপভাবে বর্ণিত ও চিত্রায়িত রয়েছে।

১. **সভা শিলা (Rock Council) :** এই বৃত্তের কেন্দ্রে আকেলা একটি উঁচু শিলায় উপবিষ্ট থাকেন। কাবেরা তাঁর চার পার্শে কাঁধে কাঁধ মিলিয়ে বৃত্তাকারে ঘিরে দাঁড়ায়।

২. **শিলা বৃত্ত (Rock Circle) :** মহাবৃত্ত তৈরি করার পর শিলাবৃত্ত তৈরি করতে হবে। কাবেরা প্রত্যেকে নিজ নিজ কোমরে হাত রেখে কনুই দুটো পাশে ছড়িয়ে রেখে শিলা বৃত্ত তৈরি করা হয়। বৃত্ত তৈরি হওয়ার সাথে সাথে কোমর থেকে হাত নামিয়ে নিবে।

৩. **মহাবৃত্ত (Parade Circle or Wide Circle) :** যখন আকেলা প্যারেড সার্কেল গঠনের নির্দেশ দিবেন তখন কাবেরা দুই হাত দুই পাশে প্রসারিত করে পরস্পরের হাতে আংগুল বাকা করে হুকের মত আঁকড়ে ধরে অবস্থান নিবে। কাবরা যখনই উপলব্ধি করবে যে বৃত্ত গঠন হয়ে গেছে তখনই বন্ধন ছেড়ে হাত পাশে নামাবে।

## কাবের ডাক

ক. আকেলা তিনবার "প্যাক" "প্যাক" "প্যাক" উচ্চারণ করার সাথে সাথে কাবেরা প্যাক.................. প্যাক উচ্চারণ শেষ করে মহাবৃত্তাকারে দাঁড়াবে। গ্রান্ড ইয়েল এবং আইন নৃত্যের সময় প্যারেড সার্কেলের মহাবৃত্ত প্রয়োজন হয়।

খ. আকেলা একবার "প্যাক" উচ্চারণ করলে তবে তার অর্থ দাঁড়ায় "সকলে চুপ কর" পরবর্তী নির্দেশের জন্য অপেক্ষা কর।

গ. যদি দুইবার "প্যাক প্যাক" বলে উচ্চারণ করেন তখনই ষষ্ঠক নেতাকে ডাকা হয়েছে বলে বুঝতে হবে।

## বৃত্ত গঠন: বৃত্ত দুই রকম

১. মহাবৃত্ত (Parade Circle)

২. শিলাবৃত্ত (Rock Circle)

## নিম্নে বৃত্ত গঠনের কৌশল বর্ণনা করা হলো

### মহাবৃত্ত তৈরি

সকল কাব প্রত্যেকে দুই হাত প্রসারিত করে একে অপরের হাত ধরে মহাবৃত্ত তৈরি করে থাকে। আকেলা দুই হাতের আংগুল নিচের দিকে মাথার তালু স্পর্শ করে সকল কাবদের ডাকার সংকেত একটানা বারবার উচ্চারণ করলে সকল কাব "প্যাক প্যাক শব্দ করে দৌড়ে নেতাকে ঘিরে প্রত্যেকে প্রত্যেকের হাত ধরে মহাবৃত্ত তৈরি করে পরস্পরের হাত ছেড়ে সোজা হয়ে দাঁড়াবে।

### শিলাবৃত্ত তৈরি

মহাবৃত্ত তৈরি করার পর শিলাবৃত্ত তৈরি করতে হবে। কাবেরা প্রত্যেকে নিজ নিজ কোমরে হাত রেখে কনুই দুটো পাশে ছড়িয়ে রেখে শিলাবৃত্ত তৈরি করবে। বৃত্ত তৈরি হওয়ার সাথে সাথে কোমর থেকে হাত নামিয়ে দেবে।

## গ্রান্ড ইয়েল (মহাগর্জন)


প্যাক মিটিংয়ের কার্যক্রম সহ যে কোন অনুষ্ঠানে গ্রান্ড ইয়েল দিয়ে আরম্ভ হয়। এই গ্রান্ড ইয়েল সিনিয়র ষষ্ঠক নেতা পরিচালনা করে থাকে এবং আকেলা/কাব লিডার গ্রান্ড ইয়েলের জবাব প্রদান করবেন। কাবেরা মহাবৃত্তে আরামে দাঁড়াবে। আকেলা মহাবৃত্তে তার নির্ধারিত স্থানে আসার সাথে সাথে সিনিয়র ষষ্ঠক নেতা নিজ জায়গায় সোজা হয়ে এক কদম সামনে এসে সংকেত দিয়ে বৃত্তের সকলকে সোজা করবে ও গ্রান্ড ইয়েল সংকেত দেয়ার সাথে সাথে সবাই সমস্বরে বলবে ঃ "আ-কে-লা আমরা আমাদের যথাসাধ্য চেষ্টা করব। আকেলা বলবে তোমরা তোমাদের যথাসাধ্য চেষ্টা কর কর কর কর (কর শব্দ উচ্চারণের সময় আকেলা মাথা ঘুরিয়ে প্রথমে ডানে, সামনে বামে তার পর সামনে তাকিয়ে শেষ করবেন)। এবার কাবেরা এই সাথে একই সংগে সকলে স্কাউট সালাম দিয়ে বলবে" আমরা আমাদের যথাসাধ্য চেষ্টা করব করব করব করব"। চতুর্থবার করব বলার সাথে সাথে বৃত্তের সবাই হাত নামিয়ে সোজা হয়ে থাকবে। সিনিয়র ষষ্ঠক নেতা আরামে দাঁড়ানোর সংকেত দিয়ে নিজ জায়গায় ফিরে যাবে। এরপর সকলে আরামে দাঁড়িয়ে থাকবে।

## সালাম

সকল কাব স্কাউটই তিন আংগুলে বিশেষ কায়দায় সালাম দিয়ে থাকে। প্রতিজ্ঞার তিনটি অংশ বিধায় তিন আংগুলে সালাম করা হয়। ডান হাতের বৃদ্ধাংগুল দিয়ে কনিষ্ঠ আংগুল চেপে ধরতে হবে এবং বাকী তিনটি আংগুল একত্রিত করে সোজা অবস্থায় তর্জনী আংগুল চোখের উপর কপালের ভ্রু স্পর্শ করবে। হাতের তালুর সামনে থেকে উক্ত বাহু শরীরের সাথে ৯০ ডিগ্রি কোন করে ধরতে হবে। সালাম দেয়ার সময় হাত লম্বা ভাবে উঠাবে এবং খাটভাবে নামাবে। কাবেরা তাদের প্রতিজ্ঞা পাঠের সময় অবশ্যই সালাম প্রদর্শন করবে। একে অপরের সাথে দেখা মাত্রই সালাম দেয়া উচিত এবং সালাম দিয়ে হাত নামিয়ে ফেলতে হয়। যিনি সালাম গ্রহণ করবেন তিনি আগে হাত নামাবেন।

## স্কাউট চিহ্ন

স্কাউট চিহ্ন দেখিয়ে সকল কাব/স্কাউটই তাদের পরিচয় দান করে থাকেন। ডান হাতের বৃদ্ধাংগুল দিয়ে কনিষ্ঠ আংগুলকে চেপে ধরে তালুর উপর এনে তিনটি আংগুলকে সোজা করে ধরতে হবে। তালু সামনের দিকে রেখে হাত তুলতে হবে। উর্ধবাহু শরীরের সাথে ৪৫ ডিগ্রি কোন করে ধরতে হবে এবং নিম্ন বাহুকে উর্ধবাহুর সাথে ৪৫ ডিগ্রি কোন করে ধরতে হবে। ফলে নিম্ন বাহু দেহের সাথে সমান্তরাল হবে। হাত এমনভাবে রাখতে হবে যেন তালু প্রায় চোখ বরাবর থাকে।



স্কাউট সালাম



স্কাউট চিহ্ন



করমর্দন:
বাংলাদেশে স্কাউটরা ডান হাতে করমর্দন করে।
অন্যান্য অনেক দেশে স্কাউটরা এখনও বাম হাতে করমর্দন করে।

# গোপন বার্তা
## সেশন প্লান

| | | | | |
|---|---|---|---|---|
| **সেশনের নাম** | : বৃত্ত গঠন, মহাগর্জন, সালাম, চিহ্ন ও করমর্দন | **কোর্স** | : | ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : | |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : | |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : | |

**ব্যবহারিক উদ্দেশ্য:** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নলিখিত বিষয়গুলো জানতে ও শিখতে পারবেন

১. কোড ও সাইফার সম্পর্কে ব্যাখ্যা দিতে পারবেন;

২. গোপন বার্তা উদ্ধারের কয়েকটি পদ্ধতি সম্পর্কে বলতে পারবেন ও গোপন বার্তা উদ্ধারে সক্ষম হবেন।

**সূচিপত্র** (সার-সংক্ষেপ)

১। কোড কী? ২। সাইফার কী? ৩। ডিকোডিং কী? ৪। Text কী? ৫। গোপন বার্তা উদ্ধারের কয়েকটি পদ্ধতি আলোচনা (ক) উল্টা বর্ণমালা পদ্ধতি (খ) ধারাবাহিক অক্ষর সরণ পদ্ধতি (গ) কলাম পদ্ধতি (ঘ) প্রতিক পদ্ধতি

**বিষয়সূচির বিবরণ** (সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১. | ভূমিকা | ০৪ মি. |
| ২. | কোড, সাইফার, ডিকোডিং, Text | ১০ মি. |
| ৩. | উল্টা বর্ণমালা পদ্ধতি | ০৬ মি. |
| ৪. | ধারাবাহিক অক্ষর সরণ পদ্ধতি | ০৬ মি. |
| ৫. | কলাম পদ্ধতি | ০৬ মি. |
| ৬ | প্রতিক পদ্ধতি | ০৬ মি. |
| ৭. | অনুশীলন | ১৫ মি. |
| ৮. | সামিং আপ | ০৪ মি. |
| ৯. | প্রশ্ন উত্তর পর্ব | ০৩ মি. |
| | মোট সময় = | ৬০ মিনিট |

**প্রশিক্ষণ পদ্ধতি:** লেকচার ও ডেমোনেস্ট্রেশন পদ্ধতি

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:** ল্যাপটপ, মাল্টিমিডিয়া স্ক্রীন, পেনড্রাইভ, লেজার পেন, হোয়াইট বোর্ড, পোস্টার পেপার, মার্কার পেন, হোয়াইট বোর্ড ইত্যাদি

**ফলোআপ/ অনুসরণ প্রক্রিয়া** (সেশন পরবর্তী)

হাইকিং-এর সময় কোড অনুশীলনের ব্যবস্থা রাখা

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# গোপন বার্তা

## কোড এন্ড সাইফার (Code and Cipher)

"গোপন বার্তা" বিষয়টির উপর আলোচনা করতে হলে কয়েকটি শব্দের সঙ্গে প্রথমে আমাদের পরিচিত হওয়া দরকার। শব্দগুলো হচ্ছে: কোড (Code), সাইফার (Cipher), মূল (Text), ডিকোডিং (Decoding) ইত্যাদি।

### কোড (Code)

কোন অক্ষর বা শব্দ যার গোপন অর্থ আগে থেকেই ঠিক করে রাখা হয় তাই কোড। Code is a set of letters or words whose secret meanings have been agreed upon before hand.

### সাইফার (Cipher)

সাইফারের অর্থ গোপন লেখা বা বার্তা (Cipher means secret writing)। কোন লেখা বা বার্তা অপরের কাছ থেকে গোপন করে কারো কাছে পাঠাবার নিয়মকেই সাইফার বলে।

### মূল (Text)

মূল বলতে আদি অক্ষর বা শব্দ বোঝাবে।

### ডিকোডিং (Decoding)

আগে থেকে ঠিক করে রাখা নিয়মানুযায়ী বার্তার হরফকে কোড ব্যবহার করে বদলে সাইফার থেকে মূল বার্তা পুনরুদ্ধার করাকে ডিকোডিং বলে।

উপরোক্ত শব্দগুলোর অর্থ পরবর্তী উদাহরণগুলোতে আরো পরিস্কারভাবে প্রতিভাত হবে। গোপন বার্তা উদ্ধারের অনেক পদ্ধতি আছে। যেমন:

### ১. উল্টা বর্ণমালা (Reverse alphabet) পদ্ধতি: অর্থাৎ A এর স্থানে Z বসিয়ে যেমন:

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কোড (Code) | Z | Y | X | W | V | U | T | S | R | Q | P | O | N |
| মূল (Text) | A | B | C | D | E | F | G | H | I | J | K | L | M |
| কোড (Code) | M | L | K | J | I | H | G | F | E | D | C | B | A |
| মূল (Text) | N | O | P | Q | R | S | T | U | V | W | X | Y | Z |

এর সাহায্যে Go to Patrol বাক্যটি সাইফারে লিখতে হলে G এর স্থলে T, O এর স্থলে L ইত্যাদি লিখতে হবে। ফলে সাইফারটি TL GL KZ GILO। এভাবে সাইফার পেয়ে KOVZHV TL কোডটি ডিকোড করে পাওয়া যাবে PLEASE GO.

### ২. ধারাবাহিক অক্ষর সরণ (SLIDING LETTER) পদ্ধতি

এ পদ্ধতিতে A ব্যতিত অন্য একটি অক্ষরকে A এর বিপরীতে বিবেচনা করে সেই অক্ষর থেকে শুরু করে ধারাবাহিকভাবে অক্ষরগুলোকে সরিয়ে নেয়া হয়। যেমন- ৫ম অক্ষর E কে A এর বিপরীতে বিবেচনা করলে F যাবে B এর, G যাবে C এর বিপরীতে এবং এইভাবে ধারাবাহিকতা বজায় রেখে অপরগুলো সরে যাবে। তাহলে,

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কোড (Code) | e | f | g | h | i | j | k | l | m | n | o | p | q |
| মূল (Text) | A | B | C | D | E | F | G | H | I | J | K | L | M |
| কোড (Code) | r | s | t | u | v | w | x | y | z | a | b | c | d |
| মূল (Text) | N | O | P | Q | R | S | T | U | V | W | X | Y | Z |

এই পদ্ধতিতে WE PRAY TO GOD বাক্যটি সাইফারে লিখতে হলে W এর স্থলে A, E এর স্থলে I ইত্যাদি হবে । ফলে সাইফারটি হবে AI TVEC XS KSH। এভাবে সাইফার পেয়ে KSSH FCI কোডটি ডিকোড করে পাওয়া যাবে GOOD BYE.

## ৩. কলাম পদ্ধতি (COLUMN METHOD)

এ পদ্ধতিতে গোপন বার্তা উদ্ধার করতে হলে বার্তাটি লক্ষ্য করে দেখতে হবে কটি অক্ষরের গ্রুপ করে তা লেখা হয়েছে। গ্রুপে যতটি অক্ষর থাকবে ততটি কলাম করে প্রথম গ্রুপের অক্ষরগুলো এক সারিতে উপরে লিখে তার নিচে দ্বিতীয় গ্রুপের অক্ষরগুলো একই নিয়মে লিখতে হবে। লেখা শেষে প্রথম কলাম থেকে অক্ষর মিলিয়ে পড়ে যেতে হবে এবং এভাবে অর্থবোধক শব্দ উদ্ধার করে বার্তা উদ্ধার করতে হবে।

**উদাহরণ স্বরূপ**


| | | | |
|---|---|---|---|
| SFSE | COAF | ORVU | UBEL |
| TORB | IYYO | NSUO | GISK |

| | | | |
|---|---|---|---|
| S | F | S | E |
| C | O | A | F |
| O | R | V | U |
| U | B | E | L |
| T | O | R | B |
| I | Y | Y | O |
| N | S | U | O |
| G | I | S | K |

বার্তাটি কলাম পদ্ধতিতে উদ্ধার করে পাওয়া যায়ঃ SCOUTING FOR BOYS IS A VERY USEFUL BOOK

## ৪ প্রতীক পদ্ধতি (SYMBOLISE METHOD)

নিম্নলিখিতভাবে রেখা টেনে প্রতীক তৈরি করা যায়। তার মধ্যে জোড়ায় জোড়ায় অক্ষর বসিয়ে এবং জোড়ার শেষ অক্ষরের মাথায় ডট চিহ্ন দিয়ে প্রতীক নির্ধারণ করা হয়।




এখানে প্রতিটি জোড়ায় দ্বিতীয় অক্ষরের নিচে একটি ডট (.) দেয়া হয় এবং যে অক্ষর যে স্থানে আছে তার জ্যামিতিক চিত্র হবে অক্ষরটির প্রতীক। ফলে **A** -এর প্রতীক ┘, **B** -এর প্রতীক ┘̣, **I** -এর প্রতীক □, **J** -এর প্রতীক ⊡ আবার **S** -এর প্রতীক **>** এবং **T** -এর প্রতীক **>̣** ইত্যাদি। এই পদ্ধতিতে **DHAKA** শব্দটি সাইফারে লিখতে হলে সাইফারটি হবে ⊍ ⊡ ┘ ⊏ ┘।

# স্কাউটস ওন (Scouts Own)
## সেশন প্লান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **সেশনের নাম** | : | স্কাউটস ওন | **কোর্স** | : | ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | | **তারিখ** | : | |
| **আরম্ভের সময়** | : | | **শেষ করার সময়** | : | |
| **মোট সময়** | : | | **শিক্ষাদানের তারিখ** | : | |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত  উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. স্কাউটস ওন সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করে ব্যাখ্যা করতে পারবেন;
২. কোর্স পরবর্তী সময়ে তা নিজ দলে বাস্তবায়ন কৌশল বর্ণনা করা;
৩. স্কাউটস ওন এর নমুনা কর্মসূচি তৈরি করতে পারবেন।

**সূচিপত্র** (সারসংক্ষেপ)

১। স্কাউস ওন, ২। সাবধানতা, ৩। উপকরণ, ৪। নমুনা কর্মসূচি, ৫। স্কাউটস ওন (ব্যবহারিক)।

**বিষয়সূচির বিবরণ :** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১. | স্কাউটস ওন এর ব্যাখ্যা | ০৮ মি. |
| ২. | সাবধানতা | ০৩ মি. |
| ৩. | উপকরণ | ০২ মি. |
| ৪. | স্কাউসওন এর নমুনা কর্মসূচি | ১২ মি. |
| ৫. | সামিং আপ | ০২ মি. |
| ৬ | প্রশ্ন উত্তর পর্ব | ০৩ মি. |
| ৭. | স্কাউটস ওন (ব্যবহারিক) | ৬০ মি. |
| | মোট সময় = | ৯০ মিনিট |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার ও ডেমোনেস্ট্রেশন পদ্ধতি।

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:** মাল্টিমিডিয়া, ল্যাপটপ, পোস্টারপেপার, মার্কার পেন, পয়েন্টার, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট, হ্যান্ড আউট ইত্যাদি।

**ফলোআপ/ অনুসরণ প্রক্রিয়া :** সেশন পরবর্তী)

ক. সেশন শেষে স্কাউটস ওন অনুষ্ঠান করবেন।
খ. স্কাউটস ওন অনুষ্ঠানের একটি নমুনা কর্মসূচি রানিং খাতায় লিখে কাউন্সিলরকে দেখাতে বলতে হবে।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| স্বাক্ষর | : | | স্বাক্ষর | : | |
| কোর্স লিডার | : | | সেশন পরিচালক | : | |

# স্কাউটস ওন
# (Scouts Own)

স্কাউটস ওন শব্দের অর্থ হচ্ছে উপলব্ধি। স্কাউট প্রতিজ্ঞা ও আইনকে পরিপূর্ণভাবে উপলব্ধি করার জন্য এই অনুষ্ঠান। এটি স্কাউটদের একান্ত নিজস্ব অনুষ্ঠান। কোন ধর্মীয় অনুষ্ঠান নয় বা ধর্মের কোন বিকল্প নয়। এই অনুষ্ঠানের মাধ্যমে ধর্মীয় মহাপুরুষগণের জীবনী আলোচনা করা হয়। তাঁদের ঘটনাবহুল জীবনের সাথে কাব  স্কাউট আইন এবং স্কাউট আইন ও প্রতিজ্ঞার মিল রয়েছে এমন বিষয় উপস্থাপন করা হয়। এতে তারা বুঝতে পারে যে, সকল ধর্মের মনীষীগণের জীবনের সাথে স্কাউটিং এর মিল রয়েছে। স্কাউট আন্দোলনের উদ্দেশ্য ও লক্ষ্য বাস্তবায়নের জন্য ধর্মের গুরুত্ব অপরিসীম। স্কাউটিং এর মূল লক্ষ্য হল- শিশুদের দৈহিক ভাবে সবল, সামাজিকভাবে সকল অবস্থায় মানিয়ে চলতে সক্ষম, মহৎ মানসিকভাবে ও উদার, ধর্মীয় দিক থেকে সচেতন, নৈতিক দিক থেকে উন্নত করে গড়ে তোলা, যাতে তারা এই বয়স থেকে উল্লেখিত বৈশিষ্ট্যে অভ্যস্ত হয়ে বয়সবৃদ্ধির সাথে সাথে জীবনে এর বাস্তব প্রতিফলন ঘটাতে পারে। বছরে ২/১ বার কোন ভাল দিনে ইউনিটে স্কাউটস ওন এর ব্যবস্থা করা যায়। কোন পবিত্র দিনে যেমন, ঈদ এ মিলাদুন্নবী, ইউনিটের বা শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠা দিবসে, বি পি দিবস অথবা বার্ষিক তাঁবু বাসের সময় ওন এর ব্যবস্থা করা যায়। বস্তুত স্কাউট প্রতিজ্ঞা ও আইনকে পরিপূর্ণভাবে উপলব্ধি এবং ব্যক্তি জীবনে চর্চার ধারাবাহিক অভ্যাস গড়ে তোলায় স্কাউটস ওন বিশেষ ভূমিকা পালন করে। পবিত্র  দেহ মন ও পোশাক পরে এ অনুষ্ঠানে যোগদান করা উচিত।

## সাবধানতা

- পরিবেশ অনাড়ম্বর ও গাম্ভীর্যপূর্ণ হতে হবে;
- কোন মহা পুরুষের জীবনের ঘটনা কোন অবস্থায় যাতে বিভ্রান্তিকর না হয় সেদিকে বিশেষ সতর্ক থাকতে হবে;
- ভুল তথ্য কোন অবস্থায় পরিবেশন করা যাবে না;
- সকল ধর্মীয় মনিষীগণের জীবনের সত্য ঘটনা তুলে ধরতে হবে;
- পূর্বাহ্নে বিষয়বস্তু সম্পর্কে রিহার্সাল দিয়ে নিতে হবে;
- উপস্থাপিত প্রতিটি বিষয়ই যেন, প্রতিজ্ঞা ও আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ হয় সে দিকে দৃষ্টি দিতে হবে।

## উপকরণ

- বসার প্রয়োজনীয় জিনিস পূর্বাহ্নে সংগ্রহ করতে হবে;
- প্রয়োজনীয় অন্যান্য উপকরণ পূর্বাহ্নে সংগ্রহ করতে হবে।

## উপসংহার

- অতিরিক্ত কিছু না করে ভাবগাম্ভীর্য পরিবেশে কাব, স্কাউট ও রোভার বয়সী বালক/ বালিকাদের উপযোগী করে ওন এর আয়োজন করতে হবে। গ্রুপ কমিটির সদস্য ও ২/১ জন অভিজ্ঞ অভিভাবককে দাওয়াত করা প্রয়োজন।
- স্কাউটস ওন অনুষ্ঠানের ব্যাপ্তীকাল ৬০-৯০ মি. হয়। এই অনুষ্ঠানের ব্যাপ্তিকাল সঠিক না হলে অনুষ্ঠানের গাম্ভীর্য ক্ষুন্ন হওয়ার সম্ভাবনা থাকে।

# স্কাউটস ওন এর নমুনা কর্মসূচি

**তারিখ : ________________**

| | বিষয় | পরিচিতি |
|---|---|---|
| * | স্কাউটস ওন এর ব্যাখ্যা ও উদ্বোধন ঘোষণা | কোর্স লিডার/ ইউনিট /গ্রুপ স্কাউট লিডার |
| * | পবিত্র কোরআন থেকে তেলাওয়াত | ষষ্ঠক/উপদল |
| * | গীতা পাঠ | ষষ্ঠক/উপদল |
| * | হামদ | ষষ্ঠক/উপদল |
| * | উপাখ্যান | ষষ্ঠক/উপদল |
| * | ত্রিপিটক পাঠ | ষষ্ঠক/উপদল |
| * | নাত | ষষ্ঠক/উপদল |
| * | উপাখ্যান | ষষ্ঠক/উপদল |
| * | স্কাউট/কাব স্ক্াউট আইন পাঠ | প্রশিক্ষক/ স্কাউটার |
| * | ভক্তিমূলক গান | ষষ্ঠক/উপদল |
| * | উপাখ্যান | ষষ্ঠক/উপদল |
| * | পবিত্র বাইবেল থেকে পাঠ | ষষ্ঠক/উপদল |
| * | উপাখ্যান | ষষ্ঠক/উপদল |
| * | প্রতিজ্ঞা পাঠ | কোর্স লিডার/ ইউনিট /গ্রুপ স্কাউট লিডার |
| * | স্কাউটস ওন এর মূল্যায়ন | কোর্স লিডার/ ইউনিট /গ্রুপ স্কাউট লিডার |
| * | নীরব প্রার্থনা | কোর্স লিডার/ ইউনিট /গ্রুপ স্কাউট লিডার |

# গ্রুপ সংগঠন
## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : গ্রুপ সংগঠন | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন।

১। গ্রুপ সংগঠন সম্পর্কে সম্যক জ্ঞান অর্জন করে ব্যাখ্যা করতে পারবেন।

২। গ্রুপ পরিচালনার কৌশল ও পরিচালনা পদ্ধতি বর্ণনা করতে পারবেন।

**সূপিপত্র** (সারসংক্ষেপ)

১। গ্রুপ কী; ২। গ্রুপের প্রকৃতি; ৩। গ্রুপের ভর্তি পদ্ধতি; ৪। গ্রুপ কাউন্সিল; ৫। গ্রুপ কমিটি; ৬। গ্রুপ স্কাউটারস কাউন্সিল; ৭। গ্রুপ রেজিষ্টেশন; ৮। গ্রুপ রেজিষ্টেশনের মেয়াদ ও নবায়ন পদ্ধতি; ৯। গ্রুপ তহবিল; ১০। গ্রুপ পরিসংখ্যান; ১১। রিপোটিং।

**বিষয়সূচির বিবরণ :** ( প্রতি পদক্ষেপের সময় নিঘর্ন্টসহ)

| | | |
|---|---|---|
| ১. | গ্রুপ কী | ০৩ মি. |
| ২. | গ্রুপের প্রকৃতি | ০৪ মি. |
| ৩. | গ্রুপের ভর্তি পদ্ধতি | ০৩ মি. |
| ৪. | গ্রুপ কাউন্সিল | ০৮ মি. |
| ৫. | গ্রুপ কমিটি | ০৮ মি. |
| ৬. | গ্রুপ কমিটি সভার ডেমোনেস্ট্রশন | ২০ মি. |
| ৭. | গ্রুপ স্কাউটারস কাউন্সিল | ০৫ মি. |
| ৮. | গ্রুপ স্কাউটারস কাউন্সিল (ডেমোনেস্ট্রশন) | ২০ মি. |
| ৯. | গ্রুপ রেজিস্ট্রেশন | ০৫ মি. |
| ১০. | রেজিস্ট্রেশনের মেয়াদ ও নবায়ন পদ্ধতি | ০৫ মি. |
| ১১. | রেজিস্ট্রেশন/নবায়ন ফরম পূরণ | ১২ মি. |
| ১২. | গ্রুপ তহবিল | ০৫ মি. |
| ১৩. | গ্রুপ পরিসংখ্যান | ১০ মি. |
| ১৪. | রিপোর্টিং | ০৫ মি. |
| ১৫. | সামিং আপ | ০২ মি. |
| ১৬. | প্রশ্ন উত্তর পর্ব | ০৫ মি. |
| | **মোট** | **= ১২০ মি.** |

**প্রশিক্ষণ পদ্ধতি:** লেকচার ও টীম টক পদ্ধতি।

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:** মাল্টিমিডিয়া, ল্যাপটপ, স্ক্রিন, পোস্টার পেপার, মার্কার পেন, পয়েন্টার, হোয়াইট বোর্ড, রেজিস্ট্রেশন ফরম, পরিসংখ্যান ফরম, হ্যান্ডআউট ইত্যাদি।

**ফলোআপ/ অনুসরণ প্রক্রিয়া:** (সেশন পরবর্তী) :

গ্রুপ রেকর্ডের তালিকা প্রস্তুত ও বিভিন্ন ফরমসমূহ সংগ্রহ করে কাউন্সিলরকে দেখাবেন।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# গ্রুপ সংগঠন

## গ্রুপ

একটি কাব স্কাউট ইউনিট, একটি স্কাউট ইউনিট ও একটি রোভার স্কাউট ইউনিট সমন্বয়ে একটি পূর্ণাঙ্গ স্কাউট গ্রুপ গঠিত হবে। বিশেষ ক্ষেত্রে কোন শাখায় এক বা একাধিক ইউনিট নিয়েও স্কাউট গ্রুপ গঠিত হতে পারবে। আমাদের দেশে কোন শাখার এক বা একাধিক ইউনিট নিয়ে গঠিত গ্রুপের সংখ্যাই বেশী। আবার বিভিন্ন মুক্তদলে শাখা ভিত্তিক ইউনিট নিয়েও গ্রুপ গঠিত হয়েছে।

## গ্রুপের প্রকৃতি

ক. স্কাউট গ্রুপ দু'ধরণের হতে পারে ঃ ১ নিয়ন্ত্রিত স্কাউট গ্রুপ ২ মুক্ত স্কাউট গ্রুপ।

## ১. নিয়ন্ত্রিত স্কাউট গ্রুপ

অনুমোদিত স্কুল, মাদ্রাসা, কলেজ ও বিশ্ববিদ্যালয়, সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বিধিবদ্ধ সংস্থা, ব্যবসায়িক প্রতিষ্ঠান, ধর্মীয় সংস্থা, অরাজনৈতিক যুব সংস্থা ইত্যাদির আওতায় নিয়ন্ত্রিত স্কাউট গ্রুপ গঠন করা যাবে। নিয়ন্ত্রিত গ্রুপে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থার বালক-বালিকা, কিশোর-কিশোরী, যুব-যুবতী ছাড়া অন্য কেউ গ্রুপে অন্তর্ভুক্ত হতে পারবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/সংস্থার প্রধান হবেন এরূপ গ্রুপের নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

## ২. মুক্ত স্কাউট গ্রুপ

যে কোন মহল্লা বা পাড়ায় বসবাসকারী স্কাউট বয়সী ছেলেমেয়েদের নিয়ে মুক্ত স্কাউট গ্রুপ গঠন করা যাবে। শিক্ষা প্রতিষ্ঠানের লিখিত অনুমতিক্রমে তাদের সদস্যগণও মুক্ত স্কাউট গ্রুপে ভর্তি হতে পারবে।

খ. যে কোন স্কাউট ইউনিটে বালকদের ন্যায় বালিকারাও সমমর্যাদায় সদস্য হতে পারবে।

গ. বালিকারা কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউট যে কোন শাখার সদস্য হোক না কেন, তাদেরকে গার্ল-ইন-স্কাউট বলে অভিহিত করতে হবে।

## গ্রুপে ভর্তির পদ্ধতি

স্কাউট গ্রুপ/ইউনিটে সদস্য ভর্তি করা গ্রুপ স্কাউট লিডারের দায়িত্ব। তিনি উপদল পরিষদ, উপদল নেতা পরিষদ রোভার ইউনিট কাউন্সিল ও গ্রুপ স্কাউটারস কাউন্সিলের সুপারিশক্রমে সদস্য ভর্তির ব্যবস্থা করবেন।

## গ্রুপ কাউন্সিল

ইউনিটের সদস্যদের মাতা-পিতা, গ্রুপ কমিটির সদস্যবৃন্দ গঠিত হবে।

## গ্রুপ কাউন্সিলের দায়িত্ব

১. গ্রুপের বিভিন্ন শাখা ইউনিট গঠন ও চালু রাখা, গ্রুপের সম্পত্তি ও তহবিল সংরক্ষণ, স্কাউট আদর্শ প্রচার এবং ইউনিট লিডারকে প্রয়োজনীয় প্রশিক্ষণ উপকরণ, তাঁবুবাস উপকরণ, স্কাউট ডেন সংগ্রহে সহায়তা এবং প্রয়োজনীয় অর্থ সংস্থান।

২. প্রোগ্রাম ও প্রশিক্ষণ কার্যক্রমে পরিষদ হস্তক্ষেপ করবে না। তবে সুষ্ঠু প্রশিক্ষণ দানের জন্য প্রয়োজনীয় সংখ্যক যোগ্যতাসম্পন্ন স্কাউটার নির্বাচন, মনোনয়ন ও নিয়োগের সুপারিশ করবে।

৩. সাধারণভাবে প্রতি বছর বার্ষিক সাধারণ সভায় মিলিত হয়ে বার্ষিক কার্যবিবরণী ও অডিট রিপোর্ট গ্রহণ পরবর্তী বার্ষিক কার্যসূচি অনুমোদন, গ্রুপ কমিটি নির্বাচন ইত্যাদি কার্যাবলী সম্পাদন করবে।

## গ্রুপ কমিটি

১. গ্রুপ কাউন্সিলের কার্যাবলী সুষ্ঠু বাস্তবায়নের কাউন্সিল সদস্যদের মধ্য থেকে সভাপতি/নিয়ন্ত্রণকারী, সহ-সভাপতি, সম্পাদক, কোষাধ্যক্ষ, গ্রুপ স্কাউট লিডার, শাখা স্কাউট লিডারগণ ও নির্বাচিত সংখ্যক সদস্য প্রতিনিধি নিয়ে গ্রুপ কমিটি গঠিত হবে।

২. নিয়ন্ত্রিত দলের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান এবং মুক্ত দলের ক্ষেত্রে স্থানীয় সম্মানিত কোন ব্যক্তি দলের গ্রুপ সভাপতি হবেন। গ্রুপ কমিটির মেয়াদ ১ বছর। প্রতি বছর ৩১ ডিসেম্বরের মধ্যে কাউন্সিল সভায় গ্রুপ কমিটি গঠন ও অন্যান্য কার্যক্রম অনুমোদন করাতে হবে।

৩. সাধারণভাবে এ কমিটি নিয়মিত মাসিক অধিবেশনে মিলিত হয়ে স্কাউট গ্রুপের যাবতীয় কার্যাবলীর রিপোর্ট গ্রহণ করবে এবং পরবর্তী কার্যক্রমের মাসিক/ত্রৈমাসিক পরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। প্রয়োজন হলে কমিটি যে কোন সময় অধিবেশনে মিলিত হয়ে যে কোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

## গ্রুপ স্কাউটারস কাউন্সিল

১. দুই বা ততোধিক শাখা বিশিষ্ট স্কাউট গ্রুপের সকল স্কাউটার ও সহকারী স্কাউটারদের নিয়ে গ্রুপ স্কাউটারস কাউন্সিল গঠিত হবে।

২. গ্রুপ স্কাউট লিডার গ্রুপ স্কাউটারস কাউন্সিলের সভাপতি এবং পরবর্তী সিনিয়র স্কাউটার সম্পাদক হবেন।

৩. সাধারণভাবে এ পরিষদ মাসিক নিয়মিত অধিবেশনে মিলিত হয়ে গ্রুপের প্রশিক্ষণ কার্যাবলী সুষ্ঠু বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবে। প্রয়োজনে পরিষদ যে কোনো সময়ে অধিবেশনে মিলিত হতে পারবে।

## গ্রুপ রেজিস্ট্রেশন

ক. নতুন স্কাউট গ্রুপ বা তার শাখা ইউনিট গঠিত হওয়ার সংগে সংগে সংশ্লিষ্ট গ্রুপ স্কাউট লিডার / ভারপ্রাপ্ত শাখা স্কাউট লিডার / নিয়ন্ত্রণকারীকে রেজিস্ট্রেশনের চার কপি আবেদনপত্র পূরণ করে রেজিস্ট্রেশন ফি সহ উপজেলা স্কাউটসে পাঠাতে হবে। রেলওয়ে ও রোভার দলের ক্ষেত্রে সরাসরি জেলা রোভার স্কাউটসে পাঠাতে হবে।

খ. যোগ্যতাসম্পন্ন ও প্রশিক্ষণপ্রাপ্ত স্কাউটার দ্বারা সুষ্ঠুভাবে ইউনিট পরিচালনা সম্পর্কে সন্তুষ্টি লাভের পর উপজেলা স্কাউটসকে নতুন গ্রুপের আবেদন জেলা স্কাউটসের মাধ্যমে আঞ্চলিক স্কাউটসে পাঠাতে হবে। রেলওয়ে রোভার দলের ক্ষেত্রে জেলা রোভার স্কাউটস আবেদন পত্র রোভার ও রেলওয়ে আঞ্চলিক স্কাউটসে পাঠাবে।

গ. তালিকাভুক্তির জন্য উপজেলা স্কাউটসের সুপারিশ গ্রহণযোগ্য হলে আঞ্চলিক স্কাউটস রেজিস্ট্রেশন চার্টার মঞ্জুর করবে এবং এক কপি করে আবেদনপত্রসহ জেলা, উপজেলা এবং গ্রুপকে অবহিত করবে। এক কপি আবেদনপত্র আঞ্চলিক অফিসে রক্ষিতে থাকবে।

ঘ. এভাবে তালিকাভুক্ত স্কাউট গ্রুপ/ইউনিটগুলো বাংলাদেশ স্কাউটসের অনুমোদিত ইউনিট বলে স্বীকৃত হবে। অনুমোদন বিহীন স্কাউট গ্রুপের কোন সদস্য স্কাউট পোশাক ও ব্যাজ পরিধান করতে পারবে না এবং কোন অনুষ্ঠানে স্কাউটদের প্রতিনিধিত্ব করতে পারবে না।

ঙ. রেজিস্ট্রেশনের জন্য উপজেলা স্কাউটসের/জেলা রোভার স্কাউটসের সুপারিশ গ্রহণযোগ্য না হলে, তার কারণ সংশ্লিষ্টদের জানাতে হবে।

## সদস্য ফি

গ্রুপের সদস্য (কাব/স্কাউট/রোভার) প্রত্যেকের প্রতি বছরের সদস্য ফি ৫ টাকা। ইউনিট লিডারসহ গ্রুপ কমিটির সদস্যগণের ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণের জন্য বার্ষিক সদস্য ফি ১০ টাকা। জেলা পযায়ের কর্মকর্তাগণের জন্য বার্ষিক সদস্য ফি ৫০ টাকা। আঞ্চলিক পর্যায় এবং জাতীয় পর্যায়ের কর্মকর্তাগণের জন্য সদস্য ফি যথাক্রমে ৫০ টাকা ও ১০০ টাকা।

## রেজিস্ট্রেশন মেয়াদ/ নবায়ন

গ্রুপ রেজিস্ট্রেশনের মেয়াদ চার্টার ইস্যুর তারিখ থেকে পরবর্তী ৩১ ডিসেম্বর পর্যন্ত। বিধি মোতাবেক প্রতি বছর ৩১ ডিসেম্বরের মধ্যে বার্ষিক স্কাউট পরিসংখ্যান, রেজিস্ট্রেশন ফি প্রদান এবং বার্ষিক কার্যাবলীর রিপোর্ট দাখিল করে নবায়ন করে নিতে হবে। মঞ্জুরী নবায়ন করা না হলে এই রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। গ্রুপ রেজিস্ট্রেশন, নবায়ন ও পরিসংখ্যানের বিষয়ে মেট্রোপলিটন শহরের ইউনিটসমূহ সরাসরি সংশ্লিষ্ট মেট্রোপলিটান স্কাউটস এর সাথে যোগাযোগ করবে। নৌ অঞ্চল, এয়ার অঞ্চল ও রেল অঞ্চলের আওতাধীন গ্রুপসমূহ সংশ্লিষ্ট অঞ্চলের জেলা পর্যায়ের সংগঠনের সাথে যোগাযোগ করবে।

## গ্রুপ তহবিল

ক. স্কাউট গ্রুপ/ইউনিটের তহবিলের সমুদয় অর্থ যে কোন সিডিউল ব্যাংকে জমা রাখতে হবে এবং কাউন্সিল/কমিটি কর্তৃক নির্বাচিত দু'জন সদস্যের যৌথ স্বাক্ষরে হিসাব পরিচালিত হবে।

খ. স্কাউট গ্রুপের নিরীক্ষিত হিসাবের রিপোর্ট প্রতি বছরে নিয়মিততাবে নিজ-নিজ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কাছে পাঠাতে হবে।

## গ্রুপ পরিসংখ্যান

প্রতি বৎসর ৩১শে ডিসেম্বর এর মধ্যে গ্রুপ/ইউনিট উপজেলা স্কাউটসে/জেলা রোভার স্কাউটসে গ্রুপ রেজিস্ট্রেশন নবায়ন ফরমের সাথে গ্রুপের স্কাউটদের তালিকাসহ ক্রমোন্নতিশীল অবস্থা প্রেরণ করবে।

## রিপোর্টিং

গ্রুপ/ইউনিটের সারা বৎসরের কার্যক্রমের প্রতিবেদন এবং নিরীক্ষাকৃত হিসাব গ্রুপ কমিটির মাধ্যমে গ্রুপ কাউন্সিলে অনুমোদনপূর্বক পরিসংখ্যান রিপোর্টসহ উপজেলা স্কাউটসে/ জেলা রোভার স্কাউটসে বৎসর শেষে ৩১ ডিসেম্বরে প্রেরণ করতে হয়। এছাড়াও বিভিন্ন কার্যক্রমের রিপোর্ট তাৎক্ষণিকভাবে অবহিত করা যেতে পারে। সেই সাথে বিভিন্ন কার্যক্রমের রিপোর্ট বাংলাদেশ স্কাউটসের মাসিক অগ্রদূতে প্রকাশের জন্য প্রেরণ করা যেতে পারে।

# স্কাউটিং ও যুব সমাজ
## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : স্কাউটিং ও যুব সমাজ | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১। স্কাউটিং ও যুব সমাজ সম্পর্কে জেনে বিস্তারিত ব্যাখ্যা করতে পারবেন।

২। যুব সমাজের ওপর সামাজিক প্রভাব এবং চারিত্রিক বৈশিষ্ট্য সম্পর্কে জেনে বর্ণনা করতে পারবেন।

৩। চারিত্রিক দূর্বলতা দূরীকরণে স্কাউট প্রোগ্রাম কিভাবে সহায়তা করে  তা ব্যাখ্যা করতে পারবেন।

**সূচিপত্র** (সারসংক্ষেপ)

১. সমাজ কী; ২. স্কাউটিং কী; ৩. স্কাউটিং ও যুব সমাজ; ৪. যুবদের উপর সামাজিক প্রভাব; ৫. যুবদের চারিত্রিক বৈশিষ্ট্য; ৬. চারিত্রিক বৈশিষ্ট্য উন্নয়নে স্কাউট প্রোগ্রামের ভূমিকা।

**বিষয়সূচির বিবরণ: (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)**

| | | |
|---|---|---|
| ১। | ভূমিকা | ০২ মি. |
| ২। | সমাজ কী | ০৩ মি. |
| ৩। | স্কাউটিং কী | ০৩ মি. |
| ৪। | যুব সমাজ কী | ০৫ মি. |
| ৫। | যুব সমাজের চারিত্রিক বৈশিষ্ট্য | ১৫ মি. |
| ৬। | চারিত্রিক বৈশিষ্ট্য উন্নয়নের স্কাউট প্রোগ্রামে ভূমিকা (গ্রুপ ওয়ার্ক, উপস্থাপন ও মন্তব্য) | ২২ মি. |
| ৭। | সামিং আপ | ০৩ মি. |
| ৮। | প্রশ্ন উত্তর পর্ব | ০৫ মি. |
| ৯। | গান (এ্যাকশন ) | ০২ মি. |
| | **মোট =** | **৬০ মিনিট** |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার পদ্ধতি ও গ্রুপ ডিসকাশন

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:** মাল্টিমিডিয়া, ল্যাপটপ, স্ক্রিন, পোস্টার পেপার, মার্কার পেন, পয়েন্টার, হোয়াইট বোর্ড, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট, হ্যান্ড আউট ইত্যাদি।

**ফলোআপ/ অনুসরণ প্রক্রিয়া :** (সেশন পরবর্তী)

নিজ শাখার ছেলেমেয়েদের চারিত্রিক বৈশিষ্টের পৃথক তালিকা প্রণয়ন করবে এবং স্কাউটিংয়ের মাধ্যমে চারিত্রিক দূর্বলতা দূরীকরণের কী ব্যবস্থা গ্রহণ করা যাবে তা লিপিবদ্ধ করে নিজ কাউন্সিলরকে দেখাবেন।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# স্কাউটিং ও যুব সমাজ

## সমাজ

ভাষা, ধর্ম বিশ্বাস, সাংস্কৃতিক আচার অনুষ্ঠান বংশগত এবং অর্থনৈতিক অবস্থা, পেশাগত অবস্থান ইত্যাদি ভিত্তিতে মানুষ একসাথে বসবাস করে। এমন সংঘবদ্ধভাবে বসবাসকারী জন সমষ্টিকে সমাজ বলে।

## স্কাউটিং

স্কাউটিং হলো শিশু-কিশোর ও যুবক-যুবতীদের পর্যায়ক্রমিক প্রশিক্ষণের মাধ্যমে সৎ, চরিত্রবান, আত্মনির্ভরশীল, ধর্মভীরু কর্মঠ নাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে পরিচালিত জাতি, ধর্ম, বর্ণ নিবিশেষে সবার জন্য উন্মুক্ত স্বেচ্ছাসেবী, অরাজনৈতিক ও শিক্ষামূলক বিশ্বব্যাপী বিস্তৃত এক মহান আন্দোলন।

## যুব সমাজ

৬-২৫ বছর বয়সী ছেলে মেয়েদের যুব বয়সী বলে চিহ্নিত করা হয়। এ যুব সমাজের উপরই নির্ভর করে একটি সমাজ বা দেশের ভবিষ্যত। এ কারণে কোন দেশকে সুন্দরভাবে গড়ে তুলতে হলে প্রথমে গড়ে তোলা প্রয়োজন সে দেশের যুব সমাজকে। যুব সমাজের মধ্যে বয়সের তারতম্য অনুসারে চারিত্রিক বৈশিষ্ট্য ও মানসিক চাহিদার পরিবর্তন ঘটে বিধায় তাদের বিভিন্ন শাখা ভাগ করা হয়ে থাকে। স্কাউটিং-এ ৬-১০+ বছর পর্যন্ত কাব স্কাউট, ১১-১৬+ বছর পর্যন্ত স্কাউট এবং ১৭ থেকে ২৫ বছর পর্যন্ত রোভার স্কাউট বলে চিহ্নিত করা হয়েছে।

## যুব সমাজের উপর সামাজিক প্রভাব

যুব সমাজ সমাজেরই অবিচ্ছেদ্য অংশ বিধায় তাদের আচার আচরণ মন মানসিকতায় তার সমাজের প্রভাব প্রতিভাত হয়। হাতে কলমে শেখার মাধ্যমে তার মধ্যে যাতে খারাপ বিষয়গুলোর প্রভাব না পড়ে সেদিকে সতর্ক নজর রাখতে হয় এবং স্কাউট কর্মসূচিরও সেভাবে প্রণয়ন করতে হয়।

শিক্ষা প্রতিষ্ঠানে একটি যুববয়সীর পারিবারিক, আর্থ সামাজিক অবস্থা অবহিত হয়ে সেই নিরিখে মনস্তাত্ত্বিক বিশ্লেষণের মাধ্যমে শিক্ষার বা তার উন্নয়নের ব্যবস্থা করা হলে এ যুব সমাজকে সঠিকভাবে এগিয়ে নেয়া সম্ভব, স্কাউট বয়সীদের অর্থাৎ ৬ থেকে ২৫ বছর বয়সীদের উন্নয়ন ঘটাতে হলে সর্বাগ্রে প্রয়োজন তাদের চারিত্রিক বৈশিষ্ট্য সম্পর্কে অবহিত হওয়া এবং চারিত্রিক বৈশিষ্ট্যের সাথে সংগতিপূর্ণ কর্মসূচির সাথে তাদের সম্পৃক্ত করা। মূলতঃ বয়সের চাহিদার আলোকে কাব স্কাউট, স্কাউট এবং রোভার স্কাউট প্রোগ্রামের বিন্যাস করা হয়েছে। নিম্নে স্কাউট বয়সীদের চারিত্রিক বৈশিষ্ট্যের নিরিখে স্কাউট প্রোগ্রামের সাহায্যে কিভাবে তার উন্নয়ন ঘটান যায় সে বিষয়ে উল্লেখ করা হলো:

## ক. কাব স্কাউট

| ক্রমিক | কাব বয়সী বালক বালিকাদের চারিত্রিক বৈশিষ্ট্য | ক্রমিক | সহায়ক স্কাউট প্রোগ্রাম/পদ্ধতি |
|---|---|---|---|
| ১ | শরীরের প্রতি উদাসীন | ১ | বি, পি, পি,টি, খেলাধূলা, সাঁতার, সাইকেল চালনা, ক্রীড়া কুশলী ব্যাজের প্রশিক্ষণ ও ব্যাজ প্রদান |
| ২ | সুস্বাস্থ্য সম্পর্কে জ্ঞান | ২ | দক্ষতা ব্যাজে স্বাস্থ্য বিধি সম্পর্কে ধারণাদান, পরিবেশ উন্নয়ন ব্যাজ স্কীমে স্বাস্থ্য বিধি ব্যাজ প্রশিক্ষণের ব্যবস্থা |
| ৩ | বড়দের কথায় অবাধ্যতা ও জেদ প্রবণতা | ৩ | আইনের ব্যাখ্যা ও তা বাস্তবায়নের মাধ্যমে প্রতিকার করার ব্যবস্থা |
| ৪ | নতুন ঝকঝকে পোশাক, খাদ্য ইত্যাদিতে আগ্রহ নিজের স্বার্থ বড় করে দেখাতে চায় | ৪ | স্কাউট পোশাকের যত্ন, কাব ক্যাম্পুরী/কাব হলিডে ষষ্ঠক ভিত্তিক খাদ্য ব্যবস্থা |
| ৫ | সমবয়সীদের কাছে অহংকারী ভাব দেখায় | ৫ | ষষ্ঠক পদ্ধতি, খেলাধূলা, গান-বাজনা ও ক্যাম্পিং এ নিজের কাজ নিজে করার মাধ্যমে |

| ক্রমিক | কাব বয়সী বালক বালিকাদের চারিত্রিক বৈশিষ্ট্য | ক্রমিক | সহায়ক স্কাউট প্রোগ্রাম/পদ্ধতি |
|---|---|---|---|
| ৬ | আত্মীয়স্বজন বা অপরিচিত লোকদের সামনে খুবই লাজুকতা প্রকাশ করে | ৬ | ক্যাম্প ফায়ার, স্কাউট ওন, খেলাধূলা, গান বাজনায় অংশগ্রহণের মাধ্যমে |
| ৭ | নিজের স্বার্থের জন্য সহজেই মিথ্যার আশ্রয় নেয় | ৭ | নিজ হাতে খেলনা মডেল তৈরি করার সুযোগ করে দেয়া এবং এ কাজ জেনে সংরক্ষণ করার দায়িত্ব দেয়া। |
| ৮ | অতি তুচ্ছ কারণে অভিমান করে এবং জিনিসপত্র ভেংগে ফেলে | ৮ | ষষ্ঠক চেতনা/দলীয় চেতনা বৃদ্ধির জন্য নির্ধারিত দায়িত্ব প্রদান করা এবং কাজ করার উৎসাহ প্রদান খেলনা ও মডেল তৈরি করার মাধ্যমে। |
| ৯ | ভালমন্দ বিচার করতে পারে না | ৯ | দলীয় খেলা, গান ইত্যাদিতে নেতৃত্ব দেয়ার সুযোগ করে দেয়া। |
| ১০ | আবদারের সাথে সাথে না পেলে কান্না জুড়ে দেয় | ১০ | বাড়ীতে নিজের কাজ নিজ হাতে করার মাধ্যমে এবং বাবা মাকে ছোট খাট কাজে সহায়তাদানের অভ্যাস তৈরি করার মাধ্যমে |
| ১১ | কোন কাজে বা খেলায় বেশীক্ষণ ধৈর্য রাখতে পারে না। | ১১ | পর্যবেক্ষক, খেলনা তৈরি/মডেল প্রস্তুত কারক, গার্ডেনার ইত্যাদি কাজে উদ্বুদ্ধ করার মাধ্যমে |
| ১২ | রূপ কথায় বিশ্বাসী | ১২ | উপদেশমূলক গল্প, বি-পির জীবনী উপাখ্যান জাতীয় ইতিহাস ইত্যাদির মাধ্যমে |
| ১৩ | সমবয়সীদের সাথে দলগতভাবে থাকতে চায় | ১৩ | ষষ্ঠক পদ্ধতি, দলীয় খেলা, প্যাক মিটিং বাস্তবায়নের মাধ্যমে |
| ১৪ | ছোট মেয়েরা রান্না ও পুতুল খেলা খেলতে চায় | ১৪ | ক্যাম্পুরী বা কাব হলিডের রান্নার কাজে সাহায্য নেয়া, মডেল তৈরি, খেলাধূলায় অংশগ্রহণের সুযোগ করে দেয়া। |

## খ. স্কাউট

| ক্রমিক | স্কাউট বয়সীদের চারিত্রিক বৈশিষ্ট্য | সহায়ক স্কাউট প্রোগ্রাম/ পদ্ধতি |
|---|---|---|
| ১ | বন্ধুদের সাথে ঘুরে বেড়াতে চায়। | ক্যাম্পিং, হাইকিং,দলীয় কার্যবলীতে অংশগ্রহণ |
| ২ | নতুন নতুন জায়গা বেড়াতে পছন্দ করে। | ক্যাম্পিং, হাইকিং, দলীয় কার্যাবলীতে অংশগ্রহণ |
| ৩ | দলবদ্ধভাবে চলতে পছন্দ করে | উপদল পদ্ধতি |
| ৪ | | উপদল পদ্ধতি, ক্যাম্প ফায়ার, পাইওনিয়ারিং, ব্যাজ পদ্ধতি |
| ৫ | অনেক প্রশংসা প্রত্যাশী হয় | উপদল পদ্ধতি, ব্যাজ পদ্ধতি |
| ৬ | হঠাৎ করে ধার্মিক হয়ে ওঠে | স্কাউট প্রতিজ্ঞা, আইন, মটো, বনকলা, প্রকৃতি পর্যবেক্ষণ, স্কাউটস ওন |
| ৭ | প্রতিযোগিতা মনোভাব পরিলক্ষিত হয় | ট্রুপ মিটিং, পাইওনিয়ারিং, উপদল পদ্ধতি, খেলাধূলা |
| ৮ | হঠাৎ করে শারীরিক বয়োবৃদ্ধি ঘটে ও বিব্রতবোধ করে | পাইওয়ারিং, হাইকিং এবং অন্যান্য দলীয় কার্যক্রমে ব্যস্ত রাখা। |
| ৯ | নতুন নতুন পোশাক পরিধান করতে পছন্দ করে | স্কাউট পোশাক ও ব্যাজ পদ্ধতি |
| ১০ | সহমর্মী হয় | প্রাথমিক প্রতিবিধান, উদ্ধার কাজ। |
| ১১ | উদ্দীপক কাজে অংশগ্রহণ করতে পছন্দ করে। | হাইকিং, অবস্ট্রাকল, অ্যাডভেঞ্চার, ওয়াইড গেম |
| ১২ | বীর পুজারী | বিপির জীবনী পাঠ, জাতীয় জীবের ইতিহাস |

## গ. রোভার স্কাউট

| ক্রমিক | রোভার বয়সী বালক বালিকাদের চারিত্রিক বৈশিষ্ট্য | ক্রমিক | সহায়ক স্কাউট প্রোগ্রাম/পদ্ধতি |
|---|---|---|---|
| ১ | নিজেদের স্বাবলম্বী মনে করে | ১ | ক্রু মিটিং, রোভার মুট, পাইওনিয়ারিং কাজে অংশগ্রহণের মাধ্যমে। |
| ২ | নিজের মতামতকে প্রাধান্য দিতে চায় | ২ | উপদল পদ্ধতির মাধ্যমে সকল প্রকার কাজে অংশগ্রহণ |
| ৩ | স্বাধীন চেতা হতে চায় | ৩ | র‍্যাম্বলিং, সমাজ সেবা, সমাজ উন্নয়নমূলক কাজ। |
| ৪ | বয়স্কদের মতামতের চেয়ে নিজের মতকে প্রাধান্য দেয় | ৪ | উপদল পদ্ধতি, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদিতে অংশগ্রহণের মাধ্যমে। |
| ৫ | আধ্যাত্মিক চিন্তা চেতনায় উদাসীন হয়। | ৫ | বিশ্ব সংরক্ষণ, বনকলা, স্কাউটস ওন ও ধর্মীয় কাজে অংশগ্রহণ |
| ৬ | তাৎক্ষণিকভাবে নিজেকে প্রতিষ্ঠিত করতে চায় | ৬ | শিক্ষকতা বা নিরক্ষরতা দূরীকরণে অংশগ্রহণ, প্রকল্প গ্রহণ এবং পারদর্শিতামূলক ব্যাজ প্রশিক্ষণ |
| ৭ | সমাজে একজন মর্যাদা সম্পন্ন হতে চায় | ৭ | সমাজ সেবা, সমাজ উন্নয়নমূলক কাজে অংশগ্রহণ এবং ধর্মীয় বা সামাজিক কাজে নিজেকে সম্পৃক্ত করে। |
| ৮ | বিপরীত লিংগের সমবয়সীর সাথে বন্ধুত্ব করতে চায় | ৮ | গার্ল-ইন রোভার স্কাউট দলের কার্যক্রমে সম্পৃক্তকরণ |
| ৯ | আবেগ প্রবণ হয় | ৯ | দলীয় কার্যক্রমে গণতন্ত্রের চর্চা, প্যাট্রোল সিস্টেম বাস্তবায়ন |
| ১০ | বিভিন্ন জায়গায় ভ্রমণ করতে চায় | ১০ | র‍্যাম্বলিং, রোভার মুট, হাইকিং, ক্যাম্পিং ইত্যাদি বাস্তবায়নের মাধ্যমে |
| ১১ | বন্ধু বান্ধব আত্মীয় স্বজনের নিকট থেকে প্রশংসা কামনা করে। | ১১ | পি আর এস হওয়া বা অ্যাওয়ার্ড পদ্ধতির সঠিক বাস্তবায়ন |
| ১২ | সহজে বেশী লাভবান হতে চায় | ১২ | দক্ষতা ও পারদর্শিতামূলক ব্যাজ পদ্ধতির বাস্তবায়ন। |

স্কাউটিং এর সকল কার্যক্রম যেমন এ বয়সী শিশু-শিশোর এবং যুবককে মানসিক এবং আচরণগত দিক থেকে একটি সুনির্দিষ্ট ছকে নিয়ে আসে তেমনি তার পারপার্শ্বিক প্রভাব থেকে সে বেরিয়ে আসার সুযোগ লাভ করে।

# স্কাউট পোশাক ও ব্যাজ
## সেশন প্লান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **সেশনের নাম** | : | স্কাউট পোশাক ও ব্যাজ | **কোর্স** | : | ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | | **তারিখ** | : | |
| **আরম্ভের সময়** | : | | **শেষ করার সময়** | : | |
| **মোট সময়** | : | | **শিক্ষাদানের তারিখ** | : | |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. স্কাউট পোশাক সম্পর্কে ধারণা লাভ করে কোন পর্যায়ের সদস্যরা কি ধরণের পোশাক পরিধান করবেন তা ব্যাখ্যা করতে পারবেন।

২. স্কাউট পোশাকে ব্যাজ পরিধানের নিয়ম বর্ননা করতে পারবেন।

**সূচিপত্র** (সারসংক্ষেপ)

১। **স্কাউট পোশাক :** (স্কাউট শাখা)

* ছেলেদের পোশাক
* মেয়েদের পোশাক
* লিডারগণের (পুরুষ) পোশাক
* লিডারগণের (মহিলা) পোশাক

২। **ব্যাজ পরিধানের নিয়মাবলী :** ক. দক্ষতা ব্যাজসমূহ; খ. পারদর্শিতা ব্যাজসমূহ
গ. সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড
ঘ. শাপলা কাব/পি এস ও পি .আর এস অ্যাওয়ার্ড

**বিষয়সূচির বিবরণ:** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১. | **স্কাউট পোশাক :** (ক) ছেলেদের পোশাক (খ) মেয়েদের পোশাক | ১২ মি. |
| ২. | **স্কাউট নেতাদের পোশাক :** (ক) পুরুষ (খ) মহিলা | ০৬ মি. |
| ৩. | ব্যাজ পরিধানের নিয়মাবলী | ০৮ মি. |
| ৪. | সামিং আপ | ০২ মি. |
| ৫. | প্রশ্ন উত্তর পর্ব | ০২ মি. |
| | **মোট =** | **৩০ মিনিট** |

**প্রশিক্ষণ পদ্ধতি:** লেকচার পদ্ধতি ও ডেমোনেস্ট্রেশন পদ্ধতি।

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:** মাল্টিমিডিয়া, ল্যাপটপ, পোস্টার পেপার, মার্কার পেন, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট, স্কাউট পোশাক (সকল ধরনের), পয়েন্টার, হ্যান্ড আউট ইত্যাদি।

**ফলোআপ/অনুসরণ প্রক্রিয়া :** (সেশন পরবর্তী)
স্ব স্ব রানিং নোটে পোশাক এঁকে যথাস্থানে ব্যাজ স্থাপন করে কাউন্সিলরকে দেখাবেন।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| স্বাক্ষর | : | | স্বাক্ষর | : | |
| কোর্স লিডার | : | | সেশন পরিচালক | : | |

# স্কাউট পোশাক

## ১. স্কাউট পোশাক

**ক. যোগ্যতা :**

কাব স্কাউট, স্কাউট, রোভার স্কাউট, ইউনিট লিডার, গ্রুপ স্কাউট লিডার এবং অন্যান্য সনদপ্রাপ্ত পদের অধিকারী সদস্যগণ স্কাউট পোশাক পরবেন। Non Warranted বা সনদবিহীন সদস্যগণ যেমন সভাপতি, সহ-সভাপতি, কোষাধ্যক্ষ, সম্পাদক ও কমিটির সদস্যগণ দীক্ষা গ্রহণের পর স্কাউট পোশাক পরতে পারবেন। তাঁরা ইউনিট লিডারদের অনুরূপ পোশাক পরবেন। তবে নির্ধারিত স্কার্ফ, সদস্য ব্যাজ ও (গঠন ও নিয়ম তফসিল এক-এ বর্ণিত নিয়মানুযায়ী) প্রাপ্ত সম্মানীয় পদক বা অ্যাওয়ার্ড ছাড়া অন্য কিছু পরতে পারবেন না।

**খ. নিয়মাবলী :**

১. স্কাউট পোশাক সঠিক মাপ ও নমুনার হতে হবে।

২. বাংলাদেশ স্কাউটস কর্তৃক অনুমোদিত ব্যাজ ও ডেকোরেশন ছাড়া অন্য কোন প্রতীক, অলংকার বা সৌখিন সাজ-সজ্জা স্কাউট পোশাকের সাথে ব্যবহার করা যাবে না।

৩. যে কোন স্কাউট অনুষ্ঠানে যোগদানের সময় পরিপূর্ণ ও পরিপাটি স্কাউট পোশাক পরতে হবে।

৪. বাংলাদেশ স্কাউটসের সকল সদস্য-তাঁদের স্বীকৃত যোগ্যতা, দক্ষতা, পারদর্শিতা, সম্মানসূচক পদক ও পদমর্যাদার প্রতীক স্বরূপ ভিন্ন ভিন্ন স্তরের জন্য নির্ধারিত ব্যাজ বা পদকগুলো স্কাউট পোশাকের সাথে পরতে পারবে। একজন সদস্য একই বিষয়ের ওপর একধিক বা অন্য শাখার ব্যাজ স্কাউট পোশাকে পরতে এবং কোন ব্যাজ বা পদক হস্তান্তর করতে পারবে না।

৫. এক স্তরের ইউনিটের শাখার জন্য নির্ধারিত ব্যাজ অন্য কোন স্তরের ইউনিটের শাখার সদস্যরা স্কাউট পোশাকে পরতে পারবে না।

৬. বাংলাদেশ স্কাউটস কর্তৃক তৈরিকৃত স্কাউট ব্যাজ, বই, রেপ্লিকা, পদক ও অ্যাওয়ার্ডসমূহ জাতীয় সদর দফতর কর্তৃক অনুমোদিত, নিয়ন্ত্রিত এবং সংরক্ষিত।

## ২. কাব স্কাউট পোশাক

### ক. কাব স্কাউট (ছেলে)

১. **টুপি:** স্কাউট মনোগ্রামযুক্ত নেভীব্লু  রংয়ের পিকযুক্ত বেইস বল (Base Ball) টুপি (টুপি পরা বাধ্যতামূলক নয়, পরলে ইউনিটের সকলকে একত্রে পরতে হবে।)

২. **শার্ট:** ছাই (অ্যাশ) রংয়ের দুই পকেটওয়ালা ঢাকনা যুক্ত (মাঝখানে প্লেটসহ) হাফ বা ফুল শার্ট (একটি ইউনিটের সকলেই একই রকম অর্থাৎ হাফ অথবা ফুল শার্ট পরতে হবে।)

৩. **প্যান্ট :** গাঢ় নেভী ব্লু রংয়ের (প্যান্টের সাথে যুক্ত ফিতা যা কাঁধের উপর দিয়ে পেছনে প্যান্টের সাথে লাগানো যায়) হাফ অথবা ফুল প্যান্ট। (একটি ইউনিটের সকলেই একই রকম অর্থাৎ হাফ অথবা ফুল প্যান্ট পরতে হবে।)

৪. **বেল্ট :** বাংলাদেশ স্কাউটস এর মনোগ্রাম সম্বলিত Buckle ওয়ালা কালো রংয়ের চামড়া বা কাপড়ের বেল্ট।

৫. **মোজা :** সাদা অথবা কালো রংয়ের মোজা। প্রত্যেক ইউনিটকে একই রং এর মোজা ও জুতা পরিধান করতে হবে।

৬. **জুতা :** সাদা বা কালো রং এর জুতা। প্রত্যেক ইউনিটকে একই রকমের জুতা পরিধান করতে হবে।

৭. **স্কার্ফ :** লাল রংয়ের স্কার্ফ (স্কার্ফের শীর্ষে হলুদ পটভূমিতে স্কাউট মনোগ্রাম খচিত ব্যাজ)

৮. **ষষ্ঠক পরিচিতি ব্যাজ :** ষষ্ঠক পরিচিতি রংয়ের ৩.৮১ সে. মি. সমবাহু বিশিষ্ট ত্রিকোণাকৃতির কাপড়ের ব্যাজ। বাম কাঁধের নীচে হাতার উপরের অংশে শীর্ষকোণ উপরে রেখে সেলাই করে পরতে হবে।

৯. **গ্রুপ পরিচিতি :** Oval বা ডিম্বাকৃতির লাল পটভূমিতে সাদা রংয়ে লেখা স্ক্রীন প্রিন্ট/এমব্রয়ডারি করা গ্রুপ নম্বরসহ গ্রুপ পরিচিতি ব্যাজ শার্টের বাম হাতার উপরের অংশে অঞ্চল পরিচিতি ব্যাজের নীচে সেলাই করে পরতে হবে।

১০. **নাম ফলক :** লাল রংয়ের পটভূমিতে গাঢ় হলুদ রংয়ে (রেজিস্ট্রেশন নম্বরসহ) লেখা প্লাস্টিক অথবা কাপড়ে নিজ নাম ফলক ডান বুক পকেটের ঢাকনার লাইনের ওপরে পরতে হবে। (প্রত্যেক ইউনিটে একই ধরনের অর্থাৎ প্লাস্টিক বা কাপড় এর তৈরি নাম ফলক ব্যবহার করতে হবে)

১১. **জাতীয় পতাকার রেপ্লিকা :** নাম ফলকের ওপরে জাতীয় পতাকার রেপ্লিকা (৫৩(গ) ধারা অনুযায়ী) পরতে হবে।

১২. অঞ্চল পরিচিতি ব্যাজ এবং বাংলাদেশ পরিচিতি ব্যাজ সংশ্লিষ্ট ধারার বর্ণনা অনুযায়ী শার্টের হাতায় পরতে হবে।

১৩. শার্টের পেটি বা শোল্ডার থাকবে।

**খ. কাব স্কাউট (মেয়ে)**

১. **টুপি :** স্কাউট মনোগ্রামযুক্ত নেভীব্লু রংয়ের পিকযুক্ত বেইস বল (ইধংব ইধষষ) টুপি (টুপি পরা বাধ্যতামূলক নয়, পরলে ইউনিটের সকলকে একত্রে পরতে হবে।)

২. **শার্ট :** ছাই (অ্যাশ) রংয়ের দুই পকেটওয়ালা ঢাকনাযুক্ত (মাঝখানে প্লেটসহ) হাফ বা ফুল শার্ট। (একটি ইউনিটের সকলেই একই রকম অর্থাৎ হাফ অথবা ফুল শার্ট পরতে হবে।)

৩. **স্কার্ট :** গাঢ় নেভী ব্লু রংয়ের (স্কার্টের সাথে যুক্ত ফিতা যা কাঁধের উপর দিয়ে পেছনে স্কার্টের সাথে লাগানো যায়) স্কার্ট।

৪. **বেল্ট :** বাংলাদেশ স্কাউটস এর মনোগ্রাম সম্বলিত Buckle ওয়ালা কালো রংয়ের চামড়া বা কাপড়ের বেল্ট।

৫. **মোজা :** সাদা অথবা কালো রংয়ের মোজা। প্রত্যেক ইউনিটকে একই রং এর মোজা পরিধান করতে হবে।

৬. **জুতা :** সাদা অথবা কালো রংয়ের জুতা। প্রত্যেক ইউনিটকে একই রং এর জুতা পরিধান করতে হবে।

৭. **স্কার্ফ :** লাল রংয়ের স্কার্ফ (স্কার্ফের শীর্ষে হলুদ পটভূমিতে স্কাউট মনোগ্রাম খচিত ব্যাজ)

৮. **ষষ্ঠক পরিচিতি ব্যাজ :** ষষ্ঠক পরিচিতি রংয়ের ৩.৮১ সেঃ মিঃ সমবাহু বিশিষ্ট ত্রিকোণাকৃতির কাপড়ের ব্যাজ। বাম কাঁধের নীচে হাতার উপরের অংশে শীর্ষ কোণ উপরে রেখে সেলাই করে পরতে হবে।

৯. **গ্রুপ পরিচিতি :** Oval বা ডিম্বাকৃতির লাল পটভূমিতে সাদা রংয়ে লেখা স্ক্রীন প্রিন্ট/এ মব্রয়ডারী করা গ্রুপ নম্বরসহ গ্রুপ পরিচিতি ব্যাজ শার্টের বাম হাতার উপরের অংশে অঞ্চল পরিচিতি ব্যাজের নীচে সেলাই করে পরতে হবে।

১০. **নাম ফলক :** লাল রংয়ের পটভূমিতে গাঢ় হলুদ রংয়ে (রেজিস্ট্রেশন নম্বরসহ) লেখা প্লাস্টিক অথবা কাপড়ে নাম ফলক ডান বুক পকেটের ঢাকনার লাইনের ওপরে পরতে হবে। (প্রত্যেক ইউনিটকে একই ধরনের অর্থাৎ প্লাস্টিক বা কাপড়ের তৈরী নাম ফলক ব্যবহার করতে হবে)

১১. **জাতীয় পতাকার রেপ্লিকা :** নাম ফলকের ওপরে জাতীয় পতাকার রেপ্লিকা (৪৮(গ) ধারা অনুযাযী) পরতে হবে।

১২. অঞ্চল পরিচিতি ব্যাজ এবং বাংলাদেশ পরিচিতি ব্যাজ সংশ্লিষ্ট ধারার বিধান অনুযায়ী শার্টের হাতায় পরতে হবে।

১৩. শার্টের পেটি বা শোল্ডার থাকবে।

## ৩. স্কাউট পোশাক

**ক. স্কাউট (ছেলে)**

১. **টুপি :** স্কাউট মনোগ্রামযুক্ত নেভীব্লু রংয়ের পিকযুক্ত বেইস বল (Base Ball) টুপি (টুপি পরা বাধ্যতামূলক নয়,পরলে ইউনিটের সকলকে একত্রে পরতে হবে।)

২. **শার্ট :** ছাই (অ্যাশ) রংয়ের কাঁধে পেটিসহ দুই পকেটওয়ালা ঢাকনাযুক্ত (মাঝখানে প্লেটসহ) হাফ বা ফুল শার্ট (একটি ইউনিটের সকলেই একই রকম অর্থাৎ হাফ অথবা ফুল শার্ট পরতে হবে।)

৩. **প্যান্ট :** গাঢ় নেভী ব্লু রংয়ের ফুল প্যান্ট, স্ট্রেট কাট, নীচের মহুরী ৪০ থেকে ৪৫ সেঃ মিঃ এর মধ্যে হতে হবে।

৪. **বেল্ট :** স্কাউট মনোগ্রামযুক্ত Buckle ওয়ালা কালো রংয়ের চামড়া বা কাপড়ের বেল্ট।

৫. **জুতা :** কালো রংয়ের জুতা

৬. **মোজা :** প্যান্টের রং অর্থাৎ নেভী ব্লু রংয়ের মোজা

৭. **স্কার্ফ :** নিজ ইউনিটের জন্য উপজেলা স্কাউট কর্তৃক অনুমোদিত নির্ধারিত স্কার্ফ।

৮. **গ্রুপ পরিচিতি :** Oval বা ডিম্বাকৃতির লাল পটভূমিতে সাদা রংয়ে লেখা স্ক্রীন প্রিন্ট/এমব্রয়ডারী করা গ্রুপ নম্বরসহ গ্রুপ পরিচিতি ব্যাজ শার্টের বাম হাতার উপরের অংশে অঞ্চল পরিচিতি ব্যাজের নীচে সেলাই করে পরতে হবে।

৯. **দড়ি :** এক সে. মি. ব্যাস বিশিষ্ট ২.৭৫ মিটার লম্বা সূতা/ছন/পাটের দড়ি স্কাউটিং পদ্ধতিতে গোছনো অবস্থায় কোমরের বেল্টের হুকের সাথে ঝুলিয়ে রাখা যাবে।

১০. **নাম ফলক :** সবুজ রংয়ের পটভূমিতে গাঢ় লাল রংয়ে (রেজিস্ট্রেশন নম্বরসহ) লেখা প্লাস্টিক অথবা কাপড়ে নিজ নাম ফলক ডান বুক পকেটের ঢাকনার লাইনের ওপরে পরতে হবে।

১১. **জাতীয় পতাকার রেপ্লিকা :** নাম ফলকের ওপরে জাতীয় পতাকার রেপ্লিকা (৫৩(গ) ধারা অনুযায়ী) পরতে হবে।

১২. অঞ্চল পরিচিতি ব্যাজ এবং বাংলাদেশ পরিচিতি ব্যাজ সংশ্লিষ্ট ধারার বিধান অনুযায়ী শার্টের হাতায় পরতে হবে।

১৩. **বাঁশি :** উপদল নেতা ও সিনিয়র উপদল নেতার বাম কাঁধে কর্ডসহ বাঁশি থাকবে

১৪. **শীতের পোশাক :** শীতকালে স্কাউট পোশাকের সাথে মনোগ্রামযুক্ত নেভী ব্লু রংয়ের ফুলহাতা ভি কলারের সোয়েটার পরতে হবে।

**খ. স্কাউট (মেয়ে)**

১. **টুপি :** স্কাউট মনোগ্রামযুক্ত নেভীব্লু রংয়ের পিকযুক্ত বেইস বল (Base Ball) টুপি (টুপি পরা বাধ্যতামূলক নয়, পরলে ইউনিটের সকলকে একত্রে পরতে হবে।)

২. **কামিজ :** ছাই (অ্যাশ) রংয়ের কাঁধে পেটিসহ লম্বা কামিজ হাটুর চার আঙ্গুল নীচ পর্যন্ত হাফ বা ফুলহাতা কামিজ । ওড়না হবে গাঢ় নেভী ব্লু রংয়ের। (একটি ইউনিটের সকলেই একই রকম অর্থাৎ হাফ অথবা ফুল হাতা কামিজ পরতে হবে।)

৩. **সালোয়ার :** গাঢ় নেভী ব্লু রংয়ের সালোয়ার।।

৪. **জুতা :** কালো রংয়ের জুতা

৫. **মোজা :** সালোয়ারের রংয়ের অর্থাৎ নেভী ব্লু রংয়ের মোজা

৬. **স্কার্ফ :** নিজ ইউনিটের জন্য উপজেলা স্কাউট কর্তৃক অনুমোদিত নির্ধারিত স্কার্ফ।

৭. **বেল্ট :** স্কাউট মনোগ্রামযুক্ত ইঁপশষব ওয়ালা কালো রং এর চামড়া বা কাপড়ের বেল্ট

৮. **গ্রুপ পরিচিতি :** Oval বা ডিম্বাকৃতির লাল পটভূমিতে সাদা রংয়ে লেখা স্ক্রীন প্রিন্ট/এমব্রয়ডারী করা গ্রুপ নম্বরসহ গ্রুপ পরিচিতি ব্যাজ শার্টের বাম হাতার উপরের অংশে অঞ্চল পরিচিতি ব্যাজের নীচে সেলাই করে পরতে হবে।

৯. **দড়ি :** এক সেঃ মিঃ ব্যাস বিশিষ্ট ২.৭৫ মিটার লম্বা সূতা/ ছন/ পাটের দড়ি স্কাউটিং পদ্ধতিতে গোছানো অবস্থায় কোমরে বেল্টের হুকের সাথে ঝুলিয়ে রাখা যাবে।

১০. **নাম ফলক :** সবুজ রংয়ের পটভূমিতে গাঢ় লাল রংয়ে (রেজিস্ট্রেশন নম্বরসহ) লেখা প্লাস্টিক অথবা কাপড়ে নিজ নাম ফলক ডান বুক পকেটের ঢাকনার লাইনের ওপরে পরতে হবে।

১১. **জাতীয় পতাকার রেপ্লিকা :** নাম ফলকের ওপরে জাতীয় পতাকার রেপ্লিকা (৫৩(গ) ধারা অনুযায়ী) পরতে হবে।

১২. অঞ্চল পরিচিতি ব্যাজ এবং বাংলাদেশ পরিচিতি ব্যাজ সংশ্লিষ্ট ধারার বিধান অনুযায়ী শার্টের হাতায় পরতে হবে।

১৩. **বাঁশি :** উপদল নেতা ও সিনিয়র উপদল নেতার বাম কাঁধে কর্ডসহ বাঁশি থাকবে।

১৪. **শীতের পোশাক :** শীতকালে স্কাউট মনোগ্রামযুক্ত নেভী ব্লু রং এর ভি কলারের সোয়েটার পরতে হবে।৪. জুতা, মোজা, বেল্ট ও অন্যান্য উপাদান স্কাউট (ছেলে) দের পোশাকের মত।

## ৪. রোভার স্কাউট পোশাক

**ক. রোভার স্কাউট (ছেলে)**

১. **টুপি :** স্কাউট মনোগ্রামযুক্ত নেভীব্লু রংয়ের পিকযুক্ত বেইস বল (Base Ball) টুপি

২. **শার্ট :** ছাই (অ্যাশ) রংয়ের অ্যাপুলেটসহ দুই পকেটওয়ালা ঢাকনা যুক্ত (মাঝখানে প্লেটসহ) হাফ/ফুল হাতা শার্ট। (একই ইউনিটের সকল সদস্যকে এক ধরনের অর্থাৎ হাফ অথবা ফুল হাতা শার্ট পরতে হবে)

৩. **প্যান্ট :** স্ট্রেটকাট গাঢ় নেভীব্লু রংয়ের ফুল প্যান্ট, নীচের মুহুরী ৪০-৪৫ সেঃ মিঃ হবে।

৪. **বেল্ট :** বাংলাদেশ স্কাউটস এর মনোগ্রামযুক্ত Buckle ওয়ালা কালো রং এর চামড়ার বেল্ট পরতে হবে।

৫. **শোল্ডার অ্যাপুলেট :** দীক্ষা প্রাপ্ত রোভার স্কাউট দুই কাধের পেটিতে স্তর অনুযায়ী অ্যাপুলেট পরবে।

৬. **জুতা :** কালো রংয়ের জুতা

৭. **মোজা :** নেভী ব্লু রংয়ের মোজা

৮. **স্কার্ফ :** জেলা রোভার কর্তৃক গ্রুপের জন্য অনুমোদিত স্কার্ফ

৯. **গ্রুপ পরিচিতি :** Oval বা ডিম্বাকৃতির লাল পটভূমিতে সাদা রংয়ে লেখা স্ক্রীন প্রিন্ট/এমব্রয়ডারী করা গ্রুপ নম্বরসহ গ্রুপ পরিচিতি ব্যাজ শার্টের বাম হাতার উপরের অংশে অঞ্চল পরিচিতি ব্যাজের নীচে সেলাই করে পরতে হবে।

১০. **নাম ফলক :** হালকা নীল রংয়ের পটভূমিতে সাদা রংয়ে (রেজিস্ট্রেশন নম্বরসহ) লেখা প্লাস্টিক অথবা কাপড়ের নাম ফলক ডান বুক পকেটের ঢাকনার লাইনের ওপরে পরতে হবে। (একই ইউনিটের সকল সদস্যকে একই ধরনের নাম ফলক পরতে হবে)।

১১. **জাতীয় পতাকার রেপ্লিকা :** নাম ফলকের ওপরে জাতীয় পতাকার রেপ্লিকা (৫৩(গ) ধারা অনুযাযী) পরতে হবে।

১২. অঞ্চল পরিচিতি ব্যাজ এবং বাংলাদেশ পরিচিতি ব্যাজ সংশ্লিষ্ট ধারার বর্ণনা অনুযায়ী শার্টের হাতায় পরতে হবে।

১৩. **বাঁশির :** রোভার মেট ও সিনিয়র রোভার মেটের বাম কাঁধে কর্ডসহ বাঁশি থাকবে।

১৪. **শীতের পোশাক :** শীতকালে স্কাউট পোশাকের সাথে মনোগ্রামযুক্ত নেভী ব্লু রং এর ভি কলারের সোয়েটার পরতে হবে।

**খ. রোভার স্কাউট (মেয়ে)**

১. **টুপি :** স্কাউট মনোগ্রামযুক্ত নেভীব্লু রংয়ের পিকযুক্ত বেইস বল (Base Ball) টুপি

২. **কামিজ :** ছাই (অ্যাশ) রংয়ের লম্বা কামিজ (হাটুর চার আঙ্গুল নীচ পর্যন্ত) এবং যার দুই কাধে অ্যাপুলেট পড়ার জন্য পেটি থাকবে। (প্রত্যেক ইউনিটে একই রকম অর্থাৎ হাফ বা ফুল কামিজ পরতে হবে।)

৩. **ওড়না :** গাঢ় নেভী ব্লু রংয়ের ওড়না। (যদি কোন মেয়ে মাথায় স্কার্ফ পরতে চায়; তবে তাকে কামিজের রংয়ের কাপড়ের স্কার্ফ পরতে হবে।)

৪. **সালোয়ার :** গাঢ় নেভী ব্লু রংয়ের সালোয়ার

৫. **বেল্ট :** বাংলাদেশ স্কাউটস এর মনোগ্রামযুক্ত Buckle ওয়ালা সালোয়ার রংয়ের কাপড়/চামড়ার বেল্ট পরতে হবে।

৬. **জুতা :** কালো রংয়ের জুতা

৭. **মোজা :** নেভী ব্লু রংয়ের মোজা

৮. **শোল্ডার অ্যাপুলেট :** দীক্ষা প্রাপ্ত রোভার স্কাউট দুই কাধের পেটিতে স্তর অনুযায়ী অ্যাপুলেট পরবে।

৯. **স্কার্ফ :** জেলা রোভার কর্তৃক গ্রুপের জন্য অনুমোদিত স্কার্ফ।

১০. **গ্রুপ পরিচিতি :** Oval বা ডিম্বাকৃতির লাল পটভূমিতে সাদা রংয়ে লেখা স্ক্রীন প্রিন্ট/এমব্রয়ডারী করা গ্রুপ নম্বরসহ গ্রুপ পরিচিতি ব্যাজ শার্টের বাম হাতার উপরের অংশে অঞ্চল পরিচিতি ব্যাজের নীচে সেলাই করে পরতে হবে।

১১. **নাম ফলক :** হালকা নীল রংয়ের পটভূমিতে সাদা রংয়ে (রেজিস্ট্রেশন নম্বরসহ) লেখা কাপড়ে নাম ফলক ডান বুক পকেটের ঢাকনার লাইনের ওপরে পরতে হবে। (একই ইউনিটের সকল সদস্যকে একই ধরনের নাম ফলক পরতে হবে)

১২. **জাতীয় পতাকার রেপ্লিকা :** নাম ফলকের ওপরে জাতীয় পতাকার রেপ্লিকা (৫৩(গ) ধারা অনুযায়ী) পরতে হবে।

১৩. অঞ্চল পরিচিতি ব্যাজ এবং বাংলাদেশ পরিচিতি ব্যাজ সংশ্লিষ্ট ধারার বিধান অনুযায়ী শার্টের হাতায় পরতে হবে।

১৪. **বাঁশি:** রোভার মেট ও সিনিয়র রোভার মেটের বাম কাঁধে কর্ডসহ বাঁশি থাকবে।

১৫. **শীতের পোশাক :** শীতকালে স্কাউট পোশাকের সাথে মনোগ্রামযুক্ত নেভী ব্লু রং-এর ভি কলারের সোয়েটার পরতে হবে।

## ৫. ইউনিট লিডার পোশাক

### ক. ইউনিট লিডার পোশাক (পুরুষ)

১. **টুপি :** স্কাউট মনোগ্রামযুক্ত নেভীব্লু রংয়ের পিকযুক্ত বেইস বল (Base Ball) টুপি

২. **শার্ট :** ছাই (অ্যাশ) রংয়ের ঢাকনাযুক্ত দুই পকেটওয়ালা (মাঝখানের প্লেটসহ) হাফ বা ফুল হাতা শার্ট। নিজ ইউনিটের স্কাউট সদস্যদের অনুরূপ শার্ট হতে হবে।

৩. **প্যান্ট :** গাঢ় নেভী ব্লু রংয়ের ফুল প্যান্ট। নীচের মহুরী ৪০-৪৫ সেঃ মিঃ হবে।

৪. **বেল্ট :** স্কাউট মনোগ্রামযুক্ত Buckle ওয়ালা কালো রং এর চামড়ার বেল্ট

৫. **জুতা :** কালো রংয়ের জুতা ও গাঢ় নীল রংয়ের মোজা।

৬. **স্কার্ফ :** ইউনিট লিডারগণ দলীয় স্কার্ফ, উডব্যাজারগণ উডব্যাজ স্কার্ফ, জাতীয় স্কার্ফ পরার যোগ্য ব্যক্তিগত জাতীয় স্কার্ফ পরবেন।

৭. **নাম ফলক :** গাঢ় বেগুনী রংয়ের পটভূমিতে সাদা রংয়ে (রেজিস্ট্রেশন নম্বরসহ) লেখা কাপড়ে নিজ নাম ফলক ডান বুক পকেটের ঢাকনার লাইনের ওপরে পরতে হবে।

৮. **জাতীয় পতাকার রেপ্লিকা :** জাতীয় পতাকার রেপ্লিকাঃ নাম ফলকের ওপরে জাতীয় পতাকার রেপ্লিকা (৫৩(গ) ধারা অনুযায়ী) পরতে হবে।

৯. অঞ্চল পরিচিতি ব্যাজ এবং বাংলাদেশ পরিচিতি ব্যাজ সংশ্লিষ্ট ধারা বর্ণনা অনুযায়ী শার্টের হাতায় পরতে হবে।

১০. **শীতের পোশাক :** শীতকালে স্কাউট মনোগ্রামযুক্ত নেভীব্লু রংয়ের ভি কলারের সোয়েটার পরতে হবে। সোয়েটারের বুকের বাম পার্শ্বে স্কাউট মনোগ্রাম থাকবে; উপরে কোন পকেট থাকবে না।

### খ. ইউনিট লিডার পোশাক (মহিলা)

১. **টুপি :** স্কাউট মনোগ্রামযুক্ত নেভী ব্লু রংয়ের পিকযুক্ত বেইস বল (Base Ball) টুপি

২. **শাড়ী :** ছাই (অ্যাশ) রংয়ের শাড়ী।

৩. **ব্লাউজ :** গাঢ় নেভী ব্লু রংয়ের ফুল/হাপ হাতাওয়ালা (কাঁধে পেটিসহ) ব্লাউজ।

৪. **জুতা :** কালো রংয়ের জুতা এবং নীল রংয়ের মোজা।

৫. **স্কার্ফ :** ইউনিট লিডারগণ দলীয় স্কার্ফ, উডব্যাজারগণ উডব্যাজ স্কার্ফ এবং জাতীয় স্কার্ফ পরার যোগ্যগণ জাতীয় স্কার্ফ পরবেন।

৬. **নাম ফলক :** গাঢ় বেগুনী রংয়ের পটভূমিতে সাদা রংয়ে (রেজিস্ট্রেশন নম্বরসহ) লেখা কাপড়ে নিজ নাম ফলক ডান কাঁধ থেকে সামনের দিকে ১২ সে. মি. নীচে সেলাই করে পরতে হবে।

৭. **জাতীয় পতাকার রেপ্লিকা :** নাম ফলকের ওপরে জাতীয় পতাকার রেপ্লিকা (৫৩(গ) ধারা অনুযায়ী) পরতে হবে।

৮. অঞ্চল পরিচিতি ব্যাজ এবং বাংলাদেশ পরিচিতি ব্যাজ সংশ্লিষ্ট ধারার বিধান অনুযায়ী শার্টের হাতায় পরতে হবে।

৯. **মাথার স্কার্ফ :** কোন মহিলা লিডার যদি মাথায় স্কার্ফ পরতে চান; তবে কামিজের রংয়ের কাপড়ের স্কার্ফ পরতে হবে।

১০. **এপ্রোন :** কোন মহিলা লিডার যদি এপ্রোন পরতে চান; তবে তিনি ছাই (অ্যাশ) রংয়ের অনুমোদিত নমুনা অনুযায়ী এপ্রোন পরতে পারবেন। শুধুমাত্র ওয়ার্কিং ইউনিফর্ম-এর সাথে এপ্রোন পরা যাবে।

১১. শীতকালে স্কাউট পোশাকের সাথে মনোগ্রামযুক্ত নেভীব্লু রংয়ের ভি কলারের সোয়েটার পরতে হবে। সোয়েটারের বুকের বাম পাশে স্কাউট মনোগ্রাম থাকবে। উপরে কোন পকেট থাকবে না।

**১২. ওয়ার্কিং ড্রেস**

**কামিজ :** অ্যাশ (ছাই) রং এর কলার যুক্ত ফুল হাতা হাটুর নিচ পর্যন্ত লম্বা কামিজ।

**সালোয়ার :** নেভি ব্লু রং এর মোটা কাপড়ের প্যান্ট কাট সাইড পকেটযুক্ত সালোয়ার।

**ওড়না :** নেভি ব্লু রং এর বড় ওড়না।


**জুতা :** কালো রঙ এর জুতা।

**পরিধানের নিয়ম :** তাঁবুবাস, ভ্রমণ, হাইকিং, কোর্সে প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণের সময় পরিধান করতে পারবেন।

## পোশাকসহ কাব স্কাউট, স্কাউট, রোভার স্কাউট ও ইউনিট লিডার




কাব স্কাউট



স্কাউট



রোভার স্কাউট



ইউনিট লিডার

# ব্যাজ পরিধানের নিয়মাবলী

## ১. দক্ষতা ব্যাজ (কাব স্কাউট)

দীক্ষা প্রদান অনুষ্ঠানের মাধ্যমে ইউনিট লিডার সদস্য ব্যাজ প্রদান করেন। তারা ব্যাজ, চাঁদব্যাজ এবং চাঁদ তারা ব্যাজ ইউনিট লিডার ব্যাজ প্রদান অনুষ্ঠানে প্রদান করেন।

ক. **সদস্য ব্যাজ :** এই ব্যাজ বাম পকেটের উপর ঢাকানার শীর্ষ থেকে নিচের অংশের মাঝ বরাবর পরতে হয়। ইউনিট লিডার সদস্য ব্যাজ স্কাউটদেরকে পরিয়ে দেন।

খ. **তারা ব্যাজ :** তারা ব্যাজ বাম হাতের কনুই এবং কাঁধের মাঝখানে পরতে হয়।

গ. **চাঁদ ব্যাজ :** তারা ব্যাজের মত একই স্থানে তারা ব্যাজ খুলে রেখে ঐ স্থানে পরতে হয়।

ঘ. **চাঁদ তারা ব্যাজ :** চাঁদ ব্যাজের মত একই স্থানে চাঁদ ব্যাজ খুলে রেখে ঐ স্থানে পরতে হয়।

ঙ. **শাপলা কাব অ্যাওয়ার্ড:** এই অ্যাওয়ার্ডটি মাননীয় প্রধানমন্ত্রী প্রদান করেন। শাপলা কাব অ্যাওয়ার্ড বাম পকেটের ঢাকনার উপরে পরতে হয়।

## ২. দক্ষতা ব্যাজ (স্কাউট)

দীক্ষা প্রদান অনুষ্ঠানের মাধ্যমে ইউনিট লিডার সদস্য ব্যাজ প্রদান করেন। ব্যাজ প্রদান অনুষ্ঠানের মাধ্যমে ইউনিট লিডার স্ট্যান্ডার্ড, প্রোগ্রেস এবং সার্ভিস ব্যাজ প্রদান করেন।

ক. **সদস্য ব্যাজ :** এই ব্যাজ বাম পকেটের ঢাকনার শীর্ষ থেকে নিচের অংশের মাঝ বরাবর লাগাতে হয়। ইউনিট লিডার সদস্য ব্যাজ স্কাউটদেরকে পরিয়ে দেন।

খ. **স্ট্যান্ডার্ড ব্যাজ :** স্ট্যান্ডার্ড ব্যাজ বাম হাতের কনুই এবং কাঁধের মাঝখানে লাগাতে হয়।

গ. **প্রোগ্রেস ব্যাজ :** স্ট্যান্ডার্ড ব্যাজ এর মত একই স্থানে স্ট্যান্ডার্ড ব্যাজ খুলে রেখে ঐ স্থানে লাগাতে হয়

ঘ. **সার্ভিস ব্যাজ :** প্রোগ্রেস ব্যাজের মত একই স্থানে প্রোগ্রেস ব্যাজ খুলে রেখে ঐ স্থানে লাগাতে হয়।

ঙ. **প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড :** এই অ্যাওয়ার্ডটি মহামান্য রাষ্ট্রপতি ও চীফ স্কাউট প্রদান করেন। সার্ভিস ব্যাজের উপরে ও কাঁধের শীর্ষে এই অ্যাওয়ার্ড লাগাতে হয়।

## ৩. দক্ষতা ব্যাজ (রোভার স্কাউট)

ক. একজন রোভার সহচর রোভার স্কাউট হিসাবে দীক্ষা গ্রহণের পর স্কাউট শার্টের বাম বুক পকেটের মাঝখানে সদস্য ব্যাজ পরিধান করবে এবং কাঁধে শোল্ডার এ্যাপুলেট পরিধান করবে।

খ. প্রশিক্ষণ স্তর ও সেবা স্তরের যোগ্যতা অর্জিত হলে পূর্বেকার সোল্ডার এ্যাপুলেট খুলে সেই জায়গায় যথাক্রমে এক লাল এবং দুই লাল দাগ সম্বলিত সোল্ডার এ্যাপুলেট পরিধান করতে হবে।

গ. প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জিত হলে কাঁধের দুই লাল দাগ সম্বলিত সোল্ডার এ্যাপুলেট খুলে ফেলে সেস্থানে প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড পরিধান করতে হবে।

ঘ. পারদর্শিতা ব্যাজ: রোভার স্কাউট পারদর্শিতা ব্যাজসমূহ অর্জিত হলে তা জেলা রোভার স্কাউট কমিশনারের অনুমোদন সাপেক্ষে স্কাউট শার্টের ডান হাতের কাঁধ ও কনুইয়ের মাঝখানে শেলাই করে পরিধান করতে হবে।

ঙ. রোভার স্কাউটদের দক্ষতা ব্যাজগুলোকে অ্যাপুলেট বলা হয়।

## ৪. পারদর্শিতা ব্যাজ (কাব স্কাউট ও স্কাউট)

ক. ব্যাজ প্রদান অনুষ্ঠানের মাধ্যমে ইউনিট লিডার পারদর্শিতা ব্যাজ প্রদান করেন।

খ. পারদর্শিতা ব্যাজসমূহ ডান হাতের কনুই ও কাঁধের মাঝখানে শেলাই পরিধান করতে হয়

গ. স্তর ভিত্তিক সারিবদ্ধভাবে পারদর্শিতা ব্যাজসমূহ লাগানো যেতে পারে।

ঘ. পারদর্শিতা ব্যাজের সংখ্যা ২১টির অধিক হলে স্যাশ (Sash)-এ আলাদাভাবে ব্যাজগুলো লাগিয়ে তা পরিধান করা যায়।

ঙ. পারদর্শিতা ব্যাজসমূহ পর্যায়ক্রমে পরতে হবে। এই ব্যাজগুলো স্থানান্তর হবেনা।

## ৫. সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড

ক. এই অ্যাওয়ার্ড যে কোন স্কাউট অনুষ্ঠানে আনুষ্ঠানিকভাবে প্রদান করা উত্তম

খ. সার্ভিস ব্যাজ এবং প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড এর মাঝখানে সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড পরিধান করতে হয়।

## থ. পদমর্যাদা ব্যাজ

স্কাউটের সকল দক্ষতা ও পদমর্যাদা ব্যাজ সাধারণত: পোশাকের বাম অংশে পরা হয়। এ বিষয়ে নিয়মানুযায়ী যথাযথ ব্যাজ পরতে হবে

১. **সহকারী উপদল নেতা ব্যাজ:** সহকারী উপদল নেতা তার স্কাউট পোশাকের শার্ট/ কামিজের বাম বুক পকেটের সদস্য ব্যাজের বাম পাশে এক সেন্টিমিটার চওড়া মাপের সাদা কাপড়ের একটি ফিতা সেলাই করে পরবে।

২. **উপদল নেতা ব্যাজ :** উপদল নেতা তার স্কাউট পোশাকের শার্ট/ কামিজের বাম বুক পকেটের সদস্য ব্যাজের দুই পাশে এক সেন্টিমিটার চওড়া মাপের সাদা কাপড়ের দুইটি ফিতা সেলাই করে পরবে।

৩. **সিনিয়র উপদল নেতা ব্যাজ :** সিনিয়র উপদল নেতা স্কাউট ইউনিটে সর্বোচ্চ পদমর্যাদার অধিকারী স্কাউট। তার স্কাউট পোশাকের শার্ট/ কামিজের বাম বুক পকেটের মাঝখানে পেটের উপরে একটি এবং উভয় পার্শ্বে একটি করে মোট তিনটি এক সেন্টিমিটার মাপের চওড়া সাদা কাপড়ের ফিতা সেলাই করে পরবে।

## ব্যাজ সম্পর্কীয় সাধারণ নিয়মাবলী

১. বাংলাদেশ স্কাউটসের সকল সদস্য তাঁদের যোগ্যতা, দক্ষতা, পারদর্শিতা, সম্মানসূচক পদক ও পদমর্যাদার প্রতীক স্বরূপ বিভিন্ন স্তরের জন্য নির্ধারিত ব্যাজসমূহের স্কাউট পোশাকের সাথে পরতে পারবে। একজন সদস্য একই বিষয়ের ওপর একাধিক ব্যাজ স্কাউট পোশাকে পরতে পারবে না এবং কোন স্কাউট ব্যাজ হস্তান্তর করতে পারবে না।

২. কোন অবস্থাতেই এক স্তরের ইউনিটের শাখার জন্য নির্ধারিত ব্যাজ অন্য কোন স্তরের ইউনিটের শাখার সদস্যরা পরতে পারবে না।

৩. বাংলাদেশ স্কাউটস কর্তৃক তৈরিকৃত ব্যাজ, সম্মানসূচক ও পদমর্যাদার প্রতীকসমূহ জাতীয় সদর দফতর কর্তৃক অনুমোদিত, নিয়ন্ত্রিত এবং সংরক্ষিত।

৪. জাতীয় সদর দফতরের অনুমোদন ছাড়া কেউ স্কাউট ব্যাজের অনুরূপ কোন ব্যাজ, বই বা অনুরূপ কোন দ্রব্য তৈরি কিংবা ব্যবহার করতে পারবে না।

৫. উপজেলা/জেলা/আঞ্চলিক সম্পাদকের সুপারিশক্রমে সংশ্লিষ্ট ইউনিট লিডারগণ নিজে অথবা তাঁর পাঠানো প্রতিনিধি জাতীয় সদর দফতর বা স্কাউট শপ থেকে প্রয়োজনীয় সংখ্যক স্কাউট ব্যাজ সংগ্রহ করতে পারবেন।

৬. ক) স্কাউটের যে কোন অনুষ্ঠান/সমাবেশে ব্যবহারের জন্য স্মারক ব্যাজ, বই, বা অনুরূপ কোন দ্রব্য স্কার্ফ, কর্মসূচি (প্রোগ্রাম) ইত্যাদি অনুষ্ঠানের পূর্বে আয়োজনকারী কর্তৃপক্ষের উদ্যোগে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন করাতে হবে।

খ) বাংলাদেশ স্কাউটস এর মনোগ্রাম সম্বলিত উপর ও নীচে অর্ধবৃত্তাকারের বাংলা ও ইংরেজিতে বাংলাদেশ স্কাউটস লেখা গোলাকৃতির ব্যাজ স্কাউট পোশাক ছাড়াও সাধারণ পোশাকে (কোট, ব্লেজার, শাড়ী/অ্যাপ্রোন ইত্যাদিতে) পরা যাবে।

## ১২. বিভিন্ন ব্যাজের মূল্যয়নের নিয়মাবলী

ক. বিভিন্ন শাখার বেসিক প্রশিক্ষণপ্রাপ্ত ইউনিট লিডারগণ নিজ নিজ শাখার সদস্য ব্যাজ ও পরবর্তী স্তরের দক্ষতা ব্যাজের পরীক্ষা গ্রহণ করতে পারবেন। বেসিক প্রশিক্ষণপ্রাপ্ত ইউনিট লিডার স্কাউট শাখার সদস্য ব্যাজ ও স্ট্যান্ডার্ড ব্যাজের মূল্যয়ন করতে পারবেন।

খ. সকল শাখার পরবর্তী উচ্চতর স্তরের দক্ষতা ব্যাজসমূহ মূল্যয়ন গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট ইউনিট লিডারকে অবশ্যই শাখা ভিত্তিক উডব্যাজধারী হতে হবে।

গ. যে সকল ইউনিট লিডারগণ উডব্যাজধারী নন তারা নিজ শাখার সদস্যদের উচ্চতর ধাপের মূল্যায়ন গ্রহণের ব্যবস্থা করার জন্য নিজ নিজ উপজেলা/জেলা স্কাউট লিডারের নিকট লিখিত আবেদন করবেন। উপজেলা/জেলা স্কাউট লিডার সংশ্লিষ্ট শাখার উডব্যাজধারী যোগ্য ব্যক্তির দ্বারা মূল্যায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ঘ. বিভিন্ন পারদর্শিতা ব্যাজের মূল্যায়ন গ্রহণ করতে পারবেন কেবল মাত্র সেই বিষয়ের বিশেষজ্ঞগণ।

ঙ. প্রত্যেকটি উপজেলা, জেলা ও অঞ্চলে প্রয়োজনীয় বিষয়সমূহের মূল্যায়ন বা মান যাচাইয়ের জন্য রিভিউ কমিটি থাকবে।

১. উপজেলা ও জেলা পর্যায়ে জেলা স্কাউট লিডারের নেতৃত্বে শাখা ভিত্তিক অভিজ্ঞ উডব্যাজার, সহকারী লিডার ট্রেনার ও বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত রিভিউ কমিটি প্রয়োজনীয় মূল্যায়ন/ মান যাচাইয়ের কাজ সম্পন্ন করবেন।

২. আঞ্চলিক পর্যায়ে আঞ্চলিক উপ কমিশনার (প্রোগ্রাম) এর তত্ত্বাবধানে শাখা ভিত্তিক অভিজ্ঞ উডব্যাজার, গহকারী লিডার ট্রেনার, এল টি, বিশেষজ্ঞ, আঞ্চলিক পরিচালক/উপ পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত অঞ্চল কর্তৃপক্ষের অনুমোদিত রিভিউ কমিটি প্রয়োজনীয় বিষয়ে মূল্যায়ন/ মান যাচাইয়ের কাজ সম্পন্ন করবেন।

৩. জাতীয় পর্যায়ে জাতীয় কমিশনার (প্রোগ্রাম) বা সংশ্লিষ্ট জাতীয় কমিশনারের তত্ত্বাবধানে অভিজ্ঞ ব্যক্তি ও বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত রিভিউ কমিটি প্রয়োজনীয় পরীক্ষা ও মান যাচাইয়ের কাজ সম্পন্ন করবেন।

## ১৩. ব্যাজ

**ব্যাজ দুই প্রকার :** ক) দক্ষতা ব্যাজ খ) পারদর্শিতা ব্যাজ

ক. দক্ষতা ব্যাজ চারটি : ১। সদস্য ব্যাজ ২। স্ট্যান্ডার্ড ব্যাজ ৩। প্রোগ্রেস ব্যাজ ৪। সার্ভিস ব্যাজ

খ. পারদর্শিতা ব্যাজ ১৩টি গ্রুপে ১২৭ টি (সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ডের বিশেষ ব্যাজসহ ১৩০টি)

গ. সদস্য ব্যাজ দীক্ষাপ্রাপ্ত স্কাউট ও স্কাউট কর্মকর্তাগণ পরতে পারবেন। অন্যান্য দক্ষতা ও পারদর্শিতা ব্যাজ কেবলমাত্র স্কাউটরা অর্জন করে পরতে পারবে।

## ১৪. ব্যাজ পরার নিয়মাবলী

ক. সদস্য ব্যাজ দীক্ষাপ্রাপ্ত কাব স্কাউট, স্কাউট, রোভার স্কাউট, স্কাউটার ও কর্মকর্তাগণ পরতে পারবেন। অন্যান্য দক্ষতা ও পারদর্শিতা ব্যাজ শুধুমাত্র সংশ্লিষ্ট শাখার কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউটগণ অর্জন করে পরতে পারবে।

খ. সদস্য ব্যাজ অর্জন করার পর তা স্কাউট পোশাকের শার্টের বাম বুক পকেটের মাঝখানে সেলাই করে পরতে হবে।

গ. সকল দীক্ষাপ্রাপ্ত কাব স্কাউট, স্কাউট, রোভার স্কাউট, স্কাউটার ও কর্মকর্তাগণ স্কাউট পোশাকের শার্টের ডান বুক পকেটের ঢাকনার লাইনের উপরে নাম ফলকের উপরে জাতীয় পতাকার রেপলিকা পরবে। রেপলিকা পরার সময়ে এর অগ্রভাগ বাম দিকে রেখে সেলাই করে পরতে হবে।

ঘ. বাংলাদেশ লেখা পরিচিতি ব্যাজ (ইংরেজি ও বাংলায় লেখা) বাংলায় লেখা ব্যাজ বাম হাতের বাহুর উপরে এবং ইংরেজী লেখা ব্যাজ ডান হাতের বাহুর উপরের অংশে সেলাই করে পরতে হবে।

ঙ. অঞ্চল পরিচিতি ব্যাজ স্ব স্ব অঞ্চলের সকল স্কাউট সদস্যকে স্কাউট পোশাকে শার্টের বাম হাতার উপরের অংশে কাঁধের নীচে বাংলাদেশ লেখা ব্যাজের নীচে সেলাই করে পরতে হবে।

চ. অর্জিত তারা/ স্ট্যান্ডার্ড ব্যাজ স্কাউট পোশাকের শার্টের বাম হাতার কনুই ও কাঁধের মাঝখানে সেলাই করে পরতে হবে।

ছ. অর্জিত চাঁদ/প্রোগ্রেস ব্যাজ পূর্বের অর্জিত তারা/ স্ট্যান্ডার্ড ব্যাজ সরিয়ে ফেলে সেই স্থানে সেলাই করে পরতে হবে।

জ. অর্জিত চাঁদ তারা/ সার্ভিস ব্যাজ পূর্বে অর্জিত চাঁদ/ প্রোগ্রেস ব্যাজ সরিয়ে ফেলে সেই স্থানে সেলাই করে পরতে হবে।

ঝ. শাখা ভিত্তিক অর্জিত সকল পারদর্শিতা ব্যাজ স্কাউট পোশাকের শার্টের ডান হাতার কনুই এবং কাঁধের মাঝখানে পরতে হবে। দশটির অধিক অর্জিত ব্যাজের জন্য স্যাশ (Sash) ব্যবহার করা যাবে।

ঞ. স্কাউট শাখায় কেউ বিশ্ব সংরক্ষণ পারদর্শিতা ব্যাজটি অর্জন করলে তা স্কাউট পোশাকের শার্টের বাম হাতায় অর্জিত দক্ষতা ব্যাজের নীচে পরবে।

* প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড অর্জনকারী স্কাউট এ অ্যাওয়ার্ড স্কাউট পোশাকের শার্ট অথবা কামিজের বাম হাতার কনুই ও কাঁধের মাঝখানে সার্ভিস ব্যাজের উপরে পরবে।

## ১৪.১ স্যাশ (Sash)

এক কাঁধের উপর ঝোলানো কাপড়ের দীর্ঘ ফালি, এর উপরে অর্জিত পারদর্শিতা ব্যাজ পরা যাবে। স্যাশ (Sash) স্কাউট পোশাকের শার্টের উপরে ডান কাঁধে ঝুলিয়ে দেহের উভয় দিকে ঘুরিয়ে এনে কোমরের বাম পার্শ্বে যুক্ত করে পরতে হবে। স্যাশ (Sash) ব্যবহারকারীর ডান কাঁধ থেকে সামনে ও পিছনে উপরের দিকে রেখে কোমরের বাম পার্শ্ব পর্যন্ত লম্বা এবং ১২ সেঃ মি. প্রস্থ সমান ছাই রংয়ের পটভূমিতে তৈরি হবে। প্রস্থের দুই পার্শ্বের নেভী ব্লু রংয়ের কাপড়ের বর্ডার দেয়া থাকবে। স্যাশ (Sash) এর সম্মুখ ভাগের উপর অংশে ডান কাঁধের নীচে প্রথমে জাতীয় পতাকার রেপলিকা তার নীচে নিজ নামফলক অতঃপর নীচের দিকে কোমর পর্যন্ত ক্রমান্বয়ে অর্জিত পারদর্শিতা ব্যাজসমূহ সেলাই করে পরতে হবে।

## ১৪.২ র‌্যালী, ক্যাম্পুরী, মুট, জাম্বুরী ব্যাজ

ক. র‌্যালী, ক্যাম্পুরী, মুট ও জাম্বুরী / কনফারেন্স / ইন্টারন্যাশনাল গেট টুগেদার এর উদ্যোগী কর্তৃপক্ষ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে র‌্যালী, ক্যাম্পুরী, মুট ও জাম্বুরী, কনফারেন্স, গেট টুগেদারের ব্যাজ তৈরি ও অনুষ্ঠান চলাকালে তা বিতরণ করতে পারবেন;

খ. ১. কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউটরা যথাক্রমে ক্যাম্পুরী, র‌্যালী/ সমাবেশ, জাম্বুরী ও মুট চলাকালে ও পরে অনুর্ধ তিন মাস পর্যন্ত, স্কাউটারগণ অনুর্দ্ধ এক মাস পর্যন্ত উল্লেখিত ঐ সব ব্যাজ পরতে পারবে; ২. অন্যান্য সংশ্লিষ্টগণ কেবলমাত্র অনুষ্ঠান চলাকালীন সময়েই ঐ সব ব্যাজ পরতে পারবেন; ৩. র‌্যালী, ক্যাম্পুরী, জাম্বুরী, মুট ইত্যাদির ব্যাজ স্কাউট পোশাকের শার্টের বাম বুক পকেটের ঢাকনার উপরে অর্জিত অন্যান্য ব্যাজ বা অ্যাওয়ার্ডের উপরে পরতে হবে

## ১৫. স্কাউট মনোগ্রাম

ক. **স্কাউট মনোগ্রাম :** স্কাউট মনোগ্রাম স্কাউটদের একটি নিজস্ব প্রতীক। এ প্রতীক স্কাউট আন্দোলনের পরিচয় বহন করে। ত্রি-পত্রের অভ্যন্তরে বাংলাদেশের জাতীয় পতাকার লাল গোলক এবং চতুর্দিকে লাল ক্রিসেন্টের সমন্বয়ে সবুজ রংয়ের বেস্টনীতে আবদ্ধ করে স্কাউট মনোগ্রাম তৈরি হবে। মনোগ্রাম সাদা পটভূমির উপরে খচিত, ছাপানো বা সূচিকর্মের অথবা ধাতব দ্রব্য দ্বারা তৈরি করা থাকবে। লাল ক্রিসেন্টর বাহির ও ভেতরে বৃত্তের পাশাপাশি সবুজ রংয়ের রেখা থাকবে।

ব্যাখ্যা : মনোগ্রামে ত্রি-পত্রের রং হবে সবুজ যা প্রতিজ্ঞার তিনটি অংশের কথা স্মরণ করিয়ে দেয়। মাঝখানে লাল গোলক জাতীয় পতাকার প্রতীক, লাল ক্রিসেন্ট সেবার, ত্রি-পত্রের বন্ধন স্কাউট ভ্রাতৃত্বের এবং সাদা পটভূমি শান্তির প্রতীক।

খ. **নৌ স্কাউট মনোগ্রাম :** কালো পটভূমিতে নোংগরের উপর ত্রি-পত্র অংকিত স্কাউট মনোগ্রাম।

গ. **এয়ার স্কাউট মনোগ্রাম :** উড়ন্ত সোনালী রংয়ের ঈগলের দুই ডানার উপরে স্কাউট মনোগ্রাম।

## ১৬. বিশ্ব স্কাউট ব্যাজ

ক. বিশ্ব স্কাউট ব্যাজ বিশ্ব স্কাউট সংস্থা (WOSM) কর্তৃক নির্ধারিত মাপের বেগুনী রংয়ের পটভূমিতে সাদা রংয়ের স্কাউট ত্রি-পত্র প্রতীকের চতুর্দিকে অংকিত সাদা দড়ির গোলাকার বেস্টনীর শেষে পত্রের নীচে একটি রিফনট (Refknot)

খ. কাপড়ের তৈরি বিশ্ব স্কাউট ব্যাজ কাব স্কাউট, স্কাউট, রোভার স্কাউট, স্কাউট লিডার ও অন্যান্য অনির্বাহি পদমর্যাদার স্কাউট কর্মকর্তাগণ ইচ্ছা করলে নিজ স্কাউট পোশাকের শার্টের ডান বুক পকেটের মাঝখানে পরতে পারবেন।

**বিঃদ্রঃ. পোশাক সম্পর্কে বিস্তারিত জানার জন্য আরও তথ্য পাওয়া যাবে-বাংলাদেশ স্কাউটস এর গঠন ও নিয়ম তফসিল-১ প্রথম অংশ-১ প্রথম অংশ (ক) -এর বইয়ে।**

# কিমস গেম
## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : কিমস গেম | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. কিমস গেম সম্পর্কে জ্ঞান লাভ এবং এবং দলে এই গেম স্কাউটদের স্মৃতি শক্তি বৃদ্ধি করার উপায় জানবেন ও তা ব্যাখ্যা করতে পারবেন।

২. কিমস গেম পরিচালনা পদ্ধতি ধারণা লাভ ও দলে বাস্তবায়ন করার কৌশল ব্যাখ্যা করতে পারবেন।

**সূচিপত্র** (সারসংক্ষেপ)

১। কিমস গেমের নামকরণের তাৎপর্য ব্যাখ্যা; ২। কিমস গেমের উদ্দেশ্য; ৩। কিমস গেম পরিচালনা পদ্ধতি।

**বিষয়সূচির বিবরণ :** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১. | ভূমিকা | ০২ মি. |
| ২. | কিমস গেমের নামকরণের তাৎপর্য ব্যাখ্যা | ০৫ মি. |
| ৩. | কিমস গেমেস উদ্দেশ্য | ০৩ মি. |
| ৪. | কিমস গেম পরিচালনা পদ্ধতি | ০৫ মি. |
| ৫. | কিমস গেম অনুশীলন ( ব্যবহারিক ) | ৪০ মি. |
| ৬. | সামিং আপ | ০২ মি. |
| ৭. | প্রশ্ন উত্তর পর্ব | ০৩ মি. |
| | **মোট =** | **৬০ মিনিট** |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার ও ব্যবহারিক পদ্ধতি।

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:** মাল্টিমিডিয়া, ল্যাপটপ, পোস্টার পেপার, মার্কার পেন, পয়েন্টার, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট, চক, ডাস্টার, ট্রে, কিমস গেমের উপকরণসমূহ, তোয়ালে, গ্লাস, চামচ ইত্যাদি।

**ফলোআপ/ অনুসরণ প্রক্রিয়া :** (সেশন পরবর্তী)

ইউনিটে কিমস গেইম পরিচালনা পদ্ধতি রানিং খাতায় লিখে কাউন্সিলরকে দেখাবেন।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# কিমস গেম/পঞ্চ ইন্দ্রিয়ের খেলা

রুডইয়ার্ড কিপলিং রচিত একটি বইয়ের নাম কিম। এই বইয়ের মূল চরিত্র হচ্ছে কিম্বা, তার পুরো নাম- কিম্বল উহারা। সে ভারত বর্ষের আইরিশ বাহিনীর এক সার্জেন্টের পুত্র ছিল। শৈশবেই তার পিতামাতা মারা যায়। চাচীর  কাছে সে বড় হতে থাকে। ভারতীয় ছেলেদের সাথে থেকে সে তাদের ভাষা ও রীতিনীতি সব শিখে ফেলে। ফলে এক ভারতীয় সাধুর সাথে সখ্যতা গড়ে তার সাথে সারা উত্তর ভারত সে ভ্রমণ করে।

ভ্রমণের সময় একদিন তার বাবার প্রাক্তন বাহিনীর হাতে সে আটক হয়। তার সাথে রক্ষিত কাগজপত্র দেখে তার বাবার পরিচয় পেয়ে তারা তার লালন পালনের দায়িত্ব নেয়। তাদের সাথে থাকা অবস্থায় সে একদিন লুর্গান নামক এক ব্যবসায়ীর নজরে পড়ে। আসলে ঐ জওহর ব্যবসায়ী ছিল একজন গুপ্তচর। কিমের স্মৃতিশক্তির ও বুদ্ধির পরিচয় পেয়ে লুর্গান তাকে ভারতীয় গুপ্তচর বাহিনীতে চাকরীর সুযোগ করে দেন। লুর্গান প্রথম শিক্ষায় কয়েকটি বিভিন্ন ধরণের জিনিস  ডালায় সাজিয়ে যে খেলাটির মাধ্যমে কিমের স্মৃতিশক্তি পরীক্ষা করেন তার নামই কিমস গেম।

## পঞ্চইন্দ্রিয়ের খেলা (পঞ্চইন্দ্রিয়-দর্শন, ঘ্রান, স্পর্শ, স্বাদ, শ্রবন)

### দর্শন

পঞ্চ ইন্দ্রিয়ের অন্যতম একটি ইন্দ্রিয়ের নাম দর্শন। পরিচিত ২৪ রকমের জিনিস যেমন- পেন্সিল, কলম, দোয়াত, ঘড়ি, ছুরি, ফুল ইত্যাদি একটি ট্রে বা টুলিতে রেখে কাপড় দিয়ে ঢেকে রাখা হয়। পরবর্তীতে খেলায় অংশগ্রহণকারী স্কাউটরা উক্ত জায়গায় এলে ঢেকে রাখা কাপড়টা তুলে নিয়ে তাদের ১ মিনিটের জন্য দেখার সুযোগ করে দিতে হবে এবং ১ মিনিট পর আবার ঢেকে দিতে হবে। পরিশেষে খেলায় অংশগ্রহণকারীরা তাদের স্ব স্ব স্মৃতিশক্তির সাহায্যে তাদের সামনে প্রদর্শিত জিনিসগুলোর নাম লিখবে বা বলবে। কমপক্ষে ১৬টা জিনিসের নাম যে বলতে বা লিখতে পারবে তাকে উক্ত খেলায় বিজয়ী ঘোষণা করতে হবে। স্কাউট লিডাররা নিয়মিত ট্রুপ মিটিংয়ে এই খেলার আয়োজন রাখতে পারেন।

### ঘ্রাণ

পঞ্চ ইন্দ্রিয়ের অন্যতম একটি ইন্দ্রিয়ের ব্যবহারের মাধ্যম ঘ্রাণের সাহায্যে বস্তু পরিচিতি লাভ করা সম্ভব। নাকের ঘ্রাণের সাহায্যে শুধু নিকট থেকে নয় দুর থেকেও অনেক কিছু চিহ্নিত করা যায়। কথায় আছে ঘ্রাণে অর্ধ ভোজন হয়। ঘ্রাণ শক্তি কার্যকর থাকলে বস্তু পরখ করতে গিয়ে ঠকতে হয় না। ঘ্রাণ অনুশীলনের কিছু নমুনা নিম্নে প্রদত্ত হল:

১. আদা, পেঁয়াজ, রসুন, মরিচ, সরষে বাটা পুটলি বেধেঁ ঘ্রাণ নিয়ে উক্ত জিনিষের পরিচিতি লাভ করা;

২. লেবু, কমলা ইত্যাদির পাতা থেকে পরিচয় বুঝতে পারা;

৩. বিভিন্ন ফুলের গন্ধ শুকে নাম বলতে পারা;

৪. আতর, গোলাপ, সেন্ট ইত্যাদি শুকে সুগন্ধ ও দুর্গন্ধের মধ্যে পার্থক্য নির্ণয় করা।

### স্পর্শ

মানুষের পঞ্চ ইন্দ্রিয়ের মধ্যে আর একটি হচ্ছে স্পর্শ। স্পর্শের মাধ্যমে ব্যক্তি বা বস্তু পরখ করা যায়। স্পর্শের মাধ্যমে অন্ধ ব্যক্তি অনেক কিছু চিনতে ও বুঝতে পারে। পুনঃ পুনঃ স্পর্শের মাধ্যমে সবল, দুর্বল, আসল, নকল, মোটা, পাতলা, খসখসে বা মসৃন ইত্যাদি সম্পর্কে ধারণা লাভ করা যায় এমন কিছু নমুনা প্রদত্ত হলো।

১. বিভিন্ন পোটলায় বেঁধে চাল, ডাল, বুট, চিনি বা লবন ইত্যাদি পরখ করা।

২. চোখ বেঁধে ২ জন বন্ধুকে পাশাপাশি দাঁড় করিয়ে স্পর্শের মাধ্যমে একে অপরকে চেনা।

৩. কাঁচা ও ভাজা দুইটি মাছ এক জায়গায় রেখে স্পর্শ করে চিহ্নিত করা ইত্যাদি।

**স্বাদ :** আমাদের জানা আছে যে মানুষের পঞ্চইন্দ্রিয়ের অন্যতম একটি হচ্ছে জিহব্বা যার দ্বারা বিভিন্ন জিনিসের স্বাদের তারতম্য বুঝতে পারা এবং চোখ বন্ধ করেও জিনিসগুলোর সঠিক পরিচিতি লাভ করতে পারা। জিহবা দিয়ে মিষ্টি পানীয়, মিঠা, তেতো, ঠান্ডা, গরম এবং উক্ত স্বাদের মাত্রা (কম বেশী) নির্ধারণ করতে পারা। যেমন-

১. কিছু আদা, পেঁয়াজ, রসুন, ধনে জিরা বাটা জিহবায় স্পর্শ করে সঠিক পরিচিতি লাভ করা

২. পানিতে চিনি ও লবন মিশিয়ে জিহবা দ্বারা পার্থক্য নির্ণয় করা

৩. কমলার রস, তেতুল, করলার রস ইত্যাদি ধরণের জিনিসের রস পরখ করে কিসের রস তা নির্ধারণ করা।

[বি.দ্র. একই জিহ্বা বিভিন্ন স্বাদ নির্ণয় কৌশল ই আল্লাহর তায়ালার অসীম রহমত ও ক্ষমতার স্পষ্ট নির্দশন, যা যুবদের আধ্যত্মিক উন্নয়ন সাধন হয়]

### শ্রবণ

আমরা জানি মানুষের পঞ্চইন্দ্রিয়ের মধ্যে কান একটি ইন্দ্রিয় বা অংশ। সঠিক শোনার পর সঠিক কাজটি আমরা করতে পারি। কোন আদেশ নিষেধ ও অনুরোধ সুন্দরভাবে কার্যকর হবেনা যদি কান দিয়ে পরিস্কারভাবে শোনার মধ্যে কোন ফাঁক থেকে যায়। পর্যবেক্ষণের ক্ষমতা বাড়ানোর জন্যে শ্রবণ ইন্দ্রিয়ের কাজ পুনঃ পুনঃ অনুশীলন করে তা রেকর্ড করে রাখা প্রয়োজন যেমন-

১. কাঠের সাথে কাঠের ঠোকাঠুকির শব্দ (শিক্ষার্থীকে আড়ালে রেখে);

২. লোহার শব্দ, টিনের শব্দ;

৩. পায়ে হাঁটার শব্দ, হাসির শব্দ;

৪. পানি ও বাতাসের শব্দ ইত্যাদি।

# প্রোগ্রাম পরিকল্পনা
## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : প্রোগ্রাম পরিকল্পনা | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন-

১. প্রোগ্রাম পরিকল্পনা প্রণয়নের কৌশল জানবেন ও ব্যাখ্যা করতে পারবেন।
২. ইউনিট জন্য তিন মাসের প্রোগ্রাম পরিকল্পনা প্রণয়নে দক্ষতা অর্জন করে বিস্তারিত কৌশল ব্যাখ্যা করতে পারবেন।

**সূচিপত্র** (সারসংক্ষেপ)

১। প্রোগ্রাম পরিকল্পনা কী, ২। প্রকার ভেদ, ৩। পরিকল্পনা প্রণয়ন পদ্ধতি ৪। তিন মাসের দলীয় পরিকল্পনা প্রনয়ন ( ব্যবহারিক)।

**বিষয়সূচির বিবরণ :** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১। | ভূমিকা | ০৩ মি. |
| ২। | পরিকল্পনা কী, | ০৫ মি. |
| ৩। | পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন পদ্ধতি | ২৫ মি. |
| ৪। | তিন মাসের পরিকল্পনা প্রণয়ন | ৫০ মি. |
| ৫। | গ্রুপ ওয়ার্ক, উপস্থাপন ও মন্তব্য | ৩০ মি. |
| ৬। | সামিং আপ | ০২ মি. |
| ৭। | প্রশ্ন উত্তর পর্ব | ০৫ মি. |
| | মোট = | ১২০ মিনিট |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার পদ্ধতি ও গ্রুপ ওয়ার্ক।


**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:** মাল্টিমিডিয়া, ল্যাপটপ, স্ক্রিন, পোস্টারপেপার, মার্কার পেন, পয়েন্টার, হোয়াইট বোর্ড, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট, হ্যান্ড আউট ইত্যাদি।

**ফলোআপ/ অনুসরণ প্রক্রিয়া :** (সেশন পরবর্তী)

নিজ নিজ দলের জন্য তিন মাসের প্রোগ্রাম পরিকল্পনা ছক আকারে তৈরি করে স্ব স্ব কাউন্সিলরকে দেখিয়ে স্বাক্ষর গ্রহণ করতে বলা হবে।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# প্রোগ্রাম পরিকল্পনা




## ভূমিকা

কোন কাজের সুষ্ঠু সমাপ্তি নির্ভর করে সম্পাদনের সুষ্ঠু পরিকল্পনার ওপর। পরিকল্পনা যত সুচিন্তিত হবে কাজটি সম্পাদন সম্পর্কে তত নিশ্চিত হওয়া যাবে।

## পরিকল্পনা

সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে সময় এবং সম্পদের সুষ্ঠু ব্যবহারের ধারাবাহিক সুবিন্যাস্ত কর্মসূচিকে পরিকল্পনা বলে। অন্য কথায় সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে সময় ও সম্পদ যথার্থ ব্যবহার করে পর্যায়ক্রমে কার্য সম্পাদনের রূপরেখাকে পরিকল্পনা বলে।

## প্রকার ভেদ

পরিকল্পনা লিখিত এবং অলিখিত উভয়ভাবে হয়ে থাকে, কিন্তু লিখিত পরিকল্পনা সর্বজন সমাদৃত। এরূপ লিখিত পরিকল্পনাকে তিনভাগে ভাগ করা যেতে পারে-

১. স্বল্প মেয়াদী

২. দীর্ঘ মেয়াদী

৩. প্রেক্ষিত পরিকল্পনা/ মহাপরিকল্পনা ।

## স্বল্প মেয়াদী পরিকল্পনা

স্বল্প সময়ে এবং ছোট আকারের কোন কাজ সম্পাদনের পরিকল্পনাকে স্বল্প মেয়াদী পরিকল্পনা বলে। এরূপ কাজের স্থায়িত্ব ১ ঘন্টা থেকে ১ বছর পর্যন্ত হয়ে থাকে।

## দীর্ঘ মেয়াদী পরিকল্পনা

১ থেকে ৫ বছর সময়ব্যাপী পরিকল্পনাকে দীর্ঘ মেয়াদী পরিকল্পনা বলে।

## প্রেক্ষিত পরিকল্পনা

৫ থেকে ২৫ বছর সময়ব্যাপী কোন পরিকল্পনাকে প্রেক্ষিত পরিকল্পনা বলে।

## প্রোগ্রাম পরিকল্পনা

সফলভাবে একটি গ্রুপ পরিচালনা করতে হলে স্কাউটদের কাছে পরিকল্পিতভাবে প্রোগ্রাম উপস্থাপন করা অপরিহার্য। অভিজ্ঞতায় দেখা গেছে গ্রুপ কার্যক্রম পরিচালনায় সাধারণতঃ বছরের ৫২ সপ্তাহের মধ্যে ৩২-৩৬ সপ্তাহ কাজে লাগানো যায়। সর্বাধিক এই সংখ্যা ৪০ সপ্তাহ হতে পারে। সাপ্তাহিক ক্রু/ ট্রুপ মিটিং / প্যাক মিটিং এর বিষয়সমূহ কি হবে তা পরিকল্পিতভাবে বছরের প্রারম্ভেই নির্ধারণ করা প্রয়োজন। এ উদ্দেশ্য বার্ষিক, ত্রৈমাসিক, মাসিক ও সাপ্তাহিক পরিকল্পনা প্রণয়নের কৌশল নিম্নে উল্লেখ করা হলোঃ

## প্রোগ্রাম পরিকল্পনা কৌশল

১. পরিকল্পনা প্রণয়ন কাজ এমনভাবে সম্পন্ন করতে হবে যেন যে মাস থেকে পরিকল্পনার কাজ আরম্ভ করা হবে তার একমাস আগেই পরিকল্পনাটি গ্রুপ কমিটির অনুমোদন গ্রহণ করতে হবে।

২. পরিকল্পনা অনুমোদনের পরে পরবর্তী ত্রৈমাসিক ও মাসিক পরিকল্পনা প্রোগ্রাম পরিকল্পনা আরম্ভ করার প্রস্তুতি গ্রহণ করা যায়।

৩. প্রথমে একটি সাদা কাগজে স্কাউটিং এর বিষয়গুলো ক্রমানুসারে লিখুন। এবার তালিকাটি ভালভাবে লক্ষ্য করে দেখুন এ বিষয়গুলোর মধ্যে কোন বিষয়ে সারা বছরে মোট কতটি সেশন প্রয়োজন হবে। বিষয়বস্তুর পাশে সংখ্যাবাচক বা অংকে লিখুন। এবার সেশনগুলোর প্রয়োজনীয়তা অনুসারে মোট চার ভাগে ভাগ করুন এবং এগুলো নিম্নরূপভাবে বার্ষিক প্রোগ্রাম পরিকল্পনার ছকে সাজিয়ে ফেলুন।

# বার্ষিক কাব স্কাউট প্রোগ্রাম পরিকল্পনা

## (কাব স্কাউট)

| স্তর | ব্যবহারিক বিষয় (স্কিল) | তত্ত্বীয় | বিশেষ কার্যাবলী |
|---|---|---|---|
| সদস্য স্তর | ওভারহেড গেরো ও স্কয়ার বো-১<br>বৃত্ত গঠন-১<br>গ্র্যান্ড ইয়েল-১<br>ঘড়ি দেখে সময় বলতে পারা-১<br>বোতলে পানি ভরা-১ | প্রতিজ্ঞা, আইন, মটো ধর্মপালন, পথ চলার নিয়ম, জাতীয় সংগীত। | স্কাউটস ওন, গ্রুপ তাঁবুবাস, কাব হলিডে, কাব অভিযান, বি পি দিবস, শিক্ষা সফর, অভিভাবক দিবস, মাতৃভাষা দিবস, স্কাউট সাংস্কৃতিক সপ্তাহ, দলীয় সঞ্চয় অভিযান, জাতীয় দিবসসমূহ |
| তারা ব্যাজ | দড়ির কাজ-২<br>বোতাম লাগানো-১<br>পরিস্কার পরিচ্ছন্নতা-১<br>খেলাধূলা-১<br>পতাকা -১<br>বিভিন্ন খেলা-২ | ধর্ম পালন<br>প্রার্থনা সংগীত | |
| চাঁদ ব্যাজ | দড়ির কাজ-১<br>জাতীয় পতাকা-২<br>প্রাথমিক প্রতিবিধান-১ | নিজ উপজেলা সম্পর্কে জানা | |
| চাঁদ তারা ব্যাজ | দড়ির কাজ-২<br>পতাকা উত্তোলনে সাহায্য করা-২<br>বি-পি পিটি-৩ | বাংলাদেশের ইতিহাস, সঞ্চয়ের অভ্যাস | |
| শাপলা কাবা অ্যাওয়ার্ড | মানচিত্র -১<br>দড়ির কাজ-২<br>সংকেত-১<br>সাঁতার-১<br>খাবার স্যালাইন তৈরি-১<br>প্রাথমিক প্রতিবিধান-২ | সার্কভূক্ত দেশসমূহ সম্পর্কে জানা।<br>বাংলাদেশ সম্পর্কে ইংরেজীতে লেখা। | |

দেখা যাচ্ছে মোট স্কীল বিষয় ১৭টি এবং কোনটি সর্বোচ্চ ৩টি এবং সর্বনিম্ন ১টি করে প্যাক মিটিং ধরে ৩২টি বিষয় রয়েছে। এগুলো বৎসরের ৪টি কোয়ার্টারে ভাগ করা হয়েছে।

## ত্রৈমাসিক প্রোগ্রাম পরিকল্পনা (নমুনা)

| মাস | প্রোগ্রাম বিষয় (স্কীল) | তত্ত্বীয় | বিশেষ কার্যক্রম |
|---|---|---|---|
| জানুয়ারি | ওভারহেড গেরো ও স্কয়ার বোঁ-১ম<br>বৃত্ত গঠন-১ গ্রান্ড ইয়েল-২য়<br>ঘড়ি দেখে সময় বলতে পারা-৩য় | প্রতিজ্ঞা | ক্রীড়া প্রতিযোগিতা |
| ফেব্রুয়ারি | দড়ির কাজ-২<br>বোতাম লাগানো-১<br>খেলাধূলা-১ | আইন | মাতৃভাষা দিবস<br>বি.পি দিবস |
| মার্চ | পতাকা-১<br>প্রাথমিক প্রতিবিধান-১<br>খেলাধুলা-২ | জাতীয় সংগীত | স্বাধীনতা দিবস |

## মাসিক প্রোগ্রাম পরিকল্পনা (জানুয়ারি)

| সপ্তাহ | প্রোগ্রাম বিষয় (স্কীল) | তত্ত্বীয় | বিশেষ কার্যক্রম |
|---|---|---|---|
| ১ম সপ্তাহ | ওভারহেড গেরো ও স্কয়ার বোঁ-১ | প্রতিজ্ঞা | বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা |
| ২য় সপ্তাহ | বৃত্ত গঠন-১ | প্রতিজ্ঞা | বার্ষিক প্যাক ক্যাম্প |
| ৩য় সপ্তাহ | গ্রান্ড ইয়েল-১ | প্রতিজ্ঞা | |
| ৪র্থ সপ্তাহ | ঘড়ি দেখে সময় বলতে পারা-১ | প্রতিজ্ঞা | |

মাসিক প্রোগ্রাম পরিকল্পনাকালে যে মাসের পরিকল্পনা প্রণয়ন করা হচ্ছে ঐ মাসের ঘরে লিপিবদ্ধ বিষয়গুলো ৪ ভাগে ভাগ করে এক এক সপ্তাহে একটি করে বিষয় লিখতে হবে। অনুরূপভাবে বিশেষ কার্যাবলীর নির্ধারিত সপ্তাহে ঐ কার্যাবলীর নাম লিখতে হবে।

# স্কাউট স্কিল বিষয় এবং বিশেষ কার্যাবলীর নমুনা (স্কাউট ও রোভার)

| ক্রমিক নং | স্কিল | বিশেষ কার্যাবলী |
|---|---|---|
| ১ | দড়ির কাজ - ৫ | স্বাধীনতা দিবস |
| ২ | প্রাথমিক প্রতিবিধান - ৫ | বিজয় দিবস |
| ৩ | বন কলা - ২ | মাতৃভাষা দিবস |
| ৪ | উদ্ধার কাজ - ৩ | ঈদ-ই মিলাদুন নবী |
| ৫ | কম্পাস ও কম্পাসের ব্যবহার - ২ | বিদ্যালয়ের/প্রতিষ্ঠানের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা |
| ৬ | মানচিত্র অংকন ও পঠন - ২ | বি-পি দিবস |
| ৭ | অনুসরক চিহ্ন - ১ | বার্ষিক মিলাদ মাহফিল |
| ৮ | অনুমান - ৪ | বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা |
| ৯ | জাতীয় পতাকা - ১ | অভিভাবক দিবস ইত্যাদি |
| ১০ | স্কাউট পতাকা - ১ | স্কাউটস ওন |
| ১১ | ফিল্ড বুক তৈরি - ১ | গ্রুপ ক্যাম্প |
| ১২ | পাইওনিয়ারিং - ৪ | উপদল হাইক |
| ১৩ | গ্যাজেট তৈরি - ১ | প্যাট্রোল ক্যাম্প |
| ১৪ | হস্ত সংকেত - ১ | বি-পি-র মৃত্যু দিবস |
| ১৫ | বাঁশির সংকেত - ১ | |
| ১৬ | বি-পি, পিটি - ৩ | |
| | মোট = ৩৭ টি | |

## বার্ষিক প্রোগ্রাম পরিকল্পনা

| কোয়াটার | প্রোগ্রাম বিষয় (স্কিল) | বিশেষ কার্যাবলী |
|---|---|---|
| ১ম কোয়াটার | দড়ির কাজ - ১, দড়ির কাজ -২, প্রাথমিক প্রতিবিধান - ৪, বনকলা - ১, অনুমান - ১ জাতীয় পতাকা, পাইওনিয়ারিং, - ১, বি-পি পিটি - ১, স্কাউট পতাকা - ১ | স্বাধীনতা দিবস, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, বি-পি দিবস,<br>ক্রীড়া প্রতিযোগিতা গ্রুপ ক্যাম্প |
| ২য় কোয়াটার | দড়ির কাজ - ৩, প্রাথমিক প্রতিবিধান -৩, প্রাথমিক প্রতিবিধান -৪, বনকলা - ২, উদ্ধার কাজ - ১, কম্পাস - ১, কম্পাস - ২, অনুমান -২, ফিল্ড বুক-১, পাইওনিয়ারিং - ২, বি-পি পিটি -২, কোড ও সাইফার-১ | উপদলের হাইক,<br>স্কাউটস ওন |
| ৩য় কোয়াটার | দড়ির কাজ - ৪, দড়ির কাজ - ৫, উদ্ধার কাজ -২, মানচিত্র-২, অনুমান - ৩, পাইওনিয়ারিং - ৩, গ্যাজেট, বি-পি পিটি - ৩, কোড সাইফার ২ | অভিভাবক দিবস<br>উপদল হাইক |
| ৪র্থ কোয়াটার | প্রাথমিক প্রতিবিধান -৫, উদ্ধার কাজ - ৩, অনুমান - ৪, পাইওনিয়ারিং -৪, হস্ত সংকেত-৪, দড়ির কাজ-৬ | বিজয় দিবস<br>স্কাউটস ওন |

দেখা যাচ্ছে মোট স্কীল বিষয় ১৬ টি এবং কোনটি সর্বোচ্চ ৫টি এবং সর্বনিম্ন ১টি করে প্যাক/ট্রুপ/ ক্রু মিটিং ধরে সর্বমোট ৩৭টি বিষয় পাওয়া গেছে। এগুলো চারটি কোয়ার্টারে ভাগ করে সাজানো হয়েছে।

## ত্রৈমাসিক প্রোগ্রাম পরিকল্পনা

| মাস | প্রোগ্রাম বিষয় (স্কিল) | বিশেষ কার্যাবলী |
|---|---|---|
| জানুয়ারী | দড়ির কাজ - ১, প্রাথমিক প্রতিবিধান - ১, অনুমান -১, এবং বনকলা -১ | বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা |
| ফেব্রুয়ারি | দড়ির কাজ - ২, প্রাথমিক প্রতিবিধান - ২, অনুমান -২, এবং বি-পি পিটি -১ | মাতৃভাষা দিবস, বিপি দিবস |
| মার্চ | পাইওনিয়ারিং - ১, স্কাউট পতাকা - ১, কোড সাইফার ১ | গ্রুপ ক্যাম্প |

যে কোয়ার্টারের জন্য এ ত্রৈমাসিক পরিকল্পনাটি প্রণয়ন করা হচ্ছে বার্ষিক পরিকল্পনার সে কোয়ার্টারের কলামে লিপিবদ্ধ বিষয়গুলো সমান তিন ভাগে ভাগ করে মাসের ঘরে এক এক ভাগ করে তিন মাসের ঘরে এক এক ভাগ লিপিবদ্ধ করতে হবে। বিশেষ কার্যাবলীর ঘরে ঐ কার্যাবলী অনুষ্ঠিত হবে সে মাসের ঘরে তা রাখতে হবে।

## মাসিক প্রোগ্রাম পরিকল্পনা

| সপ্তাহ | প্রোগ্রাম বিষয় (স্কিল) | বিশেষ কার্যাবলী |
|---|---|---|
| ১ম সপ্তাহ | দড়ির কাজ -১ | |
| ২য় সপ্তাহ | প্রাথমিক প্রতিবিধান -১ | |
| ৩য় সপ্তাহ | অনুমান | |
| ৪র্থ সপ্তাহ | বনকলা | |

মাসিক প্রোগ্রাম পরিকল্পনা প্রণয়নকালে যে মাসের পরিকল্পনা প্রনয়ণ করা হচ্ছে সে মাসের ঘরে লিপিবদ্ধ বিষয়গুলো ৪ ভাগে ভাগ করে এক সপ্তাহের ঘরে একটি করে বিষয় লেখতে হবে। অনুরূপ বিশেষ কার্যাবলীর নির্ধারিত সপ্তাহে সে কার্যাবলীর নাম লেখতে হবে।

## সপ্তাহিক প্রোগ্রাম

| | | |
|---|---|---|
| তারিখ | : | |
| সময় | : | |
| স্থান | : | |
| কার্যকাল | : | |

| বিষয় | উপস্থাপনায়/ পরিচালনায় | প্রয়োজনীয় উপকরণ | উপকরণ সংগ্রহের দায়িত্বে | মন্তব্য |
|---|---|---|---|---|
| দড়ির কাজ | উপদল নেতাগণ/রোভার মেটগণ/ইউনিট লিডার, গ্রুপ স্কাউট লিডার ইউনিট লিডার / গ্রুপ স্কাউট লিডার | রশি - জনপ্রতি একটি | প্রত্যেক সদস্য | |

যে সপ্তাহের জন্য পরিকল্পনা প্রণয়ন করা হবে সে সপ্তাহের আগেই সাপ্তাহিক পরিকল্পনার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। (যেন অন্তত: ৭ দিন সময় হাতে পাওয়া যায়) এ সময়ের মধ্যে উপস্থাপকের প্রস্ততিমূলক কাজ (প্রশিক্ষণ) উপরকরণ সংগ্রহ ইত্যাদি যথাযথভাবে সম্পাদন করা যায়।

প্রোগ্রাম পরিকল্পনা বাস্তবায়িত করতে গিয়ে দেখা যাবে কোন একটি ক্রু/ট্রুপ/প্যাক মিটিং এর দিন খারাপ আবহাওয়া, প্রতিকূল পরিস্থিতি, পরীক্ষা, সামাজিক / ধর্মীয় / রাষ্ট্রীয় অনুষ্ঠান এর কারণে যে কোন একটি ক্রু/ ট্রুপ/ প্যাক মিটিং অনুষ্ঠান করা সম্ভব হলো না, সে ক্ষেত্রে নির্ধারিত সে বিষয়টি পরবর্তীতে যে ট্রুপ/প্যাক মিটিং হবে সে দিন সে বিষয় উপস্থাপিত হবে। সেক্ষেত্রে অন্যান্য ক্রু/ট্রুপ/প্যাক মিটিং এর বিষয়গুলোও পরিবর্তন ঘটবে। এভাবে দেখা যাবে, যে কয়টি ক্রু/ট্রুপ/প্যাক মিটিং বাধাগ্রস্থ হয়েছে সে কয়টি শেষ ভাগের বিষয় বাদ যাবে। সেক্ষেত্রে বিশেষ প্যাক, ট্রুপ ও ক্রু মিটিং করতে হবে।

# অনুষ্ঠানাদি
## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : অনুষ্ঠানাদি | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. অনুষ্ঠানাদি সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করে ব্যাখ্যা করতে পারবেন
২. দীক্ষা অনুষ্ঠান পরিচালনায় দক্ষতা অর্জন এবং পরিচালনা পদ্ধতি ব্যাখ্যা করতে পারবেন।
৩. ব্যাজ প্রদান অনুষ্ঠান পরিচালনার দক্ষতা অর্জন এবং পরিচালনা পদ্ধতি ব্যাখ্যা করতে পারবেন।

**সূচিপত্র** (সার-সংক্ষেপ)

১। দীক্ষা অনুষ্ঠান পরিচালনা পদ্ধতি; ২। ব্যাজ প্রদান অনুষ্ঠান পরিচালনা পদ্ধতি; ৩। দীক্ষা ও ব্যাজ প্রদান অনুষ্ঠানের অনুশীলন।

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১. | ভূমিকা | ০৫ মি. |
| ২. | দীক্ষা অনুষ্ঠান পরিচালনা পদ্ধতি | ২৫ মি. |
| ৩. | দীক্ষা অনুষ্ঠানের অনুশীলন (ডেমোনেস্ট্রেশন) | ২৫ মি. |
| ৪. | প্রশ্ন উত্তর পর্ব | ০৩ মি. |
| ৫. | ব্যাজ প্রদান অনুষ্ঠান পরিচালনা পদ্ধতি | ১৫ মি. |
| ৬. | উৎরে যাওয়া অভিষেক | ১০ মি. |
| ৭. | ব্যাজ প্রদান অনুষ্ঠানের অনুশীলন (ডেমোনেস্ট্রেশন) | ২৫ মি. |
| ৮. | সামিং আপ | ০৫ মি. |
| ৯. | প্রশ্ন উত্তর পর্ব | ০৭ মি. |
| | **মোট সময় =** | **১২০ মিনিট** |

**প্রশিক্ষণ পদ্ধতি:** লেকচার ও ডেমোনেস্ট্রেশন পদ্ধতি

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:** মাল্টিমিডিয়া, ল্যাপটপ, স্ক্রিন, স্কার্ফ, সদস্য ব্যাজ, দক্ষতা ও পারদর্শিতা ব্যাজ, ইউনিট পতাকা, হ্যান্ড আউট ইত্যাদি।

**ফলোআপ/ অনুসরণ প্রক্রিয়া** (সেশন পরবর্তী) : দীক্ষা অনুষ্ঠানের ফরমেশন ছক তৈরি করে কাউন্সিলরকে দেখাবেন।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# কাব স্কাউট অনুষ্ঠানাদি

## ক. দীক্ষাদান অনুষ্ঠান


দীক্ষা অনুষ্ঠান একজন নবাগতের জন্য কাব স্কাউট জীবনের প্রবেশদ্বার। নবাগত হিসেবে একজন বালক/বালিকা সদস্য ব্যাজের বিষয় তিনমাস প্রশিক্ষণ গ্রহণের পর সে কাবিং এর আদর্শে অনুপ্রাণিত হয়ে কাব স্কাউট প্রতিজ্ঞা ও আইন তার দৈনন্দিন জীবনে বাস্তবায়নের অভ্যস্ত হয়ে পড়লেই দীক্ষা অনুষ্ঠানের মাধ্যমে তাঁকে আনুষ্ঠানিকভাবে বিশ্ব স্কাউট আন্দোলনের একজন সক্রিয় সদস্য হিসেবে বরণ করে নেয়া হয়। আনুষ্ঠানিকভাবে দীক্ষা গ্রহণের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন নবাগত স্কার্ফ ও ব্যাজ পরতে পারে না এবং নিজেকে একজন কাব স্কাউট হিসেবে দাবী করতে পারে না।

কাব স্কাউট লিডার নিজে নবাগতকে দীক্ষা দিবেন। দীক্ষা অনুষ্ঠান সংক্ষিপ্ত, অনাড়ম্বর ও ভাবগম্ভীর পরিবেশে পরিচালিত হবে। দীক্ষা অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য গ্রুপ/ইউনিট কমিটির সভাপতি, সদস্যবৃন্দ, কাব স্কাউটদের মাতা-পিতা, অভিভাবক/অভিভাবিকা স্থানীয় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে আমন্ত্রণ জানাতে হবে। দীক্ষা অনুষ্ঠান শেষে কাবদের দ্বারা খেলাধূলা/বিচিত্রা অনুষ্ঠান/ কাব প্রদর্শনী ইত্যাদি আয়োজন করা যেতে পারে, যা দেখে উপস্থিত আমন্ত্রিত অতিথিবর্গ কাব স্কাউটদের কার্যাবলী সম্পর্কে ধারণা লাভ করতে পারেন।

এক অনুষ্ঠানে কেবলমাত্র একজনকে দীক্ষা প্রদান করা সমীচীন। বিশেষ প্রয়োজনে একই অনুষ্ঠানে ২/৩ জনকে দীক্ষা দেয়া যেতে পারে। এক্ষেত্রে প্রত্যেককে পৃথকভাবে দীক্ষা দিতে হবে। নবগঠিত কাব স্কাউট ইউনিটের ক্ষেত্রে যেখানে একই সাথে ১০/১২ জন নাবগতকে দীক্ষা দানের প্রয়োজন হয়ে পড়ে সেক্ষেত্রে পৃথকভাবে ২/৩ জন নবাগতকে দীক্ষাদান শেষে মাঝে সামান্য সময়ের জন্য খেলাধূলা/বিচিত্রা অনুষ্ঠান করে ক্রমান্বয়ে অবশিষ্টদের দীক্ষা প্রদান করা যেতে পারে। নবগঠিত দলের ক্ষেত্রে ষষ্ঠক ভিত্তিক দীক্ষাদান করা যেতে পারে।

## পূর্ব প্রস্তুতি

দীক্ষা অনুষ্ঠান পরিচালনার জন্য বেশ কিছু পূর্ব প্রস্তুতির প্রয়োজন। দীক্ষা অনুষ্ঠানের তারিখ, সময় গ্রুপ/ইউনিট কমিটি কর্তৃক অনুমোদিত হতে হবে। দীক্ষা প্রার্থীর করণীয় বিষয়সমূহ সম্পর্কে তাকে খুব ভালভাবে বুঝিয়ে অনুশীলন করিয়ে নিতে হবে, যাতে মূল অনুষ্ঠানে তার কোন ভুল না হয়। গ্রুপ স্কাউট লিডার, কাব লিডার, সহকারী কাব লিডার, সিনিয়র ষষ্ঠক নেতা ও ষষ্ঠক নেতাদের স্ব স্ব দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সম্ভব হলে একটি অনুষ্ঠানসূচি প্রণয়ন করে সকলকে দায়িত্ব বন্টন করে মহড়া দিয়ে নেয়া যেতে পারে। দীক্ষা প্রার্থীর প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী যেমন- সদস্য ব্যাজ, গ্রুপ স্কার্ফ, ওয়াগেল, টুপি, ষষ্ঠক প্রতীক, আমার স্কাউট রেকর্ড, কাঁধের ব্যাজ, সেপটিপিন ইত্যাদি পূর্ব থেকে সংগ্রহ করে রাখতে হবে। মূল অনুষ্ঠান চলাকালে যেন সামান্যতম ভুলক্রুটির জন্য অনুষ্ঠানের ধারাবাহিকতা এবং গাম্ভীর্য্য ব্যহত না হয় সে ব্যাপারে সকলকে সচেষ্ট থাকতে হবে।




## কাব দীক্ষা অনুষ্ঠান পরিচালনা পদ্ধতি

কাব স্কাউটরা মহাবৃত্তে আরামে দাঁড়াবে কাব স্কাউট লিডার পতাকা দন্ডের বাম দিকে দাঁড়াবেন। গ্রুপ স্কাউট লিডার (যদি থাকেন) পতাকা দন্ডের ডান দিকে দাঁড়াবেন। সহকারী কাব লিডারগণ সকলে কাব লিডারের বাম পার্শ্বে দাঁড়াবেন। (এখানে উল্লেখ্য যে, লিডারগণ পতাকা দন্ড সাথে নিয়ে মহাবৃত্তে দাঁড়াবেন)। আমন্ত্রিত অতিথিবৃন্দ মহাবৃত্তের দিকে মুখ করে কাব লিডারগণের পিছনে নির্ধারিত আসনে বসবেন। দন্ডে ইউনিটের পতাকা মূল অনুষ্ঠান শুরুর পূর্বে তুলে রাখতে হবে।

গ্রুপ স্কাউট লিডার প্রথমে সংকেত দিয়ে সকলকে সোজা করাবেন। অতঃপর আরামে দাঁড় করিয়ে দীক্ষা দান অনুষ্ঠানের তাৎপর্য ব্যাখ্যা করে

কাব লিডারকে দীক্ষা অনুষ্ঠান পরিচালনা করার জন্য আহবান জানাবে। গ্রুপ স্কাউট লিডার অনুষ্ঠানের সভাপতি ও অতিথিগণকে সম্বোধন করে সংক্ষিপ্ত ব্যাখ্যা দিবেন। গ্রুপ স্কাউট লিডারের আহবান পাওয়ার পর কাব স্কাউট লিডার তাকে ধন্যবাদ জানিয়ে দলকে সোজা হওয়ার সংকেত দিবেন। তারপর দীক্ষা প্রার্থীকে তার সামনে নিয়ে আসার জন্য দীক্ষা প্রার্থীর ষষ্ঠক নেতাকে আদেশ দিবেন। (যেমন- সবুজ ষষ্ঠকের ষষ্ঠক নেতা করিম, দীক্ষা প্রার্থী রহিমকে আমার সামনে নিয়ে এসো)। এই আদেশ পাওয়ার পর ষষ্ঠক নেতা এক কদম সামনে যেয়ে দৌড়ে দীক্ষা প্রার্থীর সামনে গিয়ে তাকে এক কদম সামনে আসতে আহবান জানাবে। দীক্ষা প্রার্থী এক কদম সামনে আসলে ষষ্ঠক নেতা তাকে বামপাশে রেখে দৌড়ে কাব স্কাউট লিডারের সামনে গিয়ে তাঁকে সালাম দিবে এবং দীক্ষা প্রার্থীর সংক্ষিপ্ত পরিচয় দিয়ে তাকে দীক্ষা প্রদানের জন্য কাব স্কাউট লিডারকে অনুরোধ করবে। কাব স্কাউট লিডার ষষ্ঠক নেতাকে ধন্যবাদ জানাবে। ষষ্ঠক নেতা তাঁকে সালাম দিয়ে উল্টা ঘুরবে এবং নিজ ষষ্ঠকে দৌড়ে ফিরে যাবে।

এর পর কাব স্কাউট লিডার দীক্ষা প্রার্থীকে নিম্নবর্ণিত প্রশ্নগুলো করবেন এবং দীক্ষা প্রার্থী তার যথাযথ স্পষ্ট জবাব দিবে-

| | |
|---|---|
| কাব স্কাউট লিডার | : তুমি একজন কাব স্কাউট হতে রাজি আছ ? |
| দীক্ষা প্রার্থী | : জ্বি জনাব, আমি রাজি। |
| কাব স্কাউট লিডার | : তুমি কি কাব স্কাউট প্রতিজ্ঞা, আইন, সালাম, করমর্দন ও গ্রান্ড ইয়েল জান ? |
| দীক্ষা প্রার্থী | : জ্বি জনাব, আমি জানি। |
| কাব স্কাউট লিডার | : কাব আইন কী ? |
| দীক্ষা প্রার্থী | : ১) বড়দের কথা মেনে চলা, ২) নিজেদের খেয়ালে কিছু না করা |
| কাব স্কাউট লিডার | : তুমি কি দীক্ষা গ্রহণ করতে প্রস্তুত ? |
| দীক্ষা প্রার্থী | : জ্বি জনাব, আমি প্রস্তুত। |
| কাব স্কাউট লিডার | : তা হলে কাব স্কাউট সালাম দেখাও। |

এই সময়ে মহাবৃত্তের সকল দীক্ষা প্রাপ্ত কাব স্কাউট সালাম দেখাবে, যারা দীক্ষা গ্রহণ করেনি তারা সালাম দেখাবে না শুধুমাত্র সোজা হয়ে দাঁড়িয়ে থাকবে। কাব স্কাউট লিডার উপস্থিত অতিথিবৃন্দকে দাঁড়ানোর জন্য অনুরোধ জানাবেন। কাব স্কাউট লিডার ধীরে ধীরে কাব স্কাউট প্রতিজ্ঞা বলবেন এবং দীক্ষা প্রার্থী তা পাঠ করবে। প্রতিজ্ঞা পাঠ শেষে সকলে একসাথে হাত নামিয়ে নিবে। উল্লেখ থাকে যে, বৃত্তে অবস্থানরত এবং অনুষ্ঠানে উপস্থিত সকল স্কাউটারগণও সালাম দেবেন। প্রতিজ্ঞা পাঠদান পর্ব শেষে কাব স্কাউট লিডার নব দীক্ষিত কাবের বাম বুক পকেটে সদস্য ব্যাজ পড়াবেন এবং সালাম বিনিময় ও করমর্দন করে তার ক্রমোন্নতি ও মঙ্গল কামনা করে স্বাগত জানিয়ে নিজের অবস্থান থেকে এক কদম পিছনে গিয়ে দাঁড়াবেন। কাব লিডার সরে যাওয়ার পর গ্রুপ স্কাউট লিডার দীক্ষাপ্রাপ্ত কাব স্কাউটের সামনে এসে তাকে গ্রুপের স্কার্ফ পরিয়ে সালাম ও করমর্দন করে নিজ জায়গায় ফিরে যাবেন । গ্রুপ স্কাউট লিডার ফিরে যাওয়ার পর ক্রমান্বয়ে সহকারী কাব স্কাউট লিডারগণ (যদি থাকে) দীক্ষা প্রাপ্ত কাব স্কাউটের সামনে এসে তাকে “আমার স্কাউট রেকর্ড” দিবেন এবং মাথায় টুপি পড়িয়ে সালাম ও করমর্দন করে স্ব স্ব জায়গায় ফিরে যাবেন। এবারে কাব স্কাউট লিডার এক কদম সামনে এসে (পূর্ব স্থানে) দীক্ষা প্রাপ্ত কাব স্কাউট কে উল্টা ঘুরতে বলবেন। সে উল্টা দিকে ঘুরবে, কাব স্কাউট লিডার দলের সকলকে সালাম করার জন্য নির্দেশ দিবেন এবং সে সকলকে সালাম করবে, সকলে তার সালামের প্রতি উত্তরে সালাম দেবে। যারা দীক্ষা পায়নি তারা সালাম দেবে না। কাব স্কাউট লিডার দীক্ষা প্রাপ্ত কাবকে ষষ্ঠকে ফিরে যাওয়ার আদেশ দিলে দৌড়ে নিজ জায়গায় ফিরে যাবে। সে ফিরে যাওয়ার পর ষষ্ঠক নেতা তাঁকে বাম বাহুর নির্দিষ্ট স্থানে ষষ্ঠক প্রতীক পরিয়ে দেবে। এরপর কাব স্কাউট লিডার সকলকে আরামে দাঁড় করাবেন। সিনিয়র ষষ্ঠক নেতা তখন এক কদম সামনে এসে নবদীক্ষিত কাবকে স্বাগত জানিয়ে সম্মিলিত ইয়েল দিবে। ইয়েল দেয়ার পর সিনিয়র ষষ্ঠক নেতার নেতৃত্বে সবাই গ্রান্ড ইয়েলে অংশ নিবে। গ্রান্ড ইয়েল শেষে কাব স্কাউট লিডার সকলকে বসিয়ে দিবেন। লিডারগণ বৃত্ত ছেড়ে অতিথিদের সারিতে বসবেন।

এরপর গ্রুপ স্কাউট লিডারের উপস্থাপনায় পর্যায়ক্রমে অতিথিবৃন্দ, অভিভাবক, সভাপতি তাঁদের বক্তব্য পেশ করবেন। তাঁদের বক্তব্য শেষে কাব স্কাউট দের বিচিত্রানুষ্ঠান করা যেতে পারে। সর্বশেষে গ্রুপ স্কাউট লিডার সকলকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করবেন। যে সকল গ্রুপে স্কাউট লিডার নেই সেখানে কাব স্কাউট লিডার উভয় দায়িত্ব পালন করবেন।

## খ. ব্যাজ প্রদান অনুষ্ঠান

সদস্য ব্যাজের পরবর্তী ধাপের বা স্তরের দক্ষতা ও পারদর্শিতা ব্যাজ অনুষ্ঠানের মাধ্যমে প্রদান করা হয়। ব্যাজ প্রদান অনুষ্ঠানে দীক্ষাদান অনুষ্ঠানের মতো গ্রুপ স্কাউট লিডার অন্যান্য লিডারদের নিয়ে মহাবৃত্তে দাঁড়াবেন, পতাকা দন্ড গ্রুপ স্কাউট লিডার ও কাব লিডারের মাঝে থাকবে। আমন্ত্রিত অতিথিবৃন্দ বৃত্ত সামনে রেখে লিডারগণের পিছনে নির্ধারিত আসনে বসবেন। পতাকা পূর্বে উত্তোলন করে রাখতে হবে।

গ্রুপ স্কাউট লিডার অনুষ্ঠানের তাৎপর্য ব্যাখ্যা করে কাব স্কাউট লিডারকে অনুষ্ঠান পরিচালনা করার জন্য অনুরোধ করবেন। কাব স্কাউট লিডার সংকেত দিয়ে সকলকে সোজা করে দাঁড় করাবেন, যে সকল কাব স্কাউট ব্যাজ পরীক্ষা পাশ করেছে তাদেরকে এক সংগে ৩/৪ জন তাঁর সামনে উপস্থিত হওয়ার আহবান জানাবেন। যাদের নাম ডাকা হবে সে সকল কাব স্কাউট দৌঁড়ে কাব স্কাউট লিডারের সামনে গিয়ে সারিবদ্ধভাবে পাশাপাশি দাঁড়াবে।

কী কী বিষয়ে দক্ষতা অর্জন করায় তাঁদের ব্যাজ প্রদান করা হবে ইউনিট লিডার তা ব্যাখ্যা দিয়ে এবং ভবিষ্যতে দক্ষতা অর্জন করতে পারলে কী কী ব্যাজ পাবে তা বুঝিয়ে দিবেন। অতঃপর ব্যাজ অর্জনকারী কাবদের প্রতিজ্ঞা পাঠ করাবেন। প্রতিজ্ঞা পাঠ শেষে কাব স্কাউট লিডার তাঁদের দক্ষতা ব্যাজ বাম হাতের কনুই ও কাঁধের মাঝখানে শার্টের হাতায় পড়িয়ে দিয়ে সালাম বিনিময় করবেন। পারদর্শিতা ব্যাজ ডান হাতের কনুই ও কাঁধের মাঝখানে সার্টের হাতায় পরতে হয়। কাব স্কাউট লিডার এক কদম পিছনে সরে গেলে ক্রমান্বয়ে গ্রুপ স্কাউট লিডার, সহকারী কাব স্কাউট লিডারগণ ব্যাজ পরিহিত কাবদের সাথে সালাম ও করমর্দন করে নিজ জায়গায় ফিরে যাবেন।

কাব স্কাউট লিডার তাঁর জায়গায় ফিরে এসে ব্যাজ প্রাপ্ত কাবদের উল্টা ঘুরতে বললে তারা উল্টে ঘুরবে। দলের সকলকে সালাম দেয়ার জন্য কাব স্কাউট লিডার আদেশ দিলে তারা সকলকে সালাম দিবে প্রতি উত্তরে ইউনিটের সকলে সালাম দিবে। কাব স্কাউট লিডার ব্যাজ প্রাপ্তদের ষষ্ঠকে ফিরে যেতে বলবেন, তারা স্ব স্ব ষষ্ঠকে ফিরে যাবে। এর পর সিনিয়র ষষ্ঠক নেতার নেতৃত্বে সবাই গ্রান্ড ইয়েলে অংশগ্রহণ করবে। গ্রান্ড ইয়েল শেষে কাব স্কাউট লিডার সকল কাবকে বসার নির্দেশ দিলে সবাই বসে পড়বে।

একই সংগে একাধিক কাব স্কাউটকে ব্যাজ প্রদান করা যায়। এক বা একাধিক ব্যাজ অর্জনকারীদের পৃথকভাবে ব্যাজ প্রদান করা সমীচীন। প্রত্যেক ব্যাজ অর্জনকারী কাব স্কাউটকে কাব স্কাউট লিডার পৃথক পৃথক ব্যাজ পরিয়ে দিবেন।

ব্যাজ প্রদান শেষে কাব স্কাউটদের দ্বারা প্রদর্শনী বা বিচিত্রা অনুষ্ঠান করা যেতে পারে। অভিভাবকদের এবং অতিথিবৃন্দের সংক্ষিপ্ত বক্তব্য রাখার ব্যবস্থা রাখলে কাব স্কাউটরা অনুপ্রাণিত হবে।

## গ. উৎরে যাওয়া অভিষেক অনুষ্ঠান

একটি স্কাউট গ্রুপের কাব স্কাউট ইউনিট ও স্কাউট ইউনিট থাকলে এবং কোন কাব স্কাউট যখন স্কাউট বয়সে পদার্পণ করবে তাকে “উৎরে যাওয়া অভিষেক” এর মাধ্যমে একই গ্রুপের স্কাউট শাখায় ভর্তি করে নিতে হয়। এরূপ অভিষেক অনুষ্ঠান স্কাউট গ্রুপের নিজস্ব অনুষ্ঠানে আনন্দদায়ক পরিবেশে অনুষ্ঠিত হয়। অভিষেক অনুষ্ঠানের পূর্বে উৎরে যাওয়া কাব স্কাউট, উপদলনেতা, কাব স্কাউট লিডার, সহকারী লিডার, কাব স্কাউট ইন্সট্রাক্টর, গ্রুপ স্কাউট লিডার, স্কাউট লিডার, সহকারী স্কাউট লিডারদের করণীয় বিষয়গুলো ভালভাবে বুঝিয়ে দিতে হবে; যাতে মুল অনুষ্ঠান চলাকালীন কোন প্রকার ত্রুটি না হয়। উৎরে যাওয়া অভিষেক অনুষ্ঠান সহজ অথচ গাম্ভীর্যপূর্ণ হবে।

এ অনুষ্ঠানে কাব স্কাউটদের মাতাপিতা অভিভাবকদের আমন্ত্রণ জানাতে হবে। যাতে তাঁরা অনুষ্ঠানে উপস্থিত থেকে প্রত্যক্ষ অবলোকন করে বিষয়টির গুরুত্ব অনুধাবন করতে পারেন। অনুষ্ঠানের জন্য নির্ধারিত সমতল মাঠের মাঝ বরাবর চুন দিয়ে/ মাটিতে দাগ কেটে/দড়ি টেনে একটি সীমারেখা অংকন করে নিতে হবে। সীমা রেখার এক পার্শ্বে কাব স্কাউটরা মহাবৃত্তে এবং বিপরীত পার্শ্বে স্কাউটরা অশ্বখুরাকৃতিতে দাঁড়াবে।

গ্রুপ স্কাউট লিডার দুই পতাকার মাঝখানে দাঁড়াবেন। আমন্ত্রিত অতিথিবৃন্দ তার পিছন দিকে নির্ধারিত আসনে বসবেন। স্কাউট লিডার অশ্বখুরাকৃতির মুখে মাঝখানে মহাবৃত্তের দিকে মুখ করে দাঁড়াবেন। উৎরে যাওয়া কাব যে উপদলে দেয়া হবে সে উপদলের দায়িত্ব প্রাপ্ত সহকারী স্কাউট লিডার এবং উপদলনেতা স্কাউট লিডারের যথাক্রমে এক কদম ডানে ও বায়ে দাঁড়াবে।

কাব স্কাউট লিডার মহাবৃত্তের দিকে মুখ করে স্কাউট লিডারের বিপরীত দিকে দাঁড়াবেন। উৎরে যাওয়া কাব স্কাউট তার সম্মুখে বৃত্তের দিকে মুখ করে দাঁড়াবে। সহকারী কাব স্কাউট লিডার ও ইনস্ট্রাক্টরগণ বৃত্তের পিছন দিকে স্কাউট ইউনিটের দিকে মুখ করে দাঁড়াবে।

অন্যান্য উপদলনেতা, ষষ্ঠক নেতা, কাব স্কাউটরা স্ব স্ব অবস্থানে দাঁড়াবে।


গ্রুপ স্কাউট লিডার উভয় দলকে “সোজা হও” আদেশে সোজা করবেন। তিনি অভ্যাগত অতিথিদের উদ্দেশ্যে “উৎরে যাওয়া অভিষেক অনুষ্ঠানের” উদ্দেশ্য ও গুরুত্ব ব্যাখ্যা করবেন এবং অনুষ্ঠান পরিচালনার জন্য কাব স্কাউট লিডারকে অনুরোধ জানাবেন। অতঃপর তিনি সামনের দিকে সীমারেখা ধরে অগ্রসর হয়ে উভয় ইউনিটের মাঝখানে এসে দাঁড়াবেন।

কাব স্কাউট লিডার উৎরে যাওয়া কাব স্কাউটকে শেষ বারের মতো গ্রান্ড ইয়েল দিতে বলবেন। উৎরে যাওয়া কাব স্কাউট শেষ বারের মত গ্রান্ড ইয়েল দিয়ে কাব স্কাউট লিডারের সামনে এসে দাঁড়াবে, কাব লিডার একজন দক্ষ কাব হিসেবে তার দক্ষতা কৃতিত্বের কথা উল্লেখ করে ভবিষ্যতে স্কাউট জীবনে ক্রমোন্নতি কামনা করে আর্শিবাদ করবেন। উৎরে যাওয়া কাব স্কাউটকে প্রতিজ্ঞা পাঠ করতে বললে সে পাঠ করবে।

কাব স্কাউট লিডার তাকে নিয়ে সীমা রেখার কাছে অপেক্ষমান গ্রুপ স্কাউট লিডারের হাতে তুলে দিবেন। গ্রুপ স্কাউট লিডার দক্ষ স্কাউট তৈরির প্রত্যাশায় তাকে স্কাউট লিডারের হাতে তুলে দিবেন। তখন উৎরে যাওয়া কাব এক লাফে সীমারেখা অতিক্রম করে স্কাউট লিডারের সামনে গিয়ে দাঁড়াবে। স্কাউট লিডার তাকে সহকারী স্কাউট লিডারের হাতে দিয়ে তার স্কাউট জীবনের পর্যায়ক্রমিক উন্নতির জন্য প্রশিক্ষণ দানের অনুরোধ করবেন। সহকারী স্কাউট লিডার অতঃপর তাকে উপদলনেতার হাতে দিলে উপদল নেতা তার উপদলে নিয়ে যাবে। (যদি সহকারী স্কাউট লিডার না থাকে তাহলে স্কাউট লিডার নিজে সহায়তা করবেন)

উৎরে যাওয়া কাব স্কাউট উপদলে অবস্থান নেয়ার পর সিনিয়র উপদলনেতা স্বাগত ইয়েল দিয়ে তাকে বরণ করে নিবে। স্কাউট লিডার, সহকারী স্কাউট লিডার ও কাব স্কাউট লিডার স্ব স্ব ইউনিটের পিছনে গিয়ে দাঁড়াবেন। গ্রুপ স্কাউট লিডার তার পূর্ব স্থানে ফিরে এসে উভয় দলকে বসে পড়ার জন্য নির্দেশ দিবেন। অতঃপর বক্তৃতা ও বিচিত্রা অনুষ্ঠানের কার্যক্রম পরিচালনা করবেন।

## উৎরে যাওয়া অভিষেক অনুষ্ঠানের ছবি
## (Going up Ceremony)



# স্কাউট অনুষ্ঠানাদি

## দীক্ষা অনুষ্ঠান

### দীক্ষা অনুষ্ঠান

দীক্ষা অনুষ্ঠান একজন নবাগতের জন্য স্কাউট জীবনের প্রবেশ দ্বার। নবাগত হিসেবে একজন বালককে ১০/১২ সপ্তাহ প্রশিক্ষণ প্রদান করা হয়। সে স্কাউট আদর্শে অনুপ্রাণিত হয়ে স্কাউট প্রতিজ্ঞা ও আইন তার দৈনন্দিন কর্মজীবনে বাস্তবায়নে অভ্যস্ত হতে আরম্ভ করলেই এক অনুষ্ঠানের মাধ্যমে তাকে বিশ্ব ব্যাপী স্কাউট ভ্রাতৃত্বের একজন সক্রিয় সদস্য হিসাবে বরণ করে নেয়া হয়। এ অনুষ্ঠানকে দীক্ষা অনুষ্ঠান বলে। আনুষ্ঠানিকভাবে দীক্ষা গ্রহণের পর সে স্কাউট ব্যাজ, স্কার্ফ ও ওয়াগল পরতে পারে এবং নিজকে একজন স্কাউট হিসাবে দাবী করতে পারে।

কেবল ইউনিট লিডার দীক্ষা অনুষ্ঠান পরিচালনা করবেন (যেমন, কাব শাখার জন্য সংশ্লিষ্ট কাব প্যাকের কাব লিডার, স্কাউট শাখার জন্য সংশ্লিষ্ট স্কাউট শাখার স্কাউট লিডার এবং রোভার শাখার জন্য সংশ্লিষ্ট রোভার লিডার দীক্ষা অনুষ্ঠান পরিচালনা করবেন।) দীক্ষা অনুষ্ঠান সংক্ষিপ্ত, অনাড়ম্বর এবং ভাবগম্ভীর পরিবেশে পরিচালিত হবে। দীক্ষা শেষে স্কাউটিংয়ের বিভিন্ন কলাকৌশল প্রদর্শনীর ব্যবস্থা করা যেতে পারে অথবা বিচিত্রানুষ্ঠানের আয়োজন করা যেতে পারে।

এক অনুষ্ঠানে কেবলমাত্র একজনকে দীক্ষা প্রদান করা উচিত। বিশেষ প্রয়োজনে একই অনুষ্ঠানে ২/৩ জনকে দীক্ষা দেয়া যেতে পারে। এ ক্ষেত্রে প্রত্যেককে পৃথক পৃথকভাবে দীক্ষা দেয়া উচিত।

দীক্ষা অনুষ্ঠান পরিচালনা করার জন্য কিছু প্রস্তুতি গ্রহণ করতে হয়। দীক্ষা অনুষ্ঠানের তারিখ ও সময় গ্রুপ কমিটি কর্তৃক অনুমোদিত হতে হবে। গ্রুপ কমিটির অনুমোদন লাভের পর এ সম্পর্কে উপজেলা স্কাউটসকে অবহিত করা প্রয়োজন। দীক্ষা প্রার্থীর করণীয় বিষয়সমূহ বার বার মহড়া দিয়ে দীক্ষা প্রার্থীকে অভ্যস্ত করে তুলতে হবে। ইউনিট এ যদি কোন সহকারী ইউনিট লিডার থাকেন তাহলে তিনি বা তাঁরা কে কোন দায়িত্ব পালন করবেন তা তাঁকে বা তাদেরকে আগে থেকে ভালভাবে বুঝিয়ে দিতে হবে। দীক্ষা অনুষ্ঠানে দীক্ষা প্রার্থীকে যে যে জিনিস দিতে হবে যেমন- সদস্য ব্যাজ, গ্রুপ/ইউনিট স্কার্ফ,ওয়াগল,কাঁধের ব্যাজ, আমার স্কাউট রেকর্ড, স্কাউট টুপি ইত্যাদি আগে থেকে সংগ্রহ করে হাতের কাছে মওজুদ রাখতে হবে এবং স্কাউট পতাকা লাঠির সাথে বেঁধে প্রস্তুত রাখতে হবে। অনুষ্ঠান চলাকালে সামান্য কোন ভুলের জন্য অনুষ্ঠানের ধারাবাহিকতা এবং গাম্ভীর্য্য নষ্ট হতে পারে, এদিকে খুব বেশি সতকর্তা অবলম্বন করা প্রয়োজন।

### কীভাবে স্কাউট শাখার দীক্ষা অনুষ্ঠান পরিচালনা করতে হয়

পতাকা দন্ড সামনে রেখে স্কাউটরা অশ্ব-খুরাকৃতিতে দাঁড়াবে। দীক্ষা প্রার্থী নিজ উপদল সদস্যদের সাথে নিজের জন্য নির্ধারিত জায়গায় দাঁড়াবে। স্কাউট লিডার পতাকা দন্ডকে সামনে রেখে পতাকাদন্ড নিজের ডান দিকে রেখে পতাকাদন্ড নিজের বাম দিকে রেখে স্কাউট লিডারের সাথে একাই সমান্তরাল রেখায় দাঁড়াবেন। সিনিয়র উপদল নেতা স্কাউট লিডারের বাম দিকে লাঠিতে বাঁধা স্কাউট পতাকাসহ স্কাউট লিডারের সাথে একই সমান্তরাল রেখায় তিন কদম পার্শ্বে দাঁড়াবে।

- সহকারী স্কাউট লিডারগণ স্কাউট লিডারের তিন কদম পিছনে একই সমান্তরাল রেখায় দাঁড়াবেন। এ সময় সবাই আরামে দাঁড়াবে।
- আমন্ত্রিত মেহমানবৃন্দ স্কাউট লিডার ও স্কাউটদের দিকে মুখ করে স্কাউট লিডারদের পিছনে তাদের জন্য নির্ধারিত জায়গায় বসবেন।
- গ্রুপ স্কাউট লিডার “দল সোজা হও” এ আদেশ দিলে সবাই সোজা হয়ে দাঁড়াবে। এরপর গ্রুপ স্কাউট লিডার দীক্ষা অনুষ্ঠানের তাৎপর্য ব্যাখ্যা করে স্কাউট লিডারকে দীক্ষা অনুষ্ঠান পরিচালনা করার জন্য আহবান জানাবেন।

গ্রুপ স্কাউট লিডারের আহবান পাওয়ার পর দীক্ষা প্রার্থীকে তাঁর সামনে উপস্থিত করার জন্য স্কাউট লিডার দীক্ষা প্রার্থীর উপদল নেতাকে আদেশ দেবেন। এই আদেশ পাওয়ার পর উপদল নেতা প্রথমে নিজের অবস্থান থেকে এক কদম সামনে এসে বাম দিকে ঘুরে দীক্ষা প্রার্থীর কাছে গিয়ে তাকে এক কদম সামন আসার নির্দেশ দেবে। দীক্ষা প্রার্থী তার নিজের বাম দিক থেকে মার্চ করে দুজনেই স্কাউট লিডারের সামনে এসে উপস্থিত হবে। এ সময় লক্ষ্য রাখতে হবে দীক্ষা প্রার্থী যেন স্কাউট লিডারের সোজাসোজি সামনে দাঁড়াবে।

উপদল নেতা স্কাউট লিডারকে সালাম দিয়ে দীক্ষা প্রার্থীর সংক্ষিপ্ত পরিচয় দিয়ে জানাবে যে, দীক্ষা প্রার্থী সদস্য ব্যাজের সব পরীক্ষা কৃতিত্বের সাথে সমাপ্ত করে দীক্ষা গ্রহণ করার জন্য মানসিকভাবে প্রস্তুতি নিয়েছি। দীক্ষা প্রার্থীকে স্কাউট হিসেবে দীক্ষা দেয়ার জন্য স্কাউট লিডারকে অনুরোধ জানাবে। সব শোনার পর স্কাউট লিডার উপদল নেতাকে ধন্যবাদ জানাবেন। উপদল নেতা স্কাউট লিডারকে সালাম জানাবে এবং স্কাউট লিডার যথারীতি সালামের প্রতি উত্তর দেবেন। উপদল নেতা তার উপদলে ফিরে যাবে।

এরপর স্কাউট লিডার দীক্ষা প্রার্থীকে নিম্নলিখিত প্রশ্নলিখিত প্রশ্নগুলো করবেন এবং দীক্ষা প্রার্থী তার যথাযথ জবাব দেবে:-

| | | |
|---|---|---|
| স্কাউট লিডার | : | তুমি কি তোমার আত্মমর্যাদা বোঝ? |
| দীক্ষা প্রার্থী | : | জ্বী হ্যাঁ জনাব। |
| স্কাউট লিডার | : | এর মানে কী? |
| দীক্ষা প্রার্থী | : | এর মানে আমি সৎ ও সত্যবাদী হব। |
| স্কাউট প্রার্থী | : | তুমি কি স্কাউট প্রতিজ্ঞা জান? |
| দীক্ষা | : | জ্বী হ্যাঁ, জনাব। |
| স্কাউট লিডার | : | আমি কি বিশ্বাস করতে পারি যে, তুমি তোমার আত্ম মর্যাদার ওপর নির্ভর করে প্রতিজ্ঞা করছ যে, আল্লাহ (সৃষ্টি কর্তা) ও তোমার দেশের প্রতি কর্তব্য পালন করতে, সবর্দা অপরকে সাহার্য্য করতে, স্কাউট আইন মেনে চলতে তুমি তোমার যথাসাধ্য চেষ্টা করবে? |
| দীক্ষা প্রার্থী | : | জ্বী হ্যাঁ, জনাব। |
| স্কাউট লিডার | : | তুমি কি স্কাউট প্রতিজ্ঞা গ্রহণ করতে প্রস্তুত? |
| দীক্ষা প্রার্থী | : | জ্বী হ্যাঁ, জনাব। |

**স্কাউট লিডার :** "তাহলে দন্ডসহ স্কাউট পতাকা স্কাউট চিহ্ন দেখাও"। এ আদেশ সাথে সাথে সিনিয়র উপদল নেতা তার হাতে ধরা স্কাউট লিডার ও দীক্ষা প্রার্থীর মাঝখানে ধরবে। পতাকাকে এমনভাবে ধরতে হবে যাতে পতাকা দন্ড মাটির সাথে সমান্তরাল অবস্থায় থাকে এবং দীক্ষা প্রার্থীসহ সকল স্কাউটরা ও দীক্ষা প্রাপ্ত সকলেই স্কাউট চিহ্ন দেখাবে। এ সময় উপস্থিত সকল অতিথিকে উঠে দাঁড়াবার জন্য অনুরোধ করতে হবে। এরপর স্কাউট লিডার দীক্ষা প্রার্থীকে তার বাম হাত দিয়ে পতাকা দন্ড ধরতে বলবেন এবং নিজে বাম হাত দিয়ে পতাকা দন্ড ধরবেন (এ সময় লক্ষ্য রাখতে হবে যেন দীক্ষা প্রার্থী এবং স্কাউট লিডার খুব কাছাকাছি হাত রাখেন এবং দীক্ষা প্রার্থীর হাত যেন পতাকা দন্ডের (শেষ প্রান্তে থাকে)। এরপর দীক্ষা প্রার্থী স্কাউট লিডারের সাথে সাথে স্কাউট প্রতিজ্ঞা পাঠ করবে (প্রথমে স্কাউট লিডার প্রতিজ্ঞার কিছু অংশ বলবেন এবং দীক্ষ প্রার্থী তা পাঠ করবে) ।

দীক্ষা প্রার্থী স্কাউট প্রতিজ্ঞা শেষ অংশ উচ্চারণ করার সাথে সাথে স্কাউট লিডার এবং দীক্ষা প্রার্থী পতাকা দন্ড ছেড়ে দেবে। সিনিয়র উপদল নেতা দন্ড সরিয়ে নেবে এবং সকলে এক সাথে হাত নামিয়ে নেবে। লক্ষ্য রাখতে হবে, এ কাজগুলো যেন মুহুর্তের মধ্যে শেষ হয়।

এই পর্ব শেষ হওয়ার পর স্কাউট লিডার নব দীক্ষিত এ স্কাউট এর শার্টে বাম পকেটের ঠিক মাঝখানে সদস্য ব্যাজ পরিয়ে দেবেন, তার সাথে স্কাউট সালাম ও করমর্দন করে তাকে বিশ্ব স্কাউট ভ্রাতৃত্বের একজন সক্রিয় সদস্য হিসেবে স্বাগত জানিয়ে এবং তার ব্যাক্তিগত ও স্কাউট জীবনের শুভ কামনা করে নিজের অবস্থান থেকে এক কদম পাশে সরে দাঁড়াবেন। নব দীক্ষিত স্কাউটের জীবনে এই প্রথম শেষ বারের মত স্কাউট লিডারের নিকট স্কাউট সালাম পাবে, যা তার জন্য চির স্মরণীয় হয়ে থাকবে।

স্কাউট লিডার সরে দাঁড়ালে গ্রুপ স্কাউট লিডার নব দীক্ষিত স্কাউটের সামনে এসে তার গলায় গ্রুপ স্কার্ফ, ওয়াগল এবং দুই কাঁধে গ্রুপের নম্বর লিখিত কাঁধের ব্যাজ পরিয়ে দিয়ে তার সাথে সালাম ও করমর্দন করে বিশ্ব স্কাউট ভ্রাতৃত্বের সক্রিয় সদস্য হিসেবে স্বাগত জানিয়ে শুভ কামনা করে নিজের জায়গায় ফিরে যাবেন।

গ্রুপ স্কাউট লিডার নিজের জায়গায় ফিরে যাওয়ার পর সহকারী স্কাউট লিডার নব দীক্ষিত স্কাউটের সামনে এসে তার মাথায় স্কাউট টুপি পরিয়ে দেবেন এবং তার হাতে আমার স্কাউট রেকর্ড দিয়ে তার সাথে স্কাউট সালাম বিনিময় ও কনমর্দন করে তাকে বিশ্বব্যাপী স্কাউট

ভ্রাতৃত্বের সক্রিয় সদস্য হিসেবে স্বাগত জানিয়ে তার জীবনের শুভ কামনা করে নিজের জায়গায় ফিরে যাবেন। যদি একাধিক সহকারী স্কাউট লিডার থাকেন তাহলে তারা পর্যায়ক্রমে নব স্কাউটের এসে তার সাথে সালাম বিনিময় ও করমর্দন করবেন।

সহকারী স্কাউট লিডার/ লিডারগণ নিজ জায়গায় ফিরে যাওয়ার পর নব দীক্ষিত স্কাউট-এর উপদল নেতা নিজ অবস্থান থেকে নব দীক্ষিত স্কাউটের বাম পাশে স্কাউট লিডারের দিকে মুখ করে দাঁড়াবে।

উপদল নেতা নিজের জায়গায় দাঁড়ানোর পর স্কাউট লিডার আবার নিজের আগের জায়গায় এসে দাঁড়িয়ে উপদল নেতা এবং নব দীক্ষিত স্কাউকে উল্টো দিকে ঘোরার আদেশ দেবেন। স্কাউট লিডারের আদেশ পাওয়ার পর তারা দুজনেই উল্টো দিকে ঘুরবে। এর পর দলের সকলকে স্কাউট সালাম দেয়ার জন্য নবদীক্ষিত স্কাউটকে আদেশ দেবেন। এ আদেশ পাওয়ার পর নব দীক্ষিত স্কাউট দলের সদস্যকে স্কাউট সালাম জানাবে এবং দলের সকল দীক্ষা প্রাপ্ত স্কাউট তার প্রতি উত্তরে তাকে স্কাউট সালাম দেবে।

এরপর উপদল নেতা দীক্ষা প্রাপ্ত স্কাউটকে তার জায়গায় পৌছে দিয়ে নিজের জায়গায় যাবে। তারা নিজেদের জায়গায় ফিরে যাওয়ার পর সিনিয়র উপদল নেতা এক কদম এগিয়ে এসে ইয়েলের মাধ্যমে নব দীক্ষিত স্কাউটকে অভ্যর্থনা জানাবে।

এরপর স্কাউট লিডার দলের সকলকে আরামে দাঁড়াবার নির্দেশ দিলে আরামে দাঁড়াবে। এরপর অভ্যাগত প্রধান অতিথি এবং সভাপতি সাহেবকে তাঁদের বক্তব্য রাখার জন্য অনুরোধ করা হবে। তাঁদের বক্তব্য শেষ হলে গ্রুপ স্কাউট লিডার সকলকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করবেন।

এক শাখা এক ইউনিট বিশিষ্ট দলে কোন গ্রুপ স্কাউট লিডার থাকেন না এবং কোন দলে যদি সহকারী স্কাউট লিডার না থাকেন তা হলে সে দলের ক্ষেত্রে স্কাউট লিডার এককভাবে গ্রুপ স্কাউট লিডার ও সহকারী স্কাউট লিডারের দায়িত্বও পালন করবেন।

## ব্যাজ প্রদান অনুষ্ঠান

সদস্য ব্যাজ অর্জনের পরবর্তী পদক্ষেপের প্রতিটি ব্যাজ অনুষ্ঠানের মাধ্যমে প্রদান করতে হয়। এতে স্কাউটদের মনে ব্যাজ অর্জনের আগ্রহ বেড়ে যায় এবং ব্যাজ অর্জন তাৎপর্যপূর্ণ হয়ে ওঠে।

## স্কাউট শাখার ব্যাজ প্রদান কীভাবে পরিচালনা করতে হয়

স্কাউটরা স্কাউট পতাকাকে সামনে রেখে অশ্বখুরাকৃতিতে দাঁড়াবেন। স্কাউট লিডার পতাকা দন্ডকে নিজের সামনে রেখে পতাকা দন্ড থেকে এক কদম পেছনে পতাকাদন্ডের বাম দিকে দাঁড়াবেন। গ্রুপ স্কাউট লিডার স্কাউট লিডারের সাথে একই লাইনে পতাকাদন্ডের ডান দিকে দাঁড়াবেন। সহকারী স্কাউট লিডার/ লিডারগণ স্কাউট লিডারের তিন কদম পিছনে একই লাইনে দাঁড়াবেন।

আমন্ত্রিত অতিথিবৃন্দ স্কাউট লিডারগণের পেছনে স্কাউটদের দিকে মুখ করে তাঁদের জন্য নির্ধারিত জায়গায় বসবেন। গ্রুপ স্কাউট লিডারদেরকে সোজা হওয়ার আদেশ দিলে দলের সবাই সোজা হয়ে দাঁড়াবে। এরপর গ্রুপ স্কাউট লিডার এই অনুষ্ঠানের তাৎপর্য ব্যাখ্যা করে স্কাউট লিডারকে অনুষ্ঠান পরিচালনা করার জন্য আহবান জানাবেন।

গ্রুপ স্কাউট লিডারের আহবান পাওয়ার পর যাকে ব্যাজ প্রদান কার হবে তাকে তাঁর সামনে উপস্থিত হওয়ার জন্য স্কাউট লিডার নির্দেশ দেবেন। এ আদেশ পাওয়ার পর যাকে ব্যাজ প্রদান করা হবে সে নিজের জায়গা থেকে স্কাউট লিডারের সামনে উপস্থিত হয়ে তাকে সালাম করবে। স্কাউট লিডার যথাযথভাবে তার সালামের প্রতি উত্তরে সালাম জানাবেন। এরপর সে কি কি বিষয়ে দক্ষতা অর্জন করতে পারলে সে পরবর্তীতে উচ্চতর ধাপে ব্যাজ অর্জন করতে পারবে তার ব্যাখ্যা দিয়ে স্কাউট লিডার তার স্কাউট শার্টের হাতের কনুই ও কাঁধের মাঝখানে ব্যাজ পরিয়ে তাঁর সাথে স্কাউট সালাম বিনিময় ও করমর্দন করবেন এবং তার শুভ কামনা করে নিজের জায়গা থেকে এক কদম পাশে সরে দাঁড়াবেন। মনে রাখতে হবে দক্ষতা ব্যাজ বাম হাতায় লাগাতে হয়।

স্কাউট লিডার সরে গেলে গ্রুপ স্কাউট লিডার ব্যাজপ্রাপ্ত স্কাউটদের সামনে এসে তার সাথে স্কাউট সালাম বিনিময় ও করমর্দন করবেন এবং তার শুভ কামনা করে নিজের জায়গায় ফিরে যাবেন।

এরপর সহকারী স্কাউট লিডার/ লিডারগণ একে একে ব্যাজপ্রাপ্ত স্কাউট এর সামনে এসে তার সাথে স্কাউট সালাম বিনিময় ও করমর্দন করবেন এবং তার শুভ কামনা করে নিজের জায়গায় ফিরে যাবেন। একজন সহকারী স্কাউট লিডার তার হাতে আমার স্কাউট রেকর্ড ফেরত দেবেন।

স্কাউট লিডার আবার নিজের আগের জায়গায় ফিরে এসে ব্যাজপ্রাপ্ত স্কাউটকে উল্টা দিকে ঘুরতে আদেশ দিয়ে তাকে দলের সকলকে সালাম দিতে বলবেন। সে উল্টা দিকে ঘুরে সবাইকে সালাম করবে এবং দলের দীক্ষা প্রাপ্ত সকলেই প্রতি উত্তরে স্কাউট সালাম জানাবে। এরপর স্কাউট লিডার তাকে তার নিজের জায়গায় ফিরে যাওয়ার পর সিনিয়র উপদল নেতা নিজের জায়গা থেকে এক কদম সামনে এসে ইয়েলের মাধ্যমে ব্যাজ প্রাপ্ত স্কাউটকে অভিনন্দিত করবে।

একই সাথে একাধিক স্কাউটকে ব্যাজ প্রদান করতে হলে স্কাউট লিডারের আহবানে তার নিজ নিজ জায়গা থেকে স্কাউট লিডারের সামনে এসে একই লাইনে একজনে পাশে অন্য জন দাঁড়াবে। প্রত্যেক স্কাউটকে পৃথক পৃথকভাবে স্কাউট লিডার ব্যাজ পরিয়ে দেবেন। অন্যান্য কার্যক্রম আগের মত চলবে।

যে কোন দক্ষতা ব্যাজ (সদস্য ব্যাজ ছাড়া) এবং পারদর্শিতা ব্যাজ প্রদান অনুষ্ঠান উপরোক্ত নিয়মে পরিচালনা করতে হবে। যদি দলে একের অধিক স্কাউট লিডার (গ্রুপ স্কাউট লিডার ও সহকারী স্কাউট লিডার) না থাকেন তবে স্কাউট লিডার একাই সকল কাজ সম্পন্ন করবেন।

# অনুষ্ঠানাদি (রোভার স্কাউট শাখা)
## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : অনুষ্ঠানাদি | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য :** কোর্স শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. রোভার স্কাউটদের অনুষ্ঠানাদির প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবেন।

২. নিজ ইউনিটে দীক্ষা অনুষ্ঠান ও ব্যাজ প্রদান অনুষ্ঠান পরিচালনা করার কৌশল প্রদর্শন ও বর্ননা করতে পারবেন।

**সূচিপত্র** (সার-সংক্ষেপ)

১. পঞ্চশিলার ব্যাখ্যা; ২. ভিজিল কী এবং কীভাবে করতে হয়? ৩. দীক্ষা অনুষ্ঠান কী? ৪. দীক্ষা অনুষ্ঠানের প্রয়োজনীয়তা কী? ৫. দীক্ষা অনুষ্ঠান পরিচালনার নিয়ম; ৬. ব্যাজ প্রদান অনুষ্ঠান কী? ৭. ব্যাজ প্রদান অনুষ্ঠান পরিচালনার নিয়ম; ৮. দীক্ষা ও ব্যাজ প্রদান অনুষ্ঠানের অনুশীলন।

**বিষয়সূচির বিবরণ :** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১. | ভূমিকা | ০৩ মি. |
| ২. | বিষয়বস্তু উপস্থাপন | ০৪ মি. |
| ৩. | পঞ্চশিলার ব্যাখ্যা | ০৫ মি. |
| ৪. | ভিজিল কী | ০৫ মি. |
| ৫. | ভিজিল পরিচালনা পদ্ধতি | ১৫ মি. |
| ৬. | দীক্ষা অনুষ্ঠান কী | ০৫ মি. |
| ৭. | দীক্ষা অনুষ্ঠানের প্রয়োজনীয়তা | ১০ মি. |
| ৮. | দীক্ষা অনুষ্ঠানের মহড়া | ২০ মি. |
| ৯. | ব্যাজ প্রদান অনুষ্ঠান কী | ১০ মি. |
| ১০. | ব্যাজ প্রদান অনুষ্ঠানের প্রয়োজনীয়তা | ১০ মি. |
| ১১. | ব্যাজ প্রদান অনুষ্ঠানের মহড়া | ২০ মি. |
| ১২. | সামিং আপ | ০৫ মি. |
| ১৩. | প্রশ্ন উত্তর পর্ব | ১০ মি. |
| | **মোট সময় =** | **১২০ মিনিট** |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার ও টিমটক পদ্ধতি।

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:** মাল্টিমিডিয়া প্রজেক্টর, ল্যাপটপ, ব্লাকবোর্ড, চক, ডাস্টার, চুম্বক, পয়েন্টার, চার্ট, মার্কার পেন, পোস্টার, পোস্টার পেপার, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট, স্কচটেপ, স্কাউট লাঠি, স্কাউট পতাকা, সদস্য ব্যাজ, সেফটিপিন, স্কার্ফ, ওয়াগেল, টেবিল, আমার স্কাউট রেকর্ড, টুপি ও ট্রে ইত্যাদি।

## ফলোআপ/ অনুসরণ প্রক্রিয়া
রানিং খাতায় পঞ্চশিলা, ভিজিলের প্রশ্নসহ উল্লেখযোগ্য অংশ নোট করে কাউন্সিলরকে দেখাবে।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# রোভার স্কাউট অনুষ্ঠানাদি

## রোভার স্কাউটের উপস্থাপনা

স্কাউট আন্দোলনের প্রবর্তক লর্ড ব্যাডেন পাওয়েল স্বয়ং রোভারিংয়ের গোড়া থেকেই রোভার স্কাউটদের জন্য দীক্ষা অনুষ্ঠান (Investiture) এবং এ অনুষ্ঠানের পূর্ববর্তী আত্মশুদ্ধির (Self Examination or Vigil) নিশি জাগরণ প্রবর্তন করেন। আত্মশুদ্ধি ও নিশি জাগরণ এ দুটো অনুষ্ঠানকে একত্রে রোভার স্কাউটের উপস্থাপন বলা হয়।

### পঞ্চশিলা

স্কাউটিংয়ে রোভারিং হলো বয়োজ্যেষ্ঠ শাখা। সাত বছরে পদার্পনের পর থেকেই একজন বালক/বালিকা স্কাউট আন্দোলনের কাব শাখায় প্রবেশ করে স্কাউটিং কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ পায়। বয়স বৃদ্ধির সাথে সাথে এগার বছর পার হলেই সে স্কাউট শাখায় প্রবেশ করে। এ পর্যায়ে তার বয়স ও কর্মক্ষমতার আলোকে স্কাউট কার্যক্রম উপস্থাপনের ব্যবস্থা করা হয়। ষোল বছর বয়স পর্যন্ত সে ঐ একই কর্মসূচিতে কাজ করে। কিন্তু সতেরতে পদার্পনের সাথে সাথে সে আর স্কাউট শাখায় থাকতে পারেনা। তাকে প্রবেশ করতে হয় রোভার স্কাউট শাখায়। বয়সের সাথে তাল মিলিয়ে বয়স উপযোগী করে বিন্যাস করা হয়েছে স্কাউটিংয়ের সর্বশেষ শাখা রোভার স্কাউটিং। রোভার স্কাউটিংকে বলা হয় ব্রাদার হুড অব ওপেন এয়ার এন্ড সার্ভিস।

স্কাউটিংয়ের এই পর্যায়ে রোভার শাখায় রয়েছে মুক্তাংগণের কার্যাবলী সম্বলিত আনন্দদায়ক বিশেষ কিছু কার্যক্রম যার মাধ্যমে সেবা, ভ্রাতৃত্ব ও আত্মোন্নয়নের মাধ্যমে আত্মনির্ভরশীলতার প্রশিক্ষণ দেয়া হয়। স্কাউট আন্দোলনের প্রতিষ্ঠাতা রবার্ট ষ্টিফেনশন স্মির্থ লর্ড ব্যাডেন পাওয়েল অব গিলওয়েল সারা বিশ্বের স্কাউটদের কাছে যিনি বি-পি নামে পরিচিত, তিনি তার রোভারিং টু সাকসেস বইয়ের মাধ্যমে তাঁর রোভারিংয়ের চিন্তাধারাকে লিপিবদ্ধ করেছেন। অপূর্ব চিন্তাধারায় রচিত যুবকদের জন্য লেখা তাঁর এই বই। তিনি বইটির প্রচ্ছদে এ বইয়ের মূল ভাব ব্যক্ত করেছেন। এক স্রোতধনী পাহাড়িয়া নদীতে একটা ছোট্ট ডিংগি নৌকায় চড়ে দুই হাতে কঠিনভাবে স্রোতশ্বনী বৈঠা আকড়ে ধরে স্রোতের উজানে বয়ে চলেছে এক যুবক। সামনে উদীয়মান সূর্য আর ঘন শ্যামল পাড়। মাঝে মাঝে সামান্য মুখ তুলে আছে পাঁচটি শিলাখন্ড এর যে কোন একটার সাথে আঘাত লাগলে চূর্ণ বিচুর্ণ হয়ে তলিয়ে যেতে পারে সেই ডিঙিটা।

বইটিতে বি-পি ডিঙির সাথে যুবকের জীবনের এবং নদীর স্রোতের সাথে সময়ের তুলনা করেছেন। তার ঐ শিলা খন্ডগুলোর নামকরণ করেছেন- ১) Horses (জুয়া), ২) Wine (নেশা), ৩) Women (যৌন আকাংখা), ৪) Cuckoos & Humbugs (শঠতা) ৫) Irreligion (নাস্তিকতা)।

একজন যুবক তার দৈনন্দিন জীবনে উল্লিখিত যে কোন একটি প্রতিবন্ধকতার সংস্পর্শে এলে সামনের দিকে অগ্রসর হওয়া তার পক্ষে অত্যন্ত কষ্টকর হয়ে পড়ে। জীবনের লক্ষ্যে পৌঁছানো অনেকটা অনিশ্চিত হয়ে পড়ে। এরূপ ক্ষেত্রে প্রায়ই দেখা যায় জীবনের গতিধারা বাঁধাগ্রস্ত হয়ে অপ্রত্যাশিত দিকে মোড় নেয়। তাই একজন যুবক/যুবতীকে এ বাধাসমূহ অতিক্রম করে জীবনের নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছানোর উদ্দশ্যে বি-পির মূল চিন্তাধারার উপর ভিত্তি করেই রোভার প্রোগ্রাম স্কাউট প্রবর্তন করা হয়েছে। রোভার স্কাউটদের জীবনে প্রতিষ্ঠা লাভের জন্য পঞ্চশিলা অশুভ কার্যক্রম থেকে নিজেকে নিরাপদ রেখে মঙ্গলজনক, পরোপকারী ও আত্মউন্নয়নমূলক কার্যক্রমের সাথে সম্পৃক্ত হতে হবে। তবেই বি.পি. প্রবর্তিত রোভার স্কাউটিংয়ের যুবদের মাধ্যমে আত্মনির্ভরশীল সৎ, চরিত্রবান, সুনাগরিক হিসেবে প্রতিষ্ঠিত করা সম্ভব হবে।

### আত্মশুদ্ধি বা নিশি জাগরণ (Self Examination or Vigil)

বাংলাদেশে একজন রোভার স্কাউট পূর্ণ নাগরিক । কারণ তার ভোটাধিকার আছে। অতএব রোভার স্কাউট হিসাবে তাকে সুনাগরিকের পূর্ণ দায়িত্ব গ্রহণ করতে হবে। সুনাগরিক হিসাবে দায়িত্ব গ্রহণ করা প্রয়োজন তার উপর গুরুত্ব আরোপ করা হয়েছে আত্মশুদ্ধিতে।

রোভার স্কাউট হিসাবে দীক্ষা গ্রহণের আগের দিন রোজা রেখে বা উপবাস থেকে পরবর্তী পূর্ণনিশি জাগরণের মাধ্যমে আত্মশুদ্ধির প্রশ্নগুলো বিশেষণ পূর্বক সেভাবে জীবন পরিচালনা করার শপথ গ্রহণ করতে হবে। দীক্ষা পদ্ধতি রোভার স্কাউট দল ও দীক্ষা গ্রহণকারীর সম্মতিক্রমে নির্ধারণ করা ভাল। তাদের ইচ্ছানুযায়ী আত্মশুদ্ধির স্থান কোন নির্জন গৃহ, মসজিদ বা মন্দির, মুক্ত অংগন, গাছতলা, রোভার ডেন বা পৃথক তাঁবু হতে পারে। নিরিবিলি ও গাম্ভীর্যপূর্ণ পরিবেশে আত্মশুদ্ধি হওয়া উচিত। ইউনিট লিডার এবং রোভার গুরুদ্বয় সব কিছু গুছিয়ে এবং প্রশ্নগুলো বিস্তারিত ব্যাখ্যা করে বুঝিয়ে দিয়ে প্রার্থীর কাছ থেকে সরে যাবেন। আত্মশুদ্ধিতে রোভার স্কাউট তার অতীত জীবন বিশ্লেষণ করবে এবং ভবিষ্যতের কথা চিন্তা করে স্রষ্টা ও সৃষ্টির সেবায় নিজেকে উৎসর্গ করতে বদ্ধ পরিকর হবে।

## আত্মশুদ্ধির প্রশ্ন

বি-পি নিজে এ প্রশ্ন দিয়েছেন।

বয়স বৃদ্ধির চেয়ে দ্রুত গতিতে মানুষের সময় বয়ে যায়।

১. মহান আল্লাহ্ আমাকে আশরাফুল মাখলুকাত (সর্বশ্রেষ্ঠ সৃষ্টি) হিসাবে যে জীবন দান করেছেন আমি কি তার সদ্বব্যবহার করছি?

২. যা করা উচিত তা না করে আমি জীবনটা নষ্ট করছি?

৩. আমি কি এমন কাজ করছি যা অপরের উপকারে লাগে না?

৪. অন্যের উপকারের জন্য চেষ্টা না করে আমি কি কেবলমাত্র নিজের ভোগ বা অর্থ প্রাপ্তি বা পদোন্নতির চেষ্টা করছি?

৫. জীবনে আমি যদি কাকেও আঘাত দিয়ে থাকি তবে তা সংশোধনের জন্য আমি কি কিছু করতে পারি না?

৬. আমি কি জীবনে কাকেও সাহায্য করেছি? আমি কি অন্য আর কাউকে কোন সাহায্য করতে পারি?

স্কাউট আন্দোলনের রোভার শাখাটি সেবার ভ্রাতৃত্বে (Brotherhood of service) উৎসর্গীকৃত। সুতরাং এ আন্দোলনে যোগদান করে একজন রোভার স্কাউট নানাভাবে অন্যের সেবা করার শিক্ষা লাভের সুযোগ পায় যা অন্য কোনভাবে পাওয়া যায় না।

১. আমি কি কেবলমাত্র কৌতুকানন্দ ভোগের উদ্দেশ্যে রোভার স্কাউট শাখায় যোগদান করেছি?

২. আমি সত্যিকার অর্থে সেবার জন্য আত্মত্যাগ করতে দৃঢ় প্রতিজ্ঞ কি না?

৩. সেবা বলতে আমি কি বুঝি?

৪. আমার পরিকল্পনা ও কাজকর্মে আমি কি সত্যই নিজেকে ছাড়া অপরের কথা ভাবি?

৫. বাড়ীতে, কাজকর্মে এবং অবসর সময়ে আমি কিভাবে সর্বোত্তম সেবাদান করতে পারি? সেবা কেবলমাত্র অবসর সময়ের কাজ নয়।

সেবা কেবলমাত্র অবসর সময়ের কাজ নয়। সেবা হবে একজন মানুষের জীবনের ব্রত বা সর্বদা তার সকল প্রকার কাজকর্ম ও দৃষ্টিভংগিতে প্রকাশ পাবে।

সেবার বিনিময়ে আমরা কোন পরিতোষিক বা বেতন গ্রহণ করি না। কিন্তু এতে আমি সেবাদানের স্বাধীনতা ভোগ করতে পারি। আমরা কোন মালিকের জন্য কাজ করি না। আমরা কাজ করি আল্লাহ্ ও আমাদের বিবেকের সন্তুষ্টির জন্য। সেখানেই মানুষের বিশেষত্ব।

যেহেতু আমাদের সেবাকার্যের সফলতা আমাদের ব্যক্তিগত চরিত্রের উপর অনেকটা নির্ভর করে সেহেতু অপরের উপর সৎ প্রভাব বিস্তারের জন্য আমাদের অবশ্যই নিয়মানুবর্তি হতে হবে। আপনি আচরি ধর্ম পরেরে শিখাও।

১. অতীতের কুঅভ্যাসগুলো পরিত্যাগ করার জন্য আমি কি দৃঢ় প্রতিজ্ঞ ও সচেষ্ট।

২. আমার চরিত্রের দুর্বল দিকগুলো কী কী?

৩. আমি কি একান্তভাবে সম্মানীয়, সত্যবাদী ও বিশ্বাসযোগ্য?

৪. আমি কি আল্লাহ্, আমার দেশ, আমার পরিবার, আমার নিয়োগকর্তা, আমার অধীনস্থগণ, স্কাউট আন্দোলন, আমার বন্ধুবান্ধব এবং আমার নিজের প্রতি অনুগত?

৫. আমি কি খোস মেজাজী, প্রফুল্ল এবং অপরের প্রতি সদয়?

৬. আমি কি শান্তশিষ্ট এবং সৎ জীবনযাপনকারী ও স্পষ্টবাদী?

৭. বিরোধিতা সত্বেও আমি কি আমার নীতিতে ধৈর্যের সংগে অবিচল থাকতে পারি?

৮. আমি নিজের জ্ঞানবুদ্ধি মোতাবেক চলি, না অপরের প্ররোচনা ও পরামর্শে সংকল্পচ্যুত হই?

৯. লোভ, লালসা, পানাসক্তি, নারী/পুরুষের প্রতি দুর্বলতা থেকে নিজেকে রক্ষা করতে আমি কি যথেষ্ট দৃঢ় চিত্ত?

১০. ঐ সব কোন বিষয়ে আমি যদি দুর্বল হই তবে আমি কি এই মুহূর্তে এখানে আল্লাহ্র নামে তওবা করতে পারি যে ঐ সব ত্যাগ করতে এবং নিজেকে সংশোধন করতে আমি যথাসাধ্য চেষ্টা করব।

মহান আল্লাহ্ আমাকে একজন খাঁটি মানুষ, একজন সুনাগরিক এবং দেশের একজন কৃতি সন্তান হওয়ার তৌফিক দান করুন।

## দীক্ষা

আন্দোলনের প্রতিষ্ঠাতা স্বয়ং রোভার স্কাউটদের দীক্ষা অনুষ্ঠানের রূপরেখা প্রণয়ন করেছেন। সংশ্লিষ্ট রোভার ইউনিট লিডার নিজে তাঁর রোভার স্কাউটকে দীক্ষা প্রদান করবেন। যদি কোন কারণে ইউনিট লিডার না থাকেন তবে পূর্বে দীক্ষাপ্রাপ্ত কোন রোভার স্কাউট নেতা এ অনুষ্ঠান পরিচালনা করতে পারেন। দীক্ষা অনুষ্ঠান রোভার স্কাউটস ক্রু এবং রোভার স্কাউটের জীবনে একটি অতি গুরুত্বপূর্ণ অনুষ্ঠান। এর গাম্ভীর্য ও সৌন্দর্য রক্ষার জন্য এবং এর নিখুঁত পরিচালনার জন্য দায়িত্ব প্রাপ্ত ইউনিট লিডারকে যথাযথ পূর্ব প্রস্তুতি গ্রহণ প্রয়োজন। সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে অনুষ্ঠান কর্মসূচি এবং সকল আনুষ্ঠানিকতার একটি লিখিত ও বাঁধাই পুস্তিকা রাখলে ভাল হয়। তবে ইউনিট লিডারের সব কিছু মুখস্ত রাখতে হবে। যথাযোগ্য মর্যাদায় প্রার্থনাসহ অনুষ্ঠান সমাপ্ত করতে হবে।

ভিজিলের মত দীক্ষা অনুষ্ঠানও কোন মসজিদ, মন্দির, মুক্তাংগন, রোভার ডেন বা অন্য কোন সুন্দর ও শান্ত পরিবেশে অনুষ্ঠিত হতে পারে। আত্মশুদ্ধির পরদিন দীক্ষা অনুষ্ঠান সম্পন্ন করা সবচেয়ে ভাল। রোভার ডেনে অপরাহ্নে অনুষ্ঠান করা উত্তম।

অভিষেক অনুষ্ঠান কখনও সর্বসাধারণ্যে করা উচিত নয়। কারণ এটি রোভার স্কাউট দলের কার্যক্রমে এবং রোভার স্কাউটদের জীবনে অত্যন্ত পবিত্র ও গাম্ভীর্যপূর্ণ অনুষ্ঠান।

## রোভার স্কাউট দীক্ষা অনুষ্ঠান

দীক্ষা প্রার্থীর আত্মশুদ্ধি সম্পন্ন হওয়ার পর দীক্ষা প্রার্থী হাত মুখ ভালভাবে ধুয়ে পুত ও পবিত্র হয়ে দলের অন্যান্য সদস্যদের সাথে পতাকা সামনে রেখে অর্ধবৃত্তাকারে নিজ উপদলের সাথে দাঁড়াবে। এ সময় সকলে আরামে দাঁড়িয়ে থাকবে। গ্রুপ স্কাউট লিডার (যদি থাকেন) পতাকা দন্ডকে নিজের বাম দিকে রেখে রোভার স্কাউটদের দিকে মুখ করে দাঁড়াবেন। পতাকা দন্ড গ্রুপ স্কাউট লিডারের বাম দিকে থাকবে। রোভার স্কাউট লিডার পতাকা দন্ডকে নিজের ডান দিকে রেখে গ্রুপ স্কাউট লিডারের সাথে একই সারিতে রোভার স্কাউটদের দিকে মুখ করে দাঁড়াবেন। পতাকা দন্ড রোভার স্কাউট লিডারের ডান দিকে থাকবে। সহকারী রোভার লিডার/লিডারগণ (যদি থাকেন) রোভার স্কাউট লিডারের দুই কদম পিছনে রোভার স্কাউটদের দিকে মুখ করে দাঁড়াবেন।

সিনিয়র রোভার মেট গ্রুপ/ইউনিট স্কাউট পতাকা নিয়ে গ্রুপ স্কাউট লিডার এবং রোভার স্কাউট লিডারের সাথে একই সমান্তরাল রেখায় রোভার স্কাউট লিডারের বাম দিকে দাঁড়াবে। পতাকা দন্ড যতটুকু লম্বা সিনিয়র রোভার মেট রোভার স্কাউট লিডারের নিকট থেকে তার ৬০ সেঃ মি. দূরে দাঁড়াবে। গ্রুপ স্কাউট লিডার ও রোভার স্কাউট লিডার পতাকা দন্ডের যতদূর সম্ভব কাছাকাছি দাঁড়াবেন।আমন্ত্রিত অতিথিবর্গ স্কাউটারদের পিছনে রোভার স্কাউটদের দিকে মুখ করে বসবেন।

গ্রুপ স্কাউট লিডার সভাপতির অনুমতি নিয়ে অনুষ্ঠান শুরু করবেন। গ্রুপ স্কাউট লিডার দলকে সোজা হওয়ার আদেশ দিলে সবাই সোজা হয়ে দাঁড়াবে। এরপর গ্রুপ স্কাউট লিডার এই দীক্ষা অনুষ্ঠানের তাৎপর্য ও গুরুত্ব ব্যাখ্যা করে যে রোভার সহচরকে দীক্ষা দেয়া হবে, দীক্ষা গ্রহণের জন্য সেই রোভার সহচরকে কি কি বিষয়ে দক্ষতা অর্জন করতে হয়েছে (আত্মশুদ্ধির কথা উল্লেখ করে) তার বিবরণ দিয়ে রোভার স্কাউট লিডারকে দীক্ষা প্রদান করার জন্য অনুরোধ জানাবেন।

গ্রুপ স্কাউট লিডারের আহবান পাওয়ার পর রোভার স্কাউট লিডার গ্রুপ স্কাউট লিডারকে ধন্যবাদ জানিয়ে দীক্ষা প্রার্থী রোভার সহচরকে তাঁর সামনে উপস্থিত করার জন্য দীক্ষা গুরুদ্বয়কে (সেখানে প্রত্যেক রোভার সহচরের জন্য দু'জন করে দীক্ষা শুরু নিয়োগ করা যেতে পারে) আদেশ দেবেন। দীক্ষা গুরু/গুরুদ্বয় নিজের অবস্থান থেকে এক কদম সামনে বের হয়ে মার্চ করে দীক্ষা প্রার্থী রোভার সহচরের কাছে যাবে। দীক্ষা গুরুদ্বয়ের মধ্যে যে সিনিয়র সে (সেখানে একজন দীক্ষাগুরু সেখানে সে) দীক্ষা প্রার্থী রোভার সহচরকে লাইন থেকে এক কদম সামনে আসার আদেশ দেবে। দীক্ষা প্রার্থী রোভার সহচর আদেশ পাওয়ার পর লাইন থেকে একক কদম সামনে আসবে। তখন দীক্ষা গুরুদ্বয়ের মধ্যে যে সিনিয়র সে দীক্ষা প্রার্থী রোভার সহচরের ডান দিকে এবং অপরজন দীক্ষা প্রার্থীর বাম দিকে দাঁড়াবে। যেখানে দীক্ষা প্রার্থী রোভার সহচরের জন্য কেবলমাত্র একজন দীক্ষাগুরু নিয়োগ করা হয়েছে সেক্ষেত্রে দীক্ষাগুরু রোভার সহচরের ডান দিকে দাঁড়াবে। এভাবে দাঁড়ান শেষ হলে সিনিয়র দীক্ষা গুরুর আদেশে তিন জন মার্চ করে রোভার স্কাউট লিডারদের দিন কদম দূরে এসে দাড়াবে। লক্ষ্য রাখতে হবে দীক্ষা প্রার্থী রোভার সহচর যেন রোভার স্কাউট লিডারের ঠিক সামনাসামনি থাকে। এর সিনিয়র দীক্ষা গুরু ও জুনিয়র দীক্ষা গুরু উভয় রোভার স্কাউট লিডারকে স্কাউট সালাম দেবে। রোভার স্কাউট লিডার যথারীতি সালামের প্রতি উত্তরে সালাম দেবেন। এ সময় দীক্ষা প্রার্থী রোভার সহচর সালাম দেবে না।

সালাম বিনিময়ের পর সিনিয়র দীক্ষা গুরু রোভার স্কাউট নেতাকে দীক্ষা প্রার্থী রোভার সহচরের পরিচয় দিয়ে বলবে যে সে (প্রার্থী) সহচর স্তরের যাবতীয় ব্যবহারিক ও তত্বীয় বিষয়ে দক্ষতা অর্জনসহ আত্মশুদ্ধি পালন করে রোভার স্কাউট হিসাবে দীক্ষা নেয়ার জন্য

উপস্থিত হয়েছে। আমি নিজেও রোভার ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

দীর্ঘদিন তার দীক্ষা গুরুর দায়িত্ব পালন করেছি। আমাদের উভয়ের পর্যবেক্ষণে সে একজন উন্নত চরিত্রের অধিকারী সজ্জন। আমরা মনে করি তাকে রোভার স্কাউট হিসেবে দীক্ষা দেয়া যেতে পারে। আমরা আরো মনে করি তাকে রোভার স্কাউট হিসাবে দীক্ষা দিলে সে স্কাউট আন্দোলনে নীতিমালা পরিপন্থী কোন কিছু করবে না। এই বিশ্বাসে বিশ্বাসী হয়ে আমরা ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... কে রোভার স্কাউট হিসাবে দীক্ষা নেয়ার জন্য আপনাকে অনুরোধ করছি।

সিনিয়র রোভার দীক্ষা গুরুর বক্তব্য শেষ হলে রোভার স্কাউট লিডার তাকে ধন্যবাদ জানাবে। এরপর রোভার গুরুদ্বয় রোভার স্কাউট লিডারকে সালাম জানাবে এবং রোভার স্কাউট লিডার যথারীতি তাদের সালামের প্রতিউত্তরে সালাম দেবেন। সালাম বিনিময় শেষে দীক্ষা গুরুদ্বয় নিজেদের অবস্থান থেকে এক কদম পেছনে সরে যাবে।

(যেখানে কেবলমাত্র একজন দীক্ষা গুরু নিয়োগ করা হয়েছে সেখানে সিনিয়র দীক্ষা গুরুর ভূমিকা তাকেই বহন করতে হবে এবং সিনিয়র দীক্ষা গুরুর কথাগুলো তাকে বলতে হবে)

দীক্ষা গুরুদ্বয় নিজেদের অবস্থান থেকে এক কদম পিছনে সরে যাওয়ার পর রোভার স্কাউট লিডার দীক্ষা প্রার্থী রোভার সহচরকে তাঁর কাছে আসার জন্য আহবান জানালে প্রার্থী এক কদম সামনে আসবে।

'এরপর রোভার স্কাউট লিডার দীক্ষা প্রার্থী রোভার সহচরকে নিম্নলিখিত প্রশ্ন করবেন এবং প্রার্থী রোভার স্কাউট লিডারের প্রতি প্রশ্নের উত্তর নিম্নলিখিত জবাব দেবে:

রো. স্কা. লি. : তুমি কি আত্মশুদ্ধি করেছ?

প্রার্থী : জ্বি জনাব

রো. স্কা. লি. : তুমি কি শারীরিক ও মানসিকভাবে পুত পবিত্র হয়ে রোভার হিসাবে বিশ্ব স্কাউট ভ্রাতৃত্বের একজন সক্রিয় সদস্য হওয়ার প্রত্যাশা নিয়ে এসেছ।

প্রার্থী : জ্বি জনাব

রো. স্কা. লি. : অতীতের বাধা বিপত্তি সত্বেও তুমি কি এখন দৃঢ় প্রতিজ্ঞ যে, তুমিতোমার সর্বপ্রকার আচার আচরণে, আত্মমর্যাদায়, বিশ্বস্ততায়, চিন্তা ও কাজে নির্মল হতে যথাসাধ্য চেষ্টা করবে?

প্রার্থী : জ্বি জনাব

রো. স্কা. লি. : তোমার জীবন নিয়ে তুমি কি করছ তা কি তুমি ভাল ভাবে ভেবে দেখছ?

প্রার্থী : জ্বি জনাব

রো. স্কা. লি. : তুমি কি হৃদয়ংগম কর যে, সেবা মানে তুমি সর্বদা অপরের প্রতি সৎ আচরণ করবে, তাদেরকে সব সময় সাহায্য করতে যথাসাধ্য চেষ্টা করবে, যদিও সবসময় তা তোমার জন্য সুবিধাজনক অথবা আনন্দদায়ক অথবা নিরাপদ নাও হতে পারে এবং এরূপ কাজ করার জন্য কোন প্রকার পারিতোষিক পাওয়ার আশা করবে না?

প্রার্থী : জ্বি জনাব

রো. স্কা. লি. : আমি কি তোমার উপর আস্থা রাখতে পারি যে, তুমি অপরের কথায় প্ররোচিত না হয়ে সব সময় নিজের শুভ বিবেক দিয়ে পরিচালিত হবে।

প্রার্থী : জ্বি জনাব।

রো. স্কা. লি. : তুমি কি উপলব্ধি করবে, রোভার স্কাউট হিসাবে তুমি এমন এক বিশ্ব ভ্রাতৃত্বে যোগদান করছ সেখানে তোমার আদর্শকে বাস্তবায়ন করতে আমরা তোমাকে সাহায্য করতে চাই এবং আমরা চাই যে তুমি স্কাউট আইন মেনে চলবে এবং রোভার স্কাউটের মূলমন্ত্র "অপরের প্রতি সেবা" তুমি তোমার দৈনন্দিন কাজে বাস্তবায়ন ক র ে ত আন্তরিক ভাবে চেষ্টা করবে?

প্রার্থী : জ্বি জনাব

রো. স্কা. লি. : তুমি কি স্কাউট আত্মমর্যাদা বোঝ?

প্রার্থী : জ্বি জনাব

রো. স্কা. লি. : এর অর্থ কী?

| | | |
|---|---|---|
| প্রার্থী | : | এর অর্থ সৎ ও সত্যবাদী হব। |
| রো. স্কা. লি. | : | রোভার স্কাউটের দৃষ্টিকোন থেকে তুমি কি স্কাউট প্রতিজ্ঞা ও আইনের ব্যাখ্যা দিতে সক্ষম? |
| প্রার্থী | : | জ্বি জনাব |
| রো. স্কা. লি. | : | আমি কি তোমার আত্মমর্যাদার উপর নির্ভর করতে পারি যে, তুমি আল্লাহ্ ও তোমার দেশের প্রতি কর্তব্য পালন করতে, সর্বদা অপরকে সাহায্য করতে, স্কাউট আইন মেনে চলতে তুমি তোমার যথাসাধ্য চেষ্টা করবে ? |
| প্রার্থী | : | জ্বি জনাব |
| রো. স্কা. লি. | : | তুমি কি স্বেচ্ছায় স্কাউট প্রতিজ্ঞা গ্রহণ/পুনঃগ্রহণ করতে প্রস্তুত ? |
| প্রার্থী | : | জ্বি জনাব |
| স্কাঃ লি | : | তাহলে স্কাউট চিহ্ন দেখাও। |

(এই আদেশ পাওয়ার সাথে সাথে প্রাথী স্কাউট চিহ্ন দেখাবে। সিনিয়র রোভার মেট তার হাতে ধরা পতাকা রোভার স্কাউট লিডার এবং দীক্ষা প্রার্থীর মাঝখানে ধরবে। পতাকাকে এমনভাবে দীক্ষা প্রার্থী এবং রোভার স্কাউট লিডারের মাঝে রাখতে হবে যেন পতাকা দন্ড মাটির সাথে সমান্তরাল ভাবে থাকে এবং পতাকার কোন অংশ যেন মাটি স্পর্শ না করে। পতাকা দন্ড দীক্ষা প্রার্থী  এবং রোভার স্কাউট লিডারের মাঝখানেব স্থাপন করার সাথে সাথে দলের যারা দীক্ষা গ্রহণ করেছে তারাসহ দীক্ষা প্রার্থী, রোভার স্কাউট লিডার, গ্রুপ স্কাউট লিডার এবং সহকারী রোভার স্কাউট লিডার এবং সহকারী রোভার স্কাউটগণ স্কাউট চিহ্ন দেখাবেন)। রোভার স্কাউট লিডার এবার আমার সাথে বাম হাত দিয়ে পতাকা স্পর্শ কর এবং স্কাউট প্রতিজ্ঞা পাঠ (যা পুনঃপাঠ) কর। (পতাকা দন্ড ধরার সময় লক্ষ্য রাখতে হবে হাতের তালু যেন মাটির দিকে থাকে এবং দীক্ষা প্রার্থীও রোভার স্কাউট লিডারের হাত যেন পরস্পরের খুব কাছাকাছি থাকে এবং দীক্ষা প্রার্থীর হাতে যেন পতাকা দন্ডের প্রায় শেষ প্রান্তে থাকে) এ সময় সকল আমন্ত্রিত অতিথিকে উঠে দাঁড়াবার জন্য গ্রুপ স্কাউট লিডার অনুরোধ করবেন এবং উপস্থিত সকল অতিথি উঠে দাঁড়াবেন।

এরপর দীক্ষা প্রার্থী রোভার স্কাউট লিডারের সাথে সাথে স্কাউট প্রতিজ্ঞা পাঠ বা পুন:পাঠ করবে (প্রথমে রোভার স্কাউট লিডার স্কাউট প্রতিজ্ঞার কিছু অংশ বলবেন এবং দীক্ষা প্রার্থী তা উচ্চারণ করবে)।

এ সময় অন্য সকলে চুপ করে থাকবে। দীক্ষা প্রার্থী প্রতিজ্ঞার শেষ অংশ উচ্চারণ করার সাথে সাথে প্রার্থী ও রোভার স্কাউট লিডার পতাকা দন্ড ছেড়ে দেবে, সিনিয়র রোভার মেট পতাকা দন্ড সরিয়ে দেবে এবং সকলে একই সাথে হাত নামিয়ে নেবে (লক্ষ্য রাখতে হবে এই কাজগুলো যেন মুহুর্তের মধ্যে শেষ হয়)। সকলের হাত নামানো শেষ হলে গ্রুপ স্কাউট লিডার আমন্ত্রিত অতিথিবর্গকে আসন গ্রহণ করার জন্য অনুরোধ করবেন।

এই পর্ব শেষ হওয়ার পর রোভার স্কাউট লিডার নব দীক্ষিত রোভার স্কাউটের ইউনিফরমের শার্টের বাম পকেটের ঠিক মাঝখানে স্কাউট সদস্য ব্যাজ লাগিয়ে নেবেন, তার দুকাঁধের পেটিতে সোল্ডার এ্যাপুলেট পরিয়ে দিয়ে তার সাথে স্কাউট সালাম ও করমর্দন বিনিময় করে, বিশ্ব স্কাউট ভ্রাতৃত্বের একজন সক্রিয় সদস্য হিসাবে তাকে খোশ আমদেদ জানিয়ে, তার ব্যাক্তিগত ও রোভার জীবনের শুভ কামনা করে নিজের অবস্থান থেকে এক কদম বা দুকদম বাম পাশে সরে যাবেন।

রোভার স্কাউট লিডার তার অবস্থান থেকে সরে যাওয়ার পর গ্রুপ স্কাউট লিডার নব দীক্ষিত রোভার স্কাউটের সামনে উপস্থিত হয়ে তার গলায় গ্রুপ স্কার্ফ, ওয়াগল এবং দুই কাঁধে (কাঁধের সেলাইয়ের একটু নিচে) গ্রুপ সময় লিখিত কাঁধের ব্যাজ পরিয়ে দিয়ে তার সাথে সালাম ও করমর্দন করে বিশ্ব স্কাউট ভ্রাতৃত্বের একজন সক্রিয় সদস্য হিসাবে তাকে স্বাগত জানিয়ে তার ব্যক্তিগত ও রোভার জীবনের শুভ কামনা করে নিজের জায়গায় ফিরে যাবেন।

সহকারী রোভার স্কাউট লিডার/লিডারগন নিজ নিজ জায়গায় ফিরে যাওয়ার পর রোভার স্কাউট লিডার আবার নিজের জায়গায় ফিরে এসে নব দীক্ষিত রোভার স্কাউটকে উল্টো দিকে ঘুরতে আদেশ দেবেন। আদেশ পাওয়ার পর সে উল্টো দিকে ঘুরবে। এরপর রোভার স্কাউট লিডার দলের সকলকে সালাম নেবার জন্য নব দীক্ষিত রোভার স্কাউটকে আদেশ দেবেন। এই আদেশ পাওয়ার পর সে সকলকে সালাম জানাবে এবং সবাই তার সালামের প্রতিউত্তরে সালাম জানাবে না) সবাই হাত নামিয়ে নিলে নব দীক্ষিত রোভার স্কাউট নিজের অবস্থান থেকে এক কদম সামনে গিয়ে দাঁড়াবে। সে দাঁড়ালে সিনিয়র দীক্ষা শুরু তার সামনে এসে তার সাথে সালাম ও করমর্দন এবং তার শুভ কামনা করে তার ডান পাশে রোভারদের দিকে মুখ করে দাঁড়াবে। সিনিয়র দীক্ষা শুরু নিজের জায়গায় দাড়ালে জুনিয়র দীক্ষা শুরু নব দীক্ষিত রোভার স্কাউটের সামনে তার সাথে সালাম ও করমর্দন বিনিময় এবং তার শুভ কামনা করে তার বাম পাশে রোভারদের দিকে মুখ করে দাঁড়াবে।

এরপর রোভার স্কাউট লিডার তাদেরকে নিজ জায়দায় ফিরে যাওয়ার আদেশ দেবেন। রোভার স্কাউট লিডারের আদেশ পাওয়ার পর দীক্ষা গুরুদ্বয় নব দীক্ষিত রোভার স্কাউটকে তার জায়গায় পৌছে দিয়ে নিজ নিজ জায়গায় ফিরে যাবে। দীক্ষা গুরুদ্বয় এবং নব দীক্ষিত রোভার মেট এগিয়ে এলে ইয়েল দিয়ে নব দীক্ষিত রোভার স্কাউটকে অভ্যর্থনা জানাবে।

## ইয়েলটি নিম্নরূপ হতে পারে

সিনিয়র রোভার মেট : আমাদের ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ভাই।

অন্য সকলে স্বাগতম, স্বাগতম, স্বাগতম।

দীক্ষা অনুষ্ঠানের আনুষ্ঠানিকতা শেষ হতেই গ্রুপ স্কাউট লিডার এরপর অনুষ্ঠানে স্টাফদের বসার আদেশ দেবেন। এই আদেশ পাওয়ার পর সকলে বসে পড়বে। এরপর অনুষ্ঠানের অংশগ্রহণকারী অভ্যাসগতদের মধ্য থেকে নির্ধারিত ব্যক্তিদের, প্রধান অতিথি, বিশেষ অতিথি ও অনুষ্ঠানের সভাপতিকে পর্যায়ক্রমে তাদের বক্তব্য রাখার জন্য গ্রুপ স্কাউট লিডার অনুরোধ করবেন।

তাঁদের বক্তব্য শেষ হলে গ্রুপ স্কাউট লিডার সকলকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করবেন।

বি: দ্র: যে রোভার স্কাউট ক্রুতে প্রত্যেক রোভার সহচরের জন্য দু'জন করে দীক্ষাগুরু নিয়োগ করা সম্ভব হবে না সেই সব রোভার স্কাউট ক্রুর প্রত্যেক রোভার সহচরের জন্য দু'জনের পরিবর্তে একজন দীক্ষাগুরু নিয়োগ করা যেতে পারে।

সেখানে রোভার সহচরের জন্য একজন দীক্ষাগুরু নিয়োগ করা হয়েছে সেক্ষেত্রে ঐ দীক্ষাগুরু দীক্ষা অনুষ্ঠানের সময় দু'জন দীক্ষা গুরুর দায়িত্ব একাই পালন করবে।

যেখানে একটি রোভার স্কাউট ইউনিট আছে সেখানে কোন গ্রুপ স্কাউট লিডার থাকবে না। এক্ষেত্রে রোভার স্কাউট লিডারের যাবতীয় দায়িত্ব এককভাবে পালন করতে হয়।

যে রোভার স্কাউট ইউনিটে কোন সহকারী রোভার স্কাউট লিডার নেই সেখানে রোভার স্কাউট লিডারকে এককভাবে সহকারী রোভার স্কাউট লিডারের দায়িত্ব পালন করতে হবে।

যে রোভার স্কাউট ইউনিটে গ্রুপ স্কাউট লিডার এবং সহকারী রোভার স্কাউট লিডার নেই সেই ইউনিটের রোভার স্কাউট লিডারের এককভাবে গ্রুপ স্কাউট লিডার ও সহকারী রোভার স্কাউট লিডারের দায়িত্ব পালন করতে হবে।

# বনকলা
## সেশন প্লান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **সেশনের নাম** | : | বনকলা | **কোর্স** | : | ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | | **তারিখ** | : | |
| **আরম্ভের সময়** | : | | **শেষ করার সময়** | : | |
| **মোট সময়** | : | | **শিক্ষাদানের তারিখ** | : | |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. বনকলা কী এবং এর উদ্দেশ্য সম্পর্কে শিক্ষার্থীগণ ধারণা লাভে সক্ষম হবেন এবং ব্যাখ্যা করতে পারবেন।
২. বনকলা অভিযান কীভাবে পরিচালনা করতে হয় তার কৌশল ব্যাখ্যা করতে পারবেন।
৩. উপদল ভিত্তিক বনকলা অভিযানে অংশগ্রহণ ও বনকলা পর্যবেক্ষন এবং কী কী জিনিস সংগ্রহ করতে হবে সে সম্পর্কে সম্যক ধারণা লাভে সক্ষম হবেন।

**সূচিপত্র** (সার সংক্ষেপ)

১. বনকলা; ২. বনকলার লক্ষ্যসমূহ; ৩. বনকলার তাৎপর্য; ৪. বনকলা অভিযান

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১। | ভূমিকা | ০২ মি. |
| ২। | বনকলা | ০৩ মি. |
| ৩। | বনকলার লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ | ০৪ মি. |
| ৪। | বনকলার তাৎপর্য | ১০ মি. |
| ৫। | বনকলা বাস্তবায়ন পদ্ধতি | ০৬ মি. |
| ৬। | বনকলা অভিযান | ১০ মি. |
| ৭। | উপদল ভিত্তিক উপস্থাপন | ২০ মি. |
| ৮। | সামিং আপ | ০২ মি. |
| ৯। | প্রশ্ন উত্তর পর্ব | ০৩ মি. |
| | **মোট সময় =** | **৬০ মিনিট** |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার ও ডেমোনেস্ট্রেশন পদ্ধতি।

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ :** মাল্টিমিডিয়া প্রজেক্টর, ল্যাপটপ, পোস্টার পেপার, মার্কার পেন, পয়েন্টার, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট, চক, ডাষ্টার ইত্যাদি।

**ফলোআপ/অনুসরণ প্রক্রিয়া** (সেশন পরবর্তী)

ইউনিটে বনকলা অভিযান কিভাবে বাস্তবায়ন করা যাবে তার বিবরণ রানিং খাতায় লিখে কাউন্সিলরকে দেখাবেন।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর : | | স্বাক্ষর : | |
| কোর্স লিডার : | | সেশন পরিচালক : | |

# বনকলা
# (Wood Craft)

## বনকলাঃ (Wood Craft)

স্রষ্টার শ্রেষ্ঠত্ব ও সৃষ্টির রহস্য উদঘাটনের জন্য বিশ্ব প্রকৃতিতে বিদ্যমান গাছপালা, তরু বিথিকা, লতাগুল্ম, পোকামাকড়, কিটপতংগ, পশুপাখি, জলমাটি, চন্দ্রসূর্য, গ্রহ নক্ষত্র, আকাশ বাতাস, পাহাড় পর্বত, নদীনালা, মহাসমূদ্র ইত্যাদি সরাসরি প্রকৃতিকে পর্যবেক্ষন করে এ সব বিষয়ে জ্ঞান অর্জনই বনকলার মূল প্রতিপাদ্য বিষয়।

## বনকলার লক্ষ্যসমূহ

১. To know the Creator from his creation

২. To bring purity in mind and soul.

স্কাউট আন্দোলনের প্রতিষ্ঠাতা লর্ড ব্যাডেন পাওয়েল তার বিখ্যাত পুস্তক "স্কাউটিং ফর বয়েজ" এ বলেছেন "Scouting is a training in citizenship through Wood Craft" এখানে তিনি যা বলতে চেয়েছেন এর মানে হলো বনকলার মাধ্যমে সুনাগরিক গড়ে তোলাই হচ্ছে স্কাউটিং। প্রকৃতির বিরাট পাঠশালায় জ্ঞানানুশীলণের চেষ্টা চালিয়ে আমরা অনেক কিছুই জানতে পারি, শিখতে পারি। এ জানার শেষ নেই। প্রকৃতির অফুরন্ত ভান্ডারে মানুষের জানবার, শিখবার তথ্য ও সম্পদের অভাব নেই। সে জন্যই হয়ত বিখ্যাত ইংরেজ কবি উইলিয়াম ওয়ার্ডসওয়ার্থ বলেছেন "Fields are my books and nature is my study" কবি সুনির্মল বসুর কবিতাটিও প্রাসংগিক। তিনি বলেছেন-

"বিশ্বজোড়া পাঠশালা মোর,<br>
সবার আমি ছাত্র<br>
নানান ভাবে নতুন জিনিস<br>
শিখছি দিবারাত্র"

উড ক্রাফট বলতে অনেক কিছুই বুঝায়। প্রকৃতির বিভিন্ন সম্পদ যেমন-লতা, গুল্ম, গাছ-পালা, পোকা-মাকড়, পাখি, জলমাটি, চন্দ্র, সূর্য, গ্রহ-নক্ষত্র, জীবজন্তু সব কিছুই খোদার সৃষ্টি, যা মানুষের কল্যাণের জন্য। বৈচিত্রময় সৃষ্টি রহস্য সম্বন্ধে প্রত্যক্ষভাবে জ্ঞান অর্জন করার আকাংখা মানুষের বহু কালের। দার্শনিকের চিন্তা ধারা এবং বৈজ্ঞানিক তার গবেষণায় যে রহস্য উদঘাটনের জন্য নিরলস চেষ্টা চালিয়ে যাচ্ছে। এ প্রচেষ্টা চলতেই থাকবে যতদিন এ পৃথিবীতে মানুষ বেঁচে থাকবে। বড় বড় তত্ত্ব ও তথ্যের উল্লেখ না করেও বলা যায়, প্রকৃতির বিভিন্ন বিষয় সম্পর্কে সাধারণভাবে কিছু জানা প্রত্যেক মানুষের অবশ্য কর্তব্য। জীবন ধারণের জন্যে এবং বেঁচে থাকার তাগিদে এ জানার প্রয়োজন আছে বৈকি। প্রকৃতির বিভিন্ন সম্পদ সম্পর্কে জ্ঞান লাভ করার পেছনে যে উদ্দেশ্য রয়েছে তা হলো সেগুলোর সংরক্ষণ ও উন্নয়ন। কেননা এর প্রত্যেকটিই কোন না কোন ভাবে মানুষের কল্যাণ সাধন করে থাকে। যা কল্যাণকর, যা জীবন ধারণের সহায়ক তাই হওয়া উচিত আমাদের শিক্ষানুশীলনের প্রথম বিষয়বস্তু।

প্রকৃতি বিষয়ক অনুশীলন চরিত্র গঠনেও সহায়ক। এর মাধ্যমে তরুণ তরুণীরা অর্জন করতে সক্ষম হয় তীক্ষ্ণ পর্যবেক্ষণ ক্ষমতা, কোনো কিছু বিশেষণ করার বিচার-বুদ্ধি, সহিষ্ণুতা, মানসিক একাগ্রতা, স্রষ্টার প্রতি ভালবাসা ও দৃঢ় আত্মপ্রত্যয়। এতে করে শুধু যে তাদের জ্ঞানের পরিধিই সম্প্রসারিত হয় তাই নয়, সৃষ্টির বৈচিত্রপূর্ণ সৌন্দর্য উপলব্ধি করে তাদের মনে আকাঙ্ক্ষার প্রতি বিশ্বাস বদ্ধমূল হয়ে উঠে। নিঃসন্দেহে বলা চলে, উপরোক্ত কারণেই লর্ড ব্যাডেন পাওয়েল প্রকৃতি বিষয়ক অনুশীলনকে স্কাউটিং কর্মসূচিতে কতটা তাৎপর্যময় আসনে প্রতিষ্ঠিত করেছেন। একথা বললে অতুক্তি হবে না যে, প্রকৃতি বিষয়ক অনুশীলন বিভিন্ন প্রকারের চাষাবাদ, হাঁস মুরগী পালন, পশু পালন, ফুলের ও ফলের বাগান তৈরি ও সংরক্ষণ এবং মৎস্য চাষ ইত্যাদি ব্যাপারে কার্যকর ভূমিকা রাখতে পারে। প্রাকৃতিক সম্পদের প্রাচুর্যে পরিপূর্ণ আমাদের দেশের উন্নয়নে স্কাউটদের প্রকৃতি বিষয়ক অনুশীলন সত্যিকার অর্থে প্রকৃতি অনুরাগী ও স্রষ্টার প্রতি আনুগত্য বৃদ্ধিতে সহায়তা করে যাবে।

**বনকলা অভিযান পরিচালনার সময় প্রশিক্ষণার্থীদের উপদল/ষষ্ঠক ভিত্তিক নির্ধারিত সময়ের মধ্যে (১০-২০ মিনিট) নিম্নোক্ত বিষয়গুলো সংগ্রহ করবেঃ**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | ফলজ উদ্ভিদ | ১টি | ২। | লতা | ১টি |
| ৩. | গুল্ম | ১টি | ৪। | ফুল | ২টি |
| ৫. | ফল | ১টি | ৬। | পাখীর পালক | ১টি |
| ৭. | পাখির বাসা | ১টি | ৮। | পাথর/শিলা | ১টি |
| ৯. | প্রজাপতি/মাছ/পোকা | ১টি | ১০। | গাছের বাকল | ২টি |
| ১১. | ঔষধী প্লান্ট | ২টি | ১২। | বিষাক্ত পাতা ফুল/ফল | ১টি |
| ১৩. | প্রকৃতি পর্যবেক্ষণ | | | | |

নমুনা সংগ্রহের পর একত্রে বসে অংশগ্রহণকারীবৃন্দ সংগ্রহকৃত নমুনার গুনাগুন বর্ণনা করবে । এর মাধ্যমে অনেক অজানা রহস্য ও তথ্য জানা সম্ভব হবে।

সবশেষে সেশন পরিচালক সেশন সামিংআপ কালে সৃষ্টি কর্তার প্রতি কর্তব্য পালন করা সকলের কর্তব্য এবং বেশী করে সৃষ্টির রহস্য জানার জন্য অংশগ্রহণকারীদের উদ্বুদ্ধ করবেন। এতে করে সৃষ্টিকর্তার প্রতি আনুগত্য বৃদ্ধি পাবে এবং স্কাউট প্রতিজ্ঞা ও মূলনীতি অনুসরণে সকলকে উদ্বুদ্ধ করবে।

# স্কাউটিং ও পরিবেশ

## সেশন প্লান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **সেশনের নাম** | : | স্কাউটিং ও পরিবেশ | **কোর্স** | : | ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | | **তারিখ** | : | |
| **আরম্ভের সময়** | : | | **শেষ করার সময়** | : | |
| **মোট সময়** | : | | **শিক্ষাদানের তারিখ** | : | |

**ব্যবহারিক উদ্দেশ্য:** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. স্কাউটিং ও পরিবেশ সম্পর্কে বিস্তারিত জ্ঞান অর্জন করে তা ব্যাখ্যা করতে পারবেন।

২. পরিবেশ দূষণ রোধ স্কাউটিংয়ের ভূমিকা সম্পর্কে ধারণা অর্জন করে তা ব্যাখ্যা করতে পারবেন।

**সূচিপত্র** (সার সংক্ষেপ)

১. স্কাউটিং কী, ২। পরিবেশ কী?, ৩। পরিবেশ দূষণের মাধ্যম, ৪। কী কারণে পরিবেশ দূষিত হয়

৫. পরিবেশ দূষণ রোধে স্কাউটিংয়ের ভূমিকা, ৬। পরিবেশ উন্নয়ন ব্যাজ স্ক্রিম।

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১. | ভূমিকা | ০২ মি. |
| ২. | স্কাউটিং কী? | ০২ মি. |
| ৩. | পরিবেশ কী? | ০৩ মি. |
| ৪. | পরিবেশ দূষণের মাধ্যম | ১০ মি. |
| ৫. | কী কারণে পরিবেশ দূষিত হয় | ১০ মি. |
| ৬. | পরিবেশ দূষণ রোধে স্কাউটিংয়ের ভূমিকা | ২০ মি. |
| ৭. | পরিবেশ উন্নয়ন ব্যাজ স্ক্রিম | ০৮ মি. |
| ৮. | সামিং আপ | ০২ মি. |
| ৯. | প্রশ্ন উত্তর পর্ব | ০৩ মি. |
| | **মোট =** | **৬০ মিনিট** |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার পদ্ধতি ও গ্রুপ ডিস্কাশন।

### সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ

মাল্টিমিডিয়া প্রজেক্টর, ল্যাপটপ, স্ক্রীন, পোস্টার পেপার, মার্কার পয়েন্টার ইত্যাদি।

### ফলোআপ/অনুসরণ প্রক্রিয়া (সেশন পরবর্তী)

পরিবেশ দূষণের উপর ছবি অংকন বা পোস্টার তৈরি করে কাউন্সিলরকে দেখাবেন।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| স্বাক্ষর | : | | স্বাক্ষর | : | |
| কোর্স লিডার | : | | সেশন পরিচালক | : | |

# স্কাউটিং ও পরিবেশ

## পরিবেশ কী

আমাদের চার পাশে যা কিছু আছে যেমন-আলো বাতাস, মাটি, পানি, পাহাড়, নদী, সাগর, বন, উদ্ভিদ, মানুষ, জীবজন্তু এবং মানুষের গড়া সকল কিছুর সমন্বয়ে যা সৃষ্টি তাকে পরিবেশ বলে।

## পরিবেশ দুষণের মাধ্যম

১। বায়ু দূষণ ২। আলো দুষণ ৩। পানি দূষণ ৪। খাদ্য দূষণ ৫। শব্দ দূষণ ৬। মাটি দূষণ ৭। বন ও উদ্ভিদ দূষণ ইত্যাদি।

## কি কারণে পরিবেশ দূষিত হয়

১. বাড়ীর আবর্জনা যত্রতত্র ফেললে
২. স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহার না করলে
৩. নর্দমা ও পায়খানার পানি খালে বিলে মিশ্রিত হলে
৪. ঘন বসতির ফলে
৫. ঢালাও ভাবে বন জংগল কাটলে
৬. অকারণে মাটি কাটলে
৭. পলিথিনের ব্যাগ মাটিতে ও যত্রতত্র ফেললে
৮. গাড়ীর কালো ধোঁয়া, ধুলা বালি ও ধুমপানের ফলে
৯. গাড়ীর হর্ণ/ভেঁপু, উচ্চ শব্দে মাইক/ক্যাসেট পেয়ার বাজালে
১০. যেখানে সেখানে থুথু, হাঁচি, কাশি ফেললে
১১. কল কারখানার বর্জ্য পদার্থ নদীতে ফেললে
১২. নদীতে, খালে বিলে, পুকুরে মরা জীবজন্তু ফেললে
১৩. রাসায়নিক সার ও কীটনাশক ঔষধ জমি/ফসলে পরিমাণের অধিক প্রয়োগ করলে ইত্যাদি।

## পরিবেশ দূষণ রোধে স্কাউটিংয়ের ভূমিকা

১. পরিবেশ উন্নয়ন কর্মসূচি/প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে
২. শিশু স্বাস্থ্য কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে
৩. নিরাপদ পানি ও পয়ঃপ্রণালী সম্পর্কে উদ্বুদ্ধ করণের মাধ্যমে
৪. ট্রাফিক সপ্তাহ পালনের মাধ্যমে
৫. বৃক্ষ রোপণ অভিযান বাস্তবায়নের মাধ্যমে
৬. অভিভাবক দিবস পালনের মাধ্যমে (হ্যান্ডবিল, পোস্টার বিতরণ)
৭. পরিচ্ছন্নতা দিবস পালনের মাধ্যমে
৮. স্কাউট পাঠ্যক্রমে সৎকাজ, সমাজ সেবা, সমাজ উন্নয়ন কর্মসূচি পালনের মাধ্যমে ইত্যাদি
৯. পরিবেশ দূষণ রোধ বিষয়ক সেমিনার, আলোচনা সভা, ওয়ার্কশপ আয়োজনের মাধ্যমে
১০. সাশ্রয়ী চুল্লির ব্যবহারে উদ্বুদ্ধকরণ
১১. রি-সাইক্লিং পদ্ধতি সম্পর্কে অবহিতকরণ
১২. হ্যান্ডবিল, পোস্টারসহ র‍্যালীর মাধ্যমে।

## পরিবেশ উন্নয়ন ব্যাজ স্কিম

কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউট পরিবেশ উন্নয়ন ব্যাজ স্কীমের আওতায় কি ভাবে কোন ব্যাজ অর্জন করতে পারে তার একটি তালিকা দেয়া হলো :

| ক্রমিক | ব্যাজের নাম | কাব স্কাউট শাখা | স্কাউট শাখা |
|---|---|---|---|
| ১ | ব্যক্তিগত স্বাস্থ্য ব্যাজ | তারা সদস্য | সদস্য স্তর |
| ২ | নিরাপদ পানি ব্যাজ | তারা ব্যাজ | স্ট্যান্ডার্ড |
| ৩ | পরিবেশ উন্নয়ন ব্যাজ | চাঁদ ব্যাজ | প্রোগ্রেস |
| ৪ | স্যানিটেশন ব্যাজ | চাঁদ তারা ব্যাজ | সার্ভিস |
| ৫ | স্বাস্থ্য বিধি ব্যাজ | শাপলা কাব ব্যাজ | প্রেসিডেন্ট স্কাউট |

# স্কাউটিং ও সমাজ
## সেশন প্লান

| | | | | |
|---|---|---|---|---|
| **সেশনের নাম** | : স্কাউটিং ও সমাজ | **কোর্স** | : | ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : | |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : | |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : | |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন -

১. স্কাউটিং ও সমাজ সম্পর্কে জ্ঞান অর্জন করে স্কাউটিং ও সমাজের সম্পর্ক নিরূপণ এবং ব্যাখ্যা করতে পারবেন।
২. গুড টার্ণ, সমাজ সেবা ও সমাজ উন্নয়ন সম্পর্কে জ্ঞান লাভ ও তা ব্যাখ্যা করতে সক্ষম হবেন।
৩. সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড স্কিম জানবেন এবং ইউনিটে সদস্যদের সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড অর্জনে কিভাবে সহায়তা করতে পারেন তা ব্যাখ্যা করতে পারবেন।

**সূচিপত্র** (সার-সংক্ষেপ)

১. স্কাউটিং ও সমাজ, ২। গুড টার্ণ, ৩) সমাজ সেবা, ৪। সমাজ উন্নয়ন, ৫। সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড স্কিম।

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১। | ভূমিকা | ০৩ মি. |
| ২। | গুড টার্ণ | ১০ মি. |
| ৩। | সমাজ সেবা | ১০ মি. |
| ৪। | সমাজ উন্নয়ন | ১২ মি. |
| ৫। | সমাজ উন্নয়ন ক্যাম্প সম্পর্কে ধারণা | ০৭ মি. |
| ৬। | বাংলাদেশ স্কাউটস কর্তৃক গৃহীত সমাজ উন্নয়ন কর্মসূচি পরিচিতি | ০৬ মি. |
| ৭। | সমাজ উন্নয়ন ব্যাজ স্কিম | ০৬ মি. |
| ৮। | সামিং আপ | ০২ মি. |
| ৯। | প্রশ্ন উত্তর পর্ব | ০৪ মি. |
| | **মোট সময় =** | **৬০ মিনিট** |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার পদ্ধতি/ টিম টক

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ**

মাল্টিমিডিয়া, ল্যাপটপ, পোস্টার পেপার, মার্কার পেন, পয়েন্টার, স্ক্রীন, হ্যান্ড আউট, ব্যাজ চার্ট, সমাজ উন্নয়ন কণিকা বই, সি,ডি অ্যাওয়ার্ড চার্ট ইত্যাদি।

**ফলোআপ/ অনুসরণ প্রক্রিয়া** (সেশন পরবর্তী)

১। ব্যাজ চার্টের মধ্য থেকে সমাজ সেবা ও সমাজ উন্নয়নমূলক পারদর্শিতা ব্যাজসমূহ বাছাই করে একটি তালিকা প্রণয়ন করে কাউন্সিলরকে দেখাবেন।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# স্কাউটিং ও সমাজ

দেশের শিশু কিশোর ও যুববয়সীদের পর্যায়ক্রমে প্রশিক্ষণের মাধ্যমে ভবিষ্যতের জন্য সুন্দর মানসিকতা ও দেশ প্রেমে উদ্বুদ্ধ পরার্থপরতা, সৎ, দক্ষ, কর্মঠ, ধর্মপ্রাণ, সুনাগরিক হিসাবে গড়ে তোলার জন্য স্কাউটিং একটি মহৎ আন্দোলন।

## গুডটার্ণ (Good Turn)

### সৎ কাজ

স্কাউটিং এর মূলভিত্তি, স্কাউট প্রতিজ্ঞা ও আইনে প্রতিদিন কারো না কারো উপকার (Good Turn) করার তাগিদ রয়েছে। গুডটার্ণের অনুশীলন স্কাউটদের মূলমন্ত্রেরই অংশ। স্কাউটিং-এ গুডটার্ণ বলতে ছোট ছোট ভাল কাজ করাকে বুঝায়। যেমন- অন্ধ/ বৃদ্ধকে রাস্তা পার হতে সাহায্য করা, কাউকে পথ চিনিয়ে দিতে সাহায্য করা, একজনের মাথার বোঝাটা নামাতে সাহায্য করা, পথে পড়ে থাকা কলার খোসা/কাঁচের টুকরা/কাটা সরিয়ে ফেলা, পানির কল কেউ অসাবধানতা বসতঃ খুলে রেখেছে তা বন্ধ করে দেয়া, অপ্রয়োজনে জ্বলছে এমন বাতি নিভিয়ে দেয়া, প্রতিবেশীর কারও টেলিগ্রাম/চিঠি পোষ্ট, গ্যাস/বিদ্যুৎ বিল পরিশোধে সহায়তার মত ছোট ছোট কাজ করা গুডটার্ণের আওতাভুক্ত কাজ। স্কাউটরা সর্বদা ভালো কাজ করার লক্ষ্যে তাদের স্কার্ফের মাথায় গুডটার্ণ নট দিয়ে রাখে। স্কাউটরা ব্যাক্তিগতভাবে এই কাজটি করে।

### সমাজ সেবা

মূলতঃ গুডটার্ণ থেকেই সমাজ সেবা উদ্ভব। স্কাউটরা ব্যাক্তিগতভাবে গুডটার্ণ করে অভ্যস্ত হয়ে ষষ্ঠক/ উপদল বা ইউনিট ভিত্তিক সমাজ সেবামূলক কাজ করে। কোন রাস্তায় কাদা মাটির জন্য চলাচলে অসুবিধা হচ্ছে দেখে স্কাউটরা কয়েকটা ইট মাঝে মাঝে বিছিয়ে দিল যার উপর পা দিয়ে মানুষ চলাচল করতে পারে। ড্রেন বন্ধ হয়ে যাওয়ায় পানি বের হতে না পেরে পথে জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে দেখে কয়েকজন স্কাউট মিলে ঐ ড্রেনটা পরিস্কার করে জলাবদ্ধতা দূর করে দিল। পুকুর/ ডোবায় বেশ কচুরীপানা সৃষ্টি হয়েছে, এতে মশার উপদ্রব হচ্ছে দেখে স্কাউটরা ঐ পুকুরের কচুরীপানাগুলো পরিস্কার করলো অথবা বর্ষার তোড়ে একটি রাস্তায় কিছু অংশ ভেংগে গেছে দেখে স্কাউটরা ঐ রাস্তায় মাটি ফেলে তা ভরাট করে দিল অথবা একটি সাকো তৈরি করে দিল। সমাজের মানুষের জন্য স্কাউটরা উদ্যোগী হয়ে এধরণের অনেক কাজ করে। এধরণের কাজকে সমাজ সেবামূলক কাজ বলে। স্কাউটরা দলগতভাবে এই কাজে অংশগ্রহণ করে।

### সমাজ উন্নয়ন

সমাজ উন্নয়ন গুডটার্ণ ও সমাজ সেবার পরবর্তী ধাপ। স্কাউটরা সমাজের সাধারণ মানুষের সাথে মিশে সমাজের কোন নির্দিষ্ট সমস্যা চিহ্নিত করে সমাজের মানুষের সাথে কাধে কাধ মিলিয়ে যখন সে সমস্যার সমাধান করে এবং যার ফল দীর্ঘস্থায়ী হয় তাকে সমাজ উন্নয়ন বলে। যেমন- কোন একটি পাড়া বা মহলার যাতায়াতের পথের একটি বিশেষ যায়গায় প্রতিবার বর্ষায় ভেঙ্গে যায় প্রতিবারই তাতে মাটি ফেলে সমান না করলে আর সহজে চলাচল করা যায় না। ঐ এলাকার লোকজন মনে করেন এটি তাদের একটি সমস্যা। এতে তাদের বেশ কিছু দিন দারুণ কষ্ট পেতে হয়। এলাকার এই সমস্যা চিহ্নিত করে স্কাউটরা এলাকার মুরুব্বিদের সাথে আলোচনা করে উপলব্ধি করলো সহজে পানি পার হওয়ার জন্য যদি এখানে কোন কালভার্ট তৈরি করা হতো তাহলে আর এমন হতোনা। মুরুব্বিদের সাথে আলোচনা করে স্কাউটরা উপলব্ধি করলো যে করেই হউক পানি বের হওয়ার ব্যবস্থা করা গেলে সমস্যাটির সমাধান হবে এবং এ ক্ষেত্রে বড় ব্যাসের ৪টি পাইপ দিতে পারলেও এর সমাধান হবে। সেক্ষেত্রে স্কাউটরা দুটি পাইপ এর মূল্য নিজেদের মধ্যে চাঁদা ধরে সংগ্রহ করলো। বাকি দুটো পাইপ এলাকার লোকজন সংগ্রহ করলো। পরিবহনের ব্যবস্থা তারা এলাকায় যাদের গরু বা মহিষের গাড়ী রয়েছে তাতেই সেরে ফেলল। পাইপ বসানোর দিনে মুরুব্বিগণ এলাকার লোকজন সাথে নিয়ে তা স্থাপনের ব্যবস্থা করলেন। এরূপ কাজের ফলে দেখা গেল ঐ রাস্তা আর নষ্ট হয় না অর্থাৎ এই কাজটির ফল এলাকাবাসী দীর্ঘ দিন ভোগ করবে। এধরণের কাজ সমাজ উন্নয়ন কাজ বলে চিহ্নিত।

সমাজের বা এলাকাবাসীর চিহ্নিত সমস্যা সমাধানে স্কাউটদের নেতৃত্ব বা উদ্যোগে এলাকাবাসী এবং স্কাউটদের যৌথ অংশগ্রহণের মাধ্যমে চিহ্নিত ঐ নির্দিষ্ট সমস্যা সমাধানকে সমাজ উন্নয়ন কাজ বলে। এ কাজে স্থানীয়ভাবে সরকারী বা বেসরকারী সাহায্য সহযোগিতা গ্রহণ করা যেতে পারে। মুলতঃ স্কাউটদের অনুপ্রেরণায় এলাকাবাসিকেও এ কাজে অভ্যস্থ হবে।

## সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড

সাধারণ যোগ্যতা ও পারদর্শিতা ব্যাজ অর্জনের কাজ ছাড়াও অতিরিক্ত কাজের জন্য এই অ্যাওয়ার্ড লাভ করা যায়। পারদর্শিতা ব্যাজের সাতটি গ্রুপের মধ্যে সমাজ উন্নয়ন বিষয়ক যে সব ব্যাজ আছে সেগুলো থেকে কমপক্ষে চারটি পারদর্শিতা ব্যাজ এবং নিম্নবর্ণিত তিনটি ব্যাজ অর্জন করলে সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড পাওয়া যাবে। এর জন্য একজন স্কাউটকে কমপক্ষে স্ট্যান্ডার্ড ব্যাজ পাশ করতে হবে।


ক. শিশু স্বাস্থ্য কর্মী ব্যাজ

খ. টিকাদান কর্মী ব্যাজ


গ. পুষ্টি সেলাইন ব্যাজ



শিশু স্বাস্থ্য কর্মী ব্যাজ



টীকাদান কর্মী ব্যাজ



শিশু স্বাস্থ্য কর্মী ব্যাজ

শিশু স্বাস্থ্য কর্মী ব্যাজ

১২-১৫ বছর বয়স্ক কিশোর ও যুবকদের একটি স্বাস্থ্যকর সমাজের প্রয়োজনীয়তা সম্পর্কে ধারণা দানের লক্ষ্যে সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড স্কিম চালু করা হয়। এ অ্যাওয়ার্ড অর্জন করতে হলে স্কাউট ও রোভার বয়সী যুবক যুবতীদের তিনটি সাধারণ শিশু স্বাস্থ্য পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হবে। স্কাউটদের এই সংগে আরও সমাজ উন্নয়ন সংক্রান্ত চারটি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হবে। একইভাবে একজন রোভারকে চারটি সমাজ উন্নয়ন প্রকল্পে কাজ করে “ প্রকল্প ব্যাজ” অর্জন করতে হবে।

একজন স্কাউট স্ট্যান্ডার্ড ব্যাজ অর্জনের পর সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড এর কাজ করার যোগ্য বলে বিবেচিত হবে। একইভাবে একজন রোভার সদস্যস্তরের ব্যাজ অর্জনের পর অ্যাওয়ার্ডের কাজ শুরু করতে পারবে এবং প্রকল্প ব্যাজ অর্জনের পর সেবাস্তরে অ্যাওয়ার্ড লাভ করতে সক্ষম হবে। ব্যাজগুলো অর্জনের পদ্ধতি সম্পর্কে নিচে ব্যাখ্যা প্রদান করা হলো।

### ১. টীকাদান কর্মী ব্যাজ (Immunization Badge)

১.১ ৬টি মারাত্মক সংক্রামক ব্যাধি (ধনুষ্টংকার, ডিপথিরিয়া, হাম, পলিও, যক্ষ্মা, হুপিং কাশি) এবং সম্প্রসারিত টীকাদান কর্মসূচি সম্পর্কে ধারণা অর্জন।

১.২ সহজ যোগাযোগ পদ্ধতির (পে কার্ড, পোস্টার) সাহায্যে সম্প্রসারিত টীকাদানের প্রয়োজনীয়তা সম্পর্কে সংশ্লিষ্ট পরিবারসমূহকে অবহিতকরণ এবং সংশ্লিষ্ট টীকাদান কেন্দ্রের সংগে যোগাযোগ রাখার জন্য তাদের উদ্বুদ্ধ করার উপায় জানা।

১.৩ ১০টি পরিবার তালিকাভুক্ত করে তাদের শিশুদের পূর্ণ কোর্স সম্প্রসারিত টীকা এবং ১৫-৪৫ বছর বয়স্ক সকল মহিলাকে টিটি গ্রহণে উদ্বুদ্ধকরণ এবং এ ব্যাপারে তাদের প্রমাণাদিসহ নিশ্চিত করতে হবে যে, কোর্স সমাপ্ত হয়েছে।

## ২. পুষ্টি স্যালাইন ব্যাজ : (ORT / Nutrition Badge)

২.১ পুষ্টি স্যালাইন তৈরির উপকরণসমূহের পরিমাণ এবং যথাযোগ্য ব্যবহার পদ্ধতি সম্পর্কে জ্ঞানার্জন। ১০টি নির্ধারিত পরিবারের সহজ চিকিৎসা পদ্ধতি সংক্রান্ত সংবাদ পরিবেশন করা।

২.২ পরিবারসমূহের সংগে সংযোগ রক্ষার্থে উদরাময় রোগ নিরাময়ের সাধারণ ব্যবস্থা সম্পর্কে জ্ঞানার্জন ( নলকূপের পানি, জনস্বাস্থ্য, খাদ্য সংরক্ষণ প্রস্তুতি, পরিস্কার-পরিচ্ছন্নতা) ।

২.৩ (স্কুলগামী নয় এমন শিশুদের জন্য) খাদ্যের পুষ্টিমান এবং কোন মৌসুমে কী কী খাদ্য পওয়া যায় সে সম্পর্কে পরিবারসমূহকে যথাযথভাবে অবহিত করতে পারা।

২.৪ ভিটামিন ‘এ‘ এর অভাবজনিত রোগের লক্ষণ ও কারণ সম্পর্কে জ্ঞানার্জন এবং সংশ্লিষ্ট পরিবারসমূহকে এ সম্পর্কিত তথ্য পরিবেশন করা। মায়েদের ভিটামিন-‘এ-ক্যাপসুল গ্রহণে উৎসাহিত করা। বছরে কমপক্ষে ৫-১০টি পরিবারে অন্তত দুবার ক্যাপসুল বিতরণ নিশ্চিত করা।

২.৫ স্থানীয় বীজ বিতরণ স্কিম পর্যবেক্ষণ ও পরিবারসমূহকে এই কাজে অংশগ্রহণে উদ্বুদ্ধকরণ।

## ৩. শিশু স্বাস্থ্যকর্মী ব্যাজ (Child Health Motivator Badge)

৩.১ গুরুত্বপূর্ণ স্বাস্থ্য সংবাদ (ইপিআই এবং ওআরটি) সম্পর্ক জনগণকে সচেতন করে তোলার লক্ষ্যে ফ্লিপ চার্টসহ বিভিন্ন কৌশল অবলম্বন করার পদ্ধতি জানা। বিদ্যালয়ে, সামাজিক গুরুত্বপূর্ণ কেন্দ্রসমূহে এসব চার্ট প্রদর্শন করতে পারা।

৩.২ বর্ণিত তিনটি বিষয়ে যে কোন সরকারি কর্মসূচিকে কমপক্ষে ৭ দিন সেবাদান করা।

৩.৩ সম্প্রসারিত টীকাদানের কর্মসূচি বাস্তবায়নের স্থান নির্বাচন ও প্রস্তুতিতে সহায়তা দান ( মর্নিং পতাকা উত্তোলন এলাকায় পরামর্শ প্রদান ইত্যাদি) এবং নিকটবর্তী এলাকার লোকজনকে কোথায় এবং কখন সম্প্রসারিত টীকাদান করা হয় তা অবহিত করা। কমপক্ষে ৫-১০টি বাদ পরা পরিবারে ফিরতি পরিদর্শন কার্যক্রম বাস্তবায়ন করা এবং তাদের পূর্ণ কোর্স গ্রহণে উৎসাহিত করা।

## নোট

স্কাউট কমপক্ষে ৫টি পরিবার তালিকাভুক্ত করবে। রোভার স্কাউট কমপক্ষে ১০টি পরিবার তালিকাভুক্ত করবে।

# দুর্যোগ ব্যবস্থাপনা
## সেশন প্লান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **সেশনের নাম** | : | দুর্যোগ ব্যবস্থাপনা | **কোর্স** | : | ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | | **তারিখ** | : | |
| **আরম্ভের সময়** | : | | **শেষ করার সময়** | : | |
| **মোট সময়** | : | | **শিক্ষাদানের তারিখ** | : | |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. স্কাউটরা দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কে ধারণা লাভ করতে পারবে এবং এর গুরুত্ব ব্যাখ্যা করতে সক্ষম হবেন।
২. ভূ-প্রকৃতি নিরিখে দুর্যোগ-কালীন সময়ে দুর্যোগ মোকাবেলায় যথাযথ কৌশল অবলম্বন গ্রহণ করতে পারবেন।
৩. দুর্যোগ পরবর্তী সেবাদান কার্যক্রম বাস্তবায়ন ও তা ব্যাখ্যা করতে পারবেন।

**সূচিপত্র** (সার-সংক্ষেপ)

দুর্যোগ কি দুর্যোগের প্রকার, বাংলাদেশ কেন দুর্যোগ প্লাবন এলাকা, বাংলাদেশ স্কাউটসের DRT চিত্র।

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১। | দুর্যোগ কী? | ০৩ মি. |
| ২। | দুর্যোগের প্রকার | ০৫ মি. |
| ৩। | বাংলাদেশ কেন দুর্যোগ প্লাবন এলাকা | ২৫ মি. |
| ৪। | বাংলাদেশ স্কাউটসের DRT এর কার্যক্রম | ২০ মি. |
| ৫। | সামিং আপ | ০২ মি. |
| ৬। | প্রশ্ন উত্তর পর্ব | ০৩ মি. |
| ৭। | গান | ০২ মি. |
| | **মোট সময় =** | **৬০ মিনিট** |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার পদ্ধতি ও ডেমোনেস্ট্রেশন পদ্ধতি

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ**

মাল্টিমিডিয়া প্রজেক্টর, ল্যাপটপ, পোস্টার পেপার, মার্কার পেন, পয়েন্টার, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট, হ্যান্ড আউট ইত্যাদি।

**ফলোআপ/ অনুসরণ প্রক্রিয়া** (সেশন পরবর্তী)

১। দুর্যোগে করণীয় বিষয়ের একটি পোস্টার তৈরি করে কাউন্সিলরকে দেখাবে।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| স্বাক্ষর | : | | স্বাক্ষর | : | |
| কোর্স লিডার | : | | সেশন পরিচালক | : | |

# দুর্যোগের প্রকারভেদ এবং বাংলাদেশে দুর্যোগ ও ইতিহাস

## দুর্যোগ কী?

সাধারণ অর্থে দুর্যোগ বলতে আপদ (Hazard) বুঝায়। কিন্তু সকল আপদই দুর্যোগ নয়। আপদ ও বিপদাপন্ন (Vulnerability)-এ দু'টি উপাদান একত্রিত হলেই এটিকে দুর্যোগ বলা হয়।

জাতিসংঘের সংজ্ঞা অনুযায়ী দুর্যোগ হচ্ছে, "Any event, natural or man-made, sudden or progressive which impacts with such severity that the affected community has to respond by exceptional measures". অর্থাৎ, দুর্যোগ হল প্রকৃতি বা মানুষের দ্বারা সংঘটিত এমন ঘটনা যা চলমান সমাজ জীবনকে গভীর ভাবে ব্যাহত করে এবং মানুষ, সম্পদ ও পরিবেশের এত ক্ষতিসাধন করে যা মোকাবেলায় একটি সমাজকে বিশেষ পদক্ষেপ গ্রহণ করতে হয় এবং ক্ষয়ক্ষতির পরিমাণ এত বেশী হয় যে তা শুধু নিজস্ব সম্পদ দিয়ে পূরণ করা সম্ভব নয়।

**দুর্যোগকে সাধারণত দুইটি শ্রেণীতে ভাগ করা যায় :** ক. প্রাকৃতিক দুর্যোগ; খ. কৃত্রিম বা মনুষ্যসৃষ্ট দুর্যোগ

### ক. প্রাকৃতিক দুর্যোগ : চার প্রকার

**১. ভূ-তাত্ত্বিক দুর্যোগ যথা**

- ভূমিকম্প,
- অগ্নিপাত,
- ভূমিধ্বস,
- নদীভাঙ্গন

**২. আবহাওয়াগত দুর্যোগ যথা**

- ঘূর্ণিঝড়
- বন্যা
- খরা
- জলোচ্ছ্বাস
- টর্নেডো

**৩. পরিবেশগত দুর্যোগ যথা**

- পরিবেশ দূষণ,
- অরণ্য উজাড়,
- মরুকরণ,
- পোকার আক্রমণ

**৪. মহামারি**

### খ. কৃত্রিম বা মনুষ্যসৃষ্ট দুর্যোগ

মহাযুদ্ধ, গৃহযুদ্ধ, জনসংখ্যা বিষ্ফোরণ, প্রযুক্তিগত দূর্ঘটনা, পরিবেশ দুষণ, অগ্নিকান্ড, কৃত্রিম দূর্ভিক্ষ, যানবাহন দূর্ঘটনা ইত্যাদি

## বাংলাদেশ কেন দুর্যোগ প্রবণ এলাকা

বাংলাদেশের ভৌগলিক অবস্থান ও প্রাকৃতিক বৈশিষ্ট্য পর্যালোচনা করলে দেখা যায় যে, প্রাকৃতিক দুর্যোগ এদেশের নিত্যসঙ্গী হওয়া স্বাভাবিক।

## বাংলাদেশের ভৌগলিক পরিচয়

ভূমির অবস্থা ও গঠনকাল অনুযায়ী বাংলাদেশের ভূ-তলকে প্রধানত: চারটি শ্রেণীতে ভাগ করা যেতে পারে। এগুলো হচ্ছে-

১. টারশিয়ারি যুগের পাহাড়ী এলাকা;
২. প্লাইস্টোসিন যুগের পাহাড়ী এলাকা;
৩. সাম্প্রতিকালের প্লাবন সমভূমি এলাকা;
৪. উপকূলীয় বদ্বীপ এলাকা।

## ১. টারশিয়ারি যুগের পাহাড়ী এলাকা

**অবস্থান অনুসারে বাংলাদেশের টারশিয়ারি পাহাড়কে দু'টি ভাগে বিভক্ত করা যায়**

ক. দক্ষিণ পূর্বাঞ্চলের পাহাড়

খ. উত্তর পূর্বাঞ্চলের পাহাড়

### ক. দক্ষিণ পূর্বাঞ্চলের পাহাড়

চট্টগ্রাম, রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ির পাহাড় টারশিয়ারি অধিযুগের পাহাড়ের অন্তর্ভুক্ত। এ পাহাড়গুলো চিরসবুজ বৃক্ষে আচ্ছাদিত। পাহাড়গুলোর গড় উচ্চতা ২ হাজার ফুট বা ৬০০ মিটার। পাহাড়গুলোর উচ্চতা পশ্চিম দিক থেকে পূর্ব দিকে ক্রমশ বেড়েছে। এই পাহাড়ি এলাকার প্রধান নদী কর্ণফুলী, সাংগু, মাতামুহুরী, নাফ প্রভৃতি পাহাড় থেকে নেমে এসে পশ্চিম দিকে বঙ্গোপসাগরে মিশেছে। এই এলাকায় দীর্ঘস্থায়ী বিধ্বংসী বন্যা হয় না।

### খ. উত্তর পূর্বাঞ্চলের পাহাড়

সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, শেরপুর ও ময়মনসিংহ জেলায় অবস্থিত টারশিয়ারি অধিযুগের পাহাড়গুলো বিচ্ছিন্নভাবে বিস্তৃত। এ পাহাড়াগুলোর উচ্চতা ৬০-৯০ মিটার। এগুলো মূলতঃ টিলা। এই টিলাগুলো অসমতল ও খাড়া ঢাল বিশিষ্ট। সমুদ্র পৃষ্ঠ থেকে এদের গড় উচ্চতা ৬০-৯০ মিটার। এই এলাকা ফ্লাড বা আকস্মিক বন্যা কবলিত এলাকা। অনেক সময় এ এলাকার বন্যাগুলো দীর্ঘস্থায়ী হয়।

## ২. প্লাইস্টোসিন যুগের পাহাড়ী এলাকা

প্রায় ২৫ হাজার বছর আগে প্লাইস্টোসিন যুগে মহাদেশ গঠনকারী ভূ-আলোড়নের ফলে বাংলাদেশের উত্তর পশ্চিমের বিশাল বরেন্দ্র ভূমি, মধ্য-অংশের মধুপুর ও ভাওয়ালের গড় এবং কুমিল্লা জেলার ময়নামতি ও লালমাই চত্বর বা সোপানের সৃষ্টি হয়।

এ সোপানগুলো প্লাবন সমভূমি থেকে গড়ে ১০-১৮ মিটার উচু। মৌসুমী বন্যার পানি এসব চত্বরে উঠে না। মহানন্দা, আত্রাই, ছোট যমুনা, নাগর, করতোয়া স্রোতস্বিনী রূপে বরেন্দ্র ভূমি এবং বানার, বংশী, লক্ষ্যা ও বালু মধুপুর গড়ের মধ্য দিয়ে প্রবাহিত হচ্ছে। প্লাইস্টোসিন সোপান এলাকার মাটি ধূসর ও লাল বর্ণের। প্লাইস্টোসিন যুগের কারো কারো মতে টারশিয়ারি অধিযুগের সোপান এলাকার ভূতল নামে পরিচিত। বরেন্দ্র ভূমি, মধুপুর গড় ও লালমাই পাহাড়।

## ৩. সাম্প্রতিক কালের প্লাবন সমভূমি এলাকা :

বাংলাদেশের উত্তর-পূর্ব ও দক্ষিণ-পূর্ব দিকের পাহাড়ি এলাকা এবং প্লাইস্টোসিন চত্বর ছাড়া দেশের প্রায় পুরো অঞ্চলই নদ-নদীর পলি দিয়ে গড়া প্লাবন সমভূমি। এসব নদ-নদীর মধ্যে পদ্মা, যমুনা, ব্রহ্মপুত্র, মেঘনা এবং এদের উপনদী ও শাখা নদী অন্যতম। বর্ষা ঋতুতে এসব নদী সমভূমিকে প্লাবিত করে।

প্লাবনের ফলেই বাংলাদেশের অধিকাংশ ভূতলে পলি জমে। এ অঞ্চলের নদীর গতি প্রতিনিয়তই পরিবর্তিত হচ্ছে। এমন কি স্থানে স্থানে নতুন ভূমিরও সৃষ্টি করছে। হাতিয়া, সন্দীপ, ভোলা, মনপুরা, তালপট্টি এসবই নদীর পলি দিয়ে গড়া দ্বীপ ভূমি। এসব এলাকায় বিক্ষিপ্তভাবে অনেক জলাভূমি ও বিল রয়েছে।

- ক. ত্রিপুরা সমভূমি : বৃহত্তর কুমিল্লা জেলার অধিকাংশ, নোয়াখালী ও সিলেট জেলার কিছু অংশ ত্রিপুরা সমভূমির অন্তর্ভুক্ত। বর্ষাকালে ত্রিপুরা প্লাবিত হয়।
- খ. সিলেট অববাহিকা সমভূমি : বৃহত্তর সিলেট জেলার অধিকাংশ এবং কিশোরগঞ্জ ও নেত্রকোনা জেলার কিছু অংশ নিয়ে এ সমভূমি গঠিত। বর্ষকালে সিলেট অববাহিকার অধিকাংশ এলাকাই প্লাবিত হয়।
- গ. পাদদেশীয় পলিজ সমভূমিঃ পঞ্চগড়, ঠাকুরগাঁও, নীলফামারী ও লালমনিরহাট জেলা এবং কুড়িগ্রাম জেলার উত্তরাংশ পাদদেশীয় পলিজ সমভূমির অন্তর্ভুক্ত। হিমালয় পাহাড়ের পলি বেয়ে এসে পর্বতের পাদদেশে এ সমভূমি গড়ে তুলেছে। বর্ষাকালে আকস্মিক পাহাড়ি ঢলে এ সমভূমি প্লাবিত হয়।
- ঘ. পদ্মা-ব্রহ্মপুত্র-মেঘনা প্লাবন সমভূমিঃ ঢাকা, কুমিল্লা, ময়মনসিংহ, টাঙ্গাইল, পাবনা ও রাজশাহী জেলার অংশ বিশেষ নিয়ে এ সমভূমি গড়ে উঠেছে। এ এলাকার অধিকাংশ ভূ-তলই বর্ষা মৌসুমে প্লাবিত হয়।
- ঙ. চট্টগ্রামের উপকূলবর্তী সমভূমিঃ ফেনী থেকে কক্সবাজার জেলার দক্ষিণ ভাগ পর্যন্ত উপকূলীয় সমভূমি বিস্তৃত। এ সমভূমির প্রস্থ গড়ে ০৮–১০ কিলোমিটার। এই সমভূমিতে সাময়িক বন্যা দেখা যায়।

## ৪. উপকূলীয় বদ্বীপ এলাকা

দেশের নদীগুলো প্রতি বছর প্রায় ১,৭০০ মিলিয়ন টন পলি উপকূলীয় ব-দ্বীপ এলাকায় সঞ্চয় করে। এতে উপকূলীয় ভূতল পরিবর্তিত হচ্ছে। এর প্রমাণ বঙ্গোপসাগরের মধ্যে সোপান এলাকায় ৪০ হাজার বর্গমাইল নতুন ভূমি জেগে উঠেছে। এই এলাকায় অতি জোয়ার ও জলোচ্ছ্বাস জনিত বন্যা হয়। ভূ-বিজ্ঞানীরা ব-দ্বীপ গঠনের উপর ভিত্তি করে বাংলাদেশের ভূমিরূপকে তিন ভাগে বিভক্ত করেছেন।

ক. সক্রিয় ব-দ্বীপ;

খ. পরিপক্ক ব-দ্বীপ;

গ. মৃত প্রায় ব-দ্বীপ

বাংলাদেশের ভৌগলিক অবস্থান ও প্রধান বৈশিষ্ট্যসমূহ পর্যালোচনা করলে দেখা যায় যে, বাংলাদেশের ভৌগলিক অবস্থান ও প্রাকৃতিক বৈশিষ্ট এমনই যে, প্রাকৃতিক দুর্যোগ এদেশে নিত্যসঙ্গী হওয়া খুবই স্বাভাবিক। যেমন :

১৭ লক্ষ ৫০ হাজার বর্গকিলোমিটার এলাকার বৃষ্টির পানি ও বরফ গলা পানি বাংলাদেশের সঙ্কীর্ণ নদী অববাহিকা অঞ্চলের মধ্য দিয়ে প্রবাহিত। এই বিশাল নদী অববাহিকার প্রায় পুরোটাই বাংলাদেশের বাইরে ও উজানে। ফলেপ্রাকৃতিক ও মানবসৃষ্টকারণেবাংলাদেশে বন্যা খুবই স্বাভাবিক। বিশাল বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপ জনিত ঘূর্ণিঝড় তার প্রাকৃতিক বৈশিষ্ট্য অনুযায়ী যখন উত্তরে মহাদেশীয় ভূখন্ডের দিকে অগ্রসর হয় তখন বঙ্গোপসাগরে উত্তরের ফানেল আকৃতি এবং এর অব্যবহিত পরে মহাদেশীয় ভূভাগের অবস্থানের কারণে বাংলাদেশের দক্ষিণ ও দক্ষিণ পূর্বাঞ্চল এর সহজ শিকারে পরিণত হয়।

অপেক্ষাকৃত নবীন ভূ-ভাগ এবং এর মধ্য দিয়ে বয়ে চলা পদ্মা, যমুনা, মেঘনাসহ অসংখ্য নদী বর্ষাকালে যে ভয়ঙ্কর রূপ ধারণ করে, তাতে করে নদীর দুই তীরের দুর্বল ও নবীন পলিমাটি সমৃদ্ধ ভূ-ভাগ খুব সহজেই ভেঙ্গে পড়ে। বাংলাদেশের খরা পরিস্থিতি নির্ভর করে মূলত ঃ মৌসুমী বায়ুর উপর। শীতের শেষে স্বল্প কালীন গ্রীষ্ম শেষে বর্ষার আগমন ঘটে। বর্ষা মূলতঃ বঙ্গোপসাগর থেকে আগত মৌসুমী বায়ুর অবদান। কোন কারণে মৌসুমী বায়ুর আগমন বিলম্বিত হলে খরা পরিস্থিতির উদ্ভব হয়।

সুতরাং যুক্তিগত কারণে প্রাকৃতিক দুর্যোগসহ যে কোন দুর্যোগ মোকাবেলায় বাংলাদেশ স্কাউটসের DRT দেশে বিদেশে অতীব সফলতার সাথে কাজ করে যাচ্ছে। নিম্নে DRT এর কার্যক্রম আলোচনা করা হলো।

### যোগাযোগ ও দক্ষতা

বিভিন্ন দুর্যোগে আক্রান্তদের সেবাদানের লক্ষে বাংলাদেশের স্কাউটসের উদ্যোগে DRT (Disaster Response Team) টিম গঠন করা হচ্ছে। এই টীমের সদস্য হিসেবে দুর্যোগ পূর্ব, দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সেবাদানের লক্ষে সদস্যদের নিম্নবর্ণিত দক্ষতা, অভিজ্ঞতা ও যোগ্যতা থাকা প্রয়োজন।

১. দুর্যোগে সেবাদানের জন্য সদস্যদের আগ্রহ থাকতে হবে।

২. সুস্বাস্থের অধিকারী, কষ্ট করার মানসিকতা এবং দৃঢ় মনোবলের অধিকারী হতে হবে।

৩. এডাল্ট লিডারদেরকে কমপক্ষে স্কাউট/রোভার শাখায় বেসিক কোর্স সম্পন্নকারী হতে হবে।

৪. রোভার সদস্যদের দীক্ষা প্রাপ্ত হতে হবে।

৫. প্রাথমিক প্রতিবিধান ও উদ্ধার কাজের প্রাথমিক জ্ঞান অর্জন এবং প্রশিক্ষণ গ্রহণ করা হবে।

৬. সাঁতার জানা।

৭. ব্যক্তিগত নিরাপত্তা, সরঞ্জামের নাম ও ব্যবহর জানা।

৮. স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ স্থাপনে দক্ষতা।

৯. উদ্ধার বিষয়ক বিভন্ন মহড়ায় অংশগ্রহণ করা।

ডিজিস্টার রেসপন্স টীমের সদস্যদের দক্ষতা ও অভিজ্ঞতা দুর্যোগকালীন আক্রান্তদের উদ্ধার ও জীবন রক্ষায় ব্যাপক সহায়তা করবে।

### দুর্যোগ মোকাবেলায় স্কাউট, রোভার ও ডিজাস্টার রেসপন্স টীম সদস্যদের করণীয়

দুর্যোগ মোকাবেলায় স্কাউট, রোভার স্কাউট ও ডিজাস্টার রেসপন্স টীমের সদস্যরা বিভিন্নভাবে সহায়তা করতে পারে। অপর পৃষ্ঠায় তাদের করণীয় বিষয়ে আলোচনা করা হলো:

## দুর্যোগ পূর্ব

১. টীমের সকল সদস্যদের মধ্যে দায়িত্ব বন্টন করা এবং দায়িত্ব পালনে সচেষ্ট থাকা।

২. জনসচেতনতা: বাংলাদেশের যে সকল দুর্যোগ সচরাচর দেখা যায় সে বিষয়ে পূর্ব থেকেই প্রাক প্রস্তুতির ব্যাপারে স্থানীয় জনগনকে অবহিত ও প্রস্তুতি গ্রহণের ব্যাপারে উদ্বুদ্ধ করতে পারে। যেমন– বন্যা বা ঘূর্ণিঝড়ের আশংকা থাকলে বা ঘূর্ণিঝড় সংকেত দিলে উপকূলবর্তী এলাকার জনগণকে নিরাপদ আশ্রয়ে অথবা আশ্রয় কেন্দ্রে যেতে উদ্বুদ্ধ করতে পারে। প্রতিবন্ধীদের আশ্রয় কেন্দ্রে নিয়ে যাওয়ার এবং স্থানান্তরে সহায়তা করা।

৩. দুর্যোগ মোকাবেলায় নিয়োজিত যে সকল সংস্থা আছে যেমন- স্থানী প্রশাসন, রেডক্রিসেন্ট সোসাইটি, স্থানীয় এনজিওদের সাথে যোগাযোগ রক্ষা করা এবং জরুরী টেলিফোন নম্বর মূহ হাতের কাছে রাখা।

৪. হাঁস, মুরগী ও গবাদি পশুর নিরাপদ আশ্রয়ে রাখার ব্যাপারে সহায়তা করা।

৫. ভূমিকম্পের বেলা যেহেতু পূর্ব থেকে কোন সংকেত পাওয়া যায় না, তাই এ ক্ষেত্রে ভূমিকম্প উত্তর উদ্ধার কাজে বিভিন্ন সংস্থাকে সহায়তা করা। তবে ভূমিকম্প হলে যাতে বেশী না হয় সে বিষয় পূর্ব থেকেই জনগণকে সচেতন করা।

৬. উপকূলবর্তী এলাকার জনগণকে নিয়মিতভাবে রেডিওতে আবহাওয়া বার্তা শুনার জন্য উদ্বুদ্ধ করা।

৭. উদ্ধার কাজে মহড়ার আয়োজন ও অংশগ্রহণ করা।

## দুর্যোগ চলাকালীন:

১. বন্যা, ঘূর্ণিঝড়, টর্নেডো ইত্যাদির সংকেত পেলে অবস্থা অনুযায়ী স্থানীয় জনগণকে নিরাপদ আশ্রয়ে যাওয়ার জন্য উদ্বুদ্ধ করা।

২. শুকনা খাবার, খাবার স্যালাইন, কিছু প্রয়োজনীয় ঔষধ, নিরাপদ পানি সংগ্রহ এবং পানি বিশুদ্ধ করার জন্য ঔষধ/ফিটকিরি মজুদ রাখা

৩. উদ্ধার অভিযান পরিচালনার জন্য প্রয়োজনীয় হালকা উপকরণ সাথে রাখা।

৪. আশ্রয় কেন্দ্রের শৃঙ্খলা রক্ষা করতে সহায়তা করা।

৫. আশ্রিত ব্যক্তিদের তালিকা তৈরী করা।

৬. আশ্রয় কেন্দ্রে ত্রাণ বিতরণে সহায়তা করা।

৭. স্থানীয় প্রশাসন, রেড ক্রিসেন্ট সোসাইটি, এনজিও এবং টীম লিডারসহ দলের অন্যান্যদের সাথে যোগাযোগ রক্ষা করা ও সহায়তা করা।

## দুর্যোগ পরবর্তী:

১. উদ্ধার অভিযান পরিচালনায় স্থানীয় প্রশাসন, এনজিও ও রেড ক্রিসেন্টকে সহায়তা করা।

২. ত্রাণ বিতরণে সহায়তা করা।

৩. প্রাথমিক চিকিৎসাসহ সেবাদান করা এবং আহত ব্যাক্তিদেরকে হাসপাতালে স্থানান্তরে সহায়তা করা।

৪. ভাঙ্গা গাছপালা অপসরণ করে রাস্তাঘাটসমূহ যান চলাচলের উপযোগী করতে সহায়তা করা।

৫. মৃত গবাদি পশু-পাখি মাটিতে পুঁতে ফেলতে সহায়তা করা।

৬. ভাঙ্গা ঘর-বাড়ি, স্কুল-কলেজ, মসজিদ-মাদ্রাসা, মন্দির, প্যাগোডা ইত্যাদি মেরামতে সহায়তা করা।

৭. নিরাপদ পানি সরবরাহ অথবা পানি বিশুদ্ধ করার ঔষধ ও খাবার স্যালাইন বিতরণে সহায়তা করা।

৮. পরিষ্কার পরিচ্ছন্ন করার কাজে সহায়তা দান করা।

৯. স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ রক্ষা করা।

১০. উপজেলা, জেলা, আঞ্চলিক স্কাউট ও বাংলাদেশ স্কাউটসের জাতীয় সদর দফতরের নির্দেশনাবলী অনুসরণ করা।

## বিভিন্ন দুর্যোগে হত বা আহত হলে প্রাথমিক প্রতিবিধানের পাশাপাশি তাৎক্ষণিক করণীয়:

ডিজাস্টার রেসপন্স টীমের সদস্যগণ দুর্যোগ পূর্বে, দুর্যোগকালীন এবং দুর্যোগ পরবর্তী বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণ করে। দুর্যোগকালীন যাঁরা আহত বা নিহত হন তাঁদের সেবায় টীমের সদস্যগণকে এগিয়ে আসতে হয়। আহতদেরকে প্রাথমিক চিকিৎসা দিয়ে অবস্থা অনুযায়ী হাসপাতালে পাঠাতে হয়। অনেক সময় এ্যাম্বুলেন্সের অপেক্ষা না করে নিজেদের স্বীয় উদ্যোগে বা বিকল্প বাহনে রোগীকে হাসপাতাল বা ডাক্তারের নিকট পৌঁছে দিতে হয়। অনেক সময় এধরণের রোগীদের অপারেশন করার প্রয়োজন হলে রক্তের যোগান দিতে হয়। রোগীর পাশে থেকে মানসিক সাহস যোগাতে হয়। আত্মীয়স্বজনদেরও সাহস দিতে হয়। তাই শুধু প্রাথমিক প্রতিবিধানে রেসপন্স টীমের সদস্যদের দায়িত্ব শেষ হয় না বরং রোগী একটু সুস্থ হওয়া পর্যন্ত সহযোগিতা প্রদানের প্রয়োজন পড়ে।

এছাড়াও অনেক সময় রোগী আহত বা অচৈতন্য হলে শ্বাস প্রশ্বাস পরীক্ষা করে দেহে প্রাণের স্পন্দন পাওয়া গেলে নিকটস্থ হাসপাতালে রোগীকে পৌঁছে দিয়ে তাঁর পরিবার বা স্বজনদেরকে খবর পৌঁছে দিতে হয়। এ সকল কাজের পাশাপাশি দুর্যোগে কোন ব্যক্তি নিহত হলে বা কোন ব্যক্তির মৃতদেহ পাওয়া গেলে রেসপন্স টীমের সদস্যদেরকে নিম্নবর্ণিত দায়িত্ব পালন করতে হয়।

* রোগী/ব্যক্তি জীবিত না মৃত তা নিশ্চিত হতে হবে।
* স্থানীয় প্রশাসন ও থানাকে অবহিত করতে হবে।
* মৃতদেহ ঢেকে রাখার ব্যবস্থা করতে হবে।
* স্থানীয় জনপ্রতিনিধিকে এ ব্যাপারে অবহিত করে মৃতদেহ হস্তান্তর করতে হবে।
* নিহত ব্যক্তির ঠিকানা জানার চেষ্টা করে স্বজনদের খবর দেয়ার চেষ্টা করতে হবে।
* সম্ভব হলে স্বজনদের লাশ দাফনে সহযোগিতা করা

## দুর্যোগে সেবাদানের জন্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ

কোন দুর্যোগে বলে কয়ে আসে না। তবে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের পূর্বাভাস ও লক্ষণ দেখে দুর্যোগের ভয়াবহতা অনুমান করা যায়। কোন দুর্যোগের পূর্বাভাস পেলে ডিজাস্টার রেসপন্স টীমের সদস্যগণকে আক্রান্তদের সহায়তায় এগিয়ে আসতে হয়। তাই সম্ভব হলে সাথে সাথে স্থানীয় প্রশাসন, ফায়ার সার্ভিস ও সেবাদানকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ স্থাপন করতে হবে। বর্তমান তথ্য প্রযুক্তির যুগে যোগাযোগ স্থাপনের জন্য বিভিন্ন আধুনিক পদ্ধতি বিদ্যমান রয়েছে। তাছাড়া কোন জেলা ও উপজেলা বাংলাদেশের স্কাউটসের ডিজাস্টার রেসপন্স টীম গঠন হলে স্থানীয় প্রশাসন ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের কাছে পূর্বেই অবহিত করা প্রয়োজন। এতে কার্যকারী যোগাযোগ প্রতিষ্ঠিত হয়। তাই কার্যকারী যোগাযোগের জন্য টীম লিডারের ভূমিকা অগ্রগণ্য।

বাংলাদেশের সকল উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও উপজেলা স্কাউটসের সভাপতি। একইভাবে জেলা পর্যায়ের জেলা প্রশাসক জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভাপতি এবং জেলা স্কাউটস ও জেলা রোভারের সভাপতি। কাজেই এব্যাপারে জেলা ও উপজেলা প্রশাসনের সাথে সহজেই কার্যকারী যোগাযোগ করা সম্ভব। তাছাড়া নিঃস্বার্থ সেবাদানে স্কাউটসের ভূমিকা সর্বমহলে প্রশংসিত। তাই দলনেতা নিজে বা জেলা/উপজেলা স্কাউটসের মাধ্যমে জেলা এবং উপজেলা প্রশাসনের সাথে সহজেই যোগাযোগ করতে পারেন এবং ফলাফল ও পরিস্থিতি অবহিত করতে সক্ষম হবেন। একইভাবে দুর্যোগকালে অন্যান্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে টেলিফোনে বা মোবাইলের যোগাযোগ করলে তাৎক্ষণিক সাড়া পাওয়া যাবে কেননা দুর্যোগ আক্রান্তদের সেবাপ্রদানে সকল প্রতিষ্ঠানের নিজস্ব প্রস্তুতি ও তৎপরতা থাকে। এর পাশাপাশি রয়েছে সরকারী নির্দেশনা। দুর্যোগ মোকাবেলায় সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণ আক্রান্তদের দুর্যোগ প্রশমনে সহায়তা করে।

# ঝুঁকি এবং নিরাপত্তা ব্যবস্থাপনা
## সেশন প্লান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **সেশনের নাম** | : | ঝুঁকি এবং নিরাপত্তা ব্যবস্থাপনা | **কোর্স** | : | ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | | **তারিখ** | : | |
| **আরম্ভের সময়** | : | | **শেষ করার সময়** | : | |
| **মোট সময়** | : | | **শিক্ষাদানের তারিখ** | : | |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. ঝুঁকি কী তা ব্যাখ্যা করতে পারবেন
২. ঝুঁকির ধরন ও প্রকারভেদ বর্ণনা করতে পারবেন
৩. নিরাপত্তা ব্যবস্থাপনা কী এবং কেন তা ব্যাখ্যা করতে পারবেন
৪. নিরাপত্তার উপকরণসমূহ আলোচনা করতে পারবেন
৫. নিরাপত্তায় অপ্রাকৃতিক বিষয়সমূহ বর্ণনা করতে পারবেন।

**সূচিপত্র** (সার-সংক্ষেপ)

১. ঝুঁকি কী; ২. ঝুঁকির প্রকার ও ধরণ; ৩. নিরাপত্তা ব্যবস্থাপনা কী এবং কেন; ৪. নিরাপত্তা ব্যবস্থাপনায় করণীয়;
৫. নিরাপত্তার উপকরণসমূহ; ৬. অপ্রাকৃতিক বিষয়সমূহ

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

১। ভূমিকা
২। ঝুঁকি কী
৩। ঝুঁকির প্রকার ও ধরণ
৪। নিরাপত্তা ব্যবস্থাপনা কী এবং কেন
৫। নিরাপত্তা ব্যবস্থাপনায় করণীয়
৬। নিরাপত্তার উপকরণসমূহ
৭। অপ্রাকৃতিক বিষয়সমূহ
৮। সামিং আপ
৯। প্রশ্ন উত্তর পর্ব
১০ সমাপ্তি

**প্রশিক্ষণ পদ্ধতি:** লেকচার পদ্ধতি ও ডেমোনেস্ট্রেশন পদ্ধতি

### সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ
মাল্টিমিডিয়া প্রজেক্টর, ল্যাপটপ, পোস্টার পেপার, মার্কার পেন, পয়েন্টার, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট, হ্যান্ড আউট ইত্যাদি।

### ফলোআপ/ অনুসরণ প্রক্রিয়া (সেশন পরবর্তী)
স্কাউটিংয়ে ঝুঁকির ক্ষেত্র নির্ধারণ করে কাউন্সিলরকে দেখাবে।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| স্বাক্ষর | : | | স্বাক্ষর | : | |
| কোর্স লিডার | : | | সেশন পরিচালক | : | |

# ঝুঁকি এবং নিরাপত্তা ব্যবস্থাপনা

ঝুঁকি: কোন কার্যক্রম পরিচালনাকালে যদি কোন প্রকার ক্ষতির সম্ভাবনা থাকে তাহলে তাকে ঝুঁকি বলা যেতে পারে।

## ঝুঁকির প্রকার

১. **প্রাকৃতিক ঝুঁকি:** ঝড়, তুফান, সাইক্লোন, হারিকেন, বজ্রপাত, সুনামি, অগ্নিউদগীরণ ইত্যাদি;

২. **অপ্রাকৃতিক ঝুঁকি:** আগুন, পানি, গ্যাস, রাসায়নিক দ্রব্য দূর্ঘটনা জনিত (বিভিন্ন স্কাউট কার্যক্রম পরিচালনা কালে ও যাতায়াত পরিবহন কালে) হিংস্র জীবজন্তুর আক্রমণ জনিত ঝুঁকি ইত্যাদি।

## ঝুঁকির ধরণ

১. আংশিক হাত পা ভাঙ্গা, শরীরের কোন না কোন অংশের ক্ষতি হওয়া বা আঘাত পাওয়া, কোন সম্পদের ক্ষতি হওয়া ইত্যাদি।

২. পূর্ণাঙ্গ কার্যক্ষমতা হারিয়ে ফেলা, সম্পন্ন শরীর অচল হয়ে যাওয়া, মৃত্যুজনিত ক্ষতি ইত্যাদি।

## নিরাপত্তা ব্যবস্থাপনা :

নিরাপত্তা: ঝুঁকি থেকে নিজেকে নিরাপদ রাখার জন্য যে সব প্রতিরোধমুলক ব্যবস্থা নেয়া হয় তাঁকে নিরাপত্তা বলা যেতে পারে।

ব্যবস্থাপনা : ঝুঁকির কারণে সৃষ্ট ক্ষতিকে পুষিয়ে নেয়ার জন্য যে সব কর্মপস্থা অবলম্বন করা হয় তাকে ঝুঁকির নিরাপত্তা ব্যবস্থাপনা বলা যেতে পারে।

## নিরাপত্তা ব্যবস্থার জন্য করণীয়

১. সুষ্ঠু পরিকল্পনা;

২. সংগঠন;

৩. বাস্তবায়ন;

৪. নিরাপত্তা ব্যবস্থাসমূহ।

## নিরাপত্তার উপকরণসমূহ

১. প্রাথমিক প্রতিবিধান;

২. পানি ও আগুন থেকে উদ্ধার কাজের সরঞ্জাম (রোলাইন, লাইফ জ্যাকেট, লাইফ লাইন, ভাসমান বস্তু, বালি, ফায়ার ইষ্ঠিংগুইশার ইত্যাদি);

৩. বিভিন্ন ঝুঁকির উদ্ধার কর্মী ও সরঞ্জাম।

## অপ্রাকৃতিক ঝুঁকি নিরসনের উপায়

১. তাঁবুতে মোমবাতি না জ্বালানো;

২. বৈদ্যুতিক সংযোগ না রাখা;

৩. রান্নার পর আগুন নিভিয়ে দেয়া;

৪. প্যাট্রোল ডিউটি কার্যকর রাখা;

৫. বিশুদ্ধ পানি ব্যবহার নিশ্চিত করা;

৬. সাঁতার না জানলে পানিতে নামতে না দেয়া;

৭. পানিতে পড়ে গেলে দ্রুত উদ্ধার করে প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করা;

৮. বিষাক্ত গ্যাস, রাসায়নিক দ্রব্য ইত্যাদি থেকে নিরাপদ দূরত্ব থাকা;

৯. নিরাপদ ও ঝুঁকিহীন যানবাহনে যাতায়াত করা;
১০. বাস, ট্রেন, লঞ্চ ইত্যাদির ছাদে না উঠা ও অতিরিক্ত বোঝা বহন না করা;
১১. চলাচলে সাবধানাতা ও সতর্কতা অবলম্বণ করা;
১২. তাড়াহুড়া করে অপ্রস্তুত অবস্থায় যানবাহনে না চলা;
১৩. নির্দিষ্ট সময়ের পূর্বে গন্তব্যে পৌছার পরিকল্পনা ও পর্যন্ত সময় হাতে রাখা;
১৪. যাতায়াতের সময় বাসে ও অস্বাস্থ্যকর কিছু আহার না করা;
১৫. চলাচলের প্রতিটি ক্ষেত্রে স্কাউট আইন মেনে চলা;
১৬. ইউনিট লিডারকে দায়িত্বশীল ও সতর্কতা দৃষ্টি রাখা;
১৭. কোন ক্যাম্পুরী / জাম্বুরীতে অংশগ্রহণের পূর্বে অভিভাবকদের লিখিত অনুমতি পত্র গ্রহণ করা।

## নিরাপত্তার উপকরণসমূহ

১. প্রাথমিক প্রতিবিধান;
২. পানি ও আগুন থেকে উদ্ধার কাজের সরঞ্জাম (রোলাইন, লাইফ জ্যাকেট, লাইফ লাইন, ভাসমান বস্তু, বালি ফায়ার ইস্টিংগুইশার ইত্যাদি)
৩. বিভিন্ন ঝুঁকির উদ্ধার কর্মী ও সরঞ্জাম।

## স্কাউটিংয়ে ঝুঁকিসমূহের ক্ষেত্র

প্যাক মিটিং, কাব কার্নিভাল, কাব অভিযান, কাব হলিডে ও কাব ক্যাম্পুরীতে ঝুঁকিসমূহ কী কী এবং ঝুঁকি নিরসনের উপায় নির্ধারণ।

| কার্যক্রমের নাম | ঝুঁকিসমূহ | ঝুঁকি নিরসন বা নিরাপত্তায় করণীয় |
|---|---|---|
| | | |

# গ্রুপ রেকর্ডস
## সেশন প্লান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **সেশনের নাম** | : | গ্রুপ রেকর্ডস | **কোর্স** | : | ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | | **তারিখ** | : | |
| **আরম্ভের সময়** | : | | **শেষ করার সময়** | : | |
| **মোট সময়** | : | | **শিক্ষাদানের তারিখ** | : | |

**ব্যবহারিক উদ্দেশ্য:** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. স্কাউট গ্রুপে কী কী রেকর্ড সংরক্ষণ করতে হয় সে সম্পর্কে ধারণা লাভ করে এবং তার গুরুত্ব ব্যাখ্যা করতে সক্ষম হবেন।

২. আমার স্কাউট রেকর্ড বই সংরক্ষণ পদ্ধতি জেনে ইউনিটে কিভাবে সংরক্ষণ করা যাবে তার কৌশল বলতে পারবেন।

**সূচিপত্র** (সার-সংক্ষেপ)

১। রেকর্ড কী ২। রেকর্ড এর গুরুত্ব ৩। একটি গ্রুপে কী কী রেকর্ড সংরক্ষণ করতে হয়। ৪। আমার স্কাউট রেকর্ড বহি সংরক্ষণ পদ্ধতি, ৫। স্কাউটদের ব্যক্তিগত রেকর্ড সংরক্ষণ পদ্ধতি।

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১। | রেকর্ড কী? | ০৩ মি. |
| ২। | রেকর্ড এর গুরুত্ব | ১০ মি. |
| ৩। | গ্রুপে কী কী রেকর্ড সংরক্ষণ করতে হয় | ২০ মি. |
| ৪। | আমার স্কাউট রেকর্ড বহি সংরক্ষণ পদ্ধতি | ১০ মি. |
| ৫। | ব্যক্তিগত রেকর্ড সংরক্ষণ পদ্ধতি | ১০ মি. |
| ৬। | সামিং আপ | ০২ মি. |
| ৭। | প্রশ্ন উত্তর পর্ব | ০৩ মি. |
| ৮। | গান | ০২ মি. |
| | **মোট সময় =** | **৬০ মিনিট** |

**প্রশিক্ষণ পদ্ধতি:** লেকচার ও ডেমোনেস্ট্রেশন পদ্ধতি

### সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ

মাল্টিমিডিয়া প্রজেক্টর, ল্যাপটপ, পোস্টার পেপার, মার্কার পেন, পয়েন্টার, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট, হ্যান্ড আউট,আমার স্কাউট রেকর্ড, বিভিন্ন রেকর্ডের নমুনা চার্ট ইত্যাদি।

### ফলোআপ/ অনুসরণ প্রক্রিয়া (সেশন পরবর্তী)

১। একটি গ্রুপে কি কি রেকর্ড সংরক্ষণ করতে হয় তার একটি চার্ট তৈরি করে কাউন্সিলরকে দেখাবেন।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| স্বাক্ষর | : | | স্বাক্ষর | : | |
| কোর্স লিডার | : | | সেশন পরিচালক | : | |

# গ্রুপ রেকর্ডস

গ্রুপের রেকর্ডপত্র সংরক্ষণ একটি গুরুত্বপূর্ণ বিষয়। গ্রুপে যে সকল বিষয়ের উপর কাযক্রম চলে তার বর্ণনাসহ বিভিন্ন তথ্য সংরক্ষণ একটি অপরিহার্য অঙ্গ। যথাযথভাবে রেকর্ডপত্র সংরক্ষণ না করলে দলের কার্যক্রম দীর্ঘ মেয়াদী ধরে রাখা সম্ভব হয় না। দল খোলার সাথে সাথে প্রয়োজনীয় রেকর্ডপত্র যথাযথভাবে সংরক্ষণ না করলে পরবর্তীতে দায়িত্ব প্রাপ্ত ইউনিট লিডার দলের কার্যক্রম পরিচালনায় বাঁধা প্রাপ্ত হয়ে হতাশাগ্রস্থ মনে ইউনিটের দায়িত্ব পালনে অনিচ্ছা প্রকাশ করে থাকেন। একটি গ্রুপে নিম্নোক্ত রেকর্ডপত্র সংরক্ষণ করা দরকার।

১. **রেজিস্ট্রেশন / নবায়ন ও পরিসংখ্যান রেজিস্টার**

ইউনিট লিডার প্রতিবছরে নির্ধারিত ফরমে দলের রেজিস্ট্রেশন নবায়ন করবেন এবং তার সঙ্গে ইউনিটের পরিসংখ্যানসহ তথ্য পাঠাবেন। রেজিস্ট্রেশন / নবায়নের ও পরিসংখ্যানের জন্য ফাইল থাকতে হবে। পরিসংখ্যানের জন্য পৃথক রেজিস্টার সংরক্ষণ করবেন।

২. **গ্রুপ অধিবেশন কার্যবিবরণী রেজিস্টার**

গ্রুপ কাউন্সিল মিটিং ও গ্রুপ কমিটির মিটিং সম্পর্কিত কার্যবিবরণী রেজিস্টার গ্রুপ কমিটির সম্পাদক সংরক্ষণ করবেন।

৩. **গ্রুপ স্কাউটারস কাউন্সিল অধিবেশনের কার্যাবিবরণী রেজিস্টার**

গ্রুপ স্কাউটারস কাউন্সিল মিটিংয়ের জন্য রেজিস্টার গ্রুপ সম্পাদকের তত্ত্বাবধানে থাকবে।

৪. **ক্যাশ বই**

কোষাধ্যক্ষ ক্যাশ বই, ভাউচার এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্র সংরক্ষণ করবেন। কোষাধ্যক্ষ ও অনুমোদিত অপর একজন সদস্যসহ দু'জনের যুক্ত স্বাক্ষরে ব্যাংকে সঞ্চয়ী হিসাব পরিচালিত হবে।

৫. **মজুদ রেজিস্টার**

গ্রুপের যাবতীয় মালামাল ও সম্পদের তালিকা ও রেকর্ডপত্র গ্রুপ স্কাউট লিডার সংরক্ষণ করবেন।

৬. **ইউনিট রেজিস্টার/ভর্তি রেজিস্টার**

প্রত্যেক কাব বা স্কাউটের জীবন বৃত্তান্ত, ভর্তির তারিখ, হাজিরা, সঞ্চয় আদায়, উপদল /ষষ্ঠক বন্টন বিষবয়ক বিস্তারিত রেকর্ড থাকবে। ইউনিট লিডার সেটি সংরক্ষণ করবেন।

৭. **ক্রমোন্নতিশীল রেজিস্টার**

স্কাউটদের ভর্তির পর থেকে সর্বোচ্চ ব্যাজ অর্জন পর্যন্ত সকল রেকর্ডপত্র এই বইতে ইউনিট লিডারের মাধ্যমে সংরক্ষণ করা হয়।

**নিম্নে ক্রমোন্নতিশীল রেজিস্টারের ছক দেয়া হল**

| ক্রমিক নং | নাম | ভতির তারিখ | জন্ম তারিখ | দীক্ষা গ্রহণের তারিখ | তারাা ব্যাজ অর্জনের তারিখ | চাঁদব্যাজ অর্জনের তারিখ | চাঁদতারা ব্যাাজ অর্জনের তারিখ | শাপলা কাব অ্যাওয়ার্ড অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |

ক্রমোন্নতিশীল রেজিস্টারে কখন কোন কোন পারদর্শিতা ব্যাজ পেয়েছে তাও উল্লেখ থাকতে হবে।

৮. **লগবই:** লগবই হল ইউনিট, গ্রুপ বা ষষ্ঠক/ উপদলের সংক্ষিপ্ত ডাইরী। এই বইটি সংশ্লিষ্ট সম্পাদক সংরক্ষণ করবেন। সংক্ষিপ্ত বিবরণের সাথে আলোকচিত্র রাখা হয়। নিম্নে লগ বইয়ের একটি ছক দেয়া হল:

| ক্রমিক নং | তারিখ | স্থান | বিষয়/শিরোনাম | বিস্তারিত বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

## ৯. ষষ্ঠক/উপদল রেজিস্টার

ষষ্ঠক/উপদল ভিত্তিক ইউনিট রেজিস্টারের ন্যায় উপদল রেজিস্টার থাকবে। উপদল নেতা এটা সংরক্ষণ করবে।

## ১০. ইউনিট লিডারের ডাইরী

ইউনিট লিডার তার দলের সকল কাব /স্কাউটদের পৃথক পৃথক চারিত্রিক বৈশিষ্ট, দুর্বলতা, উন্নতি, সমস্যাবলী ইত্যাদি এই বইয়ে লিখে রাখবেন।

## ১১. ষষ্ঠক/উপদল পরিষদ

কার্যবিবরণী রেজিস্টার: উপদল পরিষদের সকল মিটিংয়ের কার্যবিবরণী এই রেজিস্টারে সংরক্ষণ করতে হয়। সম্পাদক এই রেজিস্টার সংরক্ষণ করবেন।

## ১২. ষষ্ঠক/উপদল নেতা পরিষদ কার্যবিবরণী রেজিস্টার

ষষ্ঠক/ উপদল নেতা পরিষদের সকল মিটিংয়ের কার্যবিবরণী এই রেজিস্টারে সংরক্ষণ করতে হবে। সম্পাদক এই রেজিস্টার সংরক্ষণ করবে।

উপরোক্ত প্রতিটি রেজিস্টার সম্পর্কিত ফাইল অবশ্যই সংরক্ষণ করতে হবে। কাজের সুবিধা এবং শৃংখলার জন্য আরও রেকর্ডপত্র সংরক্ষণ করা দরকার। যেমন পেপার কার্টিং ফাইল, এলবাম, বিভিন্ন কার্যক্রমের উপর ফাইল। প্রতি বিষয়ের উপর পৃথক পৃথক ফাইল ও রেজিস্টার সংরক্ষণ করা বাঞ্ছনীয়।

* সদস্য ফি আদায় ও পরিশোধের তথ্য সংরক্ষণ করতে হবে।

## ১৩. উপস্থিতি রেজিস্টার

কাব, স্কাউট ও রোভার বিভিন্ন কার্যক্রমে উপস্থিতির বিষয়ে এ রেজিস্টারে সংরক্ষিত থাকবে।

## ১৪. পরিদর্শন বহি

প্রত্যেক ইউনিট তার দলে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের পরিদর্শনের সময় অভিমত ও মন্তব্য লিপিবদ্ধ করার জন্য একটি পরিদর্শন বই সংরক্ষণ করবে।

# স্কাউট ডেন
## সেশন প্লান

| | | | | |
|---|---|---|---|---|
| **সেশনের নাম** | : স্কাউট ডেন | **কোর্স** | : | ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : | |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : | |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : | |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১। স্কাউট ডেন, সম্পর্কে জ্ঞান অর্জন করে তা ব্যাখ্যা করতে পারবেন।

২। ডেন সজ্জার কৌশল সম্পর্কে ধারণা লাভ করবেন এবং দলে বাস্তবায়ন করার কৌশল ব্যাখ্যা করতে পারবেন।

**সূচিপত্র** (সার-সংক্ষেপ)

১। স্কাউট ডেন, ২। ডেন সজ্জিতকরণ, ৩। প্যাট্রোল।

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১। | ভূমিকা | ০২ মি. |
| ২। | ডেন | ১০ মি. |
| ৩। | স্কাউট ডেন সজ্জিতকরণ | ০৮ মি. |
| ৪। | প্যাট্রোল কর্ণার | ০৭ মি. |
| ৫। | প্রশ্নোত্তর পর্ব | ০৩ মি. |
| | **মোট =** | **৩০ মিনিট** |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার

## সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ

মাল্টিমিডিয়া প্রজেক্টর, ল্যাপটপ, পোস্টার পেপার, মার্কার পেন, পয়েন্টার, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট, হ্যান্ড আউট ইত্যাদি।

## ফলোআপ/ অনুসরণ প্রক্রিয়া (সেশন পরবর্তী)

১। ডেন এরিয়ায় কী কী দ্রব্যাদি রাখা প্রয়োজন তার তালিকা তৈরি করে কাউন্সিলরকে দেখাবেন।

| | |
|---|---|
| স্বাক্ষর : | স্বাক্ষর : |
| কোর্স লিডার : | সেশন পরিচালক : |

# স্কাউট ডেন

'ডেন' শব্দের আভিধানিক অর্থ হলো গুহা। স্কাউট আন্দোলনের প্রতিষ্ঠাতা বি, পি স্কাউট কার্যক্রমে প্রাকৃতিক তথ্য ও জংগলের পরিবেশ এবং প্রাণীকুল থেকে তাদের আচরণের সুন্দর দিকগুলো তুলে আনার চেষ্টা করেছেন। কারণ স্কাউট বয়সীদের কাছে এগুলো অত্যন্ত প্রিয়। প্রাণীকুলের মধ্যে নেকড়ে বাঘ, সিংহ ইত্যাদি বেশ শক্তিধর, ক্ষিপ্রগতি সম্পন্ন। শিকারে অত্যন্ত পারদর্শী। আর শিকার করার জন্য তারা পরিকল্পনা রচনা করে এবং সে মোতাবেক তারা পদক্ষেপ গ্রহণ করে। আবার অবসরে তারা পাহাড়-পর্বতের গুহায় অবসর সময় কাটায়। এছাড়াও গভীর অরণ্যে বসবাসকারী মানুষ নিরাপত্তার জন্য গুহায় বসবাস করতেন। এই ধারণা থেকে স্কাউটিংয়ে বি পি স্কাউটদের কাজকর্ম করায় কক্ষকে ডেন হিসেবে নামকরণ করেছেন। এতে করে স্কাউটদের মধ্যে অনুসন্ধিৎসু মনোভাব জাগ্রত হবে। এটি মূলত স্কাউট ইউনিটের কার্যালয়।

মূলতঃ স্কাউটিং হলো স্কাউট বয়সীদের জন্য অবসর সময়ের কাজ। স্কাউটরা অবসর সময়ে একত্রিত হয়ে তাদের কার্যক্রমের পরিকল্পনা করে এবং তা বাস্তবায়ন করে। তাদের স্কাউট কার্যক্রম বাস্তবায়নের জন্য পরিপাটি ইউনিটের একটি কক্ষ থাকে, সেখানে তারা অবসর সময়ে বসে দলের স্কাউটিং কার্যক্রমের পরিকল্পনা গ্রহণ করে এবং তা  বাস্তবায়নের উদ্যোগ নেয়। এছাড়াও ঐ ঘরে তারা তাদের প্রশিক্ষণে ব্যবহারযোগ্য উপকরণ ও রেকর্ডপত্র সংরক্ষণ করে থাকে। তাদের এরূপ ব্যবহারযোগ্য ঘরকে 'স্কাউট ডেন' বলা হয়। কাব স্কাউটদের ব্যবহৃত কক্ষকে 'কাব স্কাউট ডেন' এবং রোভার স্কাউটদের ব্যবহৃত কক্ষকে ' রোভার স্কাউট ডেন' বলে। প্রত্যেক স্কাউট ইউনিটে একটি সুসজ্জিত পূর্ণাঙ্গ ডেন থাকা আবশ্যক।

## ডেন সজ্জিতকরণ

প্রতিটি স্কাউট গ্রুপ তাদের ডেনকে নিজেদের সংগৃহীত এবং তৈরি আসবাবপত্র দিয়ে সাজিয়ে তুলবে। একটি কক্ষে চারটি কোন চারটি ষষ্ঠক/প্যাট্রোল/উপদলের অংশ বলে নির্ধারণ করে দেয়া হয়। প্রতিটি ষষ্ঠক ও উপদল তাদের প্রয়োজনীয় উপকরণ তাদের নির্ধারিত স্থানে সংরক্ষণ করে। স্কাউট ডেনের মাঝের অংশের যত্ন সকলে মিলে নেয়। প্যাট্রোল কর্নার অবশিষ্ট অংশের যে কোন এক জায়গায় গ্রুপ স্কাউট  লিডার/ইউনিট লিডারের বসার ব্যবস্থা থাকে। গ্রুপ লাইব্রেরী, গ্রুপ রেকর্ডস, গ্রুপ সম্পাদনের ক্রমোন্নতিশীল চার্ট, বিভিন্ন রেজিস্টার, নথিপত্র ইত্যাদি সংরক্ষণ ছাড়া গ্রুপ পতাকা, রশি, কপিকল, পাইওনিয়ারিং এর উপকরনাদি সংরক্ষন করা হয়। অবশ্য এই সবই নির্ভর করে স্কাউট ডেন হিসেবে ডেন কক্ষের আকারের উপর। ফাঁকা জায়গায় প্রয়োজনমত প্যাট্রোল লিডার্স কাউন্সিল/উপদল নেতা পরিষদের সভা ও স্কাউট কাউন্সিলের সভা আয়োজন করা হয়।  ডেনে প্রাথমিক প্রতিবিধান বক্স (ফাস্ট এইড বক্স) রাখা অবশ্যই প্রয়োজন।

## প্যাট্রোল কর্নার

প্রতিটি ষষ্ঠক/উপদল তাদের ষষ্ঠক/প্যাট্রোল কর্ণারে বসবার ব্যবস্থা, নিজেদের রশি, লাঠি, তৈজসপত্র, প্রকৃতি পর্যবেক্ষণ সংগৃহীত জিনিসপত্র, খেলার উপকরণ, উপদল পতাকা, উপদলের সদস্যদের ক্রমোন্নতি চার্ট, নটিং বোর্ড, হাজিরা খাতা, হ্যাভারসেক, কিটব্যাগ ইত্যাদি সংরক্ষণ করে থাকে। ষষ্ঠক পরিষদের/উপদল পরিষদের সভাও প্যাট্রোল কর্নারেই অনুষ্ঠিত হয়।

# অনুমান
## সেশন প্লান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **সেশনের নাম** | : | অনুমান | **কোর্স** | : | ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | | **তারিখ** | : | |
| **আরম্ভের সময়** | : | | **শেষ করার সময়** | : | |
| **মোট সময়** | : | | **শিক্ষাদানের তারিখ** | : | |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. অনুমান কী এবং কেন তা ব্যাখ্যা করতে পারবেন
২. উচ্চতা ও দূরত্ব নির্ণয়ে অনুমানের ব্যবহার বর্ণনা করতে পারবেন
৩. উচ্চতা ও দূরত্ব নির্ণয়ে বিভিন্ন পদ্ধতি ব্যাখ্যা করতে পারবেন।
৪. থাম্ব, ইঞ্চি-ফুট ও ছায়া পদ্ধতি ও জ্যামিতিক পদ্ধতি ব্যবহার করে দূরত্ব ও উচ্চতা নির্ণয় করতে পারবেন।

**সূচিপত্র** (সার-সংক্ষেপ)

১. অনুমান কী; ২. অনুমানের প্রয়োজনীয়তা; ৩. উচ্চতা ও দূরত্ব নির্ণয়ের পদ্ধতি; ৪. থাম্ব মেথড; ৫. ইঞ্চি-ফুট ও ছায়া পদ্ধতি
৬. জ্যামিতিক পদ্ধতি

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

১. ভূমিকা
২. অনুমান কী
৩. অনুমানের প্রয়োজনীয়তা
৪. উচ্চতা ও দূরত্ব নির্ণয়ের পদ্ধতি
৫. থাম্ব মেথড
৬. ইঞ্চি-ফুট ও ছায়া পদ্ধতি
৭. জ্যামিতিক পদ্ধতি
৮. ব্যবহারিক
৯. সামিং আপ
১০. প্রশ্নত্তোর ও সমাপ্তি

**প্রশিক্ষণ পদ্ধতি:** লেকচার পদ্ধতি ও ডেমোনেস্ট্রেশন পদ্ধতি

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:**

মাল্টিমিডিয়া প্রজেক্টর, ল্যাপটপ, পোস্টার পেপার, মার্কার পেন, পয়েন্টার, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট, দন্ড স্কেল, রশি, পেগ বা খুঁটি ইত্যাদি।

**ফলোআপ/ অনুসরণ প্রক্রিয়া** (সেশন পরবর্তী)

১। হাইক -এর সময় দূরুত্ব উচ্চতা নির্ণয় করে দেখাবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| স্বাক্ষর | : | | স্বাক্ষর | : | |
| কোর্স লিডার | : | | সেশন পরিচালক | : | |


# অনুমান
# (Estimation)

## থাম্ব পদ্বতি

যে পদ্বতিতে থাম্ব (বুড়ো আঙ্গুল) এর সাহায্যে দুরুত্ব মাপা হয় তাকেই থাম্ব মেথড বলা হয়। এই পদ্বতিতে মাপার জন্য কোন প্রকারের যন্ত্রপাতির প্রয়োজন নেই।

## কাজের ধারা

ধরা যাক একটি মাঠের দৈর্ঘ্য কত তা মাপতে হবে। এই পরিমাপের জন্য কাজের ধারা নিম্নরুপঃ




১. মাঠের একপ্রান্তে পরিমাপকারী স্কাউটকে সোজা হয়ে দাঁড়াতে হবে। ধরি সে এ বিন্দুতে দাঁড়াল।

২. যে কোন একটি হাত সামনের দিকে আনুভূমিক ভাবে প্রসারিত করে বুড়ো আঙ্গুলটিকে কব্জির পর থেকেই খাড়া করে রাখতে হবে।

৩. এখন চোয়াল ঐ হাতের বাহুতে দৃঢ় ভাবে ঠেকাতে হবে এবং মাথা কোনটাই না নড়ে।

৪ এবার বাম চোখ বন্ধ করে ডান চোখে সামনের দিকে তাকালে দেখা যাবে বুড়ো আঙ্গুলের সাথে ওপরের একটি বিন্দু মিলে যাবে। অর্থাৎ ডান চোখ R বুড়ো আঙ্গুল T এবং ঐ বিন্দু একই রেখায় অবস্থিত। ধরা যাক বিন্দুটি X।

৫. একই ভাবে ডান চোখ বন্ধ করে বাম চোখের তাকালে অপর একটি বিন্দু চিহ্নিত Y হবে।

৬. ঐ পারের এই দুই বিন্দুর দুরুত্ব অনুমান করে নিতে হবে। দুই বিন্দুর দুরুত্ব যতটুকু হবে মাঠের প্রস্থ হবে তার ৯ গুন। অর্থাৎ XY = d হলে মাঠটির দের্ঘ ৯ d.

## জ্যামিতিক পদ্ধতি


জ্যামিতিক উপায়ে এই পদ্বতিতে দূরত্ব নির্ণয় করা হয়। খরস্রোতা নদী অথবা পার হওয়া যায় না এরকম কোন দূরত্ব মাপার জন্য এই পদ্ধতি খুবই উপযোগী।

## উপকরণ

চারটি লাঠি, একটি দড়ি।

## কাজের ধারা

মনে করি একটি নদী কত চওড়া তা পরিমাপ করতে হবে। এই কাজের ধারা নিম্নরুপঃ




১. নদীর যে পাড়ে পরিমাপকারী স্কাউট থাকবে তার বিপরীত পাড়ে একটি লক্ষ্যবস্তু নির্ধারণ করতে হবে। যে কোন গাছ বা স্পষ্টভাবে দেখা যায় এরকম যে কোন লক্ষ্যবস্তু হতে পারে। ধরা যাক লক্ষ্য বস্তুটি A.

২. নদীর এপাড়ে একটি বিন্দু B নির্ধারণ করতে হবে যেন AB নদীর প্রস্থ হয়। B বিন্দুতে একটি খুঁটি পুততে হবে।

৩. এখন দড়িটিকে সমান দুইভাগ করে মধ্যখান একটি দাগ দিতে হবে। দড়ির একপ্রান্ত B বিন্দুতে এবং অপরপ্রান্ত নদীর তীর বরাবর D বিন্দুতে এবং মধ্যবিন্দু C বিন্দুতে থাকবে। লক্ষ্য রাখা দরকার BD যেন AB এর সাথে লম্ব হয়। C এবং D বিন্দুতে দুইটি খুঁটি পুততে হবে।

৪. এবারে D বিন্দু থেকে নদীর তীরের সাথে লম্বভাবে হাঁটতে হবে যতক্ষণ পর্যন্ত C,A একই রেখায় না আসে। ধরা যাক বিন্দুটি E, এখন DE হবে নদীর প্রস্থের সমান।

## ইঞ্চি ফুট পদ্বতি


“১২ ইঞ্চিতে ১ ফুট” সম্পর্কটিকে কাজে লাগিয়ে এই পদ্বতিতে উচ্চতা অনুমান করা হয়।

## উপকরণ

একটি স্কেল বা ইঞ্চি ফুটের দাগ দেওয়া আছে এরুপ একটি ফিতা।

**কাজের ধারা :**

ধরা যাক AB গাছটির উচ্চতা মাপা হবে। এই পরিমাপের জন্য কাজের ধারা নিম্নরূপ



১. A বিন্দুর সমতলে A বিন্দু থেকে ১১ একক দূরে C বিন্দুতে একটি স্কেল CD খাড়া ভাবে স্থাপন করতে হবে এবং C বিন্দু থেকে একই রেখায় আরও ১ একক দূরে অপর একটি বিন্দু E নির্ধারণ করতে হবে।

২. একজন স্কাউট কাত হয়ে এমনভাবে শুয়ে যাবে যেন তার একটি চোখ E বিন্দুতে থাকে।

৪. অপর একজন স্কাউটি একটি পেন্সিল বা কলম বা কোন সরু কাঠি C বিন্দুস্থ CD স্কেল বরাবর আস্তে আস্তে উপরের দিকে উঠাতে থাকবে।

৫. পেন্সিল যে বিন্দুতে আসলে E এবং ই এর সাথে একই রেখায় আসবে সেই বিন্দুতে একটা দাগ দিতে হবে। ধরি বিন্দুটি A.

৬. এখন CF দূরুত্ব মাপতে হবে। CF যত ইঞ্চি, AB হবে তত ফুট।

## ছায়া পদ্বতি (শেডো ম্যাথড)


আকাশে সূর্য থাকলে উঁচু যে কোন কিছুই ছায়া মাটিতে পড়ে। এই ছায়াকে কাজে লাগিয়ে ঐ বস্তুটির উচ্চতা মাপা যায়।

## প্রয়োজনীয় যন্ত্রপাতি

(১) একটি লাঠি (২) একটি স্কেল ।

## কাজের ধারা

ধরা যাক AB গাছের উচ্চতা মাপতে হবে। পরিমাপের কাজের ধারা নিম্নরূপ:




(১) লাঠিটাকে খাড়া ভাবে ধরতে হবে এবং তার ছায়া মাপতে হবে, ধরা যাক ছায়া DF এবং উহার দৈর্ঘ্য x সে.মি.

(২) লাঠিটাকে গোড়া থেকে তার ছায়ার দৈর্ঘ্য মাপতে হবে, ধরা যাক এই ছায়া AC এবং উহার দৈর্ঘ্য Y সে.মি.

(৩) লাঠিটির দৈর্ঘ্য মাপতে হবে, ধরা যাক ঐ লাঠি DEএবং উহার দৈর্ঘ্য z সে.মি.

(৪) গাছের উচ্চতা $AB = \frac{YZ}{X}$ সে.মি সূত্র ব্যবহার করে উচ্চতা নির্ণয় করা যায়।

# প্রাথমিক প্রতিবিধান
## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : প্রাথমিক প্রতিবিধান | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. প্রাথমিক প্রতিবিধান সম্বন্ধে সম্যক জ্ঞান লাভ করে তা ব্যাখ্যা করতে পারবেন।
২. প্রাথমিক প্রতিবিধানকারীর গুণাবলী ও দায়িত্ব সম্পর্কে ধারণা লাভ করবেন এবং ব্যাখ্যা করতে পারবেন।
৩. প্রাথমিক প্রতিবিধানে ব্যবহৃত দ্রব্যাদির সাথে পরিচিতি এবং তার ব্যবহারের কৌশল প্রদর্শন কারতে পারবেন।

**সূচিপত্র** (সার-সংক্ষেপ)

১. প্রাথমিক প্রতিবিধান কী
২. প্রাথমিক প্রতিবিধানকারীর করণীয়
৩. প্রাথমিক প্রতিবিধানকারীর গুণাবলী
৪. প্রাথমিক প্রতিবিধান পদ্ধতি
৫. প্রাথমিক প্রতিবিধানের উপকরণ ও তার প্রয়োগ পদ্ধতি।

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১। | ভুমিকা | ০২ মি. |
| ২। | প্রাথমিক প্রতিবিধান কী | ০২ মি. |
| ৩। | প্রাথমিক প্রতিবিধানকারীর করণীয় | ০৪ মি. |
| ৪। | প্রাথমিক প্রতিবিধানকারীর গুণাবলী | ১০ মি. |
| ৫। | প্রাথমিক প্রতিবিধান পদ্ধতি | ১৫ মি. |
| ৬। | প্রাথমিক প্রতিবিধানের উপকরণ ও তার প্রয়োগ পদ্ধতি | ২২ মি. |
| ৭। | সামিং আপ | ০২ মি. |
| | প্রশ্নোত্তর পর্ব | ০৩ মি. |
| | **মোট =** | **৬০ মিনিট** |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার পদ্ধতি ও ডেমোনেস্ট্রেশন পদ্ধতি।

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ**

মাল্টিমিডিয়া প্রজেক্টর, ল্যাপটপ, পোস্টার পেপার, মার্কার পেন, পয়েন্টার, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট, হ্যান্ড আউট ইত্যাদি।

**ফলোআপ/ অনুসরণ প্রক্রিয়া :** (সেশন পরবর্তী)

১। প্রাথমিক প্রতিবিধান সরঞ্জামের একটি তালিকা তৈরি করে কাউন্সিলরকে দেখাবেন।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# প্রাথমিক প্রতিবিধান

সাধারণভাবে কোন আহত বা অসুস্থ ব্যক্তিকে ডাক্তার আসা অথবা ডাক্তারের নিকট পৌঁছানোর পূর্ব পর্যন্ত যে সেবা দেয়া হয়, তাকেই প্রাথমিক প্রতিবিধান বলে।

অন্যভাবে বলা যায় যে, জ্ঞান দ্বারা ডাক্তারের সাহায্য পাওয়ার আগ পর্যন্ত কোন আহত বা অসুস্থ ব্যক্তির আরোগ্যের পথ সুগম করতে এবং অবস্থার যাতে আর অবনতি না হয় তার ব্যবস্থা করতে পারা যায় তাকেই প্রাথমিক প্রতিবিধান বলে। আর যিনি প্রাথমিক প্রতিবিধান কাজে অংশ নেন তিনি প্রাথমিক প্রতিবিধানকারী।

## প্রাথমিক প্রতিবিধানকারীর করণীয়

কোন রোগীকে প্রাথমিক প্রতিবিধান প্রদান করতে হলে সর্বাগ্রে নিম্নলিখিত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে:

- কী কারণে রোগ বা অসুস্থতার সৃষ্টি হয়েছে (লক্ষণ, চিহ্ন বা ইতিহাস থেকে তা পাওয়া যাবে)
- কী এবং কতটুকু চিকিৎসার প্রয়োজন (রোগী জীবিত না মৃত সন্দেহ থাকলে ডাক্তার না আসা পর্যন্ত প্রাথমিক প্রতিবিধান চালিয়ে যেতে হবে)।
- নিরাপদ আশ্রয়ে স্থানান্তর।
- আলো বাতাস নির্গমন ও আশপাশে লোকের ভীড় এড়ানো।

## প্রাথমিক প্রতিবিধানকারীর গুণাবলী

একজন সফল প্রাথমিক প্রতিবিধানকারীকে নিম্নলিখিত গুণাবলীর অধিকারী হতে হবে

১. সাহায্যের প্রয়োজনে দেখা দিলেই দ্রুত সাড়া দিতে হবে।

২. পদ্ধতিগত উপায়ে ধীরস্থিরভাবে নিরীক্ষণের কাজ শেষ করে প্রয়োজনীয় প্রতিবিধানের ব্যবস্থা করতে হবে।

৩. শ্বাসরোধ, রক্তক্ষরণ, স্নায়ুবিক আঘাত ইত্যাদির প্রতিবিধান আগে করে তারপরে অন্য কাজে হাত দিতে হবে।

৪. নির্ধারিত উপকরণের উপর নির্ভর না করে হাতের কাছে যা পাওয়া যায় তা দিয়েই প্রাথমিক প্রতিবিধানের কাজ সমাপ্ত করতে হবে।

৫. পারিপার্শ্বিক অবস্থার প্রতি গুরুত্ব আরোপ করে সতর্কতা অবলম্বন করতে হবে। যেমন-টলায়মান গৃহ, চলমান যানবাহন বা যন্ত্রপাতি, বিপদজনক বৈদ্যুতিক তার, আগুন, বিষাক্ত গ্যাস, প্রতিকুল আবহাওয়ায় আশ্রয়, আলো ইত্যাদি।

প্রতিটি কাজ সুষ্ঠ সম্পাদনের জন্য কিছু সুনির্দিষ্ট পদ্ধতি রয়েছে। অনুরূপভাবে প্রাথমিক প্রতিবিধানের ক্ষেত্রেও কিছু পদ্ধতি অনুসরণ করতে হয়।

## প্রাথমিক প্রতিবিধান পদ্ধতি

ক) দ্রুততার সাথে অথচ স্থিরভাবে আগের কাজ আগে এবং পরের কাজ পরে এই নীতিতে কাজ করতে হবে।

খ) শ্বাস-প্রশ্বাসে বিঘ্ন দেখা দিলে কৃত্রিম পদ্ধতিতে শ্বাস-প্রশ্বাস আনার ব্যবস্থা করতে হবে।

গ) রক্তক্ষরণ বন্ধের ব্যবস্থা নিতে হবে।

ঘ) স্নায়বিক আঘাতের চিকিৎসা করতে হবে।

ঙ) যতটুকু না করলেই নয় শুধু ততটুকু করতে হবে। কোনক্রমেই অধিক নড়াচড়া বা বাড়াবাড়ি করা চলবে না।

চ) রোগী এবং উপস্থিত সকলকে যথাসম্ভব সান্তনা দিতে হবে।

ছ) দর্শকগণ যাতে অধিক ভীড় করতে না পারে তার ব্যবস্থা করতে হবে।

জ) অযথা কাপড় চোপড় খোলা যাবে না

ঝ) যত তাড়াতাড়ি সম্ভব রোগীকে ডাক্তারে নিকট নেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সর্বদা মনে রাখতে হবে যে, প্রাথমিক প্রতিবিধানকারী ডাক্তার নয়।

## প্রাথমিক প্রতিবিধানের উপকরণ ও তার প্রয়োগ পদ্ধতি

**প্রাথমিক প্রতিবিধানে যে সকল উপকরণ ব্যবহার ও কৌশল অবলম্বন করা হয় তা নিম্নরূপঃ**

**ড্রেসিং :** কোন ক্ষত স্থানে যে আবরণ বা আচ্ছাদন দেয়া হয় তাকে ড্রেসিং বলে। নিম্নলিখিত কারণে ড্রেসিং ব্যবহার করা হয় ঃ (১) রক্তক্ষরণ বন্ধ করা (২) ক্ষতস্থানে আবার যাতে আঘাত না লাগে তার ব্যবস্থা করা (৩) ক্ষতস্থানে যাতে বাইরের দূষিত কিছু না লাগে তার ব্যবস্থা করা।

**লিন্ট :** লিন্ট হলো ঔষধযুক্ত ও জীবাণুমুক্ত একখন্ড কাপড়। ক্ষতস্থান ভাল করে পরিষ্কার করে নিয়ে ক্ষতস্থানে এমনভাবে লিন্ট স্থাপন করতে হবে যাতে ক্ষতস্থান সম্পূর্ণ ঢেকে থাকে।

**প্যাড :** ক্ষতস্থানকে আরামপ্রদ রাখার জন্য প্যাড ব্যবহার করতে হয়। ক্ষতস্থানে লিন্ট স্থাপন করে তার উপর প্যাড ব্যবহার করতে হয়। প্যাড তুলা বা পরিস্কার **জীবানুমুক্ত** নরম কাপড়ের হতে পারে। প্যাড ব্যবহারের সময় লক্ষ্য রাখতে হবে যাতে সম্পূর্ণ ক্ষতস্থান জুড়ে তা অবস্থান করে।

**স্প্লিন্ট :** অস্থি ভঙ্গ হলে স্প্লিন্ট বা চটি ব্যবহার করা হয়। ভগ্নাস্থির আকৃতির উপর ভিত্তি করে স্প্লিন্ট এর সাইজ নির্ণয় করতে হয়। পাতলা কাঠ, হার্ডবোর্ড বা বাঁশের চটি দিয়ে স্প্লিন্ট তৈরি করা যায়।

**ব্যান্ডেজ :** লিন্ট প্যাড বা স্প্লিন্ট যথাস্থানে রাখা এবং ভগ্নাস্থি স্থির করে রাখার জন্য ব্যান্ডেজ ব্যবহার করা হয়। ব্যান্ডেজ সাধারণতঃ দুই ধরনের হয়ে থাকে- (১) রোলার ব্যান্ডেজ এবং (২) ত্রিকোণ ব্যান্ডেজ।

**(১) রোলার ব্যান্ডেজ**

গোল করে জড়ানো কাপড়ের যে ব্যান্ডেজ ব্যবহার করা হয় সেটাকে রোলার ব্যান্ডেজ বলে। রোলার ব্যান্ডেজ সাধারণত ঃ ১ ইঞ্চি থেকে ৬ ইঞ্চি পর্যন্ত চওড়া হয়। পাতলা কাপড়ের সাহায্যে রোলার ব্যান্ডেজ তৈরি করা হয়। আহত অংগের আকৃতি এবং ক্ষতস্থানের আকৃতির উপর ভিত্তি করে রোলার ব্যান্ডেজের সাইজ নির্ধারণ করা হয় । তবে সাধারণত:

| | |
|---|---|
| আঙ্গুলে | - ১ ইঞ্চি |
| মাথা এবং বাহুতে | - ২ থেকে আড়াই ইঞ্চি |
| পায়ে | - ৩ থেকে সাড়ে তিন ইঞ্চি |
| দেহে (পেটে পিটে, কোমড়ে) | - ৪ থেকে ৬ ইঞ্চি সাইজের হয়ে থাকে। |

রোলার ব্যান্ডেজের যে অংশ খোলা থাকে তাকে মুক্ত প্রান্ত এবং জড়ানো অংশকে শীর্ষ বলে। রোলার ব্যান্ডেজ বাধাঁর সাধারণ নিয়ম

ক) আহত অংগের দিকে মুখ করে দাঁড়াতে হবে।

খ) রোগীর যদি বাম দিকে ব্যান্ডেজ বাঁধতে হয় তার ডান হাত আর রোগীর ডান দিকে ব্যান্ডেজ বাধতে হলে বাম হাতে ব্যান্ডেজের জড়ানো অংশ বা শীর্ষ রাখতে হবে।

গ) মুক্ত প্রান্ত কিছু বাড়তি রেখে আহত স্থানের উপর স্থাপন করে ব্যান্ডেজ জড়াতে হবে।

ঘ) নীচ থেকে উপর দিকে ব্যান্ডেজ বাঁধতে হয় এবং বাইরের দিক থেকে এনে সামনের দিকে রিফনট দিয়ে শেষ করতে হয়।


ঙ) ব্যান্ডেজের প্রতি স্তর যেন পূর্বের স্তরের অন্ততঃ দুই তৃতীয়াংশ ঢেকে রাখে সেদিকে খেয়াল রাখতে হবে।

চ) ব্যান্ডেজ বাঁধার সময় লক্ষ্য রাখতে হবে যেন তা খুব শক্ত করে বাঁধা না হয়।

## ত্রিকোণী ব্যান্ডেজ

প্রাথমিক প্রতিবিধানকারী এবং স্কাউটগণ এই ধরনের ব্যান্ডেজ ব্যবহার করে থাকে কারণ, এ ধরণের একটা ব্যান্ডেজকে প্রয়োজনে বিভিন্নভাবে এবং বিভিন্ন সাইজে রূপান্তর করা যায়। ৩৮ ইঞ্চি বা প্রায় এক মিটার দৈর্ঘ্য প্রস্থের একখন্ড কাপড় কোনাকোনিভাবে কাটলে ২টি ত্রিকোণী ব্যান্ডেজ পাওয়া যায়।


**ক.** **ফুল সাইজ ব্রড ব্যান্ডেজ :** যখন পূর্ণ ত্রিকোণী ব্যান্ডেজটিই ব্যবহার করা হয় তখন তাকে ফুল সাইজ ব্রড ব্যান্ডেজ বা পূর্ণ ত্রিকোণী ব্যান্ডেজ বলে।



পূর্ণ ত্রিকোণী ব্যান্ডেজ


ওপরের ত্রিকোণী ব্যান্ডেজে এ হল শীর্ষ, বি এবং সি হল দুইটি প্রান্ত। বি সি বাহু হল ত্রিকোণী ব্যান্ডেজের ভূমি। ত্রিকোণ ব্যান্ডেজ বিভিন্ন আকারে ব্যবহার করা হয়:

**খ.** **ব্রড ব্যান্ডেজ :** যখন একটি ত্রিকোন ব্যান্ডেজের শীর্ষ ভূমির মধ্যখানে স্থাপন করে ব্যান্ডেজ অর্ধেক ভাঁজ করা হয় তখন তাকে ওয়ান ফোল্ড ব্রড ব্যান্ডেজ বা এক ভাঁজ চওড়া ব্যান্ডেজ বলে। ওয়ান ফোল্ড ব্রড ব্যান্ডেজকে আরও এক ভাঁজ করা হলে তাকে টু ফোল্ড ব্রড ব্যান্ডেজ বা দুই ভাঁজ চওড়া ব্যান্ডেজ বলে।



**ব্রড ব্যান্ডেজ**

**গ.** **ন্যারো বা সরু ব্যান্ডেজ :** চওড়া ব্যান্ডেজকে এর পর যত ভাঁজই করা হোক না কেন তাকে ন্যারো ব্যান্ডেজ বা সরু ব্যান্ডেজ বলা হয়।



**সরু ব্যান্ডেজ**

# পতাকাসমূহ
## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : পতাকাসমূহ | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন-

১. জাতীয় পতাকার মাপ, রং ও ব্যবহার সম্পর্কে জ্ঞান অর্জন করে তা ব্যাখ্যা করতে পারবেন।

২. ইউনিট পতাকা ও উপদল পতাকা তৈরি করার পদ্ধতি ও তার মাপ সম্পর্কে জানবেন এবং তা ব্যাখ্যা করতে পারবেন।

**সূচিপত্র** (সার-সংক্ষেপ)

১. জাতীয় পতাকা; ২. পতাকা উত্তোলন ও বহন পদ্ধতি; ৩. পতাকার যত্ন; ৪. ইউনিট পতাকা; ৫. উপদল পতাকা

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১। | ভূমিকা | ০৫ মি. |
| ২। | জাতীয় পতাকা (অংকনসহ) | ১২ মি. |
| ৩। | পতাকা উত্তোলন ও বহন পদ্ধতি | ১০ মি. |
| ৪। | পতাকার যত্ন | ১৫ মি. |
| ৫। | ইউনিট পতাকা (অংকনসহ) | ১০ মি. |
| ৬। | উপদল পতাকা (অংকনসহ) | ১০ মি. |
| ৭। | সামিং আপ | ০২ মি. |
| ৮। | প্রশ্নোত্তর পর্ব | ০৩ মি. |
| ৯। | গান | ০৩ মিঃ |
| | **মোট =** | **৬০ মিনিট** |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার পদ্ধতি ও ডেমোনেস্ট্রশন পদ্ধতি।

### সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ

মাল্টিমিডিয়া প্রজেক্টর, ল্যাপটপ, পোস্টার পেপার, কালার বক্স, জাতীয় পতাকা, উপদল পতাকা, মার্কার পেন, পয়েন্টার, হোয়াইট বোর্ড, ম্যাগনেট বোর্ড, হ্যান্ড আউট ইত্যাদি।

**ফলোআপ/ অনুসরণ প্রক্রিয়া** (সেশন পরবর্তী)

১। জাতীয় / স্কাউট / উপদল পতাকা অংকন করে কাউন্সিলরকে দেখাবেন।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# জাতীয় পতাকা

মানব সভ্যতার বিকাশের ধারায় আদিম মানুষ প্রয়োজনের তাগিদে এক সময় দল বেঁধে চলতে শুরু করে। প্রাথমিকভাবে বন্য পশু থেকে আত্মরক্ষা ও শিকার করার উদ্দেশ্যে মানুষ দল বাঁধে। পর্যায়ক্রমে যখন আস্তে আস্তে সম্পদের স্বল্পতা দেখা দেয় তখন এক দলের সংগে আর এক দলের লড়াই শুরু হয়। সে সময় দল বা টোটেমগুলো বিভিন্ন পশুর নামে নামকরণ করা হত। টোটেমের সদস্যগণ উক্ত পশুর প্রতিকৃতি তাদের হাতিয়ারে অঙ্কিত করে নিত। কালক্রমে যুদ্ধের সময় উক্ত প্রতিকৃতি গাছের বাকল বা পশুর চামড়ায় এঁকে দলের পরিচয় বোঝানোর জন্য ব্যবহৃত হত। এটা হচ্ছে জাতীয় পতাকার আদিরূপ। জাতীয় পতাকা একটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্রের প্রতীক হিসেবে ব্যবহার হয়ে থাকে।

খ্রিস্টপূর্ব ১৯২২ অব্দে চীনের চৌ বংশের রাজত্বকালে একটি সাদা পতাকা ব্যবহার করা হত। প্রাচীন ভারতে পতাকা খুবই গুরুত্বপূর্ণ ছিল। রথ বা হাতি কর্তৃক পতাকা বহন করা হত। ভারতীয়-পতাকা ছিল সাধারণত ত্রিকোণাকৃতি, টকটকে লাল বা ঘন সবুজ রঙ, কোন প্রতিকৃতি সম্বলিত এবং ঝালর বিশিষ্ট।

প্রাচীন কাল থেকেই পতাকা খুব সম্মানের বস্তু। পতাকাকে যথাযথ সম্মান না করায় ৬৬০ খ্রিস্টাব্দে চীনের এক নাবালক রাজপুত্রকে শাস্তি দেয়া হয়। ভারত ও চীনে পতাকা সঙ্কেত প্রদানের কাজেও ব্যবহৃত হত। যুদ্ধের ময়দানে সাদা পতাকা প্রদর্শন করে যুদ্ধ বিরতির সঙ্কেত দেওয়া হয়। জলদস্যুরা কালো পতাকা ব্যবহার করত।

ভারত ও চীন থেকে পযায়ক্রমে মায়ানমার, থাইল্যান্ড ও দক্ষিণ পূর্বএশিয়ায় পতাকা বিস্তৃত লাভ করে। সম্ভবত মুসলমান কর্তৃক ইউরোপে পতাকা ব্যবহার বিস্তৃত হয়।

ইসলাম প্রবর্তনের পর মুসলিম জগতে পতাকায় জীব-জন্তুর প্রতিকৃতি ব্যবহার বন্ধ হয়ে যায়। উমাইয়া আমলে সাদা, আব্বাসীয় আমলে কালো পতাকা এবং ফাতেমীয় আমলে সবুজ রংয়ের পতাকা ব্যবহার করা হত।


পর্যায়ক্রমে মুসলমানদের পতাকায় সবুজ রং অধিক ব্যবহার হতে থাকে এবং চাঁদ তারা ইসলামী প্রতীক হিসেবে স্বীকৃতি লাভ করে।

প্রাক্তন ফরাসি উপনিবেশের রাষ্ট্রসমূহের পতাকায় সাধারণত সবুজ, হলুদ ও লাল রং লম্বালম্বিভাবে ব্যবহৃত হচ্ছে। প্রাক্তন ব্রিটিশ উপনিবেশের অনেক দেশে সবুজ, নীল, কালো ও সাদা এর মধ্যে তিনটি রঙ সমান্তরালভাবে তাদের পতাকায় ব্যবহৃত হচ্ছে। পৃথিবীর সকল দেশের জাতীয় পতাকা রয়েছে। পতাকা দেশেরই পরিচয় বহন করে।

স্বাধীনতা যুদ্ধের প্রস্তুতির সময় বাংলাদেশের জাতীয় পতাকা ছিল সবুজ জমিনের মাঝখানে গোলাকার লাল সূর্য। লাল সূর্যের মাঝখানে ছিল সোনালি রংয়ের বাংলাদেশের মানচিত্র। স্বাধীনতা সংগ্রামের সময় এই পতাকা ব্যবহার করা হয়।



স্বাধীনতা লাভের পর জাতি মনে করল যে পতাকার মাঝখানে দেশের মানচিত্র দেওয়া ঠিক নয়। তাই মাঝখান থেকে মানচিত্র বাদ দেওয়া হয়েছে। তৈরি হয়েছে বর্তমান পতাকা।



উপরোক্ত ব্যাখ্যাসহ জাতীয় পতাকা তৈরি করে দেখাতে হবে।


# পতাকাসমূহ

## জাতীয় পতাকা

বাংলাদেশের জাতীয় পতাকা আয়তাকার। পতাকার দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত ১০ঃ ৬ । পতাকার মাঝের লাল বৃত্তটির ব্যাসার্ধ পতাকার দৈর্ঘ্যের পাঁচ ভাগের এক ভাগ। পতাকার দৈর্ঘ্যকে সমান দশ ভাগে ভাগ করে প্রত্যেক ভাগকে একটা ইউনিট ধরতে হবে। পতাকার প্রস্থকে সমান দুই ভাগে ভাগ করে রেখা টানতে হবে। পতাকার উত্তোলন প্রান্তের দিকে সাড়ে চার ইউনিট এবং উড়ন্ত প্রান্তের দিকে সাড়ে পাঁচ ইউনিট রেখে একটা লম্বা রেখা টানতে হবে। এই দুটি রেখা যেখানে মিলিত হবে সেটাই হবে লাল বৃত্তের কেন্দ্রবিন্দু। এখন এই বিন্দুকে কেন্দ্র করে পতাকার দৈর্ঘের পাঁচ ভাগের এক ভাগ ব্যাসার্ধ নিয়ে একটা বৃত্ত আঁকতে হবে এবং এই বৃত্ত হবে লাল রংয়ের। পতাকার বাকী অংশ হবে গাঢ় সবুজ রংয়ে।

**পতাকা রং এবং তাৎপর্য :** সবুজ অংশ: তারুণ্যের উদ্দীপনা এবং গ্রাম বাংলার সবুজ পরিবেশের প্রতীক।

**লাল বৃত্ত :** নতুন সূর্যের প্রতীক। রক্তক্ষয়ী স্বাধীনতা সংগ্রামের প্রতীক।




ক. **পতাকার মাপঃ** সরকারি ও বেসরকারি ভবনের জন্য -

দৈর্ঘ্য ৩০৫ সেঃ মি. প্রস্থ ১৮৩ সেঃমি. (১০ফুট × ৬ ফুট)
দৈর্ঘ্য ১৫২ সেঃ মি. প্রস্থ ৯১ সেঃমি. (৫ ফুট × ৩ ফুট)
দৈর্ঘ্য ৭৬ সেঃ মি. প্রস্থ ৪৬ সেঃমি. (২.৫ ফুট × ১.৫ ফুট)

**খ. গাড়ীর জন্যঃ** দৈর্ঘ্য ৪৩ সেঃ মি. প্রস্থ ২৩ সেঃমি. ( ১৫ ইঞ্চি × ৯ ইঞ্চি)
দৈর্ঘ্য ২৫ সেঃ মি. প্রস্থ ১৫ সেঃমি. ( ১০ ইঞ্চি × ৬ ইঞ্চি)

**পতাকা উত্তোলন পদ্ধতি :** পতাকা উত্তোলনের সময় সোজা হয়ে দাঁড়াতে হবে। পতাকা উত্তোলনকারী ধীরগতিতে একটানাভাবে পতাকা দন্ডের শীর্ষে তুলবেন। জাতীয় সংগীতের সাথে সাথে পতাকা উত্তোলন করা হয়। পতাকা দন্ডের শীর্ষে উঠার সাথে সাথে পতাকাকে সালাম জানাতে হবে।

**অর্ধনমিত পতাকা উত্তোলন পদ্ধতিঃ** স্বাভাবিক নিয়মে পতাকা দন্ডের শীর্ষে উঠবে এবং ৩০ সেকেন্ড অবস্থান করবে এবং সাথে সাথে সালাম দিতে হবে। এর পর পরই ধীর গতিতে পতাকার এক প্রস্থ এসে অবস্থান করবে। নামানোর সময় পতাকা শীর্ষে তুলে তারপরে নামাতে হবে।

## অন্যান্য পতাকার সাথে জাতীয় পতাকা উত্তোলন ও বহন পদ্ধতি

ক. একই লাইনে অন্যান্য পতাকার সাথে জাতীয় পতাকা উড়াতে হলে জাতীয় পতাকা অন্যান্য পতাকার মাঝখানে থাকবে। জাতীয় পতাকার দন্ড অন্যান্য পতাকার দন্ড থেকে উঁচু হবে। অর্থাৎ উড়ন্ত জাতীয় পতাকার নিচের প্রান্ত সমান অন্যান্য পতাকার দন্ড থাকবে।

খ. কোন স্কাউট অনুষ্ঠানে বিভিন্ন দেশের জাতীয় পতাকা উত্তোলন করতে হলে সকল পতাকা দন্ড একই লাইনে সমান উচ্চতায় থাকবে।

গ. একই পতাকা দন্ডে জাতীয় পতাকার সাথে অন্য কোন পতাকা উড়ানো যাবে না।

ঘ. অন্য কোন পতাকার সাথে জাতীয় পতাকাকে স্থাপন করার সময় জাতীয় পতাকা ডান দিকে থাকবে। জাতীয় পতাকা ও বাংলাদেশ স্কাউটসের পতাকা পাশাপাশি উড়াতে হলে স্কাউট পতাকা জাতীয় পতাকার বাম পার্শ্বে নীচুতে উড়াতে হবে।

ঙ. মঞ্চের সামনে জাতীয় পতাকার সাথে অন্য কোন পতাকা উত্তোলন করতে হলে জাতীয় পতাকা মঞ্চের ডান দিকে এবং অন্য পতাকা বাম দিকে থাকবে।

চ. পতাকা উত্তোলন করার সময় জাতীয়-পতাকা সবার আগে এবং অন্য পতাকা পিছে পিছে উঠবে। নামানোর সময় অন্য পতাকা আগে এবং জাতীয় পতাকা শেষে নামবে।


ছ. মার্চ পাস্ট করার সময় অন্যান্য পতাকার সাথে জাতীয় পতাকা বহন করতে হলে জাতীয় পতাকা বহনকারী লাইনের তিন কদম আগে লাইনের মাঝখানে থাকবে। সাধারণভাবে পতাকা দন্ডসহ পতাকা বহন করার সময় পতাকা দন্ডের সংগে গুটিয়ে নিয়ে ডান কাঁধে বহন করতে হবে। মার্চ পাস্টের সময় পতাকা দন্ড খাড়া করে ধরতে হবে যেন পতাকা মুক্তভাবে উড়তে পারে।

জ. বিশ্ব স্কাউট পতাকা উড্ডয়ন করতে হলে জাতীয়-পতাকার বা-দিকে জাতীয় পতাকা হতে নীচু করে এবং বাংলাদেশ স্কাউটসের পতাকা হতে উঁচু করে ডান দিকে উড়াতে হবে।

**পতাকার যত্ন :** কোন রং চটা বা ছেড়া পতাকা উত্তোলন করা যাবে না। পতাকা ছিড়ে বা রং জ্বলে গেলে সেই পতাকা যত্নসহকারে রেখে দিতে হবে বা মাটিতে পুতে রাখতে হবে যাতে পতাকার কোন প্রকার অবমাননা করা না হয়।

## ইউনিট/গ্রুপ পতাকা

পতাকার আকার হবে দৈর্ঘ্য ১৩৬ সে. মি. ও প্রস্থ ৯০ সে. মি.। পতাকার দৈর্ঘ্য ও প্রস্থের মাঝখানে বাংলাদেশ স্কাউটসের মনোগ্রাম খচিত থাকবে। মনোগ্রামের বাইরের বৃত্তের ব্যাস হবে ৪৫.৫ সে. মি. এবং ভিতরের বৃত্তের ব্যাস হবে ৩০.৫ সেঃ মি.। মনোগ্রামের সবুজ ত্রিপত্র ও লাল ক্রিসেন্টের ভিতরের অংশ সাদা রংয়ের হবে। লাল ক্রিসেন্টের উভয় পার্শ্বে বৃত্তাকারে সবুজ রংয়ে ০.২ সেঃ মি. মাপের চওড়া রেখা থাকবে। স্কাউট মনোগ্রামের নিচে সোজা লাইনে ৭.৫ সে. মি. মাপে গ্রুপের নম্বরসহ সংক্ষিপ্ত নাম ও উপজেলার নাম লেখা থাকবে। যেমন ঃ ১২ নং বন্দর সঃ প্রাঃ বিঃ কাব দল, নারায়নগঞ্জ বা ১০৪ নং হাসমত উদ্দিন উ. বি. স্কাউট দল, কিশোরগঞ্জ বা ১০ নং বাংলা কলেজ রোভার দল, ঢাকা।




ক. কাব ইউনিটের পতাকার কাপড়ের রং হলুদ ও সবুজ রংয়ের লেখা।

খ. স্কাউট ইউনিটের পতাকার কাপড়ের রং গাঢ় সবুজ (Bottle Green) ও সোনালী রংয়ে লেখা।

গ. রোভার ইউনিটের পতাকার কাপড়ের রং গাঢ় লাল ও লেখা সোনালী রংয়ের


ঘ. রেলওয়ে স্কাউট ইউনিটের পতাকার রং রেলব্লু ও লেখার রং সোনালী।

ঙ. নৌ স্কাউট ইউনিটের পতাকার রং হবে নেভী ব্লু ও লেখার রং সোনালী।

চ. এয়ার স্কাউট ইউনিটের পতাকার রং আকাশী নীল ও লেখার রং হবে সোনালী।


## উপদল পতাকা

উপদল পতাকা উপদলের পরিচয় বহন করে। এ পতাকা ত্রিকোণাকৃতি সাদা ২০ সেঃ পটভূমিতে তৈরি হবে। পতাকার মাঝখানে উপদলের নামের প্রাণী/পাখীর মুখমন্ডল বা প্রতীক আঁকা থাকবে। উপদল পতাকার পরিমাপ ৩০ সেন্টিমিটার × ২০ সেন্টিমিটার হবে। উপদল পতাকার দন্ডের মাপ স্কাউট লাঠির সমান হবে।





৪। **জাতীয় পতাকার রেপলিকা :** জাতীয় পতাকার রংয়ের পাঁচ সেঃ মি.× তিন সেঃ মি. মাপের রেপলিকা স্কাউট পোশাকের শার্টের ডান বুক পকেটের ঢাকনার লাইনের উপরাংশে নাম ফলকের উপরে এর অগ্রভাগ বাম দিকে রেখে সেলাই করে পরতে হবে।

৫। **বিশ্ব স্কাউট পতাকা :** বিশ্ব স্কাউট পতাকা বেগুনী রংয়ের জমিনে আয়তাকার হবে। দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত হবে ৩ঃ২। পতাকার মাঝখানে সাদা রংয়ের ত্রি-পত্র বিশ্ব স্কাউট ব্যাজের চতুর্দিকে সাদা রংয়ের দড়ি দিয়ে ঘেরা এবং দড়ির প্রান্তে ত্রি-পত্রের নীচে একটি রীফ নট (ডাক্তারী গেরো) দেয়া।



৬। **জাতীয় স্কাউট পতাকা :** বাংলাদেশ স্কাউটসের পতাকা গাঢ় সবুজ জমিনে আয়তাকার হবে। পতাকার দৈর্ঘ্য হবে এক মিটার ছত্রিশ সেঃ মি. ও প্রস্থ হবে নব্বই সেঃ মি. । পতাকার দৈর্ঘ্য প্রস্থের মাঝখানে বাংলাদেশ স্কাউটসের মনোগ্রাম খচিত থাকবে। মনোগ্রামের বাইরের বৃত্তের ব্যাস হবে পঁয়তাল্লিশ সেঃ মি. এবং ভেতরের ব্যাস হবে সাড়ে ত্রিশ সেঃ মি.। মনোগ্রাম সবুজ ত্রি-পত্র এবং লাল ক্রিসেন্টের ভেতরের অংশ সাদা রং এর হবে। লাল ক্রিসেন্টের উভয় পার্শ্বে বৃত্তাকার সবুজ রংয়ের ০.২ সেঃ মি. মাপের চওড়া রেখা থাকবে।



৭। **অঞ্চলের পতাকা :** বাংলাদেশ স্কাউটস এর তালিকাভূক্ত সকল অঞ্চলের পতাকার মাপ জাতীয় স্কাউট পতাকার অনুরূপ হবে। পতাকার দৈর্ঘ্য প্রস্থের মাঝখানে স্কাউট মনোগ্রাম থাকবে এবং তার নিচে সোজা লাইনে সাড়ে সাত সেঃ মি. চওড়া মাপে অঞ্চলের নাম লেখা থাকবে।




(ক) রোভার, রেলওয়ে, নৌ ও এয়ার অঞ্চলের পতাকার ও লেখার রং হবে নিম্নরূপ :

১. রোভার অঞ্চলের পতাকার কাপড় হবে গাঢ় লাল রংয়ের এবং অঞ্চলের নাম সোনালী রংয়ে লেখা থাকবে।

২. রেলওয়ে অঞ্চলের পতাকার কাপড়ের রং হবে রেলওয়ে ব্লু এবং অঞ্চলের নাম সোনালী রংয়ে লেখা থাকবে।


৩. নৌ অঞ্চলের পতাকার কাপড়ের রং হবে নেভী ব্লু। সোনালী রংয়ে অঞ্চলের নাম লেখা থাকবে। পতাকার মাঝখানে নৌ স্কাউট মনোগ্রাম থাকবে।

৪. এয়ার অঞ্চলের পতাকার কাপড়ের রং হবে আকাশী নীল। সোনালী রংয়ে অঞ্চলের নাম লেখা থাকবে। পতাকার মাঝখানে এয়ার স্কাউট মনোগ্রাম থাকবে।




(খ) রোভার, রেলওয়ে নৌ ও এয়ার ব্যতীত অন্যান্য অঞ্চলের পতাকার রং হবে গাঢ় সবুজ এবং অঞ্চলের নাম সোনালী রং-এ লেখা থাকবে।

৮. ক) **জেলা/উপজেলা স্কাউটস পতাকা:** অঞ্চলের পতাকার অনুরূপ হবে। অঞ্চলের নামের স্থানে উপজেলা/ জেলার নাম সোনালী রংয়ে লেখা থাকবে।




**খ) রোভার, রেলওয়ে, নৌ ও এয়ার জেলা স্কাউটস পতাকা:** সংশ্লিষ্ট অঞ্চলের পতাকার রংয়ের অনুরূপ হবে। সোনালী রং এ জেলার নাম লেখা থাকবে।

৬। **পতাকা উত্তোলন ও বহন পদ্ধতি :**

ক) একই লাইনে অন্যান্য পতাকার সাথে জাতীয় পতাকা উড়াতে হলে জাতীয় পতাকা অন্যান্য পতাকার মাঝখানে থাকবে। জাতীয় পতাকার দন্ড অন্যান্য প্রতাকার দন্ড থেকে অন্ততঃপক্ষে জাতীয় পতাকার প্রস্থের সমান উচু হবে।

খ) কোন স্কাউট অনুষ্ঠানে বিভিন্ন দেশের জাতীয় পতাকা উত্তোলন করতে হলে সকল পতাকা দন্ড একই মাপের হবে এবং সকল পতাকা একই লাইনে থাকবে।

গ) সোজা অবস্থায় একই পতাকা দন্ডে জাতীয় পতাকার সাথে অন্য কোন পতাকা উড়ানো যাবে না।

ঘ) অন্য কোন পতাকার সাথে জাতীয় পতাকাকে আড়াআড়িভাবে উড়াতে হলে জাতীয় পতাকা উত্তোলনকারীর ডানে এবং সামনে থেকে পর্যবেক্ষণকারীর বাম দিকে থাকবে।

**বি: দ্র:- পতাকা সম্পর্কে আরও অবহিত হওয়ার জন্য বাংলাদেশ স্কাউটস এর 'গঠন ও নিয়ম' এ তফসিল-১ দ্বিতীয় অংশ (খ) তে বিস্তারিত পাওয়া যাবে।**

# কাব অভিযান, কাব হলিডে, কাব কার্নিভাল
## সেশন প্লান

| | | | | |
|---|---|---|---|---|
| **সেশনের নাম** | : কাব অভিযান, কাব হলিডে, কাব কার্নিভাল | **কোর্স** | : | ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : | |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : | |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : | |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেসন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. কাব অভিযান, কাব হলিডে ও কাব কার্ণিভাল সম্পর্কে ধারণা লাভ করবেন এবং ব্যাখ্যা করতে সক্ষম হবেন।

২. কাব অভিযান, কাব হলিডে ও কাব কার্ণিভাল কিভাবে পরিচালনা করতে হয় সে সম্পর্কে ধারণা লাভ ও ব্যাখ্যা করতে সক্ষম হবেন।

**সূচিপত্র** (সারসংক্ষেপ)

১. কাব অভিযান- উদ্দেশ্য, প্রস্তুতি, সতর্কতা, অভিযান শেষে করণীয়, নমুনা কর্মসূচি ;

২. কাব হলিডে- কাব হলিডে কী, উদ্দেশ্য, সাবধানতা, নমুনা কর্মসূচি ;

৩. কাব কার্ণিভাল- কাব কার্ণিভাল কী, বিষয় নির্ধারণ ও উপস্থাপন, পরিচালনা পদ্ধতি।

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১. | ভূমিকা | ০৫ মি. |
| ২. | কাব অভিযান | ১৫ মি. |
| ৩. | কাব হলিডে | ১৫ মি. |
| ৪. | কাব কার্ণিভাল | ১৫ মি. |
| ৫. | কাব কার্ণিভাল (ব্যবহারিক) | ৫০ মি. |
| ৬. | সামিং আপ | ১৫ মি. |
| ৭. | প্রশ্নোত্তর পর্ব | ০৫ মি. |
| | **মোট সময় =** | **১২০ মি.** |

**প্রশিক্ষণ পদ্ধতি:** লেকচার , টিমটক, ডেমোনেস্ট্রেশন।

**উপকরণ:**

মাল্টিমিডিয়া, ল্যাপটপ, চার্ট, কাব কার্ণিভালের উপকরণ, মার্বেল, বালতি, মগ, বোতল, চকলেট ইত্যাদি।

**ফলোআপ/অনুসরণ প্রক্রিয়া**

ক. কাব কার্ণিভালে অংশগ্রহণ ;

খ. কাব অভিযান / কাব হলিডে / কাব কার্ণিভালের কর্মসূচি প্রণয়ন করে কাউন্সিলরকে দেখাবেন।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# কাব অভিযান (Cub Expedition)

## সংজ্ঞা

কাব বয়সী বালক-বালিকাদের মুক্তাংগনে প্রকৃতি পর্যবেক্ষণসহ শিক্ষামূলক, উদ্দেশ্যমূলক আনন্দঘন এবং উদ্দীপনাপূর্ণ পরিভ্রমণই হচ্ছে কাব অভিযান।

## উদ্দেশ্য

১. স্রষ্টার সৃষ্টি সম্পর্কে অভিজ্ঞতা লাভের সুযোগ;
২. সাহসিকতাপূর্ণ মনোভাব সৃষ্টি;
৩. কাব প্রোগ্রাম কর্মসূচি বাস্তবায়নে সহায়তা;
৪. পর্যবেক্ষণ ক্ষমতা বৃদ্ধি;
৫. পঞ্চ ইন্দ্রিয়ের ব্যবহারিক ক্ষমতা বৃদ্ধি;
৬. গোপনীয়তা রক্ষার অভ্যাস গড়ে তোলা;
৭. বিভিন্ন প্রাণীর জীবন যাত্রা অনুকরণে প্রকৃতির সাথে নিজেকে খাপ খাইয়ে নেয়ার জন্য উৎসাহিতকরণ;
৮. বিভিন্ন লতা গুল্ম গাছপালার উপকারিতা সম্পর্কে জ্ঞানার্জনে উৎসাহিতকরণ;
৯. ধীশক্তি বৃদ্ধি।

## প্রস্তুতি

১. তারিখ ও সময় নির্ধারণ ;
২. অভিযানে যাত্রার পূর্বে কাব স্কাউটদের প্রকৃতি সম্পর্কে কৌতুহলী ও দৃঢ় মনোবলের অধিকারী করে তুলতে হবে;
৩. গন্তব্য স্থান নির্বাচন ও মালিকের অনুমতি গ্রহণ;
৪. কর্মসূচি প্রণয়ন;
৫. সহকারী মনোনয়ন;
৬. উপকরণ সংগ্রহ;
৭. ট্রেইল তৈরির সরঞ্জামাদি সংগ্রহ এবং ট্রেইল প্রস্তুতকরণ;
৮. পূর্বাহ্নে গুপ্তধন নির্ধারিত জায়গায় সংরক্ষণ।

## সর্তকতা

১. ট্রেইল চোখ বরাবর গাছের ডালে দেয়ালে বা সুবিধামত যে কোন স্থানে স্থাপন করতে হবে;
২. অংশগ্রহণকারীদের বিভিন্ন স্থানে পর্যবেক্ষণের জন্য অবস্থান;
৩. প্রাথমিক প্রতিবিধানের ব্যবস্থা রাখা;
৪. ক্ষতিকারক প্রাণী বা গাছ পাতা সংগ্রহ থেকে বিরত রাখা;
৫. ট্রেইল রক্ষণাবেক্ষণের ব্যবস্থা;
৬. নিজ নিজ ট্রেইল সংগ্রহ করা এবং অন্যের ট্রেইল ক্ষতি না করার পরামর্শ দেয়া;
৭. গুপ্তধন সংরক্ষণের ব্যবস্থা করা;
৮. অন্যের জিনিসের কোন ক্ষতি না করা।

## অভিযান শেষে করণীয়

১. অভিযানের স্থান পূর্বের তুলনায় ভাল রেখে আসা;
২. মালিককে ধন্যবাদ জ্ঞাপন করা;
৩. কাবদের যথাযথভাবে ফিরে আসা নিশ্চিতকরণ;
৪. উপকরণ যথাযথভাবে নিয়ে আসা;
৫. সহকারীদের ধন্যবাদ দেয়া;
৬. মূল্যায়ন।

## কাব অভিযান কর্মসূচি নমুনা

| বিষয় | দায়িত্ব | সময় |
|---|---|---|
| প্রস্তুতি পরিদর্শন | সহকারী কাব স্কাউট লিডার | ০৫ মি. |
| অভিযানের উদ্দেশ্য ব্যাখ্যা ও যাত্রা শুরু | সহকারী কাব স্কাউট লিডার | ১০ মি. |
| অভিযান স্থলে উপস্থিতি ও বিশ্রাম | ষষ্ঠক ভিত্তিক | ২০ মি. |
| গ্রান্ড ইয়েল | সিঃ ষষ্ঠক নেতা | ০২ মি. |
| গুপ্তধন উদ্ধার | সকলেই | ১৫ মি. |
| প্রকৃতি পর্যবেক্ষণ লতা, পালক, কীটপতঙ্গ, জলজ প্রাণী, গাছের ফুল, গাছের বাকল ১টি করে | সকলেই | ১৫ মি. |
| প্রকৃতি পর্যবেক্ষণের রিপোর্ট গ্রহণ | ষষ্ঠক নেতা | ১৫ মি. |
| ওয়াইড গেইম (পতাকা ছিনতাই) | সহকারী কাব স্কাউট লিডার | ৩০ মি. |
| খেলার মাধ্যমে টেস্ট গ্রহণ (মুক্তা কুড়ানো/সাংস্কৃতিক অনুষ্ঠান) | সহকারী কাব স্কাউট লিডার | ৩০ মি. |
| আপ্যায়ন | ষষ্ঠক ভিত্তিক | ১১ মি. |
| অভিযান মূল্যায়ন | আকেলা/সহঃ কাব স্কাউট লিডার | ০৫ মি. |
| গ্রান্ড ইয়েল | সিনিয়র ষষ্ঠক নেতা | ০২ মি. |
| ফেরত আসা | সকলেই | ২০ মি. |
| | **মোট =** | **১৮০ মি.** |

## নোট

১. প্রতিটি ষষ্ঠকে যাত্রার সময় ১ জন করে বয়স্ক নেতা সাথে থাকবেন

২. যাত্রা পথে প্রকৃতি পর্যবেক্ষণ করালে নমুনা কর্মসূচিতে প্রকৃতি পর্যবেক্ষণের জন্য আলাদা সময় রাখার প্রয়োজন নেই।

# কাব হলিডে

সাধারণ অর্থে হলিডে মানে ছুটির দিন। কাব স্কাউটরা কোন এক ছুটির দিনে সারা দিনব্যাপী যখন কাব স্কাউট প্রোগ্রাম বাস্তবায়নে বিভিন্ন কর্মকান্ডে অংশগ্রহণ করে তখন তাকে কাব হলিডে নামে অভিহিত করা যায়। এরূপ কর্মসূচি কাব স্কাউটদের কাছে খুবই আনন্দদায়ক ও প্রিয়। একটি কাব স্কাউট ইউনিট বা একাধিক ইউনিটের সমন্বয়ে এরূপ হলিডের ব্যবস্থা করা যায়। আমাদের দেশের আর্থসামাজিক প্রেক্ষাপটে ইউনিট পর্যায়ে একাধিক বার কাব হলিডে আয়োজন করা কষ্টকর। তাই ক্ষেত্র বিশেষে মাঝে মাঝে ক্লাস্টার (প্রাথমিক শিক্ষা প্রশাসনে ১৫/২০টি বিদ্যালয় নিয়ে একটি ক্লাস্টার গঠিত) ভিত্তিতে কাব হলিডের আয়োজন করা যেতে পারে।

## উদ্দেশ্য

১. কাব স্কাউটদের একঘেয়েমী দূর করা;

২. প্রোগ্রাম বাস্তবায়নে নতুনত্ব আনয়ন করা;

৩. নতুন স্থান পরিদর্শনের সুযোগ সৃষ্টি;

৪. অভিভাবকদেরকে কাবিং সম্পর্কে ধারণা দেয়া ও সম্পৃক্তকরণ;

৫. কাব স্কাউটদের দক্ষতার মান যাচাই করা;

৬. আনন্দঘন পরিবেশে বৈচিত্র্যপূর্ণ কার্যক্রমে কাবদের সম্পৃক্ত করা।

## সাবধানতা

১. দুর্যোগপূর্ণ আবহাওয়ায় কাব হলিডের উদ্যোগ এড়াতে হবে;

২. যাতায়াত ব্যবস্থা ভাল, এমন স্থান নির্বাচন করতে হবে;

৩. অংশগ্রহণকারীর সংখ্যা আগে থেকে নির্ণয় করে নিতে হবে;

৪. নির্ধারিত সংখ্যক কাব ও স্কাউটারগণের খাওয়ার ব্যবস্থা রাখতে হবে;

৫. আপদকালীন সময়ে নিরাপদ আশ্রয়ের বিষয় মনোযোগী হতে হবে।

কাব হলিডের একটি নমুনা কর্মসূচি নিম্নে প্রদত্ত হলো। স্থান ভেদে প্রয়োজনের নিরিখে এর পরিবর্তন ঘটতে পারে।

## নমুনা কর্মসূচি

সকাল ৮-০০ টা : উপস্থিতি

### ১ম পর্ব

সকাল ৯-০০ টা: উদ্বোধনী অনুষ্ঠান

* গ্রান্ড ইয়েল
* স্বাগত বক্তব্য
* পতাকা উত্তোলন (প্রধান অতিথি কর্তৃক)
* কোরআন তেলাওয়াত/প্রার্থনা সংগীত (কাবদের মধ্য থেকে একজন)
* অতিথিবৃন্দের বক্তব্য (সংক্ষিপ্ত)
* প্রধান অতিথি কর্তৃক বক্তব্য ও উদ্বোধনী ঘোষণা
* সভাপতির ভাষণ
* ধন্যবাদ জ্ঞাপন
* গ্রান্ড ইয়েল

সকাল ১০-০০থেকে ১০-৩০ মি: * আপ্যায়ন

## ২য় পর্ব

স্টেশন ভিত্তিক কার্যক্রম ঃ দক্ষতা ব্যাজের স্তর ভিত্তিক অনুশীলন

| সময় | স্টেশন নম্বর | কার্যক্রম | স্টেশন মাস্টারের নাম |
|---|---|---|---|
| ১০-৩০ হতে ১২-৩০ পর্যন্ত | ১ | মডেল তৈরি | ক |
| | ২ | খেলনা তৈরি | খ |
| | ৩ | গেরোসমূহ | গ |
| | ৪ | মৌখিক সংবাদ প্রেরণ | ঘ |

প্রতিটি ইউনিট/ষষ্ঠক পর্যায়ক্রমে স্টেশনসমূহে যাবে। ইউনিট/ষষ্ঠকের সংখ্যা বেশী হলে একই ধরণের একাধিক স্টেশন তৈরি করা যেতে পারে।

এ কার্যক্রমে একটি স্টেশনে/স্কুল গৃহের কোন কক্ষে কাব স্কাউট দলসমূহের পৃথক প্রদর্শনী স্টল সাজানো যেতে পারে সেখানে দলে কার্যক্রমের উল্লেখযোগ্য বিষয়সমূহ প্রদর্শীত হবে। অভিভাবকগণ ও কাব স্কাউটরা প্রদর্শনী দেখে কাবিং সম্পর্কে ধারণা ও অভিজ্ঞতা লাভ করবে। এ স্টল দ্বিতীয় পর্ব শুরুর পূর্বেই সাজানো যেতে পারে যা কাবিং সম্প্রসারণে জনসংযোগের  ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে পারে।

## তৃতীয় পর্ব

১২-৩০ হতে ২-০০টা পর্যন্ত : নামাজ ও খাবার বিরতি

## চতুর্থ পর্ব : কাব কার্নিভাল

| সময় | স্টেশন নম্বর | কার্যক্রম | স্টেশন মাস্টারের নাম |
|---|---|---|---|
| বিকাল ২-০০ টা হতে ৪-০০ টা পর্যন্ত | ১ | রিং চালনা | ক |
| | ২ | রিং ছোড়া | খ |
| | ৩ | বল ছোড়া ও ধরা | গ |
| | ৪ | মোমবাতি জ্বালিয়ে ১০ কদম হাঁটা | ঘ |
| | ৫ | ৫টি কৌটায় ভর করে হাঁটা | ঙ |
| | ৬ | থালা থেকে বোতলে পানি ভরা/পানি বহন | চ |
| | ৭ | বালতিতে বল ছোড়া | ছ |
| | ৮ | ভারসাম্য রক্ষা | জ |

কাব কার্ণিভাল কাব স্কাউটদের বিশেষ প্যাক মিটিং যা আনন্দ মেলা হিসেবেও চিহ্নিত, যেখানে আনন্দঘন পরিবেশে বৈচিত্র্যময় প্রোগ্রামে কাব স্কাউটদের খেলার ছলে দক্ষতা যাচাই করা হয়ে থাকে ।

## পঞ্চম পর্ব (সমাপনী অনুষ্ঠান)

বিকেল ৪-০০ টা হইতে ৫-০০ টা পর্যন্ত

* বিচিত্রানুষ্ঠান
* অতিথিদের বক্তব্য (এখানে কোন অভিভাবককে সংক্ষিপ্ত বক্তব্য রাখতে দেয়া যেতে পারে।)
* প্রধান অতিথির বক্তব্য
* সভাপতির বক্তব্য
* ধন্যবাদ জ্ঞাপন
* গ্রান্ড ইয়েল
* পতাকা নামানো ও ছুটি ঘোষণা

**নোট :** ইউনিটের উপযোগী কর্মসূচি প্রণয়ন করা যেতে পারে এবং নিকটতম অন্য ইউনিটের কাব লিডারের সহায়তায় কাব হলিডে বাস্তবায়ন করা যেতে পারে।

# কাব কার্নিভাল

কাব কার্ণিভাল হচ্ছে কাবিংয়ের একটি বিশেষ প্যাক মিটিং। কাব কার্ণিভাল আনন্দদায়ক, উত্তেজনাপূর্ণ, শিক্ষামূলক এবং প্রতিযোগিতামূলক একটি অনুষ্ঠান। ইহা বছরে একবার বা দুইবার করা যেতে পারে। কাব কার্ণিভাল আয়োজনের জন্য নিম্নরূপ প্রস্তুতি গ্রহণ করা প্রয়োজন।

১। **কাব কার্ণিভালের বিষয় নির্ধারণ :** যেমন-বালতিতে বল ছোড়া, ভারসাম্য রক্ষা, একপায়ে দৌড়, ঘোড় দৌড়, তীর নিক্ষেপ, টারগেট হীট, রিং ছোড়া, বোতলে পানি ভরা, পানি বহন, কচ্ছপ শিকার, মৎস্য শিকার ইত্যাদি।

২। **বিষয়গুলো উপস্থাপন :** বিভিন্ন স্টেশন তৈরি করে বিভিন্ন রং বেরংগে সাজিয়ে স্টেশন মাস্টারকে পূর্বেই নিয়মকানুন বুঝিয়ে বলতে হবে সেই সাথে স্টেশন মাস্টারকে বিভিন্ন ভাবে সাজতে হবে।

৩। **অংশগ্রহণ :** কাব স্কাউটরা বিভিন্ন বাহনের মাধ্যমে যেমন-কাল্পনিক নৌকায় চড়ে, ঘোড়ায় চড়ে, পালকিতে চড়ে, ট্রেনে চড়ে ইত্যাদিতে বিভিন্ন শব্দ করে এক স্টেশন থেকে অন্য স্টেশনে পর্যায়ক্রমিকভাবে যাবে এবং স্টেশন মাস্টারের নির্দেশে প্রোগ্রামে অংশগ্রহণ করবে। এখানে উল্লেখ্য পূর্বেই প্রত্যেক কাব স্কাউটকে এবং স্টেশন মাস্টারকে কয়েন/মার্বেল/কুপন প্রদান করতে হবে। কাব স্কাউটদের বিভিন্ন ঢংগে সাজাতে হবে এবং প্রত্যেক স্টেশনে ঢুকতে এবং বেরুতে গ্রান্ড ইয়েল দিতে হবে।

৪। **অংশগ্রহণের নিয়ম :** খেলার শুরুতে প্রত্যেক অংশগ্রহণকারীকে সম সংখ্যক মার্বেল বা মুদ্রা দিতে হবে। প্রত্যেক স্টেশন মাস্টারের নিকটও একইরূপ মার্বেল বা মুদ্রা দিতে হবে। কাব স্কাউট সংশ্লিষ্ট স্টেশনে কৃতিত্ব প্রদর্শন করতে পারলে স্টেশন মাস্টার একইরূপ মার্বেল বা মুদ্রা দেবেন। কিন্তু সে যদি সফল অংশগ্রহণ করতে না পারে তবে সেই কাব স্কাউট একটি মার্বেল বা মুদ্রা স্টেশন মাস্টারকে প্রদান করবে। এভাবে ষষ্ঠক এক স্টেশন থেকে অন্য স্টেশনে যাবে।

৫। কাব কার্ণিভাল শুরুর পূর্বে একজন রাজা এবং একজন মন্ত্রী সেজে কাব কার্ণিভালে অংশগ্রহণকারী কাব স্কাউটদের উৎসাহ উদ্দীপনা বৃদ্ধি করার লক্ষ্যে অনানুষ্ঠানিক কথাবার্তা বলে ছেড়ে দিতে হবে। কার্ণিভাল চলাকালিন সময় রাজা এবং মন্ত্রীগণ স্টেশনে স্টেশনে হেঁটে হেঁটে পরিদর্শন করবেন।

৬। কার্ণিভাল শেষে সকলকে একত্রিত করে কাব স্কাউট এবং স্টেশন মাস্টারগণ বিভিন্ন অনুষ্ঠানে কে কেমন লাভ বা লোকসান করলেন তার একটি চূড়ান্ত হিসাব দিয়ে কোন কিছু উপহার যেমন চকলেট/বিস্কুট দিয়ে বেশী মুনাফাকারীদের স্বীকৃতি দিবেন।

রাজা সকলকে ধন্যবাদ দিয়ে কার্ণিভাল কার্যক্রম সমাপ্তি ঘোষণা করবেন।

# ক্যাম্পিং ও হাইকিং
## সেশন প্লান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **সেশনের নাম** | : | ক্যাম্পিং ও হাইকিং | **কোর্স** | : | ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | | **তারিখ** | : | |
| **আরম্ভের সময়** | : | | **শেষ করার সময়** | : | |
| **মোট সময়** | : | | **শিক্ষাদানের তারিখ** | : | |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. ক্যাম্পিং ও হাইকিং সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করে তা ব্যাখ্যা করতে পারবেন।
২. হাইক এর কর্মসূচি প্রণয়ন করে তা ব্যাখ্যা করতে পারবেন।
৩. হাইক রিপোর্ট লিখন জ্ঞান অর্জন করে তা ব্যাখ্যা করতে পারবেন।

**সূচিপত্র** (সারসংক্ষেপ)

১. ক্যাম্পিং
২. ট্রুপ ক্যাম্পিং ও হাইক পরিকল্পনা
৩. কর্মসূচি প্রণয়ন
৪. হাইক
৫. হাইক রিপোর্ট ফরম

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | | |
|---|---|---|
| ১। | ক্যাম্পিং | ০৫ মি. |
| ২। | ট্রুপ ক্যাম্পিং ও হাইকিং পরিকল্পনা | ০৫ মি. |
| ৩। | কর্মসূচি প্রণয়ন | ০৫ মি. |
| ৪। | হাইকিং | ১৫ মি. |
| ৫। | হাইক রিপোর্ট ফরম | ২০ মি. |
| ৬। | সামিং আপ | ০২ মি. |
| ৭। | প্রশ্ন উত্তর পর্ব | ০৩ মি. |
| ৮। | গান (এ্যাকশন) | ০২ মি. |
| | **মোট =** | **৬০ মিনিট** |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার পদ্ধতি / টিম টক।

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:**
মাল্টিমিডিয়া প্রজেক্টর, ল্যাপটপ, স্ক্রিন, পয়েন্টার, হ্যান্ড আউট ইত্যাদি।

**ফলোআপ/ অনুসরণ প্রক্রিয়া:** (সেশন পরবর্তী)
নিজ ইউনিটের জন্য একটি হাইক পরিকল্পনা করে কাউন্সিলরকে দেখাবেন।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর : | | স্বাক্ষর : | |
| কোর্স লিডার : | | সেশন পরিচালক : | |

# ক্যাম্পিং (তাঁবু বাস) ও হাইকিং

## ক্যাম্পিং

স্কাউটরা যখন একত্রিত হয়ে মুক্তাংগণে তাঁবু খাটিয়ে বা তাঁবুর বিকল্প ব্যবস্থা করে তাদের প্রোগ্রাম কার্যক্রমে অংশগ্রহণের জন্য অবস্থান করে তাকে ক্যাম্পিং বলা হয়।

সপ্তাহে শেষে ছুটির দিনে বা অন্য অবসরকালে (যখন পড়াশুনোর চাপ কম থাকে এবং বিদ্যালয়ে ছুটি থাকে) স্কাউটরা ক্যাম্পিং এর উদ্যোগ গ্রহণ করে। এমন উদ্যোগ উপদল বা ট্রুপ/গ্রুপ ভিত্তিক অথবা এডহক প্যাট্রলেরও হতে পারে। এছাড়া উপজেলা, জেলা, অঞ্চল ও জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়েরও ক্যাম্প হয়। তবে বড় ধরণের এ সকল ক্যাম্প সমাবেশ / র‌্যালী, জাম্বুরী ইত্যাদি অভিহিত করা হয়।

ক্যাম্পিং স্কাউটদের কাছে অত্যন্ত আনন্দায়ক অপরদিকে স্কাউটারের জন্য স্কাউটদের দুর্বল দিকসমূহ চিহ্নিত করা, যোগ্যতা নিরূপণ সামর্থ্য যাচাই করা, নেতৃত্বের সুযোগ সৃষ্টি করা এবং স্কাউটদের কর্মঠ করে তোলার অর্পূব সুযোগ।

## ক্যাম্পিং এর উদ্দেশ্য

* আনন্দদায়ক অবকাশ যাপন
* স্কাউটদের সুপ্ত প্রতিভার বিকাশ সাধন
* স্কাউটদের শারীরিক ও চারিত্রিক উন্নয়ন সাধন
* স্কাউটদের সামর্থ ও দূর্বলতা জানা
* চাহিদা ও প্রয়োজন জানার সুযোগ হয়
* স্কাউটদের সাথে ইউনিট লিডারের সম্পর্ক উন্নয়ন
* স্কাউটিংয়ের লক্ষ্য ও আদর্শ প্রচারিত হয়
* নেতৃত্বের গুণাবলী অর্জন করতে পারে
* স্রষ্টার সৃষ্টি সম্পর্কে জ্ঞান লাভ করতে পারা
* স্কাউটিংকে গণমুখী করার মাধ্যম
* ষষ্ঠক/উপদল চেতনা বৃদ্ধি পায়
* ব্যবহারিক বিষয়ে দক্ষতা বৃদ্ধি
* কাব স্কাউটদের লাজুকতা দূর করে
* প্রোগ্রাম বাস্তবায়ন সম্ভব হয়।

## ক্যাম্পিং ও হাইক পরিকিল্পনা

ক্যাম্পিং ও হাইকিং মান সম্পূর্ণভাবে পরিকল্পনার উপর নির্ভর করে। উপদল পরিষদের মিটিংয়ের সিদ্ধান্ত অনুসারে ক্যাম্পিং ও হাইকিং এর পূর্ব অভিজ্ঞতা কাজে লাগিয়ে কর্মসূচি প্রণয়ন বাঞ্ছনীয়।

## কর্মসূচি প্রণয়ন :

উপদল নেতা সিদ্ধান্তের গ্রুপ স্কাউটার্স কউন্সিলের (যদি থাকে) সুপারিশক্রমে এবং গ্রুপ কমিটি অনুমোদনক্রমে ক্যাম্পিং ও হাইকিংয়ের কর্মসূচি গ্রহণ করতে হয়। গ্রুপ ক্যাম্পের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা স্কাউট কমিশনারের অনুমতি অবশ্যই থাকতে হবে। নিজ উপজেলা ছেড়ে অন্য উপজেলার গেলে সেখানকার উপজেলা বা জেলা কমিশনারের অনুমতি গ্রহণ করেতে হবে। ট্রুপের বিভিন্ন সদস্যদের দায়িত্ব বন্টন করে কর্মসূচি প্রণয়নের জন্য নিম্নোক্ত ধাপগুলো বাস্তবায়ন বা বিবেচনা করা একান্ত প্রয়োজন।

১। **প্রস্তুতি :** চূড়ান্ত প্রস্তুতি নেয়ার পূর্বে সকল কর্মসূচিকে একবার পর্যালোচনা বা যাচাই বাছাই করে কর্মসূচিই চূড়ান্ত করা প্রয়োজন।

২. **স্থান নির্বাচন :** স্থান নিবার্চনের ক্ষেত্রে ইউনিট লিডারকে দূরত্ব, সুগম পথ, গোসল ও খাওয়া, পানির সুব্যবস্থা, জায়গায় অবস্থা (রৌদ্রময়, ছায়াযুক্ত, শুষ্ক বিষাক্ত- কীটপতঙ্গ মুক্ত), বাজারের নৈকট্য, ডাক্তারখানা, কর্মসূচি বাস্তবায়ন, উপযুক্ত প্রাকৃতিক পরিবেশ. দুর্যোগপূর্ণ আবহাওয়া বিকল্প আশ্রয় স্থল ইত্যাদি সতকর্তার সংঙ্গে বিবেচনা করতে হবে।

৩. **তারিখ নির্ধারণ :** কখন এবং কোন দিনে শুরু, কতদিনের এবং কখন সমাপ্তি হবে পূর্বাহ্নে নির্ধারণ করতে হবে।

৪. **অনুমতি :** নির্বাচিত স্থানের মালিকের অনুমতি এবং স্কাউটদের অভিভাবকদের সম্মতি নিতে হবে।

৫. **ট্রেনিং কর্মসূচি :** ইউনিট লিডারকে পূর্বাহ্নে ট্রেনিং সিডিউল তৈরি করে প্রশিক্ষণ সরঞ্জাম যোগাড় রাখতে হবে।

৬। **স্কাউটদের প্রতি বিজ্ঞপ্তি :** অভিভাবকের সম্মতিপত্র জমা দেয়ার জন্য প্রয়োজনীয় দ্র্যাদির তালিকা প্রদান ও সংগ্রহের জন্য, চাঁদার হার জানানোর জন্য, স্কাউটদের নিকট বিজ্ঞপ্তি দিতে হবে।

৭। **বাজেট তৈরি :** কর্মসূচি বাস্তবায়নের জন্য তৈরি করতে হবে। বাজেটে অবশ্যই মিতব্যয়ীতার নীতি অবলম্বন করতে হবে।

৮। **প্রশিক্ষণ ও সহকারী নিয়োগ :** প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষক, কোয়ার্টার মাস্টার, প্রাথমিক প্রতিবিধানকারী ও স্যানিটরীম্যান নিয়োগ করতে হবে।

৯। **সেনিটেশন ব্যবস্থা :** পূর্বাহ্ন সেনিটেশন ব্যবস্থা পাকাপাকি করতে হবে।

১০। **স্বাস্থ্য :** স্কাউটদের স্বাস্থ্য পরীক্ষা করে নিতে হবে। অসুস্থ স্কাউটকে ক্যাম্পে নেয়া যাবে না।

১১। **জ্বালানী ও খাদ্য :** শুকনো জ্বালানী কাঠ এবং সুষম খাদ্য বাজেট অনুযায়ী কিনতে হবে।

১২। **যোগ্যতা :** পথ সংকেত, কম্পাস রিডিং, মানচিত্র অংকন পঠন, তাঁবু খাটানোর কৌশল, রান্না করা, সাঁতার, পাইওনিয়ারিং, প্রাথমিক প্রতিবেদন, উদ্ধার কাজ, রাস্তা চলার নিয়ম ও অন্যান্য স্কাউট দক্ষতা ইত্যাদি।

## ক্যাম্পিং এর বিবেচ্য বিষয়সমূহ

১। সিদ্ধান্ত গ্রহণ
২। স্থান নির্বাচন
৩। অনুমতি গ্রহণ
৪। বিজ্ঞপ্তি প্রচার
৫। প্রোগ্রাম প্রণয়ন
৬। বাজেট প্রণয়ন
৭। অর্থ সংগ্রহ
৮। দায়িত্ব বন্টন
৯। যাতায়াত ব্যবস্থা নিশ্চিতকরণ
১০। তাঁবু সংগ্রহ
১১। উপকরণ সংগ্রহ
১২। ক্যাম্প স্থাপন
১৩। পয়ঃ ব্যবস্থা
১৪। স্থানীয় ব্যবস্থা
১৫। উদ্বোধনী অনুষ্ঠান
১৬। ডিসপে
১৭। তাঁবু জলসা
১৮। অনুষ্ঠান সূচি প্রণয়ন
১৯। দাওয়াত পত্র
২০। মাইক ও আলোর ব্যবস্থা
২১। রান্নার ব্যবস্থা
২২। গ্যাজেট
২৩। ডাস্টবিন ও গ্রীজ শীট
২৪। প্রোগ্রাম পরিচালনা
২৫। সমাপ্তি অনুষ্ঠান
২৬। প্রস্তুতি পর্ব মূল্যায়ন

## ক্যাম্প এলাকা ত্যাগ

ব্যাডেন পাওয়েলের বাণী, “এই পৃথিবীকে তুমি যেমনটি পেয়েছ তার চেয়ে অধিকতর সুন্দর করে রেখে যাওয়ার চেষ্টা করো”। একই আলোকে ক্যাম্পিং এর ব্যবহৃত স্থানটিকে অত্যন্ত পরিষ্কার-পরিচ্ছন্ন করে রেখে যেতে হবে। পুনরায় চাইলে জমির মালিক এবং এলাকাবাসী তা সাদরে গ্রহণ করবেন। সব সময় মনে রাখতে হবে ক্যাম্প বা ক্যাম্প এলাকা ত্যাগ করার সময় কাব স্কাউটরা দুটি জিনিস ছাড়া অন্য কিছুই রেখে আসে না। তা হলো:

ক) জমির মালিককে ধন্যবাদ এবং

খ) কি-ছু-ই-না

যে মালিক ক্যাম্প করার জন্য জমি ব্যবহারের অনুমতি দিয়েছিলেন ক্যাম্প ত্যাগ করার আগে তার সাথে দেখা করে তাকে ধন্যবাদ জ্ঞাপন এবং কৃতজ্ঞতা প্রকাশ করতে হবে।

# হাইক

হাইক শব্দের অর্থ উদ্দেশ্যমূলক ভ্রমণ। এর উদ্দেশ্য হলোঃ কোন প্রয়োগিক ব্যবহারিক বিষয়সমূহের প্রশিক্ষণ শেষে ভ্রমনের মধ্য দিয়ে তা হাতে কলমে অনুশীলন ও মান যাচাই করা। যে কোন পথ নির্দেশিকা (ফিল্ডবুক/ মানচিত্র কা ট্রাকিং সাইন) অনুসরণ করে নিদিষ্ট গন্তব্যের উদ্দেশ্যে স্কাউটরা পাঁয়ে হেটে ভ্রমণ করে এবং ভ্রমণকাল পথিমধ্যে আশে পাশের পরিবেশ প্রকৃতি পর্যবেক্ষন করবে। স্কাউটিংয়ে সাধারণতঃ দু'জন অথবা একটি উপদল হাইকে অংশগ্রহণ করে থাকে। দিনব্যাপী অর্থাৎ সকালে যাত্রা করে বিকালে ফিরে আসতে পারে বা ওভার নাইট হাইক অর্থাৎ রাত্রি যাপন করে পরদিন ফেরৎ আসতে পারেন। হাইকিংয়ের মাধ্যমে প্রকৃতি পর্যবেক্ষণ, মানচিত্র অংকন ও গঠন, অনুসরক চিহ্ন, কম্পাস স্থাপন ও গঠন, ফিল্ড বুক তৈরি, কোড এন্ড সাইফার, আর্থ সামাজিক জরিপ, রান্না ও অন্যান্য প্রায়োগিক বিষয়সমূহ অনুশীলন, রির্পোট লেখা ও উপস্থাপন কৌশল শেখানো হয়। নির্দিষ্ট স্থানের উদ্দেশ্যে যাত্রা আরম্ভ থেকে লক্ষ্য স্থলে তাঁবু খাটানো, রান্না, খাওয়া, তাঁবু জলসা, নিদ্রা যাওয়া, হাইকিং শেষে ফিরে আসা, রির্পোট তৈরি ও রির্পোট পেশ হাইকিং এর অন্তর্ভুক্ত। বেসিক কোর্সে ওভারনাইট হাইক না হলেও চলে।

## হাইক -এর উদ্দেশ্য

* গুরুত্বপূর্ণ স্থান পরিদর্শন
* বহির্জগৎ সম্পর্কে জ্ঞানবৃদ্ধি
* স্কাউটিং এর প্রতি আগ্রহ সৃষ্টি
* সৃষ্টি রহস্য জানার উৎসাহ বৃদ্ধি
* হাইকিংয়ের দুরত্ব
* স্কাউট ৩ কি. মি. থেকে ৪ কি. মি. (কমপক্ষে)
* রোভার স্কাউট ৪ কি. মি. থেকে ৫ কি. মি. (কমপক্ষে)
* হাইক দল: উপদল ভিত্তিক

## ইউনিট লিডারের পূর্ব প্রস্তুতি

* সিদ্ধান্ত গ্রহণ
* সময় নির্ধারণ
* দায়িত্ব বন্টন
* উপকরণ প্রস্তুত / সংগ্রহ করা
* যাত্রা প্রস্তুতি
* বনকলা ও প্রকৃতি পর্যবেক্ষন
* বাধা অতিক্রমের সাহস বৃদ্ধি
* মানসিক জড়তা দূরীকরণ
* স্কাউটিং এর ব্যবহরিক বিষয়ের প্রয়োগ
* সাধারণত: রাত্রিযাপন করতে হয়
* দল ভিত্তিক
* অনুমতি গ্রহণ
* হাইক রুট তৈরি
* কোড ও সাইফার তৈরি
* নির্দেশনা প্রস্তুত করা
* প্রস্তুতি মূল্যায়ন

## হাইকারের পূর্ব প্রস্তুতি

* শারিরীক ও মানসিকভাবে প্রস্তুতি গ্রহণ
* রাত্রি যাপনের জন্য হালকা বিছানা পত্র
* উপদলের সদস্যদের মধ্যে দায়িত্ব বন্টন
* হাইকিংয়ের জ্ঞাতব্য বিষয়ে পূর্ণজ্ঞান
* পরিপাটি স্কাউট পোশাক পরিধানের নিশ্চয়তা (হাটার জন্য উপযুক্ত জুতাসহ)
* উপকরণসমূহ ও রেশন সংগ্রহ
* হাইকিংয়ের নির্দেশনা সংগ্রহ
* যাত্রা পূর্ব মূল্যায়ন

## হাইক -এ যাওয়ার মাধ্যমে

* অনুসরক চিহ্ন  * মানচিত্র  * কবিতা নির্দেশনা  * ফিল্ড বুক  * কম্পাস  *মৌখিক নির্দেশনা

## হাইকারের জ্ঞাতব্য জানার বিষয়

* অনুমতি গ্রহণ
* স্থান গ্রহণ
* নির্দেশনা বাস্তবায়ন
* গণসংযোগ স্থাপন
* রান্নার ব্যবস্থা গ্রহণ
* তাঁবু জলসার আয়োজন
* স্থানটির গুরুত্ব অনুধাবন
* স্থানটির ইতিহাস
* স্থানটির পরিচিতি
* ভৌগোলিক অবস্থান
* আবহাওয়া
* কৃষিপণ্য
* শিল্প দ্রব্য
* শিক্ষা ও সংস্কৃতি
* প্রতিষ্ঠানটির তথ্য
* আর্থ সামাজিক জরীপ
* লোক সংখ্যা
* ভাষা
* তাঁবু বাসের নিয়ম অনুসরণ
* সতর্কতা।

## হাইক শেষে:

* রিপোর্ট তৈরি করা
* কোন চিহ্ন থাকবে না। জায়গা পূর্বের চেয়ে ভাল করে রাখা
* ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ
* নির্ধারিত সময়ে ফিরে আসা

**রিপোর্ট প্রণয়ন:** সময় ও দূরত্বের ক্রমানুসারে বা পর্যায়ক্রমে পথে দেখা উল্লেখযোগ্য বিষয় বা ঘটনার বর্ণনা রিপোর্টে থাকবে। রিপোর্ট পড়ে হাইকিং সম্পর্কে পরিপূর্ণ তথ্য পাওয়া যাবে।

# হাইক রিপোর্ট ফরম

কোর্স- :

তারিখ- :

স্থান- :

বরাবর- :

উপদল- :

:

তারিখ :

সময় :

আবহাওয়া :

দূরত্ব :

বর্ননা :

মন্তব্য :

স্কেচ :

সম্পাদক সভাপতি

# কম্পাস, ফিল্ডবুক, মানচিত্র পাঠ ও ব্যবহার
## সেশন প্লান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **সেশনের নাম** | : | কম্পাস, ফিল্ডবুক, মানচিত্র পাঠ ও ব্যাবহার | **কোর্স** | : | ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | | **তারিখ** | : | |
| **আরম্ভের সময়** | : | | **শেষ করার সময়** | : | |
| **মোট সময়** | : | | **শিক্ষাদানের তারিখ** | : | |

### ব্যবহারিক উদ্দেশ্য
সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন -

১. কম্পাস সম্পর্কে ধারণা লাভ করে রিডিং ও সেটিং করার কৌশল ব্যাখ্যা করতে পারবেন।
২. মানচিত্র পাঠ, অংকন ও তার ব্যবহার সম্পর্কে সম্যক জ্ঞান অর্জন ও তা ব্যাখ্যা করতে পারবেন।
৩. ফিল্ড বুক সম্পর্কে ধারণা লাভ করে তা ব্যাখ্যা করতে পারবেন।

### সূচিপত্র (সারসংক্ষেপ)
১. কম্পাস পরিচিতি ২। মানচিত্র কী ৩। মানচিত্র অংকন ৪। মানচিত্র পাঠ
৫. মানচিত্র কীভাবে পাঠ করতে ও সেট করতে হয় ৬। ফিল্ড বুক ৭। স্কাউট কদম

### বিষয়সূচির বিবরণ (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ) :

| | | |
|---|---|---|
| ১. | ভূমিকা | ০২ মি. |
| ২. | কম্পাস সেটিং সম্পর্কে ধারণা | ০৭ মি. |
| ৩. | ফিল্ড বুক | ১০ মি. |
| ৪. | মানচিত্র কী | ০৫ মি. |
| ৫. | মানচিত্র পাঠ | ১০ মি. |
| ৬. | মানচিত্র কীভাবে পাঠ করতে ও সেট করতে হয় | ১০ মি. |
| ৭. | মানচিত্র অংকন | ১০ মি. |
| ৮. | সামিং আপ | ০৩ মি. |
| ৯. | প্রশ্ন উত্তর পর্ব | ০৩ মি |
| | **মোট সময় =** | **৬০ মিনিট** |

**প্রশিক্ষণ পদ্ধতি :** লেকচার ও ডেমোনেস্ট্রেশন পদ্ধতি

### সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ
মাল্টিমিডিয়া প্রজেক্টর, ল্যাপটপ, স্ক্রিন, পয়েন্টার, হ্যান্ড আউট, হোয়াইট বোর্ড, মার্কার পেন, জ্যামিতি বক্স ইত্যাদি।

### ফলোআপ/ অনুসরণ প্রক্রিয়া (সেশন পরবর্তী)
কোর্স/ক্যাম্প এলাকার কোন নির্দিষ্ট অংশের ফিল্ড বুক তৈরি করে কাউন্সিলরকে দেখাবেন।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| স্বাক্ষর | : | | স্বাক্ষর | : | |
| কোর্স লিডার | : | | সেশন পরিচালক | : | |

# কম্পাস বা দিক নির্ণয় যন্ত্র

## সংজ্ঞা

যে যন্ত্র দ্বারা আমরা দিক নির্ণয় করি তাহাকে কম্পাস বলে। কম্পাসের উত্তর দিককে চুম্বক উত্তর দিক বলা হয়। পৃথিবী কম্পাসের উত্তর দিক এবং উত্তর দিকের মধ্যে কিছুটা পার্থক্য আছে। স্থানভেদে এই পার্থক্যের ভিন্নতা আছে।

## কম্পাসের বর্ণনা


কম্পাসের উপরিভাগ কতকটা ঘড়ির কাঁটার মত। এর উপরিভাগে উত্তর, দক্ষিণ, পূর্ব ও পশ্চিম লেখা এবং ডিগ্রী ভাগ করা থাকে। ঘড়ির কাটার মত মোটা ও সুচালো এবং রং করা দিকটা সর্বদা উত্তর দিক নির্দেশ করে।


## দিকের বর্ণনা

১. প্রধান চারটি (উত্তর, দক্ষিণ, পূর্ব ও পশ্চিম) দিককে বলা হয় কার্ডিনাল পয়েন্ট।

২. কারডিনাল পয়েন্টগুলোকে কোনাকোনী ভাগ করলে (যেমন উত্তর-পশ্চিম, দক্ষিণ-পূর্ব ও দক্ষিণ-পশ্চিম ও উত্তর পশ্চিম) সেগুলোকে সাব কার্ডিনাল পয়েন্টস বলা হয়। সাব কারডিনাল পয়েন্ট ৪টি।

৩. সাব কার্ডিনালের কোনগুলোকে মাঝখানে কোনাকোনী ভাগ করলে অর্থাৎ উত্তর উত্তর-পূর্ব, পূর্ব উত্তর-পূর্ব, পূর্ব দক্ষিণ-পূর্ব, দক্ষিণ দক্ষিণ-পূর্ব, দক্ষিণ দক্ষিণ-পশ্চিম, পশ্চিম দক্ষিণ-পশ্চিম উত্তর-পশ্চিম, উত্তর উত্তর-পশ্চিম, দিকগুলো পাওয়া যায়। এ সকল দিকগুলোকে সাব সাব কারডিনাল পয়েন্টস বলে। সাব সাব কার্ডিনাল পয়েন্ট ৮টি, অর্থাৎ কার্ডিনাল পয়েন্ট ৯০°, সাব কার্ডিনাল পয়েন্ট ৪৫°, সাব সবা কার্ডিনাল পয়েন্ট-২২ $\frac{১}{২}$°।




## দিক ও ডিগ্রীর সম্পর্ক

১. কম্পাসের উত্তর দিককে ৩৬০° ডিগ্রী অথবা ০° ডিগ্রী ধরা হয়; ২. কম্পাসের পূর্ব দিককে ৯০° ডিগ্রী

৩. কম্পাসের দক্ষিণ দিককে ১৮০° ডিগ্রী; ৪। কম্পাসের পশ্চিম দিককে ২৭০° ডিগ্রী

## পার্থক্য

১. কার্ডিনাল পয়েন্টস এর পার্থক্য ৯০° ডিগ্রী

২. দুইটি কার্ডিনাল পয়েন্টের মধ্যে পার্থক্য ৪৫° ডিগ্রী

৩. কার্ডিনাল ও সাব কার্ডিনালের মধ্যে পার্থক্য ২২.৫০° ডিগ্রী

**কম্পাসের প্রয়োজনীয়তা :** কোন অচেনা স্থানে যেতে হলে কম্পাস অবশ্যই সাথে নিতে হবে।

# ফিল্ডবুক

মানচিত্র অংকন করার পূর্বে কোন নির্দ্দিষ্ট স্থানের খুঁটি নাটি তথ্য যে বইয়ে লিপিবদ্ধ করা হয়, তাকে ফিল্ড বুক বলে। ফিল্ড বুক তৈরি হাইকিং এ একটি গুরুত্বপূর্ণ অংশ। যে পথে হাইক করা হবে সে পথের ফিল্ডবুক তৈরি নিরিবিলিতে বসে সে ফিল্ড বুকের সাহায্যে মানচিত্র তৈরি করতে হবে।

## ফিল্ড বুক তৈরির পদ্ধতি:

যে কাগজে ফিল্ড বুক তৈরি হবে তার ঠিক মাঝ বরাবর ওপর থেকে নিচ পর্যন্ত এমন দুটি সরল রেখা টানতে হবে যেন রেখা দুটি পরস্পর ২ ইঞ্চি ব্যবধানে সমান্তরাল অবস্থান করে। এর পর একেবারে নিচের অংশে সরল রেখা দুটির মধ্য খানে আরম্ভ লেখে তার লেখে তার উপর খাড়া রেখা দুটিকে একটি রেখা দ্বারা সংযুক্ত করে নিতে হবে।

মনে রাখতে হবে, হাইকার যে দিকে অগ্রসর হবে অংকিত সরল রেখা তার পথেরই প্রতিকৃতি। এবার কম্পাস স্থাপন করে রাস্তাটি যে দিকে এগিয়ে গেছে কম্পাসে প্রাপ্ত সে ডিগ্রি (আরম্ভ লেখার ওপরে অংকিত দাগের ওপরিভাগে) লিখতে হবে। পরে কম্পাসে ডিগ্রি নির্ণয়ের সময় যে স্থান পর্যন্ত দৃষ্টি নিক্ষেপ করা হয়েছিল যে স্থান পর্যন্ত দূরত্ব মেপে নিতে হবে এবং তা সে ফিল্ড বুকের যেখানে ডিগ্রি লেখা রয়েছে তার ঠিক' ওপরে লেখে মাপের এককের উল্লেখ করতে হবে। এক্ষেত্রে মনে রাখতে দূরত্ব অতিক্রমকালে যদি ডানে বা বামে কোন বিশেষ লক্ষণীয় কোন কিছু থাকে যেমন- রাস্তা, মসজিদ, মন্দির, বিদ্যালয়, কল-করখানা, হাসপাতাল, পানির কল ইত্যাদি তার উল্লেখ করতে হবে। এক্ষেত্রে কনভেনশনাল সাইন ব্যবহার করতে হয়।

## ফিল্ড বুক এর (নমুনা)

| | | |
|---|---|---|
| | ৩২৭ ক<br>৯০ ° | |
| রেল লাইন | ২৩৩ ক<br>০ ° | কালভার্ট |
| | ১৬০ ক<br>৩০০ ° | পোষ্ট-অফিস |
| | ২৭৫ ক<br>২৭০ ° | |
| স্কুল<br>কাঁচা রাস্তা | ২৫০ ক<br>৩৩০ ° | পাকা রাস্তা<br>মসাজিদ |
| | ১৩০ ক<br>৩০ ° | বড় গাছ<br>হাসপাতাল |
| পুকুর | ১৭২ ক<br>০ ° | কাঁচা রাস্তা |
| | আরম্ভ | |

ক-কদম

# মানচিত্র পাঠ ও ব্যবহার

মানচিত্র  হচ্ছে স্কেলের সাহায্যে কোন নির্দিষ্ট ভূ-খন্ডের সংক্ষিপ্ত আকারে তৈরি রেখা চিত্র। স্কেল হচ্ছে মূল ভূ-খন্ডের দূরুত্বের প্রদর্শিত আনুপাতিক হার। যেমন-মানচিত্রে প্রদর্শিত ১ সে.মি এলাকা সমান মুল ভূ-খন্ডের ১০০০ কি.মি এখানে স্কেল হচ্ছে ১ সে.মি=১০০০ কি.মি।

স্কাউটিং-এ রেখা মানচিত্র ব্যবহার করা হয়। এ ধরনের মানচিত্রে কেবলমাত্র যাত্রাপথ ও পথের উভয় পাশের বর্ণনা উল্লেখ করা হয়। এ ধরনের মানচিত্রে মৌলিক বিষয় হলো-

১. দিক নির্দেশনা
২. স্কেল/দূরত্ব
৩. বিবরণ/সংকেত

## মানচিত্র অংকন

একটি মানচিত্র অংকনকালে সর্বাগ্রে উপর দিক নির্দেশক চিহ্ন, স্কেল এবং সংকেতের উল্লেখ্য করে নিতে হয়। তারপর ফিল্ড বুক এর সময় নির্দেশিত ডিগ্রি অনুসারে দুরত্ব এবং মানচিত্র নির্দেশিত স্কেলের অনুপাতে দুরত্ব নির্নয় করতে যে কাগজ মানচিত্র আঁকা হচ্ছে ঐ কাগজের প্রারম্ভিক বিন্দু নির্ধারণ করে কম্পাসের সাহায্যে ফিল্ড বুকে উল্লেখিত দিকে সুক্ষ্ম রেখা টানতে হবে। এভাবেই ফিল্ড বুকের বর্ণিত দিক ও দূরত্ব সমাপ্ত করলে একঠি রেখা মানচিত্র পাওয়া যাবে। এ অংকনকালে ফিল্ড বুকের ডানে ও বামে যে চিহ্নগুলো উল্লেখ্য রয়েছে এ রেখা মানচিত্র পাওয়া যাবে। এ অংকনকালে ফিল্ড বুকের ডানে ও বামে যে চিহ্ন গুলো রয়েছে এ রেখাচিত্রের উভয় পাশে সে সকল চিহ্ন বসাতে হবে।

মানচিত্র আঁকার জন্য ৪টি D প্রয়োজন।

| | |
|---|---|
| D = Direction | D = Distance |
| D = Details, | D = Differance in height |

## মানচিত্র পাঠ

মানচিত্র পাঠ করতে হয় নিজের জন্য এবং আঁকতে হয় পরের জন্য। মানচিত্রে ব্যবহৃত “কনভেনশনাল সাইন” সম্পর্কে পূর্ণ ধারণা না থাকলে মানচিত্রের কাঠি পাঠ সম্ভব না। মানচিত্রে ব্যবহৃত “কনভেনশনাল সাইন” সম্পর্কে ভালভাবে অবহিত হয়ে সঠিকভাবে মানচিত্র অনুসরণ করতে পারাকে “ মানচিত্র পাঠ” বুঝায়। মানচিত্র সঠিকভাবে অনুসরণ করে চলার জন্য প্রথমে প্রয়োজন সঠিকভাবে মানচিত্র সেট করতে পারা। মানচিত্র সেট করার সবচেয়ে সহজ উপায় হচ্ছে মানচিত্র প্রদর্শিত উত্তর দিক এবং মূল ভূ-খন্ডের দিক একই দিকে রেখে মানচিত্রে প্রদর্শিত কোন নির্দিষ্ট রাস্তাকে মূল ভূ-খন্ডের সে নির্দিষ্ট রাস্তা সমান্তরালভাবে স্থাপন করা।

# ইউনিট লিডার
## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : ইউনিট লিডার | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. ইউনিট লিডারের যোগ্যতা, গুণাবলী ও দায়িত্ব সম্পর্কে সম্যক জ্ঞান অর্জন ও তা ব্যাখ্যা করতে পারবেন।

২. নতুন ইউনিট খোলা ও পরিচালনা সম্পর্কে জানবেন ও তা ব্যাখ্যা করতে পারবেন।

**সূচিপত্র** (সারসংক্ষেপ):

১. ভূমিকা; ২. ইউনিট লিডারের যোগ্যতা; ৩. ইউনিট লিডারের গুণাবলী;

৪. ইউনিট লিডারের দায়িত্ব:

ক. ইউনিটের কার্যক্রম পরিচালনা; খ. সাংগঠনিক ও দাফতরিক কার্যক্রম; গ. জনসংযোগ

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

| | |
|---|---|
| ১। ভূমিকা | ০২ মি. |
| ২। ইউনিট লিডারের যোগ্যতা | ১৫ মি. |
| ৩। ইউনিট লিডারের গুণাবলী | ১৫ মি. |
| ৪। ইউনিট লিডারের দায়িত্ব | ২০ মি. |
| ৫। সামিং আপ | ০৫মি. |
| ৬। প্রশ্ন উত্তর | ০৩ মি |
| **মোট সময় =** | **৬০ মিনিট** |

**প্রশিক্ষণ পদ্ধতি :** টিম টক।

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ**

মাল্টিমিডিয়া প্রজেক্টর, ল্যাপটপ, পোস্টার পেপার, মার্কার পেন, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট, পয়েন্টার ইত্যাদি।

**ফলোআপ / অনুসরণ প্রক্রিয়া:** (সেশন পরবর্তী)

ইউনিট লিডারের যোগ্যতা / গুণাবলী / দায়িত্ব সম্পর্কে চার্ট তৈরি করে কাউন্সিলরকে দেখাবেন।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# ইউনিট লিডার

ইউনিট লিডার হল একটি ইউনিটের মূল চালিকা শক্তি। ইউনিট লিডারের দক্ষতা এবং গ্রহণ যোগ্যতার ওপরই নির্ভর করে সে ইউনিটের ভাবমূর্তি তথা ইউনিটে ভাবমূর্তি সাফল্য।

স্কাউটরা প্রতিজ্ঞা ও আইনের ভিত্তিতে হাতে কলমে কাজের মাধ্যমে ছোট ছোট দলে বিভক্ত হয়ে বয়স্ক নেতার তত্বাবধানে কাজ করে। আন্দোলনের মূল লক্ষ্য অর্জনে স্কাউটদের পর্যায়ক্রমে প্রশিক্ষণের মাধ্যমে প্রকৃত স্কাউট হিসাবে গড়ে তোলেন ইউনিট লিডার। একজন সফল ইউনিট লিডার হিসাবে প্রতিষ্ঠিত হতে হলে নিম্নে বর্ণিত যোগ্যতা অর্জন ও দায়িত্ব সচেতন হতে হয়ঃ

## ইউনিট লিডারের যোগ্যতা

১. একজন স্কাউটারের শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে এইচ.এস.সি পাশ বা সমমানের হতে হবে, তবে রোভার স্কাউট ইউনিট লিডারের যোগ্যতা হতে হবে কমপক্ষে স্নাতক।
২. ইউনিট লিডার এর বয়স হতে হবে বিশ থেকে, তবে রোভার স্কাউট ইউনিট লিডারের বয়স হতে হবে পঁচিশ থেকে পঁয়ত্রিশ।
৩. স্কাউট মূলনীতিতে আস্থা থাকতে হবে।
৪. তাকে অনুমোদিত স্কাউট লিডার বেসিক কোর্সে সাফল্যের সাথে অংশগ্রহণ করতে হবে।
৫. স্কাউটিং সম্পর্কিত বিভিন্ন বই পুস্তক, সমায়কী, গঠন ও নিয়মে বর্ণিত ও নিয়মে স্কাউট প্রোগ্রাম সম্পর্কে পূর্ণজ্ঞান এবং স্কাউটিং এর অন্যান্য শাখা সম্পর্কে সাধারণ জ্ঞান।
৬. সৎ চরিত্রের অধিকারী এবং স্কাউটদের সামনে নিজেকে আদর্শ হিসাবে উপস্থাপনের ক্ষমতা।

### গুণাবলী

একজন ইউনিট লিডারকে নিম্নবর্ণিত গুণাবলীর অধিকারী হতে হবে-

১. স্কাউটিং এর ব্যবহারিক ও তত্ত্বিক বিষয়ে পূর্ণজ্ঞান।
২. সদা হাসি-খুশি এবং ধীর-স্থির।
৩. ধৈর্য্যশীল।
৪. ভাল শ্রোতা (স্কাউটরা কি বলতে চাচ্ছে তা ধৈর্য্যসহকারে শুনে তার পর তার মতামত ব্যক্ত করতে হবে)।
৫. স্কাউটদের সামনে নিজেকে আদর্শ হিসাবে উপস্থাপন।
৬. বিচক্ষণ ও উপায়জ্ঞ।
৭. সহকর্মী।
৮. সময় সচেতন ও কর্তব্যপরায়ন
৯. স্কাউটদের মঙ্গল আকাঙ্খা
১০. সংস্কার মুক্ত
১১. দুঃসাধ্য সম্পাদনে সাহস
১২. সৌজন্যবোধ।

## ইউনিট লিডারের দায়িত্ব

একজন ইউনিট লিডারের দায়িত্ব প্রধাণত: তিন ধরনের

১. ইউনিটের কার্যক্রম পরিচালনা।
২. সাংগঠনিক ও দাফতরিক কার্যক্রম।
৩. জনসংযোগ।

## ইউনিটের কার্যক্রম পরিচালনা

ক. ইউনিটের কার্যক্রম পরিচালনা জন্য একটি বার্ষিক প্রোগ্রাম প্রণয়ন।
খ. বার্ষিক প্রোগ্রাম পরিকল্পনা অনুসারে ট্রুপ মিটিং পরিচালনায় উপদল নেতাদের প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ এবং ব্যবহার পদ্ধতি সম্পর্কে পরামর্শ প্রদান।

গ. ট্রুপ মিটিং এর ২/৩ দিন আগে উপদল নেতাদের ট্রুপ মিটিং এর বিষয়বস্তু সম্পর্কে ঘরোয়াভাবে প্রশিক্ষণ প্রদান।

ঘ. উপদল নেতা পরিষদে উপস্থিত থেকে প্রয়োজনবোধে পরামর্শ প্রদান।

ঙ. দীক্ষা অনুষ্ঠান ও ব্যাজ প্রদান অনুষ্ঠানের ব্যবস্থা।

চ. উপদল নেতাদের মাধ্যমে দলের সকল স্কাউট এর উন্নয়ন পরিস্থিতি ও ত্রুটিসমূহ সম্পর্কে অবহিত হবেন এবং উন্নয়নের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান।

ছ. সহকারী ইউনিট লিডারের সাথে এবং ইনস্ট্রাকটদের সাথে নিয়মিত আলোচনা।

জ. বিভিন্ন দিবস উদযাপন।

ঝ. তাঁবুবাস, হাইকিং, ক্যাম্পফায়ার ইত্যাদি আয়োজন।

ঞ. সমাজ উন্নয়নমূলক কাজের আয়োজন।

## সাংগঠনিক ও দাফতরিক কার্যক্রম

ক. ইউনিট বার্ষিক পরিকল্পনা এবং পরিকল্পনা বাস্তবায়নের বাজেট গ্রুপ কমিটির সভায় উপস্থাপন এবং অনুমোদিত প্রোগ্রাম পরিকল্পনা মোতাবেক গ্রুপের কার্যক্রম পরিচালনা।

খ. গ্রুপ কমিটির সভাপতির অনুমোদনক্রমে নিয়মিতভাবে গ্রুপ কমিটির সভার ব্যবস্থা এবং সভার সিদ্ধান্ত মোতাবেক পদক্ষেপ গ্রহণ।

গ. নিয়মিতভাবে উপজেলা স্কাউটসের সাথে যোগাযোগ রক্ষা।

ঘ. ইউনিটের রেকর্ড সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ।

## জনসংযোগ

ক. স্কাউটদের অভিভাবকগণের সাথে যোগাযোগ রক্ষা। এই লক্ষ্যে তিনি সুবিধামত পদ্ধতি অনুসরণ করতে পারেন, যেমন- ইউনিটের বিভিন্ন অনুষ্ঠানে আমন্ত্রণ, নিয়মিত সাক্ষাত, অভিভাবক দিবসের ব্যবস্থা করা, প্রতি মাসে বা তিন মাসে একবার স্কাউটদের উন্নয়ন রিপোর্ট অবহিত করা, দীক্ষা ও ব্যাজ প্রদান অনুষ্ঠান দাওয়াত করা।

খ. ইউনিটের কার্যক্রমের বিশেষ রিপোর্টসমূহ উপজেলা স্কাউটসে প্রদান।

গ. বাংলাদেশ স্কাউটসের মাসিক মুখপত্র অগ্রদূতে ছাপার জন্য ইউনিটের বিশেষ কার্যক্রমে সচিত্র রিপোর্ট।

ঘ. স্থানীয় জনপ্রতিনিধি, গন্যমান্য ব্যক্তি, প্রশাসনিক কর্মকর্তা, শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে ইউনিটের বিভিন্ন অনুষ্ঠানে আমন্ত্রণ ও যথাযোগ্য মর্যাদা প্রদানের জন্য উদ্যোগী হওয়া।

# ম্যানার্স এন্ড এটিকেট
## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : ম্যানার্স এন্ড এটিকেট | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. ম্যানার্স এবং এটিকেট সংজ্ঞায়িত করতে পারবেন।
২. ম্যানার্স এবং এটিকেট -এর প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবেন।
৩. ম্যানার্স এবং এটিকেট -এর উপর প্রভাব বিস্তারকারী উপাদানসমূহ বর্ণনা করতে পারবেন।
৪. ম্যানার্স এবং এটিকেট কীভাবে শেখা যায় এবং উন্নয়ন করা যায় ব্যাখ্যা করতে পারবেন।

**সূচিপত্র** (সার-সংক্ষেপ)

১. ম্যানার্স এবং এটিকেট এর সংজ্ঞা; ৩. প্রভাব বিস্তারকারী উপাদানসমূহ; ৪. উন্নয়ন করার উপায়সমূহ; ৫. ম্যানার্স এবং এটিকেট -এর নিয়মাবলী

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

১. ভূমিকা
২. ম্যানার্স এবং এটিকেট এর সংজ্ঞা
৩. প্রভাব বিস্তারকারী উপাদানসমূহ
৪. উন্নয়ন করার উপায়সমূহ
৫. ম্যানার্স এবং এটিকেট -এর নিয়মাবলী
৬. সামিং আপ
৭. প্রশ্নত্তোর পর্ব
৮. সমাপ্তি

**প্রশিক্ষণ পদ্ধতি:** লেকচার পদ্ধতি ও ডেমোনেস্ট্রেশন পদ্ধতি

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:**

মাল্টিমিডিয়া প্রজেক্টর, ল্যাপটপ, পোস্টার পেপার, মার্কার পেন, পয়েন্টার, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট ইত্যাদি।

**ফলোআপ/ অনুসরণ প্রক্রিয়া** (সেশন পরবর্তী)

১। ডাইনিং হলে টেবল ম্যানার চর্চা।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# ম্যানার্স এন্ড এটিকেট
## (আচার আচরণ ও শিষ্টাচার)

আচার-আচরণ, আদব-কায়দা, ভদ্রতা, শিষ্টতা, বিনয় ইত্যাদি মাধ্যমে একজন মানুষের চরিত্র ফুটে উঠে। এসবের ভাল দিকগুলো সকলের কাছে প্রসংশনীয় হয় আর মন্দ দিকগুলো যার ভেতর পরিলক্ষিত হয় তার গ্রহণযোগ্যতা থাকেনা।

কোন মানুষের বংশধারা, আর্থিক অবস্থা, পারিবারিক অবস্থান, ধর্মীয় ও পেশাগত অবস্থান ইত্যাদি কারণে আচার আচরণের পার্থক্য পরিলক্ষিত হয়। নিম্নরূপ উপায়ে এর উন্নয়ন ঘটানো সম্ভব -

১. প্রাতিষ্ঠানিক শিক্ষা

২. অনানুষ্ঠানিক শিক্ষা

৩. ব্যবহারিক শিক্ষা

৪. নিয়মিত অনুশীলন

**১. প্রতিষ্ঠানিক শিক্ষা**

শিক্ষার মাধ্যমে মানুষের জ্ঞান সমৃদ্ধ ও প্রসারিত হয়। জ্ঞানের মাধ্যমে উপলব্ধিবোধ বৃদ্ধি পায়। ভাল মন্দ বুঝতে পারে। এ জ্ঞানের প্রভাব মানুষের চরিত্রে বড় ধরনের পরিবর্তন ঘটায়, তাকে দিক নির্দেশনা দেয় এবং মন্দ থেকে বিরত ও ভালোর দিকে অনুপ্রাণিত করে।

**২. অনানুষ্ঠানিক শিক্ষা**

মানুষের চরিত্রিক উন্নয়নের জন্য অনানুষ্ঠানিক শিক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কথায় আছে 'সৎসংঙ্গে স্বর্গবাস'। সৎ চরিত্রবান মানুষের সাথে চলা-ফেরা, ওঠা-বসা, কথা-বার্তার প্রভাব অপরকে দারুনভাবে প্রভাবিত করে। এরূপ সাহচর্য একজন মানুষের আচার-আচরণে আমূল পরিবর্তন আনতে পারে।

**৩. ব্যবহারিক শিক্ষা**

চরিত্রের পরিবর্তন কখনই রাতারাতি হয় না । এ জন্য এমন শিক্ষার প্রয়োজন যাতে তার ঘনিষ্ট কোন ব্যক্তি চরিত্রের দুর্বল দিকগুলো প্রত্যেক্ষভাবে বুঝিয়ে দেয়।

**৪. নিয়মিত অনুশীলন**

পুঁথিগত শিক্ষা ও অনানুষ্ঠানিক শিক্ষায় একজন মানুষের মনে যে প্রতিক্রিয়া হয় তা ব্যবহারিক শিক্ষায় সে অনুশীলন করতে থাকে। নিয়মিত অনুশীলন তার উপলব্ধিকে পাকাপোক্ত করে এবং পূর্ণতা লাভ করে।

স্কাউটিং এমন একটি শিক্ষা ব্যবস্থা যার মাধ্যমে কিশোর বয়স থেকে তার চরিত্রের দুর্বল দিকগুলো চিহ্নিত করে তার উন্নয়নের সুযোগ সৃষ্টি করে। আচার-আচরণ, হাটা, চলা, কথা বলা, পোশাক-পরিচ্ছেদ সকল দিক থেকে তাকে শিষ্টাচার শিক্ষা দেয়া হয়। উপদল সদস্য, উপদল নেতা, ইউনিট লিডারদের সান্নিধ্য সে অনানুষ্ঠানিক শিক্ষা লাভ করে। আবার ট্রুপ মিটিং, হাইকিং ইত্যাদি স্কাউট কার্যক্রম অংশগ্রহণ করে ব্যবহারিক শিক্ষা লাভ করে। ক্যাম্পিং বা তাঁবুবাস কাল তার এই আচরণের নিয়মিত অনুশীলন অগ্রগতি পরিলক্ষিত হয়। এভাবেই একজন স্কাউটের আচার আচরণের উন্নয়ন সাধিত হয়।

কথা বলা, হাঁটা, কাজ সম্পন্ন করা, খাওয়া, থুথু ফেলা, হাঁচি-কাশি দেয়া, হাসা, পোশাক পরিচ্ছদ, পরিস্কার-পরিচ্ছন্নতা সবই আচার আচরণের অংশ। এর সবগুলোর প্রতি নজর রাখা একান্ত কতর্ব্য।

# শিশু অধিকার ও কিপিং স্কাউট সেইফ ফ্রম হার্ম
## সেশন প্লান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **সেশনের নাম** | : | শিশু অধিকার ও কিপিং স্কাউট সেইফ ফ্রম হার্ম | **কোর্স** | : | ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | | **তারিখ** | : | |
| **আরম্ভের সময়** | : | | **শেষ করার সময়** | : | |
| **মোট সময়** | : | | **শিক্ষাদানের তারিখ** | : | |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন।

১. শিশুর সংজ্ঞা দিতে পারবেন।
২. শিশু অধিকার বিষয়ে রাষ্ট্রের দায়িত্ব আলোচনা করতে পারবেন।
৩. বাংলাদেশে শিশু অধিকার ক্রমিকভাবে বলতে ও ব্যাখ্যা করতে পারবেন।
৪. কিপিং স্কাউট সেইফ ফ্রম হার্ম পলিসি বর্ণনা করতে পারবেন।

**সূচিপত্র** (সারসংক্ষেপ)

১. শিশুর সংজ্ঞা/প্রচলিত আইনে
২. শিশু অধিকার ও রাষ্ট্রের দায়িত্ব
৩. শিশু অধিকার
৪. কিপিং স্কাউট সেইফ ফ্রম হার্ম পলিসি

**বিষয়সূচির বিবরণ:** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

১. ভূমিকা
২. শিশু কে? শিশুর সংজ্ঞা
৩. শিশু অধিকার
৪. বাংলাদেশের সংবিধান ও বিভিন্ন আইনে শিশু অধিকার
৫. কিপিং স্কাউট সেইফ ফ্রম হার্ম পলিসি
৬. প্রশ্ন উত্তর
৭. সামিং আপ
৮. সমাপ্তি

### প্রশিক্ষণ পদ্ধতি:

ক. লেকচার, খ. গ্রুপ ওয়ার্ক।

### সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ

মাল্টিমিডিয়া, ল্যাপটপ, পোস্টার পেপার, মার্কার পেন, পয়েন্টার, হোয়াইট বোর্ড।

**ফলোআপ/অনুসরণ প্রক্রিয়া:** (সেশন পরবর্তী)

কোর্স চলাকালীন শিশু অধিকার এর উপর পোস্টার লিখে তাঁবুর সামনে প্রদর্শন।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| স্বাক্ষর | : | | স্বাক্ষর | : | |
| কোর্স লিডার | : | | সেশন পরিচালক | : | |

# শিশু অধিকার

**শিশুর সংজ্ঞা:** শিশু আইন ২০১৩ অনুযায়ী অনুর্ধ্ব ১৮ বৎসর বয়স পর্যন্ত সকল ব্যক্তি শিশু হিসেবে গণ্য হবে।

**কোন বৈষম্য নয়/পক্ষপাতহীন:** ব্যক্তি এর ছাড়া সকল শিশুর উপর সকল অধিকার প্রয়োগ করা হবে না। শিশুদের যে কোন ধরণের বৈষম্য থেকে সংরক্ষণ করা এবং তাদের অধিকার সংবর্ধিত করতে ইতিবাচক ভূমিকা পালন করা রাষ্ট্রের নৈতিক বা আইনগত বাধ্যবাধকতা।

**শিশুর সর্বোত্তম স্বার্থ রক্ষা:** শিশুর সর্বোত্তম স্বার্থরক্ষা করে শিশু সম্পর্কিত সকল কর্মকাণ্ড সম্পাদন করতে হবে। শিশুর পিতা-মাতা বা সংশ্লিষ্ট পক্ষ শিশুর প্রতি দায়িত্ব পালনে ব্যর্থ হলে রাষ্ট্র পর্যাপ্ত পরিমাণ যত্ন ও তত্ত্বাবধান নিশ্চিত করবে।

**অধিকার বাস্তবায়ন:** জাতিসংঘ কনভেনশন -এ সন্নিবেশিত সকল শিশু অধিকার রাষ্ট্রকে আবশ্যিকভাবে বাস্তবায়ন করতে হবে।

**পিতা-মাতা সংক্রান্ত পথ নির্দেশনা এবং শিশুর স্বাভাবিকভাবে বেড়ে উঠার সামর্থ:** রাষ্ট্রকে আবশ্যিকভাবে পিতা-মাতা এবং প্রসারিত পরিবারের অধিকার ও দায়িত্বের প্রতি সম্মান দেখাতে হবে এবং শিশুর জন্য পথ নির্দেশনা প্রদান করতে হবে যা তার স্বাভাবিকভাবে বেড়ে উঠার সামর্থের সাথে সঙ্গতিপূর্ণ।

## শিশু অধিকার

১. টিকে থাকা এবং পূর্ণতর হওয়ার অধিকার।
২. নাম এবং জাতিয়তার অধিকার।
৩. পরিচয় সংরক্ষণ করার অধিকার।
৪. পিতা-মাতার সাথে বসবাসের অধিকার।
৫. পরিবারের পূণর্মিলনের অধিকার।
৬. শিশুর মতামত প্রকাশের অধিকার।
৭. মত প্রকাশের স্বাধীনতার অধিকার।
৯. চিন্তা, বিবেক এবং ধর্মের স্বাধীনতার অধিকার।
১০. সংগঠনের স্বাধীনতার অধিকার।
১১. একান্ততা সংরক্ষণের অধিকার।
১২. প্রতিবন্ধী শিশুর বিশেষ যত্ন, শিক্ষা এবং প্রশিক্ষণের অধিকার।
১৩. স্বাস্থ্য এবং স্বাস্থ্য সেবার অধিকার।
১৪. সামাজিক নিরাপত্তার অধিকার।
১৫. জীবনযাত্রার মান বজায় রাখার অধিকার।
১৬. শিক্ষার অধিকার।
১৭. সংখ্যা লঘু ও দেশের জনসংখ্যায় শিশুদের নিজস্ব সংস্কৃতি, ভাষা ও ধর্ম পালনের অধিকার।
১৮. সাংস্কৃতিক কর্মকাণ্ড, বিনোদন এবং অবসর এর অধিকার।
১৯. মাদক থেকে সুরক্ষার অধিকার।
২০. শিশু শ্রম থেকে সুরক্ষার অধিকার।
২১. যৌন নির্যাতন থেকে সুরক্ষার অধিকার।
২২. শিশু বিক্রয়, অপহরণ ও অনৈতিক (ভিক্ষাবৃত্তি) ব্যবসায় থেকে সুরক্ষার অধিকার।
২৩. নির্যাতন, কঠোর শাস্তি এবং বে-আইনীভাবে গ্রেপ্তার হওয়া এবং স্বাধীনতা থেকে বঞ্চিত হওয়া থেকে সুরক্ষার অধিকার।
২৪. যুদ্ধে, বিরোধ এবং বিপদসংকুল কাজে শিশুদের ব্যবহার হতে সুরক্ষার অধিকার।
২৫. যুদ্ধে বা বিরোধ এ ক্ষতিগ্রস্ত, আহত বা পঙ্গু হওয়া শিশুদের সবধরণের চিকিৎসা সেবা ও পূণর্বাসনের অধিকার।
২৬. শিশুর সবধরণের অধিকার প্রতিষ্ঠায় আইনের বিশেষ সহায়তা পাবার অধিকার।

# কিপিং স্কাউট সেইফ ফ্রম হার্ম
## (সব ধরণের ক্ষতি হতে স্কাউটদের নিরাপদ রাখা)

## ১৯৯০ সালে বিশ্ব স্কাউট কনফারেন্স নিম্লোক্ত প্রস্তাব গ্রহণ করে

১৬/৯০ শিশু অধিকার বিষয়ক কনভেনশন কনফারেন্স বিবেচনা করছে যে, মানবতার সুস্থ ও নিরাপদ ভবিষৎ এর মৌলিক শর্ত হচ্ছে শিশুর মর্যাদা এবং তার নৈতিক, সামাজিক, আইনগত এবং সাংস্কৃতি অধিকার এর প্রতি সম্মান এবং তা সংরক্ষণ করা। একটি যুব আন্দোলনের মৌলিক দায়িত্ব হিসেবে শিশু ও যুব/তরুণদের সর্বোত্তম (ইন্টারেস্ট) স্বার্থ সংরক্ষণ ও প্রসারকে স্বীকার করছে/স্বীকৃতি দিচ্ছে।

১৯৮৯ সালের ২০ নভেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদে গৃহিত শিশু অধিকার কনভেনশনকে স্বাগত জানাচ্ছে। কনভেনশনের বিধান/প্রভিশনের প্রতি সমর্থন ঘোষণা করছে। কনভেনশনকে অনুঃসমর্থন দিতে বয়স্ক ও তরুণদের মাঝে ব্যাপকভাবে ছড়িয়ে দিতে সকল জাতীয় স্কাউট সংগঠনকে স্ব স্ব সরকারকে উৎসাহিত করতে গঠনমূলক ভূমিকা পালনের আহবান জানাচ্ছে।

কনভেনশনের আর্টিকেল সকল স্তরের নেতৃবৃন্দের নিকট পরিচিত ও জনপ্রিয় করতে এবং শিশু ও তরুণদের চাহিদা অনুধাবনে ব্যবহার করতে জাতীয় স্কাউট সংগঠনকে সৃজনশীল উপায় উদ্ভাবনে অনুপ্রাণিত করছে।

সকল যুব সংগঠনের সাথে সমভাবে স্কাউটিং এর অন্যতম দায়িত্ব হচ্ছে তার সকল সদস্য কোনভাবে দৈহিক, আবেগিক এবং যৌন ক্ষতির সম্মুখিন হবে না।

শিশু পর্ণগ্রাফি এবং যৌন হয়রানি/যৌন কাজে ব্যবহারসহ শিশুদের ক্ষতিকারক কাজে ব্যবহার বিশ্বব্যাপি সংঘঠিত উচ্চ প্রোফাইল ঘটনাসমূহ যা কিছু কিছু যুব সংগঠনসমূহে সংঘঠিত হচ্ছে তা স্কাউট আন্দোলনে কোনভাবে হতে না পারে তার প্রতি জোর তাগিদ দিচ্ছে। সম্প্রতি জাতীয় স্কাউট সংগঠনসমূহে এ বিষয়ে দুটো জরিপকার্য চালানো হয়েছে। একটি হচ্ছে ১৯৯৮ এর নভেম্বর, সার্কুলার নম্বর ২৬/১৯৯৮ এবং অন্যটি ২০০০ এর অক্টোবর, সার্কুলার নম্বর ২৪/২০০০।

৩৫টি জাতীয় স্কাউট সংগঠন থেকে এক্ষেত্রে সাড়া পাওয়া গিয়েছে যা থেকে জানা যায় যে,

- যৌন এবং অন্যান্য ক্ষতিকর কাজ থেকে বিরত রাখতে এবং সংরক্ষণ করতে ২২টি দেশের স্কাউট সংগঠনের কিছু পলিসি এবং কার্যপ্রণালী রয়েছে।
- এ ধরণের সমস্যার উদ্ভাবন হলে তা সমাধান করতে ২৬টি দেশের স্কাউট সংগঠন প্রচারসহ কিছু পরিকল্পনা প্রণয়ন করেছে।
- এ বিষয়ে ১৬টি দেশের স্কাউট সংগঠন কিছু গুরুত্বপূর্ণ বিধান মুদ্রণ করে প্রকাশ করেছে।
- এ বিষয়ে ১৬টি দেশের স্কাউট সংগঠন অন্য যুব সংগঠন এবং সরকারি কর্মকর্তাদের সাথে একযোগে কাজ করছে।
- সকল স্কাউট সংগঠন যারা সাড়া প্রদান করেছে তারা অন্যান্য স্কাউট সংগঠন এ ব্যাপারে/ক্ষেত্রে কি ভূমিকা পালন করছে তা জানতে আগ্রহ প্রকাশ করেছে।

প্রাপ্ত ফিডব্যাক/ফলাবর্তন নির্দেশ করছে যে, কিছু স্কাউট সংগঠন এ ক্ষেত্রে বেশ অগ্রগতি সাধন করেছে। বিশ্বব্যাপি স্কাউট আন্দোলনের এতগুলো সদস্য সংগঠন থেকে মাত্র অল্প সংখ্যক (৩৫টি সংগঠন) সংগঠন জরিপকাজে অংশগ্রহণ করেছে এবং সাড়া প্রদান করেছে। এতে বহুদেশের স্কাউট সংগঠন যে শিশুদের অধিকার সংরক্ষণ ও ক্ষতিকারক কাজে ব্যবহার হতে সংরক্ষণ করতে বিশেষ পদক্ষেপ গ্রহণ করেনি অথবা স্কাউট সংগঠনে এ ধরণের ক্ষতিকারক ঘটনা সংগঠিত হলে তা উত্তরণে বা তা নিয়ে কাজ করতে কোন ধরণের প্রস্তুতি নেয়নি।

উপর্যুক্ত বিষয়ের আলোকে এবং বিদ্যমান ঐতিহ্য এবং সংস্কৃতির মূল্যবোধের পার্থক্য বিবেচনা করে ওয়ার্ল্ড স্কাউট কমিটি গ্রীসের থেসালঙ্কিতে ওয়ার্ল্ড স্কাউট কনফারেন্স এ 'কিপিং স্কাউট সেইফ ফ্রম হার্ম' প্রস্তাব গ্রহণ করে।

কনফারেন্স ঘোষণা করছে যে, জাতিসংঘের শিশু অধিকার বিষয়ক কনফারেন্স এ যৌন নির্যাতনসহ সকল প্রকার দৈহিক অথবা মানসিক নির্যাতন, আঘাত বা ক্ষতিকারক বা মন্দ কাজে ব্যবহার অবহেলা বা অবহেলাজনিত ব্যবহার, অপব্যবহার, অসাদাচারণ, শোষণ প্রভৃতি বিষয়ে শিশুদের সুরক্ষা/নিরাপত্তা বিধান নিশ্চিত করতে সদস্য রাষ্ট্রসমূহকে অনুরোধের প্রতি স্বীকৃতি দিচ্ছে।

সকল প্রকার অপব্যবহার মন্দ কাজে শিশুদের ব্যবহার থেকে শিশুদের নিরাপত্তা প্রদানের প্রয়োজন সম্পর্কে সমাজের ক্রমবর্ধমান সচেতনতার প্রতি লক্ষণীয় পরিবর্তন সমর্থন করছে।

বিবেচনায় রয়েছে যে, স্কাউটিং একটি শিক্ষামূলক আন্দোলন যার মিশন হচ্ছে স্কাউট পদ্ধতির সাথে সঙ্গতি রেখে তরুণদের পূর্ণ সম্ভাবনা/সুপ্ত শক্তির উন্নয়ন ঘটানো যা যথাযথ বয়স্ক নেতার তত্ত্বাবধানে/পরিচালনায় সমবয়স্কদের সাথে কার্যকর কর্মসম্পাদনে সম্পৃক্ত করে।

এ মর্মে গুরুত্ব প্রদান করছে যে, স্কাউটিং এর মিশন অর্জনে তরুণদের নিরাপদ রাস্তার যোগান দেয়া যা তাদের চারিত্রিক সরলতা ও সততার প্রতি সম্মান প্রদান করবে এবং তাদের চাপমুক্ত পরিবেশে বেড়ে উঠার অধিকার নিশ্চিত করবে।

আরও গুরুত্ব প্রদান করছে যে, নিরাপদ রাস্তা বা পথ শুধুমাত্র তখনি যোগান দেয়া সম্ভব যখন তরুণরা সবধরণের ক্ষতিকারক/মন্দ কাজ যেমন, মৌখিক, দৈহিক, যৌন এবং আবেগীয় নির্যাতন, অবহেলা এবং সমবয়স্কদের চাপ থেকে মুক্ত এবং সুরক্ষিত থাকবে।

বেশ কিছুসংখ্যক জাতীয় স্কাউট সংগঠন স্কাউটিং এ তাদের তরুণদের 'নিরাপদ পথ' নিশ্চিত করতে পলিসি ও কার্যপ্রণালীর উন্নয়ন ঘটিয়েছে বাস্তবতাকে স্বাগত জানাচ্ছে।

স্কাউট আন্দোলনে অবস্থানকালীন সময়ে তরুণদের 'নিরাপদ পথ' নিশ্চিত করতে সকল NSO কে এ সম্পর্কীয় পলিসি ও কার্যপ্রণালী গ্রহণ করতে বিশেষ আবেদন করছে।

সুপারিশ করছে যে, প্রত্যেক জাতীয় স্কাউট সংগঠন এ ধরণের পলিসির উন্নয়নে যেন দেশের আইনগত বাধ্যবাধকতা এবং শিশু অধিকারের উপর কনভেনশন কর্তৃক নির্ধারিত মান দণ্ড পুরণ করে তা নিশ্চিত করে। আরও সুপারিশ করছে যে, প্রত্যেক জাতীয় স্কাউট সংগঠনকে নিশ্চিত করতে হবে যেন এ ধরণের পলিসিসমূহ সংগঠনের কার্যক্রমের সামগ্রীকতাকে যথাযথ প্রতিফলিত করে।

- বিশেষভাবে- **ইয়ুথ প্রোগ্রামের স্তরে**, তা যেন তরুণদের আত্মবিশ্বাস এবং আত্মমর্যাদা সঞ্চারিত করে এবং তাদের সংরক্ষণের যোগ্যতা বৃদ্ধি করে এবং নিজেদের প্রকাশ করতে পারে।
- **বয়স্ক নেতার স্তরে-** নেতৃত্ব নির্বাচন ও বাছাই পলিসি এমন হওয়া চাই যাতে প্রকৃত প্রয়োজনীয় নেতৃত্ব বাছাই ও নিয়োগ নিশ্চিত করে। তাছাড়া সকল বয়স্ক নেতৃত্ব স্ব স্ব ভূমিকা পালনের ক্ষেত্রে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও সমর্থন পায়।
- **সংগঠনের ব্যবস্থাপনার স্তরে-** ঝুঁকি ব্যবস্থাপনা, ইনসিডেন্ট ব্যবস্থাপনা এবং পাবলিক রিলেসনসহ পলিসিসমূহ এবং কার্যপ্রণালী যথাস্থানে প্রয়োগ করা হয়।
- ওয়ার্ল্ড স্কাউট কমিটির প্রতি এতদসংক্রান্ত পুলস এবং ডকুমেন্টস প্রণয়ন ও উন্নয়ন ঘটিয়ে পলিসি বাস্তবায়নে জাতীয় স্কাউটস সংগঠনকে সহায়তা প্রদানের সুপারিশ করছে।
- ওয়ার্ল্ড স্কাউট রিজিয়নসমূহকে এই কর্মকাণ্ডকে জোরালো সমর্থন ও সহায়তা প্রদানের জন্য বিশেষ সুপারিশ করছে।

# বেসিক আইসিটি
## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : বেসিক আইসিটি | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. কম্পিউটার কী এবং এর মৌলিক বিষয়সমূহ ব্যাখ্যা করতে পারবেন।
২. কম্পিউটার এর শ্রেণি বিভাগ বর্ণনা করতে পারবেন।
৩. কম্পিউটার সংগঠন ব্যাখ্যা করতে পারবেন।
৪. হার্ডওয়্যার, সফ্টওয়্যার, মাল্টিমিডিয়া ও ইন্টারনেট এর বর্ণনা দিতে পারবেন এবং এর ব্যবহার কৌশল ব্যাখ্য করতে পারবেন।

**সূচিপত্র** (সার-সংক্ষেপ)

১. কম্পিউটার কী; ২. কম্পিউটার -এর শ্রেণী বিভাগ; ৩. কম্পিউটার -এর সংগঠন; ৪. হার্ডওয়্যার ও সফ্টওয়্যার;
৫. মাল্টিমিডিয়া ও ইন্টারনেট

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

১. ভূমিকা
২. কম্পিউটার কী
৩. কম্পিউটার -এর শ্রেণী বিভাগ
৪. কম্পিউটার -এর সংগঠন
৫. হার্ডওয়্যার ও সফ্টওয়্যার
৬. মাল্টিমিডিয়া ও ইন্টারনেট
৭. ব্যবহারিক
৮. সামিং আপ
৯. প্রশ্নোত্তর পর্ব
১০. সমাপ্তি

**প্রশিক্ষণ পদ্ধতি:** লেকচার পদ্ধতি ও ডেমোনেস্ট্রেশন পদ্ধতি

**সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ:**

মাল্টিমিডিয়া প্রজেক্টর, ল্যাপটপ, পোস্টার পেপার, মার্কার পেন, পয়েন্টার, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট ইত্যাদি।

**ফলোআপ/ অনুসরণ প্রক্রিয়া** (সেশন পরবর্তী)

কম্পিউটার ব্যবহারিক ক্লাসে অংশগ্রহণ ও চর্চা।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# বেসিক আইসিটি

## কম্পিউটারের প্রাথমিক ধারণা

### কম্পিউটার কী ?

ল্যাটিন কম্পুটেয়ার (Computare) শব্দ থেকে কম্পিউটার (Computer) শব্দের উৎপত্তি। ইহার অর্থ গণনা যন্ত্র (Calculating Machine)। সহজ কথায় কম্পিউটার একটি ইলেক্ট্রনিক যন্ত্র যার সাহায্যে নির্ভুলভাবে হিসাব যেমন যোগ, বিয়োগ, গুন ও ভাগ করা যায়। আবার এর সাহায্যে যুক্তিও সিদ্ধান্তমূলক কাজও সম্পাদন করা যায়।

কম্পিউটার যদিও একটি ইলেক্ট্রন যন্ত্র, এটি দৈনন্দিন ব্যবহৃত ইলেকট্রনিক যন্ত্র যেমন রেডিও, টেলিভিশন, টাইপ রাইটার থেকে সম্পূর্ণ আলাদাভাবে তৈরী একটি অত্যাধুনিক ইলেকট্রন যন্ত্র। দৈনন্দিন ব্যবহৃত যন্ত্রগুলো শুধু একটি নির্দিষ্ট কাজ করতে পারে, কিন্তু কম্পিউটার অনেকগুলো নির্দেশ স্মৃতিতে সংরক্ষণ করতে পারে এবং প্রয়োজনে একটির পর একটি সেসব নির্দেশ নির্ভুলভাবে ও তড়িৎ বেগে নির্বাহ করতে সক্ষম।

কম্পিউটারের নিজে নিজে কোন কাজ করার ক্ষমতা নেই। কম্পিউটার প্রস্তুতকারী ও ব্যবহারকরীগণই যন্ত্রটিকে বলে দিচ্ছে তাকে কী কাজ করতে হবে এবং কীভাবে করতে হবে। মূলতঃ উপযুক্ত ও নির্ভুল নির্দেশের প্রভাবে কম্পিউটার জড় পদার্থ হতে গাণিতিক শক্তিসম্পন্ন এক বুদ্ধিমান যন্ত্রে পরিণত হয়। একবিংশ শতাব্দীর ঊষালগ্নে প্রযুক্তিগত দিক দিয়ে কম্পিউটারের ক্রমবিকাশ এবং প্রসারতা এত বৃদ্ধি পাচ্ছে যে, আজ জীবনের এমন কোন স্থান নেই যেখানে কম্পিউটারের ব্যবহার হচ্ছেনা।



### মাউস (Mouse)

মাউসের মাধ্যমে ক্লিক করে ডাটা ইনপুট করা হয়। মাউসের সাধারণত ঃ ডানে ও বামে ২টি করে বাটন থাকে। কোন কোন মাউসের মাঝখানে একটি স্কল বাটন থাকে।

### কি-বোর্ড (Key Board)

কি-বোর্ডে বিভিন্ন ধরণের কি রয়েছে। কি-বোর্ডের কি-গুলো দ্বারা ডাটা টাইপ করে কম্পিউটারে ইনপুট করা হয়। কি-বোর্ডে সাধারণত ১০৮-১২০ টি 'কি' থাকে।

## স্ক্যানার (Scanner)

স্ক্যানার এর মাধ্যমে বিভিন্ন প্রকার ছবি বা তথ্য কম্পিউটারে ইনপুট করা হয়।

## মনিটর (Monitor)

কম্পিউটারের যাবতীয় কার্যক্রমকে দেখার জন্য যে পর্দা ব্যবহার করা হয় তাকে মনিটর বলে। মনিটরের মাধ্যমে লেখা ও ছবি দেখতে পাওয়া যায়।

## প্রিন্টার (Printer):

কম্পিউটারের তথ্য কাগজের মাধ্যমে পাওয়ার জন্য প্রিন্টার ব্যবহার করা হয়। প্রিন্টার বিভিন্ন ধরণের হয়ে থাকে। যেমনঃ- লেজার প্রিন্টার, ডট প্রিন্টার, ইনজেক্ট প্রিন্টার।

## স্পিকার (Speaker)

স্পিকারের সাহায্যে কম্পিউটারের গান ও কথা শোনা যায়।

## কম্পিউটার মেমোরি/স্মৃতি (Computer Memory)

কম্পিউটার মেমোরি হলো তথ্য জমা/সংরক্ষণ করে রাখার স্থান। প্রধানত মেমোরি তিন প্রকার। যথাঃ-

১. প্রধান মেমোরি
২. সহায়ক মেমোরি
৩. ক্যাশ মেমোরি

### প্রধান মেমোরিঃ

কম্পিউটারে সিপিইউ এর সাথে সরাসরি সংযুক্ত মেমোরিকে প্রধান মেমোরি বলে।

### প্রধান মেমোরি দুই প্রকারঃ

১. র‌্যাম (RAM) Read Only Memory
২. রম (ROM) Rendom Access Memory

### সহায়ক মেমোরিঃ

কম্পিউটারে যে মেমোরিতে ডাটা স্থায়ীভাবে রাখা যায় সেই মেমোরিকে সহায়ক মেমোরি বলে। যেমনঃ- Hard Disk, Floppy Disk, Pen Drive, DVD ইত্যাদি।

### ক্যাশ মেমোরিঃ

প্রধান মেমোরির কাজের গতি বৃদ্ধির জন্য প্রসেসর ও প্রধান মেমোরির মাঝে স্থাপিত বিশেষ মেমোরি হলো ক্যাশ মেমোরি। এই মেমোরির ফলে কম্পিউটারের ডাটা প্রক্রিয়াকরণের গতি বৃদ্ধি পায়।

### কয়েকটি বিশেষ বৈশিষ্টঃ

**ক. দ্রুত গতি**

আধুনিক কম্পিউটার অত্যন্ত দ্রুত গতিতে কাজ করে। কোন কাজ করার জন্য মানুষ সেকেন্ড, মিনিট, ঘন্টা, দিন, মাস ইত্যাদি সময়ের একক ব্যবহার করে অথচ ঐকই ধরনের কাজ করার জন্য কম্পিউটার নিম্নরূপ সেকেন্ড একক ব্যবহার করে

১. মিলি সেকেন্ড (Milisecond-ms) =১০-৩
২. ১ মাইক্রোসেকেন্ড (Microsecond-us) =১০-৬
৩. ১ ন্যানো সেকেন্ড (Nanosecond-ns) =১০-৯
৪. ১ পিকো সেকেন্ড (Picosecond-ps) =১০-১২

## খ. নির্ভুলতা

কম্পিউটার নির্ভুলভাবে কাজ করে। উন্নত প্রযুক্তির কল্যাণে কম্পিউটার নির্দিষ্ট প্রোগ্রাম দিয়ে নির্দিষ্ট কাজ সম্পূর্ণ নির্ভুলভাবে করে। এর ভ্রমশূণ্যতার রহস্র হচ্ছে ইলেকট্রনিক বর্তনীর উপর নির্ভরশীলতা। কারণ কাজ করতে গিয়ে মানুষের স্নায়ুতন্ত্র ক্লান্ত হয়ে পড়ে, সেক্ষেত্রে সঠিক নির্দেশ ও ডাটা দেওয়া হলে ইলেকট্রনিক বর্তনী দিনের পর দিন এক নাগাড়ে নির্ভুলভাবে কাজ করতে পারে। কম্পিউটারের ভুল ফলাফল দেওয়ার মূল কারণ হচ্ছে ভুল প্রোগ্রাম ও ভুল উপাত্ত। সুতরাং নিশ্চিতভাবে বলা যায় যে, মানুষ ভুল করে কিন্তু কম্পিউটার ভুল করে না।

## গ. সূক্ষ্মতা

কম্পিউটার দ্বারা প্রক্রিয়াকরণ করে প্রাপ্ত ফলাফলের সূক্ষ্মতা অচিন্তনীয়। যেমন গাণিতিক হিসাবের বেলায় এটি অনেক দশমিক স্থঅন পর্যন্ত ফলাফল দিতে সক্ষম যা কোন  প্রচলিত ক্যালকুলেটর দ্বারা সম্ভব নয়। বিশ্লেষণধর্মী কাজে এটি সূক্ষ্ম থেকে সূক্ষ্মতর ধাপে পর্যালোচনা করতে পারে।

## ঘ. স্মৃতি শক্তি

কম্পিউটরের রয়েছে বিশাল স্মৃতি ভান্ডার। মানুষের স্মৃতি থেকে অনেক কিছু হারিয়ে যায়। মানুষ অনেক বিষয় প্রয়োজনে স্মৃতিতে আনতে পারে না। কিন্তু কম্পিউটরের সহায়ক স্মৃতিতে ব্যবহারকারী বিপুল পরিমান তথ্য, উপাত্ত বা বিষয় সংরক্ষণ করে তা বছরের বছর অবিকৃত অবস্থায় বিদ্যমান থাকে। প্রয়োজনে যখন ইচ্ছা যে কোন উপাত্ত বা বিষয় স্মৃতি ভান্ডার থেকে তুলে এনে ব্যবহার করা যায়। তবে কম্পিউটার ব্যবহারকারী ইচ্ছা করলে সহায়ক স্মৃতিতে সংরক্ষিত যে কোন উপাত্ত বা বিষয় পরিবর্তন ও পরিবর্ধন করতে পারে।

## ঙ. ক্লান্তহীনতা

মানুষের ক্লান্তি আছে, আছে অবসাদ। তাই তার পক্ষে এক নাগাড়ে দীর্ঘক্ষণ কাজ করা সম্ভব হয় না। কিন্তু কম্পিউটার একাধারে ঘন্টার পর ঘন্টা ক্লান্তিহীন, বিরতিহীনভাবে নির্ভুল কাজ সম্পাদন করে যেতে পারে।

## চ. বহুমুখীতা

কম্পিউটার একই সাথে বহুমখী কাজ করতে পারে। একজন ব্যবহারকারী একটি কম্পিউটার দিয়ে হিসাবের কাজ করতে পারে, গান শুনতে পারে, সিনেমা দেখতে পারে, টেলিফোন করতে পারে, বাংলা ইংরেজী টাইপ করতে পারে, উপাত্ত খুঁজতে পারে, সময় দেখতে পারে। মোটকথা অন্য কোন একক যন্ত্র দিয়ে এত কাজ এক সাথে দ্রুততম সময়ে করা সম্ভব নয়।

## ছ. দুরূহ কাজ সম্পাদন

বর্তমানে কম্পিউটার জটিল ও দুরূহ কাজ সম্পাদন করার একটি শক্তিশালী মাধ্যমে পরিণত হয়েছে। বর্তমানে ঝুঁকিপূর্ণ ও বিপদজনক ও প্রতিকূল পরিবেশের অনেক কাজ, যেমন গভীর সমুদ্রতলে হারিয়ে যাওয়া বিমানের ব্ল্যাক বক্স খোঁজা,আগ্নেয়গিরির জ্বালামুখ পরীক্ষা করা, পারমানবিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্থ এলাকায় উদ্ধার কাজ সম্পন্ন করতে কম্পিউটার চালিত রোবট (Robot) ব্যবহার হচ্ছে।

## জ. অনুভূতিহীন যন্ত্র

কম্পিউটার যতই নির্ভুল ও দ্রুত কর্ম সম্পাদনকারী হোকনা কেন, এটি একটি আবেগহীন ও অনুভূতিহীন যন্ত্র। ভাল কাজ বিবেচনা করার কোন বিবেক শক্তি নেই। তাই মানুষ যেভাবে স্থান কাল পাত্র ভেদে যেকোন বিষয়ে তাৎক্ষণিক ভাবে আচরণ বা সমাধান দিতে পারে, কিন্তু উপাত্ত বা প্রোগ্রাম সহায়ক স্মৃতিতে নেই সেই কাজ কম্পিউটারের পক্ষ থেকে করা সম্ভব নয়। তাই এত দক্ষ যন্ত্রটি মানুষের হাতের পুতুল।

## কম্পিউটারের শ্রেণিবিভাগ

প্রাথমিক অবস্থায় কাজের ধারা ও প্রক্রিয়াকরণের উপর ভিত্তি করে কম্পিউটারকে তিনভাগে বিভক্ত করা যায়। যথা ঃ

১. ডিজিটাল কম্পিউটার (Digital Computer)

২. অ্যানালগ কম্পিউটার (Analog Computer)

৩. হাইব্রিড কম্পিউটার (Hybrid Computer)

### ১. ডিজিটাল কম্পিউটার

বাইনারী পদ্ধতিতে অর্থাৎ ০-১ এর উপস্থিতে ডাটা সংগ্রহ করে যে কম্পিউটার গাণিতিক ও যুক্তিগত কাজ করতে পারে তাকে ডিজিটাল কম্পিউটার বলে। ডিজিটাল কম্পিউটার ডাটা হিসাবে বর্ণ, সংখ্যা ও কিছু প্রতীককে গ্রহণ করে। এ কম্পিউটরে প্রক্রিয়াকরণের ফলাফল লিখিতভাবে পাওয়া যায়। এই কম্পিউটার খুবই সুক্ষ ও নির্ভুল ফলাফল দিতে সক্ষম। বর্তমানে কম্পিউটার বলতে ডিজিটাল কম্পিউটারকে বুঝায়।

### ২. অ্যানালগ কম্পিউটার

অ্যানালগ কম্পিউটার পরিবর্তনশীল বৈদ্যুতিক তরঙ্গ দ্বারা পরিচালিত হয়। চাপ, তাপ, তরঙ্গের প্রবাহ ইত্যাদি পরিবর্তনশীল ডাটার জন্য সৃষ্ট বৈদ্যুতিক তরঙ্গকে অ্যানালগ কম্পিউটরের ইনপুটরূপে ব্যবহার করা হয়। প্রক্রিয়াজাত ফলাফলকে সাধারণতঃ প্রদর্শনের কাঁটার মাধ্যমে প্লাটারের সাহায্যে ছবি এঁকে প্রকাশ করে। অবিচ্ছিন্ন ভৌত রাশি (যেমন- তাপ, চাপ, ইত্যাদি) এর গবেষণায় অ্যানালগ কম্পিউটার ব্যবহার করা হয়। যেমন- তেল শোধনাগারে তরলের প্রবাহ ও তাপমাত্রা পরিমাপের জন্য এ ধরণের কম্পিউটার ব্যবহৃত হয়।

### ৩. হাইব্রিড কম্পিউটার

অ্যানালগ ডিজিটাল কম্পিউটরের বৈশিষ্ট্যের সমন্বয় ঘটিয়ে তৈরি করা হয়েছে হাইব্রিড কম্পিউটার। এ কম্পিউটরে উপাত্ত সংগ্রহীত হয় । অ্যানালগ প্রক্রিয়ায় এবং প্রক্রিয়াকরণ ও ফলাফল প্রকাশ করা হয় ডিজিটাল প্রক্রিয়ায়। হাসপাতালের ইন্সেনটিভ কেয়ার ইউনিটে সাধারণতঃ এ ধরনের কম্পিউটার ব্যবহার করা হয়। এ ক্ষেত্রে অ্যানালগ প্রক্রিয়ায় রোগীর হার্টের কার্যাবলী, তাপমাত্রা, নাড়ীর স্পন্দন এবং অন্যান্য জরুরী অবস্থা পরিমাপ করে। তার ঐ পরিমাপক তথ্য সংখ্যায় রূপান্তর করে ডিজিটাল প্রক্রিয়ায় প্রক্রিয়াকরণের মাধ্যমে রোগীর অবস্থা পর্যালোচনা করে ফলাফল প্রদান করে। কোন অস্বাভাবিক অবস্থা নির্ণীত হওয়া মাত্রই ডিজিটাল অংশ তা নার্স বা ডাক্তারকে অবহিত করে। হাইব্রিড কম্পিউটারের মাধ্যমে বিজ্ঞান ও প্রকৌশল বিষয়ের জটিল সমস্যার সমাধান করা যায়।

বর্তমানে কম্পিউটরের আকার, দাম, কর্মক্ষমতা, গতি, সংরক্ষণতা, ক্ষমতা, ব্যবহারের উপযোগিতা ইত্যাদি বিবেচনা করে ডিজিটাল (Digital) কম্পিউটারকে প্রধানত চারভাগে ভাগ করা যায়।

১. সুপার কম্পিউটার (Super Computer)

2. মেইন ফ্রেম কম্পিউটার (Main Frame Computer)

3. মিনি কম্পিউটার (Mini Computer)

4. মাইক্রো কম্পিউটার (Micro Computer)

### ১. সুপার কম্পিউটার (Super Computer)

সুপার কম্পিউটার কোন দেশের গর্ব করার মত একটি সম্পদ। ইহা সবচেয়ে শক্তিশালী, বিশাল সংরক্ষণ ক্ষমতা, ব্যয়বহুল ও অতি দ্রুত গতিসম্পন্ন কম্পিউটার। বাংলাদেশ সহ অনেক দেশে সুপার কম্পিউটা নেই। বিশাল কোম্পানী বা শিল্প প্রতিষ্ঠানে এ কম্পিউটার ব্যবহৃত হয়। পৃথিবীর আবহাওয়া ও বায়ুমন্ডলের অবস্থঅর বিশ্লেষনমূলক গবেষণায় সুপার কম্পিউটার ব্যবহর করা হয়। যেমন– CRAY, CYBER 250, SUPER SXII ইত্যাদি।

## ২. মেইন ফ্রেম কম্পিউটার (Main Frame Computer)

দূরে অবস্থিত টার্মিনালের মাধ্যমে বিভিন্ন ধরনের ইনপুট/আউটপুট ডিভাইস (|Device) এবং অনেক রকম সহায়ক স্মৃতি (Auxiliary Memory) সাথে সংযোগ রক্ষা করতে সক্ষম এরূপ পদ্ধতিকেই মেইন ফ্রেম কম্পিউটার বলে। সুপার কম্পিউটারের চেয়ে ছোট হলেও ইহা প্রচুর তথ্য সংরক্ষণ ও ব্যাপক প্রক্রিয়াকরণের ক্ষমতা সম্পন্ন। উচ্চতরের প্রযুক্তি বিশ্লেষণ, জটিল বৈজ্ঞানিক গবেষণা, প্রশাসনিক প্রতিষ্ঠান, বৃহৎ শিল্প প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়, পরিসংখ্যান ব্যুরো, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ইত্যাদিতে মেইন ফ্রেম কম্পিউটার ব্যবহার করা হয়।

## ৩. উদাহরণ: IBM 4300, Cyber 170, Univac 1100 ইত্যাদি।

## ৪. মিনি কম্পিউটার (Mini Computer)

মিনি কম্পিউটার মেইন ফ্রেম কম্পিউটারের চেয়ে ছোট এবং কম স্মৃতি ধারণ ক্ষমতা সম্পন্ন। টার্মিনালে যোগ করে অর্ধশতাধিক ব্যবহারকারী এই কম্পিউটারে একসাথে কাজ করতে পারে। ইহাতে সবরকম হাই লেবেল ভাষায় প্রোগ্রাম করা যায় ও নানা রকম সফট ওয়্যার ব্যবহার করা যায়। বৈজ্ঞানিক গবেষণা ও শিল্প বাণিজ্যে এ ধরনের কম্পিউটার ব্যবহৃত হয়। উদাহরণ: PDP11, IBMs/34, NOVA3, NCR/9290 ইত্যাদি।

## ৫. মাইক্রো কম্পিউটার (Micro Computer)

মাইক্রো কম্পিউটার একটি মাইক্রো প্রসেসর এবং RAM, ROMও 1/0 ইন্টারফেস দ্বারা গঠিত। সব কম্পিউটরের মধ্যে এটি আকারে ছোট, সস্তা এবং সহজে বহনযোগ্য। বহুল ব্যবহৃত মাক্রো কম্পিউটার এখন ব্যক্তিগত বা পার্সোনাল কম্পিউটার (PC) নামে পরিচিত। বর্তমানে লেপটপ (LAPTOP) বা পাম টপ (PUMTOP) অর্থাৎ হাতের তালুতে রেখে কাজ করা যায়, নোটবুক, ব্রিফকেস সাইজ স্বয়ংসম্পূর্ণ মাইক্রো কম্পিউটরের প্রচলন শুরু হয়েছে। অফিসের কাজে, ব্যবসায়িক ক্ষেত্রে, গৃহস্থালী, স্কুল-কলেজ, বিশ্ববিদ্যালয়ে শিল্প কারখানায়, খেলাধূলায় ও চিত্রবিনোদনে এবং ব্যক্তিগত কাজে কম্পিউটরের ব্যবহার দিন দিন বেড়ে চলেছে। উদাহরণ ঃ IBM-PC, MACNTOSH ইত্যাদি।

# কম্পিউটরের সংগঠন (Organization of Computer)

মনিটর (MONITOR), সহায়ক যন্ত্রপাতি ও প্রোগাম সামগ্রীর সমন্বয়কে কম্পিউটারের সংগঠন বলে। প্রোগ্রাম সামগ্রীর ভৌত কোন অবকাঠামো নেই। প্রোগ্রামসমূহ যন্ত্রপাতি ( ডিস্ক ইত্যাদি) এর অভ্যন্তরে বিভিন্ন প্রক্রিয়ায় সংরক্ষিত থাকে। কম্পিউটার সংগঠনের প্রধান পাঁচটি অংশ হল :-

১. ইনপুট ইউনিট (Input Unit)

২. আউটপুট ইউনিট (Output Unit)

৩. গাণিতিক/যুক্তি অংশ (Arithmatic/Logitic Unit)

৪. কেন্দ্রিয় অংশ (CPU-Central Process Unit)

৫. স্মৃতি অংশ (Memory Unit)

কম্পিউটরের ইনপুট ইউনিটের মাধ্যমে তথ্য, উপাত্ত ও নির্দেশ মত তথ্য প্রক্রিয়াকরণের পর নির্গমন মুখ (মনিটর) এ ফলাফল পাওয়া যায়।

১. গ্রহণ মুখ (Input Unit) যার সাহায্যে কম্পিউটারের তথ্য বা নির্দেশ দেওয়া হয় তাকে গ্রহণ মুখ বলে। সাধাণতঃ কীবোর্ড, মাউস ইত্যাদি হল গ্রহণ মুখ।

২. নির্গমন মুখ (Output Unit) : গ্রহণমুখ অংশে প্রাপ্ত তথ্যাবলী প্রক্রিয়াকরণের পর নির্গমন মুখ অংশে ফলাফল পাওয়া যায়। মনিটর, প্রিন্টার (Monitor, Printer) ইত্যাদি হচ্ছে নির্গমন মুখ।

৩. গাণিতিক/যুক্তি অংশ (Arithmatic/Logitic Unit) : যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি গাণিতিক বিশ্লেষণ ও সিদ্ধান্ত প্রদান এ অংশের কাজ।

৪. নিয়ন্ত্রন অংশ (Control Unit) : তথ্যগুলোকে একটি নির্দিষ্ট সময়ে ধারাবাহিকভাবে সংরক্ষণ করে। তাছাড়া তথ্যগুলোকে কাজের উপযোগী করে একটির পর একটি কার্য সম্পাদন করে।

৫. স্মৃতি অংশ (Memory Unit) স্মৃতি অংশ প্রায় মানুষের মস্তিষ্কের মত কাজ করে। ইহা দু'ভাগে বিভক্ত:

ক. প্রধান স্মৃতি (Main Memory)

খ. সাহায্যকারী স্মৃতি (Auxilury Memory)

## প্রধান স্মৃতিকে আবার দু'ভাগে ভাগ করা যায়

1. Read Only Memory (ROM) এবং

২. Rendom Access Memory (RAM)

## হার্ডওয়ার (Hardware)

কম্পিউটারের যে সকল অংশ দেখা যায় এবং ছোঁয়া যায় অর্থাৎ কম্পিউটার যন্ত্রের সমস্ত অংশগুলো যে সব যন্ত্রাংশ দিয়ে কম্পিউটার তৈরি হয়েছে উহাদের সমষ্টিগতভাবে হার্ডওয়ার (Hardware) বলে। কম্পিউটারের বিভিন্ন অংশ যেমন- কি-বোর্ড, কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ অংশ, মনিটর, মাউস ও ইহাদের অভ্যন্তরীন যন্ত্রাংশ সমূহ, প্রধান স্মৃতি (RAM) , হার্ড ডিস্ক, ফ্লপি ডিস্ক, প্রিন্টার, স্ক্যানার ইত্যাদি।

কম্পিউটারের ইনপুট ও আউটপুট যন্ত্রাদি ছাড়াও আবার কম্পিউটারে সম্পাদিত কাজের ফল পাওয়া যায়। কাজেই কম্পিউটারের হার্ডওয়ারগুলো পরস্পর নির্ভরশীল।

## সফ্টওয়ার (Software)

কম্পিউটারে ব্যবহৃত যে কোন স্তর বা পর্যায়ের প্রোগ্রাম, প্রোগ্রাম তৈরি করার নিয়ম, প্রোগ্রামকে মানুষের ভাষা হতে কম্পিউটারের ভাষায় অনুবাদ অর্থাৎ কম্পিউটারের সকল প্রোগ্রাম (সকল তথ্য ও নির্দেশ একত্রে) সমষ্টিগতভাবে সফ্টওয়ার (Software) বলা হয়।

কম্পিউটারের সফ্টওয়ার ছাড়া হার্ডওয়ার মূল্যহীন। যেমন পেট্রোল ছাড়া গাড়ী বা ফিল্ম ছাড়া ক্যামেরা মূল্যহীন।

## সফ্টওয়ারের প্রকারভেদ

কাজের দিক থেকে কম্পিউটারের সফ্টওয়ারকে তিনটি ভাগে ভাগ করা যায়।

১. সিস্টেম সফ্টওয়ার (System software)

২. ব্যবহারিক বা অ্যাপলিকেশন সফ্টওয়ার (Aplication Software)

৩. বিভিন্ন স্তরের ভাষা (Language Software)

### সিস্টেম সফ্টওয়ার (System software)

যে সফ্টওয়ার কম্পিউটারে স্মৃতিতে স্থায়ীভাবে রাখা হয় তাহাকে সিস্টেম সফ্টওয়ার বলা হয়। কম্পিউটারের কাজের উপযোগী করে সিস্টেম সফ্টওয়ার তৈরি করা হয়। ব্যবহারিক প্রোগ্রামকে স্মৃতিতে পড়া এবং পঠিত প্রোগ্রামকে পরীক্ষণ ও চালনার জন্য সিস্টেম সফ্টওয়ার প্রয়োজন হয়। বিভিন্ন প্রকার কাজের জন্য সিস্টেম সফ্টওয়ার বিভিন্ন রকমের হয়। আমরা সিস্টেম সফ্টওয়ারকে ছয়টি ভাগে ভাগ করতে পারি-

অনুবাদক প্রোগ্রাম (Translator program)

লাইব্রেরী প্রোগ্রাম (Library program)

ইউটিলিটি প্রোগ্রাম (Utility program)

লোডার প্রোগ্রাম (Loader program)

১. ত্রুটি নির্দেশক প্রোগ্রাম (Diagnostic program)

অপারেটিং সিস্টেম (Operating system)

## মাইক্রোসফ্‌ট ওয়ার্ড

মাইক্রোসফ্‌ট ওয়ার্ড একটি প্রসেসিং প্রোগ্রাম। ইহারা মাধ্যমে লেখা, চিঠিপত্র, ডকুমেন্ট সুন্দরভাবে উপস্থাপন করা হয়। এই প্রোগ্রাম ব্যবহার করে কম্পিউটারে লেখার ধরণ লেখার সাইজ পরিবর্তন করে লেখাকে সুন্দরভাবে সাজাতে পারা যায়

## মাল্টিমিডিয়া

মাল্টিমিডিয়া কম্পিউটার প্রযুক্তির আর একটি বড় সাফল্য। বিশ্ব তথ্য ভান্ডারের অনেকগুলো মিডিয়ার কাযক্রমকে যে মিডিয়ার মাধ্যমে উপভোগ করা যায় তাকেই মাল্টিমিডিয়া বলা হয়। সারা বিশ্বজুড়ে এখন মাল্টিমিডিয়া সংযুক্ত কম্পিউটারে প্রচলন শুরু হয়েছে। মাল্টিমিডিয়াযুক্ত কম্পিউটারে টেলিভিশন দেখা, সিডি প্লেয়ার বাজান, মুভি সিনেমা দেখা, গান ও কথা রেকর্ড যায়। এ ছাড়া ইন্টারনেট সংযোগ দিয়ে সারা বিশ্বের সংবাদ ও তথ্য আদান প্রদান করা যায়।

মাল্টিমিডিয়ায় প্রচলনের বিশ্বের সকল প্রকার বিনোদান ও শিক্ষা মূলক জ্ঞান আহরণ হাতের মঠোয় এসেছে। মাল্টিমিডিয়া কম্পিউটার প্রযুক্তি মানুষের কাযক্রমকে সহজভাবে ব্যবহারের উপযোগী করেছে। যে কোন কম্পিউটারে মাল্টিমিডিয়ার সকল সুযোগ-সুবিধা ভোগ করা যায়। এ সুবিধা গুলো ভোগ করার জন্যে অতিরিক্ত একটি ড্রাইভ, সাউন্ড কার্ড, স্পিকার, মাল্টিমিডিয়া কার্ড এবং সফ্‌টওয়ার সংযুক্ত করলেই চলবে।

## ইন্টারনেট (Internet)

অভ্যন্তরীনভাবে সংযুক্ত কতগুলো কম্পিউটার নেটওয়ার্ককে ইন্টারনেট বলা হয়। ইন্টারনেট হচ্ছে পৃথিবী বিস্তৃত একটি ওয়াইড এরিয়া নেটওয়ার্ক। ইহা নেটওয়ার্কের নেটওয়াক। ইন্টারনেটরে মাধ্যমে যেকোন তথ্য, ভিডিও ছবি, গ্রাফ টেক্সট ইত্যাদি ইন্টরনেটের সাথে সংযুক্ত এক কম্পিউটার থেকে অন্য কম্পিউটারে সঞ্চালনের জন্য ব্যবহৃত হয়।

নেটওয়ার্কের প্রকারভেদ : নেটওয়ার্ক তিন প্রকার। যথা :-

১. লোকাল এরিয়া (LAN)

২. মেট্রোপলিটন এরিয়া (MAN)

৩. ওয়াইড এরিয়া নেটওয়ার্ক (WAN)

## ই-মেইল (E-mail)

ই-মেইল অর্থ ইলেকট্রনিক মেইল। ইন্টারনেট ব্যবহারের মাধ্যমে এক কম্পিউটার হতে অন্য কম্পিউটারে তথ্য প্রেরণ করার ব্যবস্থাকে ই-মেইল বা ইলেকট্রনিক মেইল বলে। ই-মেইল আজকাল যোগাযোগের একটি আদর্শ মাধ্যম। প্রতি বছর কোটি কোটি বার্তা ই-মেইল এর মাধ্যমে পাঠানো হয়।

### মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট

মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট মার্কিন যুক্তরাষ্ট্রের মাইক্রোসফ্‌ট কর্পোরেশনের তৈরিকৃত একটি এপ্লিকেশন সফ্‌টওয়ার। এই সফ্‌টওয়ারের সাহায্যে আধুনিক প্রযুক্তির ছোঁয়ায় সুন্দর সুন্দর স্লাইড তৈরি করে বিভিন্ন Transitional Animation Effect দিয়ে দশকের সামনে জীবন্ত আকারে উপস্থাপন করা যায়।

# পাঁচ স্তর বিশিষ্ট ইউনিট লিডার প্রশিক্ষণ স্কিম
## সেশন প্লান

| | | | |
|---|---|---|---|
| **সেশনের নাম** | : পাঁচ স্তর বিশিষ্ট ইউনিট লিডার প্রশিক্ষণ স্কিম | **কোর্স** | : ইউনিট লিডার বেসিক কোর্স |
| **স্থান** | : | **তারিখ** | : |
| **আরম্ভের সময়** | : | **শেষ করার সময়** | : |
| **মোট সময়** | : | **শিক্ষাদানের তারিখ** | : |

**ব্যবহারিক উদ্দেশ্য :** সেশন শেষে শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত উদ্দেশ্য সাধনে সক্ষম হবেন

১. বাংলাদেশ স্কাউটস এর প্রশিক্ষণ স্কিম কী এবং কেন তা ব্যাখ্যা করতে পারবেন।
২. প্রশিক্ষণ স্কিম -এর পাঁচটি স্তরের বর্ণনা দিতে পারবেন।
৩. ফরমাল/ইনফরমাল ট্রেনিং -এর ব্যাখ্যা দিতে পারবেন।
৪. পার্সোনাল সাপোর্ট ট্রেনিং গ্রহণের কৌশল বর্ণনা করতে পারবেন।
৫. এসাইনমেন্ট প্রস্তুত প্রণালী বর্ণনা করতে এবং জমাদানের পদ্ধতি ব্যাখ্যা করতে পারবেন।

**সূচিপত্র** (সার-সংক্ষেপ)

১. প্রশিক্ষণ কী এবং কেন; ২. পাঁচ স্তর এর বর্ণনা; ৩. পার্সোনাল সাপোর্ট ট্রেনিং গ্রহণের কৌশল;
৪. এসাইনমেন্ট প্রস্তুত ও জমা প্রদান

**বিষয়সূচির বিবরণ** (প্রতি পদক্ষেপের সময় নির্ঘন্টসহ)

১. ভূমিকা
২. প্রশিক্ষণ কী ও কেন
৩. পাঁচ স্তর এর বর্ণনা
৪. পার্সোনাল সাপোর্ট ট্রেনিং গ্রহণের কৌশল
৫. এসাইনমেন্ট প্রস্তুত ও জমা প্রদান
৬. সামিং আপ
৭. প্রশ্নোত্তর পর্ব
৮. সমাপ্তি

**প্রশিক্ষণ পদ্ধতি:** লেকচার পদ্ধতি ও অংশগ্রহণ পদ্ধতি

### সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণ

মাল্টিমিডিয়া প্রজেক্টর, ল্যাপটপ, পোস্টার পেপার, মার্কার পেন, পয়েন্টার, ম্যাগনেট বোর্ড, ম্যাগনেট ইত্যাদি।

### ফলোআপ/ অনুসরণ প্রক্রিয়া (সেশন পরবর্তী)

প্রশিক্ষণ স্কিম -এর উপর একটি পোস্টার তৈরি করে প্রদর্শন করবে।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| কোর্স লিডার | : | সেশন পরিচালক | : |

# পাঁচ স্তর বিশিষ্ট ইউনিট লিডার প্রশিক্ষণ স্কিম

বর্তমান প্রশিক্ষণ ম্যানুয়েল অনুযায়ী গত ২৩ মার্চ ২০০৯ তারিখ থেকে পাঁচ স্তর বিশিষ্ট ইউনিট লিডার প্রশিক্ষণ স্কিম কার্যকর করা হয়। এ পাঁচ স্তর বিশিষ্ট ইউনিট লিডার প্রশিক্ষণ স্কিমের স্তরগুলো নিম্নরূপ:

## ১ম স্তর : ওরিয়েন্টেশন কোর্স (Orientation Course)

প্রথম স্তরে কোন শাখার ইউনিট লিডার বা বয়স্ক লিডার হিসেবে স্কাউটিং আন্দোলনে যোগদানের জন্য স্কাউট প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী ব্যক্তিকে একদিনের (৬/৭ ঘন্টার) ওরিয়েন্টেশন কোর্সে অংশগ্রহণ করতে হবে। ওরিয়েন্টেশন কোর্স শেষে একজন লিডার তিন মাস সময় ইউনিট গঠন বা পরিচালনায় সম্পৃক্ত থাকবেন।

## ২য় স্তরঃ ইউনিট লিডার বেসিক কোর্স (Unit Leader Basic Course)

পূর্বে ওরিয়েন্টেশন কোর্সে সাফল্যের সাথে অংশগ্রহণ করেছেন এমন লিডার দ্বিতীয় স্তরে শাখা ভিত্তিক ইউনিট লিডার বেসিক কোর্সে অংশগ্রহণ করতে পারবেন। এই কোর্সের সময়কাল হবে পাঁচ দিন পাঁচ রাত এবং এই কোর্স আবাসিক হবে। সেই সাথে প্রত্যেক অংশগ্রহণকারীকে সুনির্দিষ্ট এসাইনমেন্ট ট্রেনিং স্টাডি দিয়ে দেয়া হবে যা পরবর্তী ছয় মাসের মধ্যে সম্পন্ন করবেন।

## ৩য় স্তর : ইন সার্ভিস ট্রেনিং (In-Service Training)

শাখা ভিত্তিক ইউনিট লিডার বেসিক কোর্সে সাফল্যের সাথে অংশগ্রহণ করার পর প্রত্যেক লিডারকে যে শাখায় বেসিক কোর্স সম্পাদন করেছেন সেই শাখার দল গঠন করতে হবে এবং দলে ছয় মাস প্রোগ্রাম বাস্তবায়নের লক্ষ্যে ইউনিট পরিচালনার কাজ সম্পাদন করতে হবে। সেই সাথে প্রদত্ত সুনির্দিষ্ট এসাইনমেন্ট/ট্রেনিং স্টাডি সম্পন্ন করার পর তার পূর্ণাঙ্গ প্রতিবেদন সংশ্লিষ্ট আঞ্চলিক স্কাউটস এ দাখিল করবেন। একই সাথে দল পরিচালনার অভিজ্ঞতার বর্ণনাও প্রদান করতে হবে। প্রতিবেদন প্রাপ্তির পর আঞ্চলিক স্কাউটস উক্ত প্রতিবেদন প্রদানকারীর দল পরিদর্শন করে তাকে চতুর্থ স্তর অর্থাৎ সংশ্লিষ্ট শাখার ইউনিট লিডার অ্যাডভান্সড্ কোর্সে অংশগ্রহণ করার যোগ্যতা অর্জনকারী হিসেবে অঞ্চলের প্রশিক্ষণ রেকর্ড বইতে তালিকাভুক্ত করবেন এবং ৩য় স্তর অর্থাৎ ইনসার্ভিস ট্রেনিং সমাপ্ত করবেন।

## ৪র্থ স্তর : ইউনিট লিডার অ্যাডভান্সড্ কোর্স (Unit Leader Advanced Course)

শাখা ভিত্তিক ছয় মাস ইনসার্ভিস ট্রেনিং সাফল্যের সাথে সমাপ্তির পর একজন লিডার ৪র্থ স্তরে নির্দিষ্ট শাখার ইউনিট লিডার অ্যাডভান্সড্ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন। এই কোর্স ছয় দিন ও পাঁচ রাতের জন্য আবাসিক হবে। কোর্সে সাফল্য অর্জনকারী অংশগ্রহণকারীগণকে সুনির্দিষ্ট এসাইনমেন্ট প্রদান করা হবে। এই এসাইনমেন্ট তাকে পরবর্তী এক বছর এর মধ্যে সম্পন্ন করতে হবে এবং তার প্রতিবেদন আঞ্চলিক স্কাউটস-এর মাধ্যমে জাতীয় সদর দফতরে প্রশিক্ষণ বিভাগে দাখিল করতে হবে। কোর্সে সাফল্য অর্জনকারী অংশগ্রহণকারীগণকে জাতীয় কমিশনার (প্রশিক্ষণ) এবং কোর্স লিডারের যুগ্ম স্বাক্ষরে জাতীয় সদর দফতর কর্তৃক সরবরাহকৃত সার্টিফিকেট প্রদান করা হবে।


## ৫ম স্তর : ইনসার্ভিস ট্রেনিং (In-Service Training)

ইউনিট লিডার অ্যাডভান্সড্ কোর্সে সাফল্যের সাথে অংশগ্রহণের পর একজন ইউনিট লিডারকে সুনির্দিষ্ট এসাইনমেন্ট / ট্রেনিং স্টাডি সম্পাদন করতে দেয়া হয়। ৫ম স্তরে তিনি দলে কমপক্ষে এক বছর সক্রিয়ভাবে কাজ করবেন অর্থাৎ দল পরিচালনা করবেন এবং সংশ্লিষ্ট শাখার স্কিল কোর্সে সাফল্যের সাথে অংশগ্রহণ করবেন। এক বছর পর সংশ্লিষ্ট ইউনিট লিডার তার এসাইনমেন্ট / ট্রেনিং স্টাডি সম্পন্ন করার প্রতিবেদন, স্কিল কোর্সে অংশগ্রহণের সার্টিফিকেটের কপি আঞ্চলিক স্কাউটসের মাধ্যমে জাতীয় সদর দফতরে প্রশিক্ষণ বিভাগে দাখিল করবেন। অঞ্চল সংশ্লিষ্ট ইউনিট লিডারের দল পরিদর্শন করে তার ইনসার্ভিস কাজের মূল্যায়ন রিপোর্ট জাতীয় সদর দফতরে প্রেরণ করবে। অবশ্যই উক্ত লিডারের পূর্বের রেকর্ডেও এই স্তরের সাফল্যের উল্লেখ থাকবে। ৫ম স্তর অতিক্রমের পর একজন ইউনিট লিডার নির্দিষ্ট ফরম পূরণ করে অঞ্চলের মাধ্যমে জাতীয় সদর দফতরে প্রেরণ করবেন এবং জাতীয় সদর দফতর অঞ্চলের সুপারিশসহ ইতঃপূর্বে দাখিলকৃত এসাইনমেন্ট/ট্রেনিং স্টাডির প্রতিবেদন, স্কিল কোর্সে অংশগ্রহণ সার্টিফিকেট এবং দল পরিচালনার অভিজ্ঞতায় সন্তোষ প্রকাশ করে তবে তার উডব্যাজ পার্চমেন্ট ও বিড প্রদান করা হবে। এক্ষেত্রে উল্লেখ্য যে সংশ্লিষ্ট শাখায় নিজ ইউনিটের কমপক্ষে দু'জন কাব/স্কাউট/রোভার সর্বোচ্চ অ্যাওয়ার্ড (শাপলা কাব/পিএস/পিআরএস) অর্জন করতে পারে এরূপ পরিকল্পনা তৈরি ও অ্যাওয়ার্ড প্রাপ্তিতে সহায়তা প্রদান করতে হবে।

# প্রশিক্ষণ স্কিম

**৫.৯.০ বাংলাদেশ স্কাউটস - এর পাঁচ স্তর বিশিষ্ট প্রশিক্ষণ স্কিম নিম্নবর্ণিত ছকে দেখানো হলো।**

| | স্তর | কোর্স | সময়কাল | |
|---|---|---|---|---|
| ফরমাল/ইনফরমাল ট্রেনিং | ১ম স্তর | **ওরিয়েন্টেশন কোর্স**<br>(তিন মাস দল গঠন/ পরিচালনা/সম্পৃক্ত থাকা) | ৬/৭ ঘন্টা | পার্সোনাল সাপোর্ট ট্রেনিং |
| | ২য় স্তর | **শাখা ভিত্তিক ইউনিট লিডার বেসিক কোর্স** | (৫ দিন ৫ রাত) | |
| | ৩য় স্তর | **ইন সার্ভিস ট্রেনিং**<br>(সুনির্দিষ্ট এসাইনমেন্ট/ট্রেনিং স্টাডি সম্পন্নের পর প্রতিবেদন দাখিল সাপেক্ষে অ্যাডভান্সড্ কোর্সে অংশগ্রহণের সুযোগ দান) | ৬ মাস | |
| | ৪র্থ স্তর | **শাখা ভিত্তিক ইউনিট লিডার অ্যাডভান্সড্ কোর্স** | (৬ দিন ৫ রাত) | |
| | ৫ম স্তর | **ইন সার্ভিস ট্রেনিং**<br>(সুনির্দিষ্ট এসাইনমেন্ট/ট্রেনিং স্টাডি সম্পন্নের পর প্রতিবেদন ও শাখা ভিত্তিক স্কিল কোর্সে অংশগ্রহণের সনদ দাখিল সাপেক্ষে) | ১ বছর | |



**উডব্যাজ অর্জন**

# বেসিক কোর্স শেষে ইনসার্ভিস চলাকালে করণীয়

ইউনিট লিডার বেসিক কোর্সে সাফল্যের সাথে অংশগ্রহন শেষে নূন্যতম ৬ মাস ইনসার্ভিস ট্রেনিং চলাকালে একজন ইউনিট লিডারকে সুনির্দিষ্ট ৪ টি এসাইনমেন্ট স্কাউটার ডায়রিতে সম্পন্ন করতে হবে। এই স্কাউটার ডায়রিটি অ্যাডভান্সড কোর্সে অংশগ্রহণের পূর্বে তাকে আঞ্চলিক উপ কমিশনার (প্রশিক্ষণ)-এর নিকট উপস্থাপন করতে হবে। স্কাউটার ডায়রিটি যাচাই বাছাই করে পরবর্তীতে অ্যাডভান্সড কোর্সে অংশগ্রহণের অনুমোদন দেয়া হবে।

## এসাইনমেন্টঃ ১

**স্কাউটার ডায়রি সংরক্ষণ**

কাব/স্কাউট/রোভার ইউনিট লিডার বেসিক কোর্স সাফল্যের সাথে সম্পন্ন করার পর নিজ ইউনিট পরিচালনায় যে সব প্রোগ্রাম বাস্তবায়ন করবেন অথবা স্কাউটিং সংক্রান্ত সকল তথ্য স্কাউটার ডায়রিতে সংরক্ষণ করবেন। স্কাউটার ডায়রি তৈরীর কৌশল-

ক. ডায়রিটি হবে একটি মোটা বাঁধাই খাতা/স্পাইরাল বাইন্ডিং/রিং ফাইল।

খ. ডায়রির কভারটি কাব, স্কাউট, রোভারদের পতাকার রংঙের সাথে সামঞ্জস্য রেখে করতে হবে।

গ. ডায়রির কভার পৃষ্ঠায় ইউনিট লিডারের নাম, পদবী, ইউনিটের নাম, উপজেলা, জেলা ও অঞ্চলের নাম উল্লেখ করতে হবে।

ঘ. ডায়রির প্রথম পৃষ্ঠার ডান দিকের উপরে একটি পাসপোর্ট সাইজ ছবিসহ ব্যক্তি পরিচিতি হিসেবে জীবন বৃত্তান্ত নিম্নলিখিত বিষয়গুলো উল্লেখ করতে হবে।

নিম্নলিখিত বিষয়গুলো উল্লেখ করতে হবে।

| | | | |
|---|---|---|---|
| ১. | পুরো নাম (বাংলা ও ইংরেজি) | ২. | ইউনিটের নাম ও ঠিকানা |
| ৩. | মাতার নাম | ৪. | পিতার নাম |
| ৫. | জন্মতারিখ | ৬. | ভোটার আইডি নম্বর |
| ৭. | শিক্ষাগত যোগ্যতা | ৮ | স্থায়ী ঠিকানা |
| ৯. | বর্তমান ঠিকানা | ১০ | মোবাইল নম্বর |
| ১১. | পেশার পূর্ণ ঠিকানা | ১২ | স্কাউট পদমর্যাদা |

**১৩. স্কাউটিং অভিজ্ঞতা**

ক. কাব স্কাউট হিসেবে - নাই/ আছে- বিবরণ -.................

খ. স্কাউট হিসেবে - নাই/ আছে- বিবরণ -.................

গ. রোভার স্কাউট হিসেবে - নাই/ আছে- বিবরণ -.................

ঘ. অন্যান্য পদমর্যাদা - নাই/ আছে- বিবরণ -.................

১৪. ক্যাম্পিং অভিজ্ঞতা (যদি থাকে)

ক. দেশে -

খ. বিদেশে-

১৫. অন্যান্য স্কাউট লিডার ট্রেনিং অভিজ্ঞতা -নাই/ আছে- বিবরণ -.................

১৬. অন্যান্য সেবামূলক সংস্থার (গার্ল গাইড, রোটারী, রেড ক্রিসেন্ট, বি এন সি সি, কচিকাঁচা ইত্যাদি) সাথে কাজের অভিজ্ঞতা -নাই/ আছে- বিবরণ -.................

ঙ. পরবর্তী পৃষ্ঠাগুলো থেকে বেসিক কোর্সে অংশগ্রহণের পর ইউনিট পরিচালনা ও যে কোন স্কাউট কার্যক্রমে অংশগ্রহণের ধারাবাহিক বর্ণনা নিম্নলিখিত ছক আকারে বর্ণনা করতে হবে।

তারিখ: 

ইউনিট পরিচালনা ও স্কাউটিং কার্যক্রমের ধারাবাহিক বিবরণ

মন্তব্য: প্রয়োজন অনুযায়ী (উপজেলা, জেলা লিডার / সম্পাদক/ কমিশনার / এএলটি /এলটি / প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ/ গ্রুপ সভাপতি/ স্কাউটিং কার্যক্রম কর্তৃপক্ষ ইত্যাদি মন্তব্যকারীর নাম, স্বাক্ষর সহ।)

| |
|---|
| |

চ. ডায়রির ডান পৃষ্ঠায় উপরোক্ত নিয়মানুযায়ী কার্যক্রমের বিবরণ এবং বাম পৃষ্ঠায় উক্ত কার্যক্রমে ছবি, পেপার কাটিং, সনদের ফটোকপি, অংকিত চিত্র, স্কেচ, ইত্যাদি প্রয়োজনে সংরক্ষণ করা যাবে।

ছ. আপনার সংগৃহীত নতুন গান, খেলাধূলার বিবরণ ডায়রিতে লিপিবদ্ধ করতে পারবেন।

জ. কর্মস্থল পরিবর্তরে কারণে ইউনিট পরিবর্তন হলে নতুন ইউনিটের নাম ঠিকানা ডায়রিতে অন্তর্ভুক্ত করতে হবে।

ঝ. ডায়রির শেষে নিম্নলিখিত ছক আকারে উপজেলা, জেলা, আঞ্চলিক স্কাউটস ও অন্যান্যদের মন্তব্য লেখার জন্য ৩/৪ টি পাতা ফাঁকা রাখতে হবে।

| উপজেলা স্কাউটস-এর মন্তব্য (নাম পরিচিতি ও তারিখ সহ) | জেলা স্কাউটস-এর মন্তব্য (নাম পরিচিতি ও তারিখ সহ) | প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ এর মন্তব্য (নাম পরিচিতি ও তারিখ সহ) |
|---|---|---|
| | | |

| আঞ্চলিক উপকমিশনার (প্রশিক্ষণ) এর মন্তব্য | আঞ্চলিক কমিশনার এর অনুমোদন |
|---|---|

**এসাইনমেন্ট: ২**

বেসিক কোর্সে অংশগ্রহণ শেষে ইউনিট গঠন বা ইউনিটে সংশ্লিষ্ট হওয়ার পর আপনার পরিচালনায় বাস্তবায়িত কমপক্ষে ৮টি প্যাক/ট্রু/ক্রু মিটিং (বিশেষ প্যাক/ট্রপ/ক্রু মিটিংও অন্তর্ভুক্ত হতে পারে) এর বিস্তারিত কর্মসূচি তারিখ উল্লেখসহ স্কাউটার ডাইরিতে লিপিবদ্ধ করুন।

**এসাইনমেন্ট: ৩**

**(কাব ও স্কাউট লিডারদের জন্য)**

ইউনিট পরিচালনাকালে রোভার ইনস্ট্রাক্টর হিসেবে যে সহায়তাকারীদের সাহায্যে গ্রহন করেছেন তাঁদের সর্ম্পকে ব্যক্তিগত পরিচয়সহ মতামত ডাইরিতে লিপিবদ্ধ করুন। যদি সহায়তা না পেয়ে থাকেন কি কি কারণে তা সম্ভব হয়নি কারণসহ উল্লেখ করুন।

**(রোভার স্কাউট লিডারদের জন্য)**

ইনসার্ভিসকালে আপনার এলাকার কমপক্ষে ৩টি কাব / স্কাউট ইউনিট পরিদর্শন করে পরিদর্শনকালে যে সকল কাব /স্কাউট লিডারদের সাথে পরিচিত হয়েছেন তাঁদের ব্যক্তিগত পরিচয়সহ সেই ইউনিট বিষয়ে আপনার মতামত ডাইরিতে লিপিবদ্ধ করুণ।

**এসাইনমেন্ট: ৪**

